হুগলী জিলার আমতার মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র দাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বর্ত্তমান আপ্রিল মাসের ২ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানকালে কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার মুনসেফের শিরিশতাদারের প্রতি অর্পিত থাকিবে।

*The 25th April 1870.*

Baboo Kaliproshad Dutta, Moonsiff of Balasore, Zillah Cuttack, for three months' leave of absence, commencing from 1st April Instant, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

*The 26th April 1870.*

The leave of absence for one month under paragraph 16 of the Uncovenanted Absentee Rules granted on the 8th April last, to Baboo Gurupershad Sen, Moonsiff of Maldah, Zillah Dinagepore, is hereby cancelled at his own request.

*The 28th April 1870.*

Baboo Rampershad, Moonsiff of Soorjgorah, Zillah Bhaugulpore, for 15 days, from 29th April Instant, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules. The Serishtadar to be placed in charge of the current duties of the Moonsiff's Office during his absence on leave.

J. S. Carstairs,
*Offg. Registrar.*

High Court, &c.,
*The 28th April 1870.*

১৮৭০ সাল ২৫ আপ্রিল।

কটক জিলার বালেশ্বরের মুনসেফ শ্রীযুত বাবু কালী প্রসাদ দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বর্ত্তমান আপ্রিল মাসের ১ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৬ আপ্রিল।

দিনাজপুর জিলার মালদহের মুনসেফ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত ৮ আপ্রিলে যে এক মাস ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত করা গেল।

১৮৭০ সাল ২৮ আপ্রিল।

ভাগলপুর জিলার সূর্য্যগড়ার মুনসেফ শ্রীযুত রাম প্রসাদ বাবু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে বর্ত্তমান আপ্রিল মাসের ২৯ তারিখ অবধি পনের দিন ছুটী পাইয়াছেন। মুনসেফের ছুটীর কালে কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পিত হইবে।

জে এস কারষ্টের্স।
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট
১৮৭০ সাল ২৮ আপ্রিল।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ৩১৬C।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে আগামি সন ১৮৭০ সাল তারিখ ৫ই মে বৃহস্পতিবার পূর্ব্বাহ্ন দিবা ১১ ঘণ্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৮। ৬৯ সালের উৎপন্ন আফিমের পঞ্চম নীলাম হইবেক, এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

| | সিন্দুক |
|---|---|
| বেহার এজেন্সীর উৎপন্ন আফিম ... ... ... | ২,১৫০ |
| বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ... ... ... | ১,৮৫০ |
| জুমলা সিন্দুক ... ... | ৪,০০০ |

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম, অর্থাৎ সরত সকল চলিতমত গবর্ণমেণ্টের ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৯ সালের ৪টা অক্টোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টিগোচর করিলে, অথবা রেবিনিউ বোর্ডের দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ ১০ই এবং ২০সে মে এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন, তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৭০ সালের ১০ই মে মঙ্গলবার বেলা দুইপ্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৭০ সালের ২০ মে শুক্রবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ৩ মে।]



৪ দফা। উপরোক্ত এই নীলামের ইস্তাহারের লিখিত পরিমাণ আফিমভিন্ন নিম্নলিখিত পরিমাণ বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষম তা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

| | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|
| সন ১৮৭০ সাল তারিখ ৩ জুন শুক্রবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৬ জুলাই বুধবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৩ আগষ্ট বুধবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৫ সেপ্টেম্বর সোমবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ১৩ অক্টোবর বৃহস্পতিবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৭ নবেম্বর সোমবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৫ ডিসেম্বর সোমবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| জুমলা সিন্দুক | ১৫,০৫০ | ১২,৯৫০ | ২৮,০০০ |

বি মৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৭০ সাল তারিখ ২৯ মার্চ।

এফ বি পীকক্।
একটিং ছোট সেক্রেটারী।

(F)

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা ঢাকা।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ঢাকা জেলার মধ্যবর্ত্তী নিচের লিখিত মহাল ১৮৭০ সনের ২৮ মার্চ সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে ১৮৭০ সনের ৩১ মে, মোতাবেক ১২৭৭ সনের ১৮ জ্যৈষ্ঠ তারিখে ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি সন ১৮৭০ ইং তারিখ ৮ আপ্রিল, মোতাবেক সন ১২৭৬ বাং তারিখ ২৭ চৈত্র।

প্রথম শ্রেণী ইস্ত মুরারী জমা ধার্য্য হওয়া মহাল।

৩১৩ নম্বর তপেপ হয়দরাবাদ মালীক হাসন মামদ চৌধুরি ও হিং ৵১০ আনী জয়চন্দ্র গুহ ও কালী কিশোর গুহ ও সোনা মালা ও হিং ৷৴১০ আনী জগতচন্দ্র ও গিরিশচন্দ্র মিত্র ও সাধারণে লোতফ আলী ও ওয়ারিষ আলী ও হিং ।৴১০ আনী রাম কুমার মিত্র সদর জমা ... ... ১২৭৭৷৷৶৬৷৷

D. R. Lyall,
*Offg. Collector.*

(F)

জেলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদসংক্রান্ত নিম্নলিখিত মহালের সন ১৮৭০ সালের নাগাইত কিস্তি মার্চের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৭০ সালের ২৫ মে মোতাবেক ১২ জ্যৈষ্ঠ সন ১২৭৭ সাল বুধবার জেলা মুরশিদাবাদের কালেক্টরীর কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি। সন ১৮৭০ সাল তারিখ ২ আপ্রিল মোতাবেক সন ১২৭৬ সাল ২১ চৈত্র।

| শ্রেণীর নম্বর। | মাহলের প্রকরণ. | তৌজীর নম্বর। | নাম মহাল। | নাম তালুকদার। | সদর জমা। | তায়দাদ রকম যাহা নীলাম হইবেক। |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রথম শ্রেণীর মহাল | ২৩৪ | পটি বাহাদুরপুর পরগণে কাসিপুর। | শ্রীধর ভট্টাচার্য্য | ৭৪২৸৴৮ | সমুদয় মহাল। |

R. Hankey,
*Offg. Collector.*

(F.)

[*Government Gazette, 3rd May* 1870.] 7 X

## জিলা নদীয়া।

(বাকি খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।)

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ১১ জুন তারিখে ঐ জিলার কালেকুটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" সন ১৮৭০ সাল তারিখ ২০ এপ্রেল।

৪০।০ নং ডিঃ বেতাই মালিক গোলোক চন্দ্র মুখোপাধ্যায় দিগর স্বতন্ত্র হিসাব বাদে—

| | | | |
|---|---|---|---|
| সদরজমা | ... | ... | ১৩২৯৸৶/১৷৷০ |
| পুলিষ | ... | ... | ১৬৷৷৶/১১ |

৪০।১ নং ডিঃ বেতাই সখিমনি দেব্যা ।৵ আনাংশের—

| | | | |
|---|---|---|---|
| সদরজমা | .. | ... | ৩৩০২৷৮৷০ |
| পুলিষ | ... | ... | ৪১৷৷/১ |

৪৭৭।৭ নং ডিঃ শ্যামপুর সখিমনি দেব্যা ৵৭৵ অংশের—সদরজমা ... ৫৩৭৸/০

২৭৬৯ নং চরনতি ডেঙ্গা গোড়ভাঙ্গা দিগর দীননাথ মুখোপাধ্যায় দিগর স্বতন্ত্র হিসাব বাদে—

| | | | |
|---|---|---|---|
| সদরজমা | ... | ... | ৫১৭৶/১০ |
| রোডফণ্ড | ... | ... | ৫৶/১১ |

C. C. Stevens,
*Offg. Collector.*

(F)

## জিলা মালদহ।

ইস্তাহারনামা কাছারি কালেকুটরি জিলা মালদহ এই যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সং বাদ দেওয়া যাইতেছে যে জেলা মালদহের নিচের লিখিত মহালের ।০ চারি আনা অংশের নাগাদ কিস্তি মার্চের গবর্ণমেন্টের রাজস্ব বাকী নিমিত্ত ইংরাজী সন ১৮৭০ সালের ২৩ মে, মোতাবেক সন ১২৭৭ সালের ১০ জ্যৈষ্ঠ রোজ সোমবার ঐ জেলার কালেকুটরি কাছারিতে বিনা ওজর নিলামে ধরা যাইবেক ও নিতান্ত নিলাম হইবেক। সন ১৮৭০ ইং ২ এপ্রেল, মোতাবেক ১২৭৬ সাল ২১ চৈত্র।

প্রথম শ্রেণীর ইস্তবারী জমা ধার্য্য হওয়া মহাল।

৩৮ নং চাদপুরদিগর পরগণে রাজনগর। লিখিত মালিক হংশগীর গোসাঞী ও কাঞ্চীরাম সাহা ও কাদম্বিনী দাস্যা ও হাজারি লাল সাহা ও থাকোমণী দাস্যা মোট মহালের সদর জমা কোম্পানির .. ... ... ৪৪০৭।৶

।০ চারি আনা অংশের সদর জমা পড়তা ... ... ... ১১০।৸/১

এই মহাল বাটওয়ার অধীনে থাকায় ১৮১৪ সালের ১৯ আইনের ৩৩ ধারানুযায়ী কাঞ্চীরাম সাহা ও কাদম্বিনী দাস্যা ও হাজারী লাল সাহা ও থাকোমণী দাস্যা ৸০ বারো আনা রকমের আপন ২ অংশের বাকী রাজস্ব আদায় করিয়া নিলাম হইতে রক্ষা করিয়াছে বক্রী ।০ চারি আনা অংশের হংশগার গোসাঞী আপন দেয় রাজস্ব আদায় না করা প্রযুক্ত সম্যক মহালের ।০ চারি আনা অংশ নিলাম হইবেক।

N. Alexander,
*Offg. Collector.*

(F)

জিলা মালদহ এপ্রেল ১৮৭০ ইং।

## জিলা চট্টগ্রাম।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ২৫ ফেব্রুআরি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাত্তয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ১৭ মেই তারিখে ঐ জিলার কালেকুটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ১৮৭০ ইং তারিখ ১ আপ্রিল।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

৭ নম্বর কিসমত অম্বিকা বাবত তরফ তিলকচন্দ্র কাননগোয় মলিক কুলচন্দ্র ও দাতারাম চৌধুরী সদর জমা ৭৪৫।৷৵

৬৭৯ নম্বর তরফ ছত্রনারায়ণ কাননগোয় মালিক পীতাম্বর পারিয়াল ও শ্রীমতী অভয়ার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে শ্রীমতী অভয়ার মং ১৮৮৵৫ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৮৪০৷৷৵৪

২৯৬২ নম্বর তরফ রামভদ্র কাননগোয় মালিক অর্জ্জন ভারতি মোহন্ত ও বন্নিজান বিবি ও ভৈরবচরণ ও চণ্ডীচরণ ও চণ্ডীচরণ নন্দী ও ছাদক আলী মুনশী ও দুর্গাচরণ দাস ও গিরিশচন্দ্র দাস ও নছরওল্লা মুনশী ও কালীচরণ দাস ও নিত্যানন্দ ও পীতাম্বর ও পীতাম্বর কাননগোয় ও রাজচন্দ্র ও রামদাস ও রামমোহন সেন ও রামসুন্দর সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও তারিণীশঙ্কর কাননগোয় ও ত্রিপুরাচরণ ও অন্নদাচরণ সেন ও বষ্টিচরণ ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ ধর ও প্রাণহরি লালা ও বৈষ্ণবচরণ পোদ্দার ও রামসেবক পোদ্দার ও রামরতন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জ্জুন ভারতি মোহন্ত ও অর্জ্জুরভিন ও গোলামত মোহন্ত

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৩ মে।]



হোচন ও চণ্ডীচরণ ধর ও রামসেবক বন্নিক ও আবতুল্লা নীলামদার ও ঈশানচন্দ্র কাননগোয় ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও দিগম্বর সেন ও উজির আলী প্রকাশ পোতন ও তারিণীচরণ বিশ্বাস ও হরিদাস দে ও আরধন ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও উমাচরণ ও কান্তপ্রসাদ হাজারি ও সেখ মাহাম্মদ ওয়াসীল চৌধুরী ও গুরুদাস রায় ও গুরুদাস রায় ও রামচন্দ্র চৌধুরী ও দেবীচরণ দে প্রকাশ দেবু মহাজন ও উমেদালি ও রামদাস সিকন্দার ও রাজচন্দ্র চৌরধুী ও নিত্যানন্দ সেন শরৎচন্দ্র সেন ও চৈতন্যচরণ সেন ও দয়ামোহন সেন ও হরিনাথ পুরোহিত ও রামকিঙ্কর পুরোহিত ও রামকিশোর সেনের মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে রামসুন্দর সেন ও দুর্গাচরণ দাস ও তস্য ভ্রাতা গিরিশচন্দ্র দাস ও ছাদক আলী মুনশী ও নিত্যানন্দ সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও কান্তপ্রসাদ হাজারি ও চণ্ডীচরণ নন্দী ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জ্জুন ভারতি মোহন্ত ও পীতাম্বর কাননগোয় ও গুরুদাস রায় ও গোলাম হোচন চৌধুরী ও ঈশানচন্দ্র কাননগোয় ও হরিদাস আরধন ও রামসেবক বন্নিক ও দিগম্বর সেনের ও অবশিষ্ট মহালের মং ৯১২৶/৮ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে পীতাম্বর রায়ের হিস্যা নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৯১৮৸৶/৭

২৯৩৩ নম্বর তরফ সাছিরাম কাননগোয় মালিক আবদাল ও আইঠন ও আবুতালিপ ও বৃন্দাবন ও বৃন্দাবন সেন ও বিশ্বম্ভর ও ভিখনচন্দ্র ও ভোলানাথ ও ছত্রনারায়ণ ও দিগম্বরচন্দ্র ও দুর্গাচরণ ও দুর্গামোহন ও গগণচন্দ্র ও গণেশচন্দ্র ও গোপীনাথ ও গোলাম বছিদ ও গোলাম মকছুদ ও গোলাম আলী ও গোপালদাস ও গোপালদাস সেন ও গোপীনাথ ও গোলাম আলী ও গৌরীকান্ত ও গৌরসুন্দর ও জগমোহন ও জগচন্দ্র ও জগন্নাথ সেন ও জান আলী ও জুরমনি ও কৃষ্ণচন্দ্র কাননগোয় কৃষ্ণচন্দ্র কাননগোয় ও কৃষ্ণমোহন গুহ ও কূলচন্দ্র ও লক্ষ্মীচন্দ্র রায় ও মহাম্মদ আসরফ জমাদার ও মাগনদাস সেন ও মাগনচন্দ্র ও নিত্যানন্দ কাননগোয় ও নিত্যানন্দ কাননগোয় নিত্যানন্দ ও নীলকান্ত পুরোহিত ও নীলকান্ত ও নিত্যানন্দ কাননগোয় ও নিত্যানন্দ কাননগোয় ও নিমাইচরণ রায় ও নিত্যানন্দ ও ন্যায়ামতউল্লা ও ওয়ারিস ও উপেন্দ্রচন্দ্র ও প্রসন্ন সিংহ ও প্রসন্নকুমারী আহালিএ গঙ্গাদাস ও পূর্ণচন্দ্র সেন ও প্যারীমোহন ও রসিকচন্দ্র ও রামদুলাল ও রামদয়াল দে ও রামজয় পোদ্দার ও রামলোচন সেন ও রেনুকা ও শরৎচন্দ্র ও শাহা মাহাম্মদ ও শাহাবদ্দিন ও শ্যামসুন্দর ও তিলকচন্দ্র ও তোফেল আলী ও রামজীবন কাননগোয় ও গোলাম মৈযদ্দীন ও প্রসন্নকুমারী ও অখিলচন্দ্র সেন নাবালগ ও মহেশচন্দ্র ও লাল মাহাম্মদ হাজি ও গোলাম আলী নাজির ও বরাতি প্রকাশ সূর্য্যমণি সদ্দার ও শ্রীশ্রীমতী বিশ্বেশ্বরী ও মাহাম্মদ কনিমল্লা ও মহেশচন্দ্র ও মাহাম্মদ কামিল চৌধুরী ও ইছব আলী ও নেজামত আলী ও মাহাম্মদ আলী ও মনুহর খাঁ ও উজির আলী ও উমাচরণ ঘোষ ও দুর্গাচরণ সেন ও জগচন্দ্র সেনের মধ্যে শ্রীমতী অলকা ও রামদয়াল সেন ও শ্রীমতী ব্রজবাসি ও জগচন্দ্র সেন ও গোপালদাস সেন ও জগচন্দ্র রায় ও হরচন্দ্র ও কৃষ্ণমোহন ও অভয়াচরণ গুহ ও নীলকান্ত ও গৌরীকান্ত ও নিত্যানন্দ পুরোহিত ও শ্রীমতী অমলা ও বিরঙ্গ ও শ্রীমতী তারকেশ্বরী ও শ্রীমতী প্যারী ও নীলকণ্ঠ সেন নীলাম গোলাম আলী নাজির ও গোলাম আলী ও জানআলী ও আবুতালিপ্র ও ওয়ারিস ও গোলাম বাছের ও রাহানিদ্দীন ও এজাবতন্নেছা ও বিজয়ানদ্দীন ও নজুমন্নিছা ও নাদেরন্নিছা ও গৌরীদাস ও নীলমণি ও বাকর আলী ও মোবারেক আলী ও চৈতন্যচরণ সেন ও ফতেমা বিবি সুজাত আলী ও মনহর আলী ও নজিবল্ল ও মাইনদ্দীন ও কাছিম আলী ও রামচরণ ও রামসেবক দাস ও উদয়চন্দ্র ও আমীর হোচন মাহাম্মদ নছিম ও ছপদর আলী ও বাহানদ্দীন ও বিজয়নদ্দীন ও সনীয়দ্দীন নাবালগ ও চৈতন্যচরণ ও রঞ্জিতরাম চৌধুরী ও কৃষ্ণমোহন গুহ ও মাহার্ম্মদ মোছন ও মহাম্মদ কামেল ও জান আলী ও সচ্ছন্দমহি ও উজির আলী ও ইছপ আলী ও নেজামত আলী ও মাহাম্মদ আলী ও মনহর খাঁ ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও মাগনদাস সেন রত্নমণি সেন ও কমরদ্দীন আহাম্মদ ও রামদয়াল দে ও গৌরসুন্দর ও তোফেল আলী তস্য স্ত্রী মহর্ব্বত বানু ও শ্রীমতী পূর্ণা দাস্যা ও শ্রীমতী নারায়ণী ও শ্রীমতী অলকাসুন্দরী ও নন্দকুমার দাস ও গৌরহরি চৌধুরী ও নন্দকুমার দাস ও কৃষ্ণদাস মজুমদার ও আচমত আলী মুনশী ও মহেশচন্দ্র ও রাজকিশোরের হিস্যা ও অবশিষ্ট মহাল জের বাটওয়ারাসুত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা ও ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে লালমহাম্মদ হাজি ও সুবরাতি ও আইঠন ও মহাম্মদ কামিল ও বিশ্বেশ্বরীর মং ৮৭৸/৫ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে প্রাণকৃষ্ণ ও প্যারীমোহন ও দুর্গামোহন ও গৌরচন্দ্র কাননগোএর হিস্যা নীলাম হইবে মোছল্লম মহালের সদর জমা ৮২৬৸৵/৩

মহাল লাখেরাজ কএমি থানে চকরিয়া মৌজে হারবাঙ্গ।

৩৩৫১৪ নম্বর তালুক মবারেক আলী মালিক লাল মাহাম্মদ দারোগা সদর জমা ৮৭৪৬

H. C. B. C. Raban,
*Offg. Collector.*

(F)

## জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেকুটরি জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত তালুক ১৮৭০ সালের ২৫ ফেব্রুআরি তারিখের সূর্য্যাস্তপর্য্যন্তের বাকীপড়া রাজস্ব আদায় নিমিত্ত চলিত সনের ১৭ মে তারিখে মোতাবেক ১২৭৬ বাঙ্গলার ৪ জৈষ্ঠ রোজ মঙ্গলবার অত্র জেলার কালেকুটরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭০ ইং তারিখ ১ আপ্রিল।

মহাল নওয়াবাদ থানে চকরিয়া মৌজে হারবাঙ্গ।

২৯১। ৩৯৩ নম্বর তালুক লাল মাহাম্মদ দারোগা মালিক লাল মাহাম্মদ দারোগা সদর জমা ৯৪১/৯

H. C. B. C. Raban,
*Offg. Collector.*

(F(

[*Government Gazette, 3rd May* 1870.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।



# গবর্ণমেণ্ট্ গেজেট

**TUESDAY, MAY 10, 1870.**

মঙ্গলবার ১৮৭০ সাল ১০ মে।

## Government of Bengal.

### Legislative Department.

The following Bill as settled by the Council of the Lieutenant-Governor of Bengal, for making laws and regulations, is hereby published for general information:—

*A Bill to appoint Commissioners for making improvements in the Port of Calcutta.*

Preamble.

Whereas it is expedient to make further provision for improvements in the port of Calcutta, and for that purpose to appoint commissioners for making such improvements; It is enacted as follows:—

Interpretation.

I. The following words and expressions shall have the meanings hereby assigned to them, unless where a contrary intention shall appear from the context.

"Commissioners."

The words "the commissioners" shall mean "the commissioners for making improvements in the port of Calcutta" hereinafter incorporated.

"Commissioner."

The word "commissioner" shall mean a member of the said corporation.

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

### ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় অবধারিত হইয়া সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ অন্য বিধান করা ও তদ্ধেতুক সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

অর্থের ধারা।

১ ধারা। এই ধারাতে নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ করা গিয়াছে পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব প্রকাশ না হইলে সেই অর্থ ধরিতে হইবে।

"কমিশ্যনরগণ।"

'কমিশ্যনরগণ' শব্দে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ যে কমিশ্যনরেরা এই আইনমতে সমবায়িত হন তাঁহারদিগকে বুঝাইবে।

'কমিশ্যনর'

'কমিশ্যনর' শব্দে উক্ত সমবায়ের অন্তর্গত কোন ব্যক্তিকে বুঝাইবে।

"Vessel."

The word "vessel" shall include any ship, barge, boat, raft, or craft, of any other thing whatever designed or used for the transport upon water or passengers or goods.

"Land."

The word "land" shall include the bed of the river below high-water mark.

"Pier."

The word "pier" shall include a floating pier.

"Wharf."

The word "wharf" shall include any bank of the river which may be improved to facilitate the loading or unloading of goods and any wall adjoining the river.

"Goods."

The word "goods" shall include wares and merchandize of every description.

"Port."

The word "port" shall mean the port of Calcutta.

Power to nominate commissioners.

II. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal at any time after the commencement of this Act, by order published in the *Calcutta Gazette*, to nominate and appoint nine persons to be commissioners for making improvements in the port of Calcutta, and by the same or any other order published in like manner to nominate one of such persons to be chairman and another of such persons to be vice-chairman.

Term of office under Act.

III. Every person who shall be appointed to be a chairman, vice-chairman or commissioner, shall, subject to the provisions hereinafter contained, continue to hold the office to which he shall be appointed for the term of two years, but may at the expiration of such term be re-appointed.

Power to appoint successors.

IV. The Lieutenant-Governor of Bengal, within one month after any person appointed to be a chairman, vice-chairman or commissioner under this Act shall have died or ceased to be such chairman, vice-chairman or commissioner, shall, by an order published in the *Calcutta Gazette*, appoint some other person to be a chairman, vice-chairman or commissioner, as the case may be, in the place or stead of the person so dying or ceasing to be a chairman, vice-chairman or commissioner.

Commissioners to be a corporation.

V. The commissioners for making improvements in the port of Calcutta to be appointed, as hereinbefore provided, and their successors, shall be and they are hereby created a



'জলযান।'

জলপথে চড়নদারদিগকে কিম্বা মাল লইবার জন্যে জাহাজ, ভড়, নৌকা, ভেলা, ক্ষুদ্র নৌকাপ্রভৃতি যেং বিষয় নির্ম্মিত কিম্বা ব্যবহৃত হয় 'জলযান' শব্দে তাহাই বুঝাইবে।

'স্থল।'

জোয়ারের জল যে পর্য্যন্ত আক্রমণ করে নদীর সেই গর্ত্তও 'স্থল' শব্দের মধ্যে গণ্য।

'সেতু।'

'সেতু' শব্দের মধ্যে ভাসমান সেতুও গণ্য।

'ওয়ার্ফ।'

অপেক্ষাকৃত অল্প আয়াসে মালতুলিবার ও নামাইবার নিমিত্তে নদীর তীরের যে অংশের সৌষ্ঠব করা যায় 'ওয়ার্ফ' শব্দের মধ্যে সেই তীর ও নদীসন্নিহিত ভিত্তিও গণ্য।

'মাল।'

'মাল, শব্দের মধ্যে প্রত্যেক প্রকারের দ্রব্য ও বাণিজ্য দ্রব্যও গণ্য।

'বন্দর।'

'বন্দর' শব্দে কলিকাতা বন্দর বুঝাইবে ইতি।

কমিশ্যনরগণকে মনোনীত করিবার ক্ষমতার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণদ্বারা কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরস্বরূপ নয় জনকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন, এবং সেই অনুজ্ঞাপত্রে কিম্বা তদ্রূপে প্রকাশিত অন্য অনুজ্ঞাপত্রে উক্ত ব্যক্তিদের মধ্যে এক ব্যক্তিকে সভাপতি পদে ও অন্য ব্যক্তিকে প্রতিনিধি সভাপতি পদে মনোনীত করিতে পারিবেন ইতি।

এই আইনমতে পদস্থ থাকিবার কালের কথা।

৩ ধারা। কোন ব্যক্তি সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি কমিশ্যনর পদে নিযুক্ত হইলে, যে পদে নিযুক্ত হন এই আইনের পশ্চাৎ লিখিত বিধান অবলম্বন করিয়া দুই বৎসর সেই পদে থাকিবেন। কিন্তু সেই কাল গত হইলে সেই পদে পুনর্ন্নিযুক্ত হইতে পারিবেন ইতি।

উত্তরপদধারিদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি কমিশ্যনরের পদে নিযুক্ত হওনান্তর মরিলে কিম্বা ঐ সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে না থাকিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এক মাসের মধ্যে কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ঐ মৃত ব্যক্তির কিম্বা সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদত্যাগি ব্যক্তির স্থানে কি পরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে ঐ সভাপতির কিম্বা বিষয়বিশেষে প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত করিবেন ইতি।

কমিশ্যনরগণের সমবায়িত সমাজ হইবার কথা।

৫ ধারা। যে কমিশ্যনরগণ ইহার পূর্ব্ব বিধানমতে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থে নিযুক্ত হইবেন তাঁহারা ও তাঁহাদের উত্তরপদধারিগণ "কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমি-



corporation under the name and style of "the commissioners for making improvements in the port of Calcutta," and they shall have a common seal.

Property of commissioners to be applied for purposes of this Act.

VI. All property vested in or acquired by the commissioners under or by virtue of this Act, and all monies raised by or payable to them under or by virtue of this Act, shall be held in trust and be applied, in the first place, for the payment of all sums which from time to time shall be due and payable to the Secretary of State for India in Council under the provisions of Section VII of this Act, or for monies advanced or applied or to be advanced or applied by or on behalf of the said Secretary of State for India in Council for the improvement of the port of Calcutta, or otherwise under the provisions of Act X of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council, or of this Act, and subject thereto upon trust for the purposes of this Act and not otherwise.

Amount of debt.

VII. There shall be deemed and taken to be due from the commissioners to the Secretary of State for India in Council, immediately upon the passing of this Act, the several sums set forth in Schedule (A) to this Act annexed for the lands, works, and matters therein respectively set forth making in the whole the sum of rupees

Re-payment of debt.

VIII. The said amount shall be repaid by the said commissioners to the said Secretary of State in Council with interest at the rate of $4\frac{1}{2}$ per cent. per annum upon so much as for the time being shall remain due at the time and in the manner in Schedule (B) to this Act annexed.

Power to re-pay before due date.

IX. Notwithstanding the provisions of Section VIII, it shall be lawful for the commissioners, if they think fit, out of any monies which may come to their hands under the provisions of this Act, to repay to the said Secretary of State in Council any sum which for the time being may remain due to him under the provisions of this Act for principal, although the time fixed by the said Schedule (B) for the re-payment of the same shall not have arrived. Provided always that



শ্যনরগণ" এই নাম ও খ্যাতিক্রমে সমবায়িত সমাজ হইবেন, ও এতৎক্রমে তাঁহারদিগকে সমবায়িত সমাজ করা গেল। ও তাঁহারদের সাধারণ মোহর থাকিবে ইতি।

কমিশ্যনরগণের সম্পত্তি এই আইনের উদ্দেশে প্রয়োগ করিবার কথা।

৬ ধারা। এই আইনক্রমে কি তাহার বলে, যত সম্পত্তি কমিশ্যনরগণের প্রতি অর্পিত হয় কি তাঁহারদের দ্বারা প্রাপ্ত হওয়া যায়, এবং এই আইনক্রমে কি তাহার বলে যত টাকা তাঁহারদের দ্বারা তোলা যায় কি তাঁহারদিগকে দাতব্য হয়, তাঁহারা তৎসমুদায় ন্যাসস্বরূপ রাখিয়া এইং কর্ম্মে প্রয়োগ করিবেন। কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ১০ আইনের কিম্বা এই আইনের বিধানানুযায়ি অন্য কার্য্যের নিমিত্ত ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকর্তৃক কিম্বা তৎপক্ষে যে টাকা অগ্রিম দেওয়া যায় কি প্রয়োগ হয় কিম্বা দেওয়া যাইবে কি প্রয়োগ হইবে, তদ্ধেতুক ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সময়েং যত টাকা প্রাপ্য থাকে কিম্বা এই আইনের ৭ ধারার বিধানমতে তাঁহার প্রতি যত দাতব্য হয়, তাহা প্রথমে ঐ টাকাহইতে পরিশোধ করা যাইবে। পরে ঐ সম্পত্তি ও টাকা ন্যস্ত ধনস্বরূপ কেবল এই আইনমত কার্য্যে প্রয়োগ হইবে, প্রকারান্তরে নয় ইতি।

যত টাকা ঋণ আছে তাহার কথা।

৭ ধারা। এই আইনের A তফসীলে নির্দ্দিষ্ট ভূমির ও কার্য্যের ও বিষয়ের নিমিত্ত ক্রমান্বয়ে যত টাকা নির্ণয় হইয়াছে অর্থাৎ মোটে এত টাকা এই আইন প্রচলিত হইবামাত্রই কমিশ্যনরগণের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য জ্ঞান হইবে ও প্রাপ্য বলিয়া ধরা যাইবে ইতি।

ঋণশোধের কথা।

৮ ধারা। B চিহ্নিত তফসীলে যেং সময় ও যেং নিয়ম অবধারণ হইয়াছে কমিশ্যনরগণ সেইং সময়ে ও সেইং নিয়মে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সেই টাকা শোধ করিবেন, ও যে সময়ে যত টাকা ঋণ থাকে তাহার উপর বৎসর শতকরা ৪।।০ টাকার হিসাবে সুদ দিবেন ইতি।

দেনার তারিখের পূর্ব্বে টাকা দিবার কথা।

৯ ধারা। ৮ ধারার বিধান প্রবল থাকিতেও এই আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যৎকালে যে মুল টাকা পাওনা থাকে উক্ত B তফসীলমতে সেই টাকা দিবার সময় উপস্থিত না হইলেও এই আইনের বিধানমতে যে টাকা কমিশ্যনরদের হস্তগত হয় তাঁহারা বিহিত বোধ করিলে তাহাহইতে ঐ টাকা দিতে পারিবেন। কিন্তু উক্ত প্রকারে একিকালে দশ সহস্রের ন্যূন টাকা কিম্বা দশ সহস্রের গুণিতক ভিন্ন দেওয়া যাইবে না ও তদ্রূপে টাকা দেওয়া গেলে

no such re-payment shall be made of any sum less than rupees ten thousand, nor of any sum not being a multiple of rupees ten thousand, and from and after any such re-payment no further sum as interest shall be payable to the said Secretary of State in Council in respect of the sum which shall have been so re-paid.

The duties of the commissioners.

X. The administration of the powers and trusts created and declared by this Act shall, subject to the powers and authorities hereinafter conferred on the Lieutenant-Governor of Bengal, be vested in the commissioners.

Proceedings not to be invalidated by a vacancy or informality of appointment.

XI. No act or proceeding of the commissioners shall be invalidated or illegal in consequence only of there being a vacancy in the number of the commissioners at the time of doing or executing such act or proceeding. And all proceedings of the commissioners, or of any person acting as a commissioner in the *bonâ fide* belief that he was duly appointed, shall, notwithstanding it be afterwards discovered that there was some defect in the appointment of the commissioner or person acting as aforesaid, be as valid as if every such person had been duly appointed to be a commissioner.

Disqualification of commissioners.

XII. Every person who, at any time after his appointment as a commissioner, shall be absent from six consecutive meetings without having the permission in that behalf of the commissioners, or who having such permission shall be absent from the meetings for a period exceeding a year, and every person who at any time after his appointment as a commissioner shall accept or agree to accept any office or place of profit under this Act, except the office of chairman or vice-chairman of the commissioners, or who shall, save with the sanction in writing of the Lieutenant-Governor, participate or agree to participate in the profits of any work done by order of the commissioners, or be concerned or participate in the profits of any contract entered into with the commissioners, shall thenceforth cease to be a commissioner, and his office shall thereupon become vacant; provided always that no commissioner shall vacate his office by reason only of his being a shareholder in any company registered under the provisions of any Act for the registration of joint-stock companies, passed by any Indian legislature or by the

পর উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে সেই টাকার সুদ আর দিতে হইবে না ইতি।

কমিশ্যনরগণের ইতিকর্ত্তব্যতার কথা।

১০ ধারা। ইহার পশ্চাৎ নানা ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদধীনে এই আইনমতে সৃষ্ট ও নির্দ্দিষ্ট ক্ষমতা ও ন্যাসসংক্রান্ত কার্য্য নিরূপণের অধিকার কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ইতি।

পদশূন্যতা কিম্বা নিয়োগ কার্য্যের বৈষম্যহেতুক কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

১১ ধারা। কোন কার্য্য কি ব্যাপার করণ কি সম্পাদন সময়ে কমিশ্যনরদের মধ্যে কোন ব্যক্তির পদ শূন্য ছিল ইহা বলিয়া কমিশ্যনরদের সেই কার্য্য কি ব্যাপার অসিদ্ধ কি অব্যবস্থ হইবে না। এবং কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের মধ্যে কমিশ্যনরস্বরূপ কর্ম্মকারি কোন ব্যক্তি উপযুক্তমতে নিযুক্ত হইয়াছেন ইহা প্রকৃত প্রস্তাবে বিশ্বাস করিয়া যে সকল কার্য্য করেন, ঐ কমিশ্যনরদের কিম্বা কমিশ্যনরস্বরূপ কর্ম্মকারি পূর্ব্বোক্ত ব্যক্তির নিয়োগ কার্য্যে পশ্চাৎ কোন দোষ প্রকাশ হইলেও উক্ত প্রত্যেক ব্যক্তির উপযুক্তমতে কমিশ্যনরী পদে নিযুক্ত হওয়ার ন্যায় সেই কার্য্য সিদ্ধ হইবে ইতি।

কমিশ্যনরেরা যাহাতে অযোগ্য হন তাহার কথা।

১২ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরস্বরূপ নিযুক্ত হইলে পর কোন সময়ে কমিশ্যনরদের স্থানে অনুপস্থিতির অনুমতি না পাইয়া ক্রমশঃ সভার ছয় অধিবেশনে উপস্থিত না হইলে, কিম্বা অনুমতি পাইয়াও এক বৎসরের অধিককাল উপস্থিত না হইলে, ও কোন ব্যক্তি কমিশ্যনরস্বরূপ নিযুক্ত হইবার পর কোন সময়ে কমিশ্যনরদের সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতির পদভিন্ন এই আইনঅনুযায়ি কোন পদ কিম্বা লভ্যজনক কর্ম্ম গ্রহণ করিলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন কমিশ্যনরদের আজ্ঞাপিত কোন কর্ম্ম জন্য লাভের অংশী হইলে কি অংশী হইতে সম্মত হইলে, কিম্বা কমিশ্যনরদের গৃহীত কোন চুক্তিজন্য লাভের সম্পর্কপ্রাপ্ত কি অংশী হইলে, তৎকালাবধি তাঁহার কমিশ্যনর হওয়া রহিত হইবে ও তৎপ্রযুক্ত তাঁহার পদ শূন্য হইবে। কিন্তু জাইন্টষ্টাক কোম্পানির রেজিষ্টরী করণার্থ যে আইন ভারতবর্ষীয় ব্যবস্থাপক মহোদয়গণের কিম্বা ব্রিটনীয় পারলিমেন্টের দ্বারা প্রণীত হয় কমিশ্যনরেরা সেই আইন মতে রেজিষ্টরী করা কোম্পানির, কিম্বা পারলিমেন্টের আইন কি রাজকীয় চার্টরদ্বারা কি প্রকারান্তরে সমবায়িত কোম্পানির চুক্তি গ্রহণ করিলে সেই কোম্পানির অংশীমাত্র হওয়াপ্রযুক্ত কিম্বা কমিশ্যনরদের প্রতি দত্ত কোন ঋণে সম্পর্ক





Parliament of the United Kingdom, or incorporated by Act of Parliament, Royal Charter, or otherwise, with which the commissioners may enter into any contract, or by reason of his being interested in any loan of money to the commissioners.

Power to remove chairman or commissioner.

XIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order under his hand to direct that any chairman or vice-chairman or commissioner named in such order shall cease to be chairman or vice-chairman or commissioner, and thereupon the person so named shall cease to be chairman, vice-chairman or commissioner as in such order may be directed.

Acting commissioner may be appointed during absence of commissioner.

XIV. When any commissioner shall depart from Calcutta with an intention of being absent for a longer period than three months, or where any such member shall have been so absent for a period exceeding three months, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint some other person to act in the place and room of such absent commissioner until he shall return to Calcutta, or until he shall cease to be a member.

Salaries and fees of chairman, vice-chairman, and commissioners.

XV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by order in writing from time to time, to determine whether any and what salary and allowances shall be paid to the chairman or vice-chairman of the commissioners, and whether any and what fees shall be paid to the chairman or vice-chairman and commissioners for attendance at meetings for transaction of the business of the Trust: and in the order directing the fees to be paid as aforesaid, the Lieutenant-Governor of Bengal may declare any conditions and restrictions upon and under which such salary, allowances and fees shall be payable.

Commissioners may appoint committees.

XVI. The commissioners may from time to time, by resolution passed at a meeting, appoint committees of their number for carrying into effect any part of the provisions of this Act, with such powers and under such instructions, directions or limitations as by such resolution shall be defined, and on any such committee three members shall be a quorum, and the commissioners shall have power to alter or discontinue any such committee.

থাকাপ্রযুক্ত কোন কমিশ্যনরের পদশূন্য হইবে না ইতি।

সভাপতিকে কিম্বা কমিশ্যনরকে অবসর করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্বীয় স্বাক্ষরিত কোন আদেশপত্রক্রমে, ঐ পত্রলিখিত কোন সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি কমিশ্যনর সেই পদে আর থাকিতে না পান এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে ঐ পত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তিনি সেই আজ্ঞানুসারে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে আর থাকিবেন না ইতি।

কমিশ্যনরের অনুপস্থানে একটিং কমিশ্যনর নিযুক্ত হইবার কথা।

১৪ ধারা। কোন কমিশ্যনর তিন মাসের অধিক কাল অন্যত্র থাকিবার মানসে কলিকাতাহইতে গমন করিলে, কিম্বা তিন মাসের অধিককাল অনুপস্থিত থাকিলে, তিনি যত কাল কলিকাতায় ফিরিয়া না আইসেন, কিম্বা তাঁহার সেই কমিশ্যনরী কর্ম্ম যত কাল রহিত না হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তত কাল তাঁহার স্থানে ও পরিবর্ত্তে কর্ম্ম করিবার জন্যে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

সভাপতির ও প্রতিনিধি সভাপতির ও কমিশ্যনরদের বেতনের ও ফীর কথা।

১৫ ধারা। কমিশ্যনরদের সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি বেতন ও বৃত্তি পাইবেন কি না ও কত পাইবেন, এবং ন্যস্ত ধনসংক্রান্ত কার্য্য সম্পাদনের সভায় উপস্থিত হইবার জন্যে সভাপতি ও প্রতিনিধি সভাপতি ও কমিশ্যনরেরা ফী পাইবেন কি না ও কত করিয়া পাইবেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ অনুজ্ঞাপত্র লিখিয়া ইহা নিরূপণ করিবেন। এবং পূর্ব্বোক্ত ফী পাইবার আজ্ঞা করিলে সেই বেতন ও বৃত্তি ও ফী যে নিয়মানুসারে ও যে২ নিষেধ মানিয়া দেওয়া যাইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই অনুজ্ঞাপত্রে ইহাও নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের কমিটী নিযুক্ত করিবার কথা।

১৬ ধারা। কমিশ্যনরেরা অধিবেশন করিয়া নির্দ্ধারণক্রমে আপনারদের মধ্যে কোন ব্যক্তিদিগকে সময়ে২ এই আইনের বিধানের কোন অংশ সফল করিবার জন্যে কমিটীস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। ও সেই নির্দ্ধারণে যে২ ক্ষমতা নিরূপণ ও যে২ উপদেশ ও বিধি ও সীমা নির্দ্দিষ্ট থাকে ঐ কমিটী সেই২ ক্ষমতা পাইবেন ও সেই২ উপদেশাদিমতে কার্য্য করিবেন। তদ্রূপ কমিটীর অধিবেশনকালে তিন জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারিবে। এবং কমিশ্যনরেরা তদ্রূপ কোন কমিটী পরিবর্ত্তন কি রহিত করিতে সক্ষম হইবেন ইতি।

XVII. The commissioners shall from time to time prepare and submit to the Lieutenant-Governor a schedule setting forth the number of officers and servants necessary and proper for carrying out the purposes of this Act, and of the salaries, fees and allowances which it is proposed to assign to such officers and servants, and the Lieutenant-Governor may sanction such schedule, or modify and sanction the same; and every such schedule so sanctioned shall remain in force until some other such schedule shall have been so prepared and sanctioned, and it shall not be lawful for the commissioners to employ any officer or servant for any office or employment not sanctioned in and by the schedule for the time being in force, nor to pay or allow to any officers or servants any salaries, allowances or fees greater than, or beyond those entered in such schedule. Provided always that artisans, porters and laborers, and the sirdars of porters and laborers shall not be deemed to be officers or servants within the meaning of this section.

Establishment of commissioners to be sanctioned by the Lieutenant-Governor.

XVIII. It shall be lawful for the commissioner at a meeting from time to time to make rules for appointing the officers and servants to fill the offices and posts mentioned in the schedule for the time being in force under the provisions of the next preceding section, and subject to the provisions of such schedule for their necessary remuneration and for the suspension or removal of any of such persons and the appointment of others in their place, and for the payment of such allowances to the said persons respectively, or in case of absence on leave such portion of their salaries or allowances as to them shall seem fit, and from time to time in like manner to alter, vary or revoke any such rules, and to substitute others in the place or stead thereof.

Commissioners to make rules for appointment of establishment.

XIX. No officer or servant of the commissioners shall be in any wise concerned or interested in any contract or work made with, or executed for the commissioners, and if any such officer or servant be so concerned or interested, he shall be incapable of afterwards holding or continuing in any office or employment under the commissioners, and shall forfeit and pay the sum of five hundred rupees, which may be recovered by suit by any person with full costs of suit. Provided that nothing in this section shall apply to any person by reason only of his being a shareholder in any company incorporated by Act

Penalty on officers being interested in contracts.

১৭ ধারা। এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে কত জন কার্য্যকারক ও চাকরের আবশ্যক ও কত জনকে নিযুক্ত করা উচিত ও সেই কর্ম্মকারকদের ও চাকরদের কত টাকা বেতন ও ফী ও উপরি টাকা নিরূপণ করিবার প্রস্তাব হয় কমিশ্যনরেরা সময়ে২ ইহার তফসীল প্রস্তুত করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পণ করিবেন। এবং শ্রীযুত লেপ্টনেন্ট গবর্ণর সাহেব সেই তফসীল অনুমোদন করিতে কিম্বা মতান্তর করিয়া অনুমোদন করিতে পারিবেন। তদ্রূপ অন্য তফসীল যতকাল উক্ত প্রকারে প্রস্তুত ও অনুমোদিত না হয়, ততকাল পূর্ব্বোক্তমতে অনুমোদিত পূর্ব্বোক্ত তফসীল প্রবল থাকিবে। এবং যৎকালে যে তফসীল প্রবল থাকে তম্মধ্যে ও তদ্দ্বারা যে পদের কি কর্ম্মের অনুমোদন না হয়, কমিশ্যনরেরা এমত পদে কি কর্ম্মে কোন কর্ম্মকারককে কি চাকরকে নিযুক্ত করিতে পারিবেন না। এবং ঐ তফসীলে যে বেতন কি উপরি টাকা কি ফী লেখা যায় কোন কর্ম্মকারকদিগকে কি চাকরকে তদধিক কি তদ্ভিন্ন বেতনাদি দিতে পারিবেন না। কিন্তু শিল্পি ও বাহক ও মজুরগণ এবং বাহকদের ও মজুরদের সরদারেরা এই ধারার অর্থগত কর্ম্মকারক কি চাকর বলিয়া জ্ঞান হইবে না ইতি।

কমিশ্যনরদের নিরিশতা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইবার কথা।

১৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমত যে তফসীল যতকাল প্রবল থাকে, কমিশ্যনরেরা সময়ে২ সভাগত হইয়া সেই তফসীলে লিখিত পদে ও কর্ম্মে কর্ম্মকারকদিগকে ও চাকরদিগকে নিযুক্ত করিবার বিধি করিতে এবং ঐ তফসীলের বিধানের বশে উক্ত অনন্তর ব্যক্তিদের আবশ্যকমত পারিশ্রমিক দেওনের ও তাহারদের কর্ম্মহইতে স্থগিত ও অবসর করণের ও তাহারদের স্থলে অন্যদিগকে নিযুক্ত করণের এবং উক্ত ব্যক্তিদিগকে যত করিয়া দিতে হইবে তাহার কিম্বা কেহ ছুটী লইলে তাঁহারদের বিবেচনায় তাহার বেতনের কি টাকার যে অংশ পাইতে হইবে ইহার বিধি করিতে পারিবেন। ও তদ্রূপে সময়ে২ উক্ত অন্যতর বিধি পরিবর্ত্তন কি মতান্তর কিম্বা ব্যর্থ করিয়া তৎস্থানে কি তৎপরিবর্ত্তে অন্য বিধি করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের কর্ম্মকারকপ্রভৃতি নিযুক্ত করিবার বিধি করণের কথা।

১৯ ধারা। কমিশ্যনরদের সঙ্গে কর্ম্ম করিবার যে চুক্তি করা যায় কিম্বা তাঁহারদের নিমিত্ত যে কর্ম্ম নির্ব্বাহ হয় সেই চুক্তিতে কি কার্য্যে কোন প্রকারেই কমিশ্যনরদের কর্ম্মকারকের কি চাকরের সম্পর্ক কি স্বার্থ থাকিবে না। উক্ত কর্ম্মকারকের কি চাকরের তদ্রূপ সম্পর্ক কি স্বার্থ থাকিলে তিনি তৎপরে কমিশ্যনরদের অধীন কোন পদ কি কর্ম্ম করিতে ও কোন পদে কি কর্ম্মে থাকিতে পারিবেন না ও তাঁহার পাঁচ শত টাকা দণ্ড দিতে হইবে। যে কোন ব্যক্তি মোকদ্দমা করিয়া সম্পূর্ণ খরচা সমেত ঐ টাকা আদায় করিতে পারিবে। কিন্তু যে কোম্পানি পারলিমেন্টের আইন দ্বারা কি রাজকীয় চার্টর দ্বারা কি প্রকারান্তরে সমবায়িত হয় কিম্বা জাইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্টরী করণ বিষয়ক পারলিমে-

চুক্তিতে কর্ম্মকারকের সম্পর্ক থাকিলে দণ্ডের কথা।





of Parliament or by Royal Charter or otherwise, or registered under any Act for the registration of joint-stock companies, passed by the Parliament of the United Kingdom or by any Indian legislature which may enter into any contract with the commissioners or execute any work for the commissioners.

XX. If any person employed under this Act, not being a public servant within the meaning of Section XXI of the Indian Penal Code, shall accept or obtain, or agree to accept or attempt to obtain from any person, for himself or for any other person, any gratification whatever other than legal remuneration as a reward for doing or forbearing to do any official act, or for showing or forbearing to show in the exercise of his official functions, favor or disfavor to any person, or for rendering or attempting to render any service or disservice to any person with the commissioners, or with any public servant or with the Government as such, he shall be liable to the same punishment as is in that behalf provided for by the Indian Penal Code in the case of public servants.

Penalty for accepting illegal gratification.

XXI. It shall be lawful for the commissioners at a meeting to grant, with the sanction of the Lieutenant-Governor of Bengal, such leave of absence to any salaried chairman or salaried vice-chairman of the commissioners, and to make such arrangements for carrying on the duties of his office during his absence on leave, as shall to them seem proper. Any person appointed under this section to act for any such chairman or vice-chairman shall, while so acting, have all the powers and be liable to all the restrictions and limitations which the chairman or vice-chairman would under this Act have and be liable to. In any case in which leave of absence to any chairman or vice-chairman shall be granted as aforesaid, the commissioners, at a meeting, may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, order to be allowed to such chairman or vice-chairman such portion of his salary during absence on leave as shall to them seem proper, and such allowance shall be paid accordingly unless and until the commissioners at a meeting shall otherwise direct.

Leave of absence may be granted to chairman or vice-chairman.

XXII. Save with the sanction in writing of the Lieutenant-Governor no greater expenditure shall be in any case incurred in the whole by reason of any

Expenditure not to be increased by leave allowances.

ণ্টের আইন কিম্বা ভারতবর্ষীয় ব্যবস্থাপকগণের আইনক্রমে যে কোম্পানি রেজিষ্টরী হয় সেই কোম্পানি কমিশ্যনরদের সঙ্গে কোন চুক্তি করিলে কিম্বা কমিশ্যনরদের নিমিত্তে কোন কার্য্য সম্পাদন করিলে, উক্ত কোন ব্যক্তি সেই কোম্পানির অংশী আছেন এইমাত্র কারণে এই ধারার কোন কথা তাঁহার প্রতি বর্ত্তিবে না ইতি।

২০ ধারা। এই আইনমতে কর্ম্ম প্রাপ্ত কোন ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার অর্থমতে রাজকীয় কার্য্যকারক না হইয়া, আপন পদসংক্রান্ত কোন কর্ম্ম করিবার কিম্বা করিতে ত্রুটি করিবার অথবা আপন পদসংক্রান্ত কার্য্য সম্পাদনক্রমে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ করিবার কিম্বা করিতে ত্রুটি করিবার অথবা কমিশ্যনরদের নিকটে কিম্বা রাজকীয় কোন কার্য্যকারকের কিম্বা গবর্ণমেণ্টের পদ সম্পর্কে ঐ কার্য্যকারকের কি গবর্ণমেণ্টের নিকটে কোন ব্যক্তির সপক্ষে কিম্বা বিপক্ষে কোন কর্ম্ম করিবার কি করিতে উদ্যোগ করিবার নিমিত্তে কোন কাহার স্থানে বৈধ পারিশ্রমিকভিন্ন আপনার কি অন্য কাহার জন্যে কোন পারিতোষিক গ্রহণ করিলে কি পাইলে, কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কি পাইবার উদ্যোগ করিলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে রাজকীয় কার্য্যকারকদের তদ্রূপ কর্ম্মের যে দণ্ড অবধারিত হয়, তাহারও সেই দণ্ড হইতে পারিবে ইতি।

অবৈধ পারিতোষিক গ্রহণের দণ্ডের কথা।

২১ ধারা। কমিশ্যনরেরা অধিবেশন করিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরদের বেতনভোগি কোন সভাপতিকে কি প্রতিনিধি সভাপতিকে যত কালের ছুটী দেওয়া বিহিত বোধ করেন দিতে পারেন, ও ছুটী প্রযুক্ত তাঁহার অনুপস্থানকালে তাঁহার পদের কর্ম্ম চালাইবার যে নিয়ম বিহিত বোধ করেন করিতে পারিবেন। এই ধারামতে কোন ব্যক্তি সভাপতির কি প্রতিনিধি সভাপতির স্থলে কর্ম্ম করিতে নিযুক্ত হইলে, এই আইনমতে ঐ সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির যে সকল ক্ষমতা থাকে ও তাঁহার প্রতি যে সকল নিষেধ ও সীমা বর্ত্তে, তাঁহার স্থলে কর্ম্ম করণ কালে তাঁহারও প্রতি বর্ত্তিবে। পূর্ব্বোক্তমতে সভাপতিকে কিম্বা প্রতিনিধি সভাপতিকে ছুটী দেওয়া গেলে, কমিশ্যনরেরা অধিবেশন কালে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে সেই সভাপতির কি প্রতিনিধি সভাপতির অনুপস্থায়কালে যে বৃত্তি পাওয়া বিহিত বোধ করেন তাহার আজ্ঞা দিতে পারিবেন। ও কমিশ্যনরেরা অধিবেশন কালে প্রকারান্তরের আজ্ঞা না করিলে তদনুসারে বৃত্তি দেওয়া যাইবে ইতি।

সভাপতির কি প্রতিনিধি সভাপতির ছুটীর কথা।

২২ ধারা। কিন্তু ছুটী না দেওয়া গেলে মোটে যত খরচ হইয়া থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি না হইলে কমিশ্যনরদের সভাপতির কি প্রতিনিধি সভা-

ছুটীকালীন বৃত্তি দ্বারা খরচ বৃদ্ধি না হইবার কথা।

allowance paid upon the absence on leave of the chairman, vice-chairman or any other officer or servant of the commissioners, than would have been incurred had no leave been granted.

Meetings of commissioners.

**XXIII.** The commissioners shall meet for the transaction of business once at least in every fortnight. Such meeting shall be held upon such day and at such hour as the commissioners shall from time to time determine. At every meeting of the commissioners five members shall constitute a quorum.

Emergent meetings may be called.

**XXIV.** The chairman or, in his absence, the vice-chairman of the commissioners, may, whenever he thinks fit, and shall, upon request made in writing by three members of the commissioners or two members of any committee, call an emergent meeting of the said commissioners or committee as the case may be.

Who shall preside at meetings.

**XXV.** The salaried chairman or salaried vice-chairman, as the case may be, of the commissioners shall attend all meetings of the commissioners held under this Act, unless prevented by sickness or other reasonable cause, and the chairman or, in his absence, the vice-chairman, shall preside at every such meeting. In the absence of both the chairman and the vice-chairman, the commissioners present at any meeting may choose one of their number to preside. The president of any meeting at which a quorum of the commissioners shall be present, may, with the consent of the meeting, adjourn the meeting from time to time and from place to place.

Minutes of proceedings of commissioners to be kept and to be open for inspection.

**XXVI.** Minutes of the proceedings of all meetings of the commissioners under this Act shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose, and shall be signed by the president after each meeting; and the said minutes shall at all reasonable times be open at the office of the commissioners to the inspection of any commissioner without charge.

Poll how to be taken.

**XXVII.** If a poll be taken at any meeting of the commissioners, the votes of the commissioners present shall be taken by the president, and the resolution supported by the greater number of votes given at such poll shall be deemed to be the resolution of the commissioners at such meeting.



পতির কিম্বা কোন কর্ম্মকারকের কি চাকরের ছুটী কালে তাঁহার বৃত্তিদানদ্বারা তদধিক খরচ না হয় ইতি।

কমিশ্যনরদের সভার কথা।

২৩ ধারা। কমিশ্যনরেরা কার্য্যনির্ব্বাহ করিবার জন্যে দুই সপ্তাহান্তর ন্যূনকল্পে একবার অধিবেশন করিবেন। কমিশ্যনরেরা যে দিন ও যে ঘণ্টা নিরূপণ করেন সেই দিনে সেই ঘণ্টায় অধিবেশন হইবে। অধিবেশন কালে পাঁচ জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে ইতি।

অত্যাবশ্যক স্থলে সভা হইবার কথা।

২৪ ধারা। কমিশ্যনরদের সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যখন বিহিত বোধ করেন তখন, এবং কমিশ্যনরদের মধ্যে তিন জনের ও কোন কমিটীর দুই জনের আদেশ পাইলেই তিনি উক্ত কমিশ্যনরদের কিম্বা বিষয়বিশেষে ঐ কমিটীর অত্যন্ত প্রয়োজনীয় অধিবেশনে তাঁহারদিগকে আহ্বান করিবেন ইতি।

সভায় কে আধিপত্য করিবেন তাহার কথা।

২৫ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের যে সভা অধিশেন হয়, কমিশ্যনরদের বেতনভোগি সভাপতি কিম্বা বিষয়বিশেষে বেতনভোগি প্রতিনিধি সভাপতি পীড়াপ্রযুক্ত কি উপযুক্ত অন্য কারণে অসমর্থ না হইলে উপস্থিত হইবেন। তদ্রূপ প্রত্যেক অধিবেশন কালে সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন। সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ে না থাকিলে যে কমিশ্যনরেরা অধিবেশনে উপস্থিত হন তাঁহারা আধিপত্য করিবার জন্যে আপনারদের মধ্যহইতে এক ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। যত জন কমিশ্যনরের উপস্থানে সভার কার্য্য চলিতে পারিবে তাঁহারদের অধিবেশন কালে যিনি সভাপতি হন, তিনি সেই সময়ে সেই স্থানে কার্য্য স্থগিত করিয়া অন্য স্থান ও সময় নিরূপণ করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের কার্য্যবিবরণ পুস্তক রাখিবার ও সকলের তাহা দেখিতে পারিবার কথা।

২৬ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের সভার সকল অধিবেশন কালে যে কার্য্য করা যায় তাহার মিনিট অর্থাৎ বিবরণের সার লিখিয়া রাখিতে হইবে। তাহা লিখিবার বহী থাকিবে, তন্মধ্যে পরিষ্কাররূপে লেখা যাইবে ও অধিবেশনের পরে সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। এবং কমিশ্যনর বিনাব্যয়ে উপযুক্ত সকল সময়ে কমিশ্যনরদের কার্য্যালয়ে সেই বহীর লিখিত বিবরণ দৃষ্টি করিতে পারিবেন ইতি।

পরিসংখ্যা গ্রহণের কথা।

২৭ ধারা। কমিশ্যনরদের সভার অধিবেশন কালে বিশেষ মতবাদী লোকের পরিসংখ্যা গ্রহণ করিতে হইলে, সভাপতি উপস্থিত প্রত্যেক কমিশ্যনরের মত গ্রহণ করিবেন। এবং উক্ত পরিসংখ্যা গ্রহণ কালে অধিকাংশ ব্যক্তির মতদ্বারা যে নির্দ্ধারণ প্রতিপোষিত হয়, তাহা সেই অধিবেশনাগত কমিশ্যনরদের নির্দ্ধারণ



The president shall have a second or casting vote in all cases of equality of votes.

Copy of minutes to be preserved in Bengal office.

**XXVIII.** A copy of the minutes of every meeting of the commissioners shall, as soon as conveniently may be, be transmitted to such Secretary of the Lieutenant-Governor of Bengal as he shall from time to time appoint for that purpose, and shall be preserved in the records of the office of such secretary.

Chairman may exercise certain powers of commissioners.

**XXIX.** All the powers, authorities and duties in and by this Act conferred or imposed upon the commissioners may be exercised and perfromed by the salaried chairman or salaried vice-chairman, save the powers, authorities and duties by this Act or by any rule, bye-law or order made under the provisions of this Act conferred or imposed on or restricted to the commissioners at a meeting.

Powers of the commissioners as to property.

**XXX.** The commissioners shall, for the purposes of this Act, have power to acquire and hold immoveable or moveable property, whether within or without the limits of the port, by conveyance, gift, lease, assignment or sale from the Governor General in Council, or the Lieutenant-Governor of Bengal, on behalf of the Secretary of State for India in Council, or any corporate body, or any registered joint-stock company or private person, and they shall also have power at a meeting to lease or sell any moveable or immoveable property which may have become vested in or been acquired by them, but which is no longer required for the purposes of this Act. Provided always that no such sale or other alienation or lease of any immoveable property for any estate or interest exceeding the term of ten years shall be valid unless the sanction of the Lieutenant-Governor of Bengal to such sale, alienation or lease shall be first had.

Property vested by Act IV of 1869 in Secretary of State to vest in commissioners.

**XXXI.** All property which under and by virtue of Act IV of 1869 passed by the Lieutenant-Governor of Bengal in Council became vested in the Secretary of State for India in Council shall, from and after the time when this Act shall come into operation, be, and the same is hereby vested

বলিয়া জ্ঞান হইবে। তুল্যসংখ্যক ব্যক্তিদের পরস্পর বিপক্ষমত হইলে সভাপতি দ্বিতীয়বার স্বমত জ্ঞাপন করিতে পারিবেন অর্থাৎ তাঁহার স্বপক্ষ মত প্রবল হইবে ইতি।

সারকথার প্রতিলিপি বাঙ্গাল আফিসে রাখিবার কথা।

২৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং কমিশ্যনরদের প্রত্যেক অধিবেশনকালীন কার্য্যের সারবিবরণের প্রতিলিপি গ্রহণ করণার্থে যে সেক্রেটারী সাহেবকে নিযুক্ত করেন, তাহা সুবিধামতে ত্বরায় তাঁহার নিকট প্রেরণ করা যাইবে ও তাহা ঐ সেক্রেটারী সাহেবের কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে রাখা যাইবে ইতি।

কমিশ্যনরদের কোনং ক্ষমতামতে সভাপতির কার্য্য করিবার কথা।

২৯ ধারা। এই আইনের মধ্যে ও এই আইনদ্বারা কমিশ্যনরদের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা ও যেং কর্ম্ম অর্পিত হইয়াছে, বেতনভোগি সভাপতি কিম্বা বিষয় বিশেষে বেতনভোগি প্রতিনিধি সভাপতি সেই সকল শক্তি ও ক্ষমতাক্রমে সেইং কর্ম্ম করিতে পারিবেন। কিন্তু এই আইনক্রমে কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধি কি উপবিধি কি আজ্ঞাক্রমে কেবল অধিবিষ্ট কমিশ্যনরদের প্রতি যে শক্তি ও ক্ষমতা ও যেং কর্ম্ম অর্পিত হয় সভাপতি কি প্রতিনিধি সভাপতি সেইং ক্ষমতামতে কর্ম্ম করিবেন না ইতি।

সম্পত্তিবিষয়ে কমিশ্যনরদের ক্ষমতার কথা।

৩০ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে কমিশ্যনরেরা ভারতবর্ষের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পক্ষে কিম্বা কোন সমবায়িত সমাজের, কি রেজিষ্টরী করা কোন জাইণ্ট ষ্টাক কোম্পানির কি সাধারণ ব্যক্তির পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্থানে হস্তান্তরকরণপত্র কি দানপত্র কি পাট্টা কি অর্পণপত্র কি বিক্রয়পত্রদ্বারা বন্দরের সীমার অন্তর্গত কি বহির্ভূত স্থাবর কি অস্থাবর সম্পত্তি প্রাপ্ত হইতে ও রাখিতে পারিবেন, এবং তাঁহারদের প্রতি অর্পিত কি তাঁহারদের প্রাপ্ত যে স্থাবর সম্পত্তিতে এই আইনের কার্য্যের নিমিত্তে আর প্রয়োজন না থাকে তাঁহারা অধিবেশন কালে তাহারও পাট্টা দিতে কি বিক্রয় করিতে পারিবেন। কিন্তু দশ বৎসরের অধিক কালের নিমিত্ত স্থাবর সম্পত্তির যে বিক্রয় কি অন্য হস্তান্তরকরণ কার্য্য করা যায় কি যে পাট্টা দেওয়া যায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি ভিন্ন তাহা সিদ্ধ হইবে না ইতি।

১৮৬৯ সালের ৪ আইনদ্বারা যে সম্পত্তি ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তে তাহাই কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।

৩১ ধারা। বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৯ সালের ৪ আইনদ্বারা যে সকল সম্পত্তি ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি অর্পণ করা যায়, এই আইন প্রচলিত হইবার সময়াবধি

in the commissioners subject as in the said Act IV of 1869 is mentioned.

*Commissioners not authorized to demise, &c., tolls and rates without sanction of Lieutenant-Governor.*

XXXII. It shall not be lawful for the commissioners to demise, farm, sell or alienate any power which by or under this Act may become vested in them of levying tolls, fees, wharfage or rent, rates or charges unless the assent in writing of the said Lieutenant-Governor of Bengal to such demise, farm, sale or alienation shall have been first had and obtained.

*Power to contract.*

XXXIII. The commissioners at a meeting may enter into contracts with any body corporate, registered joint-stock company, or private person, for the execution or supply by them or him of any works, labor, materials, machines, stores, or for other matters necessary for carrying into effect the trusts and purposes of this Act. Provided always that no contract under or by virtue of which a sum greater than fifty thousand rupees may in any event be payable by the commissioners, shall be valid without the assent in writing of the Lieutenant-Governor of Bengal.

*Works to be sanctioned by Lieutenant-Governor of Bengal.*

XXXIV. No new work the estimated cost of which shall exceed two thousand rupees shall be commenced by the commissioners, nor shall any contract be entered into by the commissioners in respect of any such new work until a plan and estimate of such work shall have been determined on and approved by the commissioners at a meeting and shall have been thereafter submitted to the Lieutenant-Governor of Bengal and sanctioned by him in an order published in the *Calcutta Gazette*, and in case the estimated cost of any such new work shall exceed two lakhs of rupees, the said Lieutenant-Governor shall not sanction the same until such plan and estimate shall have been submitted to the Governor General of India in Council and approved by him.

*Commissioners may compound for breach of contract, &c.*

XXXV. It shall be lawful for the commissioners, at a meeting, to compound or compromise for or in respect of any claim or demand arising out of any contract entered into by them under the authority of this Act, or in respect of any action or suit instituted by or



১৮৬৯ সালের উক্ত ৪ আইনের বিধান বলবৎ মানিয়া সেই সম্পত্তি কমিশ্যনরদের প্রতি অর্পিত হইবে ও এতৎক্রমে অর্পণ করা গেল ইতি।

*লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন কমিশ্যনরদের মাসুল কি রেট ইজারা প্রভৃতি দিবার ক্ষমতা না থাকার কথা।*

৩২ ধারা। এই আইনদ্বারা কি তৎক্রমে কমিশ্যনরদের প্রতি শুল্ক ও ফী ও ঘাট মাসুল ও খাজানা ও রেট ও দাবী আদায় করিবার যে ক্ষমতা অর্পিত হইল, বঙ্গদেশের উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন তাঁহারা সেই ক্ষমতা অন্যের প্রতি সমর্পণ করিতে কি ইজারা দিতে কি বিক্রয় কি হস্তান্তর করিতে সক্ষম হইবেন না ইতি।

*চুক্তি করিবার ক্ষমতার কথা।*

৩৩ ধারা। এই আইনসংক্রান্ত ন্যাসভার ও উদ্দেশ্যঘটিত কার্য্য সাধন করিবার জন্যে যে কোন বিষয় নির্ম্মাণ করা ও যে খাটনী ও সরঞ্জাম ও কল ও দ্রব্য প্রভৃতি আবশ্যক হয়, কমিশ্যনরেরা অধিবেশন কালে কোন সমবায়িত সমাজের কিম্বা রেজিষ্টরী জাইণ্ট ষ্টাক কোম্পানির কিম্বা সাধারণ ব্যক্তির স্থানে সেই কর্ম্ম সম্পাদন করিবার কিম্বা সেই২ দ্রব্যাদি যোগাইবার চুক্তি লইতে পারিবেন। কিন্তু যে কোন চুক্তিক্রমে কমিশ্যনরদের ৫০ সহস্র টাকার অধিক দিতে হয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন সেই চুক্তি সিদ্ধ হইবে না ইতি।

*কার্য্যের নিমিত্তে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতির প্রয়োজনের কথা।*

৩৪ ধারা। যে কার্য্যে ২০০০ দুই সহস্র টাকার অধিক ব্যয় হইবার সম্ভাবনা থাকে এমত কোন নূতন কার্য্য করিবার কল্পনা থাকিলে, তাহার নকশা ও খরচের অনুমানপত্র নির্ণীত হইয়া কমিশ্যনরদের অধিবেশনকালে অনুমোদিত হইবে, পরে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে উপস্থিত করিতে হইবে, ও তিনি কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া তাহা অনুমোদন না করিলে, কমিশ্যনরেরা সেই কার্য্য আরম্ভ করিবেন না, ও তদ্বিষয়ের কোন চুক্তি করিবেন না। সেই নূতন কার্য্যে অনুমান দুই লক্ষ টাকার অধিক ব্যয়ের সম্ভাবনা থাকিলে সেই নকশা ও অনুমানপত্র মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের সমীপে অর্পিত হইয়া তৎকর্ত্তৃক অনুমোদিত না হইলে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহার অনুমতি দিবেন না ইতি।

*চুক্তিভঙ্গ প্রভৃতি হইলে কমিশ্যনরদের ফুরণ করিবার ক্ষমতার কথা।*

৩৫ ধারা। কমিশ্যনরেরা এই আইনঅনুসারে কোন চুক্তি গ্রহণ করিলে পর যদি তৎসম্পর্কে তাঁহারদের কোন দাওয়া কি দাবী উত্থাপন হয়, কিম্বা তাঁহারা যত টাকা কিম্বা যে হানিপূরণ যথোচিত বোধ করেন তদ্ধেতুক যদি তাঁহারদের দ্বারা কি তাঁহারদের নামে



against them for such sum of money or other compensation as they shall deem sufficient.

*Mode of executing contracts.*

XXXVI. The salaried chairman or salaried vice-chairman may for and on behalf of the commissioners, enter into any contract or agreement whereof the value or amount shall not exceed one thousand rupees, in such manner and form as according to the law for the time being administered by the High Court of Judicature at Fort William in Bengal would bind him if such contract or agreement were on his own behalf; but every other contract and agreement by or on behalf of the commissioners shall be in writing and signed by the salaried chairman or salaried vice-chairman and by two other commissioners, and shall be sealed with the common seal of the commissioners, and no contract nor agreement not executed as in this section is provided shall be binding on the commissioners.

*Acquisition of land.*

XXXVII. When the commissioners are unable to acquire by agreement any land or building required for the purposes of this Act, the Lieutenant-Governor of Bengal in his discretion may declare that the land or building is needed for a public purpose, and may order proceedings for obtaining possession of the same for Government, and for determining the compensation to be paid to the parties interested, according to any law in force for the acquisition of land for public purposes. Such land or building when acquired shall be conveyed to the commissioners on their paying the compensation awarded and all costs connected therewith.

*General nature of the works under this Act.*

XXXVIII. The works to be constructed and carried out by the commissioners under the provisions of this Act may include:—

(1.)—Wharves, quays, stages, jetties, and piers within the port, with all necessary and convenient arches, drains, landing places, stairs, fences and approaches.

(2.)—Tramways, warehouses, sheds, engines and other appliances for conveying, receiving and storing goods and merchandize landed or to be shipped.

(3.)—Laying down moorings for carrying out the purposes of this Act, and the erection of cranes, scales, and all other necessary means and appliances for loading and unloading vessels.



কোন নালিশ কি মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে তাঁহারা সভার অধিবেশনকালে ঐ দাওয়ার নিমিত্ত কিম্বা তৎসম্পর্কে ফুরণ করিয়া টাকা লইতে কি দিতে পারিবেন ইতি।

*চুক্তি করিবার নিয়মের কথা।*

৩৬ ধারা। বেতনভোগি সভাপতি কিম্বা বেতনভোগি প্রতিনিধি সভাপতি এক হাজার টাকার অধিক মূল্যের কি টাকার চুক্তি করিলে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টে যৎকালে যে ব্যবস্থামতে কার্য্য সম্পাদন হইয়া থাকে, তদনুসারে আপনার নিমিত্তে ঐ চুক্তি কি নিয়ম করিলে যে প্রকারে ও যে পাঠানুসারে আবদ্ধ হন সেই প্রকারে ও সেই পাঠানুসারে তিনি কমিশ্যনরদের পক্ষে ঐ চুক্তি কি নিয়ম করিতে পারিবেন। কিন্তু কমিশ্যনরদের কৃত ও তাহাদের পক্ষীয় অন্য যে চুক্তি কি নিয়ম করা যায় তাহা লিপিবদ্ধ হইলে বেতনভোগি সভাপতি ও বেতনভোগি প্রতিনিধি সভাপতি ও অন্য দুই জন কমিশ্যনর তাহাতে স্বাক্ষর করিবেন। ও তাহা কমিশ্যনরদের সাধারণ মোহরে মুদ্রিত হইবে। ও যে চুক্তি কি নিয়মপত্রে এই ধারামতে স্বাক্ষর না করা যায়, কমিশ্যনরেরা তাহাতে আবদ্ধ হইবেন না ইতি।

*ভূমি গ্রহণের কথা।*

৩৭ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে কোন ভূমি কি গৃহাদির আবশ্যক হইলেও কমিশ্যনরেরা আপোসে তাহা পাইতে না পারিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উচিত বোধ করিলে রাজকীয় কার্য্যের নিমিত্তে ঐ ভূম্যাদি আবশ্যক বলিয়া রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণ করিবার যে আইন যে সময়ে চলন থাকে তদনুসারে গবর্ণমেণ্টের নিমিত্তে ঐ ভূম্যাদি গ্রহণ করিবার, ও তাহাতে যাঁহারদের স্বার্থ থাকে তাঁহারদের হানিপূরণ করিবার যথাবিহিত কার্য্যের আজ্ঞা করিবেন। কমিশ্যনরেরা অবধারিত হানিপূরণের টাকা ও তৎসংক্রান্ত সমস্ত খরচ দিলে সেই ভূমি কি গৃহাদি গৃহীত হইয়া তাঁহারদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে ইতি।

*এই আইনমত কার্য্যের সাধারণ ভাবের কথা।*

৩৮ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানানুযায়ি যেং বিষয়ের গঠনাদি করিতে ও যেং নিয়ম সাধন করিতে পারিবেন তন্মধ্যে নিম্নলিখিত বিষয় গণ্য।

(১) বন্দরের মধ্যে ওয়ার্ফ, মাল তোলা পোস্তা ষ্টেজ অর্থাৎ মঞ্চ, জেটী ও পিয়র অর্থাৎ সেতু এবং প্রয়োজনীয় ও সুবিধাজনক খিলান ও নর্দ্দমা ও উত্তরিবার স্থান ও সিঁড়ি ও বেড়া ও যাইবার পথ।

২। যে মাল ও বণিকদ্রব্য জাহাজহইতে নামান যায় কি জাহাজে তুলিতে হইবে তাহা চালান কি গ্রহণ কি রক্ষা করণার্থ ট্রামওয়ে, ও গুদামঘর, ও শেড ও অন্য উপকরণ ও কল।

৩। এই আইনের কার্য্য সফল করিবার নিমিত্তে জাহাজ বাঁধিবার বয়া স্থাপন এবং ক্রেন অর্থাৎ মাল তুলিবার যন্ত্র ও কাঁটা এবং জাহাজে দ্রব্য তুলিবার কি জাহাজহইতে নামাইবার জন্যে আবশ্যক সকল উপায় ও উপকরণ।

(4.)—Reclaiming, enclosing and raising any part of the river bank or of the river bed within the port which may be necessary for the execution of the works authorized by this Act, or otherwise for the purposes of this Act.

(5.)—The construction and application of dredges, and other machines for cleaning, deepening and improving the river bed within the port.

(6.)—The construction of such works without the limits of the port as shall be necessary for the protection of works executed under this Act, and all such other works and appliances as may in the opinion of the commissioners at a meeting be necessary for carrying out the purposes of this Act.

*Power to procure and charge for steam tugs.*

XXXIX. It shall be lawful for the commissioners at a meeting to procure or provide such steam vessels as they may think fit, and to employ the same or any of them in towing vessels into, out of, in or upon the river Hooghly or in the port, and to make such charges for towage by the said steam vessels as they may deem expedient.

*Money to be raised for works.*

XL. In case the Lieutenant-Governor of Bengal shall by an order published in the *Calcutta Gazette*, so direct, it shall be lawful for the commissioners from time to time to raise money for the estimated cost of any works or arrangements sanctioned by him to such extent and as he may from time to time direct.

*Mode of raising such money.*

XLI. Such money shall be raised in such way as the Lieutenant-Governor of Bengal shall by any rules or orders to be by him from time to time published in the *Calcutta Gazette*, with the sanction of the Governor General of India in Council, direct and appoint.

*Money raised on debentures to be a first charge on property and rates.*

XLII. In case such money shall be advanced on debentures bearing interest, such interest shall, subject to the provisions of section VI, be a first charge on all property acquired by the commissioners under or by virtue of this Act, and on all tolls, duties, rates and charges leviable under this Act.

*Application of funds raised.*

XLIII. All the moneys so to be raised shall be applied by the commissioners in the acquisition of immoveable and moveable property, the payment of salaries, fees, and ex-



৪। এই আইনেতে যেং বিষয় সম্পাদন করিবার অনুমতি হয় তাহার আবশ্যকপ্রযুক্ত কিম্বা এই আইনের উদ্দেশ্য প্রকারান্তরে সফল করিবার জন্যে বন্দরের মধ্যে নদীর তীরের কি গাভার কোন স্থানের পুনঃপ্রাপণ ও বেষ্টন ও উচ্চ করণ।

(৫) ড্রেজ অর্থাৎ নদীর বালিচর কাটিবার যন্ত্র এবং উক্ত সীমার মধ্যে নদীর গাভা পরিষ্কার ও উত্তম করিবার অন্য যন্ত্র নির্ম্মাণ করণ ও তদ্দ্বারা কর্ম্ম চালাওন।

(৬) এই আইনমতে যে কার্য্য করা যায় তাহার সুরক্ষার জন্যে ঐ বন্দরের সীমার বহির্ভূত স্থানে যেং বিষয় গঠনাদি করা আবশ্যক সেইং বিষয় এবং কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে অন্য যে কার্য্য ও উপকরণাদি আবশ্যক বোধ করেন তাহা করণ ইতি।

*ষ্টীমটগ নিরূপণ করিয়া তাহা ভাড়া দিবার ক্ষমতার কথা।*

৩৯ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া যত খানি ষ্টীমপোত আপনারদের কর্ম্মের উপযুক্ত বোধ করেন তাহার বিধান করিয়া কিম্বা তাহা ক্রয় করিয়া হুগলী নদীতে কিম্বা বন্দরে জাহাজ আকর্ষণ করিয়া সমুদ্রে লইবার কি তথাহইতে আনিবার কার্য্যে উক্ত সকল কিম্বা তন্মধ্যে কোন ষ্টীমপোত ব্যবহার করিতে ও তদ্দ্বারা জাহাজ আকৃষ্ট হওয়ার যে ফী বিহিত বোধ করেন তাহার দাবী করিতে পারিবেন ইতি।

*উক্ত কার্য্যের নিমিত্তে টাকা তুলিবার কথা।*

৪০ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণপূর্ব্বক আজ্ঞা করিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যত দূর অনুমোদন করিয়া আজ্ঞা করেন কমিশ্যনরেরা সময়েং ঐ প্রস্তাবিত কার্য্যের ও নিয়মের আনুমানিক ব্যয়ের নিমিত্তে তত টাকা তুলিতে পারিবেন ইতি।

*ঐ টাকা তুলিবার নিয়মের কথা।*

৪১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে সময়েং কলিকাতা গেজেটে বিধি কি আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক যে নিয়ম আদেশ ও নিরূপণ করেন সেই নিয়মমতে ঐ টাকা তোলা যাইবে ইতি।

*ঋণগ্রহণপত্রক্রমে যে টাকা তোলা যায় সম্পত্তির ও রেটের উপর প্রথমে তাহা শোধ করিবার দায় বর্ত্তিবার কথা।*

৪২ ধারা। সুদ দিবার নিয়মের ঋণগ্রহণপত্রক্রমে ঐ টাকা অগ্রিম পাওয়া গেলে ৬ ধারার বিধান প্রবল মানিয়া এই আইনক্রমে কি তাহার বলে কমিশ্যনরদের প্রাপ্ত সকল সম্পত্তিহইতে এবং এই আইনদ্বারা যে সকল মাস্তুল ও শুল্ক ও টাকুস ও দাবী আদায় করা যাইতে পারে, তাহার উপর প্রথমে ঐ সুদের দায় বর্ত্তিবে ইতি।

*যে টাকা তোলা যায় তাহার প্রয়োগের কথা।*

৪৩ ধারা। উক্ত প্রকারে যত টাকা তোলা যায়, কমিশ্যনরেরা তাহা লইয়া স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয় করিবেন, এবং বেতন ও ফী ও খরচ ও সুদ দিবেন এবং এই আইনের উ-



penses, and of interest, and of the cost of works and erections necessary or expedient for carrying out the purposes of this Act.

*Application of surplus income.*

XLIV. Whenever the half-yearly accounts hereinafter directed to be laid before the Lieutenant-Governor of Bengal shall show a surplus for the half-year of income over expenditure, such surplus, or so much thereof as the said Lieutenant-Governor shall think fit, shall be applied by the commissioners in paying off any of the debentures issued under this Act, the principal sum due in respect whereof may be then payable, or any part of the debt due by them to the said Secretary of State, or such surplus may, if the Lieutenant-Governor shall so direct, in whole or part be invested by the commissioners in the purchase in their corporate name of Government securities, or of their own debentures, and the interest thereof may be accumulated and invested in like manner, with power to the commissioners at any time to dispose of any such securities or debentures and to apply the proceeds and interests thereon, with the sanction of the said Lieutenant-Governor, in or towards any of the purposes of this Act.

*Payment of debentures by fresh mortgage of rates.*

XLV. The commissioners may at any time, according to the provisions aforesaid, and with the approval of the Lieutenant-Governor of Bengal, raise in any of the ways aforesaid any money that may be required to pay any amount for the time being due by the commissioners under the provisions of this Act.

*Form of debenture.*

XLVI. All debentures which may be issued under the authority of this Act, shall be in the form contained in the schedule (C) to this Act, and shall be transferable by endorsement, and the right to sue in respect of the moneys secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being, without any preference by reason of some of such debentures being prior in date to others.

*An estimate of income and expenditure to be submitted annually to the Commissioners.*

XLVII. At a special general meeting to be held in the month of February in each year, the salaried chairman or salaried vice-chairman shall lay before the commissioners a separate estimate of the expenditure and income of the commissioners under this Act for the year commencing on the 1st day of April then next succeeding, in such form as the Lieutenant-Governor of Bengal shall, by an order published in the *Calcutta Gazette*, direct. Provided always that such estimate shall be completed and printed,



দ্দেশ্য সাধন করণার্থে প্রয়োজনীয় ও যথাবিহিত কার্য্যের ও গাঁথনির খরচ দিবেন ইতি।

*অবশিষ্ট আয়ের প্রয়োগের কথা।*

৪৪ ধারা। ইতঃপরে ছয়২ মাসিক যে হিসাব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করিবার আদেশ হইয়াছে তদ্দ্বারা ষাণ্মাসিক ব্যয় হইয়া আয়ের উদ্বর্ত্ত দেখা গেলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত লইয়া কিম্বা উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশ লইয়া এই আইনমতে দত্ত ঋণগ্রহণপত্রের যে মূল টাকা তৎকালে দেনা থাকে তাহা কিম্বা ষ্টেট সেক্রেটারী সাহেবের যে ঋণ পাওনা থাকে তাহার কোন অংশ পরিশোধ করিবেন। অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত টাকার সমুদয় কি একাংশ লইয়া আপনারদের সমবায়িত নামে গবর্ণমেণ্ট সিক্যুরিটী কিম্বা আপনারদের ঋণগ্রহণপত্র ক্রয় করিতে পারিবেন ও তাহার সুদ জমা হইলে তাহাও সেই প্রকারে ব্যয় করিতে পারিবেন। এবং কমিশ্যনরদের এই ক্ষমতা থাকিবে যে, উক্ত কোন সিক্যুরিটী কি ঋণগ্রহণপত্র কোন সময়ে বিক্রয় করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে এই আইনমত কোন কর্ম্মে সেই টাকা ও তাহার সুদ ব্যয় করিতে পারিবেন ইতি।

*টাক্স পুনশ্চ বন্ধক রাখিয়া ঋণ শোধ করিবার কথা।*

৪৫ ধারা। এই আইনের বিধানমতে কমিশ্যনরদের যে সময়ে যে টাকা দেনা হয় তাঁহারা সেই টাকা শোধ করিবার জন্যে কোন সময়ে পূর্ব্বোক্ত বিধানমতে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে পূর্ব্বোক্ত কোন প্রকারে প্রয়োজনমত টাকা তুলিতে পারিবেন ইতি।

*ঋণগ্রহণপত্রের পাঠের কথা।*

৪৬ ধারা। এই আইনের বলে যে সকল ঋণগ্রহণপত্র দেওয়া যায়, তাহা এই আইনের তফসীলের C পাঠে লেখা যাইবে। তাহা পৃষ্ঠলিপি দ্বারা হস্তান্তর করা যাইতে পারিবে। এবং উক্ত কোন ঋণগ্রহণপত্রে যে টাকা সুনিশ্চিত হয় যৎকালে যিনি ঐ পত্রধারী হন তৎকালে তাঁহারপ্রতি তৎসম্পর্কে নালিশ করিবার অধিকার বর্ত্তিবে। এই বিষয়ে কোনং পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পূর্ব্বীয় হইলেও তাহার অগ্রগণ্যতা হইবে না ইতি।

*আয়ব্যয়ের অনুমানপত্র বৎসরং কমিশ্যনরদের গোচরে অর্পিত হইবার কথা।*

৪৭ ধারা। আপ্রিল মাসের প্রথম তারিখঅবধি এক বৎসর কমিশ্যনরদের যত টাকা আয় ব্যয় হইবে বেতনভোগি সভাপতি কিম্বা বেতনভোগি প্রতিনিধি সভাপতি প্রতিবৎসর তৎপূর্ব্ব ফেব্রুআরি মাসে বিশেষ সাধারণ সভায় কমিশ্যনরদের সম্মুখে তাহার স্বতন্ত্র অনুমানপত্র অর্পণ করিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া যে পাঠ নির্ণয় করেন ঐ অনুমানপত্র সেই পাঠে প্রস্তুত করা যাইবে। পরন্তু ঐ পত্র সমাপ্ত ও মুদ্রিত হইয়া যে সভার সম্মুখে অর্পণ করা যাইবে,

and a copy thereof sent by post or otherwise to each commissioner, at least ten clear days prior to the meeting before which the estimate is to be laid.

Revision and passing of estimates.

**XLVIII.** It shall be in the discretion of the commissioners at such meeting by resolution to pass or to reject, or to modify or alter such estimate and pass such estimate so modified or altered.

Estimate to be approved by Lieutenant-Governor.

**XLIX.** Every such estimate when passed by the commissioners in pursuance of the provisions of this Act shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and it shall be lawful for such Lieutenant-Governor either to approve of such estimate or to return the same with his remarks thereupon, and the commissioners shall forthwith at a meeting proceed to re-consider such estimate in reference to such remarks and to modify or alter the same, and to re-submit such estimates to the said Lieutenant-Governor, and it shall not be lawful for the commissioners to expend any greater sum under such estimate than shall be approved by the said Lieutenant-Governor when the same shall have been so re-submitted to him.

Power to make supplemental estimate.

**L.** It shall be lawful for the commissioners, in the course of any year for which an estimate shall have been approved by the Lieutenant-Governor, to cause a supplemental estimate for the residue of such year to be prepared and laid before the commissioners at a meeting, and thereupon such proceedings shall be had as in and by Sections XLVII, XLVIII, and XLIX are directed to be had with respect to the estimate therein mentioned.

Expenditure to be made in pursuance of estimate.

**LI.** It shall not be lawful for the commissioners to expend any sum for any purpose not approved in some estimate for the time being in force, save in cases of pressing emergency; nor shall it be lawful for them to expend for any purpose not so approved any sum exceeding rupees two thousand without the assent in writing of the Lieutenant-Governor of Bengal.

Accounts to be audited and examined.

**LII.** The accounts of the receipts and expenditure under this Act shall twice in every year be laid before the Lieutenant-Governor of Bengal, and shall be audited and

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১০ মে।]

তাহার অধিবেশনের পূর্ব্ব ন্যূনকল্পে সম্পূর্ণ দশ দিন থাকিতে তাহার একং প্রস্থ প্রত্যেক কমিশ্যনরের নিকটে পাঠান যাইবে ইতি।

অনুমানপত্রের পুনর্দৃষ্টির ও অনুমোদনের কথা।

৪৮ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া আপনারদের বিবেচনামতে নির্দ্ধারণ করিয়া ঐ অনুমানপত্র কি তন্মধ্যে কোন অংশ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তদ্রূপে মতান্তরিত কি পরিবর্ত্তিত ভাবে ঐ অনুমানপত্র গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ঐ অনুমানপত্র অনুমোদন করিবার কথা।

৪৯ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানমতে অনুমানপত্র গ্রাহ্য করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পণ করা যাইবে। তিনি সেই অনুমানপত্র অনুমোদন করিবেন, কিম্বা তদ্বিষয়ে আপনার মন্তব্য লিখিয়া ফিরিয়া পাঠাইতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা ত্বরায় অধিবিষ্ট হইয়া ঐ মন্তব্য কথা দৃষ্টে সেই অনুমানপত্র পুনর্বিবেচনাপূর্ব্বক তাহা পরিবর্ত্তন কি মতান্তর করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে পুনশ্চ অর্পণ করিবেন এবং পুনশ্চ অর্পণ করা গেলে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যত টাকা অনুমোদন করেন, কমিশ্যনরেরা সেই অনুমোদনপত্রের বলে তদধিক ব্যয় করিতে পারিবেন না ইতি।

পরিশিষ্ট অনুমানপত্র করিবার ক্ষমতার কথা।

৫০ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে বৎসরের অনুমানপত্র অনুমোদন করেন, কমিশ্যনরেরা সেই বৎসরের মধ্যে কোন সময়ে ঐ বৎসরের অবশিষ্ট কালের পরিশিষ্ট অনুমানপত্র প্রস্তুত করাইয়া অধিবেশন কালে কমিশ্যনরদের সমীপে অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে ৪৭, ৪৮ ও ৪৯ ধারার উল্লিখিত অনুমানপত্র বিষয়ে যে কার্য্য হইবার আদেশ হইয়াছে উক্ত স্থলে সেই প্রকারের কার্য্য হইবে ইতি।

অনুমানপত্রানুসারে ব্যয় হইবার কথা।

৫১ ধারা। যৎকালে যে অনুমানপত্র প্রবল থাকে কমিশ্যনরেরা কেবল অত্যাবশ্যক স্থলভিন্ন সেই অনুমানপত্রের অননুমোদিত কোন কার্য্যে কিছু টাকা ব্যয় করিতে পারিবেন না। উক্ত প্রকারে যে কর্ম্মের অনুমোদন হয় নাই তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি বিনা এমত কর্ম্মে দুই সহস্র টাকার অধিক ব্যয় করিতে পারিবেন না ইতি।

হিসাবের সমালোচন ও পরীক্ষা হইবার কথা।

৫২ ধারা। এই আইনমতে যত টাকা আয়ব্যয় হয় তাহার হিসাব প্রতি বৎসর দুইবার বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করা যাইবে ও তাহা আডিট ও



examined. The audit shall be made by such public department or by such auditors as shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal. For the purposes of any audit and examination of accounts under this Act, the auditors may, by summons in writing, require the production before them of all books, deeds, contracts, vouchers, and all other documents and papers which they may deem necessary, and may require any person holding or accountable for any such books, deeds, contracts, accounts, vouchers, documents or papers to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same: and if any such person neglect or refuse so to do, or to produce any such books, deeds, contracts, accounts, vouchers, documents or papers, or to make or sign such declaration, he shall be liable for every neglect or refusal to a penalty not exceeding one hundred rupees. All auditors not being a public department acting under this Act shall in respect of each audit be paid by the commissioners such remuneration as the Lieutenant-Governor of Bengal shall from time to time determine. Provided always that before each audit and examination of accounts under this Act, the salaried chairman or salaried vice-chairman shall give ten days' notice of the time and place at which the same will be made by advertisement in the *Calcutta Gazette* and in at least two of the daily English newspapers published in Calcutta; and a copy of the accounts to be audited and examined shall be deposited in the office of the commissioners, and be open during office hours thereat to the inspection of any person on payment of a fee of one rupee on each occasion of inspection, for seven days before the audit and examination, and all such persons shall be at liberty to take copies of, or extracts from the same without further payment, and within fourteen days after the audit and examination shall have been completed, the auditors shall report upon the accounts audited and examined, and shall deliver such report to the commissioners at a meeting, who shall cause the same to be deposited in the office of the commissioners and to be published in the *Calcutta Gazette* and in some one or more of the said newspapers.

Public landing places to be provided.

**LIII.** The commissioners shall make a sufficient number of public landing places from and upon which the public shall be permitted to embark and to land free of charge.

[*Government Gazette*, 10*th May* 1870.]

সমালোচন করা যাইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং রাজকীয় যে কর্ম্মবিভাগ কিম্বা যেং আডিটরদিগকে নিযুক্ত করেন তাঁহারা সেই হিসাব আডিট করিবেন। আডিটরেরা এই আইনমত হিসাবের আডিট ও সমালোচন করিবার জন্যে বহী ও দলীল ও চুক্তিপত্র ও বৌচরপ্রভৃতি যে সকল নিদর্শনপত্র ও কাগজ আবশ্যক জ্ঞান করেন, কোন ব্যক্তির নামে আহ্বানপত্র লিখিয়া তাহা আনিয়া দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং তদ্রূপ বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজ যে ব্যক্তির কাছে থাকে কিম্বা তজ্জন্যে যে ব্যক্তি দায়ী হন, তাঁহার প্রতি উক্ত আডিট ও সমালোচন করিবার সময়ে কিম্বা ঐ কার্য্যের নিমিত্ত নিরূপিত সময়ান্তরে উপস্থিত হইয়া তদ্বিষয়ে নির্দ্দেশ বাক্য কহিবার ও ঐ বাক্যে স্বাক্ষর করিবার আদেশ করিতে পারিবেন। উক্ত কোন ব্যক্তি তাহা করিতে ত্রুটি কি অনঙ্গীকার করিলে, কিম্বা উক্ত কোন বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজ আনিয়া দেখাইতে কিম্বা ঐ নির্দ্দেশ বাক্য কহিতে কি স্বাক্ষর করিতে ত্রুটি কি অনঙ্গীকার করিলে তাঁহার প্রত্যেকবার সেই ত্রুটি কি অনঙ্গীকার হেতুক ১০০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। রাজকীয় কর্ম্মবিভাগভিন্ন যে সকল আডিটর এই আইনমতে কর্ম্ম করেন, প্রত্যেকবার আডিট করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং যত টাকা পারিশ্রমিক নিরূপণ করেন তাঁহারা কমিশ্যনরদের স্থানে তত টাকা পাইবেন। কিন্তু এই আইনমতে হিসাব প্রত্যেকবার আডিট ও সমালোচন করিবার পূর্ব্ব দশ দিন থাকিতে বেতনভোগি সভাপতি কিম্বা বিষয়বিশেষে বেতনভোগি প্রতিনিধি সভাপতি কলিকাতা গেজেটে এবং কলিকাতার প্রকাশিত ন্যূনকল্পে দুই ইংরেজী দৈনিক সম্বাদপত্রে ঐ আডিট হইবার সময়ের ও স্থানের সম্বাদ প্রকাশ করিবেন। ও যে হিসাবের আডিট ও সমালোচন করা যাইবে, তাহার আডিট ও সমালোচন হইবার পূর্ব্ব সাত দিন ঐ হিসাবের প্রতিলিপি কমিশ্যনরদের কার্য্যালয়ে রাখা যাইবে। কোন ব্যক্তি তাহাতে দৃষ্টি করিতে ইচ্ছুক হইলে, প্রত্যেকবার দৃষ্টি করণের জন্যে এক টাকা ফী দিলে কার্য্যালয়ের কর্ম্ম চলিবার নিরূপিত কোন সময়ে তাহা দৃষ্টি করিতে ও আর কিছু না দিয়া তাহার কোন কথা নকল করিয়া লইতে পারিবেন। আডিট ও সমালোচন কার্য্য সমাপ্ত হইলে পর আডিটরেরা চতুর্দ্দশ দিনের মধ্যে ঐ আডিট কর ও সমালোচিত হিসাবের রিপোর্ট লিখিয়া কমিশ্যনরদের অধিবেশন কালে তাহারদিগকে দিবেন। তাঁহারা সেই রিপোর্ট কমিশ্যনরদের কার্য্যালয়ে রাখিয়া কলিকাতা গেজেটে এবং উক্ত এক কি অধিক সম্বাদপত্রে প্রকাশ করাইবেন ইতি।

নৌকায় উঠিবার ঘাট করিবার কথা।

৫৩ ধারা। কমিশ্যনরেরা সাধারণের বিনাখরচে নৌকায় উঠিবার ও নৌকাহইতে নামিবার উপযুক্ত সংখ্যার ঘাট করিবেন ইতি।

**LIV.** It shall be lawful for the commissioners, if they shall consider it necessary for the purposes of this Act, to occupy or remove or modify any bathing ghât or landing place within the port, and to prohibit the public from afterwards resorting to or using the same. Provided nevertheless, that the commissioners shall reserve, set out, make, and provide for the use of the public such sufficient bathing ghâts within the port, not exceeding in number those that may be so modified or removed, as the Lieutenant-Governor of Bengal may direct.

Ghâts and bathing places to be provided.

**LV.** It shall not be lawful for any person or persons, save the commissioners, to make, erect, or fix below high-water mark within the port any wharf, quay, stage, jetty, pier, erection or mooring without the consent in writing of the Lieutenant-Governor of Bengal first had and obtained. Any matter or thing which may be so erected or fixed may be removed by the commissioners, and the person who shall have so made, erected or fixed any such matter or thing, shall be liable on conviction to a fine which may extend to one thousand rupees and to a further fine which may extend to one hundred rupees for every day during which such matter or thing shall have been permitted to remain so made, erected or fixed after notice to remove the same shall have been given to him, and to pay all expenses which may have been incurred by the commissioners in removing such matter or thing. Provided that this section shall not apply to moorings laid down or to be laid down by the conservator of the port.

No wharf, quay, &c., to be made without consent of Lieutenant-Governor.

**LVI.** In case any wharf, dock, quay, jetty, pier, erection or mooring shall without the consent in writing of the Lieutenant-Governor of Bengal be fixed, excavated, erected, or built below high water-mark without the limits for the time being of the port, and thereafter the limits of the port shall be extended so as to include the place in which such wharf, dock, quay, jetty, pier, erection or mooring shall have been fixed, excavated, erected or built, it shall be lawful for the commissioners to remove, fill up, or destroy such wharf, dock, quay, jetty, pier, erection or mooring without making any compensation therefor.

Power to remove erections.

৫৪ ধারা। কমিশ্যনরেরা এই আইনের কার্য্যের নিমিত্তে আবশ্যক বোধ করিলে, বন্দরের মধ্যে স্নান করিবার কি নৌকাহইতে নামিবার কোনং ঘাট অধিকার কি পরিবর্ত্তন করিতে পারিবেন কিম্বা স্থানান্তরে করিয়া তৎপরে সাধারণের পূর্ব্বঘাটে গমনাগমন ও তাহার ব্যবহার করা নিষেধ করিতে পারিবেন। কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ বন্দরে সাধারণের স্নান করিবার উপযুক্ত যত ঘাট করিবার আজ্ঞা দেন কমিশ্যনরেরা তত ঘাট রাখিবেন ও নিরূপণ ও প্রস্তুত করিয়া তাহার বিধান করিবেন কিন্তু তাঁহারা যত ঘাট পরিবর্ত্তন কি স্থানান্তরে করেন তাহার অধিক করিবেন না ইতি।

ঘাট ও স্নান করিবার স্থান নিরূপণের কথা।

৫৫ ধারা। কমিশ্যনরগণভিন্ন কোন ব্যক্তি কি ব্যক্তিরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি প্রাপ্ত না হইয়া বন্দরে জোয়ারের জলের দাগের নিম্নভাগে কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু কি গাঁথনি কি লঙ্গর করিবার বয়া করিতে কি গাঁথিতে কি স্থাপন করিতে পারিবে না। তদ্রূপ যে কোন বিষয় কি দ্রব্য গাঁথা কি স্থাপন করা যায়, কমিশ্যনরেরা তাহা উঠাইয়া ফেলিতে পারিবেন ও যে ব্যক্তি তদ্রূপ কোন বিষয় কি দ্রব্য করে কি গাঁথে কি স্থাপন করে, তাহা সপ্রমাণ হইলে তাঁহার এক সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। তদ্ভিন্ন তাহা উঠাইয়া লইবার নোটিস তাঁহাকে দেওয়া গেলে পর যত দিন তদ্রূপ কৃত কি গাঁথা কি স্থাপিত দ্রব্য কি বিষয় থাকিতে দেয় দিনপ্রতি তাহার একশত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। এবং সেই বিষয় কি দ্রব্য স্থানান্তর করিতে কমিশ্যনরদের যত খরচ লাগে তাহাও তাহার দিতে হইবে। কিন্তু বন্দরের রক্ষক যে বয়া ফেলিয়াছেন কি ফেলেন এই ধারার কথা তৎপ্রতি বর্ত্তিবে না ইতি।

লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন ওয়ার্ফ পোস্তাপ্রভৃতি না করিবার কথা।

৫৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন কোন ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া বন্দরের তৎকালীন সীমার বহির্ভূত স্থানে জোয়ারের অত্যুচ্চ দাগের নিম্নস্থানে স্থাপিত কি খোদিত কি প্রস্তুত কি নির্ম্মিত হইলে, ও পশ্চাৎ ঐ সীমা বর্দ্ধিত হইয়া ঐ ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া যে স্থানে স্থাপিত কি খোদিত কি প্রস্তুত কি নির্ম্মিত হয় সেই স্থান ঐ সীমার অন্তর্গত করা গেলে কমিশ্যনরেরা ক্ষতিপূরণ না করিয়া ঐ ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া উঠাইয়া কি ভরাট করাইয়া দিতে কি নষ্ট করিতে পারিবেন ইতি।

গাঁথনি উঠাইয়া দিবার ক্ষমতার কথা।





**LVII.** When the Lieutenant-Governor of Bengal shall, under the provisions of any Act for the regulation of duties of customs, appoint any wharf, quay, stage, jetty or pier, erected or acquired under this Act for the use of sea-going vessels, to be a wharf for the landing of goods within the meaning of that enactment, the commissioners shall set apart, maintain, and secure on such wharf, quay, stage, jetty, or pier, such portion thereof, or place therein, or adjoining thereto, for the use of the officers of customs, as the Lieutenant-Governor of Bengal shall in that behalf approve or appoint.

Wharves, &c., to be appointed under Customs' Act.

**LVIII.** Whenever any wharf, quay, stage, jetty, or pier or portion thereof shall under the provisions of the last section have been set apart for the use of the officers of customs, all dues, rates, tolls, and rents payable in respect thereof, or for the use thereof, or for the storage of goods thereupon, shall be paid and payable to the commissioners or to such person or persons as they may appoint to receive the same.

Dues for wharves in possession of customs' officers.

**LIX.** The commissioners shall, when thereunto required by the Lieutenant-Governor of Bengal, provide and keep and maintain sufficient servants and apparatus for the expeditious and convenient landing and shipment of goods from and upon all sea-going vessels coming to the wharves, quays, stages, jetties, or piers erected by them, and shall by their servants land and ship all goods from and upon any such vessel so coming to such wharf, quay, stage, jetty, or pier, unless where there is a legal excuse for refusing to land or ship such goods, or such vessel is by reason of the breach or non-observance of any law or regulation not entitled to have her cargo shipped or discharged. Provided that the commissioners shall not be bound to land, ship or move any single article or package exceeding thirty tons of twenty hundred weight in weight, except at such special charge as may be agreed on in respect of such article or package.

Commissioners to provide servants, &c., for shipping and landing goods.

**LX.** When any wharf, quay, stage, jetty, or pier erected under the provisions of this Act shall have been made and completed, together with sufficient warehouses, sheds, cranes and moorings for landing and shipping goods from and upon sea-going

Power to compel ships to load and unload at wharves, &c., of commissioners.

৫৭ ধারা। এই আইনমতে সমুদ্রগামি জলযানের কর্ম্মের নিমিত্তে যে ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কষ্টমের মাসুলের বিধান করণার্থ কোন আইনের বিধানমতে তন্মধ্যে কোন ওয়ার্ফ প্রভৃতি ঐ আইনের অর্থমতে মাল নামাইবার ওয়ার্ফস্বরূপ নিরূপণ করিলে, তিনি তৎপক্ষে কষ্টমের কার্য্যকারকদের নিমিত্তে যে স্থানের অনুমোদন ও নিরূপণ করেন, কমিশ্যনরেরা তাঁহারদের ব্যবহারের জন্যে সেই ওয়ার্ফের কিম্বা মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর এক ভাগ কিম্বা তদন্তর্গত কি তৎসন্নিহিত স্থান পৃথক করিয়া রাখিবেন ইতি।

ওয়ার্ফপ্রভৃতি কষ্টমের আইনমতে নিরূপণ হইবার কথা।

৫৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু কি তাহার কোন অংশ কষ্টমের কার্য্যকারকদের ব্যবহারার্থে নিরূপিত হইলে, তজ্জন্যে কি তাহার ব্যবহারের নিমিত্তে কিম্বা তাহাতে মাল থাকাতে যে মাসুল ও কর ও শুল্ক ও ভাড়া লওয়া যাইতে পারে তাহা উক্ত কমিশ্যনরদিগকে কিম্বা তাঁহারা তদ্‌গ্রহণার্থে যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করেন তাহারদিগকে দেওয়া যাইবে ও তাহারদের আদেয় হইবে ইতি।

কষ্টমের কর্ম্মকারকদের অধিকারে যে ওয়ার্ফ থাকে তাহার মাসুলের কথা।

৫৯ ধারা। সমুদ্রগামী যে সকল জলযান কমিশ্যনরদের স্থাপিত ওয়ার্ফের কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আইসে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আদেশ করিলে কমিশ্যনরেরা সেইং জলযানেরা মাল ত্বরায় ও সুবিধামতে তুলিবার ও নামাইবার জন্যে যথা সংখ্যক লোককে ও যন্ত্রাদি নিরূপণ করিয়া রাখিবেন। এবং যে জলযান তদ্রূপে ঐ ওয়ার্ফের কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আইসে, আইনঅনুসারে তাহাহইতে মাল নামাইবার কিম্বা তাহাতে মাল তুলিবার আপত্তি না থাকিলে, কিম্বা কোন আইন কি বিধান লঙ্ঘন কি অমাননপ্রযুক্ত সেই জলযানে মাল তুলিবার কিম্বা তাহাহইতে মাল নামাইবার অধিকার রহিত না হইলে কমিশ্যনরেরা আপনারদের লোকদ্বারা মাল তুলিয়া দিবেন কি নামাইয়া আনিবেন। কিন্তু টনপ্রতি বিশ হন্দ্রেডওয়েটের হিসাবে কোন একি দ্রব্যের কি বস্তার ত্রিশ টনের অধিক ওজন হইলে, সেই দ্রব্যের কি বস্তার নিমিত্তে বিশেষ খরচ পাইবার নিয়ম না করা গেলে তাঁহারা সেই দ্রব্য নামাইতে কি তুলিতে কি লড়াইতে আবদ্ধ নহেন ইতি।

মাল তুলিবার ও নামাইবার লোকদিগকে কমিশ্যনরদের নিযুক্ত করিবার কথা।

৬০ ধারা। এই আইনের বিধানমতে নির্ম্মিত কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু প্রস্তুত হইলে, এবং সমুদ্রগামি জাহাজের মাল তুলিবার কি নামাইবার উপযুক্ত সকল গুদাম ও শেড ও মাল

জাহাজের মাল অবশ্যই কমিশ্যনরদের ওয়ার্ফপ্রভৃতিতে তুলিবার ও নামাইবার কথা।

vessels, it shall be lawful for the commissioners with the sanction of the Lieutenant-Governor of Bengal, by a notification published in three consecutive numbers of the *Calcutta Gazette,* to declare that such wharf, quay, stage, jetty or pier is ready for receiving, landing and shipping goods from and upon sea-going vessels. And from and after such notification and publication it shall be lawful for the commissioners to require the conservator of the port, or other person exercising the rights, powers and authorities of the conservator of the port, from time to time, when there shall be room at such wharf, quay, stage, jetty, or pier, to order to come alongside of such wharf, quay, stage, jetty or pier, for the purpose of being laden or unladen by the commissioners, any sea-going vessel which shall not have commenced to discharge a cargo, or which being about to take in cargo shall not have commenced to take in cargo. And if after such order of the conservator of the port or other person aforesaid the owner or master of any such vessel shall either take in or discharge cargo, save and except at such wharf, quay, stage, jetty or pier to which such vessel shall have been so ordered, the owner thereof or, in case he shall not be in Calcutta, the master thereof, shall be liable to a penalty of one hundred rupees for each day that he or they shall land or ship or attempt to land or ship any goods in contravention of such order.

When sufficient accommodation, all vessels to load and unload at commissioners' wharves.

**LXI.** When a sufficient number of wharves, quays, stages, jetties, and piers shall have been erected under this Act for landing and shipping the cargoes of all sea-going vessels resorting to the port, it shall be lawful for the commissioners with the sanction of the Lieutenant-Governor of Bengal by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette* to direct that no goods shall be landed or shipped from or upon any sea-going vessel within the port, save at such wharves, quays, stages, jetties and piers, and by any order in like manner published to alter, vary or revoke any such order. And whoever shall, after such order has been so published as aforesaid, land or ship, or attempt to land or ship, any goods in contravention of such order, shall be liable to a fine not exceeding two hundred rupees for every day that he shall so land or ship any goods in contravention of the said order. Provided always, and it is hereby declared, that notwithstanding any thing in this or in Section XL contained, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by notice in the *Calcutta Gazette,* from time to time, if he shall so think fit, to declare

তুলিবার যন্ত্র ও বয়াপ্রভৃতি প্রস্তুত হইলে পর, সমুদ্রগামি জাহাজের মাল গ্রহণের ও জাহাজহইতে নামাইবার ও জাহাজে তুলিবার নিমিত্তে ঐ ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু প্রস্তুত হইয়াছে কমিশ্যনরেরা এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে ক্রমান্বয়ে তিন বার কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন। তদ্রূপ কথা জ্ঞাত ও প্রকাশ করা গেলে পর কমিশ্যনরেরা বন্দরের রক্ষক সাহেবের প্রতি কিম্বা সময়েং অন্য যে ব্যক্তি বন্দরের রক্ষকের অধিকার ও শক্তি ও ক্ষমতাক্রমে কর্ম্ম করেন তাঁহার প্রতি এই আদেশ করিতে পারিবেন যে সমুদ্রগামি যে জাহাজের মাল নামাইবার কার্য্য আরম্ভ হয় নাই তাহাহইতে মাল নামাইবার নিমিত্তে ও যে জাহাজে মাল তোলা কার্য্যের আরম্ভ হয় নাই তাহাতে মাল তুলিয়া দিবার জন্যে উক্ত ওয়ার্ফে কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে স্থান থাকিলে, তিনি সেই জাহাজ কমিশ্যনরদের ওয়ার্ফের কি মাল তোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আনাইবার আজ্ঞা করেন। এবং বন্দররক্ষক সাহেবের কিম্বা উক্ত অন্য ব্যক্তির উক্ত আজ্ঞা হইলে পর যে ওয়ার্ফে কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে যাইবার আজ্ঞা হইল যদি উক্ত কোন জাহাজের স্বামী কি অধ্যক্ষ তদ্ভিন্ন কোন স্থানে মাল তুলিয়া কি নামাইয়া দেন, তবে সেই স্বামী, কিম্বা তিনি কলিকাতায় না থাকিলে জাহাজের অধ্যক্ষ যত দিন ঐ আজ্ঞা উপেক্ষা করিয়া জাহাজহইতে মাল নামাইয়া দেন কি নামাইবার উদ্যোগ করেন কিম্বা জাহাজে মাল তুলিয়া দেন কি তোলাইবার উদ্যোগ করেন, তাহার দিন প্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

উপযুক্ত স্থান হইলে কমিশ্যনরদের ওয়ার্ফে সকল জাহাজের মাল তুলিবার ও নামাইবার কথা।

৬১ ধারা। সমুদ্রগামি যত জাহাজ এই বন্দরে আইসে এই আইনমতে সেই সকলের মাল তুলিবার ও নামাইবার উপযুক্ত ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু প্রস্তুত হইলে পর, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরেরা কলিকাতা গেজেটে ক্রমান্বয়ে তিনবার অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া বন্দরের মধ্যে সেই ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতুভিন্ন সমুদ্রগামি কোন জাহাজের মাল অন্য স্থানে না তুলিবার ও না নামাইবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া সেই আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথাও করিতে পারিবেন। তদ্রূপ অনুজ্ঞাপত্র পূর্ব্বোক্তমতে প্রচারিত হইলে পর যদি কোন ব্যক্তি তাহা লঙ্ঘন করিয়া জাহাজে মাল তোলে কি নামায় কিম্বা তুলিবার কি নামাইবার উদ্যোগ করে, তবে ঐ আজ্ঞা লঙ্ঘনপূর্ব্বক যত দিন সেই মাল তোলাইয়া কি নামাইয়া দেন তাহার দিন প্রতি তাহার দুই শত টাকার অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু এই ধারার ও ৪০ ধারার লিখিত কথা বলবৎ থাকিলেও এতৎক্রমে নির্দ্দিষ্ট হইল যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যতকাল ও যে নিয়ম উচিত বোধ করেন নির্দ্দিষ্ট কোনং জাহাজ কি জাহাজশ্রেণী তত কাল ও সেই নিয়মানুসারে উক্ত ওয়ার্ফ প্রভৃতি ভিন্ন





that certain specified vessels or classes of vessels shall be permitted to discharge or ship cargo, or that certain specified goods or cargoes, or classes of goods or cargoes shall be permitted to be landed or shipped elsewhere, and at such part of the port of Calcutta, and for such time and on such conditions as he may think fit.

Inland vessels to load and unload at places provided for them.

**LXII.** When any wharf, quay, stage, jetty or pier for receiving, landing, or shipping goods from vessels (not being sea-going vessels) shall have been made and completed with all proper appliances in that behalf, it shall be lawful for the commissioners with the sanction of, the Lieutenant-Governor, by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette,* to declare that such wharf, quay, stage, jetty, or pier is ready for receiving, landing, and shipping goods from vessels not being sea-going vessels, and in the same way to order that within certain prescribed limits to be therein specified in that behalf, it shall not be lawful to land or ship any goods out of, or into, any vessel (not being a sea-going vessel) of any class specified in such order, except at such wharf, quay, stage, jetty or pier. And in the same way to alter, vary or revoke any such order. After such publication as aforesaid, it shall not be lawful for any such vessel to land or ship any goods at any place within the limits so specified except at such wharf, quay, stage, jetty, or pier, nor for any such vessel while within such limits, to anchor, fasten, or lay within fifty yards of the ordinary low water-mark without the consent of the commissioners. And if after such publication, any vessel (not being a sea-going vessel) shall while within such limits so anchor, fasten, or lay, it shall be lawful for the commissioners to cause the same to be removed out of the said limits, and it shall be the duty of the conservator of the port to aid and assist the commissioners in so removing such vessel. Any person guilty of any breach of the provisions of this section shall be liable to a fine not exceeding fifty rupees for every such breach.

Tolls to be levied.

**LXIII.** The commissioners shall frame a scale of tolls, dues, rates and charges for the landing and shipment of goods from and into sea-going vessels at the wharves, quays, stages, jetties and piers, erected under this Act, and for the use thereof by such vessels, and for the storing and keeping of any goods stored in any premises belonging to them, and for the removal of goods and for the use of any moorings laid down or acquired under the provi-



কলিকাতা বন্দরের অন্য স্থানে মাল তুলিবার কি নামাইবার অনুমতি পাইবে, কিম্বা বিশেষ প্রকারের মাল কি মালশ্রেণী তোলা কি নামান যাইতে পারিবে তিনি বিহিত বোধ করিলে এমত আজ্ঞা করিতে সক্ষম হইবেন ইতি।

দেশীয় জলযানের মিকল্পিত স্থানে মাল তুলিবার ও নামাইবার কথা।

৬২ ধারা। সমুদ্রগামি জাহাজভিন্ন জলযানের মাল রাখিবার ও তুলিবার ও নামাইবার কোন ওয়ার্ফ কি মাল তোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু ও তৎসংক্রান্ত সকল উপকরণ প্রস্তুত হইলে পর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরেরা ক্রমান্বয়ে তিনবার কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া, সমুদ্রগামি জাহাজভিন্ন অন্য জলযানের মাল রাখিবার ও তুলিবার ও নামাইবার নিমিত্ত উক্ত ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি সেতু প্রস্তুত আছে ইহা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং ঐ অনুজ্ঞাপত্রে বিশেষ যে সীমা নির্দ্দিষ্ট করিতে হইবে, সেই সীমার মধ্যে সেই ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু ভিন্ন কোন স্থানে সমুদ্রগামি জাহাজভিন্ন ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট জলযানের কোন মাল তুলিতে কি নামাইতে হইবে না, এই আজ্ঞা করিতে পারিবেন। এবং সেই প্রকারে উক্ত কোন আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথাও করিতে পারিবেন। উক্ত অনুজ্ঞাপত্র প্রকাশ করা গেলে পর তদ্রূপ জলযান সেই ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু ভিন্ন পূর্ব্ব নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত কোন স্থানে মাল তুলিতে কি নামাইতে পারিবে না ও উক্ত সীমার মধ্যে থাকনকালে তদ্রূপ জলযান কমিশ্যনরদের অনুমতি না পাইয়া সার ভাটার জলের সাধারণ দাগহইতে পঞ্চ গজের মধ্য কোন স্থানে লঙ্গর করিতে কি বদ্ধ হইতে কি থাকিতে পাইবে না। উক্ত প্রকারের জ্ঞাপনী ও কথা প্রকাশ হইলে পর যদি সমুদ্রগামি জাহাজভিন্ন কোন জলযান সেই সীমার মধ্যে থাকনকালে তদ্রূপে লঙ্গর করে কি বদ্ধ হয় কি থাকে কমিশ্যনরেরা তাহা সেই সীমার বহিষ্কৃত করাইয়া দিতে পারিবেন ও সেই কার্য্যে কমিশ্যনরদের সাহায্যও সহায়তা করা বন্দররক্ষকের কর্ত্তব্য হইবে। কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লঙ্ঘনাপরাধী হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মাস্থল আদায় করিবার কথা।

৬৩ ধারা। এই আইনমতে সমুদ্রগামি জলযানের ব্যবহারার্থে যে ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু করা যায়, সেই ওয়ার্ফ প্রভৃতি মাল তুলিবার ও নামাইবার নিমিত্ত, এবং কমিশ্যনরদের কোন ভূম্যাদিতে মাল সংগ্রহ করিবার ও সংগ্রহ করিয়া রাখিবার নিমিত্ত, এবং মাল লইয়া যাইবার নিমিত্ত, এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত এই আইনের কিম্বা ১৮৬৬ সালের ১০ আইনের কিম্বা

sions of this Act or of Act X. of 1866, or of Act IV. of 1869, respectively passed by the Lieutenant-Governor of Bengal in Council. And also a scale of tolls, dues, and rates for the landing and shipment of goods into and out of any vessel (not being a sea-going vessel), and also a scale of tolls for the use of the said wharves, quays, moorings, stages, jetties, and piers by any such vessel, in case the commissioners shall permit the goods to be landed or shipped by others than their own officers and servants, and also a scale of charges for any services to be performed by the commissioners or their servants in respect of any vessel or goods or for the use of any works or appliances to be provided by the commissioners. Such scale of tolls, dues, rates and charges shall be adopted by a resolution of the commissioners at a meeting, and shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and after receiving his approval shall be published by the commissioners in the *Calcutta Gazette*, and may rom time to time, subject to the like approval and publication, be in like manner altered.

**LXIV.** If on the preparation of the estimate of any year, it shall appear that the estimated income of the commissioners for such year after deducting therefrom the estimated expenditure of such year to be incurred under this Act, will be insufficient for the payment of the sums which under the provisions of this Act will be payable during such year to the Secretary of State for India in Council, or if at any time in the course of a year it may appear that the actual income of such portion of the year as may have then elapsed and the estimated income of the residue of such year after deducting therefrom the actual expenditure of such past portion and the estimated expenditure of such residue will be so insufficient, then and in every such case, the commissioners shall upon the requisition in writing of the Lieutenant-Governor of Bengal, from time to time and to the extent requisite in every case, charge upon all goods landed from or shipped into any vessel lying or being within the limits of the port, whether such goods shall or shall not be so landed or shipped at any wharf, quay, stage, jetty, or pier belonging to the commissioners, such tolls, dues, rates, and charges, in addition to or other than those prescribed by any scale of tolls, dues, rates, and charges for the time being in force under the provisions of Section LXIII., as will when added to the said income of the year, suffice, as nearly as may be, for the payment of the said sums in full. Such

Power to impose rates on all goods to provide for payment of debt.

১৮৬৯ সালের ৪ আইনের বিধানমতে যে বয়া ফেলা যায় কি প্রাপ্ত হওয়া যায়, তাহার ব্যবহারের নিমিত্ত যে হারে মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী লওয়া যাইবে, কমিশ্যনরেরা ইহার নির্ঘণ্টপত্র করিবেন। আরো সমুদ্রগামি জলযানভিন্ন কোন জলযানের মাল তুলিবার ও নামাইবার নিমিত্ত যে হারে মাস্থল ও শুল্ক ও রেট লওয়া যাইবে, এবং কমিশ্যনরেরা আপনারদের কর্ম্মকারক ও চাকরভিন্ন অন্য লোকদ্বারা উক্ত প্রকারের জলযানের মাল তুলিবার কি নামাইবার অনুমতি দিলে, সেই জলযানদ্বারা উক্ত ওয়ার্ফের ও মালতোলা পোস্তার ও বয়ার ও ষ্টেজের ও জেটীর ও সেতুর ব্যবহারের নিমিত্ত যে হারানুসারে মাস্থল লওয়া যাইবে তাহার নির্ঘণ্টপত্র এবং কমিশ্যনরেরা কি তাঁহারদের কার্য্যকারকেরা কোন জলযান কি মাল সম্পর্কীয় কোন কর্ম্ম করিলে তজ্জন্যে কিম্বা কমিশ্যনরদের প্রস্তুত কোন বিষয়ের কি উপকরণের ব্যবহারার্থে যত টাকা দাবী করিতে পারিবেন,ইহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। কমিশ্যনরগণ অধিবেশনকালে নির্দ্ধারণ করণপূর্ব্বক ঐ মাস্থলের ও শুল্কের ও রেটের হার নিরূপণ করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পিত হইবে। তিনি অনুমোদন করিলে তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। এবং সময়ে২ সেই প্রকারে অনুমোদিত ও প্রকাশিত হইয়া পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

৬৪ ধারা। এই আইনের বিধানমতে কোন বৎসর ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য যত টাকা দেওয়া কর্ত্তব্য আরব্যয়ের অনুমানপত্রানুসারে কমিশ্যনরদের সেই বৎসর যত আয় সম্ভাবনা এই আইনমত অনুমানপত্রানুযায়ি ব্যয়বাদে অবশিষ্ট আয়ে ঐ ঋণ শোধ করিতে কুলাইবে না, কোন বৎসরের অনুমানপত্র প্রস্তুত করণকালে ইহা দৃষ্ট হইলে, অথবা বৎসরের মধ্য কোন সময়ে গত কএক মাসের যত টাকা আয় হইয়াছে ও ঐ বৎসরের অবশিষ্ট কালে যত টাকা আয়ের সম্ভাবনা, তাহাহইতে পূর্ব্বোক্ত কএক মাসের খরচ ও অবশিষ্ট কএক মাসের সম্ভাবিত খরচ বাদ দিলে উক্ত প্রকারে অকুলান হইবে দৃষ্ট হইলে, বন্দরের সীমার মধ্যে যে কোন জলযান থাকে তাহাহইতে যত দ্রব্য নামান গেল ও তাহাতে যত দ্রব্য তোলাগেল, সেই দ্রব্য কমিশ্যনরদের কোন ওয়ার্ফে কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে তোলা গেলে কি নামান গেলে কি না গেলেও ৬৩ ধারার বিধানমতে মাস্থলের ও শুল্কের ও রেটের ও দাবির যে হার তৎকালে প্রবল থাকে তদতিরিক্ত কি তদ্ভিন্ন যত মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ঐ বৎসরের উক্ত আয়ের উপর চড়াইয়া দিলে উক্ত পূরা টাকা দেওনের নিমিত্তে প্রায় কুলাইতে পারে কমিশ্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত আদেশ পাইয়া ঐ সকল দ্রব্যের উপর তত মাস্থলাদি ধার্য্য করিতে পারিবেন। ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী যে হারে লওয়া যাইবে কমিশ্যনরেরা অধিবেশন কালে ইহা নির্ণয় করিলে, তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পিত হইবে।

ঋণ শোধ করিবার জন্যে দ্রব্যের উপর মাস্থল ধার্য্য করিবার কথা।





tolls, dues, rates, and charges shall be fixed and adopted by a resolution of the commissioners at a meeting and shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and if the same shall be approved by him shall be published in the *Calcutta Gazette* and shall forthwith come into operation and remain in operation until altered or revoked by the commissioners at a meeting with the sanction of the Lieutenant-Governor of Bengal, and shall be leviable and recoverable in like manner as any other tolls, dues, rates, and charges payable under this Act.

**LXV.** In case the commissioners shall for fifteen days after the receipt by them of any such requisition from the Lieutenant-Governor of Bengal as in Section LXIV is mentioned, neglect or refuse to charge such tolls, dues, rates, and charges, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta Gazette* to charge such tolls, dues, rates, and charges, and the tolls, dues, rates, and charges, mentioned in such order shall have such and the same effect as if they had been fixed and adopted by the commissioners at a meeting and approved by the Lieutenant-Governor and published in the *Calcutta Gazette* in Section LXIV is mentioned.

On failure of commissioners Lieutenant-Governor may impose such rates.

**LXVI.** For the amount of all tolls, charges, dues, and rates duly leviable under this Act in respect of any goods, the commissioners shall have a lien on such goods and shall be entitled to seize and detain the same until such tolls, rates, and dues are fully paid. Tolls, rates, and dues in respect of goods to be landed shall become payable immediately on the landing of the goods. Tolls, rates, and dues in respect of goods to be removed from the premises of the commissioners or to be shipped for export, shall be payable before the goods are removed or shipped. The lien for such tolls, rates, and dues shall have priority over all other liens and claims, except for general average, for the ship-owner's lien for freight upon the said goods where such lien exists and has been preserved in the manner hereinafter provided, for primage, and for money payable to Her Majesty or the Secretary of State for India in Council under any law for the time being in force. Provided that nothing in this Act shall affect any power or

Recovery of tolls in arrear.

তিনি অনুমোদন করিলে তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ও তৎক্ষণাৎ প্রচলিত হইবে এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে কমিশ্যনরদের অধিবেশন কালে মতান্তরিত কি রহিত না হওন পর্য্যন্ত প্রচলিত থাকিবে এবং এই আইনমতে অন্য যে মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী দিতে হয় তাহার ন্যায় লওয়া যাইতে ও আদায় হইতে পারিবে ইতি।

৬৫ ধারা। কমিশ্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্থানে ৬৪ ধারার উল্লিখিত আদেশ পাইলে পর যদি পঞ্চদশ দিন পর্য্যন্ত ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ধার্য্য করিতে আলস্য কি অনঙ্গীকার করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ধার্য্য করিতে পারিবেন। ও সেই মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী কমিশ্যনরদের অধিবেশন কালে নির্দ্ধারিত ও স্বীকৃত ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইয়া ৬৪ ধারার উল্লিখিতমতে কলিকাতা গেজেটে প্রকাশ হইলে যদ্রূপ ফলবৎ হইত তত্তুল্য ফলবৎ হইবে ইতি।

কমিশ্যনরদের ত্রুটি হইলে লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সেই মাস্থল ধার্য্য করিবার কথা।

৬৬ ধারা। এই আইনমতে কোন মালের যে সকল মাস্থল ও দাবী ও শুল্ক ও রেট উপযুক্তমতে আদায় হইতে পারে, তাহার টাকার জন্যে ঐ মালের উপর কমিশ্যনরদের দাওয়া থাকিবে ও সেই মাস্থল ও রেট ও শুল্ক যত কাল সম্পূর্ণরূপে না দেওয়া যায় তত কাল তাঁহারা সেই মাল আটক করিয়া রাখিতে পারিবেন। যে মাল জলযানহইতে নামাইতে হইবে, তাহা নামান গেলেই তাহার উপর মাস্থল ও রেট ও শুল্ক দেনা হইবে। কমিশ্যনরদের ভূম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্নদেশে চালান করিবার জন্যে জাহাজে তুলিয়া দিতে হইবে, তাহা স্থানান্তর করিবার কিম্বা জাহাজে তুলিয়া দিবার পূর্ব্বে তাহার মাস্থল ও রেট ও শুল্ক দেনা হইবে। ঐ মাস্থলের ও রেটের ও শুল্কের জন্যে যে দাওয়া তাহা অন্য সকল দাওয়ার ও দাবীর অগ্রগণ্য হইবে, কেবল মাল রক্ষা করাপ্রযুক্ত জাহাজের অধ্যক্ষের যে পারিতোষিক পাওনা হয়, এবং ভাড়ার নিমিত্তে ঐ মালের উপর জাহাজের স্বামির দাওয়া থাকিলে ও সেই দাওয়া এই ধারার পশ্চাৎ লিখিত কোন ধারাক্রমে রক্ষিত হইলে সেই দাওয়া, এবং জাহাজের অধ্যক্ষের প্রাইমেজ বলিয়া যে শুল্ক পাওনা হয় তাহার দাওয়া,

বাকী মাস্থল আদায় করিবার কথা।

authority vested in the chief officer of customs under any law for the time being in force.

**LXVII.** In any case in which goods, without any default on the part of the commissioners, shall have been left for two days on or in any wharf or shed belonging to the commissioners, it shall be lawful for the commissioners to remove such goods, or cause the same to be removed, either to any warehouse belonging to them or to the public warehouses, at the expense of the owners of the said goods. Whenever any goods shall be so removed the commissioners shall give notice to the consignee or owner of such goods of such removal, if his address be known, by letter sent by post to such address or left thereat, and shall also publish in the *Calcutta Gazette* notice of such removal and shall specify therein the numbers, marks, and descriptions of such goods so far as the same appear, and the consignee or owner of such goods, in addition to the expenses of the removal of the same, shall be liable, in case the goods shall be removed to any warehouse or store of the commissioners, to a charge for warehousing for the time during which the goods shall remain in the said warehouse. In case the said goods shall be removed to the public warehouses, then the said consignee or owner shall be liable to the charges for warehousing goods in such public warehouses.

Goods may be removed to public warehouses.

**LXVIII.** If the master or owner of any vessel or his agent, at or before the time of landing from such vessel any goods at any wharf, quay, stage, jetty, or pier erected under this Act, shall give to the commissioners notice in writing that such goods are to remain subject to a lien for freight or other charges payable to the ship-owner to an amount to be mentioned in such notice, such goods shall continue liable to the same lien, if any, for such charges as they were subject to before the landing thereof. Such goods shall be retained either in the warehouses and sheds of the commissioners, or, with the consent of the chief officer of customs, in the public warehouses, until the lien is discharged as hereinafter mentioned.

Lien for freight preserved after landing of goods if notice of lien be given.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১০ মে।]

ও যৎকালীন যে আইন প্রবল থাকে তদনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি কিম্বা ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি যে টাকা দাতব্য হয় তাহার দাওয়া অগ্রগণ্য হইবে। কিন্তু যৎকালীন যে আইন প্রচলিত থাকে তদনুসারে কষ্টমের প্রধান কার্য্যকারকের প্রতি যে কোন শক্তি কি ক্ষমতা অর্পিত হয়, এই আইনের কোন কথাক্রমে তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

৬৭ ধারা। কমিশ্যনরদের কোন দোষভিন্ন মাল দুই দিন পর্য্যন্ত কমিশ্যনরদের কোন ওয়ার্ফে কি শেডে পড়িয়া থাকিলে, তাঁহারা ঐ মালের স্বামির খরচে আপনাদের কিম্বা রাজকীয় কোন গুদামঘরে সেই মাল স্থানান্তর করিয়া কি করাইয়া রাখিতে পারিবেন এবং স্বামির কি কানসাইনীর বাসস্থান জানিলে, সেই বাসস্থানে লোকের হাতে কিম্বা ডাকযোগে নোটিস পাঠাইয়া তাঁহাকে মাল স্থানান্তর হইবার সম্বাদ দিবেন। এবং তদ্রূপ স্থানান্তর করিবার নোটিস কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন এবং সেই সকল দ্রব্যের যেং নম্বর ও চিহ্ন ও বর্ণনা দেখা যাইতে পারে তাহাও সেই নোটিসে নির্দিষ্ট করিবেন ঐ মাল কমিশ্যনরদের কোন গুদাম ঘরে কি গোলাতে রাখা গেলে, তাহার স্থানান্তর করিবার খরচ ভিন্ন সেই মাল যত কাল ঐ গুদামঘরে থাকে তত কাল ঐ কানসাইনীর কি স্বামির ঐ গুদামে মাল রাখিবার ভাড়াও দিতে হইবে। ঐ মাল রাজকীয় গুদামঘরে রাখা গেলে, ঐ কানসাইনী কি স্বামী ঐ রাজকীয় গুদামঘরে মাল রাখিবার ভাড়ার দায়ী হইবেন ইতি।

রাজকীয় গুদামে মাল রাখিবার কথা।

৬৮ ধারা। এই আইনমতে যে ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু করা যায় তাহার উপর জাহাজ হইতে সেই ওয়ার্ফ প্রভৃতিতে মাল নামাইবার সময়ে কি তৎপূর্ব্বে, ভাড়ার কিম্বা অন্য দাবির নিমিত্তে জাহাজের স্বামির পাওনা এত টাকার নিমিত্তে ঐ মালের উপর দায় থাকাতে তাহা রাখিতে হইবে, জাহাজের স্বামী কিম্বা অধ্যক্ষ কিম্বা তাঁহার এজেন্ট কমিশ্যনরদিগকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে, মাল নামাইবার পূর্ব্বে যে দাবীর জন্যে তাহার উপর দায় থাকে মাল নামান গেলে পর সেই দাবীর জন্যে তাহার উপর সেই দায় থাকিবে। নিম্নলিখিত প্রকারে দায় হইতে মুক্ত না হওনপর্য্যন্ত সেই মাল কমিশ্যনরদের গুদামঘরে ও শেডে রাখা যাইবে, কিম্বা কষ্টমের প্রধান কর্তৃপক্ষের অনুমতিক্রমে রাজকীয় গুদামঘরে রাখা যাইবে ইতি।

মাল নামাইবার পর তাহার উপর ভাড়ার নিমিত্ত দাওয়া থাকার সম্বাদ দেওয়া গেলে সেই দাওয়ার কথা।



**LXIX.** Upon the production to the officer of the commissioners in that behalf of a document purporting to be a receipt for the amount claimed as due, or a release of freight from the person by or on whose behalf such notice shall have been given, it shall be lawful for the commissioners to permit such goods to be removed without regard to such lien, provided they shall have used reasonable care in respect to the authenticity of such document.

Discharge of lien by payment or release.

**LXX.** If the tolls, rates, and dues payable to the commissioners in respect of any goods under this Act, are not paid, or if the lien of the ship-owner for freight where such notice as aforesaid has been given is not discharged, the commissioners may, and in the latter event if required by or on behalf of the person claiming such lien for freight, shall, at the expiration of two months from the time when the goods were placed in their custody, or if the goods are of perishable nature at such earlier period being not less than twenty-four hours after the landing of the goods, as they shall think fit, sell by public auction the said goods, or so much as may be necessary to satisfy the amounts hereinafter directed to be paid out of the produce of such sale. Before making such sale, ten days' notice of the same shall be given by publication thereof in the *Calcutta Gazette*, unless the goods are of so perishable a nature as in the opinion of the officer of the commissioners in that behalf to render immediate sale necessary or advisable, in which event such notice shall be given as the urgency of the case admits of. If the address of the owner of the goods has been stated on the manifest of the cargo, or in any of the documents which have come into the hands of the commissioners, or is otherwise known, notice shall also be given to the owner of the goods by letter delivered at such address or sent by the post: but the title of a *bonâ fide* purchaser of such goods shall not be invalidated by reason of the omission to send the notice hereinbefore mentioned, nor shall any such purchaser be bound to inquire whether such notice has been sent.

If tolls not paid, or the lien for freight is not discharged, goods may be sold after the expiration of two months.

**LXXI.** In every case of any such sale as aforesaid, the moneys received from the sale shall be applied as follows:—

Application of proceeds of sale.

*1st.*—In payment of the expenses of the sale.

*2ndly.*—In payment according to their respective priorities of the liens and claims excepted

[*Government Gazette, 10th May* 1870.]

৬৯ ধারা। পাওনা বলিয়া যত টাকার দাওয়া হয় কমিশ্যনরদের সেই কর্ম্মে নিযুক্ত কর্ম্মকারকের নিকট সেই টাকার রসীদ বলিয়া কোন পত্র দেখান গেলে কিম্বা যাঁহার দ্বারা কি যাঁহার পক্ষে ঐ নোটিস দেওয়া গেল তাঁহার স্থানে ভাড়াহইতে মুক্তিপত্র বলিয়া পত্র দেখান গেলে কমিশ্যনরেরা ঐ দায়ের প্রতি লক্ষ্য না করিয়া ঐ মাল লইয়া যাইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু ঐ পত্র প্রকৃত কি না এই বিষয়ে তাঁহারদের যুক্তিমতে সতর্ক থাকা আবশ্যক ইতি।

টাকা দেওন দ্বারা ও মুক্তিপত্র দ্বারা দায়হইতে মুক্ত হওয়ার কথা।

৭০ ধারা। এই আইনমতে উক্ত মাল সম্পর্কে কমিশ্যনরদের যে মাস্তুল ও রেট ও শুল্ক প্রাপ্য হয় তাহা শোধ না হইলে, কিম্বা যে স্থলে পূর্ব্বোক্ত নোটিস দেওয়া যায়, এমন স্থলে ভাড়ার নিমিত্ত জাহাজের স্বামির দাওয়া শোধ না হইলে, তাঁহারদের রক্ষণে মাল অর্পণ হইবার পর দুই মাস গত হইলে, কিম্বা আশুক্ষয়ণীয় দ্রব্য হইলে ঐ দ্রব্য নামাইবার সময়াবধি চব্বিশ ঘন্টার অন্যূন তাঁহারা যে সময় বিহিত বোধ করেন সেই সময়ে নীলামদ্বারা সেই মাল কিম্বা তাহার যে অংশদ্বারা নিম্নলিখিত দাবির শোধ হইতে পারে তাহা বিক্রয় করিতে পারিবেন। কিন্তু ভাড়ার দাবীদারের দ্বারা কিম্বা তাহার সপক্ষ আদেশ হইলে অবশ্য বিক্রয় করিবেন। নীলাম করিবার পূর্ব্ব দশ দিন থাকিতে কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক ঐ নীলাম হইবার সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু দ্রব্য আশুক্ষয়ণীয় প্রযুক্ত কমিশ্যনেরদের তৎকর্ম্মে নিযুক্ত কার্য্যকারকের বিবেচনায় অবিলম্বে বিক্রয় করা বিহিত কি আবশ্যক হইলে ঐ আবশ্যক স্থলে যত কালের সম্বাদ দেওয়া যাইতে পারিবে তাহার উক্ত প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ করা যাইবে। মালের মানিফেষ্টে অর্থাৎ তফসীলে কিম্বা কমিশ্যনরদের হস্তগত কোন নিদর্শনপত্রে যদি ঐ মালের স্বামির নিবাসাদি লেখা থাকে কিম্বা অন্যপ্রকারে জানা যাইতে পারে তবে ঐ স্বামির নিকট লোকের হাতে কিম্বা ডাকযোগে পত্র লিখিয়া তাঁহাকেও ঐ সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যে ব্যক্তি সরলভাবে ঐ মাল ক্রয় করে, স্বামিকে উক্ত সম্বাদ না দেওয়া গেলেও ঐ ক্রেতার অধিকারের ব্যাঘাত হইবে না, এবং ঐ সম্বাদ প্রেরণ হইয়াছে কি না, ক্রেতার এই প্রশ্ন করা আবশ্যক নয়।

মাস্তুল না দেওয়া গেলে কিম্বা দায়হইতে মাল মুক্ত না করা গেলে দুই মাসের পর তাহা বিক্রয় করিবার কথা।

৭১ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের নীলাম হইলে যে টাকা পাওয়া যায় তাহা এইরূপে প্রয়োগ হইবে।

নীলামের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

প্রথম। নীলামের খরচ দেওয়া যাইবে।

দ্বিতীয়। মাস্তুলের ও রেটের ও দাবির নিমিত্তে কমিশ্যনরদের যে দাওয়া অগ্রগণ্য, ৬৬ ধারামতে তদ্ব্য-

in Section LXVI from the priority of the liens of the commissioners for tolls, rates, and dues.

*3rdly.*—In payment of the tolls, charges, and expenses of landing, removing, storing or warehousing the same, and of all other charges due to the commissioners under this Act in respect thereof.

The surplus, if any, shall be paid to the importer, owner, or consignee of the goods, or to his agent, on his applying for the same; provided such application be made within one year from the sale of the goods, or good reason be shewn why such application was not so made to the satisfaction of the commissioners; and in case such application shall not be so made, nor reason shewn, such surplus shall be held by the commissioners upon trust for the purposes of this Act.

Power to distrain vessels for non-payment of tolls.

LXXII. If the master of any vessel in respect of which any tolls, dues, rates, penalties, or charges shall be payable under this Act, or any rules or orders made in pursuance thereof, shall refuse or neglect to pay the same or any part thereof on demand, it shall be lawful for the commissioners to apply to the collector of customs of the port of calcutta, and such collector shall distrain or arrest of his own authority such vessel, and th tackle, apparel and furniture belonging thereto, or any part thereof, and detain the same until the amount so due to the commissioners shall be paid; and in case any part of the said tolls, dues, rates, penalties or charges, or of the costs of the distress or arrestment, or of the keeping of the same, shall remain unpaid for the space of five days next after any such distress or arrestment shall have been so made, the collector of customs may cause the vessel or other thing so distrained or arrested to be sold, and with the proceeds of such sale may satisfy such tolls, dues, rates, penalties or charges and costs, including the costs of sale, remaining unpaid, rendering the surplus (if any) to the master of such vessel on demand.

Port-clearance not to be granted till tolls paid.

LXXIII. If the commissioners shall give to the officer of Government whose duty it shall be to grant the port-clearance of any vessel, a notice stating that an amount therein specified is due in respect of tolls, dues, rates or charges or penalties chargeable under this Act, or any bye-laws rules or orders made in pursuance thereof, against such vessel, or the owner or master of such vessel in respect thereof, or against or in respect of any goods on board such vessel, such

ভীত দাওয়ার ও দাবীর অগ্রগণ্যতাক্রমে তাহা
হইবে।

তৃতীয়। ঐ মালের উপর মাসুল ও দাবী ও
হইতে নামাইবার ও স্থানান্তর ও গুদামজাত করি
ও গুদামে রাখিবার খরচ এবং এই আইনমতে
শ্যনরদের সেই মালের সম্পর্কে অন্য যাহা পা
হয় তাহা শোধ হইবে।

তাহার পর উদ্বর্ত্ত থাকিলে, যে ব্যক্তি মাল আ
ইয়াছে সে কিম্বা মালের স্বামী কি কানসাইনী
তাহার এজেণ্ট প্রার্থনা করিলে তাহাকে দে
যাইবে। কিন্তু মালের নীলাম হইবার সময়াবধি
বৎসরের মধ্যে প্রার্থনা করিতে হইবে কিম্বা কমিশ
দের হৃদ্বোধমতে তৎকালে প্রার্থনা না করিবার য
চিত কারণ দেখাইতে হইবে। তদ্রূপ প্রার্থনা না
ও কারণ দর্শান না গেলে সেই উদ্বর্ত্ত টাকা এই আই
কার্য্যের নিমিত্তে কমিশ্যনরদের হাতে ন্যাস
থাকিবে ইতি।

মাসুল না দেওয়া গেলে জাহাজ ক্রোক করিবার ক্ষমতার কথা।

৭২ ধারা। কোন জাহাজের মাসুল কি শুল্ক কি
কি দণ্ড কি দাবী এই আই
মতে কিম্বা তদনুযায়ি
বিধি কি আজ্ঞামতে
হইলেও যদি ঐ জাহা
অধ্যক্ষ দাওয়ামতে সেই টাকা কি তাহার কোন
দিতে অনঙ্গীকার কি অবজ্ঞা করেন, তবে
শ্যনরেরা কলিকাতা বন্দরের কষ্টমের কালেক্টর সা
বের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা
ঐ কালেক্টর সাহেব আপনার ক্ষমতাক্রমে
জাহাজ ও তাহার রসী কাচী ও সরঞ্জাম কিম্বা
কোন অংশ ক্রোক কি ধৃত করিয়া কমিশ্যনরদের
না দেওনপর্য্যন্ত আটক করিয়া রাখিতে পারি
তদ্রূপে ক্রোক কি আটক করণের পর পাঁচ দিন প
যদি ঐ মাসুল কি শুল্ক কি রেট কি দণ্ড কি দাবীর
অংশ কিম্বা ক্রোক কি আটক করণের খরচের কোন
শোধ না হইয়া থাকে, তবে কষ্টমের কালেক্টর
সেই জাহাজ কিম্বা ক্রোক কি আটক করা দ্রব্য
করাইবেন ও বিক্রয়দ্বারা প্রাপ্ত টাকাহইতে ঐ মা
শুল্ক ও রেট ও দণ্ড ও দাবী ও বিক্রয়ের খরচ শু
খরচ শোধ না হইয়া থাকে তাহা দিয়া অবশিষ্ট
ঐ জাহাজের অধ্যক্ষের দাওয়ামতে তাঁহাকে দি
ইতি।

মাসুল না দেওনপর্য্যন্ত বন্দরহইতে যাইবার অনুমতিপত্র না দেওনের কথা।

৭৩ ধারা। বন্দরহইতে কোন জাহাজের যাই
অনুমতিপত্র প্রদান
বার ভার গবর্ণমেণ্টের
কার্য্যকারকের প্রতি
এই আইনমতে কিম্বা
নুযায়ি কোন বিধি কি উপবিধি কি আজ্ঞামতে
যে মাসুল ও শুল্ক ও রেট ও দাবী ও দণ্ড প্রাপ্য
তজ্জন্যে ঐ জাহাজের পক্ষে কিম্বা জাহাজের স্বা
কি অধ্যক্ষের স্থানে কিম্বা জাহাজগত কোন মা
উপর কি তজ্জন্যে ঐ নোটিসের লিখিত এত
পাওনা আছে কমিশ্যনরেরা তাঁহাকে এই ম





Objections to levy how to be made.

XXX. Whenever any person whose name may have been included in any list of defaulters may dispute his liability to pay the amount mentioned in such list or any portion thereof, he may apply to the magistrate either orally or in writing, stating the grounds of his objections, and the magistrate shall examine his objection and pass such order thereon as to him shall seem proper.

Custody of property distrained.

XXXI. Any property distrained under the provisions of Section XXVIII shall remain in the custody of the chowkeedar, or of some other person whom the punchayet may appoint in that behalf.

What property may be distrained for rates.

XXXII. All goods and chattels, except plough cattle and tools and implements of trade or agriculture, found in or upon any house or land occupied by any defaulter, shall be deemed to be his property, and shall be liable to be distrained and sold for the recovery of the arrear. If the goods and chattels distrained belong to any person other than the defaulter, the defaulter shall be liable to indemnify the owner of such goods and chattels from any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same.

Distress not to be l[illegible] after a year.

XXXIII. No arrears of any rate payable under this Act shall be recovered by distress after the expiration of one year from the day on which the same shall have become due.

Irregularities not to void distraint.

XXXIV. No distress levied by virtue of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in any list, assessment, notice, summons, power, writing, inventory or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser from the commencement on account of any irregularity afterwards committed by him, but all persons aggrieved by such irregularity may recover full satisfaction for any special damage sustained by them, in any court of competent jurisdiction, subject to the provisions of Section LXVI of this Act.

Appointment and dismissal of chowkeedars.

XXXV. The punchayet shall appoint the persons to be chowkeedars under this Act, and may, from time to time, with the sanction of the magistrate, dismiss any such chowkeedars.

করের বিষয়ে যেরূপে আপত্তি করিতে হইবে তাহার কথা।

৩০ ধারা। বাকীদারদের কোন নির্ঘণ্টপত্রে যে ব্যক্তিরদের নাম ধরা গিয়াছে তাঁহারদের মধ্যে কোন ব্যক্তি ঐ নির্ঘণ্টপত্রের লিখিত টাকার কি তাহার এক অংশের দায়ী নই বলিয়া আপত্তি করিলে তিনি প্রমুখাৎ কিম্বা লিখনদ্বারা মাজিষ্ট্রেটের নিকট আপনার আপত্তির কারণ জানাইবেন। মাজিষ্ট্রেট তাঁহার সেই আপত্তির অনুসন্ধান লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

ক্রোক করা দ্রব্য রাখিবার কথা।

৩১ ধারা। ২৮ ধারার বিধানমতে যে দ্রব্য ক্রোক করা যায় তাহা চৌকীদারের, কিম্বা পঞ্চায়ত অন্য যে ব্যক্তিকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার সংরক্ষণে থাকিবে ইতি।

করের নিমিত্তে যে প্রকারের দ্রব্য ক্রোক করা যায় তাহার কথা।

৩২ ধারা। বাকীদারের অধিকৃত ঘরে কি ভূমিতে হালিয়া গোরু কি ব্যবসায়ের হাতিয়ার কি যন্ত্রভিন্ন যে সকল মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা তাঁহারই সম্পত্তি বলিয়া জ্ঞান হইবে ও বাকী আদারের নিমিত্তে ক্রোক ও নীলাম হইতে পারিবে। বাকীদারভিন্ন অন্য ব্যক্তির মাল ও দ্রব্য ক্রোক করা গেলে ঐ ক্রোক করণদ্বারা মালের কি দ্রব্যের যে হানি হয় কিম্বা দ্রব্য ক্রোক কি নীলাম না হইবার জন্যে ঐ দ্রব্যের স্বামী যে টাকা দেন বাকীদার সেই হানিপূরণের কিম্বা সেই টাকার দায়ী হইবেন ইতি।

এক বৎসরের পর ক্রোক না হইবার কথা।

৩৩ ধারা। এই আইনমত কর দেনা হইবার দিনাবধি এক বৎসর গত হইলে পর ক্রোককরণদ্বারা আদায় হইতে পারিবে না ইতি।

রীতির বৈষম্য হেতুক ক্রোক ব্যর্থ না হইবার কথা।

৩৪ ধারা। এই আইনের বলে যে ক্রোক করা যায় তৎসম্পর্কীয় কোন নির্ঘণ্টপত্রে কি করপত্রে কি জ্ঞাপনপত্রে কি আহ্বানপত্রে কি ক্ষমতাপত্রে কি লিপিতে কি দ্রব্য নির্ঘণ্টপত্রে কি অন্য কার্য্যে কোন দোষ কিম্বা রীতির বৈষম্য প্রকাশ হইলেও, ঐ ক্রোক অবৈধ জ্ঞান হইবে না, ও যে ব্যক্তি ক্রোক করে সেও অনধিকার প্রবেশী জ্ঞান হইবে না ও পশ্চাৎ সেই ব্যক্তির কৃত কোন কার্য্যে রীতির বৈষম্য হইলে সে প্রথমাবধি অনধিকার প্রবেশী জ্ঞান হইবে না, কিন্তু সেই বৈষম্যদ্বারা যে ব্যক্তিদের পক্ষে অন্যায় হইয়াছে, তাহারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে প্রার্থনা করিয়া এই আইনের ৬৬ ধারার বিধানের বশতায় কোন বিশেষ ক্ষতির সম্পূর্ণ পরিশোধ পাইতে পারিবে ইতি।

চৌকীদারদের নিযুক্ত ও অবসর করিবার কথা।

৩৫ ধারা। এই আইনমতে যাহারা চৌকীদার হইবে পঞ্চায়ত তাহারদিগকে নিযুক্ত করিবেন। এবং মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া উক্ত অন্যতর চৌকীদারকে অবসর করিতে পারিবেন।

XXXVI. On the appointment of any chowkeedar he shall report to the police station within the limits of which his village may be situate such his appointment, and the officer in charge of such station shall cause the name of such chowkeedar to be registered in a book to be kept in such station for the purpose of such registration.

Appointment of chowkeedars to be registered by police.

XXXVII. It shall be lawful for the magistrate, if he think fit, to dismiss any chowkeedar for any misconduct or neglect of duty.

Power to magistrate to dismiss chowkeedars.

XXXVIII. Every chowkeedar who may be guilty of any wilful misconduct in his office or neglect of his duty, such misconduct or neglect not being an offence within the meaning of the Indian Penal Code, and not being of so grave a character as in the opinion of the magistrate to require his dismissal from his office, shall be liable to a fine which may extend to five Rupees.

Power to fine chowkeedars.

XXXIX. Every chowkeedar appointed under the provisions of this Act shall perform the following duties:—

Duties of chowkeedars.

1st.—He shall give immediate information to the police station, within the limits of which the village is situate, of every unnatural or sudden death which may occur, and of every offence against any of the Sections of the Indian Penal Code mentioned in Section CXXXVIII of the Code of Criminal Procedure, which may be committed within the village of which he is chowkeedar, and he shall further keep the police informed of all disputes which are likely to lead to any riot or serious affray.

2nd.—He shall arrest all proclaimed offenders, and all persons whom he may find in the act of committing any crime or breach of the peace.

3rd.—He shall observe and from time to time report to the station of police within the limits of which the village may be situate the movements of all bad characters in such village.

4th.—He shall report to the said station of police the arrival of suspicious characters in the neighbourhood.

5th.—He shall present himself at such station twice in each week if such station be within two miles of the village and once in each week if it be more remote.

6th.—He shall supply any local information which the magistrate or any officer of police may require.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০ । ১৭ মে ।]

৩৬ ধারা। চৌকীদার নিযুক্ত হইলে, আপন গ্রাম যে থানার সীমার মধ্যে থাকে সেই থানায় আপনার নিযুক্ত হওয়ার কথা জানাইবে। ও সেই থানায় চৌকীদারদের নাম রেজিস্টরী করিয়া রাখিবার যে বহী থাকে ঐ থানার অধ্যক্ষ সেই বহীতে ঐ চৌকীদারের নাম রেজিষ্টরী করাইবেন ইতি।

চৌকীদারদের নিয়োগ পোলীসে রেজিষ্টর হইবার কথা।

৩৭ ধারা। চৌকীদার অহিতাচার করিলে কিম্বা আপন কর্ম্মে আলস্য করিলে মাজিষ্ট্রেট সাহেব বিহিত বিবেচনায় তাহাকে কর্ম্ম হইতে ছাড়াইতে পারিবেন ইতি।

চৌকীদারদিগকে অবসর করিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

৩৮ ধারা। চৌকীদার আপনার পদে ইচ্ছাপূর্ব্বক অহিতাচার করিলে কিম্বা কর্ম্মে আলস্য করিলে কিন্তু তাহার সেই অহিতাচার কি আলস্য ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থানুসারে অপরাধ না হইলে, এবং মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহাকে কর্ম্মহইতে ছাড়াইবারমত গুরুতর অপরাধ না হইলে, ঐ চৌকীদারের অর্থদণ্ড হইতে পারিবে কিন্তু পাঁচ টাকার অধিক নয় ইতি।

চৌকীদারদের অর্থদণ্ডের আজ্ঞার কথা।

৩৯ ধারা। এই আইনের বিধানমতে যে চৌকীদার নিযুক্ত হয় তাহার এই২ কর্ম্ম কর্ত্তব্য। যথা—

চৌকীদারের কর্ত্তব্য কর্ম্মের কথা।

১। যে গ্রামের চৌকীদার সেই গ্রাম পোলীসের যে থানার অন্তর্গত থাকে ঐ গ্রামে কোন ব্যক্তির অপঘাত কি অকস্মাৎ মৃত্যু হইলে এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কোন ধারার বিপক্ষ যে অপরাধ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৩৮ ধারায় উল্লেখ হইয়াছে এমত কোন অপরাধ করা গেলে সেই থানায় তৎক্ষণাৎ সম্বাদ দিবে, এবং যে বিবাদদ্বারা হঙ্গামা কি ভারি দাঙ্গা হইবার সম্ভাবনা পোলীসকে সেই কথাও জানাইয়া রাখিবে।

২। প্রসিদ্ধ সকল অপরাধিকে, এবং যে সকল ব্যক্তিকে কোন অপরাধ করিতে কি শান্তি ভঙ্গনের কোন কার্য্য করিতে দেখে তাহাকে ধৃত করিবে।

৩। গ্রামের কুচরিত্র সকল লোকের আচার ব্যবহার লক্ষ করিয়া ঐ গ্রাম পোলীসের যে থানার সীমার অন্তর্গত থাকে সময়ে২ সেই থানায় তাহারদের গতিবিধির সন্ধান জানাইবে।

৪। যাহাদের চরিত্রের প্রতি সন্দেহ থাকে এমত কোন লোক গ্রামের নিকট আইলে ঐ থানায় সম্বাদ দিবে।

৫। ঐ থানা গ্রামহইতে দুই মাইলের মধ্যে থাকিলে, চৌকীদার সপ্তাহে দুইবার থানায় উপস্থিত হইবে। দুই মাইলের অধিক দূর হইলে সপ্তাহে একবার যাইবে।

৬। মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক গ্রামসম্পর্কীয় কোন সন্ধান জানিতে চাহিলে তাহা জানাইবে।



7th.—He shall obey the orders of the punchayet.

XL. Whenever the chowkeedar may arrest any person, such chowkeedar shall forthwith take the person so arrested to the police station within the jurisdiction of which such village is situate, provided that if the arrest is made at night, such person shall be so taken, as soon as convenient, on the following morning.

Procedure on arrest by chowkeedars.

XLI. The punchayet shall exercise a general control over the chowkeedars, and every member of such punchayet who may know or be informed of the commission of any offence against any of the sections of the Indian Penal Code mentioned in Section CXXXVIII of the Code of Criminal Procedure within the village, shall forthwith cause the same to be reported by the chowkeedar to the proper police station, and on failure of the chowkeedar, such member shall himself report the same.

Control of chowkeedars by punchayet.

XLII. All fines and penalties levied under this Act shall be carried to the credit of the village chowkeedaree fund and be applied as a portion thereof.

Fines to be carried to chowkeedaree fund.

XLIII. Every chowkeedar shall receive, month by month, his wages from the member of the punchayet appointed to collect the tax.

Mode of paying chowkeedars.

XLIV. Whenever the salary of any month shall not be paid to any chowkeedar on or before the 15th of the month following, such chowkeedar may apply to the magistrate, who shall call upon the punchayet within ten days to show cause why they should not pay the amount due to such chowkeedar.

Application by chowkeedar for payment of his salary.

XLV. If it shall appear to the magistrate that there is no money to the credit of the village chowkeedaree fund, and that the punchayet shall not have taken sufficient steps to realize from defaulters the arrears due from them, the magistrate shall issue his warrant for the realization of the chowkeedar's pay from the members of the punchayet by distress and sale of their moveable property, and shall therein charge some person, therein named, with the execution thereof, and upon such warrant such proceedings shall be had as hereinbefore directed to be had on any writing issued for the recovery of any

Mode of realizing chowkeedar's salary.

[*Government Gazette*, 17th May 1870.]

৭। পঞ্চায়তের আজ্ঞা মানিবে ইতি।

৪০ ধারা। চৌকীদার কোন ব্যক্তিকে ধৃত করিলে গ্রাম যে থানার অধিকারে থাকে পোলীসের সেই থানায় তাহাকে একেবারে লইয়া যাইবে। কিন্তু যদি রাত্রিকালে ধৃত করিয়া থাকে, তবে প্রাতঃকালে সুবিধামতে ত্বরায় তাহাকে লইয়া যাইবে ইতি।

চৌকীদারেরা ধৃত করিলে তদ্বিষয়ের কথা।

৪১ ধারা। চৌকীদারদের উপর পঞ্চায়তের সাধারণ কর্তৃত্ব থাকিবে। এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কোন ধারার বিপরীত যে অপরাধ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৩৮ ধারাতে উল্লিখিত হইয়াছে, পঞ্চায়তের কোন ব্যক্তি গ্রামের মধ্যে উক্ত কোন অপরাধ হইবার কথা জানিলে কি তাহার সন্ধান পাইলে তৎক্ষণাৎ চৌকীদারের দ্বারা উপযুক্ত পোলীস থানায় সেই কথার রিপোর্ট করাইবেন। চৌকীদার তাহা না করিলে পঞ্চায়তের ঐ ব্যক্তি আপনি করিবেন ইতি।

চৌকীদারের উপর পঞ্চায়তের কর্ত্তৃত্বের কথা।

৪২ ধারা। এই আইনমতে অর্থদণ্ডের ও দণ্ডের যে টাকা আদায় করা যায় তাহা গ্রামের চৌকীদারী ফণ্ডে জমা হইবে ও তাহার অংশ বলিয়া ব্যয় হইবে ইতি।

অর্থদণ্ডের টাকা চৌকীদারী ফণ্ডে জমা করিবার কথা।

৪৩ ধারা। পঞ্চায়তের যে ব্যক্তি কর আদায় করিতে নিযুক্ত হন, চৌকীদার তাঁহার স্থানে মাসে২ বেতন পাইবে ইতি।

চৌকীদারের বেতন দিবার নিয়মের কথা।

৪৪ ধারা। কোন চৌকীদারের এক মাসের বেতন তৎপশ্চাৎ মাসের ১৫ তারিখপর্য্যন্ত না দেওয়া গেলে, সে মাজিষ্ট্রেটের নিকট আপীল করিতে পারিবে। তাহাহইলে কি কারণে ঐ চৌকীদারের বেতন দেওয়া যায় নাই মাজিষ্ট্রেট পঞ্চায়তকে দশ দিনের মধ্যে ইহা জানাইবার আজ্ঞা দিবেন ইতি।

চৌকীদারের বেতন পাইবার প্রার্থনার কথা।

৪৫ ধারা। গ্রামের চৌকীদারী ফণ্ডে টাকা নাই ও পঞ্চায়ৎ বাকীদারদের স্থানে টাকা আদায় করিবার উপযুক্ত উপায় করেন নাই, মাজিষ্ট্রেট ইহা দেখিতে পাইলে পঞ্চায়তের লোকদের অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করণ দ্বারা তাঁহারদের স্থানে চৌকীদারদের বেতন আদায় করিবার পরওয়ানা দিবেন। ও সেই পরওয়ানায় কোন ব্যক্তির নাম লিখিয়া তাঁহার প্রতি সেই পরওয়ানামতে কার্য্য করিবার ভার অর্পণ করিবেন। এই আইনমতে যে কর আদায় করিবার আজ্ঞা হইয়াছে তাহার বাকী আদায়ের লিপি বাহির হইলে পূর্ব্বলিখিত বিধানমতে যেং কার্য্য হইতে পারিবে উক্ত লিপি সম্পার্কে সেইং কার্য্য হইতে পারিবে। তদ্রূপে যে টাকা

চৌকীদারের বেতনের টাকা তুলিবার কথা।

arrears of the tax by this Act directed to be levied; and the amount due to such chowkeedar shall be paid to him out of the amount so levied, and the residue thereof, after payment thereout of all costs and expenses incurred in or about the execution of such warrant, shall be paid to the person from whom such distress shall have been so levied.

Reimbursement of member of punchayet by whom salary is paid.

XLVI. Any member of a punchayet, from or by whom any sum shall have been levied or paid under the provisions of the section last preceding, shall be reimbursed the amount so levied from or paid by him from any surplus of the village chowkeedaree fund which may remain at the end of the year in which such sum shall have been so levied or paid.

Power to revise assessment.

XLVII. If it shall appear to the magistrate that the deficiency of the funds to the credit of the village chowkeedaree fund has been caused by an erroneous assessment, the magistrate shall call for the assessment and revise the same as he shall think proper, and shall remit the same to the punchayet, and such punchayet shall forthwith proceed to levy the sums respectively appearing to be due by such revised assessment.

In small villages zemindar to appoint mundul.

XLVIII. In any district to which this Act may be extended, it shall be lawful for the magistrate by a writing under his hand to require the zemindar of the zemindary within which may be situate any village containing more than twenty-five houses, but in which a punchayet cannot be appointed under the provisions of this Act, to nominate under his hand some resident in such village to be mundul thereof.

Penalty for neglect.

XLIX. Every zemindar who shall for one month after receipt of such writing fail to nominate such person shall be liable to a fine which may extend to one hundred rupees.

Duties of mundul.

L. Every person who shall be so nominated and shall so assent shall make such report and give such information as are mentioned in clauses 1, 3, and 6 of Section XXXIX. of this Act.

---

PART II.

*Chakran Chowkeedaree lands.*

Chakran chowkeedaree lands to be assigned to the zemindars.

LI. In every village in which the chowkeedar is at the time of the introduction of this Act into such village maintained wholly or in part by an assignment of land, and in which

আদায় করা যায় তাহাহইতে চৌকীদারের পাওনা দেওয়া যাইবে। অবশিষ্ট টাকাহইতে ঐ পরওয়ানামত কার্য্য করণ সম্পর্কীয় সকল খরচ খরচা দেওয়া গেলে পর যে ব্যক্তির দ্রব্য ক্রোক হইয়া ঐ টাকা আদায় হয় উদ্বর্ত্ত তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

পঞ্চায়তের এক ব্যক্তি টাকা দিলে তাঁহার ফিরিয়া পাইবার কথা।

৪৬ ধারা। ইহার পূর্ব্ববিধানমতে পঞ্চায়তের কোন ব্যক্তির স্থানে কিম্বা তাহার দ্বারা টাকা আদায় করা কি দেওয়া গেলে, যে বৎসরে ঐ টাকা আদায় করেন কি দেন সেই বৎসরের শেষে গ্রামের চৌকীদারী ফণ্ডের যে টাকা উদ্বর্ত্ত থাকে তাহাহইতে তাহার আদায় করা কি দেওয়া সেই টাকা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

টাক্স নিরূপণপত্র সংশোধন করিবার ক্ষমতার কথা।

৪৭ ধারা। গ্রামের চৌকীদারী ফণ্ডে যে টাকা থাকে কর নিরূপণ করণে ভ্রম হওয়াপ্রযুক্ত তাহার অকুলান হইয়াছে মাজিষ্ট্রেট সাহেবের এমত অনুভব হইলে, তিনি সেই কর নিরূপণপত্র আনাইয়া যেমত উচিত বোধ করেন তদ্রূপে সংশোধন করিয়া তাহা পঞ্চায়তের নিকটে ফিরিয়া পাঠাইবেন। তাহা হইলে ঐ সংশোধিত পত্রানুসারে যত টাকা পাওনা দৃষ্ট হয় পঞ্চায়ত তত টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

ক্ষুদ্র২ গ্রামে জমীদারের দ্বারা মণ্ডল নিযুক্ত হইবার কথা।

৪৮ ধারা। এই আইন যে জিলায় প্রচলিত হয় সেই জিলার কোন জমীদারীর অন্তর্গত কোন গ্রামে পঁচিশ ঘরের অধিক থাকিলে কিন্তু এই আইনের বিধানমতে পঞ্চায়ৎ নিযুক্ত হইতে না পারিলে, মাজিষ্ট্রেট সাহেব আপনার স্বাক্ষরিত লিপিদ্বারা জমীদারের প্রতি স্বীয় স্বাক্ষরিত লিপিদ্বারা ঐ গ্রামবাসি কোন লোককে ঐ গ্রামের মণ্ডলস্বরূপ নিযুক্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

না করিবার দণ্ডের কথা।

৪৯ ধারা। কোন জমীদার তদ্রূপ লিপি পাইলে পর এক মাসের মধ্যে মণ্ডলকে মনোনীত করিতে ত্রুটি করিলে তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে। সেই অর্থদণ্ড এক শত টাকাপর্য্যন্ত হইতে পারিবে ইতি।

মণ্ডলের কর্ত্তব্যকর্ম্মের কথা।

৫০ ধারা। কোন ব্যক্তি তদ্রূপে মনোনীত হইলে ও সেই কর্ম্ম করিতে সম্মত হইলে, এই আইনের ৩৯ ধারার ১, ৩ ও ৬ প্রকরণের লিখিত রিপোর্ট করিবেন ও সন্ধান জানাইবেন ইতি।

---

দ্বিতীয় অধ্যায়।

চাকরাণ চৌকীদারী ভূমির কথা।

চাকরাণ চৌকীদারী ভূমি জমীদারকে দিবার কথা।

৫১ ধারা। এই আইন কোন গ্রামে প্রচলিত হইবার সময়ে ঐ গ্রামের চৌকীদার ভূমি নিরূপণ দ্বারা সমুদয় বেতন কি বেতনের একাংশ পাইলে ও সেই গ্রামে পঞ্চায়ৎ নিযুক্ত হইলে





a punchayet shall be appointed, such land shall be transferred in manner hereinafter mentioned to the zemindar of the zemindary within which may be situate such village, subject however to such assessment for the village chowkeedaree fund as hereinafter mentioned.

Assessment to be fixed at one-third value.

LII. Such assessment shall be fixed at one-third of the annual value of such land according to the average rates of letting land similar in quality in the neighbourhood of such land, and such assessment shall be made by the punchayet of the village.

Collector to make transfer.

LIII. Such assessment when made by the punchayet shall be submitted to the collector of the district, and he or any other officer exercising the powers of a collector by him thereunto appointed may approve or revise and approve the same, and after such approval the collector of the district shall by an order under his hand in the form in Schedule (B,) transfer to such zemindar such land subject to the assessment so proved.

Effect of transfer.

LIV. Such order shall operate to transfer to such zemindar the land therein mentioned subject to the amount of assessment therein mentioned and to the chowkeedar's rights under the provisions hereinafter contained, and subject to all contracts theretofore made in respect of, under, or by virtue of which any person other than the zemindar may have any right to any land, portion of his zemindary, in the place in which such land may be situate.

Assessment to be permanent charge on lands.

LV. The amount of the assessment mentioned in such order shall be a permanent yearly charge on such land, and shall be payable to the collecting member of the punchayet yearly in advance on the first day of the year current in the district by the person for the time being entitled to recover the rents of such land from the occupier thereof.

Power to levy assessment by distraining occupier of assigned land.

LVI. In case any sum payable on account of any such assessment shall remain unpaid for one month after it shall have become payable, the same may be recovered from the occupier of such land as if the same were an arrear of rates assessed under this Act due by such occupier.

ঐ গ্রাম যে জমীদারীর অন্তর্গত থাকে ঐ ভূমি নিম্নলিখিত প্রকারে সেই জমীদারীর জমীদারকে অর্পণ করিয়া দেওয়া যাইবে, কিন্তু তাহার উপর গ্রাম্য চৌকীদারী ফণ্ডের নিমিত্তে নিম্নলিখিত প্রকারে কর ধার্য্য হইবে ইতি।

মূল্যের তৃতীয়াংশ ধরিয়া টাক্স নিরূপণের কথা।

৫২ ধারা। ঐ ভূমির চতুর্দ্দিগে তত্তুল্য প্রকারের ভূমির পাট্টা যে হিসাবে দেওয়া গিয়া থাকে ঐ ভূমির বার্ষিক মূল্য সেই হিসাবে ধরিয়া তাহার তৃতীয়াংশ ঐ কর নিরূপণ হইবে। গ্রামের পঞ্চায়ত ঐ কর নিরূপণ করিবেন ইতি।

হস্তান্তর করিবার ভার কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তিবার কথা।

৫৩ ধারা। সেই কর পঞ্চায়তকর্ত্তৃক নিরূপণ করা গেলে জিলার কালেক্টর সাহেবের সমীপে অর্পণ করা যাইবে। তিনি কিম্বা সেই কর্ম্মে কালেক্টরের ক্ষমতানুযায়ি কর্ম্মকারি অন্য যে কার্য্যকারক তৎকর্ত্তৃক নিযুক্ত হন তিনি সেই কর নিরূপণপত্র অনুমোদন করিতে কিম্বা সংশোধন করিয়া অনুমোদন করিতে পারিবেন। অনুমোদন হইলে পর জিলার কালেক্টর সাহেব B তফসীলের পাঠে আপন স্বাক্ষরযুক্ত অনুজ্ঞাপত্র লিখিয়া ঐ জমিদারকে তদ্রূপ অনুমোদিত ঐ করের দায়সুদ্ধ ভূমি হস্তান্তর করিয়া দিবেন ইতি।

হস্তান্তর করিবার ফলের কথা।

৫৪ ধারা। ঐ অনুজ্ঞাপত্রের এই ফল হইবে। ঐ অনুজ্ঞাপত্র লিখিত ভূমি জমীদারকে দেওয়া যাইবে কিন্তু তাহার উপর ঐ অনুজ্ঞাপত্রানুসারে যত টাকা কর ধার্য্য হইয়াছে তাহাও তাহার দিতে হইবে এবং পশ্চাৎ লিখিত বিধানমতে চৌকীদারের যে স্বত্ব আছে তাহাও প্রবল থাকিবে এবং ঐ ভূমি যে স্থানে থাকে সেই স্থানে ঐ জমিদারের জমীদারির অংশ বলিয়া কোন ভূমিতে পূর্ব্বকৃত যে চুক্তি সম্পর্কে কি যদ্দ্বারা কি যাহার বলে জমীদার ভিন্ন কোন ব্যক্তির কোন স্বত্ব জন্মিয়া থাকে সেই চুক্তি প্রবল থাকিবে ইতি।

টাক্স ঐ ভূমির উপর নিত্যদায় জ্ঞান হইবার কথা।

৫৫ ধারা। ঐ অনুজ্ঞাপত্রে যত টাকা কর লেখা থাকে তাহা ঐ ভূমির উপর নিয়ত বার্ষিক দায়স্বরূপ বর্ত্তিবে। এবং যৎকালে যে ব্যক্তি ঐ ভূমি ভোগির স্থানে ঐ কর আদায় করিবার স্বত্ববান হন জিলার চলিত সনের প্রথম দিবসে পঞ্চায়তের টাকা আদায় করিতে নিযুক্ত ব্যক্তিকে তাঁহার বৎসর২ সেই টাকা অগ্রিম দিতে হইবে ইতি।

অর্পিত ভূমি ভোগির স্থানে ক্রোক করণ দ্বারা টাক্স আদায় করিবার কথা।

৫৬ ধারা। উক্ত প্রকারের কর বলিয়া টাকা দেয় হইলে পর যদি এক মাসের মধ্যে না দেওয়া যায়, তবে ঐ ভূমিভোগির স্থানে পাওনা এই আইনমত বাকী করের ন্যায় ঐ টাকা তাহার স্থানে আদায় হইতেট পারিবে ইতি।

**LVII.** Whenever any such assessment shall be in arrear for the space of six months after it shall become payable, the collecting member of the punchayet shall forward to the collector of the district in which the village is situate, notice of the amount of such arrear, and such collector or officer shall proceed to recover the amount of such assessment by a sale of the land in respect of which such assessment is payable as if it were an arrear of revenue to Government in respect of a tenure not being (within the meaning of Act VII of 1868 passed by the Lieutenant-Governor of Bengal in Council) an estate, and the purchaser of such land at any such sale shall acquire such land and such right and title therein as if the same had been a tenure (not being an estate as aforesaid) sold for arrears of revenue payable to Government in respect thereof under the provisions of the said Act, or any Act amending the same, subject however to the occupancy right of any ryot cultivating the same, and to the assessment payable in respect of such land under the provisions hereinbefore contained.

Power to raise assessment by sale.

**LVIII.** Such collector shall out of the produce of such sale, after defraying the costs of and attending such sale, pay to the collecting member of the punchayet, after the expiration of one month from the day of such sale, the amount due for arrears of such assessment, and pay the balance of such produce to the person to whom such land shall have been so transferred, his heirs or assigns, to be by him, in case he be not the person entitled to such land subject to such assessment, paid to the person so entitled.

Application of produce of sale.

**LIX.** Any sum which shall be recovered from or paid by any occupier of such land under the provisions of Section LVI may be by him deducted from any rent payable by him in respect of such land.

Occupier paying amount to deduct from rent.

**LX.** When any lands shall have been transferred to any zemindar under the provisions hereinbefore contained, his right to the performance of any services to any person by the occupier of such lands in respect of his occupation thereof shall wholly cease and determine.

Right to service from occupier of transferred land to cease.

**LXI.** Every chowkeedar who at the time that any chowkeedaree chakran lands may under the provisions hereinbefore contained be in occupation thereof, shall be deemed to be a

Chowkeedar to have occupancy rights.

৫৭ ধারা। তদ্রূপ কর দেনা হইলে পর যদি ছয় মাস বাকী থাকে, তবে পঞ্চায়তের যে ব্যক্তি কর আদায় করেন, গ্রাম যে জিলার অন্তর্গত থাকে তিনি সেই জিলার কালেক্টর সাহেবকে ঐ বাকীর কথা জানাইবেন। তাহা হইলে উক্ত যে কর দেনা থাকে তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের অর্থগত মহালভিন্ন ভূমির নিমিত্ত গবর্ণমেন্টের রাজস্বের বাকীর ন্যায় বলিয়া, যে ভূমির নিমিত্ত ঐ কর দেনা হয় ঐ কালেক্টর সাহেব কি কার্য্যকারক সেই ভূমি বিক্রয় করিয়া ঐ কর আদায় করিতে প্রবর্ত্ত হইবেন, এবং পূর্ব্বোক্ত প্রকারের মহালভিন্ন কোন ভূমির উপর গবর্ণমেন্টের প্রাপ্য রাজস্ব বাকী থাকিলে উক্ত আইনের কিম্বা তৎসংশোধনার্থ কোন আইনের বিধানমতে ঐ ভূমি বিক্রয় হইলে ক্রেতার যে অধিকার থাকিত উক্ত ভূমি বিক্রয় করণ কালে যিনি ক্রেতা হন তিনিও তদ্রূপে ঐ ভূমি ও তদ্গত স্বত্ব ও অধিকার প্রাপ্ত হইবেন কিন্তু যে রায়ত ঐ ভূমির কৃষি করে তাহার ভোগ স্বত্ব থাকিবে এবং ইহার পূর্ব্বলিখিত বিধানমতে ঐ ভূমির উপর যে কর দিতে হয় ক্রেতা তাহা দিবেন ইতি।

বিক্রয় করণদ্বারা টাক্স আদায় করিবার ক্ষমতার কথা।

৫৮ ধারা। ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রয়ের উৎপন্ন টাকাহইতে ঐ বিক্রয় করিবার খরচ ও তৎসম্পর্কীয় খরচ দিয়া, ঐ বিক্রয় করিবার দিনাবধি এক মাস গত হইলে পর পঞ্চায়তের যে ব্যক্তি কর আদায় করেন তাঁহাকে ঐ করের বাকী টাকা দিবেন। এবং যে ব্যক্তির প্রতি ঐ ভূমি হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছিল তাঁহাকে কিম্বা তাঁহার উত্তরাধিকারিদিগকে কি সম্পত্তি গ্রহীতাদিগকে ঐ বিক্রয়ের উৎপন্ন অবশিষ্ট টাকা দিবেন। তিনি ঐ করের দায়যুক্ত উক্ত ভূমির স্বত্বাধিকারী না হইলে, আপনি ঐ স্বত্বাধিকারিকে ঐ টাকা দিবেন ইতি।

বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগের কথা।

৫৯ ধারা। ঐ ভূমিভোগি কোন ব্যক্তির স্থানে ৫৬ ধারার বিধানমতে কোন টাকা লওয়া গেলে কিম্বা তিনি কোন টাকা দিলে, ঐ ভূমির নিমিত্ত তাহার স্থানে যে খাজনা পাওনা হয় তিনি তাহাহইতে ঐ টাকা কাটিয়া লইতে পারিবেন ইতি।

দখিলকার টাকা দিলে খাজানা হইতে কাটিয়া লইবার কথা।

৬০ ধারা। কোন ভূমি ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন জমীদারকে হস্তান্তর করিয়া দেওয়া গেলে, সেই ভূমিভোগ করণোপলক্ষে অন্য ব্যক্তির পক্ষে ঐ ভোগি ব্যক্তির চাকরী লইবার যে অধিকার ছিল তাহা সম্পূর্ণরূপে রহিত হইয়া পরিশেষ হইবে ইতি।

হস্তান্তরিত ভূমিভোগির স্থানে চাকরী পাইবার স্বত্ব রহিত হইবার কথা।

৬১ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে চৌকীদারী চাকরাণ জমী হস্তান্তর করণ সময়ে তাহা যে চৌকীদারের দখলে ছিল, সে ভোগস্বত্বের অধিকারী রায়ত বলিয়া জ্ঞান হইবে ও ঐ

চৌকীদারের ভোগ স্বত্ব থাকিবার কথা।





ryot entitled to rights of occupancy holding at a fixed rent equal to three times the amount of the assessment which shall have been approved by the collector.

**LXII.** In any district, or part of a district in which chowkeedaree chakran lands are situated, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order to be published in the *Calcutta Gazette*, to appoint a commission, consisting of one or more persons, to ascertain and determine the chakran chowkeedaree lands in such district.

Lieutenant-Governor of Bengal may appoint a Commission.

**LXIII.** Whenever in any district in which such commission shall have been appointed any question shall arise whether any or what land is liable to be assessed under the provisions hereinbefore contained as chowkeedaree chakran land, it shall be lawful for the magistrate to refer to such commission such question, and the decision of such question by such commission shall be final.

Power to refer to commission question relating to chakran land.

**LXIV.** In inquiring into such question the commission shall, as far as may be necessary for the purposes of this Act, exercise all such and the same powers as are conferred by Regulation VII of 1822 and the Regulations and Acts amending the same upon a collector making a setlement of land revenue.

Powers of commission.

## PART III.

*Miscellaneous Provisions.*

**LXV.** All powers vested in the punchayet for the appointment and dismissal of chowkeedars, and for fixing the number of chowkeedars to be appointed, and the rate of their pay, and for making and levying the assessments hereinbefore directed to be made, may be exercised by the magistrate or any person whom the magistrate may by any writing under his hand authorize in that behalf, in case the punchayet shall, for fifteen days after a notice from the magistrate to exercise such powers or any of them, refuse or neglect to exercise the same.

Powers of punchayet may be exercised by the magistrate.

**LXVI.** No action shall be brought against the magistrate, nor against any punchayet, nor against any member thereof, nor against any of his or their officers, nor against any person acting under his or their direction, for any thing done or professing or purporting to be done under this Act, until the expiration of one month next after notice in writing shall have been delivered or left at the office of the magistrate and at

Indemnity clause.

ভূমির উপর কালেক্টর সাহেব যত টাকা কর অনুমোদন করেন সেই ব্যক্তি তাহার তিনগুণ অবধারিত খাজানা দিয়া তাহা ভোগ করিবে ইতি।

৬২ ধারা। কোন জিলায় কিম্বা জিলার কোন অংশে চৌকীদারী চাকরাণ ভূমি থাকিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণদ্বারা এক কি অধিক ব্যক্তিকে ঐ জিলার চাকরাণ চৌকীদারী সকল ভূমি নিশ্চিত করিয়া নিরূপণ করণার্থ কমিশ্যনরস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিযুক্ত করিবার কথা।

৬৩ ধারা। যে জিলায় উক্ত কমিশ্যন নিযুক্ত করা যায়, সেই জিলার মধ্যে পূর্ব্বোক্ত বিধানমতে চৌকীদারী চাকরাণ ভূমি বলিয়া কোন ভূমির ও কোন খণ্ড ভূমির উপর কর ধার্য্য করিতে হয় কি না ও কত ধরিতে হয় এই বিষয়ের বিবাদ হইলে মাজিষ্ট্রেট সাহেব ঐ কমিশ্যনের প্রতি সেই বিবাদ অর্পণ করিতে পারিবেন এবং ঐ কমিশ্যনকর্ত্তৃক ঐ বিবাদের যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবে ইতি।

চাকরাণ ভূমিবিষয়ক বিবাদ কমিশ্যনের প্রতি অর্পণ করিবার কথা।

৬৪ ধারা। কালেক্টর সাহেব ভূমির রাজস্বের বন্দোবস্ত করণকার্য্যে ১৮২২ সালের ৭ আইনমতে ও সেই আইন সংশোধনার্থ অন্য আইন ও আক্টমতে যে২ ক্ষমতা প্রাপ্ত হন, উক্ত বিবাদের অনুসন্ধানকালে এই আইনের কার্য্যপক্ষে যত দূর আবশ্যক হয় তত দূর ঐ কমিশ্যনের উক্ত সকল ও তত্তুল্য ক্ষমতা থাকিবে ইতি।

কমিশ্যনের ক্ষমতার কথা।

## তৃতীয় অধ্যায়।

বিবিধ বিধি।

৬৫ ধারা। চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার, ও যত জন চৌকীদার নিযুক্ত হইবে তাহারদের সংখ্যা ও বেতন নিরূপণ করিবার, এবং এই আইনের আদেশমত কর ধার্য্য ও আদায় করিবার যে২ ক্ষমতা পঞ্চায়তের প্রতি অর্পিত হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব স্বীয় স্বাক্ষরিত কোন লিপিক্রমে তাঁহারদিগকে সেই সকল কি তন্মধ্যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবার নোটিস দিলেও তাঁহারা যদি পঞ্চদশ দিনপর্য্যন্ত তাহা করিতে অনঙ্গীকার কি শৈথিল্য করেন, তবে মাজিষ্ট্রেট সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

পঞ্চায়তের ক্ষমতামতে মাজিষ্ট্রেটের কার্য্য করিবার কথা।

৬৬ ধারা। এই আইনমতে কোন কার্য্য করা গেলে কিম্বা কোন কার্য্য এই আইনমত বলিয়া স্বীকার করা গেলে কিম্বা সেই ভাব প্রকাশ হইলে, যদি তদ্ধেতুক মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা কোন পঞ্চায়তের, কিম্বা পঞ্চায়তের অন্তর্গত কোন ব্যক্তির, কিম্বা তাঁহার কি তাঁহারদের কোন কার্য্যকারকের, কিম্বা তাঁহার কি তাঁহারদের আদেশমতে কর্ম্মকারি কোন ব্যক্তির নামে নালিশ করিবার অভিপ্রায় থাকে, তবে নালিশের হেতু ও যিনি বাদী হইবেন

হানি নিবারণের ধারা।

the place of abode of such person, explicitly stating the cause of action, and the name and place of abode of the intended plaintiff; and unless such notice be proved, the court shall find for the defendant, and every such action shall be commenced within three months next after the accrual of the cause of action, and not afterwards, and if any person to whom any such notice of action is given, shall, before action brought, tender sufficient amends to the plaintiff, such plaintiff shall not recover.

Control vested in commissioners of circuit.

LXVII. The commissioner of circuit shall have a general controlling power over all proceedings of punchayets and magistrates, and magistrates of districts under this Act.

Rules for guidance of punchayet.

LXVIII. The Lieutenant-Governor of Bengal may, from time to time, frame rules for the guidance of the punchayets, for regulating the practice and procedure of any commission in trying or determining any question referred to them, and for any other purposes connected with this Act, and may, from time to time, alter, vary, or revoke the same, and shall publish every such rule or alteration, variation or revocation of a rule in the *Calcutta Gazette*, and the rules for the time being in force shall, from their publication, have such and the same force and effect as if they were herein enacted.

Commencement of Act.

LXIX. This Act shall commence and take effect in those districts in the provinces subject to the Lieutenant-Governor of Bengal to which the said Lieutenant-Governor shall extend it by an order published in the *Calcutta Gazette*, and thereupon this Act shall commence and take effect in the districts named in such order on the day which shall be in such order provided for the commencement thereof.

---

SCHEDULE A—(*referred to in Section XXVII.*)

*Form of Distraining Warrant.*

Act of 1870.

VILLAGE CHOWKEEDAREE FUND.

On behalf of the punchayet of ( )

Whereas the several persons named in the list at foot hereof have made default in payment to the said punchayet of the sums in the said list set opposite to their respective names, you are hereby authorized and required to levy by distress and sale of a sufficient portion of the

তাঁহার নাম ও বাসস্থান স্পষ্টরূপে নোটিসে লিখিয়া মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ে ও সেই ব্যক্তির বাসস্থানে দিতে হইবে ও সেই নোটিস দিবার পর এক মাস গত না হইলে নালিশ উপস্থিত করিতে পারিবেন না। সেই নোটিস দিবার প্রমাণ না করা গেলে আদালত প্রতিবাদির সপক্ষে আজ্ঞা দিবেন। নালিশের হেতু হইবার পর অব্যবহিত তিন মাসের মধ্যে ঐ নালিশের কার্য্য আরম্ভ করিতে হইবে, তাহার পরে নয়। তদ্রূপ নালিশ করিবার কল্পনার নোটিস কোন ব্যক্তিকে দেওয়া গেলে, তিনি নালিশ উপস্থিত করিবার পূর্ব্বে যদি বাদির উপযুক্ত ক্ষতি পূরণ করিবার প্রসঙ্গ করেন, তবে বাদী নালিশ করিয়া কিছু পাইতে পারিবেন না ইতি।

দায়েরসায়েরী কমিশ্যনরদের প্রতি কর্তৃত্ব অর্পণ হইবার কথা।

৬৭ ধারা। এই আইনমতে পঞ্চায়তের ও মাজিষ্ট্রেটের সমস্ত কার্য্যের উপর দায়েরসায়েরী কমিশ্যনর সাহেবের সাধারণ কর্তৃত্ব থাকিবে ইতি।

পঞ্চায়তের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধি।

৬৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ পঞ্চায়তের কার্য্যপদ্ধতির, এবং কমিশ্যনের প্রতি কোন বিবাদ অর্পণ করা গেলে তাহার অনুসন্ধান লইয়া নির্ণয় করিবার আচারের ও কার্য্যপ্রণালীর বিধান, এবং এই আইনসম্পর্কীয় অন্য২ কার্য্যের বিধি করিয়া ও সময়ে২ তাহা পরিবর্ত্তন কি মতান্তর কি রহিত করিয়া কলিকাতা গেজেটে ঐ বিধি ও বিধির পরিবর্ত্তন কি ভাবান্তর কি অন্যথা প্রকাশ করিবেন। যে সময়ে যে বিধি চলন থাকে তাহা প্রকাশ হইবার তারিখঅবধি এই আইনের বিধানের ন্যায় প্রবল ও সফল হইবে ইতি।

এই আইন যদবধি প্রচলিত হইবে তাহার কথা।

৬৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞা প্রকাশ করিয়া স্বীয় শাসিত দেশের অন্তর্গত যে২ জিলায় এই আইন প্রচলিত করেন সেই২ জিলায় এই আইনের বিধান প্রচলিত হইয়া প্রবল হইবে। তাহা হইলে উক্ত সকল জিলায় এই আইন প্রচলিত হইবার যে দিন ঐ অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট হয় সেই দিনাবধি এই আইন সেই২ জিলায় প্রচলিত হইয়া প্রবল হইবে ইতি।

---

২৭ ধারার উল্লিখিত

A তফসীল।

ক্রোক করিবার পরওয়ানার পাঠ।

১৮৭০ সালের অমুক আইন।

গ্রাম্য চৌকীদারী ফণ্ড।

অমুক গ্রামের পঞ্চায়তের পক্ষে।

নিম্নলিখিত নির্ঘণ্টপত্রে যে২ ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাঁহারা ঐ নির্ঘণ্টপত্রে আপন২ নামের পার্শ্বে লিখিত টাকা উক্ত পঞ্চায়তকে দিতে ত্রুটি করিয়াছেন, অতএব তোমার প্রতি এই আদেশ ও আজ্ঞা করা যাইতেছে যে, ঐ বাকীদারদের নামের পার্শ্বে যত টাকা লেখা আছে এবং দণ্ডস্বরূপ আর যত টাকা





eable property of the said defaulters the said eral sums set opposite to their respective nes, together with additional sums by way of alty respectively equal to the sums set forth.

ted (Sd.) R. B.,

*Collecting Member.*

day of 12 .

| and description. | Amount. | When due. | Penalty. |
|---|---|---|---|
| B. G. | 1-0 | 1 Bysack | 1-0 |
| K. B. | 0-2 | 1 ,, | 0-2 |

---

SCHEDULE B—(*referred to in Section LIII.*)

*Form of Transferring Order.*

District of

I, collector of by this order under my hand made in pursuance of Act of 1870, passed by the Lieutenant-Governor of Bengal in Council, transfer to zemindar of the chowkeedaree akran lands of the village of in e said zemindaree bounded and ntaining beegahs cottahs: hold unto the said his heirs d assigns subject to the annual assessment of Rupees payable under the provisions the said Act to the chowkeedaree fund of the d village, and also subject to all contracts binding the said in respect of any lands, tion of the said zemindaree, situated within said village, and subject to the provisions of tion LXI of the said Act of 187 day of 18 .

(Sd). J. S.,

*Collector of*

J. Pitt Kennedy,

*Asst. Secy. to the Govt. of Bengal,*

*Legislative Department.*

---

The following Bill was read in the Council of e Lieutenant-Governor of Bengal for the purpose making laws and regulation, on the 30th pril 1870 and was referred to a select committee, who are to report thereon after the 4th of une next:—

*Bill for improving the sanitary condition of the Town of Dacca.*

Preamble.

Whereas it is expedient to confer upon the municipal commissioners of the town of Dacca increased owers for improving the conservancy of the said

নির্দ্দিষ্ট হইয়াছে তত টাকা আদায় করিতে ঐ বাকীদারদের অস্থাবর যত দ্রব্যে কুলাইবে তুমি তাহারদের তত দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় কর।

সন তারিখ। র। ব।

পঞ্চায়তের টাকা আদায়কারী।

| নাম ও বর্ণনা | যত টাকা | যে সময়ে দেনা হইল | দণ্ড |
|---|---|---|---|
| ব, গ, | ... ১৲ | ১ বৈশাখ | ১৲ |
| ক, ব, | ... ৵০ | ১ ঐ | ৵০ |

---

৫৩ ধারার উল্লিখিত

B তফসীল।

হস্তান্তর করণের অনুজ্ঞাপত্রের পাঠ।

অমুক জিলা।

অমুক জিলার কালেক্টর আমি শ্রীঅমুক মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট সাহেবের প্রণীত ১৮৭০ সালের অমুক আইনঅনুসারে আপনার স্বাক্ষরিত এই অনুজ্ঞাপত্রক্রমে অমুক স্থানের জমীদার শ্রীঅমুকের প্রতি উক্ত জমীদারীর অন্তর্গত অমুক গ্রামের চৌকীদারী চাকরাণ ভূমি হস্তান্তর করিয়া দিলাম। ঐ ভূমির সীমা এই২। পরিমাণ এত বিঘা এত কাঠা। তিনি উক্ত অমুকের ও তদীয় উত্তরাধিকারিদের ও সম্পত্তি গ্রহীতাদের পক্ষে তাহা ভোগ করিবেন। এবং উক্ত আইনের বিধানানুসারে ঐ গ্রামের চৌকীদারী ফণ্ডে বৎসর এত টাকা কর দিবেন। এবং ঐ জমীদারীর অংশ বলিয়া ঐ গ্রামের অন্তর্গত কোন ভূমির সম্পর্কে যে সকল নিয়ম হইয়া থাকে তাহাতে উক্ত শ্রীঅমুক বদ্ধ হইবেন এবং অমুক সালের উক্ত অমুক আইনের ৬১ ধারার বিধানে আবদ্ধ থাকিবেন ইতি।

সন তাং

জে এস,

অমুক জিলার কালেক্টর।

জে পিট কেনেডি,

বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার

আসিষ্টান্ট সেক্রেটারী।

---

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭০ সালের আপ্রিল মাসের ৩০ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত সমিতির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি জুন মাসের ৪ তারিখের পরে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

ঢাকা নগরের স্বাস্থ্যোন্নতি করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ঢাকা নগরের পারিপাট্যের উন্নতির নিমিত্তে ও তন্নিবাসিদের স্বাস্থ্য রক্ষার নিমিত্তে ঐ নগরের মুনিসিপল কমিশ্যনরদিগকে অধিক ক্ষমতা প্রদান করা

town and for maintaining the health of the inhabitants thereof; It is enacted as follows:—

*Definitions.*

I. The following words and expressions shall, for the purposes of this Act, have the meanings hereby assigned to them; unless where a contrary intention appears from the context:

*"The Commissioners."*

The words "the commissioners" shall mean the municipal commissioners for the town of Dacca appointed under the provisions of Act III of 1864, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

*"The town."*

The words "the town" shall mean the town of Dacca, as for the time being defined by any notification published by the Lieutenant-Governor of Bengal in the *Calcutta Gazette* in pursuance of the provisions of the said Act III of 1864.

*Power to impose an increased rate.*

II. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order under his hand, to authorize the commissioners to impose on all houses, buildings, and lands within the town, an annual rate not exceeding ten per centum of their annual value in substitution for the rate not exceeding seven and a half per centum of such value by the said Act III of 1864 authorized to be imposed, and the commissioners shall have all the powers and authorities for the recovery of any rate imposed under this section, which by the said Act III of 1864, or any Act amending the same, are conferred on the commissioners for the recovery of the said rate thereby authorized to be imposed.

*Power to purchase land and improve the same.*

III. The commissioners may purchase any land or houses within the town which they may think fit or expedient so to purchase for the improvement of the town, and may cause the same to be cleansed, levelled, or improved, or otherwise dealt with as to them may seem meet; and, if they think fit, may pull down any houses so purchased, and may erect houses on such land, and may again cause such land to be sold.

*Power to take such land compulsorily.*

IV. Any land which the commissioners may desire to purchase under the provisions of the next preceding section shall be deemed to be required for a public purpose, and the provisions of any law for the time being regulating the acquisition of land for a public purpose shall apply to the purchase of such land.



বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

*অর্থ করণের ধারা।*

১ ধারা। নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ করা গিয়াছে পূর্ব্বাপর কথারদ্বারা বিপরীত তাৎপর্য্য প্রকাশ না হইলে এই আইনের কার্য্যপক্ষে সেই শব্দের ও কথার সেই অর্থ ধরিতে হইবে।

*কমিশ্যনরগণ।*

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৪ সালের ৩ আইনের বিধানমতে ঢাকা নগরের যে মুনিসিপল কমিশ্যনরেরা নিযুক্ত হন "কমিশ্যনরগণ" শব্দে তাঁহারদিগকে বুঝাইবে।

*"নগর"*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের বিধানমতে কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক ঢাকা নগরের যৎকালে যে সীমা নির্ণয় করেন, "নগর,, শব্দে সেই সীমাগত ঢাকা নগর বুঝাইবে ইতি।

*উচ্চতর হারে টাক্স ধার্য্য করিবার কথা।*

২ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনঅনুসারে নগরের অন্তর্গত ঘরের অট্টালিকার ও ভূমির মূল্যের উপর শতকরা সাড়ে সাত টাকার অনধিক হারে যে টাক্স বসাইবার অনুমতি হইয়াছে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আপনার স্বাক্ষরিত অনুজ্ঞাপত্রক্রমে কমিশ্যনরগণকে তৎপরিবর্ত্তে ঐ নগরস্থ গৃহাদির বাৎসরিক মূল্যের উপর বৎসর২ শতকরা ১০্ টাকার অনধিক হারে টাক্স ধার্য্য করিবার অনুমতি দিতে পারিবেন। এবং ১৮৬৪ সালের উক্ত ৩ আইনঅনুসারে উক্ত যে টাক্স ধার্য্য করিবার ক্ষমতা দেওয়া গেল সেই আইন কিম্বা তৎসংশোধনার্থ অন্য আইনক্রমে কমিশ্যনরদের সেই টাক্স আদায় করিবার যে শক্তি ক্ষমতা প্রদান করা যায়, এই ধারামতে অবধারিত টাক্স আদায় করণার্থে তাঁহারদের সেই সকল শক্তি ক্ষমতা থাকিবে ইতি।

*ভূমি ক্রয় করিয়া সৌষ্ঠব করিবার ক্ষমতার কথা।*

৩ ধারা। কমিশ্যনরগণ নগর সৌষ্ঠব করণার্থে নগরের অন্তর্গত কোন ভূমি কি ঘর ক্রয় করা উপযুক্ত কি বিহিত জ্ঞান করিলে, তাহা ক্রয় করিয়া পরিষ্কার কি সমান করিতে কিম্বা তাহার উন্নতি করিতে অথবা তাহা লইয়া যাহা করা উপযুক্ত বোধ হয় করিতে পারিবেন, ও উচিত বোধ করিলে তদ্রূপ ক্রীত কোন ঘর ভাঙ্গিয়া ঐ ভূমিতে নূতন ঘর করিয়া ঐ ভূমি পুনরায় বিক্রয় করিতে পারিবেন ইতি।

*ঐ ভূমি বলপূর্ব্বক গ্রহণ করিবার ক্ষমতার কথা।*

৪ ধারা। কমিশ্যনরগণ ইহার পূর্ব্ব ধারার বিধানমতে ভূমি ক্রয় করিতে চাহিলে, রাজকীয় কার্য্যের নিমিত্তে তাহার প্রয়োজন হইল জ্ঞান হইবে। এবং রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমিগ্রহণের কার্য্যবিধায়ক যে আইন যে সময়ে চলন থাকে ঐ ভূমি ক্রয় করণ কার্য্যে সেই আইনের বিধান বর্ত্তিবে ইতি।



*Borrowing powers for purchase of land.*

V. The commissioners may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, from time to time borrow such sums of money as may be required for the purchase of any such land or any land outside the town for the deposit of filth and refuse collected from the town, or for the purchase of any land, or the construction of any works for the improvement and conservancy of the town, which may be approved by the Lieutenant-Governor of Bengal in some writing signed by him, and the provisions of the said Act III of 1864, with respect to the monies thereby authorised to be raised and the debentures to be issued for the security thereof, shall apply to all monies raised and debentures issued under the provisions of the section.

*Power to vest Dhelai Khal Ferry in commissioners.*

VI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to vest the ferry of Dhelai khal, and the right to the tolls and profits thereof, in the commissioners; and from and after such order the same shall be vested in the commissioners and the profits thereof shall be by them applied for the purposes of the conservancy and improvement of the town.

*Power to increase tolls on ferries.*

VII. It shall be lawful for the commissioners to levy such rates and tolls in respect of any ferries which from time to time may be vested in them, and the transport of persons, animals, goods, and chattels at such ferries as to them shall seem fit; provided that no further or other rates or tolls in respect of such ferries than are now charged in respect thereof shall be so charged until the same shall have been approved by the Lieutenant-Governor by some order in writing under his hand.

*Conservancy establishment to be provided.*

VIII. The commissioners shall provide such sufficient servants, carts, and bullocks as may be required for removing from the town all night-soil and filth, and shall cause the same to be daily removed therefrom.

*Power to enter lands for conservancy purposes.*

IX. It shall be lawful for the commissioners, in pursuance of any bye-laws made by them, to cause their servants to enter upon any houses or any land within the town and to remove any night-soil or filth which may be therein or thereupon.

*Power to charge for removal of filth.*

X. Whenever under any bye-laws to be made for the conservancy of the town, it shall appear to the commissioners to be necessary to cause their servants to enter daily into or upon any



*ভূমি ক্রয় করণার্থে ঋণ গ্রহণের ক্ষমতার কথা।*

৫ ধারা। তদ্রূপ ভূমি ক্রয় কিম্বা নগরহইতে সংগৃহীত জঞ্জাল ও ময়লা ফেলিবার জন্যে নগরের বহির্ভূত ভূমি ক্রয় করিবার নিমিত্তে, এবং নগরের উন্নতি ও পারিপাট্যার্থ যে কার্য্য বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্বাক্ষরিত কোন লিপিক্রমে অনুমোদিত হয় সেই কার্য্য নির্ম্মাণ করিবার নিমিত্তে যত টাকা প্রয়োজন, কমিশ্যনরগণ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে তত টাকা সময়ে২ ঋণ লইতে পারিবেন। ১৮৬৪ সালের ৩ আইনক্রমে যে টাকা তুলিবার ও তাহার সংরক্ষণার্থ যে ঋণগ্রহণপত্র দিবার অনুমতি আছে উক্ত আইনে তদ্বিষয়ের যে সকল বিধান থাকে তাহা এই ধারার বিধান মত তোলা টাকার ও দত্ত ঋণগ্রহণ পত্রের প্রতি বর্ত্তিবে ইতি।

*ধোলাই খালের খেয়া কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার ক্ষমতার কথা।*

৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ধোলাইখালের খেয়া ও তৎসম্পর্কীয় মাসুল ও প্রাপ্তি লইবার অধিকার কমিশ্যনরগণের প্রতি অর্পণ করিতে পারিবেন। ঐ আজ্ঞা হওনাবধি ঐ খাল কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ও তাহাহইতে যে প্রাপ্তি হয় তাহা তাঁহারা নগর পারিপাট্যের ও উন্নতির কার্য্যে ব্যয় করিবেন ইতি।

*খেয়াঘাটের মাসুল বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।*

৭ ধারা। কমিশ্যনরগণের প্রতি সময়ে২ যে খেয়া অর্পণ করা যায়, তৎসম্পর্কে এবং সেই খেয়াতে তাঁহারা মানুষ ও পশু ও দ্রব্য ও মাল পার করণার্থে যে হারে যে মাসুল লওয়া বিহিত বোধ করেন আদায় করিতে পারিবেন। কিন্তু এই ক্ষণে ঐ২ খেয়াতে যে হারে যে মাসুল লওয়া গিয়া থাকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্বাক্ষরিত অনুজ্ঞাপত্রে অনুমোদন না হইলে তদধিক কিম্বা অন্য হারে মাসুল লওয়া যাইতে পারিবে না ইতি।

*নগর পারিপাট্যের সিরিশতার বিধানের কথা।*

৮ ধারা। নগরের সকল বিষ্ঠা ও ময়লা স্থানান্তর করিবার জন্যে যত জন চাকরের ও যত গাড়ীর ও গোরুর প্রয়োজন হয়, কমিশ্যনরগণ তাহার বিধান করিবেন ও সেই বিষ্ঠাদি দিনং নগরহইতে স্থানান্তর করাইবেন ইতি।

*নগর পারিপাট্যার্থ কার্য্যের নিমিত্তে ভূমিতে প্রবেশ করিবার ক্ষমতার কথা।*

৯ ধারা। কমিশ্যনরগণ উপবিধি করিয়া তদনুসারে আপনারদের কোন চাকরকে নগরের অন্তর্গত কোন ঘরে কি জমীতে গিয়া তথাহইতে বিষ্ঠা কি ময়লা বাহির করিয়া আনাইতে পারিবেন ইতি।

*ময়লা ফেলিয়া দিবার খরচ লইবার ক্ষমতার কথা।*

১০ ধারা। নগর পরিপাটীকরণার্থ অন্যতর বিধিমতে বিষ্ঠা কি ময়লা বাহির করিয়া আনিবার নিমিত্তে কমিশ্যনরগণের চাকরদের প্রতিদিন কোন ব্যক্তির ঘরে কি ভূমিতে যাইতে হয় দৃষ্ট

house or any land in private occupation for the purpose of removing any night-soil or filth, it shall be lawful for the commissioners to impose on the occupier of the house wherein such night-soil or filth may be or next adjoining the place wherein such night-soil or filth may be, such monthly fee for the payment of the servants and establishment employed in removing such matter as to the commissioners shall seem fit, not exceeding the sum of eight annas per mensem, if such house be built in whole or in part of burned bricks, and two annas per mensem if it be not so built.

Charge to be payable by occupier and levied by distress.

XI. Every such fee shall be payable by the occupier of such house monthly and every month for one year from the date of the imposition thereof, and shall be levied from him by distress and sale of his moveable property as if such occupier were the owner of such house and such rate were a rate imposed upon such house under the authority of Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

Construction of Act.

XII. This Act shall be read and construed with the said Act III of 1864 and the Acts amending the same and as if the said Acts, save so far as the same are hereby modified, had been repeated herein.

Short title.

XIII. This Act may be called the "Dacca Conservancy Act, 1870."

Commencement and extent of Act.

XIV. This Act shall commence and take effect on the day of 1870, and shall apply to the town of Dacca only.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE unhealthy condition of the Town of Dacca, and the entire want of proper conservancy arrangements in the native part of the town especially, have been very prominently brought under the notice of Government by the repeated representations of the commissioner, the sanitary commissioner, and the municipality of Dacca. The municipality are anxious to take up the question of introducing a thorough system of conservancy into the town; but the provisions of the existing Act being insufficient to enable them to exercise a sufficient control over the condition of enclosed yards and nuisances existing on private premises, and a doubt existing as to their power to buy lands and to sell them again after removing

হইলে যে ঘরে ঐ বিষ্ঠা কি ময়লা থাকে কমিশ্যনরস সেই ঘরের কিম্বা যে স্থানে বিষ্ঠা কি ময়লা থাকে তাহা সন্নিহিত স্থানের দখিলকারের নিকট ঐ বিষয় স্থানা স্তুর করিবার নিমিত্তে চাকরদের ও সিরিশতার বেতন স্বরূপ মাসে২ যত ফী লওয়া উচিত বোধ করেন লই পারিবেন। কিন্তু সম্পূর্ণ ঘর কি তাহার একাংশ ইষ্ট নির্ম্মিত হইলে মাসে আট আনার অনধিক, ইষ্ট নির্ম্মিত না হইলে মাসে দুই আনার অনধিক লইবে ইতি।

সেই খরচ দখিলকারের দিতে হইবার ও ক্রোক করিয়া আদায় হইতে পারিবার কথা।

১১ ধারা। ঐ ঘরের দখিলকারের উক্ত ফী মাসে এবং ঐ ফী ধার্য্য হইবা তারিখঅবধি এক বৎস পর্য্যন্ত প্রতি মাসে দিতে হইবে ও ঐ দখিলকারে অস্থাবর দ্রব্য ক্রোক বিক্রয় করিয়া ঐ ফী আদায় হইতে পারিবে, অর্থা সেই দখিলকার আপনি সেই ঘরের স্বামী হইলে সেই ফী বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনে গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৪ সালের ৩ আইনে শক্তিক্রমে ঐ ঘরের অবধারিত টাকস হইলে যেরূ কার্য্য হইতে পারিত সেইরূপে হইবে ইতি।

এই আইনের অর্থ করিবার বিধান।

১২ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের ও ত সংশোধনার্থ অন্য২ আ নের যে কথা এই আই ক্রমে মতান্তরিত হইয়া তদ্ভিন্ন সেই২ আইন যেন এই আইনের মধ্যে ব্যক্ত হ এমন বিবেচনায় উক্ত সকল আইনের সহিত এই আ পাঠ করিতে ও এই আইনের অর্থ করিতে হইবে ইতি

সংক্ষেপ নামের কথা।

১৩ ধারা। এই আ "ঢাকানগর পরিপাটী ণার্থ ১৮৭০ সালের আই নামে খ্যাত হইতে পারিবে ইতি।

এই আইন যদবধি চলিবে তাহার কথা।

১৪ ধারা। এই আ ১৮৭০ সালের অমুক মাসে অমুক তারিখঅবধি চলি ও কেবল ঢাকানগরে বর্ত্তিবে ইতি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ঢাকা নগরের অস্বাস্থ্যাবস্থা এবং নগর পরিপা রাখিবার ও যে অংশে এদেশীয় ব্যক্তিরা বা করে বিশেষমতে সেই অংশে নগর পরিপাটী রাখিবা উপযুক্ত কোন নিয়ম নাই, ঢাকার কমিশ্যনর সাহেবে ও স্বাস্থ্য রক্ষার্থ কমিশ্যনর সাহেবের ও মুনিসিপা কার্য্যকারকদের আবেদনদ্বারা এই কথা গবর্ণমেণ্টে পুনঃ২ স্পষ্ট জ্ঞাত করা গিয়াছে। মুনিসিপল কর্ম্মকা কেরা ঐ নগরের পারিপাট্যের বিধান করণের পর্য্যা নিয়ম প্রচলিত করিবার কথা আন্দোলন করিতে চাহে কিন্তু আবৃত বাড়ীর অবস্থার উপর এবং সাধারণ কো ব্যক্তির স্বকীয় বাড়ীর মধ্যে অনিষ্টকর যে পদার্থ থাকে তাহার উপর প্রচলিত আইনের বিধানক্রমে তাঁহাদে যথোপযুক্ত কর্তৃত্ব নাই এবং ভূমি ক্রয় করিয়া ঘ ভাঙ্গিয়া নূতন২ পথ প্রস্তুত করাইয়া ঐ ভূমি পুনরা বিক্রয় করিতে পারেন কি না এই বিষয়ের সন্দে





buildings and opening out new thoroughfares, this Bill has been introduced to enable them to do this, to raise money for the payment of their conservancy establishment, and to borrow money for the improvement of the town, and also, if need be, to raise the house tax to ten per cent.

ASHLEY EDEN.

*The 23rd April* 1870.

J. PITT KENNEDY,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Depatment.*

---

THE following Bill, as settled on the 30th April 1870 by the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, is published for general information:—

[NOTE.—The material alterations made in the Bill since its last publication are printed in italics.]

*A Bill to consolidate and amend the law relating to the Court of Wards within the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal.*

Preamble.

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the Court of Wards within the Provinces subject to the control of the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows:—

Interpretation.

I. In this Act the following words and expressions shall have the meanings hereby attributed to them respectively, unless a contrary intention appear from the context, that is to say—

"Collector."

The word "Collector" includes any officer in charge of the revenue jurisdiction of a district.

"Court."

"The Court" shall mean the Court of Wards.

"Estate."

The word "Estate" shall mean any land subject to the payment to Government of revenue in respect of which the name or names of a proprietor or of proprietors are entered on the General Register of Estates paying revenue immediately to Government in the collector's office of the district.

"Disqualified Proprietor."

The words "Disqualified Proprietor" shall mean persons who by the provisions of this Act are subject to the superintendence and jurisdiction of the Court of Wards.

"Minor."

The word "Minor" shall mean a person under the age of eighteen years.

আছে। এইপ্রযুক্ত তাঁহাদিগকে সেই কর্ম্ম করিবার ও নগর পরিপাটী করণার্থ চাকরপ্রভৃতির বেতন দিবার জন্যে টাকা তুলিবার এবং নগরের উন্নতির জন্যে ঋণগ্রহণ করিবার ও আবশ্যক হইলে শতকরা ১০৲ টাকা পর্য্যন্ত ঘরের টাকস বৃদ্ধি করিবার ক্ষমতা দেওনার্থে এই আইনের পাণ্ডুলিপি করা গিয়াছে।

এ ইডেন।

১৮৭০ সাল ২৩ আপ্রিল।

জে পিট কেনিডি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টান্ট সেক্রেটারী।

---

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭০ সালের আপ্রিল মাসের ৩০ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় অবধারিত হইয়া সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে কোর্টওয়ার্ডস বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে কোর্টওয়ার্ডস অর্থাৎ রাজানুপালিত বালকাদির বিষয়ে যে ব্যবস্থা আছে তাহা সংগ্রহ ও সংশোধন করা বিহিত এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

শব্দার্থের কথা।

১ ধারা। এই ধারায় নিম্নলিখিত শব্দের ও কথার যে২ অর্থ প্রয়োগ হইয়াছে, এই আইনের পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব দৃষ্ট না হইলে, সেই২ শব্দের ও কথার সেই২ অর্থ ধরিতে হইবে যথা,—

"কালেক্টর।"

জিলার রাজস্বসংক্রান্ত কার্য্যের আধিপত্যের ভার যে কার্য্যকারকের প্রতি বর্ত্তে, কালেক্টর শব্দে তিনিও গণ্য।

"কোর্ট।"

কোর্ট শব্দে কোর্ট ওয়ার্ডস বুঝাইবে।

"মহাল।"

জিলার কালেক্টরী কার্য্যালয়ে অব্যবহিতরূপে গবর্ণমেণ্টে রাজস্ব দায়ি মহালের যে সাধারণ রেজিষ্টরী বহী থাকে তন্মধ্যে গবর্ণমেন্টের রাজস্বদায়ি ভূমি বলিয়া যে ভূমিসম্পর্কে এক কি অধিক জন ভূম্যধিকারির নাম লেখা থাকে "মহাল" শব্দে সেই ভূমি বুঝাইবে।

"অযোগ্য ভূম্যধিকারী।"

এই আইনের বিধানমতে যে ব্যক্তিরা রাজানুপালিতের কোর্টের তত্ত্বাবধারণের ও আধিপত্যের মধ্যে আসিতে পারেন "অযোগ্য ভূম্যধিকারী" শব্দে তাঁহাদিগকে বুঝাইবে।

"বালক।"

"বালক" শব্দে অষ্টাদশ বৎসরের ন্যূন বয়স্ক ব্যক্তিকে বুঝাইবে ইতি।

## PART II.

*Persons disqualified to manage their own property; and properties which may be brought under the management of the Court of Wards.*

Estates of disqualified proprietors not subject to sale.

II. All proprietors of entire estates (other than proprietors who are subject to the jursidiction as respects infants and lunatics of a high court) who are, or may be, females not deemed by the court competent to the management of their own estates, or who are, or may be, minors, and all proprietors of entire estates who for the time being are, or may be, of unsound mind, or otherwise incapable of managing their affairs by reason of any disqualifying natural or acquired defect, shall be subject to the superintendence and jurisdiction of the court of wards; and all estates, the property of any such disqualified proprietors, when taken charge of by the court of wards, shall, whilst they shall be under the superintendence and jurisdiction of the court, be exempt from sale for arrears of revenue. Provided, however, that all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estate in case the same may be sold for any other cause while under such superintendence and jurisdiction.

Provision as to estates of joint proprietors.

III. The superintendence of the court is not to extend to joint proprietors of estates, any one of whom may not be of any of the descriptions specified in Section II. Provided that whenever, by any order made under the provisions of Section XIV of Act XL of 1858, passed by the Legislative Council of India, any collector shall be directed to retain possession of the persons and properties of still disqualified proprietors, all further proceedings shall be had and taken according to the provisions of this Act as if such still disqualified proprietors were proprietors of an entire estate. *And in case any of the qualified proprietors shall so consent, the management of the shares of such qualified proprietors may be retained or assumed by the collector and carried out under the provisions of this Act, so long as it shall seem fit to the collector and such qualified proprietors.*

Disqualified persons acquiring estates.

IV. No person shall become a ward of the court by reason of his acquiring, while subject to any such disqualification as aforesaid, any estate, unless the same shall have accrued to him in the regular course of inheritance on the death of the person to whom he may succeed in such estate, or under, and by virtue of, the will of, or some settlement made by, some deceased owner thereof. Provided always that it shall be compe-

## দ্বিতীয় অধ্যায়।

স্বীয় সম্পত্তির অধ্যক্ষতা করিবার অযোগ্য ব্যক্তিরদের কথা, ও যে সম্পত্তি রাজানুপালিতদের কোর্টের অধ্যক্ষতায় আনীত হইতে পারে তাহার কথা।

অযোগ্যভূম্যধিকারিদের মহাল নীলাম হইতে না পারিবার কথা।

২ ধারা। শিশুদের ও ক্ষিপ্ত ব্যক্তিদের বিষয়ে হাই কোর্টের যে বিচারাধিপত্য থাকে তদধীন ভূম্যধিকারিভিন্ন সম্পূর্ণ মহালের যে ভূম্যধিকারিণীগণ কোর্টের বিবেচনায় আপন২ মহালের অধ্যক্ষতা করিবার অক্ষম, ও যে ভূম্যধিকারিরা বালক হন, ও সম্পূর্ণ মহালের যে সকল ভূম্যধিকারী যৎকালে অসুস্থমনা কিম্বা অযোগ্যতাজনক স্বাভাবিক কি ঘটনাধীন অন্য দোষহেতুক আপনারদের বিষয় ব্যাপারের অধ্যক্ষতা করিতে অসমর্থ হন, তাঁহারা রাজানুপালিতদের কোর্টের তত্ত্বাধীনে ও আধিপত্যে আসিতে পারিবেন। ও তদ্রূপ অযোগ্য ভূম্যধিকারিদের সম্পত্তি বলিয়া কোন মহাল ঐ কোর্টের অধ্যক্ষতায় গৃহীত হইলে যত কাল সেই কোর্টের তত্ত্বাধীনে ও আধিপত্যে থাকে, ততকাল বাকী রাজস্বহেতুক বিক্রয় হইতে পারিবে না। কিন্তু সেই মহাল ঐ তত্ত্বাধীনে ও আধিপত্যে থাকনকালে যদি অন্য কারণে বিক্রয় করা যায়, তবে ঐ বিক্রয়ের দ্বারা প্রাপ্ত টাকাহইতে প্রথমে বাকী রাজস্ব দিতে হইবে ইতি।

সাধারণ ভূম্যধিকারিদের মহালের বিধান।

৩ ধারা। মহালের সাধারণ ভূম্যধিকারিগণ থাকিলে ও তাঁহারদের অন্যতর ব্যক্তি ২ ধারার নির্দিষ্ট প্রকারের লোক না হইলে তাঁহারদের প্রতি কোর্টের তত্ত্বাবধারণ বর্ত্তিবে না। পরন্তু উক্ত যে ভূম্যধিকারিরা অযোগ্যাবস্থায় থাকেন, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৮ সালের ৪০ আইনের ১৪ ধারার বিধানমত কোন আজ্ঞাক্রমে কালেক্টর সাহেব তাঁহারদিগকে ও তাঁহারদের সম্পত্তি স্বীয় অধিকারে রাখিবার আদেশ পাইলে, ঐ অযোগ্য ভূম্যধিকারিরা যেন সম্পূর্ণ মহালের ভূম্যধিকারী আছেন এই জ্ঞানে অন্য সকল কার্য্য এই আইনের বিধানানুসারে করা যাইবে ও প্রচলিত হইবে। এবং যোগ্য ভূম্যধিকারিদের অন্যতর ব্যক্তি সম্মত হইলে, কালেক্টর সাহেব ও সেই যোগ্য ভূম্যধিকারিগণ যতকাল বিহিত বোধ করেন, ঐ যোগ্য ভূম্যধিকারিদের অংশের কার্য্যাধ্যক্ষতা ভার ততকাল কালেক্টর সাহেবের হাতে থাকিবে কিম্বা তৎকর্ত্তৃক গৃহীত হইবে ও এই আইনের বিধানমতে সাধন করা যাইবে ইতি।

অযোগ্য ব্যক্তিরা মহাল প্রাপ্ত হইলে তাহাদের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন প্রকারে অযোগ্য থাকিতে কোন মহাল প্রাপ্ত হইলেও তৎপ্রযুক্ত কোর্টের অনুপালিত হইবেন না। কিন্তু যে ব্যক্তির মরণোত্তরে তিনি সেই মহালের অধিকারী হইতে পারেন সেই ব্যক্তির মৃত্যু হওয়াতে যদি উত্তরাধিকারিত্বের নিয়মানুসারে অথবা কোন মৃত স্বামির চরমপত্র কিম্বা তৎকৃত কোন নিরূপণপত্রক্রমে কি তাহার বলে ঐ সম্পত্তি তাঁহার প্রতি বর্ত্তে, তবে ঐ কোর্টের অনুপালিত হইবেন।





tent to the Board of Revenue to direct the court to take charge of any estate, being the property of any disqualified person, or of any two or more persons, both or all of whom may be disqualified, although the same shall not have descended to such person or persons in any regular course of inheritance or succession, nor accrued to him or them by devise or settlement as aforesaid, whenever the same shall appear to the Board of Revenue to be advisable for the interests of Government, and of the proprietor or proprietors; and such estates under the superintendence and jurisdiction of the court shall be exempt from sale for arrears of revenue accruing whilst they shall be under the superintendence and jurisdiction of the court. Provided however that all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estate in case the same may be sold for any other cause while under such superintendence and jurisdiction, and such estates shall be considered in all respects, as far as regards the management of them by the court, as if they had devolved to the proprietor or proprietors in the regular course of inheritance or succession, or accrued to him or them by devise or settlement as aforesaid: and such proprietor or proprietors shall in all respects be treated by the court accordingly.

Court to take charge of property.

V. When any person shall become a ward, the court shall take charge of all property, real or personal, belonging to such proprietor, inclusive of any share in any joint undivided estate and of any tenures or shares of tenures of land. Provided that no such share, if subject to the payment of public revenue, shall be liable to sale for recovery of arrears of revenue, or for other demands similarly recoverable, until after the end of the year in which such arrears accrued. When, however, the share has been separated under Section X or XI of Act XI of 1859, passed by the Legislative Council of India, the protection given to entire estates under Section II of this Act will be extended to such share subject to the provisions of Sections XIII and XIV of the said Act XI of 1859.

Power to refuse to admit ward.

VI. It shall be lawful for the court, if it shall think fit, by an order under the seal thereof, to refuse to admit any such disqualified proprietor as aforesaid to be a ward thereof: or by like order, and with the sanction of the Board of Revenue, to discharge any estate from the court's further superintendence and jurisdiction. Provided, however, that no estate, the sole property of a minor or of two or more minors, and descend-

পরন্তু কোন অযোগ্য ব্যক্তির কিম্বা দুই কি তদধিক যে সকল ব্যক্তি অযোগ্য আছেন তাঁহারদের সম্পত্তি, উত্তরাধিকারিত্বের কি দায়াধিকারিত্বের কোন নিয়মানুসারে তাঁহারদের প্রতি না বর্ত্তিলেও, কিম্বা পূর্ব্বোক্ত চরমপত্র লিখিত দানক্রমে কি নিরূপণপত্রক্রমে না বর্ত্তিলেও, গবর্ণমেণ্টের এবং ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের স্বার্থ রক্ষা হেতুক কোর্টের সেই মহালের অধ্যক্ষতা করা বিহিত, রেবিনিউ বোর্ডের সাহেবেরা এমত বিবেচনা করিলে ঐ কোর্টের প্রতি সেই মহালের অধ্যক্ষতা কার্য্য গ্রহণ করিবার আদেশ করিতে ক্ষম হইবেন। ঐ কোর্টের তত্ত্বের ও অধ্যক্ষতার অধীন সেই মহাল ঐ কোর্টের তত্ত্বের ও অধ্যক্ষতার অধীনে থাকিতে রাজস্ব বাকী পড়িলে তদ্ধেতুক বিক্রয় হইতে পারিবে না। কিন্তু ঐ মহাল সেই তত্ত্বের ও অধ্যক্ষতার অধীনে থাকিতে যদি অন্য কোন কারণে বিক্রয় করা যায়, তবে তদুৎপন্ন টাকাহইতে সকল বাকী রাজস্ব প্রথমে দেনা হইবে এবং ঐ কোর্টের অধ্যক্ষতা কার্য্য সম্পর্কে ঐ মহাল যেন উত্তরাধিকারিত্বের কি দায়াধিকারিত্বের নিয়মানুসারে অথবা পূর্ব্বোক্ত চরমপত্র লিখিত দানক্রমে কি নিরূপণপত্রক্রমে ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের প্রতি বর্ত্তিয়াছে এমত জ্ঞান হইবে, এবং কোর্টকর্ত্তৃক ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের প্রতি তদনুযায়ি ব্যবহার হইবে ইতি।

কোর্টের দ্বারা সম্পত্তির অধ্যক্ষতা গ্রহণ হইবার কথা।

৫ ধারা। কোন ভূম্যধিকারী রাজানুপালিত হইলে কোর্ট তদীয় স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি গ্রহণ করিবেন। সাধারণ অবিভক্ত কোন মহালে তাহার কোন অংশ ও ভূমির কোন পাট্টা ও পাট্টার কোন অংশও সেই সম্পত্তির মধ্যে গণ্য। কিন্তু উক্ত কোন অংশের উপর রাজস্ব দিতে হইলে যদি রাজস্ব বাকী পড়ে, তবে যে বৎসরের বাকী থাকে সেই বৎসর অবসান না হইলে, ঐ বাকীর নিমিত্তে কিম্বা বাকীর ন্যায় আদেয় অন্য দাবীর নিমিত্তে ঐ অংশ বিক্রয় হইতে পারিবে না। পরন্তু যদি সেই অংশ মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কি ১১ ধারাক্রমে পৃথক করা গিয়া থাকে, তবে এই আইনের ২ ধারামতে সম্পূর্ণ মহালের পক্ষে যে আশ্রয়ের বিধান হইয়াছে, ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ১৩ ও ১৪ ধারা প্রবল মানিয়া ঐ অংশেরও প্রতি সেই আশ্রয় বর্ত্তিবে ইতি।

অনুপালিতদিগকে গ্রাহ্য করিতে অসঙ্গীকার করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। কোর্ট বিহিত বোধ করিলে আপন মোহরাঙ্কিত আজ্ঞাপত্র দ্বারা পূর্ব্বোক্ত অযোগ্য কোন ভূম্যধিকারিকে আপনার অনুপালিত ব্যক্তি স্বরূপ গ্রাহ্য করিতে অনঙ্গীকার করিতে পারিবেন। এবং তদ্রূপ অনুজ্ঞাপত্র ও রেবিনিউ বোর্ডের অনুমতিক্রমে কোর্টের তত্ত্বাবধারণ ও আধিপত্যহইতে কোন মহাল মুক্ত করিতে পারিবেন। কিন্তু যদি মহাল একি বালক কিম্বা দুই কি তদধিক জন বালকভিন্ন অন্যের

ed to him or them by the regular course of inheritance, or by virtue of the will of some deceased owner thereof, shall, until such minor or some one or more of such minors shall have attained the age of eighteen years, be sold for arrears of revenue accruing subsequently to his or their succession to the same: Provided, also, that all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estate in case the same may be sold while such proprietor is disqualified; but the revenue authorities shall, on an arrear so accruing, be authorized to farm the estate for a period not exceeding ten years, nor exceeding the time when the minor or one of the minors shall have attained the age of eighteen years. Provided, further, that the court may by a further order rescind any such order and make such disqualified proprietor a ward of the court. The exemption from sale for arrears of revenue, given by this section, shall only apply to cases where due notice shall have been given to the collector, and been acknowledged by him before the sale, of the fact that the estate is the sole property of a minor, or the property of two or more minors.

*Application of proceeds of farmed estate.*

VII. When an estate shall have been farmed under the provisions of the last preceding section, the proceeds of such farm shall be paid to the collector, and the collector, after the deduction of the amount of the claims of the Government for revenue, shall, with the sanction of the Board of Revenue, either pay the same to the person authorized to receive it for the minor, or shall dispose of it for the minor's benefit in any of the modes mentioned in Section XLIX.

PART III.

*Constitution and powers of the Court of Wards.*

*Court of Wards in each division.*

VIII. In every division of the provinces subject to the control of the Lieutenant-Governor of Bengal, there shall, from and after the passing of this Act, be a court of wards. The commissioner of revenue of each such division shall be such court, and shall have and exercise all the powers and authorities conferred by this Act upon the court over the persons and property of all wards of such court.

*Power to manage estates.*

IX. It shall be competent to the court to manage estates and other lands falling under their charge, either by appointment of a manager, or by giving some or all of the estates and lands in farm, or by adopting such other form of management as may to the said court seem most expedient. Provided that no lease or farm

সম্পত্তি না হয়, ও উত্তরাধিকারিত্বের নিয়মানুসারে কিম্বা কোন মৃত স্বামির চরমপত্রের বলে তাঁহার কি তাঁহারদের প্রতি বর্ত্তিয়া থাকে, তবে তাঁহার কি তাঁহারদের অধিকারগত হইবার পর যে রাজস্ব বাকী পড়ে ঐ বালকের কিম্বা ঐ বালকদের এক কি অধিক জনের অষ্টাদশ বৎসর বয়স প্রাপ্ত না হওনপর্য্যন্ত ঐ মহাল বাকীর নিমিত্তে বিক্রয় হইতে পারিবে না, আরো ঐ ভূম্যধিকারী অযোগ্য থাকিতে যদি বিক্রয় করা যায়, তবে বিক্রয় দ্বারা প্রাপ্ত টাকাহইতে প্রথমে ঐ বাকী শোধ করিতে হইবে। কিন্তু রাজস্ব তদ্রূপে বাকী পড়িলে, রাজস্বের কর্ত্তৃপক্ষেরা ঐ মহালের ইজারা দিতে সক্ষম হইবেন, ফলতঃ দশ বৎসরের অধিক কালের ইজারা দিবেন না, কিম্বা বালক কি বালকদের মধ্যে এক জন যে পর্য্যন্ত অষ্টাদশ বৎসর বয়স প্রাপ্ত না হন সেই পর্য্যন্ত দিতে পারিবেন। অপর আদালত অন্য আজ্ঞা করণ দ্বারা উক্ত কোন আজ্ঞা অন্যথা করণ পূর্ব্বক উক্ত অযোগ্য ভূম্যধিকারিকে কোর্টের অনুপালিত করিতে পারিবেন। এই ধারায় বাকী রাজস্বের নিমিত্তে বিক্রয় না হইবার যে মুক্তি দান হইয়াছে, ঐ মহাল এক জন বালক কিম্বা দুই কি অধিক জন বালকভিন্ন অন্যের সম্পত্তি নয় এই কথা বিক্রয়ের পূর্ব্বে কালেক্টর সাহেবকে উপযুক্তমতে জ্ঞাত না করা গেলে ও তিনি ঐ কথা স্বীকার না করিলে ঐ মুক্তি বর্ত্তিবে না ইতি।

*মহাল ইজারা দেওয়া গেলে তাহার উপস্বত্ব প্রয়োগের কথা।*

৭ ধারা। মহাল ইহার পূর্ব্ব ধারার বিধানমতে ইজারা দেওয়া গেলে, ঐ ইজারার টাকা কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে। রাজস্বের নিমিত্তে গবর্ণমেণ্টের যত টাকা দাবী থাকে কালেক্টর সাহেব তাহা রাখিয়া রেবিনিউ বোর্ডের অনুমতিক্রমে বালকের নিমিত্তে টাকা গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিকে অবশিষ্ট টাকা দিবেন, কিম্বা বালকের হিতার্থে ৪৯ ধারায় লিখিত অন্যতররূপে ঐ টাকা প্রয়োগ করিবেন ইতি।

তৃতীয় অধ্যায়।

কোর্টওয়ার্ডসের সংস্থিতির ও ক্ষমতার কথা।

*প্রত্যেকখণ্ডে কোর্টওয়ার্ডস থাকার কথা।*

৮ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের প্রত্যেক খণ্ডে, রাজানুপালিত ব্যক্তিদের কোর্ট থাকিবে। ঐ প্রত্যেক খণ্ডের রাজস্বের কমিশ্যনর সাহেব ঐ কোর্ট হইবেন। এবং এই আইনক্রমে ঐ কোর্টের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তিনি সেই সকল শক্তি ও ক্ষমতা প্রাপ্ত হইয়া ঐ কোর্টের অনুপালিত সকল ব্যক্তির ও তাঁহারদের সম্পত্তির পক্ষে তদনুসারে কার্য্য করিবেন ইতি।

*মহালের অধ্যক্ষতা করিবার ক্ষমতার কথা।*

৯ ধারা। যে সকল মহাল ও অন্য ভূমি ঐ কোর্টের অধ্যক্ষতায় অর্পিত হয়, ঐ কোর্ট কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিয়া, কিম্বা মহালের ও ভূমির সমুদয় কি একাংশ ইজারা দিয়া, কিম্বা ঐ কোর্টের বিবেচনায় কার্য্যাধ্যক্ষতার অন্য যে নিয়ম উপযুক্ত হয় তদনুসারে ঐ মহালের কার্য্যাধ্যক্ষতা করিতে সক্ষম হইবেন। কিন্তু পাট্টা কি ইজারা দেওয়া গেলে





shall, except under the sanction of the Board of Revenue, be given for a term exceeding ten years, nor beyond the period of expiration of the ward's minority, and provided that all leases given by the court, or by the collector acting for the court, or by the manager, shall become null and void on the removal of the estate from the superintendence of the court for whatever cause, save leases made with such sanction as aforesaid.

*Power to make orders.*

X. It shall be lawful for the court from time to time to make such orders and to give such instructions for the management of the estates and properties and the care of the persons of the wards thereof, or of any of them, as to such court shall seem fit, and from time to time to alter, vary, or revoke any such orders or instructions, provided that such orders be not inconsistent with the provisions of this Act or of any law for the time being in force, or of any orders which may from time to time be made by the Lieutenant-Governor under the provisions of this Act, or of any orders issued by the Board of Revenue.

PART IV.

*Powers and duties of Collectors.*

*Collector to have charge of ward whose estate is in his district.*

XI. When the estate or lands of a ward are situated within one district only, the collector of such district shall exercise the duties of the court with respect to the ward and to his moveable and immoveable property.

*If estate in more than one district, court to appoint collector to have charge of ward.*

XII. When the estate or lands of a ward are situate within more than one district but within the same division, the court in that division shall appoint some one of the collectors within the division to exercise the duties of the court with respect to the person of the ward.

*Collector to administer estate in his district.*

XIII. When the estate or lands of a ward are situated within more than one district but within the same division, the collector of each district shall exercise the duties of the court with respect to the ward's property situate within his district. Provided, however, that it shall be lawful to the court, with the sanction of the Board of Revenue, to entrust to any one collector the control of the management of any portion of the ward's property not situate within his own district.

রেবিনিউ বোর্ডের অনুমতি ভিন্ন দশ বৎসরের অধিক কালের ও রাজানুপালিত ব্যক্তির বালকত্ব যৎকালে উত্তীর্ণ হইবে তদধিক কালের পাট্টা কি ইজারা দেওয়া যাইবে না। এবং মহাল কোন কারণে কোর্টের তত্ত্বাবধারণহইতে পৃথক করা গেলে পূর্ব্বোক্ত অনুমতিক্রমে যে পাট্টা দেওয়া যায়, তদ্ভিন্ন কোর্টের দত্ত কিম্বা কোর্টের পক্ষ কর্ম্মকারি কালেক্টর সাহেবের কিম্বা কার্য্যাধ্যক্ষের দত্ত সকল পাট্টা সেই সময়াবধি ব্যর্থ ও অসিদ্ধ হইবে ইতি।

*আজ্ঞা করিবার ক্ষমতার কথা।*

১০ ধারা। মহালের ও সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা ও রাজানুপালিত ব্যক্তিদের কিম্বা তাহারদের অন্যতর ব্যক্তিদের রক্ষণাবেক্ষণ বিষয়ে ঐ কোর্ট সময়ে২ যে আজ্ঞা করা ও যে উপদেশ দেওয়া বিহিত বোধ করেন তাহা করিতে ও দিতে পারিবেন এবং সময়ে২ উক্ত কোন আজ্ঞা কি উপদেশ পরিবর্ত্তন কি মতান্তর কি রহিত করিতে পারিবেন। কিন্তু সেই আজ্ঞা এই আইনের ও যে সময়ে যে আইন প্রবল থাকে তাহার বিধানের, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ এই আইনের বিধানমতে যে২ আজ্ঞা করেন ও রেবিনিউ বোর্ড যে২ আজ্ঞা প্রচার করেন তাহার অসঙ্গত না হয় ইতি।

চতুর্থ অধ্যায়।

কালেক্টর সাহেবের শক্তির ও কর্ত্তব্য কর্ম্মের কথা।

*রাজানুপালিত যে ব্যক্তির মহাল যে কালেক্টরের জিলায় থাকে তাঁহার প্রতি রক্ষণাবেক্ষণের ভার থাকার কথা।*

১১ ধারা। রাজানুপালিত ব্যক্তির মহাল কি ভূমি কেবল একি জিলার মধ্যে থাকিলে তাঁহার ও তদীয় স্থাবরাস্থাবর সম্পত্তি বিষয়ে ঐ জিলার কালেক্টর সাহেব ঐ কোর্টের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবেন ইতি।

*মহাল দুই কি অধিক জিলায় থাকিলে কোন কালেক্টর রাজানুপালিতের রক্ষণাবেক্ষণ করিবেন ইহা কোর্টের নিরূপণ করিবার কথা।*

১২ ধারা। রাজানুপালিতের মহাল কি ভূমি একি খণ্ডের কিন্তু দুই কি তদধিক জিলার মধ্যে থাকিলে ঐ খণ্ডের কোর্ট রাজানুপালিতের বিষয়ে কোর্টের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থ ঐ খণ্ডের অন্যতর কালেক্টর সাহেবকে নিযুক্ত করিবেন ইতি।

*কালেক্টর সাহেবদের আপন২ জিলার অন্তর্গত মহালের কার্য্য নিরূপণ করিবার কথা।*

১৩ ধারা। রাজানুপালিতের মহাল কি ভূমি একি খণ্ডের অন্তর্গত দুই কি তদধিক জিলার মধ্যে থাকিলে, যে জিলার মধ্যে ঐ ব্যক্তির যে সম্পত্তি থাকে সেই জিলার কালেক্টর সাহেব সেই সম্পত্তি সম্পর্কে কোর্টের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবেন। কিন্তু কোর্ট রেবিনিউ বোর্ডের অনুমতি গ্রহণপূর্ব্বক কোন এক জন কালেক্টর সাহেবের প্রতি রাজানুপালিত ব্যক্তির সম্পত্তির যে অংশ তাঁহার জিলায় না থাকে সেই অংশেরও কার্য্যাধ্যক্ষতার ভারার্পণ করিতে পারিবেন ইতি।

**XIV.** When the estate or lands of a ward are situate within two or more divisions, the Board of Revenue shall determine the court which shall have the charge of the person of the ward. And such court shall appoint some one of the collectors within its own division to exercise the duties of the court with respect to the person of the ward.

Where estates in several divisions, court to have charge of ward to be determined by Board of Revenue.

**XV.** When the estate or lands of a ward are situate within two or more divisions, the court of each division and the collector of each district shall control and superintend the management of such portion of the property as is situate within their jurisdictions. Provided that the court to whom the charge of the ward's person has been submitted under the preceding section shall exercise a general control over all disbursements and payments connected with the ward's property wherever situate and over the accounts of such property. Provided also that it shall be competent to the Board of Revenue to direct that the court in charge of the ward shall have the entire control of all or of portions of the ward's property wherever situate, under such form of management as may appear to such Board advisable, or to take any other action which may seem convenient for the due care of the ward's interests and the efficient management of his property.

Superintendence of estates and property.

**XVI.** Immediately on an estate being under the provisions of Section XXX. declared subject to the jurisdiction of the court, the collector shall search for and take possession of all seals and such accounts and papers as it may appear to him advisable to take possession of, and shall, at his discretion, remove them to his own office, or send them to the custody of the court. He shall also take possession of all moveable property and place under proper custody such portion thereof as he may think necessary. *And it shall be lawful for the collector, in case he has reason to believe that any such seal, account, paper or property is in any room, box, or receptacle, within any house or on any land in the actual possession of the ward, to break open the same for the purpose of searching for such seal, account, paper or property.*

Collector to seize seals, &c.

***XVII.*** *Every collector shall, within six months from the date of his taking possession of the property of a ward under the provisions of this Act, deliver to the court an inventory of*

Collector to deliver inventory.

১৪ ধারা। রাজানুপালিতের মহাল কি ভূমি দুই কি তদধিক খণ্ডের অন্তর্গত থাকিলে কোন্ কোর্ট ঐ বালকের রক্ষণাবেক্ষণ করিবেন ইহা রেবিনিউ বোর্ড নির্ণয় করিবেন। ও রাজানুপালিত ব্যক্তির প্রতি কোর্টের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণার্থে ঐ কোর্ট আপনার খণ্ডের অন্যতর কালেকুটর সাহেবকে নিযুক্ত করিবেন ইতি।

মহাল ভিন্ন২ খণ্ডে থাকিলে, রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষনের ভার যে কোর্টের প্রতি বর্ত্তিবে রেবিনিউ বোর্ডকর্ত্তৃক ইহা নিরূপণ হইবার কথা।

১৫ ধারা। রাজানুপালিত ব্যক্তির মহাল কি ভূমি দুই কি তদধিক খণ্ডের অন্তর্গত থাকিলে, যে খণ্ডে ও যে জিলায় সম্পত্তির যে অংশ থাকে সেই খণ্ডের কোর্ট ও সেই জিলার কালেকুটর সাহেব সেই অংশের কার্য্যের কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধান করিবেন। পরন্তু ইহার পূর্ব্ব ধারার বিধানমতে রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভার যে কোর্টের প্রতি অর্পিত হয়, রাজানুপালিতের সম্পত্তি যে স্থানে থাকুক ঐ কোর্ট তৎসম্পর্কীয় খরচের ও দত্ত টাকার উপর ও ঐ সম্পত্তির হিসাবের উপর সাধারণ কর্ত্তৃত্ব করিবেন। আরো রেবিনিউ বোর্ড কার্য্যাধ্যক্ষতার যে নিয়ম অত্যুপযুক্ত বোধ করেন, রাজানুপালিত ব্যক্তির রক্ষণাবেক্ষণের ভার প্রাপ্ত কোর্ট সেই নিয়মানুসারে রাজানুপালিতের যে সম্পত্তি যেখানে থাকুক সেই সমস্তের কি তাহার কোন২ অংশের সম্পূর্ণ কর্ত্তৃত্বভার প্রাপ্ত হন, রেবিনিউ বোর্ড এমত আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা রাজানুপালিত ব্যক্তির স্বার্থ উচিত মতে রক্ষা করণের ও সফলরূপে তদীয় সম্পত্তির কার্য্যাধ্যক্ষতার জন্যে অন্য যে কার্য্য সুবিধা হয় তাহা করিতে পারিবেন ইতি।

মহালের ও সম্পত্তির তত্ত্বাবধারণের কথা।

১৬ ধারা। কোন মহাল ৩০ ধারার বিধানমতে আদালতের অধ্যক্ষতার অধীন বলিয়া নির্দ্দিষ্টকরা গেলেই কালেকুটর সাহেব সকল মোহর এবং যে সকল হিসাব ও কাগজপত্র স্বীয় অধিকারে গ্রহণ করা বিহিত বোধ করেন তাহা অন্বেষণপূর্ব্বক গ্রহণ করিয়া স্বীয় বিবেচনামতে আপনার কার্য্যালয়ে আনাইয়া রাখিবেন কিম্বা কোর্টের দ্বারা রক্ষিত হইবার জন্যে পাঠাইবেন। আরো তিনি অস্থাবর সকল বিষয় অধিকার করিয়া যে অংশ আবশ্যক জ্ঞান করেন তাহা উপযুক্ত সংরক্ষণে রাখিবেন এবং রাজানুপালিতের নিজ অধিকারে যে ঘর কি ভূমি থাকে, উক্ত কোন মোহর কি হিসাব কি কাগজ কি সম্পত্তি এমত কোন ঘরের অন্তর্গত কি ভূমিগত কোন ঘরে কি বাক্স কি আধারে আছে কালেকুটর সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে তিনি সেই মোহর কি হিসাব কি কাগজ কি সম্পত্তি অন্বেষণ করিবার জন্যে ঐ ঘর প্রভৃতি ভাঙ্গিয়া খুলিতে পারিবেন ইতি।

মোহরাদি কালেক্টর সাহেবের লইবার কথা।

১৭ ধারা। প্রত্যেক কালেকুটর সাহেব এই আইনের বিধানমতে রাজানুপালিত ব্যক্তির সম্পত্তি অধিকার করিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে কোর্টে আপনার তদ্রূপ অধি-

কালেক্টর সাহেবের নির্ঘণ্টপত্র দিবার কথা।





*of immoveable and moveable property so taken possession of.*

**XVIII.** All orders and proceedings of a collector, under the provisions of this Act, shall be subject to the revision of the court, and every person aggrieved by any such order or proceeding may, within a month from the date of such order or proceeding, prefer an appeal therefrom, to the court in charge of the estate in respect of which such order may have been made or proceeding taken; or in case such order may not have been made in respect to an estate, then to the court in charge of the ward in respect to whom or to whose property such order may have been made, or proceeding taken: Provided always that it shall be lawful for such court, if it shall think fit, to revise, modify, or reverse any such order or proceeding after the lapse of the said period of one month whether any appeal shall have been preferred or not.

Collector to be subject to court.

## PART V.

*Mode of ascertaining the ground of disqualification.*

**XIX.** Every collector, immediately upon his receiving credible information that disqualification under this Act attaches to any proprietor of an estate in his district, shall report the same to the court of his division, and shall specify the nature of the disqualification.

Collector to report qualification of proprietors.

**XX.** Whenever any collector shall receive information that any proprietor of an estate within his district has died, and that the heirs of such proprietor are disqualified, it shall be lawful for such collector to take order for the safety and preservation of any moveable property of such deceased proprietor, and of all deeds, documents, and papers relating to any portion of the property of such proprietor, and for that purpose to cause the same or any part thereof to be removed to any public treasury or to place such guards in charge thereof as to him shall seem fit.

Proceedings on death of proprietor whose heirs disqualified.

**XXI.** If any female proprietor shall be reported to be disqualified from incompetency to manage her estate, the court shall immediately proceed to ascertain whether such proprietor be competent from her capacity and habits of business to manage her own estate, and such court shall, if satisfied that such proprietor is competent to the management of her own estate, by an order under the seal of such court, exempt her from the

Inquiry in case of females.

কৃত সমস্ত স্থাবরাস্থাবর সম্পত্তির নির্ঘণ্টপত্র অর্পণ করিবেন ইতি।

১৮ ধারা। কালেকুটর সাহেব এই আইনের বিধান মতে যে সকল আজ্ঞা ও বিবাদসংক্রান্ত যে সকল কার্য্য করেন কোর্ট তাহা পুনঃদৃষ্টি করিতে পারিবেন। উক্ত কোন আজ্ঞা কি কার্য্যক্রমে কোন ব্যক্তি অন্যায়গ্রস্ত হইলে, যে মহালসংক্রান্ত সেই আজ্ঞা কিম্বা সেই কার্য্য করা যায় সেই মহালের আধিপত্যভার যে কোর্টের প্রতি থাকে, ঐ ব্যক্তি সেই আজ্ঞা কি কার্য্য হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে সেই কোর্টে আপীল করিতে পারিবেন। যদি সেই আজ্ঞা মহালসম্পর্কে না হইয়া থাকে, তবে রাজানুপালিত যে ব্যক্তির সম্পর্কে কিম্বা যাহার সম্পত্তি সম্পর্কে সেই আজ্ঞা হইয়া থাকে কি সেই কার্য্য করা গিয়া থাকে তিনি যে কোর্টের আধিপত্যে থাকেন অন্যায়গ্রস্ত ব্যক্তি সেই কোর্টে আপীল করিতে পারিবেন। পরন্তু আপীল করা গেলে কি না গেলেও সেই কোর্ট বিহিত বিবেচনায় এক মাস অতীত হইবার পরেও পূর্ব্বোক্ত কোন আজ্ঞা কি কার্য্য সংশোধন কি মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

কোর্টের অধীন কালেকটর সাহেবের থাকার কথা।

## পঞ্চম অধ্যায়।

অযোগ্যতার মূল নির্ণয় করিবার বিধি।

১৯ ধারা। কোন কালেকুটর সাহেবের জিলার অন্তর্গত কোন মহালের অধিকারী এই আইনমতে অযোগ্য হইয়াছেন, তিনি বিশ্বাসযোগ্য এমত সম্বাদ প্রাপ্ত হইলেই আপন খণ্ডের কোর্টে সেই কথার রিপোর্ট করিয়া সেই অযোগ্যতার ভাবও নির্দ্দেশ করিবেন ইতি।

ভূম্যধিকারিরা অযোগ্য হইলে কালেক্টর সাহেবের রিপোর্ট করিবার কথা।

২০ ধারা। কোন কালেকুটর সাহেবের জিলার মধ্যে মহালের কোন অধিকারী মরিয়াছেন ও তাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য আছেন কালেকুটর সাহেব এই মর্ম্মের সম্বাদ পাইলে ঐ মৃত ভূম্যধিকারির অস্থাবর সম্পত্তি এবং ঐ ভূম্যধিকারির সম্পত্তির কোন অংশসম্বন্ধীয় সকল দলীল ও লিপি ও কাগজপত্র নিরাপদে রক্ষা করিতে সযত্ন হইবেন তদর্থে ঐ সম্পত্তি প্রভৃতি কিম্বা তাহার কোন অংশ রাজকীয় কোন খাজানাখানায় আনাইয়া রাখিতে পারিবেন, কিম্বা যে প্রকারের রক্ষককে নিযুক্ত করা বিহিত বোধ করেন নিযুক্ত করিতে পারিবেন ইতি।

যাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য হন এমত ভূম্যধিকারির মৃত্যু হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

২১ ধারা। কোন ভূম্যধিকারিণী আপন সম্পত্তির অধ্যক্ষতা করিতে অসমর্থা প্রযুক্ত অযোগ্য বলিয়া প্রকাশ হইলে তিনি বিষয় কার্য্য করিবার শক্তি ও অনুশীলনদ্বারা আপন মহালের অধ্যক্ষতা কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থা আছেন কি না, কোর্ট অবিলম্বে ইহা নিশ্চয়মতে জানিতে চেষ্টা করিবেন ও তিনি আপন মহালের অধ্যক্ষতা কার্য্য করিতে সমর্থা আছেন ঐ কোর্ট ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে আপনার মোহরাঙ্কিত আদেশপত্রদ্বারা তাঁহাকে

স্ত্রী হইলে অনুসন্ধানের কথা।

operation of this Act, and if not so satisfied, shall by a like order declare such proprietor to be a ward and shall immediately take charge of her estate under the provisions of this Act.

XXII. If any proprietor who is not subject to the jurisdiction as respects infants of a High Court of Judicature shall be reported to be a minor, the court shall direct the collector to proceed to enquire into the age of such proprietor, and for that purpose the collector shall have power to require the production in person of such proprietor, if a male, and of all documents from which the truth of such matter may appear, and to take evidence of witnesses upon oath or solemn affirmation. The collector shall record such evidence, and report thereupon, and shall submit such report and all evidence taken by him to the court. The court shall thereupon make an order declaring the age of such proprietor, and such order shall be final and conclusive for all the purposes of this Act. The court shall retain all documentary evidence filed with such report until the minor shall have attained the age of eighteen years, unless upon an application made thereto, it shall see fit to allow any such document to be restored to the owner thereof.

Inquiry in case of minors.

XXIII. The collector may direct that the person having the custody or being in possession of the person of such minor shall produce him or her before the collector or in any other place appointed by the collector on the day fixed for the prosecution of the enquiry, or at any other time, and may make such order for the temporary custody and protection of such minor as may appear proper. In the event of disobedience to his orders under this section the collector may impose a fine not exceeding five hundred rupees, and a daily fine not exceeding two hundred rupees until the production of the person of the minor.

Production of minor and order for his temporary custody.

XXIV. If a proprietor who is not subject to the jurisdiction in lunacy of any or either of the High Courts of Judicature be deemed disqualified on the ground of idiotcy or lunacy, the court shall order the collector making such report to apply, in pursuance of the provisions of Act XXXV of 1858, passed by the Legislative Council of India, to the civil court of the zillah within the jurisdiction of which such proprietor may reside.

Inquiry in case of lunatics, &c.



এই আইনের বিধানহইতে নিষ্কৃতি দিতে পারিবেন। ফলবোধমতে জ্ঞাত না হইলে তদ্রূপ আজ্ঞাপত্রদ্বারা ঐ ভূম্যধিকারিণীকে রাজানুপালিতা বলিয়া প্রকাশ করিবেন ও তৎক্ষণাৎ এই আইনের বিধানমতে তাঁহার মহালের আধিপত্য গ্রহণ করিবেন ইতি।

২২ ধারা। শিশুদের বিষয়ে হাই কোর্টের যে বিচারাধিপত্য আছে কোন ভূম্যধিকারী সেই বিচারাধিপত্যের মধ্যে না থাকিয়া যদি বালক বলিয়া প্রকাশ হন, তবে কোর্ট কালেক্টর সাহেবকে ঐ ভূম্যধিকারির বয়সের সন্ধান লইতে আজ্ঞা করিবেন। পুরুষ হইলে কালেক্টর সাহেব তাঁহাকে তদর্থে নিকট আনাইবার ও তাঁহার বাল্যাবস্থার প্রমাণার্থে সকল লিপি উপস্থিত করিবার আজ্ঞা করিতে এবং শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে সাক্ষিদের সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন। কালেক্টর সাহেব সেই সাক্ষ্য লিপিবদ্ধ করিয়া তদ্বিষয়ের রিপোর্ট লিখিবেন এবং সেই রিপোর্ট ও আপনার গৃহীত সকল সাক্ষ্য কোর্টে অর্পণ করিবেন। তাহা হইলে ঐ কোর্ট ঐ ভূম্যধিকারির বয়সের নির্দ্দেশসূচক আজ্ঞা করিবেন ও সেই আজ্ঞা এই আইনের কার্য্যার্থে চূড়ান্ত ও নিষ্পন্নান্ত হইবে। উক্ত রিপোর্টের সহিত যে প্রমাণলিপি অর্পণ করা যায় বালকের অষ্টাদশ বৎসর বয়স প্রাপ্ত না হওনপর্য্যন্ত ঐ কোর্ট তাহা নিকটে রাখিবেন কিন্তু ঐ লিপি পাইবার প্রার্থনা হইলে যদি বিহিত বোধ করেন, তবে স্বামিকে ঐ লিপি ফিরাইয়া দিতে অনুমতি দিতে পারিবেন ইতি।

বালক হইলে অনুসন্ধানের কথা।

২৩ ধারা। ঐ বালক কি বালিকা যে ব্যক্তির রক্ষায় কি যাহার নিকটে থাকে কালেক্টর সাহেব তাঁহার অনুসন্ধান লইবার নিরূপিত দিনে কিম্বা সময়ান্তরে ঐ বালককে কি বালিকাকে আপনার সম্মুখে কিম্বা কালেক্টর সাহেবের নিরূপিত অন্য স্থানে উপস্থিত করাইবার আদেশ করিতে পারিবেন এবং তাঁহার কিয়ৎকাল রক্ষণাবেক্ষণের যে আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন করিতে পারিবেন। এই ধারামতে কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন তাহার অমান্য হইলে, কালেক্টর সাহেব পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ও বালককে কি বালিকাকে যত দিন উপস্থিত না করা যায় তাহার দিন প্রতি দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ধার্য্য করিতে পারিবেন ইতি।

বালককে উপস্থিত করাইবার ও কিয়ৎকাল তাহার রক্ষণাবেক্ষণের আজ্ঞা করিবার কথা।

২৪ ধারা। ক্ষিপ্তমনা ব্যক্তিদের বিষয়ে হাই কোর্টের যে বিচারাধিপত্য আছে কোন ভূম্যধিকারী উক্ত অন্যতর হাই কোর্টের বিচারাধিপত্যের মধ্যে না থাকিয়া বাতুল কি ক্ষিপ্তমনা প্রযুক্ত যদি অযোগ্য জ্ঞান হন, তবে ভূম্যধিকারী জিলার যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যের মধ্যে বাস করেন, ঐ কোর্ট যে কালেক্টর সাহেবের স্থানে রিপোর্ট পান তাঁহাকে সেই আদালতের নিকট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৮ সালের ৩৫ আইনের বিধানমতে প্রার্থনা করিতে আজ্ঞা করিবেন ইতি।

ক্ষিপ্তমনাপ্রভৃতি হইলে অনুসন্ধানের কথা।



XXV. If a proprietor shall, under the provisions of Act XXXIV. of 1858 passed by the Legislative Council of India, have been found by any High Court of Judicature to be of unsound mind and incapable of managing his affairs, the court may (subject to the powers of the High Court under the said Act XXXIV. of 1858) take charge of the estate and lands of such proprietor situate beyond the local limits aforesaid, and deal with the same subject to the provisions of this Act. Provided that in such case no further proceedings shall be taken under the last preceding section, nor shall it be competent to the court to appoint a guardian of the person of the said proprietor. Provided also that the surplus income of the property so taken charge of by the court, after providing for the discharge of the Government revenue and the expenses of management, shall be disposed of from time to time in such manner as the said High Court shall direct, and not otherwise.

Proceedings in case of proprietor found lunatic by High Court.

XXVI. When a proprietor resident beyond the provinces subject to the government of the Lieutenant-Governor of Bengal shall, by a civil court of competent jurisdiction, under the provisions of Act XXXV. of 1858 passed by the Legislative Council of India, have been declared to be of unsound mind and incapable of managing his own affairs, the court may take charge of the estate and lands of such proprietor situate within the said provinces and deal with the same subject to the provisions of this Act. Provided that in such case no further proceedings shall be taken under section XXIV of this Act, nor shall it be competent to the court to appoint a guardian of the person of the said proprietor. Provided also that the surplus income of the property so taken charge of by the court, after providing for the discharge of the Government revenue and the expenses of management, shall be disposed of from time to time in such manner as the said civil court shall direct, and not otherwise.

Proceedings in case of proprietor found lunatic by civil court.

XXVII. If a proprietor resident without the local limits of the jurisdiction of the High Court be deemed to be disqualified on the ground of some natural or acquired defect or infirmity, other than unsoundness of mind, the court shall order the collector making the report to apply to the civil court within whose jurisdiction such person may be residing, and upon such

Civil court to make enquiry regarding disqualification on ground of natural or acquired defect or infirmity.



২৫ ধারা। ভারতবর্ষের ব্যবস্থাপনার্থ মন্ত্রিসভার ১৮৫৮ সালের ৩৪ আইনের বিধানমতে কোন হাইকোর্ট ভূম্যধিকারিকে বিকৃতমনা ও স্বীয় বিষয় ব্যাপারের অধ্যক্ষতা করিতে অক্ষম নির্ণয় করিলে ১৮৫৮ সালের উক্ত ৩৪ আইনমতে হাই কোর্টের যে শক্তি আছে কোর্ট তাহা প্রবল মানিয়া ঐ ভূম্যধিকারির যে মহাল ও ভূমি পূর্ব্বোক্ত সীমার বহির্ভূত থাকে তাহার অধ্যক্ষতা ভার গ্রহণ করিয়া তদ্বিষয়ে এই আইনের বিধানানুসারে কার্য্য করিবেন। কিন্তু উক্ত স্থলে এই আইনের ৪২ ধারার বিধানানুযায়ি আর কার্য্য হইবে না এবং ঐ কোর্ট উক্ত ভূম্যধিকারির অভিভাবক নিযুক্ত করিতে সমর্থ হইবেন না। আর উক্ত কোর্ট যে সম্পত্তির অধ্যক্ষতা গ্রহণ করেন তাহার আয়হইতে গবর্ণমেণ্টের রাজস্ব ও কার্য্যাধ্যক্ষতার খরচ দিলে পর যাহা উদ্বর্ত্ত থাকে উক্ত হাইকোর্ট তাহা লইয়া সময়ে২ যাহা করিবার আজ্ঞা করেন তদনুসারে করা যাইবে অন্য প্রকারে নয় ইতি।

হাইকোর্ট ভূম্যধিকারিকে ক্ষিপ্ত নির্ণয় করিলে ইতিকর্ত্তব্যতার কথা।

২৬ ধারা। ভারতবর্ষের ব্যবস্থাপনার্থ ভূতপূর্ব্ব মন্ত্রিসভার ১৮৫৮ সালের ৩৪ আইনের বিধানমতে উপযুক্তক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের বহির্ভূত স্থানবাসি ভূম্যধিকারিকে বিকৃতমনা ও স্বীয় বিষয়ব্যাপারের অধ্যক্ষতা করিতে অক্ষম নির্ণয় করিলে, কোর্ট উক্ত ভূম্যধিকারির ঐ প্রদেশের অন্তর্গত মহাল ও ভূমির কর্তৃত্ব ভার গ্রহণ করিয়া তদ্বিষয়ে এই আইনের বিধানমতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু উক্ত স্থলে এই আইনের ২৩ ধারার বিধানানুযায়ি আর কার্য্য করা যাইবে না এবং কোর্ট উক্ত ভূম্যধিকারির অভিভাবক নিযুক্ত করিতে সক্ষম হইবেন না। আরো উক্ত কোর্ট যে সম্পত্তির কর্তৃত্বভার গ্রহণ করেন তাহার আয় হইতে গবর্ণমেণ্টের রাজস্ব ও কার্য্যাধ্যক্ষতার খরচ দিলে পর যাহা উদ্বর্ত্ত থাকে, উক্ত দেওয়ানী আদালত সময়েং তাহা লইয়া যাহা করিবার আজ্ঞা করেন, তদনুসারে করা যাইবে অন্য প্রকারে নয় ইতি।

দেওয়ানী আদালত ভূম্যধিকারিকে ক্ষিপ্ত নির্ণয় করিলে ইতিকর্ত্তব্যতার কথা।

২৭ ধারা। হাই কোর্টের বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানবাসি কোন ভূম্যধিকারী মনের বিকৃতি ভিন্ন স্বাভাবিক কি ঘটনাধীন কোন দোষ কিম্বা দুর্ব্বলতাহেতুক অযোগ্য জ্ঞান হইলে, ঐ ব্যক্তি যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যের মধ্যে বাস করেন, কোর্ট সেই রিপোর্টকারি কালেক্টর সাহেবকে সেই আদালতে প্রার্থনা করিবার আজ্ঞা করিবেন।

স্বাভাবিক কি ঘটনাধীন দোষ কি দুর্ব্বলতাহেতুক অযোগ্যতা বিষয়ে দেওয়ানী আদালতের অনুসন্ধান লইবার কথা।

collector so applying such civil court shall institute an enquiry for the purpose of ascertaining whether such person is or is not subject to such disqualifying defect or infirmity.

Proceedings in case of defect or infirmity when proprietor in jurisdiction of High Court.

XXVIII. If a proprietor resident within the local limits of the jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal or resident beyond the provinces subject to the government of the Lieutenant-Governor of Bengal shall be reported by a collector to be disqualified by reason of some natural or acquired defect or infirmity other than unsoundness of mind, the court, within whose division the estate or lands of such proprietor are situate, shall order the collector making such report to apply to the civil court of the 24-Pergunnahs or to such other civil court as the Lieutenant-Governor, on application made to him by the collector in that behalf, may determine. Such civil court shall thereupon enquire into, and determine the question as to the alleged disqualification, and the provisions of sections IV, VII, and XXII of the said Act XXXV. of 1858 shall apply to such enquiry.

Form of proceeding in such cases.

XXIX. When any enquiry is instituted before a civil court under section XXVII or section XXVIII of this Act, such court shall, for the purpose of making such enquiry, have such and the same or the like powers and authorities, and shall proceed in such and the same or the like manner and form as in and by the said Act XXXV of 1858 are provided for making the enquiries in and by the same Act directed to be made. The civil court shall transmit to the court by which any enquiry, under section XXIV or XXV shall have been directed, a copy of the order to be made on each such enquiry, and the court shall thereupon, in case the proprietor shall have been found by the civil court to be disqualified, treat such proprietor as subject to its superintendence and jurisdiction.

Declaration of disqualification.

*XXX. Whenever it shall have been determined under the provisions aforesaid that the proprietor of an estate is disqualified, the court shall make an order declaring such estate to be subject to the jurisdiction of the court and directing charge of such proprietor and of his property to be taken, and the collector of every district within which there may be any property of the ward shall, as soon as conveniently may be, take possession of such property, and the court shall be held to be in charge of such property from the time when possession shall have been so taken.*

কালেক্টর তদ্রূপ প্রার্থনা করিলে, সেই ব্যক্তি অযোগ্যতাজনক ঐ দোষ কি দুর্ব্বলতাগ্রস্ত আছেন কি না, ঐ দেওয়ানী আদালত ইহা নির্ণয় করণার্থ অনুসন্ধান লইবার বিধান করিবেন ইতি।

হাই কোর্টের ক্ষমতাধীন ভূম্যধিকারির দোষ কি দুর্ব্বলতা হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

২৮ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসি কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের বহির্ভূত স্থানবাসি কোন ভূম্যধিকারী মনের বিকৃতিভিন্ন স্বাভাবিক কি ঘটনাধীন কোন দোষ কি দুর্ব্বলতাপ্রযুক্ত অযোগ্য আছেন, কালেক্টর সাহেবের এমত রিপোর্ট হইলে, ঐ ভূম্যধিকারির মহাল কি ভূমি যে কোর্টের খণ্ডের মধ্যে থাকে সেই কোর্ট রিপোর্টকারি ঐ কালেক্টর সাহেবকে চব্বিশপরগনার দেওয়ানী আদালতে অথবা কালেক্টর সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে প্রার্থনা করিলে তিনি যে দেওয়ানী আদালত নির্দ্দেশ করেন সেই আদালতে প্রার্থনা করিতে আজ্ঞা করিবেন। তাহা হইলে সেই দেওয়ানী আদালত কথিত অযোগ্যতার অনুসন্ধান লইয়া তাহা নির্ণয় করিবেন। ও সেই অনুসন্ধানের প্রতি ১৮৫৮ সালের উক্ত ৩৫ আইনের ৪, ৭ ও ২২ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

উক্ত স্থলে যদ্রূপ কার্য্য কর্ত্তব্য তাহার কথা।

২৯ ধারা। দেওয়ানী আদালতের সম্মুখে এই আইনের ২৭ কি ২৮ ধারামতে কোন অনুসন্ধানের কার্য্য উপস্থিত করা গেলে, ১৮৫৮ সালের উক্ত ৩৫ আইনমতে যে অনুসন্ধান লওয়া যাইতে, তদর্থে ঐ আইনক্রমে যে২ ও যদ্রূপ শক্তি ও ক্ষমতা বর্ত্তে ও যেরূপ ও যে২ বিধানমতে কার্য্য হইবার নিয়ম থাকে উক্ত দেওয়ানী আদালতের প্রতি উক্ত অনুসন্ধান কার্য্যের নিমিত্তে সেই শক্তি ও ক্ষমতা ও কার্য্যবিধানের সেই নিয়ম বর্ত্তিবে। যে কোর্টদ্বারা ২৪ কি ২৫ ধারামতে কোন অনুসন্ধান লইবার আজ্ঞা করা যায়, উক্ত অনুসন্ধান হইয়া যে আজ্ঞা প্রচার হয় দেওয়ানী আদালত ঐ কোর্টের নিকট ঐ আজ্ঞার প্রতিলিপি পাঠাইবেন। তাহাতে দেওয়ানী আদালত ভূম্যধিকারিকে অযোগ্য নির্ণয় করিলে, ঐ কোর্ট আপনার তত্ত্বাবধারণের ও আধিপত্যের অধীন বলিয়া ঐ ভূম্যধিকারির প্রতি ব্যবহার করিবেন ইতি।

অযোগ্যতাসূচক নির্দ্দেশ বাক্য প্রচার করিবার কথা।

৩০ ধারা। কোন মহালের ভূম্যধিকারী অযোগ্য আছেন পূর্ব্বোক্ত বিধানমতে ইহা নির্ণয় হইলে, ঐ মহাল কোর্টের আধিপত্যে আছে কোর্ট এই নির্দ্দেশসূচক আজ্ঞা করিয়া ঐ ভূম্যধিকারির ও তদীয় সম্পত্তির অধ্যক্ষতা ভার গ্রহণ করিবার আদেশ করিবেন। এবং রাজানুপালিতের সম্পত্তির কোন অংশ যে জিলায় থাকে সেই প্রত্যেক জিলার কালেক্টর সাহেব সুবিধামতে ত্বরায় ঐ সম্পত্তি অধিকার করিবেন ও যৎকালে তদ্রূপ অধিকার করা যায় তদবধি ঐ সম্পত্তির অধ্যক্ষতাভার ঐ কোর্টের প্রতি বর্ত্তিয়াছে জ্ঞান হইবে ইতি।





Collector to report particulars of estates of disqualified persons.

XXXI. Every collector in charge of a ward shall forthwith report to the court in charge of such ward, the condition of such ward, the particulars of his property, real and personal, so far as the same can be ascertained, and the persons who respectively may appear to be most eligible to be appointed manager and guardian, with the grounds of such opinion. Provided always that when a guardian of a minor ward shall have been appointed by will, such person shall be appointed guardian by the court, unless the Board of Revenue, after a report received from the court, and after calling on the testamentary guardian to show cause shall consider him disqualified or unfit.

## PART VI.

*Allowance for support of disqualified proprietors.*

Allowance for ward.

XXXII. The court shall allow for the support of each ward and of his or her family such monthly sum as may seem fit with regard to the rank and circumstances of the parties and their indebtedness or freedom from debt.

## PART VII.

*Appointment and duties of Managers and Guardians.*

Offices of manager and guardian distinct.

XXXIII. The offices of manager and guardian for wards shall be deemed to be wholly distinct.

Duties of manager and guardian respectively.

XXXIV. When the offices of manager and guardian are vested in different persons, the manager shall have the care of the moveable and immoveable property of such ward, save such property as may be under the immediate charge of any collector, and the guardian shall have the superintendence and care of the person and maintenance of the ward.

Power to appoint one person to be manager and guardian.

XXXV. It shall be lawful for the court in charge of a ward, if it shall think fit, to appoint the same person to be guardian and manager; but in every case where one person shall be appointed to be both manager and guardian, he shall render all such accounts, and perform all such duties as in and by this Act are required from manager and guardian respectively and severally.



অযোগ্য ব্যক্তিদের সম্পত্তির বিবরণ কালেক্টর সাহেবের লিখিবার কথা।

৩১ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে কালেক্টর সাহেবের কর্তৃত্বে থাকেন তিনি ঐ রাজানুপালিতের কর্তৃত্ব ভারপ্রাপ্ত কোর্টে ঐ ব্যক্তির অবস্থার এবং তাঁহার স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ যত দূর নির্ণয় করিতে পারেন তাহার রিপোর্ট করিবেন, এবং যে ব্যক্তিরা কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের পদে নিযুক্ত হইবার অতি যোগ্য তাঁহারদের নাম ও যে কারণে তাঁহারদিগকে যোগ্য জ্ঞান হয় সেই কারণ জানাইবেন। পরন্তু রাজানুপালিত বালকের অভিভাবক যদি উইলক্রমে নিযুক্ত হইয়া থাকেন, তবে সেই ব্যক্তি কোর্টদ্বারা অভিভাবক পদে নিযুক্ত হইবেন, কিন্তু রেবিনিউ বোর্ড কোর্টহইতে রিপোর্ট প্রাপ্ত হইয়া এবং উইলক্রমে নিযুক্ত অভিভাবককে কারণ দর্শাইবার আদেশ করণানন্তর তাঁহাকে অযোগ্য কি অনুপযুক্ত জ্ঞান করিলে তিনি নিযুক্ত হইবেন না ইতি।

ষষ্ঠ অধ্যায়।

অযোগ্য ভূম্যধিকারিদের ভরণপোষণার্থ বৃত্তির বিধি।

রাজানুপালিতের বৃত্তির কথা।

৩২ ধারা। উক্ত কোর্ট রাজানুপালিত প্রত্যেক ব্যক্তির কুল ও অবস্থা এবং তিনি ঋণি কি অঋণি এতদ্বিবেচনায় তাঁহার ও তদীয় পরিবারের ভরণপোষণার্থ মাসিক যত টাকা বিহিত বোধ করেন নিরূপণ করিবেন ইতি।

সপ্তম অধ্যায়।

কার্য্যাধ্যক্ষ ও অভিভাবকের নিযুক্ত হওয়ার ও কর্ত্তব্য কর্ম্মের বিধি।

কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের কর্ম্ম পৃথক হওয়ার কথা।

৩৩ ধারা। রাজানুপালিত ব্যক্তির কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের পদ সম্পূর্ণ পৃথক্ বলিয়া জানিতে হইবে ইতি।

কার্য্যাধ্যক্ষের এবং অভিভাবকের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৩৪ ধারা। কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের কর্ম্ম ভিন্ন২ ব্যক্তির প্রতি অর্পিত হইলে, যে সম্পত্তি অব্যবহিতরূপে কোন কালেক্টর সাহেবের কর্তৃত্বে থাকে তদ্ভিন্ন রাজানুপালিতের স্থাবর ও অস্থাবর সম্পত্তির অধ্যক্ষতা কার্য্যাধ্যক্ষ পাইবেন। অভিভাবক ঐ ব্যক্তির রক্ষণাবেক্ষণের ও তদীয় ভরণপোষণের তত্ত্বাবধারণ করিবার ভার পাইবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের পদে একি ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৩৫ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে কোর্টের কর্তৃত্বে থাকেন সেই কোর্ট বিহিত বোধ করিলে অভিভাবক ও কার্য্যাধ্যক্ষ পদে একি ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু একি ব্যক্তি কার্য্যাধ্যক্ষ ও অভিভাবক পদে নিযুক্ত হইলে, এই আইনমতে কার্য্যাধ্যক্ষের এবং অভিভাবকের যে২ হিসাব দেওয়া ও যে কর্ম্ম করা কর্ত্তব্য ঐ একি ব্যক্তির সেই সকল হিসাব দিতে ও সেই২ কর্ম্ম করিতে হইবে ইতি।

**XXXVI.** Every manager and every guardian shall sign and seal all papers, deeds, documents, and writings which may be executed by him by virtue of his office with his own name and seal, and shall add to his name his description of manager or guardian of the ward for whom he may act as the case may be; and every manager shall deliver to the collector in charge of the estate of which he is a manager, and every guardian shall deliver to the collector in charge of the ward, all family seals belonging to the ward which may come to his power or control, and such seals shall be deposited wherever the court shall order.

*Documents to be executed by manager and guardian.*

**XXXVII.** Every manager of the estate of any ward shall, subject to the approbation of the Board of Revenue, be appointed by the court in charge of such estate, and his commission shall be authenticated by the official seal of such court. Provided, however, that whenever any ward may have estates in more than one division, the manager appointed by the court in charge of such ward, shall be appointed manager of all other estates of such ward by the respective courts in and for the divisions in which such estates respectively are situate; but any such court may, with the assent of the Board of Revenue, appoint a separate manager for the estate or estates under its charge, or a sub-manager who shall act under the orders of the manager.

*Appointment of manager of estate.*

**XXXVIII.** Every manager of an estate, previous to the receipt of his commission, shall give security for the due performance of his duty as such manager, and shall execute an agreement with the collector for the time being in the form in Schedule (A). Provided that with the assent of the Board of Revenue such security may be dispensed with. Provided also that no security shall be required from a manager if he be the testamentary guardian.

*Manager to give security.*

**XXXIX.** The manager of every estate shall receive from such estate such remuneration, by salary, commission, or otherwise as shall be fixed and determined by the court with the assent of the Board of Revenue. Provided always that it shall be lawful for the court, with similar assent, by an order to alter or vary such remuneration, if it shall seem just and expedient so to do.

*Remuneration of manager.*

৩৬ ধারা। প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও প্রত্যেক অভিভাবক স্বীয় পদের বলে যে সকল কাগজপত্র ও দলীল ও নিদর্শনপত্র ও লিপি সম্পাদন করেন তাহাতে আপন নাম স্বাক্ষর করিবেন ও আপন মোহর দিবেন এবং নামের পরে শ্রীঅমুকের (অর্থাৎ রাজানুপালিত যে ব্যক্তির পক্ষে কর্ম্ম করেন তাহার) কার্য্যাধ্যক্ষ কিম্বা বিষয়বিশেষে অভিভাবক এই বর্ণনা লিখিবেন। এবং রাজানুপালিতের কুলসংক্রান্ত যে সকল মোহর কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের ক্ষমতার ও কর্তৃত্বের মধ্যে আইসে মহালের কর্তৃত্ব ভার যে কালেক্টর সাহেবের প্রতি থাকে কার্য্যাধ্যক্ষ তাঁহার হস্তে, এবং রাজানুপালিত ব্যক্তির কর্তৃত্ব ভার যে কালেক্টর সাহেবের প্রতি থাকে অভিভাবক তাঁহার হস্তে ঐ সকল মোহর দিবেন এবং কোর্ট যে স্থানে আজ্ঞা করেন তাহা সেই স্থানে গচ্ছিত করা যাইবে ইতি।

*দলীলে কার্য্যাধ্যক্ষেরও অভিভাবকের স্বাক্ষর করিতে হইবার কথা।*

৩৭ ধারা। রাজানুপালিতের মহাল যে কোর্টের কর্তৃত্বে থাকে রেবিনিউ বোর্ডের অনুমোদনক্রমে সেই কোর্ট ঐ মহালের কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিবেন ও ঐ কোর্টের রাজকীয় মোহর দ্বারা তাঁহার ক্ষমতাপত্র মুদ্রিত হইবে। কিন্তু রাজানুপালিতের মহাল দুই কি তদধিক দেশখণ্ডে থাকিলে তাঁহার উপর যে কোর্টের কর্তৃত্ব থাকে সেই কোর্ট যাঁহাকে কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত করেন ঐ মহাল অন্য যে২ খণ্ডের অন্তর্গত থাকে সেই২ খণ্ডের কোর্টও সেই ব্যক্তিকে সেই২ খণ্ডের অন্তর্গত ঐ মহালের কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত করিবেন, কিন্তু রেবিনিউ বোর্ডের অনুমতি হইলে উক্ত কোন কোর্ট আপনার তত্ত্বাধীন মহালের কি মহাল সকলের স্বতন্ত্র কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যাধ্যক্ষের আজ্ঞামত কর্ম্ম করণার্থ অধীন কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

*মহালের কার্য্যাধ্যক্ষের নিয়োগের কথা।*

৩৮ ধারা। মহালের প্রত্যেক জন কার্য্যাধ্যক্ষ আপনার অধ্যক্ষতা পদের ক্ষমতাপত্র পাইবার পূর্ব্বে ঐ পদের কর্ম্ম উপযুক্তমতে সম্পাদন করিবার প্রতিভূ দিবেন এবং যিনি যৎকালে কালেক্টর হন তাহার নিকট A তফসীলের পাঠে নিয়মপত্র লিখিয়া দিবেন। কিন্তু রেবিনিউ বোর্ডের অনুমতি হইলে উক্ত প্রতিভূ দেওয়া ক্ষমা হইতে পারিবে। আরো যিনি উইলক্রমে অভিভাবক পদে নিযুক্ত হন তিনি কার্য্যাধ্যক্ষ হইলে তাঁহার প্রতিভূ দিবার আদেশ হইবে না ইতি।

*কার্য্যাধ্যক্ষের প্রতিভূ দিবার কথা।*

৩৯ ধারা। রেবিনিউ বোর্ডের অনুমতিক্রমে কোর্ট যে বেতন কি কমিশ্যন কি প্রকারান্তরের যে পারিশ্রমিক নিরূপণ করেন, প্রত্যেক মহালের কার্য্যাধ্যক্ষ সেই মহালহইতে সেই পারিশ্রমিক পাইবেন। কিন্তু উক্ত কোর্ট সেই পারিশ্রমিক পরিবর্ত্তন কি মতান্তর করা ন্যায্য ও বিহিত বোধ করিলে উক্ত বোর্ডের অনুমতি লইয়া অনুজ্ঞাপত্রক্রমে তাহার পরিবর্ত্তনাদি করিতে পারিবেন ইতি।

*কার্য্যাধ্যক্ষের পারিশ্রমিকের কথা।*





**XL.** All monies which may be recovered from any manager under the provisions of his obligation, shall be carried to the credit of the estate of the ward.

*Application of penalties.*

**XLI.** An establishment of necessary officers to act under the manager or sub-manager shall be fixed by the court in charge of the estate. The collector, after consultation with the manager, shall nominate the persons to be employed on such establishment, subject to the approval of the court.

*Appointment of Officers.*

**XLII.** The manager and all persons employed in the management of the estate of any ward, shall be deemed to be officers in the pay of Government, in respect of their employment and remuneration and every manager, sub-manager, or guardian under this Act, shall be held to be a public accountant under the provisions of Act XII of 1850, passed by the Legislative Council of India.

*Managers, &c., to be deemed to be in pay of the Government.*

**XLIII.** The court by which any manager or guardian or other person has been appointed, may, if it shall think fit, with the assent of the Board of Revenue, remove such manager or guardian or other person, and may order the person so removed to make over, within a time fixed by the court, any property in his hands to such person as the court may direct to receive the same and to account to such person for all monies received and disbursed by such manager or guardian; and every such order may be enforced by the court by the imprisonment in the civil jail of the person disobeying the same, and by attachment of his property and keeping it under attachment, until the accounts or property shall have been delivered up. The collector in charge of any property of the ward, may, if he shall think fit, remove any officer appointed by himself, and may order any officer so removed to deliver his accounts or any property in his hands, and such order shall be enforced in manner aforesaid, and the diet-money of every person imprisoned under this section shall be paid out of the proceeds of the estate. Provided that every order for imprisonment by the court shall be subject to appeal to the Board of Revenue.

*Power to remove manager.*

৪০ ধারা। কার্য্যাধ্যক্ষের নিবন্ধপত্রের নিয়মানুসারে টাকা আদায় হইলে তাহা রাজানুপালিতের মহালের হিসাবে জমা হইবে ইতি।

*দণ্ডের টাকা প্রয়োগ করিবার কথা।*

৪১ ধারা। কার্য্যাধ্যক্ষের কিম্বা তদধীন কার্য্যাধ্যক্ষের অধীনে কর্ম্ম করিবার জন্যে যত জন কর্ম্মকারকের প্রয়োজন, মহালের কর্তৃত্ব ভার যে কোর্টের প্রতি থাকে সেই কোর্ট তাহা নির্দ্ধার্য্য করিবেন। কর্ম্মকারক পদে যাঁহারদিগকে নিযুক্ত করিতে হইবে কালেক্টর সাহেব উক্ত কার্য্যাধ্যক্ষের সহিত পরামর্শ করিয়া তাহারদিগকে মনোনীত করিবেন, কিন্তু কোর্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

*কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার কথা।*

৪২ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির মহালের কার্য্যাধ্যক্ষ এবং তৎসংক্রান্ত কার্য্যসম্পাদনে যে ব্যক্তিরা নিযুক্ত হন তাঁহারা স্ব২ কর্ম্ম ও পারিশ্রমিকের উপলক্ষে গবর্ণমেন্টের বেতনভোগী কর্ম্মকারক জ্ঞান হইবেন। এবং এই আইনমত প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও অধীন কার্য্যাধ্যক্ষ ও অভিভাবক ভারতবর্ষের ব্যবস্থা স্থাপনার্থ মন্ত্রিসভার প্রণীত ১৮৫০ সালের ১২ আইনের বিধানমতে রাজকীয় হিসাবী বলিয়া জ্ঞান হইবেন ইতি।

*কার্য্যাধ্যক্ষপ্রভৃতি গবর্ণমেন্টের বেতনভোগী জ্ঞান হইবার কথা।*

৪৩ ধারা। কোন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক কি অন্য ব্যক্তি যে কোর্টকর্ত্তৃক নিযুক্ত হন, সেই কোর্ট বিহিত বোধ করিলে রেবিনিউ বোর্ডের অনুমতি লইয়া ঐ কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক কি অন্য ব্যক্তিকে অবসর করিতে পারিবেন, এবং কোর্ট তাঁহার হস্তস্থিত সম্পত্তি গ্রহণ করিবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন অপসৃত ব্যক্তিকে ঐ কোর্টের নিরূপিত সময়ের মধ্যে তাঁহার হস্তে ঐ সম্পত্তি সমর্পণ করিতে এবং কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক পদোপলক্ষে যত টাকা আয় ব্যয় করিয়াছেন তাহার হিসাব দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই ব্যক্তি উক্ত আজ্ঞা না মানিলে যত কাল সেই হিসাব না দেওয়া যায় ও সম্পত্তি সমর্পণ করা না যায় ঐ কোর্ট তাঁহাকে তত কাল দেওয়ানী জেলে বদ্ধ ও তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া ক্রোকী অবস্থায় রাখিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। রাজানুপালিত ব্যক্তির কোন সম্পত্তি যে কালেক্টর সাহেবের কর্তৃত্বে থাকে তিনি উচিত বোধ করিলে আপনার নিযুক্ত কোন কর্ম্মকারককে অবসর করিতে পারিবেন, ও তদ্রূপ অপসৃত কর্ম্মকারককে হিসাব দিতে ও তাঁহার হস্তস্থিত সম্পত্তি সমর্পণ করিতে আজ্ঞা করিতে পারিবেন ও পূর্ব্বোক্তমতে আপনার আজ্ঞা প্রবল করিতে পারিবেন। এই ধারামতে যে ব্যক্তি কারাবদ্ধ হন তাঁহার খোরাকী মহালের উৎপন্ন টাকাহইতে দেওয়া যাইবে। কিন্তু কোর্ট কারাবদ্ধনের যে আজ্ঞা করেন তাহার উপর রেবিনিউ বোর্ডে আপীল হইতে পারিবে ইতি।

*কার্য্যাধ্যক্ষকে অবসর করিবার ক্ষমতার কথা।*

**XLIV.** Every manager, sub-manager, or guardian, who may be removed or otherwise cease to fill such office, shall, notwithstanding his removal or cesser of office, continue liable to account to the court for his receipts and disbursements during the period of his management or guardianship, or tenure of office; and when any present manager, sub-manager, or guardian, or past or present officer subordinate to a manager, sub-manager, or guardian, shall wilfully neglect or refuse to deliver his accounts or any property in his hands within such time as shall be fixed by the said court, the court may impose on him a fine not exceeding five hundred rupees, and in addition to any other remedy for the recovery of such fine, every such fine shall be a demand recoverable as an arrear of revenue.

*Manager or guardian removed, to remain liable to account.*

*Power to fine recusant and negligent managers, &c.*

**XLV.** The manager appointed by the court shall have the care of the entire property, real and personal, of the ward, save estates or lands to which another manager may be appointed or which are under the direct management of a collector. He shall have the exclusive charge of all lands, save as aforesaid, whether malgoozary or lakeraj; as well as of all houses, tenements, goods, money and moveables of whatever nature belonging to the ward whose estate may be committed to his charge, excepting only the house wherein such ward may reside, the moveables wanted for his use, and the money allowed for the support of the ward and the members of his family entitled to a provision; but every manager shall be subordinate to the court and to the collector under whose superintendence the estate or lands may be.

*Duties of manager.*

**XLVI.** All monies received by any manager of an estate shall be applied by him in the first place in payment of the allowance fixed for the support of the ward and of all charges of management, and subject thereto in or towards the discharge of the monthly kists of Government revenue.

*Application of monies received by manager.*

*XLVII. In case any attachment be issued from any civil court against any sum of money which may be in the hands of the collector or manager, the payment of the charges of management and of all Government revenue which may for the time being be due from the estate of such ward shall have priority over such*

*Priority of Government revenue and cost of management.*

৪৪ ধারা। কার্য্যাধ্যক্ষ কি অধীন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক অবসৃত হইলে কিম্বা প্রকারান্তরে তাঁহা ঐ পদ না থাকিলে তাঁহা ঐ পদ থাকন সময়ে য টাকা আয় ব্যয় করিয়াছেন অবসৃত হইলে কি তাঁহা কর্ম্ম না থাকিলেও তিনি কোর্টে ঐ আয়ব্যয়ের হি সাবের দায়ী থাকিবেন। এবং বর্ত্তমান কার্য্যাধ্যক্ষ কি অধীন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক অথবা কার্য্যাধ্যক্ষে কি অধীন কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের অধীন ভূ পূর্ব্ব কি বর্ত্তমান কর্ম্মকার উক্ত কোর্টের নিরূপিত সম য়ের মধ্যে ইচ্ছাপূর্ব্বকহিসাব দিতে কিম্বা তাঁহার হস্তস্থি সম্পত্তি সমর্পণ করিতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে, কোর্ট তাঁ হার পাঁচশত টাকাপর্য্যন্ত অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন এবং ঐ অর্থদণ্ড আদায় করিবার অন্য যে উপায় থাকে তদ্ভিন্ন বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য দাবী জ্ঞান হইবে ইতি।

*কার্য্যাধ্যক্ষ অবসৃত হইলেও হিসাব বিষয়ে তাঁহার দায় থাকার কথা।*

*কার্য্যাধ্যক্ষপ্রভৃতি অনঙ্গীকার কি শৈথিল্য করিলে দণ্ড করিবার ক্ষমতার কথা।*

৪৫ ধারা। যে কার্য্যাধ্যক্ষ কোর্ট দ্বারা নিযুক্ত হ তদ্ভিন্ন কোন ব্যক্তি রাজা নুপালিতের মহালের ভূমির অধ্যক্ষতা কর্ম্মে নি যুক্ত না হইলে কিম্বা ঐ ভূম্যাদি অব্যবহিতরূপে কালে কুটর সাহেবের কর্তৃত্বে না থাকিলে রাজানুপালিতে স্থাবর ও অস্থাবর সমস্ত সম্পত্তি ঐ কার্য্যাধ্যক্ষে তত্ত্বাধীন থাকিবে। সেই স্থলব্যতীত এবং যাঁ সম্পত্তির অধ্যক্ষতা কার্য্য অর্পণ করা গেল রাজা পালিত সেই ব্যক্তি যে ঘরে বাস করেন ও তদীয় ব্য হারার্থে যে অস্থাবর দ্রব্যের প্রয়োজন হয় ও তাঁ এবং গ্রাসাচ্ছাদনের যোগ্য তদীয় পরিবারস্থ লো দের ভরণপোষণের যে টাকা নিরূপণ হয় তদ্ভিন্ন রাজানুপালিতের মালগুজারী কি লাখেরাজ স ভূমির ও সকল ঘরের ও বসত বাটীর ও বিষয়ের টাকার ও অস্থাবর সর্ব্বপ্রকার দ্রব্যের অধ্যক্ষতাক কেবল ঐ কার্য্যাধ্যক্ষের প্রতি বর্ত্তিবে। কিন্তু প্রত্যে জন কার্য্যাধ্যক্ষ কোর্টের, এবং মহাল কি ভূমি যে লেকুটর সাহেবের তত্ত্বাবধারণে থাকে তাঁহার অধ হইবেন ইতি।

*কার্য্যাধ্যক্ষের কর্ত্তব্য কর্ম্মের কথা।*

৪৬ ধারা। সম্পত্তির কোন কার্য্যাধ্যক্ষ যে সক টাকা প্রাপ্ত হন তাহাইতে তিনি প্রথমেই রাজানুপা লিতের ভরণপোষণের অব ধারিত টাকা ও অধ্যক্ষতা কার্য্যের সমস্ত খরচ দিবেন তৎপরে গবর্ণমেণ্টের রাজস্বের মাসিক কিস্তি কি তাহার একাংশ দিবেন ইতি।

*কার্য্যাধ্যক্ষের প্রাপ্ত টাকা প্রয়োগের কথা।*

৪৭ ধারা। কালেকুটর সাহেবের কি অধ্যক্ষে হাতে যে টাকা থাকে দেও য়ানী আদালতহইতে সেই টাকা ক্রোক করিবার আজ্ঞা হইলে ঐ রাজানুপালিতের সম্পত্তির অধ্যক্ষতা কার্য্যের যে খরচ ও গবর্ণমেণ্টের যে রাজস্ব তৎকালে পাওনা থাকে তাহা ঐ ক্রোকের অগ্রে শোধ হইয়া ঐ ক্রোকের উদ্দেশ্য করা যাইবে।

*গবর্ণমেণ্টের রাজস্বের ও অধ্যক্ষতার খরচের অগ্রগণ্যতার কথা।*





*attachment. And no payment shall be made to the attaching creditor from any such sum until full provision shall have been made for the payment of such charges and revenue.*

**XLVIII.** Every manager shall deliver a monthly account current, accompanied with vouchers, of his receipts and disbursements to the collector in charge of the estate, who shall audit the disbursements therein specified.

*Manager to deliver accounts.*

**XLIX.** Whenever upon any such monthly account current there may be any surplus after making the several payments directed in section XLVI, such surplus shall, at the collector's discretion, with the sanction of the court, be carried to the credit of the ward, or shall be applied in liquidation of any debt which may affect the property of the ward or any part thereof, and subject thereto, the same shall, if no such debts be outstanding, be expended by the manager, subject to the directions of the court, for the improvement of the lands of the ward, or otherwise for the benefit of the property under his charge.

*Application of surplus accounts.*

**L.** Whenever the court in charge of a ward, shall think it unnecessary or unadvisable to appropriate any surplus receipts to the improvement of the lands already under the manager's charge, the same shall, by the direction and with the privity of the court, be applied in the purchase of other landed property, or at interest upon Government security, or in the purchase of Government paper securities, or such other securities, stocks, or shares guaranteed by the Government of India and approved of by the Board of Revenue, as to the court shall seem fit. All title-deeds and documents relating to any land purchased under the provisions aforesaid, and all Government paper securities, and other securities and shares as aforesaid, shall be deposited in such public treasury as the court may direct. The court shall obtain the treasurer's receipt for all deeds, documents, and papers when deposited in any such treasury, and shall transmit an attested copy thereof to the collector in charge of the estate, to be delivered by him to the manager. Every manager of an estate, and every guardian in charge of a ward shall deliver any title deeds, or Government or other securities belonging to the estate or property of a ward under his charge, to the said collector in charge of such estate, and such collector shall return a receipt for the same and transmit such deeds and securities to the court in charge of the

*Power to invest surplus.*

*Custody of securities and papers.*

এবং যে উত্তমর্ণ ক্রোক করেন উক্ত খরচ ও রাজস্ব দিবার সম্পূর্ণ বিধান না করা গেলে তাঁহাকে ঐ টাকা হইতে কিছু দেওয়া যাইবে না ইতি।

৪৮ ধারা। যে কালেকুটর সাহেব সম্পত্তির উপর কর্তৃত্বভার পান কার্য্যাধ্যক্ষ তাঁহাকে আপনার আয়ব্যয়ের প্রমাণপত্র সহিত মাসিক চলিত হিসাব দিবেন। কালেকুটর সাহেব ঐ হিসাবে লিখিত সকল ব্যয় আডিট করিবেন ইতি।

*কার্য্যাধ্যক্ষের হিসাব দিবার কথা।*

৪৯ ধারা। ৪৬ ধারার উল্লিখিত সকল টাকা দেওয়া গেলে পর যদি মাসিক চলিত হিসাব মতে কিছু উদ্বর্ত্ত থাকে, তবে কোর্টের অনুমতি লইয়া সেই উদ্বর্ত্ত টাকা কালেকুটর সাহেবের বিবেচনামতে রাজনুপালিতের হিসাবে জমা হইতে পারিবে, কিম্বা যে ঋণদ্বারা ঐ রাজানুপালিতের সম্পত্তির কি তাহার কোন অংশের হানি হইতে পারে ঐ উদ্বর্ত্ত টাকাহইতে সেই ঋণ শোধ করা যাইবে, তৎপশ্চাৎ ঋণ না থাকিলে কার্য্যাধক্ষ কোর্টের আদেশানুসারে রাজানুপালিতের ভূমির উন্নতি করণার্থে কিম্বা প্রকারান্তরে আপনার অধ্যক্ষতাগত সম্পত্তির হিতার্থে ঐ টাকা ব্যয় করিবেন ইতি।

*উদ্বর্ত্ত টাকা প্রয়োগের কথা।*

৫০ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে কোর্টের আধিপত্যে থাকেন, তাঁহার বিবেচনায়, কার্য্যাধ্যক্ষের অধীন ভূমির উন্নতির জন্যে উদ্বর্ত্ত টাকা নিরূপণ করা অনাবশ্যক কি অবিহিত বোধ হইলে, ঐ কোর্টের আদেশানুসারে ও সহজ্ঞানে ঐ টাকাতে অন্য ভূমি ক্রয় করা যাইবে, কিম্বা গবর্ণমেণ্টের প্রতিজ্ঞাধীনে তাহার সুদ চলিতে পারিবে, কিম্বা ঐ টাকাতে গবর্ণমেণ্টের সিকুরিটিপত্র কিম্বা কোর্ট বিহিত বোধ করিলে ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে সিকুরিটির কি ষ্টাকের কি শ্যারের সুদের প্রতিভূ হন ও রেবিনিউ বোর্ড যাহার অনুমোদন করেন তাহা ক্রয় করা যাইবে। পূর্ব্বোক্ত বিধানমতে যে ভূমি ক্রয় করা যায় কোর্ট সেই ভূমির সকল আগমপত্র ও নিদর্শনপত্র ও গবর্ণমেণ্টের পূর্ব্বোক্ত সকল সিকুরিটিপত্র ও অন্য সিকুরিটি ও শ্যার রাজকীয় যে খাজানাখানায় রাখিতে আজ্ঞা করেন তথায় গচ্ছিত করা যাইবে। যে সকল দলীল ও নিদর্শনপত্র ও কাগজপত্রাদি তদ্রূপ ট্রেজুরীতে গচ্ছিত করা যায়, কোর্ট ট্রেজুরর সাহেবের স্থানে তাহার রসীদ লইবেন, এবং ঐ সম্পত্তি যে কালেকুটর সাহেবের কর্তৃত্বে থাকে তাঁহার নিকটে ঐ রসীদের সত্যাকৃত প্রতিলিপি পাঠাইবেন। তিনি তাহা কার্য্যাধ্যক্ষকে দিবেন। রাজানুপালিতের সম্পত্তির প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও তাঁহার রক্ষণের ভারপ্রাপ্ত অভিভাবক আপনার তত্ত্বাধীন রাজানুপালিত ব্যক্তির মহালের কি সম্পত্তির আগমপত্র ও গবর্ণমেণ্ট কি অন্য সিকুরিটিপত্র ঐ সম্পত্তির কর্তৃত্ব ভারপ্রাপ্ত উক্ত কালেকুটর সাহেবকে দিবেন। কালেকুটর সাহেব তাহার রসীদ দিয়া ঐ নিদর্শনপত্র ও সিকুরিটী রাজানু-

*ভূম্যাদিক্রয় করণে উদ্বর্ত্ত টাকা প্রয়োগ করিবার কথা।*

*সিকুরিটী ও কাগজপত্র সংরক্ষণের কথা।*

ward, or deposit them in his public treasury as above directed. All interest or dividends which may become payable on Government or other securities or shares shall be paid to the manager, and shall be accounted for by him in his monthly account current.

Manager to deliver annual accounts.

LI. In addition to the monthly account current required in section XLVIII, the manager of every estate, at the expiration of every year, shall deliver to the collector in charge of such estate an annual account of all monies which have come to the hands of such manager during such year on account of such estate or on account of any property of such ward of which such collector may have charge, and of the application and disposal of all such monies; and the said collector shall audit the disbursements, and take order that the whole of the surplus receipts be duly appropriated in the manner specified in sections XLIX. and L.

Management of estate when funds deficient.

LII. Whenever it shall appear to the court that the produce of the estate of any ward or of any other property of the ward is insufficient to provide for the expenses of a separate establishment for the management in conformity with sections XXXIV. and XLI. of this Act, the court shall take such order as from the circumstances of the case may appear best calculated for providing for the security of the public revenue and for the interests of the ward.

Person to whom accounts are to be furnished.

LIII. When portions of the same estate of any ward may be situated in different districts of the same division, the monthly and annual accounts of all such estates or portions of an estate required to be furnished by the manager, shall be rendered to the collector in charge of the ward. When the property of the ward consists of different estates or lands or parts of the same estate or land in different divisions, it shall be optional with the Board of Revenue to order that the accounts for the lands in each district shall be submitted to the collector of that district, or to the collector in charge of the ward, or to the manager or sub-manager.

Power to place several estates under one manager.

LIV. Whenever two or more estates belonging to different wards are so situated that they can be conveniently superintended by one manager, the court may, if it shall see fit, entrust them, or so many of them as may seem convenient, to the management of the same manager.

পালিতের আধিপত্যপ্রাপ্ত কোর্টে প্রেরণ করিবেন, অথবা পূর্ব্ব আদেশমতে আপনার রাজকীয় খাজাঞ্চিখানায় গচ্ছিত করিবেন। গবর্ণমেণ্টের কি অন্য সিকুরিটির দ্বারা যে সুদ কি ডিবিডেণ্ড পাওনা হয় তাহা কার্য্যাধ্যক্ষকে দেওয়া যাইবে, তিনি আপন মাসিক হিসাবে তাহার হিসাব লিখিবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের বাৎসরিক হিসাব দিবার কথা

৫১ ধারা। ৪৮ ধারাতে যে মাসিক হিসাব দিবার আদেশ হইয়াছে তদ্ভিন্ন রাজানুপালিত ব্যক্তির মহাল কি সম্পত্তি যে কালেক্টর সাহেবের কর্তৃত্বে থাকে ঐ মহালের কার্য্যাধ্যক্ষ বৎসরের মধ্যে ঐ মহালের কিম্বা ঐ সম্পত্তির নিমিত্ত যে সকল টাকা পাইয়াছেন ও তাহার যেরূপে প্রয়োগ ও ব্যয় করিয়াছেন বৎসরের শেষে সেই কালেক্টর সাহেবকে তাহার বাৎসরিক হিসাব দিবেন। তিনি সেই ব্যয় আডিট করিয়া উদ্বর্ত্ত সমুদয় টাকা ৪৯ ও ৫০ ধারার নির্দ্দিষ্টমতে প্রয়োগ করা যায় এই বিষয়ে অবধান করিবেন ইতি।

আয়ে না কুলাইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৫২ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির মহাল কিম্বা অন্য সম্পত্তিহইতে যত টাকা আয় হয়, তাহাতে এই আইনের ৩৪ ও ৪১ ধারামতে কার্য্যাধ্যক্ষতার স্বতন্ত্র কর্ম্মকারকদিগের খরচ কুলাইবে না, কোর্ট ইহা দেখিতে পাইলে গতিক বিবেচনায় রাজানুপালিত ব্যক্তির রাজস্ব স্বার্থরক্ষার যে নিয়ম উত্তম বোধ হয় তাহা করিবেন ইতি।

হিসাব যাঁহাকে দিতে হইবে তাঁহার কথা।

৫৩ ধারা। যদি রাজানুপালিতের একি মহালের নানা অংশ একিখণ্ডের ভিন্ন জিলার মধ্যে থাকে, তবে যে কালেক্টর সাহেব রাজানুপালিতের কর্তৃত্বভার প্রাপ্ত হন, কার্য্যাধ্যক্ষ ঐ সকল মহালের কি একি মহালের সকল অংশের মাসিক ও বাৎসরিক হিসাব সেই কালেক্টর সাহেবকে দিবেন। যদি রাজানুপালিতের ভিন্ন২ মহাল কি ভূমি কি একি মহালের কি ভূমির ভিন্ন২ অংশ ভিন্ন খণ্ডে থাকে, তবে রেবিনিউ বোর্ড প্রত্যেক জিলার অন্তর্গত ভূমির হিসাব সেই জিলার কালেক্টর সাহেবকে, অথবা রাজানুপালিতের কর্তৃত্বভার যে কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তে তাঁহাকে, অথবা কার্য্যাধ্যক্ষকে কিম্বা অধীন কার্য্যাধ্যক্ষকে অর্থাৎ ইহারদের মধ্যে যাঁহাকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাকে ঐ হিসাব দিবার আজ্ঞা করিবেন ইতি।

অনেক মহাল একি কার্য্যাধ্যক্ষের অধীন করিবার ক্ষমতার কথা।

৫৪ ধারা। রাজানুপালিত ভিন্ন২ ব্যক্তিদের দুই কি তদধিক মহাল যেং স্থানে থাকে তদ্বিবেচনায় যদি তাহা সুবিধামতে একি কার্য্যাধ্যক্ষের তত্ত্বাধীন থাকিতে পারে, তবে কোর্ট বিহিত বোধ করিলে সেই সমুদয় মহাল কিম্বা তন্মধ্যে যত উপযুক্ত বোধ করেন তত মহাল একি কার্য্যাধ্যক্ষের অধীন করিতে পারিবেন ইতি।





No person to be guardian who can succeed to ward.

LV. No person who would be the next legal heir of a ward, or would otherwise be immediately interested in outliving such ward, shall be appointed to be his guardian. Provided, however, that this section shall not apply to the mother of a ward or to a testamentary guardian appointed under section XXXI.

Mode of appointing guardians.

LVI. Every guardian shall be appointed in the manner hereinbefore provided for the appointment of managers. Provided always that none but a female shall be appointed guardian of a female ward. Provided also that none but a person of the same religion, if Hindoo or Mahomedan, shall, except in the case of a testamentary guardian, be appointed guardian of a female ward, preference being given to female relatives if any such be eligible. Every guardian shall be subordinate to the court and to the collector exercising the duties of the court under sections XI, XII, XIV, and XV.

Power to dispense with guardian of female ward.

LVII. It shall be lawful for the court to empower any female ward herself to receive and disburse the allowance fixed for her maintenance, and in such case no guardian shall be appointed, or the guardian, if already appointed, shall be removed.

Remuneration for guardian may be ordered.

LVIII. The court may order reasonable remuneration to be paid from the allowance fixed for the maintenance of any ward to the guardian of such ward.

Guardian to give security.

LIX. The guardian, previous to the receipt of his commission, shall give security for the due performance of his duty during the continuance of it, and shall execute an agreement with the collector for the time being in charge of the ward in the form in Schedule (B). Provided that with the assent of the Board of Revenue such security may be dispensed with. Provided also that no security shall be required from a testamentary guardian.

Establishment of servants to be fixed.

LX. An establishment of necessary servants to act under the guardian shall be fixed by the court, and the expense thereof shall be defrayed from the allowance fixed for the support of the ward.

যে ব্যক্তি রাজানুপালিতের দায়াধিকারী হইতে পারেন তাঁহাকে অভিভাবক পদে নিযুক্ত না করিবার কথা।

৫৫ ধারা। যে ব্যক্তি ব্যবস্থাক্রমে রাজানুপালিতের আসন্ন উত্তরাধিকারী হন কিম্বা তাঁহার উত্তরজীবী হইলে অগৌণে যে ব্যক্তির স্বার্থের উত্তর হয়, এমত ব্যক্তি তাঁহার অভিভাবক পদে নিযুক্ত হইবেন না। কিন্তু রাজানুপালিত বালকের মাতার প্রতি কিম্বা ৩১ ধারামতে নিযুক্ত চরমপত্রনির্ণীত অভিভাবকের প্রতি এই ধারা বর্ত্তে না ইতি।

অভিভাবকদিগকে নিযুক্ত করিবার নিয়মের কথা।

৫৬ ধারা। এই আইনে কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিবার যে বিধান হইয়াছে অভিভাবক সেই বিধানমতে নিযুক্ত হইবেন, কিন্তু রাজানুপালিত ব্যক্তি স্ত্রী হইলে স্ত্রীলোকভিন্ন অভিভাবক নিযুক্ত হইবেন না। আরো রাজানুপালিতা বালিকা হিন্দু কি মুসলমান যে ধর্ম্মসংক্রান্ত হন, অভিভাবক চরমপত্রে নির্ণীত না হইলে তাঁহার সধর্ম্মীয় লোকভিন্ন কেহ তাঁহার অভিভাবক পদে নিযুক্ত হইবেন না। তাহার সকুল্যার মধ্যে উপযুক্ত স্ত্রীলোক থাকিলে তিনিই প্রথমে নিযুক্ত হইবার যোগ্য। প্রত্যেক অভিভাবক কোর্টের অধীন এবং ১১, ১২, ১৪ ও ১৫ ধারামতে যে কালেক্টর সাহেব কোর্টের কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করেন তাঁহার অধীন হইবেন ইতি।

রাজানুপালিতা বালিকার অভিভাবক না রাখিবার কথা।

৫৭ ধারা। কোর্ট রাজানুপালিতা স্ত্রীর প্রতি স্বীয় ভরণপোষণের নিরূপিত টাকা লইবার ও খরচ করিবার অনুমতি দিতে পারিবেন, তাহা হইলে অভিভাবক নিযুক্ত হইবেন না, নিযুক্ত থাকিলে তাঁহাকে বিদায় করা যাইবে ইতি।

অভিভাবকের পারিশ্রমিক পাইবার আজ্ঞার কথা।

৫৮ ধারা। কোর্ট রাজানুপালিতের ভরণপোষণের নিরূপিত টাকাহইতে অভিভাবকের উপযুক্ত পারিশ্রমিক পাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অভিভাবকের প্রতিভূ দিবার কথা।

৫৯ ধারা। অভিভাবক আপন পদের ক্ষমতাপত্র পাইবার পূর্ব্বে যত কাল সেই পদে থাকেন তত কাল আপনার কর্ত্তব্যকর্ম্ম উপযুক্তমতে সম্পাদন করণের প্রতিভূ দিবেন। এবং রাজানুপালিত ব্যক্তি যৎকালে যে কালেক্টর সাহেবের অধ্যক্ষতায় থাকেন তাঁহার নিকট B তফসীলের পাঠানুযায়ি নিয়মপত্র লিখিয়া দিবেন। কিন্তু রেবিনিউ বোর্ডের অনুমতি হইলে সেই প্রতিভূ দেওয়া ক্ষমা হইতে পারিবে। আরো চরমপত্র নির্ণীত অভিভাবকের স্থানে প্রতিভূ লওয়া যাইবে না ইতি।

ভৃত্যগণের সংখ্যা নিরূপণ হইবার কথা।

৬০ ধারা। উক্ত কোর্ট অভিভাবকের অধীনে কর্ম্ম করণার্থ প্রয়োজনমত ভৃত্যাদি নিযুক্ত করিবেন। তাহারদের বেতন রাজানুপালিতের ভরণপোষণের নিরূপিত টাকাহইতে দেওয়া যাইবে ইতি।

**LXI.** The right to the custody of the person of every ward not being an adult female, is hereby vested in the person who for the time being may be guardian of such ward under this Act, or, in the absence of such person, in the collector in charge of such ward. Provided always that no guardian shall be appointed nor continued for a female ward if she has an adult husband.

Custody of persons of wards.

**LXII.** The guardian shall deliver a monthly account current, accompanied by vouchers, of his receipts and disbursements to the collector in charge of the ward, who shall audit the disbursements therein specified, and see that the receipts have been fairly and duly appropriated. The guardian shall also deliver an annual account current which shall be in like manner audited by such collector, and if there shall be any surplus remaining in the hands of such guardian which such collector may think unnecessary for the guardian's expenses in the ensuing year, he shall cause the same to be paid into court to the credit of the ward, and the same shall be applied by the court for the increase of the property of the ward in manner hereinbefore provided for the application of the surplus of the income of such minor.

Guardian to give account of expenses.

**LXIII.** Nothing in the preceding sections shall be held to interfere with the provisions of the said Act XXXV of 1858.

Saving of Act XXXV of 1858.

PART VIII.

*Education of Minors.*

**LXIV.** The general superintendence and control of the education of every minor ward is hereby vested in the court.

Education of minor wards.

**LXV.** It shall be lawful for the court to direct that any such minor, if a male, shall reside either with or apart from his guardian at the sudder station of the district or at any other place approved of by the Board of Revenue, and shall attend, for the purposes of education, such school or college as to the Board of Revenue may seem expedient, or be educated either at his own home or elsewhere by a private tutor, and to make such provision as may be necessary for the proper care and suitable maintenance of the said minor whilst attending such school or college.

Residence of minors.



৬১ ধারা। এই আইনমতে যিনি যে সময়ে বয়োপ্রাপ্ত স্ত্রীলোকভিন্ন রাজানুপালিত ব্যক্তির অভিভাবক পদে নিযুক্ত হন তাঁহার প্রতি ঐ ব্যক্তির রক্ষণাবেক্ষণের অধিকার বর্ত্তিবে, অভিভাবক না থাকিলে যে কালেক্টর সাহেবের প্রতি রাজানপালিতের কর্ত্তৃত্ব ভার থাকে তাঁহার প্রতি ঐ অধিকার বর্ত্তিবে। পরন্তু রাজানুপালিতা স্ত্রীর স্বামী বয়োপ্রাপ্ত হইলে অভিভাবক নিযুক্ত হইবেন না, ও হইলে থাকিবেন না ইতি।

রাজানুপালিতের রক্ষণাবেক্ষণের কথা।

৬২ ধারা। যে কালেক্টর সাহেব রাজানুপালিতের কর্ত্তৃত্ব ভারপ্রাপ্ত হন, অভিভাবক তাঁহাকে আয় ব্যয়ের প্রমাণপত্র সহিত মাসিক চলিত হিসাব দিবেন। কালেক্টর সাহেব ঐ হিসাবের লিখিত ব্যয় আডিট করিবেন এবং ন্যায় ও যথোচিতমতে আয়ের প্রয়োগ হইয়াছে ইহা দেখিবেন। তদ্ভিন্ন অভিভাবক বার্ষিক হিসাব দিবেন। কালেক্টর সাহেব তাহাও আডিট করিবেন। এবং অভিভাবকের হাতে উদ্বর্ত্ত থাকিলে, ও আগামি বৎসরের খরচের নিমিত্তে সেই উদ্বর্ত্ত টাকাতে প্রয়োজন নাই কালেক্টর সাহেব এমত জ্ঞান করিলে, সেই টাকা কোর্টে আনাইয়া রাজানুপালিতের নামে জমা করাইবেন এবং রাজানুপালিতের সম্পত্তি বর্দ্ধনার্থে তাঁহার আয়ের উদ্বর্ত্ত টাকা প্রয়োগ করিবার যে বিধি পূর্ব্বে হইয়াছে কোর্ট সেই টাকাও তদ্রূপে প্রয়োগ করিবেন ইতি।

ব্যয়াদির হিসাব অভিভাবকের দিতে হইবার কথা।

৬৩ ধারা। ইহার পূর্ব্ব কোন ধারার কথাক্রমে ১৮৫৮ সালের উক্ত ৩৫ আইনের বিধানের যে বৈলক্ষণ্য হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

১৮৫৮ সালের ৩৫ আইন প্রবল রাখিবার কথা।

অষ্টম অধ্যায়।

বালকদের শিক্ষাদানের কথা।

৬৪ ধারা। এতৎক্রমে রাজানুপালিত প্রত্যেক বালকের শিক্ষাসংক্রান্ত সাধারণ তত্ত্ববিধান ও কর্ত্তৃত্ব ভার কোর্টের প্রতি অর্পিত হইল ইতি।

রাজানুপালিত বালকদের শিক্ষাদানের কথা।

৬৫ ধারা। বালক জিলার সদর স্থানে কিম্বা রেবিনিউ বোর্ডের অনুমোদিত অন্য কোন স্থানে অভিভাবকের সহিত কিম্বা স্বতন্ত্র বাস করিয়া, বিদ্যানুশীলন করিবার জন্যে রেবিনিউ বোর্ড যে স্কুল কি কালেজ উপযুক্ত জ্ঞান করেন তথায় যান কিম্বা স্বগৃহে কি অন্য স্থানে বিশেষ শিক্ষকহইতে শিক্ষা পান, উক্ত কোর্ট এমত আজ্ঞা করিতে পারিবেন। এবং বালক যত কাল স্কুলে কি কালেজে যান তত কাল তাঁহার উপযুক্ত রক্ষণাবেক্ষণের ও যথা বিধি ভরণপোষণের প্রয়োজনীয় নিয়ম করিবেন ইতি।

বালকদের বাসস্থানের কথা।



**LXVI.** All charges and expenses which may be incurred on account of any such minor ward under the provisions of this Act for college or school fees, or for other charges of tuition or education, or by reason of his residence in any place other than his own home or otherwise, shall be defrayed from the profits of the property.

Expenses of education of minors.

PART IX.

*Debts of the Estate.*

**LXVII.** Every manager to whom the existence of any debt payable out of any estate or out of any other property in his charge under this Act may become known, shall immediately report the same to the collector, who shall without delay report to the court the nature and amount of such debt, and in such report shall state his opinion respecting the best mode of satisfying the same.

Debts to be reported to court.

**LXVIII.** With the consent of the Board of Revenue it shall be competent to the court in charge of any ward, in any case in which it shall appear expedient, to sell or mortgage any property of a ward for the purpose of liquidating any just debts due in respect of the property of such ward, *or for the purpose of raising any money for the cost of any suit in which the ward may be a party, or for the purchase of any share of any property of which the ward may be a co-sharer, and for the default in payment of the revenue of which the ward's share may, under the provisions of Act XI. of* 1859, *passed by the Legislative Council of India, be liable to sale,* and for the purpose of any such sale or mortgage, any conveyance executed by the collector in charge of the ward, under the order of the court, shall be valid to pass the estate and inheritance, right, title, and interest in the property in such conveyance mentioned of such ward and of every person whom such ward, if not disqualified, could have bound by a conveyance made for the payment of the debts of the ancestor from whom such property descended. If the property so ordered to be sold or mortgaged be part of an estate of which such ward be the sole proprietor, or if it be a share of an estate separated under the said Act XI of 1859, and if it shall appear to the court that it will be to the interest of such ward or of the

Power of sale and mortgage for the payment of debts.



৬৬ ধারা। এই আইনের বিধানমতে পূর্ব্বোক্ত রাজানুপালিত বালকের স্কুলে কি কালেজে যাওয়ার খরচ ও বেতনাদি কিম্বা বিদ্যাধ্যাপনের কি বিদ্যাশিক্ষার কিম্বা স্বগৃহভিন্ন অন্যত্র বাস করণ প্রভৃতির যে খরচ হয়, তাহা তাঁহার সম্পত্তির উৎপন্ন লাভহইতে শোধ হইবে ইতি।

বালকদের শিক্ষাসংক্রান্ত খরচের কথা।

নবম অধ্যায়।

মহালের ঋণের বিধি।

৬৭ ধারা। এই আইনমতে যে মহাল প্রভৃতি কার্য্যাধ্যক্ষের অধ্যক্ষতায় থাকে রাজানুপালিতের এমত কোন মহালহইতে কিম্বা তাঁহার অন্য সম্পত্তিহইতে যে ঋণ শোধ হইতে পারে কার্য্যাধ্যক্ষ এমত ঋণের কথা জানিতে পাইলেই কালেক্টর সাহেবের নিকট রিপোর্ট করিবেন। ঐ ঋণ যে প্রকারের ও যত টাকার হয় এই কথা কালেক্টর সাহেব অগৌণে কোর্টে রিপোর্ট করিবেন, এবং তাহা শোধ করিবার যে নিয়ম যথাবিহিত এই বিষয়ে আপনার যে মত হয় তাহাও সেই রিপোর্টে জানাইবেন ইতি।

কোর্টে ঋণের কথা জানাইবার কথা।

৬৮ ধারা। উক্ত রাজানুপালিতের যে সম্পত্তির উপর যে ন্যায্য ঋণের দায় বর্ত্তে তাহা পরিশোধ করিবার নিমিত্তে, কিম্বা উক্ত রাজানুপালিত ব্যক্তি কোন মোকদ্দমায় এক পক্ষ হইলে তাহার খরচের টাকা তুলিবার নিমিত্তে, কিম্বা রাজানুপালিত যে সম্পত্তির অংশী হন তাহার কোন অংশ ক্রয় করিবার নিমিত্তে ও বাকী যে রাজস্বের জন্যে ব্যবস্থা স্থাপনার্থ ভারতবর্ষের মন্ত্রিসভার প্রণীত ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে ঐ রাজানুপালিতের অংশ বিক্রয় হইতে পারে তদ্ধেতুক রাজানুপালিতের আধিপত্যভার যে কোর্টের প্রতি থাকে সেই কোর্ট বিহিত বোধ করিলে রেবিনিউ বোর্ডের অনুমতি গ্রহণপূর্ব্বক সেই সম্পত্তি বিক্রয় করিতে কিম্বা বন্ধক দিতে পারিবেন। এবং যে কালেক্টর সাহেব ঐ রাজানুপালিতের কর্ত্তৃত্ব ভারপ্রাপ্ত হন তিনি কোর্টের আজ্ঞাক্রমে তদ্রূপ বিক্রয়ের কি বন্ধকের উপলক্ষে হস্তান্তরকরণপত্র সম্পাদন করিলে তল্লিখিত সম্পত্তিতে ঐ রাজানুপালিতের স্বামিত্ব ও উত্তরাধিকারিত্ব ও অধিকার ও স্বত্ব ও সম্পর্ক হস্তান্তর করণার্থে এবং পূর্ব্বাধিকারি যে ব্যক্তিহইতে ঐ সম্পত্তি প্রাপ্ত হওয়া যায় ঐ রাজানুপালিত ব্যক্তি অযোগ্য না হইলে তাঁহার ঋণশোধ করণার্থে যে সকল ব্যক্তিকে হস্তান্তরকরণপত্রদ্বারা আবদ্ধ করিতে পারিতেন ঐ সম্পত্তিতে তাহারদের স্বামিত্বপ্রভৃতি হস্তান্তর করণার্থে ঐ হস্তান্তর করণপত্র সিদ্ধ হইবে। যে সম্পত্তি তদ্রূপে বিক্রয় করিবার কি বন্ধক দিবার আজ্ঞা হয় ঐ রাজানুপালিত ব্যক্তি একক যে মহালের অধিকারী, যদি ঐ সম্পত্তি সেই মহালের একাংশ হয়, কিম্বা ১৮৫৯ সালের ১১ আইনমতে মহালের স্বতন্ত্রীকৃত অংশ হয়, এবং উক্ত প্রকারে বিক্রয় করণের কি বন্ধক দেওনের পূর্ব্বে

ঋণ শোধ করিবার জন্যে বিক্রয় করিবার ও বন্ধক দিবার ক্ষমতার কথা।

Government that such part or share be formed into a separate estate prior to such sale or mortgage being effected, it shall be competent to the court to direct the collector within whose jurisdiction such part or share be situate, to partition it off into a separate estate, and such partition shall be conducted in accordance with the law which may be for the time being in force for the partition of estates.

---

## PART X.

*Suits.*

Manager to be next friend or guardian in suits by or against ward.

LXIX. In every suit brought by or against any ward in any court other than the High Court, he shall be therein described as a ward of court; and in case he have a manager of his estate or estates as hereinbefore provided, such manager shall in such suit be named as next friend or guardian in the suit of such ward, and shall in such suit represent such ward, and no other person shall sue as next friend or be named as guardian in the suit by any civil court in which such suit may be pending. But the court of wards may by an order nominate or substitute any other person to be next friend or guardian in any suit; and upon receiving a copy of any such order of substitution, the court in which such suit shall be pending shall substitute the name of the next friend or guardian in the suit so appointed, for the name of the manager of the ward's property. If the ward have no manager, the collector in charge of such ward shall be named as next friend or guardian in the suit of such ward.

Payment of costs of manager.

*LXX. If in any suit instituted by or against a ward any civil court may decree any costs against the manager as guardian or next friend, or against any other person nominated as guardian or next friend under the provisions of section LXIX, the court shall cause such costs to be paid out of any property of the ward which for the time being may be in its hands.*

Process against wards to be served through court.

LXXI. Every process which may be issued out of any civil court other than the high court against any ward, shall be served, through the court, upon the next friend or guar-



সেই অংশ স্বতন্ত্র মহাল করিলে ঐ রাজানুপালিতের কিম্বা গবর্ণমেন্টের স্বার্থ রক্ষা হইবে যদি কোর্টের এমত অনুভব হয়, তবে ঐ ভাগ কি অংশ যে কালেক্টর সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে কোর্ট সেই কালেক্টর সাহেবকে মহালের সেই অংশ পৃথক্ করিয়া স্বতন্ত্র মহাল করিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং মহাল বিভাগ করণের যে আইন যে সময়ে প্রচলিত হয় সেই আইনঅনুসারে ঐ বিভাগকরণ কার্য্য করা যাইবে ইতি।

---

দশম অধ্যায়।

মোকদ্দমার বিধি।

রাজানুপালিতের পক্ষে কি বিপক্ষে মোকদ্দমা হইলে কার্য্যাধ্যক্ষকে তাহার আসন্ন কুটুম্ব কি অভিভাবক স্বরূপ করিবার কথা।

৬৯ ধারা। হাই কোর্টভিন্ন কোন আদালতে কোন রাজানুপালিতের দ্বারা কি তদ্বিপক্ষে প্রার্থনাপত্র উপস্থিত করা গেলে তন্মধ্যে কোর্টের অনুপালিত বলিয়া তাঁহার বর্ণনা দিতে হইবে। এবং পূর্ব্বোক্ত বিধানমতে তাঁহার মহাল কি মহাল সকলের কার্য্যাধ্যক্ষ থাকিলে উক্ত প্রার্থনাপত্রে সেই কার্য্যাধ্যক্ষ উক্ত রাজানুপালিতের মোকদ্দমায় আসন্ন কুটুম্ব কিম্বা অভিভাবক বলিয়া খ্যাত হইবেন। তিনি সেই মোকদ্দমায় ঐ রাজানুপালিতের স্থলাভিষিক্ত হইবেন ও অন্য কোন ব্যক্তি আসন্ন কুটুম্বস্বরূপ প্রার্থনা করিতে পারিবেন না এবং মোকদ্দমা দেওয়ানী যে আদালতে উপস্থিত থাকে তৎকর্ত্তৃক অন্য কোন ব্যক্তি অভিভাবক নামে খ্যাত হইবেন না। কিন্তু কোর্ট ওয়ার্ডস আজ্ঞাপত্র প্রচার করিয়া কার্য্যাধ্যক্ষের পরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে উক্ত মোকদ্দমায় আসন্ন কুটুম্ব কি অভিভাবকস্বরূপ মনোনীত কি নিযুক্ত করিতে পারিবেন। ও মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে সেই আদালত ঐ পরিবর্ত্তনসূচক আজ্ঞাপত্রের প্রতিলিপি প্রাপ্ত হইলে, রাজানুপালিতের সম্পত্তির কার্য্যাধ্যক্ষের নামের পরিবর্ত্তে মোকদ্দমায় তদ্রূপ নিযুক্ত আসন্নকুটুম্বের কিম্বা অভিভাবকের নাম লিখিবেন। রাজানুপালিতের কার্য্যাধ্যক্ষ না থাকিলে তাঁহার কর্ত্তৃত্ব ভার যে কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তে তিনিই ঐ রাজানুপালিতের আসন্ন কুটুম্ব কি অভিভাবক বলিয়া খ্যাত হইবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের খরচা দিবার কথা।

৭০ ধারা। রাজানুপালিতের দ্বারা কি তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি কোন দেওয়ান আদালত তাহার অভিভাবক কিম্বা আসন্নকুটুম্ব বলিয়া কার্য্যাধ্যক্ষের নামে কিম্বা ৬৯ ধারার বিধানমতে অভিভাবক কিম্বা আসন্ন কুটুম্বস্বরূপ মনোনীত অন্য ব্যক্তির নামে কোন খরচার ডিক্রী করেন, তবে তৎকালে আদালতের হাতে রাজানুপালিতের যে সম্পত্তি থাকে আদালত তাহা হইতে ঐ খরচা দেওয়াইবেন ইতি।

রাজানুপালিতের নামে পরওয়ানা হইলে কোর্টের দ্বারা পর্য্যর্পণ হইবার কথা।

৭১ ধারা। হাই কোর্টভিন্ন দেওয়ানী আদালতহইতে কোন রাজানুপালিতের নামে পরওয়ানা বাহির হইলে তাহা কোর্টের দ্বারা ঐ রাজানুপালিতের মোকদ্দমায়



dian in the suit of such ward and upon the collector in charge of the estate of such ward.

Suits not to be brought on behalf of minors.

LXXII. No suit shall be brought on behalf of any ward: Provided that nothing herein shall be deemed or taken to apply to any suit instituted or depending in the High Court unless the same be authorized by some order of the court in charge of such ward.

Power to compromise suit by or against ward.

*LXXIII. It shall be lawful for the court to submit to arbitration, or otherwise to compromise, any claim which may be made by or on behalf of or against any ward, and every such submission to arbitration or compromise shall have the same force and effect as if the ward were not subject to any disqualification and had personally entered into such submission or compromise; and for the purpose of any such compromise, any conveyance executed by the collector under the orders of the court shall be valid to pass the estate and inheritance, right, title, and interest in the property therein comprised of the ward, and of all persons whom such ward, if not disqualified, could have bound by a conveyance made for the payment of the debts of the ancestor from whom such property descended.*

---

## PART XI.

*Adoption.*

Adoption by ward invalid without consent of Lieutenant-Governor.

LXXIV. No adoption by any ward and no written or verbal permission to adopt given by any ward is to be deemed valid without the previous consent of the Lieutenant-Governor, on application made to him through the court and Board of Revenue.

---

## PART XII.

*Miscellaneous.*

Tenures of wards' estates under collector.

LXXV. Farmers and others holding tenures in estates in charge of the court direct from the collector shall be subject to the same rules, regulations and acts as are applicable to other persons holding similar tenures and interests under collectors of the land revenue; but



আসন্ন কুটুম্বকে কি অভিভাবককে এবং রাজানুপালিতের মহালের কর্ত্তৃত্ব ভারপ্রাপ্ত কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে ইতি।

বালকের সপক্ষ মোকদ্দমা উপস্থিত না করিবার কথা।

৭২ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির পক্ষে মোকদ্দমা উপস্থিত করা যাইবে না। কিন্তু ঐ রাজানুপালিতের অধ্যক্ষতা ভার যে কোর্টের প্রতি থাকে সেই কোর্টের কোন আজ্ঞাক্রমে অনুমতি না হইলে হাই কোর্টে যে মোকদ্দমা উপস্থিত করা যায় কি উপস্থিত থাকে এই ধারার কোন কথা তাহার প্রতি বর্ত্তে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

রাজানুপালিতের দ্বারা কি তাহার নামে মোকদ্দমা হইলে তাহা রফা করিবার ক্ষমতার কথা।

৭৩ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির সপক্ষে কি বিপক্ষে কোন দাওয়া উপস্থিত করা গেলে, আদালত তাহা মধ্যস্থের প্রতি অর্পণ করিতে কিম্বা প্রকারান্তরে মিটাইয়া দিতে পারিবেন এবং রাজানুপালিত ব্যক্তি কোন প্রকারে অযোগ্য না হইয়া স্বয়ং মধ্যস্থালিতে সমর্পণের কি মিটাইবার সেই কার্য্য করিলে তাহা যদ্রূপ বলবৎ ও ফলবৎ হইত ঐ মধ্যস্থালিতে সমর্পণের ও মিটাইবার সেই কার্য্য তদ্রূপই ফলবৎ ও বলবৎ হইবে। এবং মিটাইয়া দিবার উক্ত কার্য্যোপলক্ষে কালেক্টর সাহেব আদালতের আজ্ঞাক্রমে হস্তান্তর করণপত্র সম্পাদন করিলে, তল্লিখিত সম্পত্তিতে ঐ রাজানুপালিতের স্বামিত্ব ও উত্তরাধিকারিত্ব ও অধিকার ও স্বত্ব ও সম্পর্ক হস্তান্তর করণার্থে এবং যে পূর্ব্বাধিকারিহইতে ঐ সম্পত্তি প্রাপ্ত হওয়া যায় ঐ রাজানুপালিত ব্যক্তি অযোগ্য না হইলে তাঁহার ঋণশোধ করণার্থ যে সকল ব্যক্তিকে হস্তান্তর করণপত্রদ্বারা আবদ্ধ করিতে পারিতেন ঐ সম্পত্তিতে তাহারদেরও স্বামিত্ব প্রভৃতি হস্তান্তর করণার্থে ঐ হস্তান্তর করণপত্র সিদ্ধ হইবে ইতি।

---

একাদশ অধ্যায়।

পোষ্যপুত্র গ্রহণের বিধি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন রাজানুপালিতের পোষ্যপুত্র গ্রহণ অসিদ্ধ হইবার কথা।

৭৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোর্টের এবং রেবিনিউ বোর্ডের প্রার্থনাক্রমে সম্মত না হইলে পোষ্যপুত্র গ্রহণ করণার্থ কোন রাজানুপালিতের লিখিত কি বাচনিক অনুমতি সিদ্ধ হইবে না ইতি।

---

দ্বাদশ অধ্যায়।

বিবিধ বিষয়ের বিধি।

কালেক্টর সাহেবের অধীন রাজানুপালিতের মহালের পাট্টার কথা।

৭৫ ধারা। কোর্টের অধ্যক্ষতায় যে মহাল থাকে ইজারদারেরা ও অন্য যে ব্যক্তিরা নিজ কালেক্টর সাহেবের অধীনে তদন্তর্গত ভূমি ভোগ করেন, ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের স্থানে তদ্রূপ পাট্টা ও সম্পর্ক প্রাপ্ত অন্য ব্যক্তিদের প্রতি যে সকল

when the farm is held from the manager these rules, regulations and acts, shall not apply.

When estate managed by collector, he is to submit same accounts as manager.

LXXVI. When a ward's property is managed wholly or in part under the system of farms held direct from the collector, or is managed direct by the collector, the collector shall prepare and submit to the court the same accounts that are ordered to be prepared by the manager when the property is managed by a manager.

Procedure on termination of wardship.

LXXVII. Whenever an estate shall cease to belong to a disqualified proprietor, or it shall be considered advisable to remove an estate from the superintendence and jurisdiction of the court, the court shall make an order that the superintendence and jurisdiction of the court over such estate shall cease on a date not more than sixty, and not less than fifteen days from the date of such order. Immediately on issue of this order a copy of such order shall be posted up in the office of the court, and copies thereof shall be sent to the collector in charge of the ward, and to every collector in charge of any estate or property of such ward, and every such collector shall forthwith, on receipt of such copy, notify the intended cessation of the court's charge by a notice put up in such collector's office, and in some conspicuous place in the estate.

Accounts to be furnished on termination of wardship.

LXXVIII. When an estate under the court of wards is released from the superintendence of such court a list in duplicate of the papers to be delivered, and of all immoveable and moveable property which may be in the custody or charge of the court or of any collector or manager, shall be made by such officer of the court as the court may direct, and such papers and moveable property shall be given up to the late ward or other person who shall succeed to his estate with one of the lists, on a receipt being affixed to the other, signed either by the late ward or the person who shall succeed to his estate, or by some person authorized to act on his behalf; also a complete account of the management, while under the superintendence of the court, of the property of the proprietor of such estate from the beginning, shall be prepared by the manager or collector (as the case may be) and submitted to the court, and a copy thereof given to the late ward, or to the person who shall succeed to his estate.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৭ মে।]

আইন ও বিধি খাটে সেই ইজারদার প্রভৃতির প্রতি সেই আইন ও বিধি খাটিবে, কিন্তু কার্য্যাধ্যক্ষেরস্থানে ইজারা পাইলে সেই আইন ও বিধি খাটিবে না ইতি।

কালেক্টর সাহেব মহালের কার্য্যাধক্ষতা করিলে কার্য্যাধক্ষের ন্যায় তাঁহার হিসাব দিবার কথা।

৭৬ ধারা। নিজ কালেকুটর সাহেবের স্থানে প্রাপ্ত ইজারার নিয়মানুসারে রাজানুপালিতের সমুদয় সম্পত্তির কি তদংশের কার্য্যাধক্ষতা হইলে কিম্বা নিজ কালেকুটর সাহেবের দ্বারা ঐ কার্য্য নির্ব্বাহ হইলে, কার্য্যাধ্যক্ষ মহালের কার্য্য নির্ব্বাহ করিলে তাঁহার প্রতি যে সকল হিসাব প্রস্তুত করিবার আজ্ঞা হয় কালেকুটর সাহেবেরও সেই সকল হিসাব প্রস্তুত করিয়া সমর্পণ করিতে হইবে ইতি।

বালকত্ব রহিত হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

৭৭ ধারা। কোন মহালে অযোগ্য ভূম্যধিকারির অধিকার রহিত হইলে কিম্বা কোর্টের তত্ত্বাবধারণ ও আধিপত্যহইতে মহাল পৃথক্ করা বিহিত বোধ হইলে, কোর্ট আজ্ঞা করিবেন যে ঐ মহালের উপর কোর্টের তত্ত্বাবধারণ ও আধিপত্য ঐ অনুজ্ঞাপত্রের তারিখঅবধি পঞ্চদশ দিনের অন্যূন ও ষষ্টিদিনের অনধিক কোন দিনে রহিত হইবে।
ঐ আজ্ঞা প্রচার হইলেই তাহার প্রতিলিপি কোর্টের কার্য্যালয়ে লাগাইয়া দেওয়া যাইবে. এবং বালকের কর্ত্তৃত্ব ভার যে কালেকুটর সাহেবের ও বালকের যে মহাল কি সম্পত্তি যে কালেকুটর সাহেবের প্রতি অর্পিত থাকে, তাঁহার নিকটে ঐ আজ্ঞার প্রতিলিপি পাঠাইতে হইবে। উক্ত প্রত্যেক কালেকুটর সাহেব সেই প্রতিলিপি পাইলে আপনার কার্য্যালয়ে ও মহালের অন্তর্গত কোন প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া দিয়া কোর্টের সেই অধ্যক্ষতা রহিত হইবার কল্পনার সম্বাদ দিবেন ইতি।

রাজানুপালনের সময়গত হইলে হিসাব দিতে হইবার কথা।

৭৮ ধারা। রাজানুপালিতদের কোর্টের অধীন কোন মহাল ঐ কোর্টের তত্ত্বাধীনতা হইতে মুক্ত হইলে, যে সকল পত্রাদি সমর্পণ করিতে হইবে, এবং স্থাবর অস্থাবর যে সম্পাত্তি কোর্টের কিম্বা কোন কালেক্টর সাহেবের কি কার্য্যাধ্যক্ষের রক্ষণে কি অধ্যক্ষতায় থাকে, কোর্ট আপনার যে কর্ম্মকারককে আজ্ঞা করেন তিনি ঐ পত্রাদির দুইখানি নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। যিনি রাজানুপালিত ছিলেন তিনি কিম্বা যে ব্যক্তি তাঁহার সম্পত্তি প্রাপ্ত হইয়াছেন কিম্বা তৎপক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি উক্ত এক নির্ঘণ্টপত্রে রসীদ লিখিয়া দিলে, নির্ঘণ্টপত্রের অন্য প্রস্থ সহিত উক্ত কাগজপত্র ও অস্থাবর সম্পত্তি সেই ভুতপূর্ব্ব রাজানুপালিতের হস্তে কিম্বা অন্য যে ব্যক্তিরা তাঁহার সম্পত্তি প্রাপ্ত হন তাঁহারদের হস্তে সমর্পণ করা যাইবে। আরো ঐ মহালের অধিকারির সম্পাত্তি যত কাল কোর্টের কর্ত্তৃতাধীন ছিল কার্য্যাধ্যক্ষ কিম্বা বিষয়ানুসারে কালেকুটর সাহেব প্রথমাবধি সেই সম্পত্তির কার্য্যাধ্যক্ষতাঘটিত সমস্ত হিসাব প্রস্তুত করিয়া কোর্টের সম্মুখে অর্পণ করিবেন ও তাহার প্রতিলিপি ভূতপূর্ব্ব রাজানুপালিতকে কিম্বা যে ব্যক্তি তাঁহার সম্পত্তি প্রাপ্ত হন তাঁহাকে দেওয়া যাইবে ইতি।



Where succession litigated, court may continue possession.

LXXIX. If on the death of any ward the succession to his property or any part thereof be in dispute, it shall be competent to the court, if it think fit, to continue the charge and management of such property or part thereof under the provisions of this Act, until an order for making over the possession and management of such estate shall have been made by a competent court.

Power to sell property the succession to which is in dispute.

LXXX. If within one year after the death of a ward the succession to whose property or some part thereof is in dispute, no suit be instituted to determine the right to the property so in dispute, it shall be lawful to the court with the sanction of the Board of Revenue either to make over such property to any claimant thereof, or to cause the same to be sold by public auction and the proceeds thereof, after deducting therefrom sums payable to Government, to be invested in Government promissory notes: such notes to be held by the court in trust for the person who may be entitled thereto.

Effect of sale.

LXXXI. Every sale to be made in pursuance of the last preceding section shall be valid to pass the right, title, and interest in the property so sold, of such deceased ward and of every person claiming by, through, or under such deceased ward or by way of succession, inheritance, remainder, or reversion, depending on the estate of such ward.

Power to sue collector, guardian or manager.

LXXXII. If a proprietor shall have been declared disqualified and shall have been afterwards restored, or if the estate of any disqualified proprietor shall legally devolve to, or come into the possession of, any person not disqualified for the management of it, such proprietor or his heir or successor is declared entitled to sue any person professing to have acted under the authority of the court, for any acts done by them respectively whilst the estate may have been under the charge of the court of wards in opposition to this or any other Act that may be hereafter enacted regarding disqualified proprietors and their estates, or to any order issued by the court of wards, or for any breach of their respective trusts.

Procedure in cases instituted under this Act.

LXXXIII. In cases instituted under this Act, the court shall be guided by the procedure prescribed in Act VIII of 1859 passed by the Legislative Council of India in so far as the same shall be applicable and material:

[*Government Gazette*, 17*th May* 1870.]

উত্তরাধিকারিত্ব বিষয়ে বিবাদ হইলে কোর্টের অধিকার থাকিবার কথা।

৭৯ ধারা। রাজানুপালিতের মৃত্যু হইলে যদি তাঁহার সম্পাত্তির কি তাহার কোন অংশের অধিকারিত্ব বিষয়ে বিবাদ হয়, তবে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতহইতে ঐ সম্পাত্তির কর্ত্তৃত্ব ও কার্য্যাধ্যক্ষতা ত্যাগ করিবার আজ্ঞাসূচক পত্র প্রাপ্ত না হওনপর্য্যন্ত উক্ত কোর্ট এই আইনের বিধানমতে ঐ মহালের কর্ত্তৃত্ব ভার ও কার্য্যাধ্যক্ষতা স্বহস্তে রাখিতে পারিবেন ইতি।

সম্পাত্তির উত্তরাধিকারিত্ব বিষয়ে বিবাদ হইলে তাহা বিক্রয় করিতে পারিবার কথা।

৮০ ধারা। রাজানুপালিতের সম্পাত্তির কি তাহার কোন অংশের কে উত্তরাধিকারী এই বিষয়ের বিবাদ হইয়া যদি তাঁহার মরণের পর এক বৎসরের মধ্যে সেই বিবাদীয় সম্পাত্তিতে স্বত্ব নির্ণয় করণার্থ মোকদ্দমা উপস্থিত করা না যায়, তবে কোর্ট রেবিনিউ বোর্ডের অনুমতি লইয়া কোন দাওয়াদারের প্রতি সেই সম্পত্তি সমর্পণ করিবেন অথবা তাহা নীলাম করিয়া ঐ নীলামোৎপন্ন টাকাহইতে গবর্ণমেন্টের প্রাপ্য শোধ করিয়া অবশিষ্ট টাকাতে গবর্ণমেন্ট প্রমিসরি নোট ক্রয় করিবেন। যে ব্যক্তিদের সেই নোট লইবার অধিকার থাকে, কোর্ট তাঁহারদের নিমিত্তে তাহা ন্যস্ত রাখিবেন ইতি।

নীলামের ফলের কথা।

৮১ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে নীলাম হইলে সেই বিক্রীত সম্পাত্তিতে ঐ মৃত রাজানুপালিতের স্বত্ব ও অধিকার ও সম্পার্ক, এবং যে প্রত্যেক ব্যক্তি ঐ রাজানুপালিতকর্ত্তৃক কি তদ্দ্বারা কি তদধীনে, কিম্বা তাঁহার স্বামিত্বঘটিত উত্তরাধিকারিত্ব কি অধিকারিত্ব কি গৌণে প্রাপ্য কিম্বা অন্যের ভোগান্তর দাওয়া করেন তাঁহার স্বত্ব ও অধিকার ও সম্পার্ক হস্তান্তর করণার্থে ঐ নীলাম সিদ্ধ হইবে ইতি।

কালেকটরের কি অভিভাবকের কি কার্য্যাধ্যক্ষের নামে নালিশ করিবার ক্ষমতার কথা।

৮২ ধারা। কোন ভূম্যধিকারী অযোগ্য প্রকাশ হওনানন্তর পুনশ্চ সম্পাত্তি প্রাপ্ত হইলে কিম্বা অযোগ্য কোন ভূম্যধিকারির মহাল আইনমতে সেই মহালের অধ্যক্ষতা করিবার অনক্ষম কোন ব্যক্তির প্রতি বর্ত্তিলে কি তদীয় অধিকারগত হইলে, যে ব্যক্তি কোর্টের দত্ত ক্ষমতামতে কর্ম্ম করিবার আভাস দেখান ঐ মহাল কোর্ট ওয়ার্ডসের অধীন থাকন কালে এই আইনের বিপক্ষ, কিম্বা অযোগ্য ভুম্যধিকারি ও তদীয় মহালসম্পর্কীয় অন্য যে কোন আইন ইতঃপরে করা যায় তদ্বিপক্ষ, কিম্বা কোর্টওয়ার্ডসের প্রচারিত কোন আজ্ঞার বিপক্ষ কোন কর্ম্ম করিয়াছেন কিম্বা ন্যস্তসম্পর্কে বিশ্বাসঘাতক হইয়াছেন বলিয়া উক্ত ভূম্যধিকারী কি তদীয় উত্তরাধিকারী কি দায়াধিকারী তাঁহার নামে নালিশ করিবার স্বত্ববান আছেন প্রকাশ করা গেল ইতি।

এই আইনমত যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার কার্য্যপ্রণালীর কথা।

৮৩ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৯ সালের ৮ আইন তৎপ্রভৃতি যত দূর বর্ত্তিতে পারে ও আবশ্যক হয়

and any order made by the court may be enforced as if such order had been made in a regular suit.

Power to Lieutenant-Governor to make rules.

LXXXIV. It shall be lawful for the Lieutenant-Governor to make such general rules for the better fulfilment of the purposes of this Act as he may think fit (provided such rules be not inconsistent with the provisions of this Act), and from time to time to alter, vary or revoke any of such rules; and such rules, or alteration, or revocation of Rules, shall be published in the *Calcutta Gazette*, and from and after such publication thereof, shall have the same force and effect as if they were inserted herein.

Court to be subject to Board of Revenue and Lieutenant-Governor.

LXXXV. The powers and authorities vested by the provisions of this Act in the court shall be possessed and exercised subject to the entire control and supervision of the Board of Revenue and of the Lieutenant-Governor.

Repeal of laws.

LXXXVI. On and after the 1st day of June 1870, Regulation X of 1793, Regulation L of 1793, Regulation LV of 1795, Section II of Regulation III of 1796, Section XXVI of Regulation VII of 1799, so far as regards the appointment of managers by the collectors, Act XXVI of 1854, passed by the Legislative Council of India, so far as it relates to the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, and Section XXV of Act XL of 1858, passed by the same authority, so far as the same relates to any guardian appointed under this Act; and also Regulation VI of 1822, so far as it relates to the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal—shall stand and be repealed save so far as regards estates, properties, and wards which before the said 1st day of June 1870, may be under the control of the court of wards, but on and after the said 1st day of June 1870, all further proceedings respecting such estates, properties and wards shall be had in the courts created by this Act as if such estates, properties, and wards had been brought under the superintendence of the court under the provisions of this Act, and all the powers and authorities by this Act conferred upon the Lieutenant-Governor of Bengal, the Board of Revenue, the court, the collector, the manager, or the guardian, shall in like manner apply to such estates, properties and wards.

তত দূর ঐ কোর্ট ঐ আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী মানিবেন। এবং কোর্ট যে আজ্ঞা করেন সেই আজ্ঞা রীতিমত মোকদ্দমায় প্রচলিত হওয়ার ন্যায় প্র... করা যাইবে ইতি।

লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

৮৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের উদ্দেশ্য আরো উত্তমরূপে সাধন হইবার জন্যে সাধারণ যে বিধি করা বিহিত বোধ করেন করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের বিধানের অসঙ্গত না হয়। তিনি সময়ে২ সেই বিধি পরিবর্ত্তন কি মতান্তর কি রহিতও করিতে পারিবেন। ও যে বিধি প্রণয়ন কি পরিবর্ত্তন কি রহিত করেন তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। তদ্রূপে প্রকাশ হইবার সময়াবধি তাহা এই আইনে লিখিত হওয়ার ন্যায় প্রবল ও ফলবৎ হইবে ইতি।

রেবিনিউ বোর্ডের ও লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীনে কোর্টের থাকিবার কথা।

৮৫ ধারা। এই আইনের বিধানক্রমে কোর্টের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, উক্ত কোর্ট কেবল রেবিনিউ বোর্ডের ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসন ও তত্ত্বাধীনে সেই শক্তি ও ক্ষমতাপ্রাপ্ত হইয়া তদনুসারে কার্য্য করিবেন ইতি।

যে২ আইন রহিত হইবে তাহার কথা।

৮৬ ধারা। ১৮৭০ সালের জুন মাসের প্রথম দিনাবধি ১৭৯৩ সালের ১০ আইন ও ১৭৯৩ সালের ৫০ আইন ও ১৭৯৫ সালের ৫৫ আইন ও ১৭৯৬ সালের ৩ আইনের ২ ধারা এবং কালেক্টরদের দ্বারা কার্য্যাধ্যক্ষদিগকে নিযুক্ত করণ বিষয়ে ১৭৯৯ সালের ৭ আইনের ২৬ ধারা ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৪ সালের ২৬ আইন, এবং ঐ মহিমবরের প্রণীত ১৮৫৮ সালের ৪০ আইনের ২৫ ধারার যে কথা এই আইনেতে নিযুক্ত কোন কার্য্যাধ্যক্ষের সহিত সম্পর্ক রাখে সেই কথা এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশসম্পর্কে ১৮২২ সালের ৬ আইন রহিত হইবে ও রহিত থাকিবে। কিন্তু যে২ মহাল ও সম্পত্তি ও রাজানুপালিতগণ ১৮৭০ সালের জুন মাসের উক্ত প্রথম দিবসের পুর্ব্বে রাজানুপালিতদের কোর্টের তত্ত্বাধীন থাকে তৎসম্পর্কে রহিত হইবে না পরন্তু ১৮৭০ সালের জুন মাসের প্রথম দিনাবধি ঐ মহালের ও সম্পত্তির ও রাজানুপালিতদের বিষয়ে মোকদ্দমাঘটিত আর যে কার্য্য করা যায়, ঐ মহাল ও সম্পত্তি ও রাজানুপালিত ব্যক্তিরা এই আইনের বিধানমতে কোর্টের তত্ত্বাধীনে আনীত হওয়ার ন্যায় সেই সকল কার্য্য এই আইনের সৃষ্ট কোর্টে চালান যাইবে, এবং এই আইনক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ও রেবিনিউ বোর্ডের ও ও কোর্টের ও কালেক্টর সাহেবের ও কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা দত্ত হয়, তাহাও সেই প্রকারে ঐ মহালের ও সম্পত্তির ও রাজানুপালিত ব্যক্তিদের প্রতি বর্ত্তিবে ইতি।





Commencement of Act.

LXXXVII. This Act shall commence and take effect on the 1st day of June 1870.

Short title.

LXXXVIII. This Act may be called "The Court of Wards' Act, 1870."

SCHEDULE A.—(*Referred to in Section XXXVIII.*)

FORM OF AGREEMENT TO BE EXECUTED BY A MANAGER.

I, A. B., having voluntarily taken on myself the management of the estate of C., disqualified proprietor of D., do hereby engage with the collector of E., that I will manage the said estate diligently and faithfully for the said proprietor, and will use every means in my power to improve the same for his [her] benefit, and will act in every respect for his [her] interest in like manner as if the estate were my own. I also engage with the said collector to observe in all respects the provisions regarding managers contained in Part VII of Act of 1870 of the Council of the Lieutenant-Governor of Bengal, and that I will derive no personal advantage from the management beyond the remuneration granted to me as manager. In the event of any breach of trust, neglect, or omission as manager being proved against me, I will pay to the said collector Rs. as liquidated damages.

SCHEDULE B.—(*Referred to in Section LIX.*)

FORM OF AGREEMENT TO BE EXECUTED BY A GUARDIAN.

I, A., B., having voluntarily taken upon myself the guardianship of C., disqualified proprietor of D., do hereby agree with the collector of E., that I will execute the trust committed to me diligently and faithfully, and according to the provisions regarding guardians contained in Part VII of Act of 1870 of the Council of the Lieutenant-Governor of Bengal, and that I will derive no advantage directly or indirectly from the ward's allowance beyond the remuneration granted me as guardian. In the event of any breach of trust, neglect, or omission being proved against me, I will pay to the said collector Rs. as liquidated damages.

J. PITT KENNEDY,
*Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.*

আইন যে অবধি আরম্ভ হইবে তাহার কথা।

৮৭ ধারা। এই আইন ১৮৭০ সালের জুন মাসের প্রথম দিনাবধি প্রচলিত হইয়া প্রবল হইবে ইতি।

সংক্ষেপ নাম।

৮৮ ধারা। এই আইন "রাজানুপালিতদের কোর্টের ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

৩৬ ধারার উল্লিখিত
A তফসীল।
কার্য্যাধ্যক্ষের যে নিয়মপত্র লিখিতে হইবে তাহার পাঠ।

আমি শ্রীঅমুক স্বেচ্ছামতে অমুক স্থানবাসি অযোগ্য ভূম্যধিকারি শ্রীঅমুকের মহালের কার্য্যাধ্যক্ষতা গ্রহণ করিয়া অমুক স্থানের কালেক্টর সাহেবের নিকটে অঙ্গীকার করিলাম যে, আমি উক্ত ভূম্যধিকারির পক্ষে সযত্নে ও বিশ্বস্তভাবে ঐ মহালের অধ্যক্ষতা করিব এবং তাঁহার লভ্যার্থে সেই মহালের উন্নতি করিতে যথাসাধ্য চেষ্টা করিব ও আমার নিজের মহালে যদ্রূপ কর্ম্ম করিতাম তাঁহার স্বার্থ রক্ষা করিতে তেমনি সচেষ্ট হইব। আরো উক্ত কালেক্টর সাহেবের নিকটে অঙ্গীকার করিলাম যে কার্য্যাধ্যক্ষদের যে বিধান বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৭০ সালের অমুক আইনের সপ্তম অধ্যায়ে নির্ণীত হইয়াছে, তাহা সর্ব্ব বিষয়ে মানিব এবং কার্য্যাধ্যক্ষস্বরূপ আমার যে বেতন আছে তদ্ভিন্ন আমার প্রতি ন্যস্ত সম্পত্তিদ্বারা আপনার লভ্য উৎপন্ন করিব না এবং অধ্যক্ষস্বরূপ আমার বিশ্বাসঘাতকতা কি অমনোযোগিতা কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করণাপরাধ প্রমাণ হইলে, আমি ক্ষতি শোধস্বরূপ উক্ত কালেক্টর সাহেবকে এত টাকা দিব।

৫৬ ধারার উল্লিখিত
B তফসীল।
অভিভাবকের যে নিয়মপত্র লিখিতে হইবে তাহার পাঠ।

আমি শ্রীঅমুক স্বেচ্ছামতে অমুক স্থানবাসি অযোগ্য ভূম্যধিকারি শ্রীঅমুকের অভিভাবকতাপদ গ্রহণ করিয়া এতৎক্রমে অমুক স্থানের কালেক্টর সাহেবের নিকটে অঙ্গীকার করিলাম যে আমার প্রতি বিশ্বাসপূর্ব্বক যে কার্য্য সমর্পিত হইয়াছে তাহা ব্যগ্রতাপূর্ব্বক ও বিশ্বস্তভাবে এবং অভিভাবকদের বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৭০ সালের অমুক আইনের সপ্তম অধ্যায়ে যে২ বিধান আছে তদনুসারে সম্পাদন করিব। অভিভাবকস্বরূপ আমাকে যে বেতন দেওয়া যায় তদ্ভিন্ন রাজানুপালিতের ভরণ পোষণার্থ যে টাকা নিরূপণ হয় তাহাহইতে আমি স্পষ্টরূপে কি চক্রান্তে আপনার লভ্য উৎপন্ন করিব না। আমার নামে বিশ্বাসঘাতকতা কি অমনোযোগিতা কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করণাপরাধ প্রমাণ হইলে আমি ক্ষতি শোধস্বরূপ উক্ত কালেক্টর সাহেবকে এত টাকা দিব।

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## Cicular Orders of the Board of Revenue, L. P.

APRIL. 1870.

No. 5.

The following additions are made to Chapter XXI, Section III, page 305 of the Board's Rules:—

*Clause* 1.—After the words "may be," in the third line, add—" ' but stamps of higher value than rupees five are not to be supplied to Nazirs, except when required for immediate sale."

As a new clause, add—

"2A.—Officers in charge of Sub-divisions must adopt the practice observed in treasuries at Head-Quarters, of comparing the entries in the Vendors' Receipt Register, which is a Treasury form of the Accountant-General's, each day, with the cash book, and signing them with the latter. They should similarly test the entries of sales in the Nazir's Store Book, at the time of balancing the Treasury Books."

*Clause* 3.—For the words "and see that it, in the sixth line, substitute—

"count the stamps, and see that the balance"

No. 6.

The following should be added to Rule 8, at page 262 of Board's Rules:—

"A Test Table for this Return has been supplied to all officers; it should always be referred to in Collectors' offices in preparing the return, and in Commissioners' offices in examining it."

2. Two copies of this Table accompany this issue of the Circulars.

No. 7.

District Officers, who may not have already submitted their final Accounts of Stamp Revenue for the year 1869-70, are requested to supply, without any further delay, all the necessary returns and explanations required by the Superintendent of Stamps, who has been instructed to report, for communication to Government, the name of any officer who may cause delay in the completion of the Annual Report of the Lower Provinces by dilatoriness or the submission of inaccurate accounts. At the same time the District Officers are reminded that their Annual

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭০ সালের আপ্রিল মাস।

৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৪৭০ পৃষ্ঠায় ২১ অধ্যায়ের ৩ পরিচ্ছেদে এই কথা সংযোগ করিতে হইবে।

১ ধারার ৩ পংক্তিতে "পারিবে" এই শব্দের পরে "কিন্তু তৎকালেই বিক্রয় করিবার জন্যে প্রয়োজন না হইলে নাজিরদিগকে পাঁচ টাকার অধিক মূল্যের ইষ্টাম্পা দিতে হইবে না।"

২A বলিয়া এই নূতন ধারা দিতে হইবে, যথা—

সদর স্থানের খাজানাখানায় যেরূপ কার্য্য হইয়া থাকে শাখাখণ্ডের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকদেরও তদ্রূপই করিতে হইবে। অর্থাৎ তাঁহারা প্রতিদিন বিক্রেতারদের রসীদের রেজিষ্টর রোকড় বহীর সঙ্গে মিলাইয়া দেখিবেন। ও শেষোক্ত বহীতে স্বাক্ষর করিবার সময়ে ঐ রেজিষ্টরেও স্বাক্ষর করিবেন। উক্ত রেজিষ্টর আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ত্রেজুরী সম্পার্কীয় পাঠ। আরো যে সময়ে খাজানাখানার বহীর হিসাব নিষ্পত্তি করিবেন, সেই সময়েও নাজিরের ইষ্টাম্পাসমগ্রের বহীতে যত ইষ্টাম্পা বিক্রয়ের কথা লেখা আছে তাহা ঠিক কি না পরীক্ষা করিয়া জানিবেন।

৩ ধারা গত "এবং দেখিবেন যে উহা" ষষ্ঠ পংক্তির এই কথা ত্যাগ করিয়া তাহার পরিবর্ত্তে "এবং ইষ্টাম্পা গণিয়া দেখিবেন যে বাকী" এই কথা পাঠ্য।

৬ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৪০৪ পৃষ্ঠায় ৮ ধারার পর এই কথা দিতে হইবে।

"ঐ রিটর্ণ ঠিক কি না ইহা নির্ণয় করিবার জন্যে সকল কার্য্যকারককে একখান নির্ঘণ্টপত্র দেওয়া গেল। কালেক্টর সাহেবের কার্য্যালয়ে ঐ রিটর্ণ প্রস্তুত করণ এবং কমিশ্যনরদের কার্য্যালয়ে তাহার পর্য্যালোচনকরণ কালে ঐ নির্ঘণ্টপত্র দৃষ্টি করিতে হইবে।

২। এই সরকুলরের সঙ্গে ঐ নির্ঘণ্টপত্রের দুই খানি প্রেরণ করা গেল

৭ নম্বর।

জিলার যে কর্ত্তৃপক্ষেরা অদ্যাপি ইষ্টাম্পাসংক্রান্ত রাজস্বের ১৮৬৯। ৭০ সালের শেষ হিসাব দেন নাই তাঁহারদের প্রতি আদেশ যে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আবশ্যক বলিয়া যে সকল রিটর্ণ ও ব্যাখ্যা চাহিয়াছেন, তাহা আর বিলম্ব না করিয়া পাঠান। কোন কর্ম্মকারকের শৈথিল্য কি ভ্রমযুক্ত হিসাব অর্পণদ্বারা বঙ্গপ্রভৃতি দেশের বার্ষিক রিপোর্ট সমাপ্ত হইবার বিলম্ব ঘটিলে তাঁহার নাম গবর্ণমেণ্টেকে জানাইবার নিমিত্তে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট রিপোর্ট করিতে আজ্ঞা হইয়াছে। বার্ষিক রিপোর্ট প্রস্তুত করিবার জন্যে জিলার কর্ত্তৃপক্ষদের ৩৫ নং বার্ষিক রিটর্ণ অত্যাবশ্যক অতএব সাধ্যমতে ত্বরায়

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৭ মে।]



Returns No. XXXV should be submitted to the Board at the earliest possible date, as those Returns are indispensably necessary for the completion of the Annual Report.

তাহা বোর্ডে প্রেরণ করা কর্ত্তব্য এই কথা উক্ত কর্ত্তৃপক্ষদিগকে স্মরণ করাণ যাইতেছে।

John Robinson, *Bengalee Translator.*

## Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

Civil Side.

No. 8.

To all Civil and Sessions Judges and Magistrates of Districts,—(dated Calcutta, the 2nd May 1870.)

Several parcels on Her Majesty's service having been recently received in this Office, upon which large amounts of postage have been demanded under the recent Post Office Rules,* because they had been sent by banghy parcel post without prepayment of postage by the senders, the attention of Judges and Magistrates is drawn to the provisions of Rule 25 which enjoins that "all banghy parcels must either be prepaid by postage stamps by the sender or paid for in cash by the addressee."

* *Vide* Notification, dated 10th March 1870, at page 170 of *Calcutta Gazette* of 12th idem.

2. Adverting to the limits of weight and size as defined in the margin of the Rule in question, it will be seen that there is no necessity to send a parcel by banghy unless it exceeds 200 tolahs in weight or one foot and a half in length or one foot in breadth or depth. Accordingly all parcels addressed to this Office and within those limits should in future be sent to the Post Office in the usual bags to be posted as ordinary packets. When they exceed the prescribed limits, and need to be sent as banghy parcels, *the postage must be prepaid by postage stamps*, so that the High Court may not be charged with cash payments.

3. I am to take this opportunity of calling the attention of Judges of every grade to the new Post Office Rules, which it will be necessary they should study themselves attentively, in order to ensure exact observance of them by their subordinates.

By Order of the High Court,

(Sd.) J. S. Carstairs,
*Officiating Registrar.*

[*Government Gazette*, 17*th May* 1870.]

## বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর।

দেওয়ানীপক্ষ।

৮ নম্বর।

সমস্ত সিবিল ও সেশন জজ সাহেব ও জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।—(কলিকাতা, ১৮৭০ সাল ২ মে।)

শ্রীশ্রীমতীর কর্ম্মের নিমিত্ত বলিয়া অনেক পুলিন্দা এই কার্য্যালয়ে পাওয়া গিয়াছে, কিন্তু প্রেরকেরা অগ্রিম মাসুল না দিয়া পুলিন্দা বাঙ্গি ডাকে পাঠাইয়াছেন এই কারণে ডাকঘরের সাম্প্রতিক বিধি* মতে তাহার উপর ডাকমাসুল বলিয়া অনেক টাকার দাওয়া হইয়াছে। অতএব সকল জজ ও মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ঐ বিধির ২৫ ধারার বিধানে মনোযোগ করিবার আদেশ হইতেছে। তাহার মর্ম্ম এই, কোন ব্যক্তি বাঙ্গি ডাকে পুলিন্দা পাঠাইলে ডাকমাসুলের ইষ্টাম্পা দ্বারা তাহার অগ্রিম মাসুল দিবেন না দিলে যাঁহার নামে দেওয়া যায় তাহার নিকট পঁহুছিলে তিনি সেই মাসুল নগদ দিবেন।

* ১৮৭০ সালের ১০ মার্চের যে বিজ্ঞাপন ঐ মাসের ১২ তারিখের কলিকাতা গেজেটের ১৭০ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে তাহা দেখ।

২। ঐ বিধির পার্শ্বে পুলিন্দার ওজন ও পরিমাণ বিষয়ক কথা দেখিলে জানা যায় যে, পুলিন্দার ২০০ তোলার অধিক ওজন ও দেড় ফুটের অধিক দীর্ঘ ও এক ফুটের অধিক চৌড়া কি গভীর না হইলে তাহা বাঙ্গি ডাকে পাঠাইবার প্রয়োজন নাই। অতএব তদপেক্ষা ন্যূন পরিমাণের যে সকল পুলিন্দা এই কার্য্যালয়ে পাঠাইবার প্রয়োজন হয় তাহা রীতিমতে থলিতে দিয়া সামান্য পুলিন্দার ন্যায় ডাকে পাঠাইতে হইবে। উক্ত পরিমাণের অধিক হইয়া বাঙ্গি ডাকে পাঠাইবার প্রয়োজন হইলে ডাকমাসুলের ইষ্টাম্পা দ্বারা তাহার অগ্রিম মাসুল দিতে হইবে, যেন হাই কোর্টের নামে নগদের খরচ না পড়ে।

৩। এই সুযোগে প্রত্যেক শ্রেণীর বিচার পতির প্রতি ডাকঘরের নূতন বিধিতে মনোযোগ করিবার আদেশ হইতেছে। ও অধীন কার্য্যকারকেরা তাহা যথার্থমতে মানে এই নিমিত্তে উক্ত বিচারপতিদের সেই বিধি মনোযোগে অধ্যায়ন করা আবশ্যক।

হাই কোর্টের আজ্ঞাক্রমে

জে এস কারষ্টের্স,
একটিং রেজিষ্ট্রার।

(Civil Side.)

No. 9.

To all Magistrates of Districts and Deputy Commissioners,—( dated Calcutta, the 22nd April 1870.)

Attention is drawn to the Full Bench Ruling, dated the 6th September 1869, published at page 59, Volume XII of the Weekly Reporter, Criminal Rulings, by which it has been held that offences not triable under Chapter XV of the Code of Criminal Procedure cannot be compromised under Section 271 of that Code.

By Order, &c.,
(Sd.) J. S. Carstairs,
*Offg. Registrar.*

ফৌজদারী পক্ষ।

৯ নম্বর।

জিলার সকল মাজিষ্ট্রেট সাহেব ও ডেপুটী কমিশ্যনর সমীপেষু।

কলিকাতা ১৮৭০ সাল ২২ আপ্রিল।

উইকলী রিপোর্টরের ১২ বালম্বের ৫৯ পৃষ্ঠায় অপরাধ সংক্রান্ত বিধির মধ্যে ফুল বেঞ্চের ১৮৬৯ সালের ৬ সেপ্টেম্বরের যে বিধি প্রকাশ করা যায় তৎপ্রতি মনোযোগ করিবার আদেশ হইতেছে। তাহাতে নির্দ্ধার্য্য হইল যে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৫ অধ্যায়মতে যে অপরাধ বিচার্য্য নয় ঐ আইনের ২৭১ ধারামতে তাহার রফা হইতে পারিবে না।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
জে এস কারষ্টের্স,
'একটিং রেজিষ্ট্রার।

John Robinson, *Bengallee Translator.*

## Home Department.

*Public.*

*Simla, the 27th April* 1870.

*Notification.—No.* 2070.—Under the powers vested in him by section 9 of Act VI. of 1869, and section 1 of Act VI. of 1870, the Governor General in Council is pleased to increase, by 50 per cent., the fees payable under sections 19, 27, 31, and 34 of Act XIII. of 1864 (an Act to consolidate and amend the laws relating to the emigration of native laborers.)

E. C. Bayley,
*Secy. to the Govt. of India.*

## হোম ডিপার্টমেণ্ট।

সাধারণ।

সিমলা ১৮৭০ সাল ২৭ আপ্রিল।

২০৭০ নম্বর।—এদেশীয় মজুরদের ভিন্নদেশ গমনার্থ আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ ১৮৬৪ সালের ১৩ আইনের ১৯, ২৭, ৩১, ও ৩৪ ধারামতে যে ফী দিতে হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ১৮৬৯ সালের ৬ আইনের ৯ ধারাতে ও ১৮৭০ সালের ৬ আইনের ১ ধারাতে যে ক্ষমতা প্রদান হইয়াছে তৎক্রমে তিনি সেই ফী শতকরা ৫০৲ টাকা পর্য্যন্ত বৃদ্ধি করিয়াছেন।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 973R.

Appointments.

*The 7th May* 1870.—The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Pooree:—

Mr. W. R. Green.
Baboo Umbica Churn Rai Chowdry.

*The 9th May* 1870.—Baboo Unnodapersad Ghose, Deputy Magistrate and Deputy Collector, Jehanabad, is vested with the powers of a Magistrate.

Mr. Anthony Patrick MacDonnell officiated as a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade from the 1st to the 13th ultimo.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৯৭৩ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ৭ মে।—নিম্নলিখিত মহাশয়েরা পুরীতে সাধারণের শিক্ষা সংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত ডবলিউ আর গ্রীন্ সাহেব।
,, বাবু অম্বিকা চরণ রায় চৌধুরী।

১৮৭০ সাল ৯ মে।—জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আণ্টনী পাট্রিক মাকুডনেল সাহেব গত মাসের ১ তারিখঅবধি ১৩ পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেটে ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৭ মে।]



...ohn Revans Hallett to be Secretary to, ...r. Henry Giraud Cooke to be a Member of ... Local Committee of Public Instruction at ...idnapore.

Baboo Tariny Coomar Ghose, B.A., Deputy Magistrate and Deputy Collector, Pubna, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

*The 10th May* 1870.—Mr. William Brown Martin, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-divisions of Mudheypoorah and Soopool. In addition to the powers with which he is already vested, Mr. Martin is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.

Mr. William George Black, Deputy Magistrate and Deputy Collector of Mudheypoorah, is transferred to the Sudder Station of Bhaugulpore.

Baboo Tariny Churn Mitter, Deputy Magistrate and Deputy Collector, is posted temporarily to the Sudder Station of the 24-Pergunnahs.

Lieutenant Malcolm Ogilvie Boyd to officiate as Deputy Commissioner of Kamroop, in the Fourth Grade, during the absence, on leave, of Major Thomas Lamb, or until further orders.

Mr. Alexander Meyrick Broadley, Assistant Magistrate and Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Deputy Collector.

ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে আইনের প্রতিলিপি পাঠাইবার কথা।

আইনের ব্যতিক্রম করণার্থ অন্য আইনের কথা।

২ ধারা। এই আইনের বিধানমতে যেং ব্যবস্থা করা যায় শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট তাহার সত্য প্রতিলিপি পাঠাইবেন। এবং ইতঃপরে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আইন ও ব্যবস্থাকরণার্থ মন্ত্রিসভার অথবা উক্ত বিধানমতে যে সকল আইন ও ব্যবস্থা করেন, সেই বিধানমতে কৃত অন্য যে আইনের কোন অংশ তদ্বিপক্ষ হয়, তাহা ঐ আইনদ্বারা রহিত ও অন্যথা করা যাইবে ইতি।





Lieutenant-Governors and Chief Commissioners to be members *ex-officio* of the Governor General's Council for the purpose of making laws and regulations.

3. Whenever the Governor General in Council shall hold a meeting for the purpose of making laws and regulations at any place within the limits of any territories now or hereafter placed under the administration of a Lieutenant-Governor or a Chief Commissioner, the Lieutenant-Governor or Chief Commissioner respectively shall be ex-officio an additional member of the Council of the Governor General for that purpose, in excess (if necessary) of the maximum number of twelve specified by the said Act.

Sec. 49 of 3 and 4 W. 4., c. 85, repealed.

4. Section forty-nine of the Act of the third and fourth years of King William the Fourth, chapter eighty-five, is hereby repealed.

Procedure in case of difference between the Governor General and the majority of his Council.

5. Whenever any measure shall be proposed before the Governor General of India in Council whereby the safety, tranquillity, or interests of the British possessions in India, or any part thereof are or may be, in the judgment of the said Governor General, essentially affected, and he shall be of opinion either that the measure proposed ought to be adopted and carried into execution, or that it ought to be suspended or rejected, and the majority in Council then present shall dissent from such opinion, the Governor General may, on his own authority and responsibility, suspend or reject the measure in part or in whole, or adopt and carry into execution, but in every such case any two members of the dissentient majority may require that the said suspension, rejection, or adoption, as well as the fact of their dissent, shall be notified to the Secretary of State for India, and such notification shall be accompanied by copies of the minutes (if any) which the members of the Council shall have recorded on the subject.

Power to appoint natives of India to certain offices without certificate from the Civil Service Commissioners.

6. Whereas it is expedient that additional facilities should be given for the employment of natives of India, of proved merit and ability, in the civil service of Her Majesty in India: Be it enacted, that nothing in the "Act for the Government of India," twenty-one and twenty



লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ও প্রধান কমিশ্যনর সাহেবদের স্বং পদোপলক্ষে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থাকরণার্থ মন্ত্রিসভার সভ্য হইবার কথা।

৩ ধারা। অধুনা যে দেশ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কিম্বা প্রধান কমিশ্যনর সাহেবের কর্ত্তৃত্বাধীন আছে কিম্বা ইতঃপরে করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন সময়ে সেই দেশের সীমান্তর্গত কোন স্থানে আইন ও ব্যবস্থা করণার্থ সভার অধিবেশন করিলে, উক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কিম্বা স্থলবিশেষে প্রধান কমিশ্যনর সাহেব আপনার পদোপলক্ষে সেই কার্য্যের নিমিত্ত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভ্য হইবেন। তাঁহার সমাবেশে উক্ত আইনের নির্দ্দিষ্ট অত্যুচ্চ সংখ্যার অর্থাৎ দ্বাদশ জনের অধিক হইলেও সভ্য হইবেন ইতি।

চতুর্থ উলিয়মের ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায়ের ৪৯ ধারা রহিত হইবার কথা।

৪ ধারা। চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৮৫ অধ্যায়ের ৪৯ ধারা এতদ্ক্রমে রহিত করা গেল ইতি।

শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মতের সহিত তদীয় সভাগত অধিকাংশ মন্ত্রির অনৈক্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

৫ ধারা। ভারতবর্ষের মধ্যে ব্রিটনীয়দের অধিকৃত দেশের কি তদ্দেশের কোন অংশের নিরাপদের কি শান্তির কি কল্যাণের জন্যে কোন নিয়ম আবশ্যক বলিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সমীপে প্রস্তাব করা গেলে, এবং তদীয় বিবেচনায় সেই প্রস্তাবিত নিয়ম গ্রাহ্য হইয়া তদনুযায়ি কার্য্য হওয়া কিম্বা কিয়ৎকালের নিমিত্ত স্থগিত থাকা কিম্বা অগ্রাহ্য হওয়া বিহিত বোধ হইলে, এবং তাঁহার মতে মন্ত্রিসভাধিষ্ঠিত অধিকাংশ ব্যক্তির অসম্মতি হইলে, শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আপনার ক্ষমতার বলে ও স্বয়ং দায় স্বীকার করিয়া অংশতঃ কিম্বা সম্পূর্ণরূপে সেই নিয়ম কিয়ৎকাল স্থগিত রাখিতে কিম্বা অগ্রাহ্য করিতে কিম্বা গ্রাহ্য করিয়া সম্পাদন করাইতে পারিবেন। কিন্তু অসম্মত সেই অধিকাংশ ব্যক্তিদের মধ্যে দুই জন এই আদেশ করিতে পারিবেন যে, উক্ত নিয়ম স্থগিত থাকার কি অগ্রাহ্য কি গ্রাহ্য হওয়ার কথা এবং তাঁহারদের অসম্মতির কথা ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে জ্ঞাত করা যায়, এবং সভাধিষ্ঠিত মন্ত্রিগণ যদি তদ্বিষয়ে আপনারদের মতের সার কথা লেখাইয়া থাকেন, তবে তাঁহারদের সেই সার লিপিও উক্ত জ্ঞাপনপত্রের সঙ্গে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট পাঠান যাইবে ইতি।

সিবিল সর্ব্বিস কমিশ্যনরদের সংশিতপত্রভিন্ন ভারতবর্ষীয় লোকদিগকে কোন২ পদে নিযুক্ত করিবার কথা।

৬ ধারা। ভারতবর্ষীয় যে ব্যক্তিরদের গুণবত্তার ও ক্ষমতার প্রমাণ হইয়াছে, ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর সিবিল সম্পর্কীয় কর্ম্মে তাঁহারদের নিযুক্ত হওয়ার অধিক সুবিধা করা বিহিত। এইহেতুক এই বিধান করা যাউক। ভারতবর্ষের যে কর্ত্তৃপক্ষেরা ভার-

two Victoria, chapter one hundred and six, or in the "Act to confirm certain appointments in India, and to amend the law concerning the civil service there," twenty-four and twenty-five Victoria, chapter fifty-four, or in any other Act of Parliament or other law now in force in India shall restrain the authorities in India by whom appointments are or may be made to offices, places, and employments in the civil service of Her Majesty in India from appointing any native of India to any such office, place, or employment, although such native shall not have been admitted to the said civil service of India in manner in section thirty-two of the first-mentioned Act provided, but subject to such rules as may be from time to time prescribed by the Governor General in Council, and sanctioned by the Secretary of State in Council, with the concurrence of a majority of members present; and that for the purpose of this Act the words "natives of India" shall include any person born and domiciled within the dominions of Her Majesty in India, of parents habitually resident in India, and not established there for temporary purposes only; and that it shall be lawful for the Governor General in Council to define and limit from time to time the qualification of natives of India thus expressed; provided that every resolution made by him for such purpose shall be subject to the sanction of the Secretary of State in Council, and shall not have force until it has been laid for thirty days before both Houses of Parliamnet.

WHITLEY STOKES,
*Secy. to the Council of the Govr. Genl. for making Laws and Regulations.*

তবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর সিবিল কার্য্য সম্পার্কীয় পদে ও স্থানে ও কর্ম্মে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন কি করিতে পারেন, মহারাণী বিক্টোরিয়ার এক বিংশ ও দ্বাবিংশ বৎসরের একশত ষষ্ঠ অধ্যায়গত "ভারতবর্ষের সুশাসনার্থ আইনের," কিম্বা মহারাণী বিক্টরিয়ার চতুর্বিংশ ও পঞ্চবিংশ বৎসরের ৫৪ অধ্যায়গত "ভারতবর্ষের কোন২ নিয়োগ স্থিরতর করণার্থ ও তথাকার সিবিলসংক্রান্ত কর্ম্ম বিষয়ক আইন সংশোধন করণার্থ আইনের" কিম্বা পারলিমেণ্টের অন্য আইনের কিম্বা ভারতবর্ষে বলবৎ অন্য কোন আইনের কোন কথা দ্বারা ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে তাঁহারদের উক্ত কোন কর্ম্মে কি স্থানে কি পদে নিযুক্ত করিবার কোন বাধা হইবে না। সেই ব্যক্তি প্রথমোক্ত আইনের ৩২ ধারার বিধানমতে যদিও ভারতবর্ষের উক্ত সিবিলসম্পার্কীয় কার্য্যে গ্রাহ্য না হন তথাপি তাঁহার নিযুক্ত হইবার বাধা নাই। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক যে বিধি সময়ে২ প্রণীত হইয়া সভাধিষ্ঠিত মন্ত্রিগণের অধিকাংশ ব্যক্তির সম্মতিক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকর্ত্তৃক অনুমোদিত হয় তাঁহারা সেই বিধির অধীনে নিযুক্ত হইবেন। কিয়ৎকালীন প্রয়োজনবশতঃ শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত ভারতবর্ষ দেশপ্রবাসিভিন্ন ক্রমাগত তদ্দেশবাসি পিতামাতার দ্বারা যে ব্যক্তিরা জন্মগ্রহণ করিয়া তদ্দেশ নিবাসি হন এই আইনের কার্য্যার্থে "ভারতবর্ষীয় ব্যক্তি" শব্দে তাঁহারদিগকে বুঝাইবে। ভারতবর্ষীয় যে ব্যক্তিদের উক্ত বর্ণনা করা গেল, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ তাঁহারদের কর্ম্মণ্যতাজনক গুণের নির্ণয় ও নির্দ্দেশ করিতে পারিবেন। পরন্তু তিনি তদর্থে তদ্রূপ যে নির্দ্ধারণ করেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকর্ত্তৃক তাঁহার সেই নির্দ্ধারণের অনুমোদন হওয়া প্রয়োজন। এবং পারলিমেণ্টের উভয় সভার সম্মুখে ত্রিশ দিন পর্য্যন্ত অর্পিত না হইলে তাহা প্রবল হইবে না ইতি।

উইটলি ষ্টোকুস,
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalle Translator.*

## Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 21st May 1870, and having been assented to by His Excellency the Governor General on the 27th idem, is hereby promulgated for general information :—

ACT No. III OF 1870.

*An Act to transfer certain pending suits to the Civil Courts.*

Preamble.

Whereas it is expedient to transfer to the Civil Courts certain suits and proceedings now pending in the Revenue Courts; It is enacted as follows :—

How suits and applications to be tried.

I. From and after the date of the commencement of this Act, all suits and applications under any of the Acts mentioned in Schedule (D) to Act VIII of 1869, passed by the Lieutenant-Governor of Bengal in Council, which may be then pending in any of the Revenue Courts in any place to which the said Act may extend, shall be heard and determined in manner hereinafter enacted.

Suits to be transferred to Civil Court.

II. All suits in which no witness has been summoned after settlement of issues and before the commencement of this Act, shall be transferred to the Civil Court which would have had jurisdiction had the suit been instituted under the said Act VIII of 1869, and shall be heard and determined therein.

Decrees to be likewise transferred.

III. All decrees in which an order for the attachment of property has not at the time of the commencement of this Act been issued, and all decrees which shall after the commencement of this Act be made in any suit now pending in the Revenue Courts, shall be transferred to the Court which under the provisions of the said Act VIII of 1869 would have jurisdiction to entertain the suit in which the same were made, and such execution and proceedings may be had in respect of such decrees as if the same were decrees of the Court to which they shall have been so transferred made in pursuance of the said Act VIII of 1869.

Procedure on transferred suits.

IV. The same procedure which applies to suits and applications under the said Act VIII of 1869, shall be held to apply to all suits and applications transferred by this Act to the Civil Courts; but no proceeding before such transfer had in any such suit or application in such Revenue Court in accordance with the law or practice of such Court, shall be deemed invalid or irregular by reason of any law or practice governing or prevailing in such Civil Court.

Act not to affect other applications.

V. Nothing in this Act shall affect applications, not being applications in suits, nor applications for execution of, or in relation to, decrees transferred under the provisions aforesaid.

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের মে মাসের ২১ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিম্নলিখিত আইন অনুমোদন করিলেন। মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ঐ মাসের ২৭ তারিখে তাহা অনুমোদন করাতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭০ সালের ৩ আইন।

উপস্থিত কোন২ মোকদ্দমা দেওয়ানী আদালতে সমর্পণ করণার্থ আইন।

হেতুবাদ।

রাজস্ব সংক্রান্ত আদালতে উপস্থিত কোন২ মোকদ্দমা ও মোকদ্দমাঘটিত কার্য্য দেওয়ানী আদালতে সমর্পণ করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

মোকদ্দমার ও প্রার্থনাপত্রের বিচার যেরূপে হইবে তাহার কথা।

১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৯ সালের ৮ আইন যেং স্থানে প্রচলিত আছে, এই আইন প্রচলিত হওনের তারিখে তৎস্থানের রাজস্বসংক্রান্ত কোন আদালতে উক্ত ৮ আইনের D তফসীলের নির্দ্দিষ্ট যেং মোকদ্দমা ও প্রার্থনাপত্র উপস্থিত থাকে তাহা সেই তারিখঅবধি নিম্নলিখিত প্রকারে শুনা যাইবে ও নিষ্পত্তি করা যাইবে ইতি।

মোকদ্দমা দেওয়ানী আদালতে সমর্পণ করিবার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল মোকদ্দমার ইস্য নিরূপণ হয় কিন্তু সাক্ষিদিগকে আহ্বান করা যায় নাই ১৮৬৯ সালের উক্ত ৮ আইনমতে উপস্থিত করা গেলে তাহা যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্যে থাকিত, সেই আদালতে সমর্পণ করা যাইবে ও তথায় শ্রুত হইয়া নিষ্পত্তি হইবে ইতি।

ডিক্রীও তদ্রূপে স্থানান্তর করিবার কথা।

৩ ধারা। ডিক্রী হইয়াও এই আইন প্রচলিত হইবার সময়ে তদনুসারে সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা না হইলে সেই ডিক্রী, এবং অধুনা রাজস্ব সংক্রান্ত কোন আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় এই আইন প্রচলিত হইবার পরে যে ডিক্রী করা যায়, ১৮৬৯ সালের ৮ আইনের বিধানমতে ঐ মোকদ্দমার বিচার করিতে যে আদালতের ক্ষমতা থাকিত ঐ ডিক্রী সেই আদালতে সমর্পণ করা যাইবে। ও ১৮৬৯ সালের উক্ত ৮ আইনঅনুসারে যে আদালতে সমর্পণ করা যায় ঐ ডিক্রী ও তদ্ঘটিত কার্য্য সেই আদালতের ডিক্রীর ন্যায় সম্পাদিত হইয়া নিষ্পন্ন হইবে ইতি।

তদ্রূপ সমর্পিত মোকদ্দমায় কার্য্য প্রণালীর কথা।

৪ ধারা। ১৮৬৯ সালের উক্ত ৮ আইনমত মোকদ্দমার ও প্রার্থনাপত্রের প্রতি যে কার্য্যপদ্ধতি বর্ত্তে, এই আইনমতে দেওয়ানী আদালতে সমর্পিত সকল মোকদ্দমার ও প্রার্থনাপত্রের প্রতি সেই কার্য্যপদ্ধতি বর্ত্তিবে। কিন্তু উক্ত মোকদ্দমা কি প্রার্থনাপত্র হস্তান্তর করিবার পূর্ব্বে রাজস্বসংক্রান্ত আদালতের ব্যবস্থা ও রীত্যনুসারে যে কোন কার্য্য হইয়া থাকে তাহা ঐ দেওয়ানী আদালতের ব্যবস্থার ও রীতির বৈলক্ষণ্য প্রযুক্ত অসিদ্ধ কি অনিয়মিত জ্ঞান হইবে না ইতি।

অন্য প্রার্থনাপত্রের প্রতি আইন না বর্ত্তিবার কথা।

৫ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে মোকদ্দমা কিম্বা যে ডিক্রী হস্তান্তর করা যায় সেই মোকদ্দমা সম্পার্কীয় প্রার্থনাপত্র ও সেই ডিক্রী সাধন করণার্থ কিম্বা তৎসংক্রান্ত প্রার্থনাপত্রভিন্ন এই আইনের কোন কথা অন্য প্রার্থনাপত্রের প্রতি বর্ত্তিবে না ইতি।

VI. The Civil Court to which any suit, application, proceeding, or decree, shall have been transferred under the provisions of this Act, shall have such and the same powers with respect to such suit, application, proceeding, or decree, as if the same had been instituted, made, or recovered in such Civil Court in pursuance of the said Act VIII of 1869.

*Powers of Civil Court.*

VII. Whenever any process or summons may have been served on any person in any suit or proceeding transferred by the operation of this Act before such transfer shall have taken effect, and in consequence of such transfer it may become necessary to serve any further or other summons or process upon the person so served, in substitution for such first mentioned summons or process, such new or other summons or process shall be served by such Civil Court without any charge by way of tulubana or otherwise being made for such service.

*No charge to be made for fresh summons.*

VIII. This Act shall commence and take effect upon the first day of June 1870.

*Commencement of Act.*

J. Pitt Kennedy,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

৬ ধারা। কোন মোকদ্দমা কি প্রার্থনাপত্র কি মোকদ্দমাঘটিত কার্য্য কি ডিক্রী এই আইনের বিধানমতে যে দেওয়ানী আদালতে সমর্পণ করা যায়, ১৮৬৯ সালের উক্ত ৮ আইনমতে আদৌ সেই দেওয়ানী আদালতে উপস্থিত করা গেলে কি প্রাপ্ত হওয়া গেলে ঐ আদালতের যদ্রূপ ও যে ক্ষমতা থাকিত তত্তুল্য ও সেই ক্ষমতা বর্ত্তিবে ইতি।

*দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।*

৭ ধারা। এই আইনের বিধানমতে যে মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত যে কার্য্য হস্তান্তর করা যায়, যদি হস্তান্তর করিবার পূর্ব্বে কোন ব্যক্তিকে পরওয়ানা কি আহ্বানপত্র দেওয়া গিয়া থাকে, এবং সেই হস্তান্তর কার্য্যপ্রযুক্ত উক্ত আহ্বানপত্রের কি পরওয়ানার পরিবর্ত্তে সেই ব্যক্তিকে পুনর্ব্বার কিম্বা অন্য আহ্বানপত্র কি পরওয়ানা দেওয়ার প্রয়োজন হয়, তবে ঐ দেওয়ানী আদালতহইতে ঐ নূতন কি অন্য আহ্বানপত্র ও পরওয়ানা দেওয়া যাইবে, কিন্তু তাহা দিবার নিমিত্ত তলবানার কি অন্য প্রকারের খরচ লাগিবে না ইতি।

*নূতন আহ্বানপত্রের খরচ না লাগিবার কথা।*

৮ ধারা। এই আইন ১৮৭০ সালের জুন মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইয়া প্রবল হইবে ইতি।

*এই আইন যদবধি প্রচলিত হইবে তাহার কথা।*

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার
আসিস্টান্ট সেক্রেটারী।

---

The following Bill, as settled on the 28th May 1870 by the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, is hereby published for general information:—

*A Bill to provide for the appointment, dismissal, and maintenance of village chowkeedars.*

Whereas it is expedient to make provision for the appointment, dismissal, and maintenance of village chowkeedars in the provinces subject to the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows:—

*Preamble.*

I. The following words and expressions shall in the construction of this Act have the several meanings hereby assigned to them respectively, except where a different intention shall appear from the context, (that is to say)—

*Definitions.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ৭ জুন।]

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায়, আইনের এই পাণ্ডুলিপি অবধারিত হইয়া সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার ও রাখিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার ও রাখিবার বিধান করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

*হেতুবাদ।*

১ ধারা। এই ধারাতে নিম্নলিখিত কথার ও শব্দের যেং অর্থ নির্ণয় হইয়াছে এই আইনের অর্থ করণে পূর্ব্বাপর কথায় ভাবান্তর প্রকাশ না হইলে তাহার সেইং অর্থ ধরিতে হইবে যথা,—

*অর্থের ধারা।*



The words "magistrate of the district" shall mean the chief officer charged with the executive administration of a district in criminal matters by whatsoever designation such officer is called.

*"Magistrate of the district."*

The word "magistrate" shall mean the officer exercising all or any of the powers of a magistrate, and charged with the immediate executive administration, in criminal matters, in any sub-division of a district or portion of a district within which any village may be situated, by whatsoever designation such officer is called.

*"Magistrate."*

The words 'chowkeedaree chakran lands' shall mean lands which may have been assigned, otherwise than under a temporary settlement, for the maintenance of the officer who may have been bound to keep watch in any village and report crime to the police, and in respect to which such officer may be at the time of the passing of this Act liable to render service to a zemindar.

*"Chowkeedaree chakran lands."*

The word 'zemindar' shall mean the person whose name is registered in the general register of estates paying revenue directly to Government as the proprietor of an estate so paying revenue, or the person whose name is registered in the general register of rent-free tenures as proprietor of a rent-free tenure.

*"Zemindar."*

II. Section 21, Regulation XX. of 1817, is hereby repealed as to all villages to which this Act may apply.

*Repeal of section.*

III. It shall be lawful for the magistrate of the district, by a sunud under his hand and seal, to appoint not less than three nor more than five persons to be a punchayet in any village containing more than sixty houses, within the district of which he is in charge. Provided that no such punchayet shall be appointed in any village to which the provisions of Act XXVI of 1850 or of Act XX of 1856, passed by the Legislative Council of India, or the provisions of Act III of 1864, or of Act VI of 1868, passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall have been extended. Provided also that no punchayet shall be appointed in any village until some officer exercising any of the powers of a magistrate shall, in personal communication with the residents in such village or some of them, have explained to them the general duties of a punchayet.

*Power to appoint punchayet.*

[*Government Gazette, 7th June* 1870.]

কোন জিলায় অপরাধঘটিত বিষয়ে প্রধান যে কর্ত্তৃপক্ষের কার্য্য সম্পাদনাধিকার থাকে তাঁহার পদের যে খ্যাতি হউক "জিলার মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে বুঝাইবে।

*জিলার মাজিষ্ট্রেট।*

যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের সকল কি কোন ক্ষমতামতে কার্য্য করিয়া কোন জিলার শাখাখণ্ডে কিম্বা গ্রাম যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার শাখাখণ্ডভিন্ন কোন অংশে অপরাধ ঘটিত বিষয়ে অব্যবহিতরূপে কার্য্য সম্পাদনাধিকার প্রাপ্ত হন তাঁহার পদের যে খ্যাতি হউক "মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে বুঝাইবে।

*মাজিষ্ট্রেট।*

কোন ব্যক্তি গ্রামে চৌকী রাখিতে ও পোলীসে অপরাধের রিপোর্ট করিতে আবদ্ধ হইলে তাহার ভরণ পোষণার্থে যে ভূমি মেয়াদী মন্দবস্তভিন্ন প্রকারান্তরে সমর্পণ করা যায় এই আইন প্রচলিত হওন সময়ে সেই ব্যক্তি সেই ভূমির নিমিত্তে জমীদারের নিকট চাকরী করিবার দায়ী হইলে চৌকীদারী চাকরাণ ভূমি শব্দে সেই ভূমি বুঝায়।

গবর্ণমেণ্টের খাস মহালের সাধারণ রেজিষ্টরী বহীতে গবর্ণমেণ্টে অব্যবহিত রাজস্ব দায়ি ভূম্যধিকারী বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে, অথবা নিষ্কর ভূমির রেজিষ্টরী বহীতে নিষ্কর ভূমির অধিকারী বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে, "জমীদার" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে ইতি।

*"জমীদার।"*

২ ধারা। এই আইন যে সকল গ্রামের প্রতি বর্ত্তে তৎসম্পর্কে ১৮১৭ সালের ২০ আইনের ২১ ধারা রহিত করা গেল ইতি।

*এক ধারা রহিত হইবার কথা।*

৩ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব যে জিলার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হন, তদন্তর্গত যে গ্রামে ষাইট ঘরের অধিক থাকে, তিনি বিহিত বোধ করিলে আপনার স্বাক্ষরযুক্ত ও মোহরে মুদ্রিত সনদ দিয়া সেই গ্রামে তিনের অন্যূন পাঁচের অনধিক ব্যক্তিকে পঞ্চায়ৎস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫০ সালের ২৬ আইন ও ১৮৫৬ সালের ২০ আইন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৪ সালের ৩ আইন ও ১৮৬৮ সালের ৬ আইন যেং গ্রামে বর্ত্তান যায় সেইং গ্রামে পূর্ব্বোক্ত পঞ্চায়ৎ নিযুক্ত হইবে না, এবং মাজিষ্ট্রেটের কোন ক্ষমতামতে কর্ম্মকারি কোন কার্য্যকারক গ্রামবাসি সমুদয় কিম্বা কোনং লোকের সঙ্গে স্বয়ং কথাবার্ত্তা কহিয়া পঞ্চায়তের সাধারণ কর্ম্ম বুঝাইয়া না দিলে ঐ গ্রামে পঞ্চায়ত নিযুক্ত হইবেন না ইতি।

*পঞ্চায়ৎ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।*

IV. If two or more villages containing together not less than eighty houses are so situate that some house in one of such villages is situate within one mile of some house in each of the others, it shall be lawful for the magistrate to form such villages into a union, and for the purposes of this Act such union shall be deemed to be a village.

*Power to make unions of villages.*

V. Whenever any member of a punchayet shall die or cease to be a member of such punchayet, the magistrate of the district shall by a sunud under his hand and seal appoint some other person to be a member of such punchayet in the place or stead of the person so dying or ceasing to be a member.

*Succession of member of punchayet.*

VI. No person shall be appointed to be a member of a punchayet under this Act unless he be a resident in such village or the proprietor or holder of land therein or his local agent; provided that such proprietor or local agent shall not be so appointed unless he be resident within one mile from some part of such village.

*Qualification of members of punchayet.*

VII. If any person, appointed to be a member of a punchayet, shall refuse to undertake the office, or wilfully omit to perform the duties thereof, and shall not within fifteen days from the date of his appointment, or from such omission, show grounds to the satisfaction of the magistrate for such refusal or omission, he shall be liable to a fine, which may extend to fifty rupees. Provided that every person who shall have paid any fine under the provisions of this section shall thereupon cease to be a member of the punchayet and shall not be liable to be re-appointed a member of punchayet for the space of two years from the day of the payment of such fine.

*Penalty on refusing to act as member of punchayet.*

VIII. It shall be lawful for any person who shall have served for the term of two years as a member of any punchayet to retire from such punchayet, and the person so retiring shall not without his own consent be appointed to serve on such punchayet until after the expiry of two years from the date of such his retirement.

*Exemption from serving on punchayet.*

IX. It shall be lawful for the magistrate of the district by an order in writing, signed by him, to remove or discharge any member of a punchayet.

*Power to remove members of punchayet.*

৪ ধারা। দুই কি তদধিক গ্রামে আশী ঘরের ন্যূন থাকিলে, এবং এক গ্রামের কোন ঘর অন্য গ্রামের কোন ঘরহইতে এক মাইলের অধিক নয় ঐ২ গ্রাম পরস্পর এমন নিকট থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই সকল গ্রাম লইয়া সমাহার করিতে পারিবেন ও এই আইনের কার্য্যপক্ষে ঐ সমাহার একি গ্রাম বলিয়া গণ্য হইবে ইতি।

*গ্রাম সমাহার করিবার ক্ষমতার কথা।*

৫ ধারা। পঞ্চায়তের কোন ব্যক্তি মরিলে কিম্বা তাঁহার পঞ্চায়তী রহিত হইলে মাজিষ্ট্রেট সাহেব আপনার স্বাক্ষরযুক্ত ও মোহরাঙ্কিত সনদ দ্বারা ঐ মৃত কি রহিতকর্ম্মা ব্যক্তির স্থানে কি পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে ঐ পঞ্চায়তে নিযুক্ত করিবেন ইতি।

*পঞ্চায়তের পর্য্যায়ের কথা।*

৬ ধারা। যে গ্রামের পঞ্চায়ত নিযুক্ত করিতে হইবে কোন ব্যক্তি সেই গ্রামনিবাসি কিম্বা তদন্তর্গত ভূমির অধিকারী কি ভোগী না হইলে, কিম্বা ঐ স্থানে তদ্রূপ ব্যক্তির গোমাশতা না হইলে তিনি এই আইনমতে পঞ্চায়তের পদে নিযুক্ত হইতে পারিবেন না। কিন্তু ঐ ভূম্যধিকারী কিম্বা তৎস্থানের গোমাশতা ঐ গ্রামের কোন সীমাহইতে এক মাইলের মধ্যে বাস না করিলে সেই কর্ম্মে নিযুক্ত হইবেন না ইতি।

*পঞ্চায়তের কর্ম্মের যোগ্যতার কথা।*

৭ ধারা। কোন ব্যক্তি পঞ্চায়তে নিযুক্ত হইয়া সেই পদের কর্ম্ম করিতে অনঙ্গীকার করিলে কিম্বা স্বেচ্ছাপূর্ব্বক ত্রুটি করিলে ও নিযুক্ত হইবার কিম্বা কর্ম্ম না করিবার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে তাঁহার অনঙ্গীকার করণের কিম্বা ত্রুটির যথেষ্ট কারণ না জানাইলে, তাহার অর্থদণ্ড হইতে পারিবে। সেই অর্থদণ্ড পঞ্চাশ টাকার অধিক হইবে না। কিন্তু এই ধারার বিধানমতে কোন ব্যক্তি অর্থদণ্ড দিলে তাঁহার সেই পঞ্চায়তের পদ তৎকালেই রহিত হইবে এবং ঐ অর্থদণ্ডের তারিখঅবধি দুই বৎসর গত না হইলে তিনি পুনরায় পঞ্চায়তের কর্ম্মে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না ইতি।

*পঞ্চায়তের কর্ম্ম করিতে অনঙ্গীকার করিলে দণ্ডের কথা।*

৮ ধারা। কোন ব্যক্তি দুই বৎসর পঞ্চায়তের কর্ম্ম করিলে পর আপনি অবসর হইতে পারিবেন, ও অবসর হওনের তারিখঅবধি দুই বৎসর গত না হইলে তাঁহার নিজ ইচ্ছাভিন্ন তাঁহাকে পঞ্চায়তের পদে নিযুক্ত করা যাইবে না ইতি।

*পঞ্চায়তের কর্ম্মহইতে মুক্তি পাইবার কথা।*

৯ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব স্বীয় স্বাক্ষরিত অনুজ্ঞাপত্রদ্বারা পঞ্চায়তের কোন ব্যক্তিকে অবসর করিতে কিম্বা কর্ম্মহইতে ছাড়াইতে পারিবেন ইতি।

*পঞ্চায়তের কোন লোককে অবসর করিবার ক্ষমতার কথা।*





X. The punchayet shall determine the number of chowkeedars to be employed in a village; Provided that there shall be at least two chowkeedars appointed in every village in which there are one hundred and fifty houses, and one additional chowkeedar for every complete number of one hundred houses beyond such number of one hundred and fifty.

*Number of chowkeedars to be determined by punchayet.*

XI. The punchayet shall from time to time determine the monthly salaries of the chowkeedars to be appointed, provided that such salaries shall not be less than three nor more than six rupees per month.

*Punchayet to determine salaries of chowkeedars.*

XII. The punchayet shall raise in each village, by a yearly assessment, the amount required for the pay of the chowkeedars, together with fifteen per cent. above such amount, in order to provide for payment of the expenses of collection and losses from the non-realization of the rate from defaulters.

*Salaries to be raised by assessment.*

XIII. All owners or occupiers of houses in any village, and any zemindar who has within such village a cutcherry for collecting rents, shall be liable to assessment for the purposes of this Act.

*Persons liable to assessment.*

XIV. The rate to be levied in any village for the purposes of this Act shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same. Provided that the amount to be assessed on any one person shall not be more than one rupee per mensem, and that all persons who, in the opinion of the punchayet, are too poor to pay half an anna a month shall be altogether exempt from assessment under this Act.

*Nature and amount of assessment.*

XV. The punchayet shall, two clear months before the first day of the year current in the village, make such assessment upon the several persons liable thereto, and shall enter the same in a list, which shall specify the name of each person liable to be assessed, the trade, business, or other description of such person, and the amount payable monthly by such person, and such list shall be by them published in some conspicuous part of the village at least fifteen days before the expiry of the said two months.

*Time and form of assessment.*

১০ ধারা। গ্রামে কত জন চৌকীদার নিযুক্ত হইবে পঞ্চায়ত ইহা নিরূপণ করিবেন। কিন্তু যে গ্রামে দেড়শত ঘর থাকে তথায় ন্যূন কল্পে দুই জন চৌকীদার নিযুক্ত হইবে। ও দেড় শতের ঊর্দ্ধ পুরা এক২ শত ঘরের নিমিত্তে আর এক জন চৌকীদার নিযুক্ত হইবে ইতি।

*কত জন চৌকীদারকে নিযুক্ত করিতে হইবে ইহা পঞ্চায়তের নিরূপণ করিবার কথা।*

১১ ধারা। চৌকীদারেরা নিযুক্ত হইলে মাসে কত বেতন পাইবে, পঞ্চায়ত এই কথা সময়ে২ নির্দ্ধার্য্য করিবেন। কিন্তু কোন চৌকীদার মাসে তিন টাকার কম ও ছয় টাকার অধিক পাইবে না ইতি।

*চৌকীদারদের বেতন পঞ্চায়তের নির্দ্ধার্য্য করিবার কথা।*

১২ ধারা। প্রত্যেক গ্রামের পঞ্চায়ত চৌকীদারদের বেতনের টাকা তুলিবার নিমিত্তে বার্ষিক কর ধার্য্য করিবেন এবং সেই টাকা আদায় করিবার খরচের নিমিত্তে ও কোন২ লোক কর না দিলে যে ক্ষতি হইতে পারে সেই ক্ষতিশোধের নিমিত্তে ঐ চৌকীদারী করের উপর শতকরা ১৫৲ টাকা ধরিবেন ইতি।

*করধার্য্য করিয়া বেতন তুলিবার কথা।*

১৩ ধারা। গ্রামে যাঁহারা গৃহস্বামী কি গৃহবাসী, ও যে জমীদারের মাল কাছারী থাকে, এই আইনের কার্য্যের নিমিত্তে তাঁহারদের কর ধার্য্য হইতে পারিবে ইতি।

*যাহাদের কর ধার্য্য হইতে পারিবে তাহারদের কথা।*

১৪ ধারা। কোন গ্রামে এই আইনের কার্য্যের নিমিত্তে যে কর ধার্য্য করিতে হইবে তাহা কর দিবার যোগ্য ব্যক্তিদের সঙ্গতি ও রক্ষণীয় সম্পত্তি অনুসারে নিরূপণ হইবে। কিন্তু মাসে কোন ব্যক্তির এক টাকার অধিক ধার্য্য হইবে না। ও দুঃস্থপ্রযুক্ত যে ব্যক্তিরা পঞ্চায়তের বিবেচনায় মাসে ✓১০ আনা দিতে না পারে তাহারদের এই আইনমতে কর দিতে হইবে না ইতি।

*যে প্রকারের ও যত টাকা কর ধার্য্য হইবে তাহার কথা।*

১৫ ধারা। পঞ্চায়ৎ গ্রামের চলিত সনের প্রথম দিবসের পূর্ণ দুই মাস পূর্ব্বে ঐ কর দিবার যোগ্য ব্যক্তিদের কর নিরূপণ করিয়া নির্ঘণ্টপত্রে লিখিয়া দিবেন। যাঁহারা কর দিবার যোগ্য তাঁহারদের প্রত্যেক জনের নাম ও ব্যবসা কি বাণিজ্য কি অন্য বর্ণনা ও মাসে২ কত করিয়া দিতে হইবে এই সকল কথা ঐ নির্ঘণ্টপত্রে লেখা যাইবে। উক্ত দুই মাস অবসান হইবার ন্যূনকল্পে পঞ্চদশ দিন থাকিতে পঞ্চায়ত ঐ গ্রামের সকলের দৃষ্টিগোচর স্থানে ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ করাইবেন ইতি।

*যে সময়ে ও যেরূপে কর ধার্য্য হইবে তাহার কথা।*

XVI. The punchayet may, instead of making a new assessment, revise or continue the assessment of the current year, and the assessment so revised or continued shall be in like manner published.

*Power to continue former assessment.*

XVII. Every assessment so made, revised, or continued, shall commence and take effect upon the 1st day of the year current in the village next ensuing the date of publication thereof, and shall remain in force for one year, and until some other assessment properly made or revised under the provisions of this Act shall commence and take effect.

*Duration of assessment.*

XVIII. Any person dissatisfied with the amount at which he has been assessed may, within one month after any publication of any assessment, apply to the punchayet, either orally or in writing, for a revision of the assessment, and the punchayet may confirm the assessment or amend the same.

*Power to review assessment.*

XIX. No appeal, as of right, shall lie from any order passed by a punchayet as regards the revision of any assessment; but the magistrate may call for the general list of assessment in any village, and shall so call for such list on the application of ten rate-payers in such village, and may pass such orders on any list so called for as he may think proper.

*Magistrate may revise assessment.*

XX. Every rate to be payable under this Act shall be payable by equal monthly instalments; the instalment of rate on account of each month shall be due on the first day of such month.

*Rate payable monthly in advance.*

XXI. Every punchayet shall appoint one of their number to receive and collect the rate; and to grant receipts for the same and to keep the accounts thereof, and it shall be lawful for the punchayet to permit the person so appointed to retain any sum not exceeding six per cent. of the amount collected by him to re-pay the costs of such collection.

*Allowance for collecting rate.*

XXII. The proceeds of every assessment to be levied under this Act in any village, together with any sum which may become applicable to the purposes of this Act, shall constitute a fund, which shall be called the chowkeedaree fund of such village.

*Constitution of chowkeedaree fund.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৭ জুন।]

১৬ ধারা। পঞ্চায়ৎ কোন বৎসরের নূতন কর ধার্য্য না করিয়া পূর্ব্ব, বৎসরের অবধারিত কর সংশোধন করিতে কিম্বা প্রবল রাখিতে পারিবেন। ও সংশোধিত কিম্বা প্রচলিত সেই কর পূর্ব্বোক্তমতে প্রকাশ করা যাইবে ইতি।

*পূর্ব্বনির্দ্ধারিত কর গ্রাহ্য করিবার ক্ষমতার কথা।*

১৭ ধারা। অবধারিত করের যে নির্ঘন্টপত্র উক্ত প্রকারে প্রস্তুত কি সংশোধিত কি প্রচলিত করা যায় তাহার প্রকাশ হইবার তারিখের পর গ্রামের চলিত সনের যে নূতন বৎসর হয় তাহার প্রথম দিবসাবধি এক বৎসর প্রবল থাকিবে। বরং এই আইনের বিধানমতে যত কাল করের অন্য পত্র উচিতমতে প্রস্তুত ও সংশোধিত হইয়া না চলে ও প্রবল না করা যায় তত কাল প্রবল থাকিবে ইতি।

*নির্দ্ধারিত কর যত কাল প্রবল থাকিবে তাহার কথা।*

১৮ ধারা। কোন ব্যক্তির যত কর ধার্য্য হইয়াছে তিনি তাহাতে অসন্তুষ্ট হইলে ঐ করের নির্ঘন্টপত্র প্রকাশ হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে প্রমুখাৎ কিম্বা শাদা কাগজে লিখিয়া পঞ্চায়তের নিকটে ঐ করের পত্র সংশোধন হইবার প্রার্থনা করিতে পারিবেন। পঞ্চায়ৎ সেই নির্দ্ধারিত কর দৃঢ় করিতে কিম্বা সংশোধন করিতে পারিবেন ইতি।

*নির্দ্ধারিত কর সংশোধন করিবার ক্ষমতার কথা।*

১৯ ধারা। পঞ্চায়ৎ করের কোন নির্ঘন্টপত্র সংশোধন করণসম্পার্কীয় যে আজ্ঞা করেন তাহার উপর কেহ স্বত্ত্ববান বলিয়া আপীল করিতে পারিবে না। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব কোন গ্রামের নির্দ্ধারিত করের সাধারণ নির্ঘন্টপত্র আনাইতে পারিবেন, এবং গ্রামের ঐ করদায়ি পাঁচ জনের প্রার্থনা হইলে অবশ্য আনাইবেন ও তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

*সেই করের পত্র মাজিষ্ট্রেট সাহেবের পুনদৃষ্টি করিবার কথা।*

২০ ধারা। এই আইনমতে যে কর দিতে হইবে তাহা মাসে২ সমান কিস্তি করিয়া দেওয়া যাইবে। মাসের কিস্তি ঐ মাসের প্রথম দিনে দেনা হইবে ইতি।

*কর মাসে২ আগাম দিবার কথা।*

২১ ধারা। পঞ্চায়ৎ উক্ত কর গ্রহণ ও আদায় করণার্থে ও তাহার রসীদ দিবার ও হিসাব রাখিবার জন্যে আপনাদের এক ব্যক্তিকে নিযুক্ত করিবেন এবং ঐ টাকা আদায় করিতে যে খরচ লাগে তাহা পোষাইবার জন্যে পঞ্চায়ত তাঁহাকে আদায় করা ঐ টাকাহইতে শত করা ৬৲ টাকাপর্য্যন্ত লইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

*কর আদায় করিবার খরচের কথা।*

২২ ধারা। এই আইনমতে করের যে নির্ঘন্টপত্র করা যায় তদনুসারে উৎপন্ন সকল টাকা এবং অন্য যে টাকা এই আইনের কার্য্যে প্রয়োগ হইতে পারে সেই সকল টাকা লইয়া ঐ গ্রামের চৌকীদারী ফণ্ড বলিয়া ফণ্ড করা যাইবে ইতি।

*চৌকীদারী ফণ্ড নিরূপণের কথা।*



XXIII. If, at the end of any year, any surplus of the fund may remain unexpended, such surplus shall be carried to the credit of the chowkeedaree fund for the ensuing year, and the amount to be raised by assessment in such ensuing year may in such case be reduced by the amount of such surplus.

*Application of surplus.*

XXIV. Every person liable to pay any sum assessed upon him under this Act shall, within seven days after the day upon which any instalment of rate may be payable by him, pay or tender such instalment to the person appointed by the punchayet to receive the same.

*Payment of instalment to be made within seven days.*

XXV. Immediately after the tenth day of each month the punchayet of every village to which the provisions of this Act extend shall prepare a list of the persons who may have failed to pay their respective instalments of the rate for such month showing the amount due from each of such defaulters, and shall publish such list in some conspicuous part of the village.

*List of defaulters to be made out.*

XXVI. The collecting member of the punchayet shall thereupon issue a writing in the form in Schedule (A), signed by him, authorizing the chowkeedar or such other person as may be therein named to levy by the distraint and sale of a sufficient portion of the moveable property of such defaulters the amount of their respective arrears, together with sums equal to such arrears respectively by way of penalty.

*Power to distrain for rates.*

XXVII. The person so authorized shall seize such moveable property of such respective defaulters as he shall deem sufficient, and shall make an inventory of all moveable property so seized, and shall at the same time give notice by beat of drum of the time and place where such moveable property shall be sold. Such time of sale shall be not less than two days, nor more than five days, from the time of the proclamation thereof.

*Manner of executing distress.*

XXVIII. In case any defaulter shall not, within the time specified by such notice, pay the amount of such arrears payable by him, together with an equal amount by way of penalty, the moveable property distrained, or such portion of it as may be necessary, shall be sold by public outcry at the place and time specified, and the proceeds shall be applied in discharge of such amount and penalty, and the surplus, if any, shall be returned to the person in possession of the moveable property at the time of the seizure.

*Sale in execution of warrant.*

[*Government Gazette, 7th June* 1870.]

২৩ ধারা। কোন বৎসরের শেষে ঐ ফণ্ডের কিছু টাকা বাঁচিলে তাহা তৎপশ্চাৎ বৎসরের চৌকীদারী ফণ্ডের মধ্যে জমা হইতে পারিবে, ও সেই বৎসরের করদ্বারা যে টাকা তুলিতে হইবে তাহা তত টাকাপর্য্যন্ত ন্যূন করা যাইতে পারিবে ইতি।

*উদ্বর্ত্ত টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।*

২৪ ধারা। এই আইনমত নির্দ্ধারিত কর যে ব্যক্তির দিতে হইবে তাঁহার টাক্সের কিস্তি দেনা হইবার দিনাবধি সাত দিনের মধ্যে তিনি পঞ্চায়তের নিযুক্ত ব্যক্তিকে ঐ কিস্তির টাকা দিবেন কিম্বা তাঁহার গ্রহণার্থে উপস্থিত করিবেন ইতি।

*কিস্তির টাকা সাত দিনের মধ্যে দিবার কথা।*

২৫ ধারা। এই আইনের বিধান যে গ্রামের প্রতি বর্ত্তে সেই গ্রামের কোন২ ব্যক্তি কোন মাসের কিস্তি না দিলে ঐ মাসের দশম দিন গত হইলেই পঞ্চায়ত সেই ব্যক্তিদের নাম ও যাঁহার স্থানে ঐ মাসের যত পাওনা থাকে তাহার নির্ঘন্টপত্র প্রস্তুত করিয়া যে মত বিহিত বোধ করেন প্রকাশ করিবেন ইতি।

*বাকীদারদের নামের নির্ঘণ্ট করিবার কথা।*

২৬ ধারা। তাহা হইলে পর, পঞ্চায়তের যে ব্যক্তি কর আদায় করিয়া থাকেন, তিনি A তফসীলের পাঠে লিপি দিয়া তাহাতে স্বাক্ষর করিয়া চৌকীদারকে কিম্বা ঐ লিপির নির্দ্দিষ্ট অন্য ব্যক্তিকে এই অনুমতি দিবেন যে যাহার যত বাকী থাকে তাহার তত মূল্যের এবং দণ্ড স্বরূপ আর ততই মূল্যের অস্থাবর দ্রব্য ক্রোক ও বিক্রয় কর ইতি।

*করের নিমিত্তে ক্রোক করিবার ক্ষমতার কথা।*

২৭ ধারা। যে ব্যক্তির প্রতি ঐ অনুমতি দেওয়া যায় সে উক্ত প্রত্যেক বাকিদারের যত অস্থাবর দ্রব্যে ঐ কর প্রভৃতি শোধ করিতে কুলাইবে বোধ করে তত দ্রব্য ক্রোক করিবে, ও ক্রোক করা সেই অস্থাবর দ্রব্যের নির্ঘন্টপত্র লিখিয়া সেই সময়ে ঢেঁড়রা দিয়া ঐ দ্রব্য বিক্রয় হইবার সময়ের ও স্থানের সম্বাদ দিবে। ঘোষণা করিবার দিন অবধি দুই দিনের অন্যূন ও পাঁচ দিনের অনধিক ঐ দ্রব্য বিক্রয় করিবার দিন নিরূপণ করিবে ইতি।

*পরওয়ানামতে কার্য্য করিবার নিয়মের কথা।*

২৮ ধারা। ঘোষণাক্রমে যে সময় নির্দ্দিষ্ট হয়, কোন বাকীদার সেই সময়ের মধ্যে আপনার দেনা ঐ বাকী এবং দণ্ডস্বরূপ আর তত টাকা না দিলে ঐ ক্রোক করা দ্রব্য কিম্বা তাহার যে অংশ আবশ্যক তাহা নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে নীলাম করা যাইবে। তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় সেই টাকাহইতে ঐ কর ও দণ্ড দেওয়া যাইবে। উদ্বর্ত্ত থাকিলে ঐ দ্রব্য ক্রোক হওন সময়ে যাহার অধিকারে ছিল তাহাকে দেওয়া যাইবে ইতি।

*পরওয়ানামতে বিক্রয় করিবার কথা।*

XXIX. Whenever any person whose name may have been included in any list of defaulters may dispute his liability to pay the amount mentioned in such list or any portion thereof, he may apply to the magistrate either orally or in writing, stating the grounds of his objection, and the magistrate shall examine his objection and pass such order thereon as to him shall seem proper.

*Objections to levy how to be made.*

XXX. Any property distrained under the provisions of Section XXVII shall remain in the custody of the chowkeedar, or of some other person whom the punchayet may appoint in that behalf.

*Custody of property distrained.*

XXXI. All goods and chattels, except plough cattle and tools and implements of trade or agriculture, found in or upon any house or land occupied by any defaulter, shall be deemed to be his property, and shall be liable to be distrained and sold for the recovery of the arrear. If the goods and chattels distrained belong to any person other than the defaulter, the defaulter shall be liable to indemnify the owner of such goods and chattels for any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same.

*What property may be distrained for rates.*

XXXII. No arrears of any rate payable under this Act shall be recovered by distress after the expiration of one year from the day on which the same shall have become due.

*Distress not to be levied after a year.*

XXXIII. No distress levied by virtue of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in any list, assessment, notice, summons, power, writing, inventory or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser from the commencement on account of any irregularity afterwards committed by him, but all persons aggrieved by such irregularity may recover full satisfaction for any special damage sustained by them, in any court of competent jurisdiction, subject to the provisions of Section LXII of this Act.

*Irregularities not to avoid distraint.*

XXXIV. The punchayet shall appoint the persons to be chowkeedars under this Act, and may, from time to time, with the sanction of the magistrate, dismiss any such chowkeedars.

*Appointment and dismissal of chowkeedars.*

২৯ ধারা। বাকীদারদের কোন নির্ঘণ্টপত্রে যে ব্যক্তিরদের নাম ধরা গিয়াছে তাঁহারদের মধ্যে কোন ব্যক্তি ঐ নির্ঘণ্টপত্রের লিখিত টাকার কি তাহার এক অংশের দায়ী নই বলিয়া আপত্তি করিলে তিনি প্রমুখাৎ কিম্বা লিখনদ্বারা মাজিষ্ট্রেটের নিকট আপনার আপত্তির কারণ জানাইবেন। মাজিষ্ট্রেট তাঁহার সেই আপত্তির অনুসন্ধান লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

*করের বিষয়ে যেরূপে আপত্তি করিতে হইবে তাহার কথা।*

৩০ ধারা। ২৭ ধারার বিধানমতে যে দ্রব্য ক্রোক করা যায় তাহা চৌকীদারের, কিম্বা পঞ্চায়ত অন্য যে ব্যক্তিকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার সংরক্ষণে থাকিবে ইতি।

*ক্রোক করা দ্রব্য রাখিবার কথা।*

৩১ ধারা। বাকীদারের অধিকৃত ঘরে কি ভূমিতে হালিয়া গোরু কি ব্যবসায়ের হাতিয়ার কি যন্ত্রভিন্ন যে সকল মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা তাঁহারই সম্পত্তি বলিয়া জ্ঞান হইবে ও বাকী আদায়ের নিমিত্তে ক্রোক ও নীলাম হইতে পারিবে। ক্রোক করা মাল ও দ্রব্য বাকীদারভিন্ন অন্য ব্যক্তির হইলে ঐ ক্রোক করণদ্বারা তাহার যে হানি হয় কিম্বা দ্রব্য ক্রোক কি নীলাম না হইবার জন্যে তাহার খরচ হইলে বাকীদার সেই হানিপূরণের কিম্বা সেই টাকার দায়ী হইবেন ইতি।

*করের নিমিত্তে যে প্রকারের দ্রব্য ক্রোক করা যায় তাহার কথা।*

৩২ ধারা। এই আইনমত কর দেনা হইবার দিনাবধি এক বৎসর গত হইলে পর ক্রোককরণদ্বারা আদায় হইতে পারিবে না ইতি।

*এক বৎসরের পর ক্রোক না হইবার কথা।*

৩৩ ধারা। এই আইনের বলে যে ক্রোক করা যায় তৎসম্পার্কীয় কোন নির্ঘণ্টপত্রে কি করপত্রেকি জ্ঞাপনপত্রে কি আহ্বানপত্রে কি ক্ষমতাপত্রে কি লিপিতে কি দ্রব্য নির্ঘণ্টপত্রে কি অন্য কার্য্যে কোন দোষ কিম্বা রীতির বৈষম্য প্রকাশ হইলেও, ঐ ক্রোক অবৈধ জ্ঞান হইবে না, ও যে ব্যক্তি ক্রোক করে সেও অনধিকার প্রবেষ্টা জ্ঞান হইবে না ও পশ্চাৎ সেই ব্যক্তির কৃত কোন কার্য্যে রীতির বৈষম্য হইলে সে প্রথমাবধি অনধিকার প্রবেষ্টা জ্ঞান হইবে না, কিন্তু সেই বৈষম্যদ্বারা যে ব্যক্তিদের পক্ষে অন্যায় হয়, তাহারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে প্রার্থনা করিয়া এই আইনের ৬৬ ধারার বিধানবশে কোন বিশেষ ক্ষতির সম্পূর্ণ পরিশোধ পাইতে পারিবে ইতি।

*রীতির বৈষম্য হেতুক ক্রোক ব্যর্থ না হইবার কথা।*

৩৪ ধারা। এই আইনমতে যাহারা চৌকীদার হইবে পঞ্চায়ত তাহারদিগকে নিযুক্ত করিবেন। এবং মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া সময়ে২ উক্ত অন্যতর চৌকীদারকে অবসরও করিতে পারিবেন ইতি।

*চৌকীদারদের নিযুক্ত ও অবসর করিবার কথা।*





XXXV. On the appointment of any chowkeedar the punchayet shall give to him a certificate signed by them of such his appointment specifying therein the rate of salary at which he has been appointed, and he shall within seven days produce such certificate at the police station within the limits of which his village may be situate, and the officer in charge of such station shall cause the particulars of such certificate to be registered in a book to be kept in such station for the purpose of such registration and shall report the same to the magistrate.

*Appointment of chowkeedars to be registered by police.*

XXXVI. It shall be lawful for the magistrate, if he think fit, to dismiss any chowkeedar for any misconduct or neglect of duty.

*Power to magistrate to dismiss chowkeedars.*

XXXVII. Every chowkeedar who may be guilty of any wilful misconduct in his office or neglect of his duty, such misconduct or neglect not being an offence within the meaning of the Indian Penal Code, and not being of so grave a character as in the opinion of the magistrate to require his dismissal from his office, shall be liable to a fine which shall not exceed the amount of one month's salary.

*Power to fine chowkeedars.*

XXXVIII. Every chowkeedar appointed under the provisions of this Act shall perform the following duties:—

*Duties of chowkeedar.*

1*st*.—He shall give immediate information to the officer in charge of the police station, within the limits of which the village is situate, of every unnatural, suspicious or sudden death which may occur, and of every offence specified in Schedule (B) of this Act which may be committed within the village of which he is chowkeedar, and he shall further keep the police informed of all disputes which are likely to lead to any riot or serious affray.

2*nd*.—He shall arrest all proclaimed offenders, and all persons whom he may find in the act of committing any offence specified in Schedule (B) of this Act.

3*rd*.—He shall observe and from time to time report to the officer in charge of the police station within the limits of which the village may be situate the movements of all bad characters in such village.

4*th*.—He shall report to the officer in charge of such police station the arrival of suspicious characters in the neighbourhood.

5*th*.—He shall present himself at such station twice in each week if such station be within two

৩৫ ধারা। চৌকীদার নিযুক্ত হইলে, পঞ্চায়ত তাহার নিযুক্ত হওয়া ও সে যে হারে বেতন পাইবে এই কথার সংশিতপত্র দিবেন। সেই পত্রে তাঁহাদের স্বাক্ষর থাকিবে। তাহার গ্রাম যে থানার সীমার মধ্যে থাকে নিযুক্ত হইবার পর সাত দিনের মধ্যে সেই থানায় ঐ সংশিতপত্র দেখাইবে। ও সেই থানায় চৌকীদারদের নাম রেজিষ্টরী করিয়া রাখিবার যে বহী থাকে ঐ থানার অধ্যক্ষ সেই বহীতে ঐ সংশিতপত্রের কথা লেখাইয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকট রপোর্ট করিবেন ইতি।

*চৌকীদারদের নিয়োগ পোলীসে রেজিষ্টর হইবার কথা।*

৩৬ ধারা। চৌকীদার অহিতাচার করিলে কিম্বা আপন কর্ম্মে আলস্য করিলে মাজিষ্ট্রেট সাহেব বিহিত বিবেচনায় তাহাকে কর্ম্মহইতে ছাড়াইতে পারিবেন ইতি।

*চৌকীদারদিগকে অবসর করিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।*

৩৭ ধারা। চৌকীদার আপনার পদে ইচ্ছাপূর্ব্বক অহিতাচার করিলে কিম্বা কর্ম্মে আলস্য করিলে কিন্তু তাহার সেই অহিতাচার কি আলস্য ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থানুসারে অপরাধ না হইলে, এবং মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় তাহাকে কর্ম্মহইতে ছাড়াইবারমত গুরুতর অপরাধ না হইলে, ঐ চৌকীদারের অর্থদণ্ড হইতে পারিবে কিন্তু এক মাসের বেতনের অধিক নয় ইতি।

*চৌকীদারদের অর্থদণ্ড করিবার ক্ষমতার কথা।*

৩৮ ধারা। এই আইনের বিধানমতে যে চৌকীদার নিযুক্ত হয় তাহার এই২ কর্ম্ম কর্ত্তব্য। যথা—

*চৌকীদারের কর্ত্তব্য কর্ম্মের কথা।*

১। যে গ্রামের চৌকীদার সেই গ্রাম পোলীসের যে থানার অন্তর্গত থাকে ঐ গ্রামে কোন ব্যক্তির অপঘাত কি সন্দিগ্ধ কি অকস্মাৎ মৃত্যু হইলে এবং এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন অপরাধ করা গেলে সেই থানায় তৎক্ষণাৎ সম্বাদ দিবে, এবং যে বিবাদদ্বারা হঙ্গামা কি ভারি দাঙ্গা হইবার সম্ভাবনা পোলীসকে সেই কথাও জানাইয়া রাখিবে।

২। প্রসিদ্ধ সকল অপরাধিকে, এবং যে সকল ব্যক্তিকে এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন অপরাধ করিতে দেখে তাহাকে ধৃত করিবে।

৩। গ্রামের কুচরিত্র সকল লোকের আচার ব্যবহার লক্ষ করিয়া ঐ গ্রাম পোলীসের যে থানার সীমার অন্তর্গত থাকে সময়ে২ সেই থানায় তাহারদের গতিবিধির সন্ধান জানাইবে।

৪। সন্দিগ্ধ চরিত্র কোন লোক গ্রামের নিকট আইলে ঐ থানায় সম্বাদ দিবে।

৫। ঐ থানা গ্রামহইতে দুই মাইলের মধ্যে থাকিলে, চৌকীদার সপ্তাহে দুইবার থানায় উপস্থিত হইবে।

miles of the village, and if it be more remote once in each week or once in each fortnight as the magistrate may direct.

6*th.*—He shall supply any local information which the magistrate or any officer of police may require.

7*th.*—He shall obey the orders of the punchayet.

XXXIX. Whenever the chowkeedar may arrest any person, such chowkeedar shall forthwith take the person so arrested to the police station within the limits of which such village is situate, provided that if the arrest is made at night, such person shall be so taken, as soon as convenient, on the following morning.

Procedure on arrest by chowkeedars.

XL. The punchayet shall exercise a general control over the chowkeedars, and every member of such punchayet who may know or be informed of the commission within the village of any offence specified in Schedule (B) of this Act, shall forthwith cause the same to be reported by the chowkeedar to the officer in charge of the police station within the limits of which the village may be situate, and on failure of the chowkeedar, such member shall himself report the same to such officer.

Control of chowkeedars by punchayet.

XLI. All fines and penalties levied under this Act shall be carried to the credit of the village chowkeedaree fund and be applied as a portion thereof.

Fines to be carried to chowkeedaree fund.

XLII. Every chowkeedar shall receive, month by month, the full amount of his salary from the member of the punchayet appointed to collect the tax.

Mode of paying chowkeedars.

XLIII. Whenever the salary of any month shall not be paid in full to any chowkeedar on or before the 15th of the month following, such chowkeedar may apply to the magistrate, who shall call upon the punchayet within ten days to show cause why they should not pay the amount due to such chowkeedar.

Application by chowkeedar for payment of his salary.

XLIV. If it shall appear to the magistrate that there is no money to the credit of the village chowkeedaree fund, and that the punchayet shall not have taken sufficient steps to realize from defaulters the arrears due from them, the magistrate shall issue his warrant for the realiza-

Mode of realizing chowkeedar's salary.

দুই মাইলের অধিক দূর হইলে সপ্তাহে কিম্বা মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা করিলে দুই সপ্তাহে একবার যাইবে।

৬। মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক গ্রামের কোন সন্ধান জানিতে চাহিলে জানাইবে।

৭। পঞ্চায়তের আজ্ঞা মানিবে ইতি।

৩৯ ধারা। চৌকীদার কোন ব্যক্তিকে ধৃত করিলে গ্রাম যে থানার অধিকারে থাকে পোলীসের সেই থানায় তাহাকে একেবারে লইয়া যাইবে। কিন্তু যদি রাত্রিকালে ধৃত করিয়া থাকে, তবে প্রাতঃকালে সুবিধামতে ত্বরায় তাহাকে লইয়া যাইবে ইতি।

চৌকীদারেরা ধৃত করিলে তদ্বিষয়ের কথা।

৪০ ধারা। চৌকীদারদের উপর পঞ্চায়তের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে। এবং পঞ্চায়তের কোন ব্যক্তি গ্রামের মধ্যে এই আইনের B তফসীলের নির্দ্দিষ্ট কোন অপরাধ হইবার কথা জানিলে কি তাহার সন্ধান পাইলে গ্রাম যে থানার অধিকারে থাকে সেই থানার অধ্যক্ষতাভার প্রাপ্ত কার্য্যকারকের নিকট তৎক্ষণাৎ চৌকীদারের দ্বারা সেই কথার রিপোর্ট করাইবেন। চৌকীদার তাহা না করিলে পঞ্চায়তের ঐ ব্যক্তি আপনি ঐ কর্ম্মকারকের নিকট রিপোর্ট করিবেন ইতি।

চৌকীদারের উপর পঞ্চায়তের কর্ত্তৃত্বের কথা।

৪১ ধারা। এই আইনমতে অর্থদণ্ডের ও দণ্ডের যে টাকা আদায় করা যায় তাহা গ্রামের চৌকীদারী ফণ্ডে জমা হইবে ও তাহার অংশমতে ব্যয় হইবে ইতি।

অর্থদণ্ডের টাকা চৌকীদারী ফণ্ডে জমা করিবার কথা।

৪২ ধারা। পঞ্চায়তের যে ব্যক্তি কর আদায় করিতে নিযুক্ত হন, চৌকীদার তাঁহার স্থানে মাসে পূর্ণ বেতন পাইবে ইতি।

চৌকীদারের বেতন দিবার নিয়মের কথা।

৪৩ ধারা। কোন চৌকীদারের এক মাসের পূর্ণ বেতন তৎপশ্চাৎ মাসের ১৫ তারিখপর্য্যন্ত না দেওয়া গেলে, সে মাজিষ্ট্রেটের নিকট আপীল করিতে পারিবে। তাহাহইলে কি কারণে চৌকীদারের বেতন দেওয়া যায় নাই মাজিষ্ট্রেট পঞ্চায়তকে দশ দিনের মধ্যে ইহা জানাইবার আজ্ঞা দিবেন ইতি।

চৌকীদারের বেতন পাইবার প্রার্থনার কথা।

৪৪ ধারা। গ্রামের চৌকীদারী ফণ্ডে টাকা নাই ও পঞ্চায়ৎ বাকীদারদের স্থানে টাকা আদায় করিবার উপযুক্ত উপায় করেন নাই, মাজিষ্ট্রেট ইহা জানিতে পাইলে পঞ্চায়তের লোকদের অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করা দ্বারা তাঁহারদের স্থানে চৌকীদারদের বেতন আদায়

চৌকীদারের বেতনের টাকা তুলিবার কথা।





tion of the chowkeedar's pay from the members of the punchayet by distress and sale of their moveable property, and shall therein charge some person, therein named, with the execution thereof, and upon such warrant such proceedings shall be had as hereinbefore directed to be had on any writing issued for the recovery of any arrears of the tax by this Act directed to be levied; and the amount due to such chowkeedar shall be paid to him out of the amount so levied, and the residue thereof, after payment thereout of all costs and expenses incurred in or about the execution of such warrant, shall be paid to the persons from whom such distress shall have been so levied.

XLV. Any member of a punchayet, from or by whom any sum shall have been levied or paid under the provisions of the section last preceding, shall be reimbursed the amount so levied from or paid by him from any surplus of the village chowkeedaree fund which may remain at the end of the year in which such sum shall have been so levied or paid.

Reimbursement of member of punchayet by whom salary is paid.

XLVI. If it shall appear to the magistrate that the deficiency of the funds to the credit of the illage chowkeedaree fund has been caused by erroneous assessment, the magistrate shall call for the assessment and revise the same as he shall think proper, and shall remit the same to the punchayet, and such punchayet shall forthith proceed to levy the sums respectively apearing to be due by such revised assessment.

Power to revise assessment.

PART II.

*Chowkeedaree Chakran lands.*

XLVII. All chowkeedaree chakran lands before the passing of this Act assigned for the benefit of any village, and in which punchayet shall be appointed, shall be transferred in manner and subject as hereinafter mentioned to the zemindar of the estate or tenure within which may be situate such village.

Chowkeedaree chakran lands to be transferred to the zemindars.

XLVIII. All lands so transferred shall be subject to an assessment which shall be fixed at one-half of the annual value of such land according to the average rates of letting land similar in quality in the neighbourhood of such land, and such assessment shall be made by the punchayet of the village.

Assessment to be fixed at one-half value.

[*Government Gazette, 7th June* 1870.]

করিবার পরওয়ানা দিবেন। ও সেই পরওয়ানায় কোন ব্যক্তির নাম লিখিয়া তাঁহার প্রতি সেই পরওয়ানা মতে কার্য্য করিবার ভার অর্পণ করিবেন। এই আইনমতে যে কর আদায় করিবার আজ্ঞা হইয়াছে তাহার বাকী আদায়ের লিপি বাহির হইলে পূর্ব্বলিখিত বিধান মতে যেং কার্য্য হইতে পারিবে উক্ত পরওয়ানা সম্পর্কে সেইং কার্য্য হইতে পারিবে। তদ্রূপে যে টাকা আদায় করা যায় তাহাহইতে চৌকীদারের পাওনা দেওয়া যাইবে। অবশিষ্ট টাকাহইতে ঐ পরওয়ানামত কার্য্য করণ সম্পর্কীয় সকল খরচ খরচা দেওয়া গেলে পর যে ব্যক্তির দ্রব্য ক্রোক হইয়া ঐ টাকা আদায় হয় উদ্বর্ত্ত তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

৪৫ ধারা। ইহার পূর্ব্ববিধানমতে পঞ্চায়তের কোন ব্যক্তির স্থানে কিম্বা তাহার দ্বারা টাকা আদায় করা কি দেওয়া গেলে, যে বৎসরে ঐ টাকা আদায় করেন কি দেন সেই বৎসরের শেষে গ্রামের চৌকীদারী ফণ্ডের যে টাকা উদ্বর্ত্ত থাকে তাহাহইতে তাঁহার আদায় করা কি দেওয়া সেই টাকা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

পঞ্চায়তের এক ব্যক্তি টাকা দিলে তাঁহার ফিরিয়া পাইবার কথা।

৪৬ ধারা। গ্রামের চৌকীদারী ফণ্ডে যে টাকা থাকে কর নিরূপণ করণে ভ্রম হওয়াপ্রযুক্ত তাহার অকুলান হইয়াছে মাজিষ্ট্রেট সাহেবের এমত অনুভব হইলে, তিনি সেই কর নিরূপণপত্র আনাইয়া যেমত উচিত বোধ করেন তদ্রূপে সংশোধন করিয়া তাহা পঞ্চায়তের নিকটে ফিরিয়া পাঠাইবেন। তাহা হইলে ঐ সংশোধিত পত্রানুসারে যত টাকা পাওনা দৃষ্ট হয় পঞ্চায়ত তত টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

কর নিরূপণপত্র সংশোধন করিবার ক্ষমতার কথা।

দ্বিতীয় অধ্যায়।

চৌকীদারী চাকরাণ ভূমির কথা।

৪৭ ধারা। এই আইন কোন গ্রামে প্রচলিত হইবার পূর্ব্বে ঐ গ্রামের হিতার্থে চৌকীদারী চাকরাণ ভূমি নিরূপণ হইলে ও সেই গ্রামে পঞ্চায়ৎ নিযুক্ত হইলে ঐ গ্রাম যে মহালের কি তালুকের অন্তর্গত থাকে ঐ ভূমি নিম্নলিখিত প্রকারে সেই মহালের কি তালুকের জমীদারকে অর্পণ করিয়া দেওয়া যাইবে, ইতি।

চৌকীদারী চাকরাণভূমি জমীদারকে দিবার কথা।

৪৮ ধারা। ঐ ভূমির চতুষ্পার্শ্বে তত্তুল্য প্রকারের ভূমির পাট্টা যে নিয়মে দেওয়া গিয়া থাকে ঐ ভূমির বার্ষিক মূল্য সেই নিয়মে ধরিয়া তাহার অর্দ্ধাংশ ঐ কর নিরূপণ হইবে। গ্রামের পঞ্চায়ত ঐ কর নিরূপণ করিবেন ইতি।

মূল্যের অর্দ্ধাংশ ধরিয়া কর নিরূপণের কথা।

Collector to make transfer.

**XLIX.** Such assessment when made by the punchayet shall be submitted to the collector of the district, and he or any other officer exercising the powers of a collector by him thereunto appointed may approve or revise and approve the same, (provided that it shall be lawful for the zemindar to contest the assessment before it is so approved,) and after such approval the collector of the district shall by an order under his hand in the form in Schedule (C) transfer to such zemindar such land subject to the assessment so approved.

Effect of transfer.

**L.** Such order shall operate to transfer to such zemindar the land therein mentioned subject to the amount of assessment therein mentioned, and subject to all contracts theretofore made in respect of, under, or by virtue of which any person other than the zemindar may have any right to any land, portion of his estate or tenure, in the place in which such land may be situate.

Assessment to be a permanent charge on lands.

**LI.** The amount of the assessment mentioned in such order shall be a permanent yearly charge on such land, and shall be payable to the collecting member of the punchayet yearly in advance on the first day of the year current in the village by the person for the time being entitled to recover the rents of such land from the occupier thereof.

Mode of realization.

**LII.** Every such assessment shall be deemed to be a demand to be realized in the manner hereinafter provided.

Notice of arrear.

**LIII.** Whenever such assessment shall be in arrear for the space of fifteen days after it shall have become payable, the collecting member of the punchayet shall forward to the collector of the district, in which the land so assessed is situate, notice of the amount of such arrear in the form in Schedule (D.) annexed to this Act, and the name of the person liable to pay such assessment.

Mode and effect of sale.

**LIV.** Immediately after the receipt of the said notice the collector or other officer authorized to hold sales under the law for the time being in force for regulating sales of land for arrears of revenue, shall proceed without any preliminary notice for payment to issue a noti-



হস্তান্তর করিবার ভার কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তিবার কথা।

৪৯ ধারা। সেই কর পঞ্চায়তকর্ত্তৃক নিরূপণ করা গেলে ঐ করের পত্র জিলার কালেক্টর সাহেবের সমীপে অর্পণ করা যাইবে। তিনি কিম্বা তৎকর্ত্তৃক কালেক্টরের ক্ষমতানুযায়ি কর্ম্মকারি অন্য যে কার্য্যকারক সেই কর্ম্মে নিযুক্ত হন তিনি সেই কর নিরূপণপত্র অনুমোদন করিতে কিম্বা সংশোধন করিয়া অনুমোদন করিতে পারিবেন। (কিন্তু এমত স্থলে ঐ নির্দ্ধারিত করের অনুমোদন হইবার পূর্ব্বে জমীদার তদ্বিষয়ের আপত্তি করিতে পারিবেন।) অনুমোদন হইলে পর জিলার কালেক্টর সাহেব C তফসীলের পাঠে আপন স্বাক্ষরযুক্ত অনুজ্ঞাপত্র লিখিয়া ঐ জমিদারকে তদ্রূপ অনুমোদিত ঐ করের দায়সুদ্ধ ভূমি হস্তান্তর করিয়া দিবেন ইতি।

হস্তান্তর করিবার ফলের কথা।

৫০ ধারা। ঐ অনুজ্ঞাপত্রের এই ফল হইবে। ঐ অনুজ্ঞাপত্র লিখিত ভূমি জমীদারকে দেওয়া যাইবে কিন্তু তাহার উপর ঐ অনুজ্ঞাপত্রানুসারে যত টাকা কর ধার্য্য হইয়াছে তাহাও তাঁহার দিতে হইবে এবং ঐ ভূমি যে স্থানে থাকে সেই স্থানে ঐ মহালের কি তালুকের অংশ বলিয়া কোন ভূমিতে পূর্ব্বকৃত যে চুক্তি সম্পর্কে কি যদ্দ্বারা কি যাহার বলে জমীদারভিন্ন কোন ব্যক্তির কোন স্বত্ব জন্মিয়া থাকে সেই চুক্তি প্রবল থাকিবে ইতি।

ঐ কর ভূমির উপর নিত্যদায় জ্ঞান হইবার কথা।

৫১ ধারা। ঐ অনুজ্ঞাপত্রে যত টাকা কর লেখা থাকে তাহা ঐ ভূমির উপর নিয়ত বার্ষিক দায়স্বরূপ বর্ত্তিবে। এবং যৎকালে যে ব্যক্তি ঐ ভূমিভোগির স্থানে ঐ কর আদায় করিবার স্বত্ববান হন গ্রামের চলিত সনের প্রথম দিবসে টাকা আদায় করণকার্য্যে নিযুক্ত পঞ্চায়তের ব্যক্তিকে তাঁহার বৎসর২ সেই টাকা অগ্রিম দিতে হইবে ইতি।

আদায় করিবার বিধান।

৫২ ধারা। তদ্রূপ নির্দ্ধারিত কর পূর্ব্বোক্ত বিধানমতে আদেয় কর বলিয়া জ্ঞান হইবে ইতি।

বাকীর নোটিসের কথা।

৫৩ ধারা। উক্ত নির্দ্ধারিত কর দেনা হইলে পর যদি পঞ্চদশ দিন বাকী থাকে, তবে যে ভূমির ঐ কর নির্দ্ধার্য্য হইল তাহা যে জিলার অন্তর্গত থাকে, পঞ্চায়তের যে ব্যক্তি ঐ কর আদায় করেন তিনি ঐ জিলার কালেক্টর সাহেবের নিকটে এই আইনের D তফসীলের পাঠে ঐ বাকীর এবং যে ব্যক্তি ঐ করদায়ী হন তাঁহার নামের নোটিস দিবেন ইতি।

বিক্রয় করিবার নিয়মের ও ফলের কথা।

৫৪ ধারা। ঐ নোটিস পাইলে পর কালেক্টর সাহেব কিম্বা বাকী রাজস্বের নিমিত্ত ভূমি বিক্রয়ের বিধান করণার্থ যে আইন যৎকালে প্রবল থাকে তদনুসারে অন্য যে কার্য্যকারক নীলাম করিবার ক্ষমতাপন্ন হন তিনি টাকা দিবার কোন নোটিস অগ্রে না দিয়া তৎক্ষণাৎ ভারত-



fication for sale under Section VI of Act XI of 1859, passed by the Legislative Council of India, and unless the arrears be paid within the time mentioned in such notification shall sell such land according to the provisions of such law as if such land were an estate within the meaning of Act VII of 1868 passed by the Lieutenant-Governor of Bengal in Council; and all provisions of the law for the time being in force with respect to the sale of such estates shall apply to the sale of such land, and every such sale shall have such and the same force and effect as if the same were a sale of an estate for arrears of its own revenue, and such land shall be held by the purchaser thereof subject to such assessment, but freed from all other charges and incumbrances save those to which he would have been liable if the said land had been an estate sold for arrears of its own revenue.

Application of proceeds of sale.

**LV.** Such collector shall out of the proceeds of such sale, after defraying the costs of and attending such sale, pay to the collecting member of the punchayet, within one week after such sale shall have become final, the amount due for arrears of such assessment, and pay the balance of such proceeds to the person named in the notice from the collecting member of the punchayet as the person liable to pay the assessment of such land.

Right to service from occupier of transferred land to cease.

**LVI.** When any lands shall have been transferred to any zemindar under the provisions hereinbefore contained, the right to the performance of any services to any person by the occupier of such lands in respect of his occupation thereof shall wholly cease and determine.

Lieutenant-Governor of Bengal may appoint a Commission.

**LVII.** In any district or part of a district in which chowkeedaree chakran lands are situated, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order to be published in the *Calcutta Gazette*, to appoint a commission, consisting of one or more persons, to ascertain and determine the chowkeedaree chakran lands in such district.

Power to refer to commission question relating to chakran land.

**LVIII.** Whenever in any district in which such commission shall have been appointed any question shall arise whether any or what land is liable to be assessed under the provisions hereinbefore contained as



বর্ষের ব্যবস্থা প্রণেতা মন্ত্রিসভার প্রণীত ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে নীলামের জ্ঞাপনপত্র প্রচার করিবেন। ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ বাকী না দেওয়া গেলে তিনি পূর্ব্বোক্ত আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের অর্থগত মহালের ন্যায় ঐ ভূমি বিক্রয় করিবেন। এবং তদ্রূপ মহালের বিক্রয়সম্পর্কে যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনের সমস্ত বিধান ঐ ভূমির বিক্রয় কার্য্যের প্রতি বর্ত্তিবে। এবং কোন মহাল নিজ বাকীর নিমিত্তে বিক্রয় হইলে সেই বিক্রয় কার্য্যের যে বল ও যে ফল হয় উক্ত ভূমি বিক্রয়ের সেই বল ও সেই ফল হইবে। এবং ঐ ভূমির ক্রেতার উক্ত অবধারিত চৌকীদারী কর দিতে হইবে। কিন্তু ঐ ভূমি নিজ রাজস্বের বাকীর নিমিত্তে বিক্রীত মহাল হইলে ক্রেতার তৎসংক্রান্ত যে দাবী ও দায় স্বীকার করিতে হয় ঐ ভূমির ক্রেতা সেই দাবী ও দায়ভিন্ন অন্য দায়হইতে বিমুক্ত হইয়া ঐ ভূমি ভোগ করিবেন ইতি।

বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগের কথা।

৫৫ ধারা। ঐ কালেকুটর সাহেব ঐ বিক্রয়ের উৎপন্ন টাকাহইতে ঐ বিক্রয় করিবার খরচ ও তৎসম্পর্কীয় খরচ দিয়া, ঐ বিক্রয় সিদ্ধ হইবার দিনাবধি একসপ্তাহ গত হইলে পর পঞ্চায়তের যে ব্যক্তি কর আদায় করেন তাঁহাকে ঐ করের বাকী টাকা দিবেন। এবং পঞ্চায়তের যে ব্যক্তি ঐ কর আদায় করেন তিনি আপন নোটিসে ঐ ভূমির নিমিত্ত করদায়ি বলিয়া যে ব্যক্তির নাম নির্দ্দেশ করেন, তাঁহাকে ঐ বিক্রয়োৎপন্ন উদ্বর্ত্ত টাকা দিবেন ইতি।

হস্তান্তরিত ভূমিভোগির স্থানে চাকরী পাইবার স্বত্ব রহিত হইবার কথা।

৫৬ ধারা। কোন ভূমি ইহার পূর্ব্ব ধারার বিধান মতে কোন জমীদারকে হস্তান্তর করিয়া দেওয়া গেলে, সেই ভূমিভোগ করণোপলক্ষে অন্য ব্যক্তির পক্ষে ঐ ভোগি ব্যক্তির চাকরী লইবার যে অধিকার ছিল তাহা সম্পূর্ণরূপে রহিত হইয়া পরিশেষ হইবে ইতি।

কমিশ্যনরকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত করিবার কথা।

৫৭ ধারা। চৌকীদারী চাকরাণ ভূমি যে জিলায় কিম্বা জিলার যে অংশে থাকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণদ্বারা ঐ জিলার চাকরাণ চৌকীদারী সকল ভূমি নিশ্চিত করিয়া নির্ণয় করণার্থে এক কি অধিক ব্যক্তিকে কমিশ্যনস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

চাকরাণ ভূমিবিষয়ক বিবাদ কমিশ্যনের প্রতি অর্পণ করিবার কথা।

৫৮ ধারা। যে জিলায় উক্ত কমিশ্যন নিযুক্ত করা যায়, সেই জিলার মধ্যে পূর্ব্বোক্ত বিধানমতে চৌকীদারী চাকরাণ ভূমি বলিয়া কোন ভূমির ও কোন্২ ভূমি খণ্ডের উপর কর ধার্য্য করিতে হয়

chowkeedaree chakran land, it shall be lawful for such commission to enquire into such question.

Powers of commission.

**LIX.** In enquiring into such question the commission shall, as far as may be necessary for the purposes of this Act, exercise all such and the same powers as are conferred by Regulation VII of 1822 and the Regulations and Acts amending the same upon a collector making a settlement of land revenue.

Duties of commission and effect of their order.

**LX.** Such commission shall demarcate the boundaries of any lands which they may determine to be chowkeedaree chakran lands, and shall make orders under their hand setting forth the land which they shall have determined to be chowkeedaree chakran lands and the boundaries thereof and the name of the village for the benefit of which such lands are assigned. Every such order shall be final and conclusive respecting all matters hereinbefore required to be set forth in such order so far as the same shall be therein set forth.

---

## PART III.

*Miscellaneous Provisions.*

Powers of punchayet may be exercised by the magistrate.

**LXI.** All powers vested in the punchayet for the appointment and dismissal of chowkeedars, and for fixing the number of chowkeedars to be appointed, and the rate of their pay, and for making and levying the assessments hereinbefore directed to be made, may be exercised by the magistrate or any person whom the magistrate may by any writing under his hand authorize in that behalf, in case the punchayet shall, for fifteen days after a notice from the magistrate to exercise such powers or any of them, refuse or neglect to exercise the same.

Indemnity clause.

**LXII.** No action shall be brought against the magistrate, nor against any punchayet, nor against any member thereof, nor against any of his or their officers, nor against any person acting under his or their direction, for any thing done or professing or purporting to be done under this Act, until the expiration of one month next after notice in writing shall have been delivered or left at the office of the magistrate and at the place of abode of such person, explicitly

এই বিষয়ের বিবাদ হইলে ঐ কমিশ্যন ঐ বিবাদের অনুসন্ধান লইতে পারিবেন ইতি।

কমিশ্যনের ক্ষমতার কথা।

৫৯ ধারা। কালেক্টর সাহেব ভূমির রাজস্বের বন্দোবস্ত করণকার্য্যে ১৮২২ সালের ৭ আইনমতে ও সেই আইন সংশোধনার্থ অন্য আইন ও আক্টমতে যেং ক্ষমতা প্রাপ্ত হন, উক্ত বিবাদের অনুসন্ধানকালে এই আইনের কার্য্যপক্ষে যত দূর আবশ্যক হয় তত দূর ঐ কমিশ্যনের উক্ত সকল ও তত্তুল্য ক্ষমতা থাকিবে ইতি।

কমিশ্যনের কর্ত্তব্য কর্ম্মের ও তাঁহারদের আজ্ঞার ফলের কথা।

৬০ ধারা। ঐ কমিশ্যন চৌকীদারী চাকরাণ ভূমি বলিয়া যে ভূমি নির্ণয় করেন তাহার সীমার চিহ্ন দিবেন এবং তাঁহারা চৌকীদারী চাকরাণ ভূমি বলিয়া যে ভূমি নির্ণয় করিয়াছেন তাহা ও ঐ ভূমির সীমা এবং যে গ্রামের হিতার্থে ঐ ভূমি নিরূপণ হইল তাহার নাম প্রকাশার্থ অনুজ্ঞাপত্র স্বাক্ষরিত করিয়া প্রকাশ করিবেন। ঐ অনুজ্ঞাপত্রে এই আইনমতে যে কথা প্রচার করিবার আজ্ঞা হইয়াছে তাহা যত দূর নির্দ্দিষ্ট হইল ঐ পত্রই তত দূর উল্লিখিত কথা সম্পর্কে চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে ইতি।

---

## তৃতীয় অধ্যায়।

বিবিধ বিধি।

পঞ্চায়তের ক্ষমতামতে মাজিষ্ট্রেটের কার্য্য করিবার কথা।

৬১ ধারা। চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার, ও যত জন চৌকীদার নিযুক্ত হইবে তাহারদের সংখ্যা ও বেতন নিরূপণ করিবার, এবং এই আইনের আদেশমত কর ধার্য্য ও আদায় করিবার যেং ক্ষমতা পঞ্চায়তের প্রতি অর্পিত হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব স্বীয় স্বাক্ষরিত কোন লিপিক্রমে তাঁহারদিগকে সেই সকল কি তন্মধ্যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবার নোটিস দিলেও তাঁহারা যদি পঞ্চদশ দিনপর্য্যন্ত তাহা করিতে অনঙ্গীকার কি শৈথিল্য করেন, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনি কিম্বা স্বীয় স্বাক্ষরিত কোন লিপিক্রমে অন্য যে ব্যক্তিকে তৎপক্ষে কর্ম্ম করিবার ক্ষমতা প্রদান করেন তিনি সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

হানি নিবারণের ধারা।

৬২ ধারা। এই আইনমতে কোন কার্য্য করা গেলে কিম্বা কোন কার্য্য এই আইনমত বলিয়া স্বীকার করা গেলে কিম্বা সেই ভাব প্রকাশ হইলে, যদি তদ্ধেতুক মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা কোন পঞ্চায়তের, কিম্বা পঞ্চায়তের অন্তর্গত কোন ব্যক্তির, কিম্বা তাঁহার কি তাঁহারদের কোন কার্য্যকারকের, কিম্বা তাঁহার কি তাঁহারদের আদেশমতে কর্ম্মকারি কোন ব্যক্তির নামে নালিশ করিবার অভিপ্রায় থাকে, তবে নালিশের হেতু ও যিনি বাদী হইবেন তাঁহার নাম ও বাসস্থানের নোটিস লিখিয় মাজি-





stating the cause of action, and the name and place of abode of the intended plaintiff; and unless such notice be proved, the court shall find for the defendant, and every such action shall be commenced within three months next after the accrual of the cause of action, and not afterwards, and if any person to whom any such notice of action is given, shall, before action brought, tender sufficient amends to the plaintiff, such plaintiff shall not recover.

Control vested in commissioners of circuit.

**LXIII.** The commissioner of circuit shall have a general controlling power over all proceedings of punchayets and magistrates, and magistrates of districts under this Act.

Rules for guidance of punchayet.

**LXIV.** The Lieutenant-Governor of Bengal may, from time to time, frame rules for the guidance of the punchayets, for regulating the practice and procedure of any commission in trying or determining any question referred to them, and for any other purposes connected with this Act, and may, from time to time, alter, vary, or revoke the same, and shall publish every such rule or alteration, variation or revocation of a rule in the *Calcutta Gazette*, and the rules for the time being in force shall, from their publication, have such and the same force and effect as if they were herein enacted.

Commencement of Act.

**LXV.** This Act shall commence and take effect in those districts or sub-divisions of districts in the provinces subject to the Lieutenant-Governor of Bengal to which the said Lieutenant-Governor shall extend it by an order published in the *Calcutta Gazette*, and thereupon this Act shall commence and take effect in the districts and sub-divisions of districts named in such order, on the day which shall be in such order provided for the commencement thereof.

Short Title.

**LXVI.** This Act may be called "The Village Chowkeedaree Act, 1870."

---

SCHEDULE A—(*referred to in Section XXVI.*)

*Form of Distraining Warrant.*

Act of 1870.

VILLAGE CHOWKEEDAREE FUND.

On behalf of the punchayet of ( )

Whereas the several persons named in the list at foot hereof have made default in payment to

ষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ে ও সেই ব্যক্তির বাসস্থানে ঐ লিপি দিতে হইবে ও সেই নোটিস দিবার পর এক মাস গত না হইলে নালিশ উপস্থিত করিতে পারিবেন না। সেই নোটিস দিবার প্রমাণ না করা গেলে আদালত প্রতিবাদির সপক্ষ আজ্ঞা দিবেন। নালিশের হেতু হইবার পর অব্যবহিত তিন মাসের মধ্যে ঐ নালিশের কার্য্য আরম্ভ করিতে হইবে, তাহার পরে নয়। তদ্রূপ নালিশ করিবার কল্পনার নোটিস কোন ব্যক্তিকে দেওয়া গেলে, তিনি নালিশ উপস্থিত করিবার পূর্ব্বে যদি বাদির উপযুক্ত ক্ষতি পূরণ করিবার প্রসঙ্গ করেন তবে বাদী নালিশ করিয়া কিছু পাইতে পারিবেন না ইতি।

দায়েরসায়েরী কমিশ্যনরদের প্রতি কর্ত্তৃত্ব অর্পণ হইবার কথা।

৬৩ ধারা। এই আইনমতে পঞ্চায়তের ও মাজিষ্ট্রেটের ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের সমস্ত কার্য্যের উপর দায়েরসায়েরী কমিশ্যনর সাহেবের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে ইতি।

পঞ্চায়তের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধি।

৬৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং পঞ্চায়তের কার্য্যপদ্ধতির, এবং কমিশ্যনের প্রতি কোন বিবাদ অর্পণ করা গেলে তাহার অনুসন্ধান লইয়া নির্ণয় করিবার আচারের ও কার্য্যপ্রণালীর বিধান, এবং এই আইনসম্পর্কীয় অন্যং কার্য্যের বিধি করিয়া ও সময়েং তাহা পরিবর্ত্তন কি মতান্তর কি রহিত করিয়া কলিকাতা গেজেটে ঐ বিধি ও বিধির পরিবর্ত্তন কি ভাবান্তর কি অন্যথা প্রকাশ করিবেন। যে সময়ে যে বিধি চলন থাকে তাহা প্রকাশ হইবার তারিখঅবধি এই আইনের বিধানের ন্যায় প্রবল ও সফল হইবে ইতি।

এই আইন যদবধি প্রচলিত হইবে তাহার কথা।

৬৫ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞা প্রকাশ করিয়া স্বীয় শাসিত দেশের অন্তর্গত যেং জিলায় কি জিলার যেং শাখাখণ্ডে এই আইন প্রচলিত করেন এই আইনের বিধান তথায় প্রচলিত হইয়া প্রবল হইবে। তাহা হইলে উক্ত সকল জিলায় এই আইন প্রচলিত হইবার যে দিন ঐ অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট হয় সেই দিনাবধি এই আইন সেইং জিলায় প্রচলিত হইয়া প্রবল হইবে ইতি।

সংক্ষেপ নাম।

৬৬ ধারা। এই আইন ১৮৭০ সালের গ্রাম্য চৌকীদারী আইন নামে খ্যাত হইবে ইতি।

---

২৬ ধারার উল্লিখিত

A তফসীল।

ক্রোক করিবার পরওয়ানার পাঠ।

১৮৭০ সালের অমুক আইন।

গ্রাম্য চৌকীদারী ফণ্ড।

অমুক গ্রামের পঞ্চায়তের পক্ষে।

নিম্নলিখিত নির্ঘন্টপত্রে যেং ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাঁহারা ঐ নির্ঘন্টপত্রে আপনং নামের পার্শ্ব

the said punchayet of the sums in the said list set opposite to their respective names, you are hereby authorized and required to levy by distress and sale of a sufficient portion of the moveable property of the said defaulters the said several sums set opposite to their respective names, together with additional sums by way of penalty respectively equal to the sums set forth.

Dated day of 12 . (Sd.) R. B.,
*Collecting Member.*

| Name and description. | Amount. | When due. | Penalty. |
|---|---|---|---|
| B. G. | 1-0 | 1 Bysack | 1-0 |
| K. B. | 0-2 | 1 ,, | 0-2 |

"SCHEDULE B—*(referred to in Sections XXXVIII and XL.)*

*Offences to be reported and for which chowkeedar may arrest.*

Murder, rape, dacoity, robbery, mischief by fire, house-breaking, coining, causing grievous hurt, riot, and all attempts and preparations to commit, and abetments of, the said offences."

SCHEDULE C—*(referred to in Section XLIX.)*

*Form of Transferring Order.*

District of

I, collector of do by this order under my hand made in pursuance of Act of 1870, passed by the Lieutenant-Governor of Bengal in Council, transfer to zemindar of the chowkeedaree chakran lands of the village of in the said bounded and containing beegahs cottahs: to hold unto the said his heirs and assigns subject to the annual assessment of Rupees payable under the provisions of the said Act to the chowkeedaree fund of the said village, and also subject to all contracts binding the said in respect of any lands, portion of the said situated within the said village.

day of 18 (Sd.) J. S.,
*Collector of*

SCHEDULE D—*(referred to in Section LIII.)*

*Form of Notice of arrears of assessment on land.*

Punchayet of

To A. B., Esq., *Collector of*

Sir,

I hereby notify to you that the sum of Rupees being for one year's assess-

লিখিত টাকা উক্ত পঞ্চায়তকে দিতে ত্রুটি করিয়াছেন, অতএব তোমার প্রতি এই আদেশ ও আজ্ঞা করা যাইতেছে যে, ঐ বাকীদারদের নামের পার্শ্বে যত টাকা নির্দ্দিষ্ট হইয়াছে তত টাকা ও দণ্ডস্বরূপ আর তত টাকা আদায় করিবার জন্যে তাহাদের অস্থাবর যত দ্রব্যে কুলাইবে তুমি তাহারদের তত দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় কর।

সন তারিখ। র। ব।
পঞ্চায়তের টাকা আদায়কারী।

| নাম ও বর্ণনা | যত টাকা | যে সময়ে দেনা হইল | দণ্ড |
|---|---|---|---|
| ব, গ, | ... ১৲ | ১ বৈশাখ | ১৲ |
| ক, ব, | ... ৵০ | ১ ঐ | ৵০ |

৩৮ ও ৪০ ধারার উল্লিখিত
B তফসীল।

যেং অপরাধের রিপোর্ট করিতে হইবে ও যে অপরাধ হইলে চৌকীদার ধৃত করিতে পারিবে।

বধ। বলাৎকার। ডাকাইতী। দস্যুতা। অগ্নিদ্বারা অপকার। পরগৃহে অনধিকার প্রবেশ। কৃত্রিম মুদ্র করণ। গুরুতর আঘাত করণ। হঙ্গামা। এবং ঐং অপরাধ করিবার সকল উদ্যোগ ও উপক্রম ও সহায়তা।

৪৯ ধারার উল্লিখিত
C তফসীল।
হস্তান্তর করণের অনুজ্ঞাপত্রের পাঠ।

অমুক জিলা।

অমুক জিলার কালেক্টর আমি শ্রীঅমুক মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭০ সালের অমুক আইনঅনুসারে আপনার স্বাক্ষরিত এই অনজ্ঞাপত্রক্রমে অমুক স্থানের জমীদার শ্রীঅমুকের প্রতি উক্ত মহালপ্রভৃতির অন্তর্গত অমুক গ্রামের চৌকীদারী চাকরাণ ভূমি হস্তান্তর করিয়া দিলাম। ঐ ভূমির সীমা এইং। পরিমাণ এত বিঘা এত কাঠা। তিনি উক্ত অমুকের ও তদীয় উত্তরাধিকারিদের ও সম্পত্তি গ্রহীতাদের পক্ষে তাহা ভোগ করিবেন। এবং উক্ত আইনের বিধানানুসারে ঐ গ্রামের চৌকীদারী ফণ্ডে বৎসর এত টাকা কর দিবেন। এবং ঐ মহালপ্রভৃতির অংশ বলিয়া ঐ গ্রামের অন্তর্গত কোন ভূমির সম্পর্কে উক্ত শ্রীঅমুক যে সকল চুক্তিতে বদ্ধ থাকেন তাহাতে আবদ্ধ থাকিবেন।

সন তাং জে এস,
অমুক জিলার কালেক্টর।

৫৩ ধারার উল্লিখিত
D তফসীল।
ভূমির নিমিত্ত বাকী করের নোটিস লিখিবার পাঠ।

অমুক গ্রামের পঞ্চায়ত।

অমুক জিলার কালেক্টর শ্রীযুত অমুক সমীপেষু।

এই গ্রামের যে চৌকীদারী চাকরাণ ভূমি অমুক স্থানের জমীদারকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, তাহার এক





ment payable in respect of the chowkeedaree chakran lands of this village transferred to the zemindar of became due on the day of and that the same is still unpaid, and that of is the person liable to pay such assessment.

(Sd.) E. F.,
The day of *Collecting member of Punchayet.*

J. Pitt Kennedy,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

## Financial Department.

*Notifications.*

*Accounts.*

*Simla, the 16th May 1870.*

Rules regarding District Savings Banks.

*No.* 167.—1. The Governor General in Council has determined to establish District Savings Banks in connection with such District Civil Treasuries as may be selected by the Local Governments and Administrations.

2. All classes may deposit money under these rules in District Savings Banks.

3. On the opening of a District Savings Bank in any District, the District Treasury will cease to receive deposits on account of the existing Government Savings Banks established at Calcutta, Madras, and Bombay.

4. The repayment of the exact sum deposited with interest is secured to the depositor under guarantee of the Government of India.

5. No account will be opened on deposit of a less sum than one rupee, and no person will be allowed to deposit more than Rs. 500 in one year.

6. Interest at the rate of $3\frac{3}{4}$ per cent. will be allowed on deposits until further notice.

7. No reduction in the rate of interest will be made, except after six months' notice in the *Government Gazette*.

8. Interest will be calculated on money in deposit from the first day of the month succeeding that of deposit, and up to the last day of the month preceding that in which it is withdrawn.

বৎসরের এত টাকা অমুক সালের অমুক মাসের অমুক তারিখে পাওনা হইলেও অদ্যাপি দেওয়া যায় নাই। অমুক স্থানবাসি শ্রী অমুক ঐ করদায়ী।

সাল তাং।

শ্রী অমুক।
পঞ্চায়তের পক্ষে কর আদায় কারি।

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন সভার
আসিষ্টান্ট সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

## ফিনানশ্যয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

হিসাব।

সিমলা।—১৮৭০ সাল ১৬ মে।

### প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের বিধি।

১৬৭ নম্বর।—১। স্থানীয় নানা গবর্ণমেণ্টও কর্ত্তৃত্বকার্য্য নিরূপণাধিকারি সাহেবেরা যে জিলার দেওয়ানী খাজানাখানা মনোনীত করেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তৎসম্পর্কে প্রদেশীয় সেবিং ব্যাঙ্ক স্থাপন করিতে স্থির করিয়াছেন।

২। সর্ব্বশ্রেণীর লোকেরা এইং বিধিমতে প্রদেশীয় সেবিং ব্যাঙ্কে টাকা গচ্ছিত করিতে পারিবেন।

৩। কোন জিলার মধ্যে প্রদেশীয় সেবিং ব্যাঙ্ক করা গেলে কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের সেবিং ব্যাঙ্কে রাখিবার নিমিত্তে ঐ জিলার খাজানাখানায় আর টাকা গ্রাহ্য হইবে না।

৪। কোন ব্যক্তি টাকা গচ্ছিত করিলে তাহাকে সুদসমেত সেই টাকা ফিরিয়া দেওয়া যাইবে, ভারতবর্ষের গবর্ণমেণ্ট ইহার প্রতিভূ।

৫। প্রথমবার ১৲ টাকার কম দেওয়া যাইবে না। এক বৎসরে কাহারও ৫০০৲ টাকার অধিক লওয়া যাইবে না।

৬। অন্য বিধি না হইলে ঐ গচ্ছিত টাকার উপর শত করা ৩৸০ টাকা হিসাবে সুদ দেওয়া যাইবে।

৭। ছয় মাস থাকিতে গবর্ণমেণ্ট গেজেটে সম্বাদ না দেওয়া গেলে সুদের হার কম করা যাইবে না।

৮। টাকা যে দিনে জমা দেওয়া যায় তৎপশ্চাৎ মাসের ১ তারিখ অবধি সুদ চলিবে ও যে দিনে বাহির করিয়া লওয়া যায় তাহার পূর্ব্ব মাসের শেষ তারিখপর্য্যন্ত চলিতে থাকিবে।

9. In calculating interest, one anna will be taken as the interest for one month on every twenty rupees of the amount entitled to bear interest, and for broken sums below twenty rupees the following table will be used:—

| Principal. | Interest. | Principal. | Interest. |
|---|---|---|---|
| Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. |
| 1 10 8 | 0 0 1 | 11 10 8 | 0 0 7 |
| 3 5 4 | 0 0 2 | 13 5 4 | 0 0 8 |
| 5 0 0 | 0 0 3 | 15 0 0 | 0 0 9 |
| 6 10 8 | 0 0 4 | 16 10 8 | 0 0 10 |
| 8 5 4 | 0 0 5 | 18 5 4 | 0 0 11 |
| 10 0 0 | 0 0 6 | 20 0 0 | 0 1 0 |

*Example:*—Required interest for one month on Rs. 134-6-10—

| | Rs. As. P. | | Rs. As. P. |
|---|---|---|---|
| Interest on | 120 0 0 | ... ... | 0 6 0 |
| „ ... | 14 6 10 | ... ... | 0 0 8 |
| Total ... | 134 6 10 | Total ... | 0 6 8 |

10. The account of each depositor will be closed on 31st March of each year, and interest due at that date will be carried to account thenceforward to accumulate at compound yearly interest.

11. When the principal and interest at credit of any depositor shall amount to Rs. 3,000, interest will cease, and no further deposit will be received.

12. Every depositor will be supplied with a Pass Book, in which the Officer in charge of the Treasury will give an acknowledgment for every sum deposited. The Pass Book must be produced on every occasion of the deposit and withdrawal of money, and the Government will not recognize responsibility unless the depositor obtain a receipt in the Pass Book.

13. The personal attendance of depositors for the transaction of business will be generally insisted on: the Rules of District Banks on this head can be learnt on application at the Collectors' Treasuries. The Banks will remain open on every Monday* for the transaction of business.

* Any other day of the week may be fixed, if more convenient.

14. The Collector of the District will be *ex-officio* Secretary of any Government Savings Bank established within his District, and will be empowered, under Act XXVI. of 1855, in the case of a depositor dying and leaving a sum in the District Savings Bank not exceeding Rs. 500, to pay the same to any person or persons who shall appear to him to be entitled to receive payment in the manner and subject to the conditions laid down in the said Act.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৭ জুন।]

৯। সুদের হিসাব করিবার এই নিয়ম। বিশ টাকার উপর মাসে ৵০ এক আনা সুদ ধরিতে হইবে। ২০৲ টাকার কম হইলে সুদের এই নির্ঘণ্টপত্র।

| আসল | সুদ | আসল | সুদ |
|---|---|---|---|
| | পাই | | |
| ১॥৶৮ | ৲১ | ১১॥৶৮ | ৲৭ |
| ৩।/৪ | ৲২ | ১৩।/৪ | ৲৮ |
| ৫৲ | ৲৩ | ১৫৲ | ৲৯ |
| ৬॥৶৮ | ৲৪ | ১৬॥৶৮ | ৲১০ |
| ৮।/৪ | ৲৫ | ১৮।/৪ | ৲১১ |
| ১০৲ | ৲৬ | ২০৲ | ৵০ |

| | | | |
|---|---|---|---|
| উদাহরণ | ১৩৪।৵১০ টাকার উপর মাসে কত সুদ হয়। | | |
| | ১২০ | টাকার সুদ | ।৵০ |
| | ১৪।৵১০ | টাকার ঐ | ৲৮ |
| মোট | ১৩৪।৵১০ | টাকার সুদ | ।৵৲৮ |

১০। প্রতি বৎসরের মার্চ মাসের ৩১ তারিখে প্রত্যেক ব্যক্তির হিসাব নিষ্পত্তি করা যাইবে। সেই দিন পর্য্যন্ত যে সুদ পাওনা থাকে তাহা আসলের সঙ্গে দেওয়া যাইবে ও সেই সুদের সুদ চলিবে।

১১। কোন ব্যক্তির নামে সুদশুদ্ধ ৩০০০ টাকা হইলে সুদ আর চলিবে না, ও তাহার আর টাকা গ্রাহ্য হইবে না।

১২। কোন ব্যক্তি টাকা জমা করিলে তাহাকে পাস বুক দেওয়া যাইবে। ট্রেজুরীর অর্থাৎ খাজানাখানার যিনি অধ্যক্ষ হন তিনি সেই বহীতে গচ্ছিত টাকার রসীদ লিখিবেন। টাকা জমা করিলে কি বাহির করিয়া লইলে ঐ বহী সঙ্গে আনিতে হইবে। সেই বহীতে রসীদ না লেখা গেলে গবর্ণমেণ্ট দায়ী হইবেন না।

১৩। যে ব্যক্তিরা ব্যাঙ্কে টাকা জমা করে, তাহাদের নিজে আপনারদের টাকার লেনা দেনার কার্য্য করিতে হইবে। কালেক্টর সাহেবদের খাজানাখানায় প্রার্থনা হইলে প্রদেশীয় ব্যাঙ্কের এই বিষয়ের বিধি জানা যাইতে পারিবে। ঐ ব্যাঙ্কের কার্য্য প্রতি সোমবারে* চলিবে।

* সুবিধা হইলে অন্য দিন নিরূপণ হইতে পারিবে।

১৪। গবর্ণমেণ্টের কোন সেবিং ব্যাঙ্ক যে জিলার মধ্যে করা যায়, তথাকার কালেকটর সাহেব আপনার পদ হেতুক ঐ ব্যাঙ্কের সেক্রেটারী হইবেন। কোন ব্যক্তি প্রদেশীয় সেবিং ব্যাঙ্কে ৫০০৲ টাকার অনধিক জমা করিয়া মরিলে যে ব্যক্তি কি ব্যক্তিরা ঐ কালেকটর সাহেবের বিবেচনামতে ঐ টাকা পাইবার অধিকারী হন, কালেক্টর সাহেব ১৮৫৫ সালের ২৬ আইনমতে ঐ আইনের নির্দিষ্ট নিয়মানুসারে তাঁহাকে কি তাঁহারদিগকে ঐ টাকা দিতে পারিবেন।



15. In the case of deposits in excess of Rs. 500, payment will be made to the representatives of deceased depositors under the provisions of the law in force from time to time for the regulation of succession to the estates of deceased persons.

16. All deposits made in District Savings Banks are received subject to any Rules for the management of such Banks, which may be issued from time to time with the approval of the Governor General in Council.

17. Ordered, that the foregoing, together with the Rules for the guidance of Collectors, be published in the *Gazette of India*; and be communicated to the several Local Governments and Administrations, to the Comptroller-General of Accounts, and to the several Accountants-General and Deputy Accountants-General in independent charge.

---

General Rules for the guidance of Collectors.

1. Where a District Savings Bank has been established, the local Treasury will cease to receive deposits on account of the Government Savings Bank at the Presidency.

2. The business of the District Savings Bank will be conducted by the Officer in charge of the Treasury.

3. Where such a course is thought desirable, a Committee, to be nominated by the Commissioner of the division, may be appointed to aid in the management and supervision of the affairs of the Bank.

4. The Collector, or the Committee where there is one, may frame general Rules relating to the business of the Bank.

5. Such Rules must contain nothing inconsistent with the general directions now given, and a copy of the Rules, must be sent for approval to the Accountant-General of the Presidency or Province; and in the case of Bengal, North-Western Provinces, Punjab, Central Provinces, Oudh, British Burmah, and Berar, a second copy must be sent to the Comptroller-General of Accounts.

6. Every District Savings Bank must be open for business on Monday* of every week, and on each occasion on which the Bank is required to be open under this Rule, the time allowed for business must be not less than an hour.

* Any other day may be fixed, if more convenient.

7. Where there is a Committee, the Committee should be present at the hour of business on one fixed day in each month.

8. An acknowledgment will be given in the Pass Book signed by the Savings Bank Clerk, and countersigned by the Treasury Officer, or by a Member of the Committee, for every sum deposited.

9. On every occasion of a withdrawal, the depositor will be required to produce his Pass Book and to sign the Payment Sheet (Form IV.)

10. In cases in which the personal attendance of a depositor is dispensed with, he will be required to send a

[*Government Gazette, 7th June* 1870.]

১৫। কোন ব্যক্তির মরণকালে যদি ব্যাঙ্কে তাঁহার ৫০০৲ টাকার অধিক জমা থাকে তবে মৃত ব্যক্তিদের সম্পত্তির অধিকার বর্ত্তায়ক যে আইন যৎকালে প্রবল হয়, সেই আইনমতে ঐ মৃত ব্যক্তির স্থলাভিষিক্তদিগকে ঐ টাকা দেওয়া যাইবে।

১৬। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের কার্য্য নির্ব্বাহসূচক যে বিধি যৎকালে করেন, ব্যাঙ্কে গচ্ছিত সকল টাকা বিষয়ে সেই বিধি মান্য।

১৭। পুর্ব্বোক্ত বিধি ও কালেকটর সাহেবদের কার্য্যপদ্ধতীর বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করিবার এবং স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও কর্ত্তৃত্বকার্য্য নিরূপণাধিকারি সাহেবদের ও হিসাবের কনট্রোলর জেনরল সাহেবের এবং স্বাধীন পদবিশিষ্ট নানা আকৌণ্টেণ্ট জেনরল ও ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের জ্ঞানার্থে প্রকাশ করিবার আজ্ঞা হইয়াছে।

---

## কালেকটর সাহেবদের কার্য্যপদ্ধতির সাধারণ বিধি।

১। কোন জিলায় সেবিং ব্যাঙ্ক স্থাপন করা গেলে* রাজধানীর সেবিং ব্যাঙ্কে পাঠাইবার জন্যে ঐ জিলার খাজানাখানায় টাকা লওয়া যাইবে না।

২। খাজানাখানার অধ্যক্ষতা ভার যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের কর্ম্ম চালাইবেন।

৩। প্রয়োজনীয় বোধ হইলে, ব্যাঙ্কের অধ্যক্ষতা ও তত্ত্বাবধারণ কার্য্যে সাহায্য করিবার নিমিত্তে কমিটী নিযুক্ত হইতে পারিবে। খণ্ডের কমিশ্যনর সেই কমিটীর ব্যক্তিদিগকে মনোনীত করিবেন।

৪। কালেক্টর সাহেব কিম্বা কমিটী থাকিলে তাঁহারা ব্যাঙ্কের কার্য্যসম্পর্কীয় সাধারণ বিধি করিতে পারিবেন।

৫। উক্ত বিধিতে পূর্ব্বোক্ত আদেশের অসঙ্গত কোন কথা না থাকে। রাজধানীর কি দেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের অনুমোদনার্থে ঐ বিধির প্রতিলিপি পাঠাইতে হইবে। বঙ্গ ও উত্তর পশ্চিম ও পঞ্জাব ও মধ্য প্রদেশ ও অযোধ্যা ও বৃটনীয় বর্ম্মা ও বেরার এই সকল দেশে হিসাবের কনট্রোলর জেনরল সাহেবের নিকট ঐ বিধির আর এক প্রতিলিপি পাঠাইতে হইবে।

৬। প্রদেশীয় প্রত্যেক সেবিং ব্যাঙ্কের কার্য্য প্রতিসপ্তাহ সোমবারে* চলিবে। এই বিধিমত কর্ম্ম যে দিনে চলে সেই দিন কার্য্য চলনের নিমিত্তে এক ঘণ্টার কম নিরূপণ হইবে না।

* সুবিধা হইলে অন্য দিন নিরূপণ হইতে পারিবে।

৭। কমিটী থাকিলে, প্রতিমাসের নিরূপিত এক দিনে কার্য্য চলনের উক্ত ঘণ্টার মধ্যে ঐ কমিটীর উপস্থিত হইতে হইবে।

৮। কোন ব্যক্তি টাকা জমা করিলে তাঁহার পাসবুকে রসীদ লেখা যাইবে ও সেবিং ব্যাঙ্কের ক্লার্ক তাহাতে স্বাক্ষর করিবেন ও খাজানার কর্ম্মাধ্যক্ষ কিম্বা কমিটীর কোন এক ব্যক্তি তাহাতে ক্রোড় স্বাক্ষর করিবেন।

৯। কেহ টাকা বাহির করিয়া লইতে চাহিলে আপনার সেই পাসবুক আনিয়া দেখাইবেন ও ৪ নং পাঠের এক ফর্দ্দে স্বাক্ষর করিবেন।

১০। যে ব্যক্তি টাকা জমা করেন কোন স্থলে তাঁহার টাকা বাহির করিয়া লইবার জন্যে নিজে না যাইবার অনু-

cheque on a form supplied by the Bank for the amount withdrawn, and the person who actually receives payment will sign the Payment Sheet.

11. The net amount of the day's receipts must be paid into the Treasury the same day if practicable, otherwise on the following morning.

12. Should it be necessary to draw money from the Treasury to meet applications for the withdrawal of deposits, the amount required should be drawn on an *interim* receipt, and at the close of business the balance should be returned; and a final receipt given for the exact net amount of the day's payments.

13. *Accounts, &c.*—The Savings Bank Clerk will enter all receipts and payments of deposits at the time of their occurrence in the journals of receipts and payments.

Forms I. and II.

14. The same particulars are to be entered in separate sheets for transmission by the same day's post to the Central Office.

Forms III. and IV.

15. The form of Ledger will be supplied in printed sheets.

Form V.

16. The Ledgers must be posted as soon as practicable after each occasion that the Bank has been open for business.

17. At the end of each month a Statement (Form VI.) must be sent to the Central Office shewing the receipts and payments of each open day, and the payments to and receipts from the Treasury.

18. As soon as practicable after the close of each year, a Statement (Form VII.) must be sent to the Central Office shewing the *state* of each depositor's account, *viz.*,—

Balance at the beginning of the year.
Deposits during the year.
Interest allowed.
Total withdrawals.
Balance at the close of the year.

19. Interest is to be credited to the depositor's account annually, as provided for in the specimen form of Ledger.

20. Attention must be paid to the method of calculating interest by means of the "interest account" in the Ledger.

21. In the column headed "Principal" must be entered against the month April the amount of the opening balance for the year, minus withdrawals during the month.

মতি হইলে, তিনি ব্যাঙ্কহইতে চ্যাক্ লিখিবার পাঠ পাইতে পারিবেন। যত টকা লইতে চাহেন তাহা সেই কাগজে লিখিয়া পাঠাইবেন ও যে ব্যক্তির হাতে টাকা দেওয়া যায় তিনি ঐ টাকা পাইবার ফর্দ্দে স্বাক্ষর করিবেন।

১১। কোন দিন যত টাকা গচ্ছিত করা যায় তাহা সাধ্যমতে সেই দিনে, না হয় পর দিন প্রাতঃকালে খাজানাখানায় দিতে হইবে।

১২। গচ্ছিত টাকা ফিরিয়া লইবার প্রার্থনামতে টাকা দিতে হইলে যদি খাজানাখানাহইতে টাকা লইবার প্রয়োজন থাকে তবে "ইন্টিরিম রসীদ" অর্থাৎ নৈমিত্তিক রসীদ লিখিয়া ঐ টাকা লওয়া যাইতে পারিবে ও বন্দ করিবার পূর্ব্বে বাকী ফিরিয়া দিতে হইবে। এবং সেই দিনে নিঠ যত টাকা লেনা দেনা হইয়াছে তাহার শেষ রসীদ দিতে হইবে।

১৩। খাতার কথা।—জমা করা টাকা যে সময়ে যায় কি বাহির করিয়া লওয়া যায় সেবিং ব্যাঙ্কের ক্লার্ক সেই সময়েতেই তাহা রোজনামায় লিখিবেন।

১ ও ২ নং পাঠ।

১৪। উক্ত সকল জমাখরচ অন্য ফর্দ্দে লিখিয়া সেই দিনের ডাকে সদর আফীসে পাঠাইতে হইবে।

৩ ও ৪ নং পাঠ।

১৫। খতিয়ানের পাঠ মুদ্রিত করিয়া দেওয়া যাইবে।

৫ নং পাঠ।

১৬। ব্যাঙ্কের কার্য্য চলিবার সময়ের পরেই সাধ্যমতে ত্বরায় ঐ খতিয়ান লিখিতে হইবে।

১৭। মাসের শেষে ৬ নং পাঠের এক বর্ণনাপত্র সদর আফিসে পাঠাইতে হইবে। ব্যাঙ্ক যেং দিন খোলা ছিল সেইং দিনের সকল লেনা ও দেনা ও খাজানাখানাহইতে গৃহীত ও তাহাতে প্রতিদত্ত টাকা ঐ বর্ণনাপত্রে লিখিতে হইবে।

১৮। বৎসরের অবসানে ৭ নং পাঠের এক বর্ণনাপত্র সাধ্যমতে ত্বরায় সদর আফিসে পাঠাইতে হইবে; যাঁহারা টাকা জমা করেন ঐ বর্ণনাপত্রে তাঁহারদের প্রত্যেক জনের২ হিসাব ব্যক্ত থাকিবে যথা,

বৎসরের আরম্ভে জমা
বৎসরে জমা করা গেল।
যত টাকা সুদ দেওয়া যায়।
যত টাকা বাহির করিয়া লওয়া যায়।
বৎসরের অবসানে যত টাকা থাকে।

১৯। খতিয়ানের পাঠে যেমন লেখা গিয়া থকে গচ্ছিতকারি প্রত্যেক ব্যক্তির হিসাবের খাতায়, বৎসর২ তেমনি সুদ লিখিতে হইবে।

২০। খতিয়ানের লিখিত সুদের হিসাবমতে ঐ সুদের হিসাব করিবার নিয়মে মনোযোগ করিতে হইবে।

২১। আপ্রিল মাসে যত টাকা বাহির করিয়া লওয়া যায় তাহা বাদ দিয়া যে ঘরের শিরোভাগে "আসল" শব্দ আছে সেই ঘরে আপ্রিল মাসের পার্শ্বে নূতন বৎরের জমা লিখিতে হইবে।





22. Against May the amount will be that for April, plus deposits, if any, made during April, minus withdrawals during May, and so on for subsequent months.

NOTE.—In the case, which will be of comparatively rare occurence, of deposits made in one month being withdrawn in whole or in part in the same month, the entry in column "Principal" will be made as though so much less had been deposited.—See specimen entries in Form V. against January and February; Rs. 10 withdrawn in January is not deducted in the amount set against that month in column "Principal," a net amount deposited only is added in February.

23. The interest column will be filled up with the help of the Interest Table; the manner of doing this will be sufficiently apparent from the specimen form.

24. When accounts are closed in the course of the year. interest to the end of the preceding month is to be credited to the account, and paid to the depositor with the principal.

25. The fact of an account having been closed must be noted on the Withdrawal Sheet (Form IV.); and the Pass Book must be surrendered.

26. No charge on account of interest is to be made in the Collector's accounts, which will show only the amounts received from or paid to the Bank.

27. The personal attendance of depositors at the place appointed for the receipt of deposits, which place need not necessarily be at any public Office, is generally necessary.

28. Individuals or Committees may, however, with the approval of the Collector, act as agents for the collection of deposits. Where there is any such system of collection, the agent must send in depositors' Pass Books with the amount collected, and the Government will not acknowledge any responsibility for deposits until the same have been paid into the Bank and acknowledged by the Clerk and the Treasury Officer in the Pass Book, as already provided.

29. Collectors will apply to the Comptroller-General of Accounts, or the Accountant-General, Madras or Bombay, for the forms required for the Savings Bank, and for any further instructions which may be necessary.

২২। আপ্রিল মাসে যত টাকা জমা ছিল আর যত টাকা জমা হইয়া থাকে মে মাসে বাহির করিয়া লওয়া টাকা তাহাহইতে বাদ দিয়া ঐ মে মাসের আসল লিখিতে হইবে। এই প্রকারে মাস২ করিতে হইবে।

মন্তব্য। টাকা যে মাসে জমা দেওয়া যায় সেই মাসে সমুদয় কি তাহার এক অংশ বাহির করিয়া লওয়া যাইবে এমত প্রায় সম্ভাবনা নয়, তবু যদি হইয়া থাকে তবে যত বাহির করিয়া লওয়া যায় তত টাকা যেন জমা হয় নাই এই ভাবে আসলের ঘরে জমা করিতে হইবে। ৫ নং পাঠে জানুআরি ও ফেব্রুআরি মাসের হিসাব লিখিবার উদাহরণে দেখিতে হইবে! জানুআরি মাসে ১০৲ টাকা বাহির করিয়া লওয়া গেল, কিন্তু সেই মাসের হিসাবে আসলের ঘরে ঐ টাকা খরচ লেখা গেল না, তাহা বাদ দিয়া যত টাকা জমা হইল তাহা ফেব্রুআরি মাসে লেখা গেল।

২৩। সুদের টেবিল দেখিয়া সুদের ঘরে অঙ্ক লিখিতে হইবে। ঐ সুদের টেবিল দেখিলেই তাহা লইয়া কার্য্য করিবার বিধি জানা যাইতে পারে।

২৪। কোন ব্যক্তি বৎসরের মধ্য কোন সময়ে আপনার সমস্ত টাকা বাহির করিয়া লইতে ইচ্ছুক হইল পূর্ব্ব মাসের শেষপর্য্যন্ত সুদের হিসাব করিয়া ঐ সুদসমেত আসল টাকা ঐ ব্যক্তিকে দেওয়া যাইবে।

২৫। তাঁহার হিসাব বন্দ হইয়াছে এ কথা টাকা লওয়ার ৪ নং ফর্দ্দে লিখিতে হইবে ও তাঁহার পাসবুক ফিরিয়া লইতে হইবে।

২৬। সুদ বলিয়া কালেক্টর সাহেবের খাতায় খরচ লিখিতে হইবে না। যত টাকা ব্যাঙ্কহইতে লওয়া গেল ও ব্যাঙ্কে দেওয়া গেল কেবল তাহাই লিখিতে হইবে।

২৭। জমার টাকা যে স্থানে গ্রহণ করা যায় কোন ব্যক্তি টাকা জমা করিতে চাহিলে সাধারণ্যে তাহার নিজে সেই স্থানে আনা উচিত। রাজকীয় কার্য্যালয়ে টাকা গ্রাহ্য করা যাইবে অন্য স্থানে হইতে পারে না এমন নয়। অন্য স্থানও নিরূপণ হইতে পারিবে।

২৮। কালেক্টর সাহেবের অনুমতি হইলে, কোন ব্যক্তি কিম্বা কমিটী জামর টাকা গ্রহণ করিবার কর্ম্ম করিতে পারিবেন। এই নিয়ম হইলে, গচ্ছিতকারির টাকা সহিত ঐ কর্ম্মকারককে তাহার পাস বুক দিতে হইবে। ঐ টাকা ব্যাঙ্কে জমা না হইলে এবং পাস বুকে কেলার্কের ও খাজানাখানার অধ্যক্ষের স্বাক্ষর সহিত রসীদ না লেখা গেলে গবর্ণমেণ্ট ঐ টাকার নিমিত্ত দায় স্বীকার করিবেন না।

২৯। সেবিং ব্যাঙ্কের নিমিত্তে যেং পাঠের প্রয়োজন আছে ও কার্য্য পদ্ধতির জন্য যে কথা জানা আবশ্যক কালেক্টর সাহেবেরা তাহা জানিবার জন্যে হিসাবের কনট্রোলর জেনরল সাহেবের নিকটে কিম্বা মান্দ্রাজের কি বোম্বাইয়ের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে প্রার্থনা করিবেন।

## Form I.

### DISTRICT SAVINGS BANK.

*Journal of Deposits received for the month of* ______ 18____

| Date. | Depositor's | | Amount of Deposit. | Daily Total. |
|---|---|---|---|---|
| | No. | Name. | | |
| | | | Rs. As. P. | Rs. As. P. |

## Form II.

### DISTRICT SAVINGS BANK.

*Journal of Deposits paid in the month of* ______ 18____

| Date. | Depositor's | | Amount withdrawn. | Daily Total. |
|---|---|---|---|---|
| | No. | Name. | | |
| | | | Rs. As. P. | Rs. As. P. |





## Form III.

*Number of District Savings Bank.* }

*List of Deposits received at the* ______ *District Savings Bank.*

| Date. | Depositor's | | Amount received. |
|---|---|---|---|
| | No. | Name. | |
| | | | Rs. As. P. |
| | | Total received ... | |
| | | Total amount withdrawn ... | |
| | | Amount {paid into / received from} Treasury ... | |

## Form IV.

*Number of District Savings Bank.* }

*List of Deposits withdrawn from the* ______ *District Savings Bank.*

| Date. | Depositor's | | Amount withdrawn. | Signature. |
|---|---|---|---|---|
| | No. | Name. | | |
| | | | Rs. As. P. | |
| | | Total ... | | |

## Form V.

*Number of District Savings Bank.* }

*Depositor's Number* ____________
,, *Name* ____________
,, *Address* ____________

Dr. Cr.

**Deposits.**

| Month | Date | | | | | Amount |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | Rs. As. P. |
| Balance brought forward ... | | | | | | 103 6 10 |
| April ... | 3rd. Re. 1 | 10th. Rs. 1-8 | 17th. Rs. 1-8-4 | 24th. Rs. 0-15-8 | ... | 5 0 0 |
| May ... | ... | ... | ... | ... | ... | ...... |
| June ... | 5th. Rs. 20 | 12th. ... | 19th. ... | 26th. ... | ... ... | 20 0 0 |
| July ... | 3rd. ... | 10th. Rs. 10 | 17th. ... | 24th. ... | 31st. Rs. 10 | 20 0 0 |
| August ... | ... | ... | ... | ... | ... | ...... |
| September ... | ... | ... | ... | ... | ... | ...... |
| October ... | 2nd. Re. 1 | 9th. ... | 16th Rs. 3. | 23rd. Rs. 2. | 30th. Rs. 4 | 10 0 0 |
| November ... | ... | ... | ... | ... | ... | ...... |
| December ... | ... | ... | ... | ... | ... | ...... |
| January ... | 1st. Rs. 9 | 8th. Rs. 5 | 15th. Rs. 9 | 22nd. Rs. 5 | ... | 28 0 0 |
| February ... | ... | ... | ... | ... | ... | ...... |
| March ... | ... | ... | ... | ... | ... | ...... |
| March, to interest | ... | ... | ... | ... | ... | 4 10 6 |
| Total ... | | | | | | 191 1 4 |

**Withdrawals.**

| Month | Date | | | | | Amount |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | Rs. As. P. |
| April ... | ... | ... | ... | ... | ... | ...... |
| May ... | 1st. Rs. 3 | 8th. Rs. 2-8 | 15th. Rs. 2-8 | 22nd. ... | 29th. Rs. 7 | 15 0 0 |
| June ... | ... | ... | ... | ... | ... | ...... |
| July ... | ... | ... | ... | ... | ... | ...... |
| August ... | ... | ... | ... | ... | ... | ...... |
| September ... | ... | ... | ... | ... | ... | ...... |
| October ... | ... | ... | ... | ... | ... | ...... |
| November ... | ... | 6th. Rs. 2 | 13th. ... | 20th. Rs. 4 | 27th. Rs. 6 | 12 0 0 |
| December ... | ... | ... | ... | ... | ... | ...... |
| January ... | ... | ... | ... | ... | 29th. Rs. 10 | 10 0 0 |
| February ... | ... | ... | ... | ... | ... | ...... |
| March ... | ... | ... | ... | ... | ... | ...... |
| March, by balance | ... | ... | ... | ... | ... | 154 1 4 |
| Total ... | | | | | | 191 1 4 |

| Month. | Principal. | Interest. |
|---|---|---|
| 18— | Rs. As. P. | Rs. As. P. |
| April ... | 103 6 10 | 0 5 2 |
| May ... | 93 6 10 | 0 4 8 |
| June ... | 93 6 10 | 0 4 8 |
| July ... | 113 6 10 | 0 5 8 |
| August ... | 133 6 10 | 0 6 8 |
| September ... | 133 6 10 | 0 6 8 |
| October ... | 133 6 10 | 0 6 8 |
| November ... | 131 6 10 | 0 6 6 |
| December ... | 131 6 10 | 0 6 6 |
| January ... | 131 6 10 | 0 6 6 |
| February ... | 149 6 10 | 0 7 5 |
| March ... | 149 6 10 | 0 7 5 |
| Amount of interest for the year ... | | 4 10 6 |





## Form VI.

*Number of District Savings Bank.* } ____________ DISTRICT SAVINGS BANK.

*Statement of daily transactions for the month of* ____________ 18__.

| Date. | Deposits received. | Deposits paid. | Paid to Treasury. | Received from Treasury. |
|---|---|---|---|---|
| | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. |

## Form VII.

*Number of District Savings Bank.* } ____________ DISTRICT SAVINGS BANK.

*Annual Statement of Depositors' Balances.*

| Depositor's No. | Depositor's Name. | Balance on 1st April 18 . | Deposits during the year. | Interest allowed. | Total. | Withdrawn. | Balance. |
|---|---|---|---|---|---|---|---|
| | | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. | |

R. B. CHAPMAN,
*Offg. Secretary to the Govt. of India.*

### প্রথম পাঠ।

জিলার সেবিং ব্যাঙ্ক।

১৮ সালের অমুক মাসে জমার যত টাকা পাওয়া গেল তাহার রোজনামা।

| তারিখ। | জমা দাতার। | | যত টাকা জমা দিলেন। | দিনের মোট। |
|---|---|---|---|---|
| | নম্বর। | নাম। | | |
| | | | | |

### দ্বিতীয় পাঠ।

জিলার সেবিং ব্যাঙ্ক।

১৮ সালের অমুক মাসের জমার যত টাকা দেওয়া গেল তাহার রোজনামা।

| তারিখ। | জমা দাতার। | | যত টাকা বাহির করিলেন। | দিনের মোট। |
|---|---|---|---|---|
| | নম্বর। | নাম। | | |
| | | | | |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৭ জুন।]



### তৃতীয় পাঠ।

প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের নম্বর।

অমুক জিলার সেবিং ব্যাঙ্কে যে টাকা জমা হইল তাহার নির্ঘণ্টপত্র।

| তারিখ | জমাদাতার | | যত টাকা পাওয়া গেল। |
|---|---|---|---|
| | নম্বর | নাম | |
| | | | টাকা |
| | | মোটে পাওয়া গেল | |
| | | যত টাকা বাহির করিয়া লওয়া গেল | |
| | | ট্রেজুরীতে যত টাকা { দেওয়া গেল / তথাহইতে লওয়া গেল } | |

### চতুর্থ পাঠ।

প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের নম্বর।

অমুক জিলার সেবিং ব্যাঙ্কহইতে যত টাকা বাহির করিয়া লওয়া গেল তাহার নির্ঘণ্টপত্র।

| তারিখ | জমাদাতার | | যত টাকা বাহির করিয়া লওয়া গেল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | নম্বর | নাম | | |
| | | | টাকা | |
| | | মোট ... | | |

[*Government Gazette, 7th June* 1870.]

পঞ্চম পাঠ।

প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের নম্বর

জমা দাতার নম্বর।————

নাম————

ঠিকানা————

খরচ — জমা

**জমা**

| মাস | তারিখ | | | | | যত টাকা |
|---|---|---|---|---|---|---|
| | ... | ... | ... | জের | ... | টাকা ১০৩।৵১০ |
| আপ্রিল | ৩রা | ১০ই | ১৭ই | ২৪সে | ... | |
| | ১৲ | ১৷০ | ১৷৷৪ | ৸৮ | ... | ৫৲ |
| মে | ... | ... | ... | ... | ... | ... |
| জুন | ৫ই | ১২ই | ১৯সে | ২৬সে | ... | |
| | ২০৲ | ... | ... | ... | ... | ২০৲ |
| জুলাই | ৩রা | ১০ই | ১৭ই | ২৪সে | ৩১সে | |
| | ... | ১০৲ | ... | ... | ১০৲ | ২০৲ |
| আগষ্ট | ... | ... | ... | ... | ... | ... |
| সেপ্টেম্বর | ... | ... | .. | .. | ... | ... |
| অকটোবর | ২রা | ৯ই | ১৬ই | ২৩সে | ৩০সে | |
| | ১৲ | ... | ৩৲ | ২৲ | ৪৲ | ১০৲ |
| নবেম্বর | ... | ... | ... | ... | ... | ... |
| ডিসেম্বর | ... | ... | ... | ... | ... | ... |
| জানুআরি | ১লা | ৮ই | ১৫ই | ২২সে | ... | |
| | ৯৲ | ৫৲ | ৯৲ | ৫৲ | ... | ২৮৲ |
| ফেব্রুআরি | ... | ... | ... | ... | ... | ... |
| মার্চ | ... | ... | .. | ... | ... | ... |
| মার্চ মাস পর্য্যন্ত সুদ | | ... | ... | ... | ... | ৪।৵৬ |
| | | | | মোট | ... | ১৯১/৪ |

**বাহির করিয়া লওয়া গেল।**

| মাস | তারিখ | | | | | যত টাকা |
|---|---|---|---|---|---|---|
| আপ্রিল | ... | ... | ... | ... | ... | ... |
| মে | ১লা | ৮ই | ১৫ই | ২২সে | ২৯সে | |
| | ৩৲ | ২৷ | ২৷ | ... | ৭৲ | ১৫৲ |
| জুন | ... | ... | ... | ... | ... | ... |
| জুলাই | ... | ... | ... | ... | ... | ... |
| আগষ্ট | ... | ... | ... | ... | ... | ... |
| সেপ্টেম্বর | ... | ... | ... | ... | ... | ... |
| অকটোবর | ... | ... | ... | ... | ... | ... |
| নবেম্বর | ৬ই | ১৩ই | ২০সে | ২৭সে | ... | |
| | ২৲ | ... | ৪৲ | ৬৲ | ... | ১২৲ |
| ডিসেম্বর | ... | ... | ... | ... | ... | |
| জানুআরি | ... | ... | ... | ... | ২৯সে ১০৲ | ১০৲ |
| ফেব্রুআরি | ... | ... | ... | ... | ... | ... |
| মার্চ | ... | ... | ... | ... | ... | ... |
| মার্চ মাসে বাকী | ... | ... | ... | ... | ... | ১৫৪/৪ |
| | | | | মোট | ... | ১৯১/৪ |

| মাস | আসল | সুদ |
|---|---|---|
| ১৮— | টাকা | টাকা |
| আপ্রিল ... | ১০৩।৵১০ | ৵২ |
| মে ... | ৯৩।৵১০ | ।৮ |
| জুন ... | ৯৩।৵১০ | ।৮ |
| জুলাই ... | ১১৩।৵১০ | ৵৮ |
| আগষ্ট ... | ১৩৩।৵১০ | ।৵৮ |
| সেপ্টেম্বর ... | ১৩৩।৵১০ | ।৵৮ |
| অক্টোবর ... | ১৩৩।৵১০ | ।৵৮ |
| নবেম্বর ... | ১৩১।৵১০ | ।৵৬ |
| ডিসেম্বর ... | ১৩১।৵১০ | ।৵৬ |
| জানুআরি ... | ১৩১।৵১০ | ।৵৬ |
| ফেব্রুআরি .. | ১৪১।৵১০ | ।৵৫ |
| মার্চ — | ১৪১।৵১০ | ।৵৫ |
| বৎসরে যত টাকা সুদ হইল। | | ৪॥৵৬ |





ষষ্ঠ পাঠ।

প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের নম্বর।

অমুক জিলার সেবিংব্যাঙ্ক

১৮ সালের অমুক মাসের দৈনিক কার্য্যের বিবরণ।

| তারিখ। | যত টাকা জমা হইল। | জমার যত টাকা দেওয়া গেল। | খাজনাখানায় দেওয়া গেল। | খাজানাখানাহইতে লওয়া গেল। |
|---|---|---|---|---|
| | টাকা। | টাকা। | টাকা। | টাকা। |

সপ্তম পাঠ।

প্রদেশীয় সেবিং ব্যাঙ্কের নম্বর।

অমুক জিলার সেবিং ব্যাঙ্ক।

জমা দাতার জমার বার্ষিক বিবরণ।

| জমা দাতার। | | ১৮ সালের আপ্রিল মাসের ১ তারিখে হাতে থাকিলে। | বৎসরে যত টাকা জমা হইল। | যত সুদ দেওয়া গেল। | মোট। | যত বাহির করিয়া লওয়া গেল। | অবশিষ্ট। |
|---|---|---|---|---|---|---|---|
| নম্বর। | নাম। | | | | | | |
| | | টাকা। | টাকা। | টাকা। | টাকা। | টাকা। | টাকা। |

আর বি চাপমান।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1129R.

APPOINTMENTS.

*The 26th May* 1870.—The following gentlemen to be Assessors, under Act XVI. of 1870, in the Districts mentioned against their respective names, and to exercise the powers of a Collector for the purposes of that Act:—

Mr. F. H. Maclean, Shahabad.
Baboo Bhoobuneshwur Dutt, Patna.
,, Kali Prosonno Banerjee, Tirhoot.
,, Kashinath Dutt, Sarun.
,, Ghonesham Goopto, Chumparun.

*The 27th May* 1870.—Baboo Gunga Gobind Surma, Officiating Moonsiff of Seebsaugor, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

Moulvie Mahomed, Deputy Magistrate and Deputy Collector, Loharduggah, is temporarily posted to the Sub-division of Palamow.

The following gentlemen to be Assessors, under Act XVI. of 1870, in the District of Gowalparah, and to exercise the powers of a Collector for the purposes of that Act, with effect from the 1st ultimo:—

Moonshee Kurreem Bux.
,, Bahalwooddeen.

The following gentlemen who have been appointed by the Government of India to be Assistant Conservators of Forests of the Third Grade, on probation, are posted to the Divisions mentioned against their respective names:—

Mr. C. H. James, Dacca Division.
,, M. G. Thomas, Chittagong Division.

*The 28th May* 1870.—Mr. Daniel Walter McMullen Testro, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Khoordah, in Pooree. This cancels the orders of the 29th January last appointing Mr. William Colebrook Taylor to the charge of that Sub-division. Mr. Taylor will continue, until further orders, to be attached to the Sudder Station of Cuttack.

The following gentlemen to be Assessors, under Act XVI. of 1870, in the Districts mentioned

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ৭ জুন।]

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১১২৯ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৬ মে।—নিম্নলিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন, এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। যথা—

শাহাবাদে শ্রীযুত এফ. এচ, মাকলীন সাহেব।
পাটনায় শ্রীযুত বাবু ভুবনেশ্বর দত্ত।
ত্রিহুতে শ্রীযুত বাবু কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।
সারণে ,, বাবু কাশীনাথ দত্ত।
চাম্পারণে ,, বাবু ঘনেশ্যাম গুপ্ত।

১৮৭০ সাল ২৭ মে।—শিবসাগরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ শর্ম্মা অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

লোহারডগার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ কিয়ৎকালের নিমিত্তে পালামৌ শাখাখণ্ডে অবস্থিত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা গোয়ালপাড়া জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সকল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে।

শ্রীযুত মুনশী করিম বক্স।
,, মুনশী বাহাল উদ্দীন।

নিম্নলিখিত সাহেবেরা ভারতবর্ষের গবর্ণমেণ্টকর্ত্তৃক পরীক্ষার্থে তৃতীয় শ্রেণীর সহকারি বনরক্ষকের পদে নিযুক্ত হইয়া আপনং নামের পার্শ্বের লিখিত খণ্ডে অবস্থিত হইলেন।

ঢাকা খণ্ডে শ্রীযুত সি, এচ, জেমস সাহেব।
চট্টগ্রাম খণ্ডে শ্রীযুত এম, জি, তামস সাহেব।

১৮৭০ সাল ২৮ মে।—আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডানিয়েল, ওয়ালটর, মকমলেন্, টেষ্ট্রো সাহেব পুরীর অন্তর্গত খুর্দ্দহ শাখাখণ্ডের অধ্যক্ষতাভার পাইবেন। গত জানুআরি মাসের ২৯ তারিখের যে আজ্ঞাক্রমে শ্রীযুত উলিয়ম কোলব্রূক টেলর সাহেব ঐ শাখাখণ্ডের অধ্যক্ষতাপদে নিযুক্ত হন তাহা এতৎক্রমে রহিত করা গেল। তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কটকের সদর মোকামে নিযুক্ত থাকিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর



against their respective names, and to exercise the powers of a Collector for the purposes of that Act:—

Moonshee Durga Persad, Hazareebaugh.

Baboo Gopal Chunder Mitter } Loharduggah.
,, Soshi Sikhur Banerjee }

,, Judoonath Chowdry, Maunbhoom.
,, Grish Chunder Sen, Backergunge.
,, Obhoy Coomar Sen, Dacca.
,, Radhica Mohun Roy, Furreedpore.

,, Eshwar Chunder Seel } Sylhet.
Moulvie Hamed Bux Mozoomdar }

Baboo Sreenath Bhuddro, Mymensing.

*The 30th May* 1870.—Baboo Hurro Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, is transferred to Bhaugulpore.

Baboo Gourdas Bysack, Deputy Magistrate and Deputy Collector, Khoolnah, is transferred to the Sudder Station of Burdwan.

Mr. John Whitmore, Assistant Magistrate and Deputy Collector, Backergunge, to have charge of the Sub-division of Khoolnah, in Jessore. In addition to the powers with which he is already vested, Mr. Whitmore is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Session or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. Edward Stanford Andrew to be Sub-Registrar of Assurances of the Sub-district of Mymensing, having its Head-Quarters at the Sudder Station of the District of Mymensing.

Lieutenant William George Maitland to be Sub-Registrar of Assurances of the Sub-district of Debrooghur, having its Head-Quarters at the Sudder Station of the District of Luckimpore.

*The 31st May* 1870.—Mr. Howard Mark was an Assessor under Act IX. of 1869 in the Town and Suburbs of Calcutta, and exercised the powers of a Collector for the purposes of that Act, from the 14th January to the 16th March 1870.

Mr. Francis Johnston Graham Campbell, to officiate as Joint-Magistrate and Deputy Collector of Rungpore, during the absence on leave of Mr. George Edward Porter, or until further orders.

[*Government Gazette, 7th June* 1870.]

হইবেন, এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। যথা—

হাজারীবাগে শ্রীযুত মুনশী দুর্গাপ্রসাদ।

লোহারডগায় { শ্রীযুত বাবু গোপালচন্দ্র মিত্র।
,, বাবু শশীশেখর বন্দ্যোপাধ্যায়। }

মানভূমে শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরী।
বাকরগঞ্জে ,, বাবু গিরীশচন্দ্র সেন।
ঢাকায় ,, বাবু অভয় কুমার সেন।
ফরীদপুরে ,, বাবু রাধিকা মোহন রায়।

শ্রীহট্টে { ,, বাবু ঈশ্বর চন্দ্র শীল।
,, মৌলবী হামেদ বক্স মজুমদার। }

ময়মুনসিংহে ,, বাবু শ্রীনাথ ভদ্র।

১৮৭০ সাল ৩০ মে।—বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ ভাগলপুরে প্রেরিত হইয়াছেন।

খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরদাস বসাক বর্দ্ধমানের সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

বাকরগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান উইটমোর সাহেব যশোহরের অন্তর্গত খুলনা শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন। তাঁহার প্রতি এইক্ষণে যেং ক্ষমতা অর্পিত হইয়াছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে দর্শনপ্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত এডওয়ার্ড ষ্টানফর্ড আন্‌ড্রু সাহেব ময়মুনসিংহ সব-ডিষ্ট্রিকটের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিকুটের সদর স্থান ময়মুনসিংহ জিলার সদর মোকামে হইবে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত উলিয়ম জর্জ মেটলণ্ড সাহেব দেব্রুগড় সব-ডিষ্ট্রিকুটের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিকটের সদর স্থান লক্ষ্মীপুর জিলার সদর মোকামে হইবে।

১৮৭০ সাল ৩১ মে।—শ্রীযুত হৌয়ার্ড মার্ক সাহেব কলিকাতানগরে ও তৎশাখানগরে ১৮৬৯ সালের ৯ আইনমত আসেসর ছিলেন, এবং ১৮৭০ সালের জানুআরি মাসের ১৪ তারিখঅবধি মার্চ মাসের ১৬ তারিখ পর্য্যন্ত উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত জর্জ এডওয়ার্ড পর্টর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ফ্রান্সিস জনষ্টন গ্রেহম কাম্বেল সাহেব রঙ্গপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

Mr. James Crawfurd, Assistant Magistrate and Deputy Collector, Rungpore, to have charge of the Sub-division of Kishengunge in Purneah. In addition to the powers with which he is already vested, Mr. Crawfurd is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Session or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

Baboo Bhugwan Chunder Sen, Deputy Collector of Dearah Survey, Rajshahye Division, is appointed to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in Dacca, and is vested with the powers of a Subordinate Magistrate of the 2nd Class.

LEAVE OF ABSENCE.

*The* 30*th May* 1870.—Baboo Kedarnath Dutt, Deputy Magistrate and Deputy Collector, Pooree, for four days, from the 10th to the 13th ultimo, without pay, under Financial Notification dated the 4th June 1864.

*The* 31*st May* 1870.—Mr. George Edward Porter, Officiating Joint-Magistrate and Deputy Collector of Rungpore, for three months, under Section 19 of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

*The* 24*th May* 1870.—The Reverend Thomas Jerman Jones, Welsh Presbyterian Missionary at Jowai, in the Khasi Hills, is licensed, under Section 47, Part V., Act V. of 1865, to grant certificates of marriage between Native Christians.

Mr. H. Leeds, Conservator of Forests, Lower Provinces, having returned to duty on the 2nd instant, the unexpired portion of the leave granted to him under orders of the 20th March 1869, is cancelled.

Baboo Krishna Kamal Bhuttacharjee, Professor of Sanscrit, Presidency College, having returned to duty on the 13th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 14th idem, is cancelled.

*The* 26*th May* 1870.—In modification of the orders of the 4th January last, Mr. Octavius Toogood, C.S., is permitted to embark at Calcutta for the purpose of proceeding to Europe on furlough, instead of at Bombay, as was previously notified.

রঙ্গপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জেমস্ ক্রাফর্ড সাহেব পূরণিয়ার অন্তর্গত কৃষ্ণগঞ্জ শাখাখণ্ডের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইবেন। তিনি যে ক্ষমতা পাইয়াছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে দর্শন প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

রাজশাহী খণ্ডের দেয়াড়ার জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন ঢাকায় ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন। এবং অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৭০ সাল ৩০ মে।—পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে গত মাসের ১০ অবধি ১৩ পর্য্যন্ত চারি দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ৩১ মে।—রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জর্জ্জ এডওয়ার্ড পর্টর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৪ মে।—খাশী পর্ব্বতের অন্তর্গত জোওয়াইয়ের ওয়েলূশ প্রেস্‌বিটিরিয়ন মিশনরি শ্রীযুত তামস জরমান জোন্স সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে এদেশীয় খ্রীষ্টধর্ম্মাবলম্বিদের বিবাহের সর্টিফিকট দিতে অনুমতিপত্র পাইয়াছেন।

বঙ্গপ্রভৃতি দেশের বনরক্ষক শ্রীযুত এচ লীডস্ সাহেব এই মাসের ২ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৬৯ সালের মার্চ মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

প্রেসিডেন্সী কালেজের সংস্কৃতের অধ্যাপক শ্রীযুত বাবু কৃষ্ণকমল ভট্টাচার্য্য এই মাসের ১৩ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে এই মাসের ১৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭০ সাল ২৬ মে।—গত জানুআরি মাসের ৪ তারিখের যে আজ্ঞাক্রমে সিবিল সংক্রান্ত শ্রীযুত অক্টেবিয়স্ টুগুড্ সাহেব "ইউরোপে গমনার্থে নিয়মিত ছুটী লইয়া বোম্বাইয়ে জাহাজে আরোহণ করিবার অনুমতি পান তাহা মতান্তর হইল। তিনি কলিকাতায় জাহাজ আরোহণ করিবার অনুমতি পাইয়াছেন।





In continuation of the Notification of the 26th April last, published in the *Calcutta Gazette* of the 27th idem, the following Officers are declared to have passed at the examination held in April 1870 in the subjects mentioned against their names, *viz.* :—

| Names. | Subject in which passed. | Still liable to examination in |
|---|---|---|
| R. Lea ... | Assamese by the Second Standard. | Bengali by the Second Standard. |
| R. A. Fisher | Assamese by the First Standard. | Judicial and Revenue by the First Standard. |

*The* 30*th May* 1870.—The services of Lieutenant William Stenhouse, late Officiating Conservator of Forests, Lower Provinces, are replaced at the disposal of the Government of India, in the Public Works Department, with effect from the 2nd instant.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 701J.

APPOINTMENTS.

*The* 26*th April* 1870.—Mr. Edward Melian Showers to officiate as District Superintendent of Police, Furreedpore, during the absence, on leave, of Mr. D. W. Dundas, or until further orders.

*The* 27*th April* 1870.—Mr. Sandford James Kilby to officiate as District Superintendent of Police, Pubna, during the absence, on leave, of Mr. Henry Maxwell Reily, or until further orders.

*The* 23*rd May* 1870.—Lieutenant-Colonel William Lowndes Randall, Officiating Agent to the Governor General with the King of Oude, having resumed charge of his office from Captain Henry Phipson Peacock on the forenoon of the 18th instant, will again exercise the powers of a Magistrate in the 24-Pergunnahs for the trial of cases arising within the limits of the premises of the King of Oude.

*The* 26*th May* 1870.—Mr. John Stanley Carr Larminie, Assistant Superintendent of Police, Moorshedabad, is transferred to the 24-Pergunnahs.

গত আপ্রিল মাসের ২৬ তারিখের যে বিজ্ঞাপন মে মাসের ৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায় তদতিরিক্ত নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৭০ সালের আপ্রিল মাসের পরীক্ষাতে আপন২ নামের পার্শ্বের লিখিত বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন। যথা—

| নাম। | যে বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন। | যেং বিষয়ে পরীক্ষা দিতে হইবে। |
|---|---|---|
| শ্রীযুত আর লী সাহেব ... | দ্বিতীয় কষ্টিমতে আসামীয় ভাষায় | দ্বিতীয় কষ্টিমতে বঙ্গ ভাষায়। |
| শ্রীযুত আর, এ, ফিশর সাহেব ... | প্রথম কষ্টিমতে আসামীয় ভাষায় | প্রথম কষ্টিমতে জুডিশ্যল ও রাজস্ব বিষয়ে। |

১৮৭০ সাল ৩০ মে।—বঙ্গপ্রভৃতি দেশের ভূতপূর্ব্ব একটিং বনরক্ষক লেপ্টেনেণ্ট শ্রীযুত উলিয়ম ষ্টেনহৌস্ সাহেব পবলিকওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনরায় নিযুক্ত হইলেন। উক্ত নিয়োগ এই মাসের ২ তারিখ অবধি প্রবল হইবে।

রিবর্স্ তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিশ্যল ও পলিটিকাল ডিপার্টমেণ্ট।

৭০১ J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৬ আপ্রিল।—শ্রীযুত ডি ডবলিউ ডণ্ডাস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এডওয়ার্ড মিলিয়ন্ শোয়র্স সাহেব ফরীদপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৭ আপ্রিল।—শ্রীযুত হেনরি মাক্সওয়েল রাইলী সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সাণ্ডফর্ড জেমস কিল্‌বি সাহেব পাবনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৩ মে।—অযোধ্যার রাজার নিকট শ্রীলশ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের একটিং এজেণ্ট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত উলিয়ম লৌণ্ডস রাণ্ডল সাহেব এই মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্নে কাপ্তান শ্রীযুত হেনরি ফিপসন পীকক্ সাহেবের স্থানে কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে উক্ত রাজার বাটীর সীমার মধ্যে যে সকল মোকদ্দমা উত্থিত হয় তাহার বিচার করণার্থে পুনশ্চ ২৪ পরগনার মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৬ মে।—মুরশিদাবাদের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জান, ষ্টান্‌লী, কার, লার্ম্মিনি সাহেব ২৪ পরগনায় প্রেরিত হইয়াছেন।

*The 27th May* 1870.—Mr. George Kennedy Webster, Assistant Commissioner, Loharduggah, is vested with the powers of a Moonsiff.

Baboo Karuna Das Bose, B.L., to officiate as Moonsiff of Berhampore, during the absence, on leave, of Baboo Shamdhone Mookerjee, or until further orders.

*The 28th May* 1870.—The following gentlemen are appointed to be Moonsiffs of the Third Grade, and are posted to the Districts mentioned against their respective names:—

Baboo Poreshnath Banerjee, B.L., Gya.

„ Kristobehary Mookerjee, Jessore.

Baboo Baroda Prosonno Shome, B.L., to be a Moonsiff of the Third Grade, and to be an Additional Moonsiff in Tipperah. He will, however, continue to officiate as Moonsiff of Nasirnuggur, until further orders.

Baboo Soorjokant Chowdhry to officiate as Additional Moonsiff of Tipperah, during the absence, on deputation, of Baboo Baroda Prosonno Shome, or until further orders.

Mr. James Halliday to be a Municipal Commissioner for the Town of Chittagong.

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Khoolnah:—

The Reverend Gogan Chunder Dutt.
Mr. John Rodd Rainey.
Baboo Poreshnath Singh.

The following gentlemen to be Members of the Committee for the management of the Government Charitable Dispensary at Patna:—

Syed Mohummud Nawab.
Nawab Mehdi Ali Khan.
Moulvie Dulleelooddeen.
„ Fuzloor Ruhman.
Baboo Girdhur Lall.
„ Gungadhur Ghose.
„ Ramkishen Das.

Assistant Surgeon Herbert Boyd, recently arrived from England, is posted, temporarily, to the Presidency General Hospital.

*The 30th May* 1870.—The Officers in medical charge of the following Civil Stations to be

১৮৭০ সাল ২৭ মে।—লোহারডগার আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত জর্জ কেনেডি ওয়েবষ্টর সাহেব মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু শ্যামধন মুখোপাধ্যায়ের প্রযুক্ত ছুটী অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু করুণাদাস বসু বি, এল, বহরমপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৮ মে।—নিম্নলিখিত মহাশয়েরা তৃতীয় শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে অবস্থিত হইলেন।

গয়ায় ... শ্রীযুত বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায়, বি, এল।
যশোহরে ... শ্রীযুত বাবু কৃষ্ণবিহারি মুখোপাধ্যায়।

শ্রীযুত বাবু বরদাপ্রসন্ন সোম বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া ত্রিপুরার অতিরিক্ত মুনসেফ হইবেন। তিনি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নাসির নগরের মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু বরদাপ্রসন্ন সোমের রাজকার্য্যোপলক্ষে অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু সূর্য্যকান্ত চৌধুরী ত্রিপুরার অতিরিক্ত মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জেমস হালিডে সাহেব চট্টগ্রাম নগরের মুনিসিপল কমিশ্যনর হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা খুলনার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত পাদরী গগনচন্দ্র দত্ত।
„ জান রড্ রেণি সাহেব।
„ বাবু পরেশনাথ সিংহ।

নিম্নলিখিত মহাশয়েরা পাটনার গবর্ণমেণ্টের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত সৈয়দ মহম্মদ নওয়াব।
„ নওয়াব মেহদি আলী খাঁ।
„ মৌলবী দলীলউদ্দীন।
„ মৌলবী ফজলুর রহমান।
„ গিরিধর লাল বাবু।
„ বাবু গঙ্গাধর ঘোষ।
„ বাবু রামকৃষ্ণ দাস।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত হর্বর্ট বয়ড সাহেব সম্প্রতি ইংলণ্ডহইতে আসিয়া কিয়ৎকালের নিমিত্তে রাজধানীর জেনরল হাসপাতালে নিযুক্ত হইয়াছেন।

১৮৭০ সাল ৩০ মে।—নিম্নলিখিত সিবিল ষ্টেশনের চিকিৎসাকার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত কার্য্যকারকেরা





*ex-officio* Medical Examiners of Laborers under Section 22, Act II. (B. C.) of 1870:—

| | |
|---|---|
| Backergunge. | Ranchee, Loharduggah. |
| Bhaugulpore. | Chyebassa, Singbhoom. |
| Burdwan. | Purulea, Maunbhoom. |
| Chittagong. | Balasore. |
| Cuttack. | Beerbhoom. |
| Dacca. | Bograh. |
| Darjeeling. | Bancoorah. |
| Hazareebaugh. | Pooree. |
| Howrah. | Dinagepore. |
| Rajshahye. | Furreedpore. |
| Monghyr. | Gowalparah. |
| Moorshedabad. | Hooghly. |
| Mymensing. | Sarun. |
| Midnapore. | Maldah. |
| Nuddea. | Noakhally. |
| Patna. | Pubna. |
| Jessore. | Purneah. |
| Shahabad. | Rungpore. |
| Deoghur, Sonthal Pergunnahs. | Tipperah. |
| | Serampore. |
| Tirhoot. | Kooshtea. |
| 24-Pergunnahs. | Gya. |
| Julpigoree. | Raneegunge. |
| Motiharee, Chumparun. | |

Baboo Kalichurn Ghosal to officiate as Moonsiff of Burrisaul, during the absence, on deputation, of Moulvie Sumeenooddeen Ahmed, or until further orders.

LEAVE OF ABSENCE.

*The 27th April* 1870.—Mr. H. Munro, Assistant Superintendent of Police, Sasseeram, for three months, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865.

*The 12th May* 1870.—Mr. W. D. Pratt, District Superintendent of Police, Shahabad, for three months, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865, from any date in the end of June next on which he may avail himself of the leave.

*The 26th May* 1870.—Mr. D. W. Dundas, District Superintendent of Police, Furreedpore, for three months, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865, from the date on which he may have been relieved.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

আপন২ পদোলক্ষে ১৮৭০ সালের বঙ্গীয় ২ আইনের ২২ ধারামতে মজুরদের পরীক্ষা করণার্থ চিকিৎসক হইবেন। যথা:—

| | |
|---|---|
| বাকরগঞ্জ। | লোহারডগার রাঞ্চি। |
| ভাগলপুর। | সিংহভূমের চৈবাসা। |
| বর্দ্ধমান। | মানভূমের পুরুলিয়া। |
| চট্টগ্রাম। | বালেশ্বর। |
| কটক। | বীরভূম। |
| ঢাকা। | বগুড়া। |
| দার্জ্জিলিং। | বাঁকুড়া। |
| হাজারিবাগ। | পুরী। |
| হাবড়া। | দিনাজপুর। |
| রাজশাহী। | ফরীদপুর। |
| মুঙ্গের। | গোয়ালপাড়া। |
| মুরশিদাবাদ। | হুগলী। |
| ময়মুনসিংহ। | সারণ। |
| মেদিনীপুর। | মালদহ। |
| নদীয়া। | নওয়াখালী। |
| পাটনা। | পাবনা। |
| যশোহর। | পূরণিয়া। |
| শাহাবাদ। | রঙ্গপুর। |
| সাঁওতাল পরগনার দেবগড়। | ত্রিপুরা। |
| | শ্রীরামপুর। |
| ত্রিহুত। | কুষ্টা। |
| ২৪ পরগনা। | গয়া। |
| জলপাইগুড়ি। | রাণীগঞ্জ। |
| চাম্পারণের মতিহারী। | |

শ্রীযুত মৌলবী সমীনুদ্দীন আহম্মদের রাজকার্য্যোপলক্ষে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কালীচরণ ঘোষাল বরিশালের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ২৭ আপ্রিল।—শাসিরামের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ মনরো সাহেব ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১২ মে।—শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব জুন মাসের শেষে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনানশ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৬ মে।—ফরীদপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি ডবলিউ ডণ্ডাস সাহেব অন্যের প্রতি কর্ম্মের ভার অর্পণ করিয়া যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনান্শ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

*The 23rd May* 1870.—Under the provisions of Regulation VI. of 1819, the Lieutenant-Governor is pleased to declare the Ferry on the Kurrumnassa on the road from Arrah *viâ* Buxar and Zumaniah to Benares to be a public Ferry.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 30th May* 1870.—Under Section 16 of Act II. (B. C.) of 1867, (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming houses,) the Lieutenant-Governor is pleased to authorize the extension of the provisions of the Act to the City of Dacca, in the District of Dacca. The limits within which the Act shall have force shall be the same as those for the Municipal and Conservancy operations under Act III. (B. C.) of 1864.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 31st May* 1870.—Under Section 82 of Act VI. (B.C.) of 1868, the provisions for the regulation of conservancy and local improvement contained in Schedule K annexed to the Act, are hereby extended to the Town of Burrisaul, in the District of Backergunge, as defined in the Government Notification of 19th January 1869, published in the *Calcutta Gazette* of the 27th idem.

The provisions of Section 34 of Act V. of 1861 are also hereby extended to the said Town of Burrisaul.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৩ মে।—আরাহইতে বকসার ও জমানিয়া দিয়া বারাণসে যাইবার পথে কর্ম্মনাসা নদীর যে খেয়া ঘাট আছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮১৯ সালের ৬ আইনের বিধানমতে তাহা রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৩০ মে।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে উক্ত আইনের বিধান ঢাকা জিলার অন্তর্গত ঢাকা নগরে প্রচলিত করিয়াছেন। নগরের সৌষ্ঠব ও শ্রীবৃদ্ধি করণার্থ ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের কার্য্যার্থে উক্ত নগরের যে সীমা নির্দ্ধার্য্য হইয়াছে এই আইনও সেই সীমার মধ্যে প্রবল হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৩১ মে।—১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের K তফসীলে নগর বা স্থান সৌষ্ঠব করণের যে বিধান আছে তাহা এতৎক্রমে উক্ত আইনের ৮২ ধারামতে বাকরগঞ্জ জিলার অন্তর্গত বরিশাল নগরে প্রচলিত করা গেল। ১৮৬৯ সালের জানুআরি মাসের ১৯ তারিখের গবর্ণমেন্টের বিজ্ঞাপনে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়া ফেব্রুআরি মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় সেই সীমা ধরিতে হইবে।

১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধানও এতৎক্রমে উক্ত বরিশাল নগরে প্রচলিত করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

[বাকি খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।]

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা মেদনিপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায়





নিমিত্ত ১৮৭০ সালের ১৫ জুন অর্থাৎ আমলি ১২৭৭ সালের ৩ আষাঢ় বাঙ্গলা ১২৭৭ সালের ২ আষাঢ় বুধবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

| (এ) রেজ-ষ্টরির নম্বর | নাম মহাল | নাম পরগনা | নাম মালিক | সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|
| ২৭৬০ | উত্তর উসতপুর | কাসিজোড়া | রামচাঁদ পণ্ডা ও শ্রীনাথ চরণ নন্দী ও শ্রীমতী সুন্দরী দাসী ও ভজহরি পাত্র ও লক্ষ্মী নারায়ণ পাত্র ও শ্রীনারায়ণ মাইতি ও দাস মোহন মাইতি ও মধুসূদন মাইতি ও বস্তি নারায়ণ মাইতি ও জগমোহন মাইতি ও বৃন্দাবন মাইতি ও সনাতন মাইতি ও নরহরি মাইতি ও চান্দহরি মাইতি ও কৃষ্ণ নারায়ণ রায় ও প্রেমনারায়ণ রায় ও মোহন পাত্র ও শ্রীমতী সুন্দরী দাসী ও প্যারি মণিদেবী ও শ্রীমতী মহামায়া দেই বনিতা গোরাচাঁদ মহাপাত্র ও যদুনাথ পণ্ডা রামচাঁদ পণ্ডার পুত্র ও শ্রীমত্যা প্যারিমণি দেব্যা মাতা ও মহাফেজ কৈলাস নাথ পণ্ডা নাবালগ ও শ্রীমতী শারদা দেই ও ভাগবৎ চন্দ্র মাইতি ও গোপীনাথ মাইতি ও শ্রীমতী জানকী দেবী ভগবতীচরণ ভট্টাচার্য্যের বনিতা। | ৩৫০৫৶১ | এই মহালের মধ্যে বিঃ ইষ্টেটমেণ্ট ও রোবকারি ডেপুটী কালেকুটর সন ১৮৬৯ সাল ২৯ মার্চ মৌজে জোদড়া ।।১ কাঠা জমিনের কাত ০।০ ২৯ পোন জমিন কেলেন কোম্পানির খালের জন্য গ্রহণ হইয়াছে সন ১৮৬৯ সাল ২৭ জুলাই। |
| | | | বাদ পৃথক হিসাব। | | |
| | | | শ্রীমত্যা প্যারিমণির অংশ ... ১২৮০৲ | | |
| | | | শ্রীনারায়ণ মাইতির অংশ ... ৩৩১৵৩ | | |
| | | | শ্রীনাথ চরণ নন্দীর অংশ ... ৪৪।।১০ | | |
| | | | শ্রীলক্ষ্মী নারায়ণ পাত্র ও সুন্দরী দাসীর অংশ ... ৩০০৸৯ | | |
| | | | শ্রীমহন পাত্র ও ভজহরি পাত্র ও সুন্দরী দাসীর অংশ.. ৩২৭৸৵৬ | | |
| | | | শ্রীমত্যা মহামায়া দেইর বনিতা গোরাচাঁদ মহাপাত্র অংশ ২১৪।।৶৮ | | |
| | | | শ্রীমতী জানকী দেবীর অংশ... ৪৮৸৵৭ | | |
| | | | | ২৫৪৭৸৵১০ | |
| | | | বাকি নিম্ন লিখিত মালিকগণের ইজমালি হিস্যা নীলাম হইবেক ... | ৯৫৭।৶০ | |
| | | | রামচাঁদ পণ্ডা ও দাস মোহন মাইতি ও মধুসূদন মাইতি ও বস্তি নারারণ মাইতি ও জগমোহন মাইতি ও বৃন্দাবন মাইতি ও সনাতন মাইতি ও নরহরি মাইতি ও চাঁদহরি মাইতি ও কৃষ্ণ নারায়ণ রায় ও প্রেমনারায়ণ রায় ও যদুনাথ পণ্ডা রামচাঁদ পণ্ডার পুত্র ও শ্রীমত্যা প্যারি মণি দেব্যা মাতাও মহাফেজ কৈলাশ নাথ পণ্ডা নাবালগ ও শ্রীমতী শারদা দেই ও ভাগবৎ চন্দ্র মাইতি ও গোপীনাথ মাইতির ইজমালি হিস্যা নীলাম হইবেক। | | |

J. C. PRICE,
*Offg. Collector.*

(F)

জিলা নদীয়া।

(বাকি খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।)

" ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ১১ জুন তারিখে ঐ জিলার কালেকুটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" সন ১৮৭০ সাল তারিখ ২০ এপ্রেল।

৪০।০ নং ডিঃ বেতাই মালিক গোলোক চন্দ্র মুখোপাধ্যায় দিগর স্বতন্ত্র হিসাব বাদে—

| | | | |
|---|---|---|---|
| সদরজমা | ... | ... | ১৩২৯৶৶/১।।০ |
| পুলিষ | ... | ... | ১৬।।৶/১১ |

৪০।১ নং ডিঃ বেতাই সথিমনি দেব্যা ।৵ আনাংশের—

| | | | |
|---|---|---|---|
| সদরজমা | .. | ... | ৩৩০২৷৮।।০ |
| পুলিষ | ... | ... | ৪১।।/১ |

৪৭৭।৭ নং ডিঃ শ্যামপুর সথিমনি দেব্যা ৵৭৵ অংশের—সদরজমা ... ৫৩৭৶/০

২৭৬৯ নং চরনতি ডেঙ্গা গোড়ভাঙ্গা দিগর দীননাথ মুখোপাধ্যায় দিগর স্বতন্ত্র হিসাব বাদে—

| | | | |
|---|---|---|---|
| সদরজমা | ... | ... | ৫১৭৶/১০ |
| রোডফণ্ড | ... | ... | ৫৶/১১ |

C. C. STEVENS,
*Offg. Collector.*

(F)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৭ জুন।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।



# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 14, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ১৪ জুন।

## Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill, as settled on the 4th June 1870 by the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, is hereby published for general information :—

*A Bill to appoint Commissioners for making improvements in the Port of Calcutta.*

Preamble.

WHEREAS it is expedient to make further provision for improvements in the port of Calcutta, and for that purpose to appoint commissioners for making such improvements; It is enacted as follows :—

Interpretation.

I. The following words and expressions shall have the meanings hereby assigned to them, unless where a contrary intention shall appear from the context.

"Commissioners."

The words "the commissioners" shall mean "the commissioners for making improvements in the port of Calcutta" hereinafter incorporated.

"Commissioner."

The word "commissioner" shall mean a member of the said corporation.

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭০ সালের জুন মাসের ৪ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় অবধারিত হইয়া সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ অন্য বিধান করা ও তদ্ধেতুক সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

অর্থের ধারা।

১ ধারা। এই ধারাতে নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ করা গিয়াছে পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব প্রকাশ না হইলে সেই অর্থ ধরিতে হইবে।

"কমিশ্যনরগণ"

'কমিশ্যনরগণ' শব্দে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ যে কমিশ্যনরেরা এই আইনমতে সমবায়িত হন তাঁহাদিগকে বুঝাইবে।

'কমিশ্যনর।

'কমিশ্যনর' শব্দে উক্ত সমবায়ের অন্তর্গত কোন ব্যক্তিকে বুঝাইবে।

The word "vessel" shall include any ship, barge, boat, raft, or craft, or any other thing whatever designed or used for the transport upon water of passengers or goods.

"Vessel."

The word "land" shall include the bed of the river below high-water mark.

"Land."

The word "pier" shall include a floating pier.

"Pier."

The word "wharf" shall include any bank of the river which may be improved to facilitate the loading or unloading of goods and any wall adjoining the river.

"Wharf."

The word "goods" shall include wares and merchandize of every description.

"Goods."

The word "port" shall mean the port of Calcutta.

"Port."

II. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal at any time after the commencement of this Act, by order published in the *Calcutta Gazette*, to nominate and appoint nine persons to be commissioners for making improvements in the port of Calcutta, and by the same or any other order published in like manner to nominate one of such persons to be chairman and another of such persons to be vice-chairman.

Power to nominate commissioners.

III. Every person who shall be appointed to be a chairman, vice-chairman or commissioner, shall, subject to the provisions hereinafter contained, continue to hold the office to which he shall be appointed for the term of two years, but may at the expiration of such term be re-appointed.

Term of office under Act.

IV. The Lieutenant-Governor of Bengal, within one month after any person appointed to be a chairman, vice-chairman or commissioner under this Act shall have died or ceased to be such chairman, vice-chairman or commissioner, shall, by an order published in the *Calcutta Gazette*, appoint some other person to be

Appointment of successors.

'জলযান।'

জলপথে চড়নদারদিগকে, কিম্বা মাল লইবার জন্যে জাহাজ, ভড়, নৌকা, ভেলা, ক্ষুদ্র নৌকাপ্রভৃতি যে২ বিষয় নির্ম্মিত কিম্বা ব্যবহৃত হয় 'জলযান' শব্দে তাহাই বুঝাইবে।

'স্থল।'

জোয়ারের জল যে পর্য্যন্ত আক্রমণ করে নদীর সেই গর্ত্তও 'স্থল' শব্দের মধ্যে গণ্য।

'সেতু।'

'সেতু' শব্দের মধ্যে ভাসমান সেতুও গণ্য।

'ওয়ার্ফ।'

অপেক্ষাকৃত অল্প আয়াসে মালতুলিবার ও নামাইবার নিমিত্তে নদীর তীরের যে অংশের সৌষ্ঠব করা যায় 'ওয়ার্ফ' শব্দের মধ্যে সেই তীর ও নদীসন্নিহিত ভিত্তিও গণ্য।

'মাল।'

'মাল শব্দের মধ্যে প্রত্যেক প্রকারের দ্রব্য ও বাণিজ্য দ্রব্যও গণ্য।

'বন্দর'।'

'বন্দর' শব্দে কলিকাতা বন্দর বুঝাইবে।

কমিশ্যনরগণকে মনোনীত করিবার ক্ষমতার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণদ্বারা কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরস্বরূপ নয় জনকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন, এবং সেই অনুজ্ঞাপত্রে কিম্বা তদ্রূপে প্রকাশিত অন্য অনুজ্ঞাপত্রে উক্ত ব্যক্তিদের মধ্যে এক ব্যক্তিকে সভাপতিপদে ও অন্য ব্যক্তিকে প্রতিনিধি সভাপতি পদে মনোনীত করিতে পারিবেন ইতি।

এই আইনমতে পদস্থ থাকিবার কালের কথা।

৩ ধারা। কোন ব্যক্তি সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি কমিশ্যনর পদে নিযুক্ত হইলে, যে পদে নিযুক্ত হন এই আইনের পশ্চাৎ লিখিত বিধান অবলম্বন করিয়া দুই বৎসর সেই পদে থাকিবেন। কিন্তু সেই কাল গত হইলে সেই পদে পুনর্ণিযুক্ত হইতে পারিবেন ইতি।

উত্তরপদধারিদিগকে নিযুক্ত করিরার ক্ষমতার কথা।

৪ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত হওননান্তর মরিলে কিম্বা ঐ সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে না থাকিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এক মাসের মধ্যে কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ঐ মৃত ব্যক্তির কিম্বা সভা-





a chairman, vice-chairman or commissioner, as the case may be, in the place or stead of the person so dying or ceasing to be a chairman, vice-chairman or commissioner.

V. The commissioners for making improvements in the port of Calcutta to be appointed, as hereinbefore provided, and their successors shall be and they are hereby created a corporation under the name and style of "the commissioners for making improvements in the port of Calcutta," and they shall have a common seal.

Commissioners to be a corporation.

VI. All property vested in or acquired by the commissioners under or by virtue of this Act, and all monies raised by or payable to them under or by virtue of this Act, shall be held in trust and be applied, in the first place, for the payment of all sums which from time to time shall be due and payable to the Secretary of State for India in Council under the provisions of Section VII of this Act, or for monies advanced or applied or to be advanced or applied by or on behalf of the said Secretary of State for India in Council for the improvement of the port of Calcutta, or otherwise under the provisions of Act X of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council, or of this Act, and subject thereto upon trust for the purposes of this Act, and not otherwise.

Property of commissioners to be applied for purposes of this Act.

VII. There shall be deemed and taken to be due from the commissioners to the Secretary of State for India in Council, immediately upon the commencement of this Act, the several sums set forth in Schedule (A) to this Act annexed for the lands, works, and matters therein respectively set forth making in the whole the sum of ten lakhs of rupees.

Amount of debt.

VIII. The said amount shall be re-paid by the said commissioners to the said Secretary of State by triennial instalments of such amount and at such times as in Schedule (B) to this Act are appointed for the payment thereof, and every other sum which may become due from the commissioners to the said Secretary of State

Re-payment of principal sums due.

[*Government Gazette*, 14*th June* 1870.]

পতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদত্যাগি ব্যক্তির স্থানে কি পরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে ঐ সভাপতির কিম্বা বিষয়বিশেষে প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত করিবেন ইতি।

কমিশ্যনরগণের সমবায়িত সমাজ হইবার কথা।

৫ ধারা। যে কমিশ্যনরগণ ইহার পূর্ব্ব বিধানমতে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থে নিযুক্ত হইবেন তাঁহারা ও তাঁহাদের উত্তরপদধারিগণ "কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ" এই নাম ও খ্যাতিক্রমে সমবায়িত সমাজ হইবেন, ও এতৎক্রমে তাঁহারদিগকে সমবায়িত সমাজ করা গেল। ও তাঁহারদের সাধারণ মোহর থাকিবে ইতি।

কমিশ্যনরগণের সম্পত্তি এই আইনের উদ্দেশে প্রয়োগ করিবার কথা।

৬ ধারা। এই আইনক্রমে কি তাহার বলে যত সম্পত্তি কমিশ্যনরগণের প্রতি অর্পিত হয় কি তাঁহারদের দ্বারা প্রাপ্ত হওয়া যায়, এবং এই আইনক্রমে কি তাহার বলে যত টাকা তাঁহারদের দ্বারা তোলা যায় কি তাঁহারদিগকে দাতব্য হয়, তাঁহারা তৎসমুদায় ন্যাসস্বরূপ রাখিয়া এইং কর্ম্মে প্রয়োগ করিবেন। কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ১০ আইনের কিম্বা এই আইনের বিধানানুযায়ি অন্য কার্য্যের নিমিত্ত ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কর্ত্তৃক কিম্বা তৎপক্ষে যে টাকা অগ্রিম দেওয়া যায় কি প্রয়োগ হয় কিম্বা দেওয়া যাইবে কি প্রয়োগ হইবে, তদ্ধেতুক ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সময়ে২ যত টাকা প্রাপ্য থাকে কিম্বা এই আইনের ৭ ধারার বিধানমতে তাঁহার প্রতি যত দাতব্য হয়, তাহা প্রথমে ঐ টাকাহইতে পরিশোধ করা যাইবে। পরে ঐ সম্পত্তি ও টাকা ন্যস্ত ধনস্বরূপ কেবল এই আইনমত কার্য্যে প্রয়োগ হইবে, প্রকারান্তরে নয় ইতি।

যত টাকা ঋণ আছে তাহার কথা।

৭ ধারা। এই আইনের A তফসীলে নির্দ্দিষ্ট ভুমির ও কার্য্যের ও বিষয়ের নিমিত্ত ক্রমান্বয়ে যত টাকা নির্ণয় হইয়াছে অর্থাৎ মোটে দশ লক্ষ টাকা এই আইন প্রচলিত হইবামাত্রই কমিশ্যনরগণের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য জ্ঞান হইবে ও প্রাপ্য বলিয়া ধরা যাইবে ইতি।

আসল ঋণ শোধ করিবার কথা।

৮ ধারা। উক্ত কমিশ্যনরেরা তিনং বৎসরের কিস্তি করিয়া উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবকে ঐ টাকা ফিরিয়া দিবেন। প্রত্যেক কিস্তির যত টাকা কোন্ সময়ে দিতে হইবে তাহা এই আইনের B তফসীলে নিরূপণ করা গেল। কমিশ্যনরদের স্থানে উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের অন্য যে টাকা পাওনা হয়, তাহাও তিনং বৎসরের দশ

shall be in like manner by them re-paid to him in ten equal triennial instalments, each of one-tenth of the amount of such sum, the first of such instalments to be paid on the 1st day of April which shall be next after the completion of twenty-four calendar months from the day on which such sum shall become due, and the other instalments to be paid respectively on the 1st day of April in every third year, computing from the day fixed from the payment of the first of such instalments.

IX. Interest at the rate of 4½ per cent. per annum shall be paid by the commissioners to the said Secretary of State upon all sums which for the time being may be due to him from them upon the 31st day of March and the 30th day of September in each year, the first of such payments of interest upon the said sum of ten lakhs to be calculated from the 1st day of August 1870 and to be made on the 31st day of March in the year 1871, and the first of such payments of interest in respect of any other sum which may become due or payable from the said commissioners to the said Secretary of State to be calculated from the day on which such sum shall become due and to be made on the 31st day of March or the 30th day of September whichever may first happen next after such sum shall have become due.

Payment of interest.

X. Notwithstanding the provisions of Section VIII, it shall be lawful for the commissioners, if they think fit, out of any monies which may come to their hands under the provisions of this Act, to repay to the said Secretary of State in Council any sum which for the time being may remain due to him under the provisions of this Act for principal, although the time fixed by the said Schedule (B) for the re-payment of the same shall not have arrived. Provided always that no such re-payment shall be made of any sum less than ten thousand rupees, nor of any sum not being a multiple of ten thousand rupees, and from and after any such re-payment no further sum as interest shall be payable to the said Secretary of State in Council in respect of the sum which shall have been so re-paid.

Power to re-pay before due date.

XI. The administration of the powers and trusts created and declared by this Act shall, subject to the powers and authorities hereinafter conferred on the Lieutenant-Governor of Bengal, be vested in the commissioners.

The duties of the commissioners.

কিস্তি করিয়া তাঁহাকে দেওয়া যাইবে। প্রত্যেক কিস্তিতে ঐ ঋণের দশমাংশ শোধ হইবে। ঐ ঋণ যে দিনে প্রাপ্য হয় সেই দিন অবধি ইঙ্গলণ্ডীয় চব্বিশ মাস গত হইলে পর আপ্রিল মাসের প্রথম দিনে প্রথম কিস্তির টাকা দেওয়া যাইবে। ঐ প্রথম কিস্তির টাকা দিবার নিরূপিত দিন অবধি হিসাব করিয়া অন্য সকল কিস্তি তৃতীয়২ বৎসরের আপ্রিল মাসের ১ তারিখে দিতে হইবে ইতি।

৯ ধারা। কমিশ্যনরদের স্থানে ষ্টেট সেক্রটারী সাহেবের যৎকালে যে ঋণ পাওনা থাকে, তাহার উপর তাঁহারা প্রতি বৎসর মার্চ মাসের ৩১ তারিখে ও সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে শতকরা ৪।।০ টাকার হিসাবে সুদ দিবেন। ঐ দশ লক্ষ টাকার উপর ১৮৭০ সালের আগষ্ট মাসের ১ দিবসঅবধি সুদ ধরিয়া ১৮৭১ সালের মার্চ মাসের ৩১ তারিখে প্রথম কিস্তি দিতে হইবে। কমিশ্যনরদের স্থানে ঐ ষ্টেট সেক্রেটারী সাহেবের অন্য যে টাকা পাওনা কি প্রাপ্য হয়, তাহা পাওনা হইবার দিন অবধি ঐ সুদের হিসাব করিয়া তাহার পশ্চাৎ মার্চ কিম্বা সেপ্টেম্বর অর্থাৎ সুদ দেনা হইবার পর যে মাস প্রথম হয়, মার্চ হইলে ৩১ তারিখে কিম্বা সেপ্টম্বর হইলে ৩০ তারিখে ঐ সুদের প্রথম কিস্তি দিতে হইবে ইতি।

সুদ দিবার কথা।

১০ ধারা। ৮ ধারার বিধান প্রবল থাকিতেও এই আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যৎকালে যে মূল টাকা পওনা থাকে উক্ত B তফসীলমতে সেই টাকা দিবার সময় উপস্থিত না হইলেও এই আইনের বিধানমতে যে টাকা কমিশ্যনরদের হস্তগত হয় তাঁহারা বিহিত বোধ করিলে তাহাহইতে ঐ টাকা দিতে পারিবেন। কিন্তু উক্ত প্রকারে একিকালে দশ সহস্রের ন্যূন টাকা কিম্বা দশ সহস্রের গুণিতক ভিন্ন দেওয়া যাইবে না ও তদ্রূপে টাকা দেওয়া গেলে পর উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে সেই টাকার সুদ আর দিতে হইবে না ইতি।

দেনার তারিখের পূর্ব্বে টাকা দিবার কথা।

১১ ধারা। ইহার পশ্চাৎ নানা ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদধীনে এই আইনমতে স্বষ্ট ও নির্দ্দিষ্ট ক্ষমতা ও ন্যাসসংক্রান্ত কার্য্য নিরূপণের অধিকার কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ইতি।

কমিশ্যনরগণের ইতিকর্ত্তব্যতার কথা।





XII. No act or proceeding of the commissioners shall be invalidated or illegal in consequence only of there being a vacancy in the number of the commissioners at the time of doing or executing such act or proceeding. And all proceedings of the commissioners, or of any person acting as a commissioner in the *bonâ fide* belief that he was duly appointed, shall, notwithstanding it be afterwards discovered that there was some defect in the appointment of the commissioner or person acting as aforesaid, be as valid as if every such person had been duly appointed to be a commissioner.

Proceedings not to be invalidated by a vacancy or informality of appointment.

XIII. Every person who, at any time after his appointment as a commissioner, shall be absent from six consecutive meetings without having the permission in that behalf of the commissioners, or who having such permission shall be absent from the meetings for a period exceeding a year, and every person who at any time after his appointment as a commissioner shall accept or agree to accept any office or place of profit under this Act, except the office of chairman or vice-chairman of the commissioners, or who shall, save with the sanction in writing of the Lieutenant-Governor, participate or agree to participate in the profits of any work done by order of the commissioners, or be concerned or participate in the profits of any contract entered into with the commissioners, shall thenceforth cease to be a commissioner, and his office shall thereupon become vacant; provided always that no commissioner shall vacate his office by reason only of his being a shareholder in any company registered under the provisions of any Act for the registration of joint-stock companies, passed by any Indian legislature or by the Parliament of the United Kingdom, or incorporated by Act of Parliament, Royal Charter, or otherwise, with which the commissioners may enter into any contract, or by reason of his being interested in any loan of money to the commissioners.

Disqualification of commissioners.

XIV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order under his hand to direct that any chairman or vice-chairman or commissioner named in such order shall cease to be chairman or vice-chairman or commissioner, and thereupon the person so named shall cease to be chairman, vice-chair-

Power to remove chairman, vice-chairman or commissioner.

১২ ধারা। কোন কার্য্য কি ব্যাপার করণ কি সম্পাদন সময়ে কমিশ্যনরদের মধ্যে কোন ব্যক্তির পদ শূন্য ছিল ইহা বলিয়া কমিশনরদের সেই কার্য্য কি ব্যাপার অসিদ্ধ কি অব্যবস্থ হইবে না। এবং কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের মধ্যে কমিশ্যনরস্বরূপ কর্ম্মকারি কোন ব্যক্তি উপযুক্তমতে নিযুক্ত হইয়াছেন ইহা প্রকৃত প্রস্তাবে বিশ্বাস করিয়া যে সকল কার্য্য করেন, ঐ কমিশ্যনরদের কিম্বা কমিশ্যনরস্বরূপ কর্ম্মকারি পূর্ব্বোক্ত ব্যক্তির নিয়োগ কার্য্যে পশ্চাৎ কোন দোষ প্রকাশ হইলেও উক্ত প্রত্যেক ব্যক্তির উপযুক্তমতে কমিশ্যনরী পদে নিযুক্ত হওয়ার ন্যায় সেই কার্য্য সিদ্ধ হইবে ইতি।

পদশূন্যতা কিম্বা নিয়োগ কার্য্যের বৈষম্যহেতুক কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

১৩ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরস্বরূপ নিযুক্ত হইলে পর কোন সময়ে কমিশ্যনরদের স্থানে অনুপস্থিতর অনুমতি না পাইয়া ক্রমশঃ সভার ছয় অধিবেশনে উপস্থিত না হইলে, কিম্বা অনুমতি পাইয়াও এক বৎসরের অধিককাল উপস্থিত না হইলে, ও কোন ব্যক্তি কমিশ্যনরস্বরূপ নিযুক্ত হইবার পর কোন সময়ে, কমিশ্যনরদের সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতিপদভিন্ন এই আইনঅনুযারি কোন পদ কিম্বা লভ্যজনক কর্ম্ম গ্রহণ করিলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন কমিশ্যনরদের আজ্ঞাপিত কোন কর্ম্ম জন্য লাভের অংশী হইলে কি অংশী হইতে সম্মত হইলে, কিম্বা কমিশ্যনরদের গৃহীত কোন চুক্তিজন্য লাভের সম্পর্ক প্রাপ্ত কি অংশী হইলে, তৎকালাবধি তাঁহার কমিশ্যনর হওয়া রহিত হইবে ও তৎপ্রযুক্ত তাঁহার পদ শূন্য হইবে। কিন্তু জাইন্টষ্টাক কোম্পানির রেজিষ্টরী করণার্থ যে আইন ভারতবর্ষীয় ব্যবস্থাপক মহোদয়গণের কিম্বা ব্রিটনীয় পারলিমেন্টের দ্বারা প্রণীত হয় কমিশ্যনরেরা সেই আইন মতে রেজিষ্টরী করা কোম্পানির, কিম্বা পারলিমেন্টের আইন কি রাজকীয় চার্টরদ্বারা কি প্রকারান্তরে সমবায়িত কোম্পানির চুক্তি গ্রহণ করিলে সেই কোম্পানির অংশীমাত্র হওয়া প্রযুক্ত কিম্বা কমিশ্যনরদের প্রতি দত্ত কোন ঋণে সম্পর্ক থাকাপ্রযুক্ত কোন কমিশ্যনরের পদশূন্য হইবে না ইতি।

কমিশ্যনরেরা যাহাতে অযোগ্য হন তাহার কথা।

১৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্বীয় স্বাক্ষরিত কোন আদেশপত্রক্রমে, ঐ পত্রলিখিত কোন সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি কমিশ্যনর সেই পদে আর থাকিতে না পান এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে ঐ পত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তিনি সেই আজ্ঞানুসারে

সভাপতিকে কিম্বা কমিশ্যনরকে অবসর করিবার ক্ষমতার কথা।

man or commissioner as in such order may be directed.

XV. When any commissioner shall depart from Calcutta with an intention of being absent for a longer period than three months, or where any such member shall have been so absent for a period exceeding three months, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint some other person to act in the place and room of such absent commissioner until he shall return to Calcutta, or until he shall cease to be a member.

Acting commissioner may be appointed during absence of commissioner.

XVI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by order in writing from time to time, to determine whether any and what salary and allowances shall be paid to the chairman or vice-chairman of the commissioners, and whether any and what fees shall be paid to the chairman or vice-chairman and commissioners for attendance at meetings for transaction of the business of the Trust: and in the order directing the salaries and fees to be paid as aforesaid, the Lieutenant-Governor of Bengal may declare any conditions and restrictions upon and under which such salary, allowances and fees shall be payable.

Salaries and fees of chairman, vice-chairman, and commissioners.

XVII. The commissioners may from time to time, by resolution passed at a meeting, appoint committees of their number for carrying into effect any part of the provisions of this Act, with such powers and under such instructions, directions or limitations as by such resolution shall be defined, and on any such committee three members shall be a quorum, and the commissioners shall have power to alter or discontinue any such committee.

Commissioners may appoint committees.

XVIII. The commissioners shall from time to time prepare and submit to the Lieutenant-Governor a schedule setting forth the number of officers and servants necessary and proper for carrying out the purposes of this Act, and of the salaries, fees and allowances which it is proposed to assign to such officers and servants, and the Lieutenant-Governor may sanction such schedule, or modify and sanc-

Establishment of commissioners to be sanctioned by the Lieutenant-Governor.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৪ জুন।]

সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে আর থাকিবেন না ইতি।

১৫ ধারা। কোন কমিশ্যনর তিন মাসের অধিক কাল অন্যত্র থাকিবার মানসে কলিকাতাহইতে গমন করিলে, কিম্বা তিন মাসের অধিককাল অনুপস্থিত থাকিলে, তিনি যত কাল কলিকাতায় ফিরিয়া না আইসেন, কিম্বা তাঁহার সেই কমিশ্যনরী কর্ম্ম যত কাল রহিত না হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তত কাল তাঁহার স্থানে ও পরিবর্ত্তে কর্ম্ম করিবার জন্যে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরের অনুপস্থানে একটিং কমিশ্যনর নিযুক্ত হইবার কথা।

১৬ ধারা। কমিশ্যনরদের সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি বেতন ও বৃত্তি পাইবেন কি না ও কত পাইবেন, এবং ন্যস্ত ধনসংক্রান্ত কার্য্য সম্পাদনের সভায় উপস্থিত হইবার জন্যে সভাপতি ও প্রতিনিধি সভাপতি ও কমিশ্যনরেরা ফী পাইবেন কি না ও কত করিয়া পাইবেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ অনুজ্ঞাপত্র লিখিয়া ইহা নিরূপণ করিবেন। এবং পূর্ব্বোক্ত ফী পাইবার আজ্ঞা করিলে সেই বেতন ও বৃত্তি ও ফী যে নিয়মানুসারে ও যে নিষেধ মানিয়া দেওয়া যাইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই অনুজ্ঞাপত্রে ইহাও নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

সভাপতির ও প্রতিনিধি সভাপতির ও কমিশ্যনরদের বেতনের ও ফীর কথা।

১৭ ধারা। কমিশ্যনরেরা অধিবেশন করিয়া নির্দ্ধারণক্রমে আপনারদের মধ্যে কোন ব্যক্তিদিগকে সময়েং এই আইনের বিধানের কোন অংশ সফল করিবার জন্যে কমিটীস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। ও সেই নির্দ্ধারণে যেং ক্ষমতা নিরূপণ ও যেং উপদেশ ও বিধি ও সীমা নির্দ্দিষ্ট থাকে ঐ কমিটী সেইং ক্ষমতা পাইবেন ও সেইং উপদেশানুসারে কার্য্য করিবেন। তদ্রূপ কমিটীর অধিবেশনকালে তিন জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারিবে। এবং কমিশ্যনরেরা তদ্রূপ কোন কমিটী পরিবর্ত্তন কি রহিত করিতে সক্ষম হইবেন ইতি।

কমিশ্যনরদের কমিটী নিযুক্ত করিবার কথা।

১৮ ধারা। এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে কত জন কার্য্যকারক ও চাকরের আবশ্যক ও কত জনকে নিযুক্ত করা উচিত ও সেই কর্ম্মকারকদের ও চাকরদের কত টাকা বেতন ও ফী ও উপরি টাকা নিরূপণ করিবার প্রস্তাব হয় কমিশ্যনরেরা সময়েং ইহার তফসীল প্রস্তুত করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পণ করিবেন। এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব

কমিশ্যনরদের সিরিশতা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইবার কথা।



tion the same; and every such schedule so sanctioned shall remain in force until some other such schedule shall have been so prepared and sanctioned, and it shall not be lawful for the commissioners to employ any officer or servant for any office or employment not sanctioned in and by the schedule for the time being in force, nor to pay or allow to any officers or servants any salaries, allowances or fees greater than, or beyond those sanctioned in such schedule. Provided always that artisans, porters and laborers, and the sirdars of porters and laborers shall not be deemed to be officers or servants within the meaning of this section.

XIX. It shall be lawful for the commissioners at a meeting from time to time to make rules for appointing the officers and servants to fill the offices and posts mentioned in the schedule for the time being in force under the provisions of the next preceding section, and subject to the provisions of such schedule for their necessary remuneration and for the suspension or removal of any of such persons and the appointment of others in their place, and for the payment of such allowances to the said persons respectively, or in case of absence on leave such portion of their salaries or allowances as to them shall seem fit, and from time to time in like manner to alter, vary or revoke any such rules, and to substitute others in the place or stead thereof.

Commissioners to make rules for appointment of establishment.

XX. No officer or servant of the commissioners shall be in any wise concerned or interested in any contract or work made with, or executed for the commissioners, and if any such officer or servant be so concerned or interested, he shall be incapable of afterwards holding or continuing in any office or employment under the commissioners, and shall forfeit and pay the sum of five hundred rupees, which may be recovered by suit by any person with full costs of suit. Provided that nothing in this section shall apply to any person by reason only of his being a shareholder in any company incorporated by Act of Parliament or by Royal Charter or otherwise, or registered under any Act for the registration of joint-stock companies, passed by the Parliament of the United Kingdom or by any Indian legislature which may enter into any contract with the commissioners or execute any work for the commissioners.

Penalty on officers being interested in contracts.

[*Government Gazette, 14th June* 1870.]

সেই তফসীল অনুমোদন করিতে কিম্বা মতান্তর করিয়া অনুমোদন করিতে পারিবেন। তদ্রূপ অন্য তফসীল যত কাল উক্ত প্রকারে প্রস্তুত ও অনুমোদিত না হয়, ততকাল পূর্ব্বোক্তমতে অনুমোদিত পূর্ব্বোক্ত তফসীল প্রবল থাকিবে। এবং যৎকালে যে তফসীল প্রবল থাকে তন্মধ্যে ও তদ্দ্বারা যে পদের কি কর্ম্মের অনুমোদন না হয়, কমিশ্যনরেরা এমত পদে কি কর্ম্মে কোন কর্ম্মকারককে কি চাকরকে নিযুক্ত করিতে পারিবেন না। এবং ঐ তফসীলে যে বেতন কি উপরি টাকা কি ফী লেখা যায় কোন কর্ম্মকারকদিগকে কি চাকরকে তদধিক কি তদ্ভিন্ন বেতনাদি দিতে পারিবেন না। কিন্তু শিল্পি ও বাহক ও মজুরগণ এবং বাহকদের ও মজুরদের সরদারেরা এই ধারার অর্থগত কর্ম্মকারক কি চাকর বলিয়া জ্ঞান হইবে না ইতি।

১৯ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যে তফসীল যতকাল প্রবল থাকে, কমিশ্যনরেরা সময়েং সভাগত হইয়া সেই তফসীলের লিখিত পদে ও কর্ম্মে কর্ম্মকারকদিগকে ও চাকরদিগকে নিযুক্ত করিবার বিধি করিতে এবং ঐ তফসীলের বিধানের বশে উক্ত অন্যতর ব্যক্তিদের আবশ্যকমত পারিশ্রমিক দেওনের ও তাহারদের কর্ম্মহইতে স্থগিত ও অবসর করণের ও তাহারদের স্থলে অন্যদিগকে নিযুক্ত করণের এবং উক্ত ব্যক্তিদিগকে যত করিয়া দিতে হইবে তাহার কিম্বা কেহ ছুটী লইলে তাঁহারদের বিবেচনায় তাহার বেতনের কি টাকার যে অংশ পাইতে হইবে ইহার বিধি করিতে পারিবেন। ও তদ্রূপে সময়েং উক্ত অন্যতর বিধি পরিবর্ত্তন কি মতান্তর কিম্বা ব্যর্থ করিয়া তৎস্থানে কি তৎপরিবর্ত্তে অন্য বিধি করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের কর্ম্মকারকপ্রভৃতি নিযুক্ত করিবার বিধি করণের কথা।

২০ ধারা। কমিশ্যনরদের সঙ্গে কর্ম্ম করিবার যে চুক্তি করা যায় কিম্বা তাঁহারদের নিমিত্ত যে কর্ম্ম নির্ব্বাহ হয় সেই চুক্তিতে কি কার্য্যে কোন প্রকারেই কমিশ্যনরদের কর্ম্মকারকের কি চাকরের সম্পর্ক কি স্বার্থ থাকিবে না। উক্ত কর্ম্মকারকের কি চাকরের তদ্রূপ সম্পর্ক কি স্বার্থ থাকিলে তিনি তৎপরে কমিশ্যনরদের অধীন কোন পদ কি কর্ম্ম করিতে ও কোন পদে কি কর্ম্মে থাকিতে পারিবেন না ও তাঁহার পাঁচ শত টাকা দণ্ড দিতে হইবে। যে কোন ব্যক্তি মোকদ্দমা করিয়া সম্পূর্ণ খরচা সমেত ঐ টাকা আদায় করিতে পারিবে। কিন্তু যে কোম্পানি পারলিমেন্টের আইন দ্বারা কি রাজকীয় চার্টর দ্বারা কি প্রকারান্তরে সমবায়িত হয় কিম্বা জাইন্টষ্টাক কোম্পানির রেজিষ্টরী করণ বিষয়ক পারলিমেন্টের আইন কিম্বা ভারতবর্ষীয় ব্যবস্থাপকগণের আইনক্রমে যে কোম্পানি রেজিষ্টরী হয় সেই কোম্পানি কমিশ্যনরদের সঙ্গে কোন চুক্তি করিলে কিম্বা কমিশ্যনরদের নিমিত্তে কোন কার্য্য সম্পাদন করিলে, উক্ত কোন ব্যক্তি সেই কোম্পানির অংশী আছেন এইমাত্র কারণে এই ধারার কোন কথা তাঁহার প্রতি বর্ত্তিবে ইতি।

চুক্তিতে কর্ম্মকারকের সম্পর্ক থাকিলে দণ্ডের কথা।

**XXI.** If any person employed under this Act, not being a public servant within the meaning of Section XXI of the Indian Penal Code, shall accept or obtain, or agree to accept or attempt to obtain from any person, for himself or for any other person, any gratification whatever other than legal remuneration as a reward for doing or forbearing to do any official act, or for showing or forbearing to show in the exercise of his official functions, favor or disfavor to any person, or for rendering or attempting to render any service or disservice to any person with the commissioners, or with any public servant or with the Government as such, he shall be liable to the same punishment as is in that behalf provided for by the Indian Penal Code in the case of public servants.

*Penalty for accepting illegal gratification.*

**XXII.** It shall be lawful for the commissioners at a meeting to grant, with the sanction of the Lieutenant-Governor of Bengal, such leave of absence to any salaried chairman or salaried vice-chairman of the commissioners, and to make such arrangements for carrying on the duties of his office during his absence on leave, as shall to them seem proper. Any person appointed under this section to act for any such chairman or vice-chairman shall, while so acting, have all the powers and be liable to all the restrictions and limitations which the chairman or vice-chairman would under this Act have and be liable to. In any case in which leave of absence to any chairman or vice-chairman shall be granted as aforesaid, the commissioners, at a meeting, may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, order to be allowed to such chairman or vice-chairman such portion of his salary during absence on leave as shall to them seem proper, and such allowance shall be paid accordingly unless and until the commissioners at a meeting shall otherwise direct.

*Leave of absence may be granted to chairman or vice-chairman.*

**XXIII.** Save with the sanction in writing of the Lieutenant-Governor no greater expenditure shall be in any case incurred in the whole by reason of any allowance paid upon the absence on leave of the chairman, vice-chairman or any other officer or servant of the commissioners, than would have been incurred had no leave been granted.

*Expenditure not to be increased by leave allowances.*

২১ ধারা। এই আইনমতে-কর্ম্মপ্রাপ্ত কোন ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার অর্থমতে রাজকীয় কার্য্যকারক না হইয়া, আপন পদসংক্রান্ত কোন কর্ম্ম করিবার কিম্বা করিতে ত্রুটি করিবার অথবা আপন পদসংক্রান্ত কার্য্য সম্পাদনক্রমে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ করিবার কিম্বা করিতে ত্রুটি করিবার অথবা কমিশ্যনরদের নিকটে কিম্বা রাজকীয় কোন কার্য্যকারকের কিম্বা গবর্ণমেন্টের পদ সম্পর্কে ঐ কার্য্যকারকের কি গবর্ণমেন্টের নিকটে কোন ব্যক্তির সপক্ষে কিম্বা বিপক্ষে কোন কর্ম্ম করিবার কি করিতে উদ্যোগ করিবার নিমিত্তে কোন কাহার স্থানে বৈধ পরিশ্রমিকভিন্ন আপনার অন্য কাহার জন্যে কোন পারিতোষিক গ্রহণ করিলে কি পাইলে, কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কি পাইবার উদ্যোগ করিলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে রাজকীয় কার্য্যকারকদের তদ্রূপ কর্ম্মের যে দণ্ড অবধারিত হয়, তাহারও সেই দণ্ড হইতে পারিবে ইতি।

*অবৈধ পারিতোষিক গ্রহণের দণ্ডের কথা।*

২২ ধারা। কমিশ্যনরেরা অধিবেশন করিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরদের বেতন ভোগি কোন সভাপতিকে কি প্রতিনিধি সভাপতিকে যত কালের ছুটী দেওয়া বিহিত বোধ করেন দিতে পারেন, ও ছুটীপ্রযুক্ত তাঁহার অনুপস্থানকালে তাঁহার পদের কর্ম্ম চালাইবার যে নিয়ম বিহিত বোধ করেন করিতে পারিবেন। এই ধারামতে কোন ব্যক্তি সভাপতির কি প্রতিনিধি সভাপতির স্থলে কর্ম্ম করিতে নিযুক্ত হইলে, এই আইনমতে ঐ সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির যে সকল ক্ষমতা থাকে ও তাহার প্রতি যে সকল নিষেধ ও সীমা বর্ত্তে, তাহার স্থলে কর্ম্ম করণ কালে তাঁহারও প্রতি বর্ত্তিবে। পূর্ব্বোক্তমতে সভাপতিকে কিম্বা প্রতিনিধি সভাপতিকে ছুটী দেওয়া গেলে, কমিশ্যনরেরা অধিবেশন কালে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে সেই সভাপতির কি প্রতিনিধি সভাপতির অনুপস্থানকালে যে বৃত্তি পাওয়া বিহিত বোধ করেন তাহার আজ্ঞা দিতে পারিবেন। ও কমিশ্যনরেরা অধিবেশন কালে প্রকারান্তরের আজ্ঞা না করিলে তদনুসারে বৃত্তি দেওয়া যাইবে ইতি।

*সভাপতির কি প্রতিনিধি সভাপতির ছুটীর কথা।*

২৩ ধারা। কিন্তু ছুটী না দেওয়া গেলে মোটে যত খরচ হইয়া থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি না হইলে কমিশ্যনরদের সভাপতির কি প্রতিনিধি সভাপতির কিম্বা কোন কর্ম্মকারকের কি চাকরে ছুটীর কালে তাঁহার বৃত্তিদানদ্বারা তদধিক খরচ না হয় ইতি।

*ছুটীকালীন বৃত্তি দ্বারা খরচ বৃদ্ধি না হইবার কথা।*





**XXIV.** The commissioners shall meet for the transaction of business once at least in every fortnight. Such meeting shall be held upon such day and at such hour as the commissioners shall from time to time determine. At every meeting of the commissioners five members shall constitute a quorum.

*Meetings of commissioners.*

**XXV.** The chairman or, in his absence, the vice-chairman of the commissioners, may, whenever he thinks fit, and shall, upon request made in writing by three members of the commissioners or two members of any committee, call an emergent meeting of the said commissioners or committee as the case may be.

*Emergent meetings may be called.*

**XXVI.** The salaried chairman or salaried vice-chairman, as the case may be, of the commissioners shall attend all meetings of the commissioners held under this Act, unless prevented by sickness or other reasonable cause, and the chairman or, in his absence, the vice-chairman, shall preside at every such meeting. In the absence of both the chairman and the vice-chairman, the commissioners present at any meeting may choose one of their number to preside. The president of any meeting at which a quorum of the commissioners shall be present, may, with the consent of the meeting, adjourn the meeting from time to time and from place to place.

*Who shall preside at meetings.*

**XXVII.** Minutes of the proceedings of all meetings of the commissioners under this Act shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose, and shall be signed by the president after each meeting; and the said minutes shall at all reasonable times be open at the office of the commissioners to the inspection of any commissioner without charge.

*Minutes of proceedings of commissioners to be kept and to be open for inspection.*

**XXVIII.** If a poll be taken at any meeting of the commissioners, the votes of the commissioners present shall be taken by the president, and the resolution supported by the greater number of votes given at such poll shall be deemed to be the resolution of the commissioners at such meeting.

*Poll how to be taken.*

২৪ ধারা। কমিশ্যনরেরা কার্য্যনির্ব্বাহ করিবার জন্যে দুই সপ্তাহান্তর ন্যূনকল্পে একবার অধিবেশন করিবেন। কমিশ্যনরেরা যে দিন ও যে ঘণ্টা নিরূপণ করেন সেই দিনে সেই ঘণ্টায় অধিবেশন হইবে। অধিবেশন কালে পাঁচ জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে ইতি।

*কমিশ্যনরদের সভার কথা।*

২৫ ধারা। কমিশ্যনরদের সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যখন বিহিত বোধ করেন তখন, এবং কমিশ্যনরদের মধ্যে তিন জনের ও কোন কমিটীর দুই জনের আদেশ পাইলেই তিনি উক্ত কমিশ্যনরদের কিম্বা বিষয়বিশেষে ঐ কমিটীর অত্যন্ত প্রয়োজনীয় অধিবেশনে তাঁহারদিগকে আহ্বান করিবেন ইতি।

*অত্যাবশ্যক স্থলে সভা হইবার কথা।*

২৬ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের যে সকল অধিবেশন হয়, কমিশ্যনরদের বেতনভোগি সভাপতি কিম্বা বিষয়বিশেষে বেতন ভোগি প্রতিনিধি সভাপতি পীড়াপ্রযুক্ত কি উপযুক্ত অন্য কারণে অসমর্থ না হইলে উপস্থিত হইবেন। তদ্রূপ প্রত্যেক অধিবেশনকালে সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন। সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ে না থাকিলে যে কমিশ্যনরেরা অধিবেশনে উপস্থিত হন তাঁহারা আধিপত্য করিবার জন্যে আপনারদের মধ্যহইতে এক ব্যক্তিকে মনোনীত করিতে পারিবন। যত জন কমিশ্যনরের উপস্থানে সভার কার্য্য চলিতে পারিবে তাঁহারদের অধিবেশন কালে যিনি সভাপতি হন, তিনি সেই সময়ে সেই স্থানে কার্য্য স্থগিত করিয়া অন্য স্থান ও সময় নিরূপণ করিতে পারিবেন ইতি।

*সভায় কে আধিপত্য করিবেন তাহার কথা।*

২৭ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের সভার সকল অধিবেশন কালে যে কার্য্য করা যায় তাহার মিনিট অর্থাৎ বিবরণের সার লিখিয়া রাখিতে হইবে। তাহা লিখিবার বহী থাকিবে, তন্মধ্যে পরিষ্কাররূপে লেখা যাইবে ও অধিবেশনের পরে সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। এবং কোন কমিশ্যনর বিনাব্যয়ে উপযুক্ত সকল সময়ে কমিশ্যনরদের কার্য্যালয়ে সেই বহীর লিখিত বিবরণ দৃষ্টি করিতে পারিবেন ইতি।

*কমিশ্যনরদের কার্য্যবিবরণ পুস্তক রাখিবার ও সকলের তাহা দেখিতে পারিবার কথা।*

২৮ ধারা। কমিশ্যনরদের সভার অধিবেশন কালে বিশেষমত বাদী লোকেদের পরিসংখ্যা গ্রহণ করিতে হইলে, সভাপতি উপস্থিত প্রত্যেক কমিশ্যনরের মত গ্রহণ করিবেন। এবং উক্ত পরিসংখ্যা গ্রহণ কালে অধিকাংশ ব্যক্তির মতদ্বারা যে নির্দ্ধারণ প্রতিপোষিত হয়, তাহা সেই অধিবেশনাগত কমিশ্যনরদের নির্দ্ধারণ

*পরিসংখ্যা গ্রহণের কথা।*

The president shall have a second or casting vote in all cases of equality of votes.

বলিয়া জ্ঞান হইবে। তুল্যসংখ্যক ব্যক্তিদের পরস্পর বিপক্ষমত হইলে সভাপতি দ্বিতীয়বার স্বমত জ্ঞাপন করিতে পারিবেন অর্থাৎ তাঁহার স্বপক্ষমত প্রবল হইবে ইতি।

*Copy of minutes to be preserved in Bengal office.*

XXIX. A copy of the minutes of every meeting of the commissioners shall, as soon as conveniently may be, be transmitted to such Secretary of the Lieutenant-Governor of Bengal as he shall from time to time appoint for that purpose, and shall be preserved in the records of the office of such secretary.

*সারকথার প্রতিলিপি বাঙ্গাল আফিসে রাখিবার কথা।*

২9 ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং কমিশ্যনরদের প্রত্যেক অধিবেশনকালীন কার্য্যের সার বিবরণের প্রতিলিপি গ্রহণ করণার্থে যে সেক্রেটারী সাহেবকে নিযুক্ত করেন, তাহা সুবিধামতে ত্বরায় তাঁহার নিকট প্রেরণ করা যাইবে ও তাহা ঐ সেক্রেটারী সাহেবের কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে রাখা যাইবে ইতি।

*Chairman may exercise certain powers of commissioners.*

XXX. All the powers, authorities and duties in and by this Act conferred or imposed upon the commissioners may be exercised and performed by the salaried chairman or salaried vice-chairman, save the powers, authorities and duties by this Act or by any rule, bye-law or order made under the provisions of this Act conferred or imposed on or restricted to the commissioners at a meeting.

*কমিশ্যনরদের কোনং ক্ষমতামতে সভাপতির কার্য্য করিবার কথা।*

৩০ ধারা। এই আইনের মধ্যে ও এই আইনদ্বারা কমিশ্যনরদের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা ও যেং কর্ম্ম অর্পিত হইয়াছে, বেতনভোগি সভাপতি কিম্বা বিষয় বিশেষে বেতনভোগি প্রতিনিধি সভাপতি সেই সকল শক্তি ও ক্ষমতাক্রমে সেইং কর্ম্ম করিতে পারিবেন। কিন্তু এই আইনক্রমে কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধি কি উপবিধি কি আজ্ঞাক্রমে কেবল অধিবিষ্ট কমিশ্যনরদের প্রতি যে শক্তি ও ক্ষমতা ও যেং কর্ম্ম অর্পিত হয় সভাপতি কি প্রতিনিধি সভাপতি সেইং ক্ষমতামতে কর্ম্ম করিবেন না ইতি।

*Powers of the commissioners as to property.*

XXXI. The commissioners shall, for the purposes of this Act, have power to acquire and hold immoveable or moveable property, whether within or without the limits of the port, by conveyance, gift, lease, assignment or sale from the Governor General in Council, or the Lieutenant-Governor of Bengal, on behalf of the Secretary of State for India in Council, or any corporate body, or any registered joint-stock company or private person, and they shall also have power at a meeting by lease or sell any moveable or immoveable property which may have become vested in or been acquired to them, but which is no longer required for the purposes of this Act. Provided always that no such sale or other alienation or lease of any immoveable property for any estate or interest exceeding the term of ten years shall be valid unless the sanction of the Lieutenant-Governor of Bengal to such sale, alienation or lease shall be first had.

*সম্পত্তিবিষয়ে কমিশ্যনরদের ক্ষমতার কথা।*

৩১ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে কমিশ্যনরেরা ভারতবর্ষের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পক্ষে কিম্বা কোন সমবায়িত সমাজের, কি রেজিষ্টরী করা কোন জাইন্ট ষ্টাক কোম্পানির কি সাধারণ ব্যক্তির পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্থানে হস্তান্তরকরণপত্র কি দানপত্র কি পাট্টা কি অর্পণপত্র কি বিক্রয়পত্রদ্বারা বন্দরের সীমার অন্তর্গত কি বহির্ভূত স্থাবর কি অস্থাবর সম্পত্তি প্রাপ্ত হইতে ও রাখিতে পারিবেন, এবং তাঁহারদের প্রতি অর্পিত কি তাঁহারদের প্রাপ্ত যে স্থাবর সম্পত্তিতে এই আইনের কার্য্যের নিমিত্তে আর প্রয়োজন না থাকে তাঁহারা অধিবেশন কালে তাহারও পাট্টা দিতে কি বিক্রয় করিতে পারিবেন। কিন্তু দশ বৎসরের অধিক কালের নিমিত্ত স্থাবর সম্পত্তির যে বিক্রয় কি অন্য হস্তান্তরকরণ কার্য্য করা যায় কি যে পাট্টা দেওয়া যায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি ভিন্ন তাহা সিদ্ধ হইবে না ইতি।

*Property vested by Act IV of 1869 in Secretary of State to vest in commissioners.*

XXXII. All property which under and by virtue of Act IV of 1869 passed by the Lieutenant-Governor of Bengal in Council became vested in the Secretary of State for India in Council shall, from and after the time when this Act shall come into operation, be, and the same is hereby vested

*১৮৬৯ সালের ৪ আইন দ্বারা যে সম্পত্তি ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তে তাহাই কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।*

৩২ ধারা। বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৯ সালের ৪ আইনদ্বারা যে সকল সম্পত্তি ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি অর্পণ করা যায়, এই আইন প্রচলিত হইবার সময়াবধি





in the commissioners subject as in the said Act IV of 1869 is mentioned.

১৮৬৯ সালের উক্ত ৪ আইনের বিধান বলবৎ মানিয়া সেই সম্পত্তি কমিশ্যনরদের প্রতি অর্পিত হইবে ও এতৎক্রমে অর্পণ করা গেল ইতি।

*Commissioners not authorized to demise, &c., tolls and rates without sanction of Lieutenant-Governor.*

XXXIII. It shall not be lawful for the commissioners to demise, farm, sell or alienate any power which by or under this Act may become vested in them of levying tolls, fees, wharfage or rent, rates or charges unless the assent in writing of the said Lieutenant-Governor of Bengal to such demise, farm, sale or alienation shall have been first had and obtained.

*লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন কমিশ্যনরদের মাসুল কি রেট ইজারা প্রভৃতি দিবার ক্ষমতা না থাকার কথা।*

৩৩ ধারা। এই আইনদ্বারা কি তৎক্রমে কমিশ্যনরদের প্রতি শুল্ক ও ফী ও ঘাট মাসুল ও খাজানা ও রেট ও দাবী আদায় করিবার যে ক্ষমতা অর্পিত হইল, বঙ্গদেশের উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন তাঁহারা সেই ক্ষমতা অন্যের প্রতি সমর্পণ করিতে কি ইজারা দিতে কি বিক্রয় কি হস্তান্তর করিতে সক্ষম হইবেন না ইতি।

*Power to contract.*

XXXIV. The commissioners at a meeting may enter into contracts with any body corporate, registered joint-stock company, or private person, for the execution or supply by them or him of any works, labor, materials, machines, stores, or for other matters necessary for carrying into effect the trusts and purposes of this Act. Provided always that no contract under or by virtue of which a sum greater than fifty thousand rupees may in any event be payable by the commissioners, shall be valid without the assent in writing of the Lieutenant-Governor of Bengal.

*চুক্তি করিবার ক্ষমতার কথা।*

৩৪ ধারা। এই আইনসংক্রান্ত ন্যাসভার ও উদ্দেশ্যঘটিত কার্য্য সাধন করিবার জন্যে যে কোন বিষয় নির্ম্মাণ করা ও যে খাটনী ও সরঞ্জাম ও কল ও দ্রব্য প্রভৃতি আবশ্যক হয়, কমিশ্যনরেরা অধিবেশন কালে কোন সমবায়িত সমাজের কিম্বা রেজিষ্টরী জাইন্ট ষ্টাক কোম্পানির কিম্বা সাধারণ ব্যক্তির স্থানে সেই কর্ম্ম সম্পাদন করিবার কিম্বা সেইং দ্রব্যাদি যোগাইবার চুক্তি লইতে পারিবেন। কিন্তু যে কোন চুক্তিক্রমে কমিশ্যনরদের ৫০ সহস্র টাকার অধিক দিতে হয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন সেই চুক্তি সিদ্ধ হইবে না ইতি।

*Works to be sanctioned by Lieutenant-Governor of Bengal.*

XXXV. No new work the estimated cost of which shall exceed two thousand rupees shall be commenced by the commissioners, nor shall any contract be entered into by the commissioners in respect of any such new work until a plan and estimate of such work shall have been determined on and approved by the commissioners at a meeting, and in case the estimated cost of any such new work shall exceed ten thousand rupees, it shall not be commenced until such plan and estimate shall have been submitted to the Lieutenant-Governor of Bengal and sanctioned by him in an order published in the *Calcutta Gazette*, and in case the estimated cost of any such new work shall exceed two lakhs of rupees, the said Lieutenant-Governor shall not sanction the same until such plan and estimate shall have been submitted to the Governor General of India in Council and approved by him.

*কার্য্যের নিমিত্তে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতির প্রয়োজনের কথা।*

৩৫ ধারা। যে কার্য্যে ২০০০ দুই সহস্র টাকার অধিক ব্যয় হইবার সম্ভাবনা থাকে এমত কোন নূতন কার্য্য করিবার কল্পনা থাকিলে, তাহার নক্শা ও খরচের অনুমানপত্র নির্ণীত হইয়া কমিশ্যনরদের অধিবেশনকালে অনুমোদিত হইবে, নতুবা ঐ কার্য্য আরম্ভ করিতে হইবে না। ঐ নূতন কার্য্যে অনুমান দশ সহস্র টাকার অধিক ব্যয়ের সম্ভাবনা হইলে সেই নকশা ও অনুমানপত্র বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে উপস্থিত না করিলে, ও তিনি কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া তাহা অনুমোদন না করিলে, কমিশ্যনরেরা সেই কার্য্য আরম্ভ করিবেন না, ও তদ্বিষয়ের কোন চুক্তি করিবেন না। সেই নূতন কার্য্যে অনুমান দুই লক্ষ টাকার অধিক ব্যয়ের সম্ভাবনা থাকিলে সেই নক্শা ও অনুমানপত্র মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের সমীপে অর্পিত হইয়া তৎকর্তৃক অনুমোদিত না হইলে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহার অনুমতি দিবেন না ইতি।

*Commissioners may compound for breach of contract, &c.*

XXXVI. It shall be lawful for the commissioners, at a meeting, to compound or compromise for or in respect of any claim or demand arising out of any contract entered into by them under the authority of this Act, or in respect of any action or suit instituted by or

*চুক্তিভঙ্গ প্রভৃতি হইলে কমিশ্যনরদের ফুরণ করিবার ক্ষমতার কথা।*

৩৬ ধারা। কমিশ্যনরেরা এই আইনঅনুসারে কোন চুক্তি গ্রহণ করিলে পর যদি তৎসম্পর্কে তাহারদের কোন দাওয়া কি দাবী উত্থাপন হয়, কিম্বা তাহারা যত টাকা কিম্বা যে হানিপূরণ যথোচিত বোধ করেন তদ্ধেতুক যদি তাঁহারদের দ্বারা কি তাঁহারদের নামে

against them for such sum of money or other compensation as they shall deem sufficient.

XXXVII. The salaried chairman or salaried vice-chairman may for and on behalf of the commissioners, enter into any contract or agreement whereof the value or amount shall not exceed one thousand rupees, in such manner and form as according to the law for the time being administered by the High Court of Judicature at Fort William in Bengal would bind him if such contract or agreement were on his own behalf; but every other contract and agreement by or on behalf of the commissioners shall be in writing and signed by the salaried chairman or salaried vice-chairman and by two other commissioners, and shall be sealed with the common seal of the commissioners, and no contract nor agreement not executed as in this section is provided shall be binding on the commissioners.

Mode of executing contracts.

XXXVIII. When the commissioners are unable to acquire by agreement any land or building required for the purposes of this Act, the Lieutenant-Governor of Bengal in his discretion may declare that the land or building is required for a public purpose, and may order proceedings to be taken for obtaining possession of the same for Government, and for determining the compensation to be paid to the parties interested, according to any law in force for the acquisition of land for public purposes. Such land or building when acquired shall be conveyed to the commissioners on their paying the compensation awarded and all costs connected therewith.

Acquisition of land.

XXXIX. The works to be constructed and carried out by the commissioners under the provisions of this Act may include:—

General nature of the works under this Act.

(1.)—Wharves, quays, stages, jetties, and piers within the port, with all necessary and convenient arches, drains, landing places, stairs, fences and approaches.

(2.)—Tramways, warehouses, sheds, engines and other appliances for conveying, receiving and storing goods and merchandize landed or to be shipped.

(3.)—Laying down moorings for carrying out the purposes of this Act: and the erection of cranes, scales, and all other necessary means and appliances or loading and unloading vessels.

কোন নালিশ কি মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে তাঁহারা সভার অধিবেশনকালে ঐ দাওয়ার নিমিত্ত কিম্বা তৎসম্পর্কে ফুরণ করিয়া টাকা লইতে কি দিতে পারিবেন ইতি।

৩৭ ধারা। বেতনভোগি সভাপতি কিম্বা বেতনভোগি প্রতিনিধি সভাপতি এক হাজার টাকার অধিক মূল্যের কি টাকার চুক্তি করিলে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টে যৎকালে যে ব্যবস্থামতে কার্য্য সম্পাদন হইয়া থাকে, তদনুসারে আপনার নিমিত্তে ঐ চুক্তি কি নিয়ম করিলে যে প্রকারে ও যে পাঠানুসারে আবদ্ধ হন সেই প্রকারে ও সেই পাঠানুসারে তিনি কমিশ্যনরদের পক্ষে ঐ চুক্তি কি নিয়ম করিতে পারিবেন। কিন্তু কমিশ্যনরদের কৃত ও তাঁহাদের পক্ষীয় অন্য যে চুক্তি কি নিয়ম করা যায় তাহা লিপিবদ্ধ হইলে বেতনভোগি সভাপতি ও বেতনভোগি প্রতিনিধি সভাপতি ও অন্য তুই জন কমিশ্যনর তাহাতে স্বাক্ষর করিবেন। ও তাহা কমিশ্যনরদের সাধারণ মোহরে মুদ্রিত হইবে। ও যে চুক্তি কি নিয়মপত্রে এই ধারামতে স্বাক্ষর না করা যায়, কমিশ্যনরেরা তাহাতে আবদ্ধ হইবেন না ইতি।

চুক্তি করিবার নিয়মের কথা।

৩৮ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে কোন ভূমি কি গৃহাদির আবশ্যক হইলেও কমিশ্যনরেরা আপোসে তাহা পাইতে না পারিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উচিত বোধ করিলে রাজকীয় কার্য্যের নিমিত্তে ঐ ভূম্যাদি আবশ্যক বলিয়া রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণ করিবার যে আইন যে সময়ে চলন থাকে তদনুসারে গবর্ণমেন্টের নিমিত্তে ঐ ভূম্যাদি গ্রহণ করিবার, ও তাহাতে যাঁহারদের স্বার্থ থাকে তাঁহারদের হানিপূরণ করিবার যথাবিহিত কার্য্যের আজ্ঞা করিবেন। কমিশ্যনরেরা অবধারিত হানিপূরণের টাকা ও তৎসংক্রান্ত সমস্ত খরচ দিলে সেই ভূমি কি গৃহাদি গৃহীত হইয়া তাঁহারদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে ইতি।

ভূমি গ্রহণের কথা।

৩৯ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানানুযায়ি যেং বিষয়ের গঠনাদি করিতে ও যেং নিয়ম সাধন করিতে পারিবেন তন্মধ্যে নিম্নলিখিত বিষয় গণ্য।

এই আইনমত কার্য্যের সাধারণ ভাবের কথা।

(১) বন্দরের মধ্যে ওয়ার্ফ, মাল তোলা পোস্তা, ষ্টেজ অর্থাৎ মঞ্চ, জেটী ও পিয়র অর্থাৎ সেতু এবং প্রয়োজনীয় ও সুবিধাজনক খিলান ও নর্দ্দমা ও উত্তরিবার স্থান ও সিঁড়ি ও বেড়া ও যাইবার পথ।

(২) যে মাল ও বণিকদ্রব্য জাহাজহইতে নামান যায় কি জাহাজে তুলিতে হইবে তাহা চালান কি গ্রহণ কি রক্ষা করণার্থ ট্রামওয়ে, ও গুদামঘর, ও সেড ও অন্য উপকরণ ও কল।

(৩) এই আইনের কার্য্য সফল করিবার নিমিত্তে জাহাজ বাঁধিবার বয়া স্থাপন এবং ক্রেন অর্থাৎ মাল তুলিবার যন্ত্র ও কাঁটা এবং জাহাজে দ্রব্য তুলিবার কি জাহাজহইতে নামাইবার জন্যে আবশ্যক সকল উপায় ও উপকরণ।





(4.)—Reclaiming, enclosing and raising any part of the river bank or of the river bed within the port which may be necessary for the execution of the works authorized by this Act, or otherwise for the purposes of this Act.

(5.)—The construction and application of dredges, and other machines for cleaning, deepening and improving the river bed within the port.

(6.)—The construction of such works without the limits of the port as shall be necessary for the protection of works executed under this Act: and all such other works and appliances as may in the opinion of the commissioners at a meeting be necessary for carrying out the purposes of this Act.

XL. It shall be lawful for the commissioners at a meeting to provide or procure such steam vessels as they may think fit, and to employ the same or any of them in towing vessels into, out of, in or upon the river Hooghly or in the port, and to make such charges for towage by the said steam vessels as they may deem expedient.

Power to procure and charge for steam tugs.

XLI. In case the Lieutenant-Governor of Bengal shall by an order published in the *Calcutta Gazette* so direct, it shall be lawful for the commissioners from time to time to raise money for the estimated cost of any works or arrangements sanctioned by him to such extent, and as he may from time to time direct.

Money to be raised for works.

XLII. Such money shall be raised in such way as the Lieutenant-Governor of Bengal shall by any rules or orders to be by him from time to time published in the *Calcutta Gazette*, with the sanction of the Governor General of India in Council, direct and appoint.

Mode of raising such money.

XLIII. In case such money shall be advanced on debentures bearing interest, such interest shall, subject to the provisions of section VI, be a first charge on all property acquired by the commissioners under or by virtue of this Act, and on all tolls, duties, rates and charges leviable under this Act.

Money raised on debentures to be a first charge on property and rates.

XLIV. All the moneys so to be raised shall be applied by the commissioners in the acquisition of immoveable and moveable property, the payment of salaries, fees, and ex-

Application of funds raised.

(৪) এই আইনেতে যেং বিষয় সম্পাদন করিবার অনুমতি হয় তা হার আবশ্যকপ্রযুক্ত কিম্বা এই আইনের উদ্দেশ্য প্রকারান্তরে সফল করিবার জন্যে বন্দরের মধ্যে নদীর তীরের কি গাভার কোন স্থানের পুনঃপ্রাপণ ও বেষ্টন ও উচ্চ করণ।

(৫) ড্রেজ অর্থাৎ নদীর বালিচর কাটিবার যন্ত্র এবং উক্ত সীমার মধ্যে নদীর গাভা পরিষ্কার ও উত্তম করিবার অন্য যন্ত্র নির্ম্মাণ করণ ও তদ্দ্বারা কর্ম্ম চালাওন।

(৬) এই আইনমতে যে কার্য্য করা যায় তাহার সুরক্ষার জন্যে ঐ বন্দরের সীমার বহির্ভূত স্থানে যেং বিষয় গঠনাদি করা আবশ্যক সেইং বিষয় এবং কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে অন্য যে কার্য্য ও উপকরণাদি আবশ্যক বোধ করেন তাহা করণ ইতি।

৪০ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া যত খানি ষ্টীমপোত আপনারদের কর্ম্মের উপযুক্ত বোধ করেন তাহার বিধান করিয়া কিম্বা তাহা ক্রয় করিয়া হুগলী নদীতে কিম্বা বন্দরে জাহাজ আকর্ষণ করিয়া সমুদ্রে লইবার কি তথাহইতে আনিবার কার্য্যে উক্ত সকল কিম্বা তন্মধ্যে কোন ষ্টীমপোত ব্যবহার করিতে ও তদ্দ্বারা জাহাজ আকৃষ্ট হওয়ার যে ফী বিহিত বোধ করেন তাহার দাবী করিতে পারিবেন ইতি।

ষ্টীমটগ নিরূপণ করিয়া তাহা ভাড়া দিবার ক্ষমতার কথা।

৪১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণপূর্ব্বক আজ্ঞা করিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যত দূর অনুমোদন করিয়া আজ্ঞা করেন কমিশ্যনরেরা সময়েং ঐ প্রস্তাবিত কার্য্যের ও নিয়মের আনুমানিক ব্যয়ের নিমিত্তে তত টাকা তুলিতে পারিবেন ইতি।

উক্ত কার্য্যের নিমিত্তে টাকা তুলিবার কথা।

৪২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে সময়েং কলিকাতা গেজেটে বিধি কি আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক যে নিয়ম আদেশ ও নিরূপণ করেন সেই নিয়মমতে ঐ টাকা তোলা যাইবে ইতি।

ঐ টাকা তুলিবার নিয়মের কথা।

৪৩ ধারা। সুদ দিবার নিয়মের ঋণগ্রহণপত্রক্রমে ঐ টাকা অগ্রিম পাওয়া গেলে ৬ ধারার বিধান প্রবল মানিয়া এই আইনক্রমে কি তাহার বলে কমিশ্যনরদের প্রাপ্ত সকল সম্পত্তিহইতে এবং এই আইনদ্বারা যে সকল মাসুল ও শুল্ক ও টাকুস ও দাবী আদায় করা যাইতে পারে, তাহার উপর প্রথমে ঐ সুদের দায় বর্ত্তিবে ইতি।

ঋণগ্রহণপত্রক্রমে যে টাকা তোলা যায় সম্পত্তির ও রেটের উপর প্রথমে তাহা শোধ করিবার দায় বর্ত্তিবার কথা।

৪৪ ধারা। উক্ত প্রকারে যত টাকা তোলা যায়, কমিশ্যনরেরা তাহা লইয়া স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয় করিবেন, এবং বেতন ও ফী ও খরচ ও সুদ দিবেন এবং এই আইনের উদ্দেশ্য

যে টাকা তোলা যায় তাহার প্রয়োগের কথা।

penses, and of interest, and of the cost of works and erections necessary or expedient for carrying out the purposes of this Act.

Application of surplus income.

XLV. Whenever the half-yearly accounts hereinafter directed to be laid before the Lieutenant-Governor of Bengal shall show a surplus for the half-year of income over expenditure, such surplus, or so much thereof as the said Lieutenant-Governor shall think fit, shall be applied by the commissioners in paying off any of the debentures issued under this Act, the principal sum due in respect whereof may be then payable, or any part of the debt due by them to the said Secretary of State, or such surplus may, if the Lieutenant-Governor shall so direct, in whole or part be invested by the commissioners in the purchase in their corporate name of Government securities, or of their own debentures, and the interest thereof may be accumulated and invested in like manner, with power to the commissioners at any time to dispose of any such securities or debentures and to apply the proceeds and interest thereof, with the sanction of the said Lieutenant-Governor, in or towards any of the purposes of this Act.

Payment of debentures by fresh mortgage of rates.

XLVI. The commissioners may at any time, according to the provisions aforesaid, and with the approval of the Lieutenant-Governor of Bengal, raise in any of the ways aforesaid any money that may be required to pay any amount for the time being due by the commissioners under the provisions of this Act.

Form of debenture.

XLVII. All debentures which may be issued under the authority of this Act, shall be in the form contained in the schedule (C) to this Act, and shall be transferable by endorsement, and the right to sue in respect of the moneys secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being, without any preference by reason of some of such debentures being prior in date to others.

An estimate of income and expenditure to be submitted annually to the commissioners.

XLVIII. The salaried chairman or salaried vice-chairman shall at a special general meeting, to be held within two months after the commencement of this Act, lay before the commissioners a separate estimate of the expenditure and income of the commissioners for the period which shall be to come from the commencement of this Act up to the 1st day of April then next ensuing; and shall also at a special general meeting, to be held in

সাধন করণার্থে প্রয়োজনীয় ও যথাবিহিত কার্য্যের ও গাঁথনির খরচ দিবেন ইতি।

অবশিষ্ট আয়ের প্রয়োগের কথা।

৪৫ ধারা। ইতঃপরে ছয়২ মাসিক যে হিসাব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করিবার আদেশ হইয়াছে তদ্দ্বারা ষাণ্মাসিক ব্যয় হইয়া আয়ের উদ্বর্ত্ত দেখা গেলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত লইয়া কিম্বা উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশ লইয়া এই আইনমতে দত্ত ঋণগ্রহণপত্রের যে মূল টাকা তৎকালে দেনা থাকে তাহা কিম্বা ষ্টেট সেক্রেটারী সাহেবের যে ঋণ পাওনা থাকে তাহার কোন অংশ পরিশোধ করিবেন। অথবা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত টাকার সমুদয় কি একাংশ লইয়া আপনারদের সমবায়িত নামে গবর্ণমেণ্ট সিক্যুরিটী কিম্বা আপনারদের ঋণগ্রহণপত্র ক্রয় করিতে পারিবেন ও তাহার সুদ জমা হইলে তাহাও সেই প্রকারে ব্যয় করিতে পারিবেন। এবং কমিশ্যনরদের এই ক্ষমতা থাকিবে যে, উক্ত কোন সিক্যুরিটী কি ঋণগ্রহণপত্র কোন সময়ে বিক্রয় করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে এই আইনমতে কোন কর্ম্মে সেই টাকা ও তাহার সুদ ব্যয় করিতে পারিবেন ইতি।

টাক্স পুনশ্চ বন্ধক রাখিয়া ঋণ শোধ করিবার কথা।

৪৬ ধারা। এই আইনের বিধানমতে কমিশ্যনরদের যে সময়ে যে টাকা দেনা হয় তাঁহারা সেই টাকা শোধ করিবার জন্যে কোন সময়ে পূর্ব্বোক্ত বিধানমতে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে পূর্ব্বোক্ত কোন প্রকারে প্রয়োজনমত টাকা তুলিতে পারিবেন ইতি।

ঋণগ্রহণপত্রের পাঠের কথা।

৪৭ ধারা। এই আইনের বলে যে সকল ঋণগ্রহণপত্র দেওয়া যায়, তাহা এই আইনের তফসীলের C পাঠে লেখা যাইবে। তাহা পৃষ্ঠলিপি দ্বারা হস্তান্তর করা যাইতে পারিবে। এবং উক্ত কোন ঋণগ্রহণপত্রে যে টাকা সুনিশ্চিত হয় বৎকালে যিনি ঐ পত্রধারী হন, তৎকালে তাঁহার প্রতি তৎসম্পর্কে নালিশ করিবার অধিকার বর্ত্তিবে। এই বিষয়ে কোন২ পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পূর্ব্বীয় হইলেও তাহার অগ্রগণ্যতা হইবে না ইতি।

আয়ব্যয়ের অনুমানপত্র বৎসর২ কমিশ্যনরদের গোচরে অর্পিত হইবার কথা।

৪৮ ধারা। এই আইন প্রচলিত হইবার পর দুই মাসের মধ্যে বেতনভোগি সভাপতি কিম্বা বেতনভোগি প্রতিনিধি সভাপতি সাধারণ সভার বিশেষ অধিবেশন করাইয়া এই আইন প্রচলিত হইবার আরম্ভাবধি তৎপশ্চাৎ আপ্রিল মাসের ১ তারিখ পর্য্যন্ত কমিশ্যনরদের যত টাকা আয় ও ব্যয় সম্ভাবনা তাহার স্বতন্ত্র অনুমানপত্র ঐ কমিশ্যনরদের সম্মুখে অর্পণ করিবেন। এবং প্রতি বৎসর ফেব্রুআরি মাসে সাধারণ সভার বিশেষ অধিবেশন করাইয়া তৎপশ্চাৎ আপ্রিল





the month of February in each year, lay before the commissioners a like estimate of such income and expenditure for the year commencing on the 1st day of April then next ensuing. Every such estimate shall be in such form as the Lieutenant-Governor of Bengal shall, by an order published in the *Calcutta Gazette*, direct. Provided always that such estimate shall be completed and printed, and a copy thereof sent by post or otherwise to each commissioner, at least ten clear days prior to the meeting before which the estimate is to be laid.

Revision and passing of estimates.

XLIX. It shall be in the discretion of the commissioners at such meeting by resolution to pass or to reject, or to modify or alter such estimate and pass such estimate so modified or altered.

Estimate to be approved by Lieutenant-Governor.

L. Every such estimate when passed by the commissioners in pursuance of the provisions of this Act shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and it shall be lawful for such Lieutenant-Governor either to approve of such estimate or to return the same with his remarks thereupon, and the commissioners shall forthwith at a meeting proceed to re-consider such estimate in reference to such remarks and to modify or alter the same, and to re-submit such estimates to the said Lieutenant-Governor, and it shall not be lawful for the commissioners to expend any greater sum under such estimate than shall be approved by the said Lieutenant-Governor.

Power to make supplemental estimate.

LI. It shall be lawful for the commissioners, in the course of any year for which an estimate shall have been approved by the Lieutenant-Governor, to cause a supplemental estimate for the residue of such year to be prepared and laid before the commissioners at a meeting, and thereupon such proceedings shall be had as in and by Sections XLVIII, XLIX, and L are directed to be had with respect to the estimate therein mentioned.

Expenditure to be made in pursuance of estimate.

LII. It shall not be lawful for the commissioners to expend any sum for any purpose not approved in some estimate for the time being in force, save in cases of pressing emergency; nor shall it be lawful for them to expend for any purpose not so approved any



মাসের প্রথম দিবসাবধি এক বৎসর পর্য্যন্ত কমিশ্যনরদের যত টাকা আয় ও ব্যয় হওয়া সম্ভাবনা তাহা ঐ কমিশ্যনরদের সম্মুখে অর্পণ করিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া যে পাঠ নির্দ্দিষ্ট করেন ঐ অনুমানপত্র সেই পাঠে প্রস্তুত করা যাইবে। পরন্তু ঐ পত্র সমাপ্ত ও মুদ্রিত হইয়া যে সভার সম্মুখে অর্পণ করা যাইবে, তাহার অধিবেশনের পূর্ব্ব ন্যূনকল্পে সম্পূর্ণ দশ দিন থাকিতে তাহার এক২ প্রস্থ প্রত্যেক কমিশ্যনরের নিকটে পাঠান যাইবে ইতি।

অনুমানপত্রের পুনর্দৃষ্টির ও অনুমোদনের কথা।

৪৯ ধারা। কমিশনরেরা অধিবিষ্ট হইয়া আপনারদের বিবেচনামতে নির্দ্ধারণ করিয়া ঐ অনুমানপত্র কি তন্মধ্যে কোন অংশ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তদ্রূপে মতান্তরিত কি পরিবর্ত্তিত ভাবে ঐ অনুমানপত্র গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ঐ অনুমানপত্র অনুমোদন করিবার কথা।

৫০ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানমতে অনুমানপত্র গ্রাহ্য করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পণ করা যাইবে। তিনি সেই অনুমানপত্র অনুমোদন করিবেন, কিম্বা তদ্বিষয়ে আপনার মন্তব্য লিখিয়া ফিরিয়া পাঠাইতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা ত্বরায় অধিবিষ্ট হইয়া ঐ মন্তব্য কথা দৃষ্টে সেই অনুমানপত্র পুনর্বিবেচনাপূর্ব্বক তাহা পরিবর্ত্তন কি মতান্তর করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে পুনশ্চ অর্পণ করিবেন। এবং উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যত টাকা অনুমোদন করেন, কমিশ্যনরেরা সেই অনুমোদনপত্রের বলে তদধিক ব্যয় করিতে পারিবেন না ইতি।

পরিশিষ্ট অনুমানপত্র করিবার ক্ষমতার কথা।

৫১ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে বৎসরের অনুমানপত্র অনুমোদন করেন, কমিশ্যনরেরা সেই বৎসরের মধ্যে কোন সময়ে ঐ বৎসরের অবশিষ্ট কালের পরিশিষ্ট অনুমানপত্র প্রস্তুত করাইয়া অধিবেশন কালে কমিশ্যনরদের সমীপে অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে ৪৭, ৪৮ ও ৪৯ ধারার উল্লিখিত অনুমানপত্র বিষয়ে যে কার্য্য হইবার আদেশ হইয়াছে উক্ত স্থলে সেই প্রকারের কার্য্য হইবে ইতি।

অনুমানপত্রানুসারে ব্যয় হইবার কথা।

৫২ ধারা। যৎকালে যে অনুমানপত্র প্রবল থাকে কমিশ্যনরেরা কেবল অত্যাবশ্যক স্থলভিন্ন সেই অনুমানপত্রের অননুমোদিত কোন কার্য্যে কিছু টাকা ব্যয় করিতে পারিবেন না। ও উক্ত প্রকারে যে কর্ম্মের অনুমোদন হয় নাই তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত

sum exceeding two thousand rupees without the assent in writing of the Lieutenant-Governor of Bengal.

Accounts to be audited and examined.

**LIII.** The accounts of the receipts and expenditure under this Act shall twice in every year be laid before the Lieutenant-Governor of Bengal, and shall be audited and examined. The audit shall be made by such public department or by such auditors as shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal. For the purposes of any audit and examination of accounts under this Act, the auditors may, by summons in writing, require the production before them of all books, deeds, contracts, vouchers, and all other documents and papers which they may deem necessary, and may require any person holding or accountable for any such books, deeds, contracts, accounts, vouchers, documents or papers to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same: and if any such person neglect or refuse so to do, or to produce any such books, deeds, contracts, accounts, vouchers, documents or papers, or to make or sign such declaration, he shall be liable for every neglect or refusal to a penalty not exceeding one hundred rupees. All auditors not being a public department acting under this Act shall in respect of each audit be paid by the commissioners such remuneration as the Lieutenant-Governor of Bengal shall from time to time determine. Provided always that before each audit and examination of accounts under this Act, the salaried chairman or salaried vice-chairman shall give ten days' notice of the time and place at which the same will be made by advertisement in the *Calcutta Gazette* and in at least two of the daily English newspapers published in Calcutta; and a copy of the accounts to be audited and examined shall be deposited in the office of the commissioners, and thereat be open during office hours to the inspection of any person on payment of a fee of one rupee on each occasion of inspection, for seven days before the audit and examination, and all such persons shall be at liberty to take copies of, or extracts from the same without further payment, and within fourteen days after the audit and examination shall have been completed, the auditors shall report upon the accounts audited and examined, and shall deliver such report to the commissioners at a meeting, who shall cause the same to be deposited in the office of the commissioners and to be published in the *Calcutta Gazette* and in some one or more of the said newspapers.



অনুমতি বিনা এমত কর্ম্মে দুই সহস্র টাকার অধিক ব্যয় করিতে পারিবেন না ইতি।

হিসাবের সমালোচন ও পরীক্ষা হইবার কথা।

৫৩ ধারা। এই আইনমতে যত টাকা আয়ব্যয় হয় তাহার হিসাব প্রতি বৎসর দুইবার বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করা যাইবে ও তাহা আডিট ও সমালোচন করা যাইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ রাজকীয় যে কর্ম্মবিভাগ কিম্বা যে২ আডিটরদিগকে নিযুক্ত করেন তাঁহারা সেই হিসাব আডিট করিবেন। আডিটরেরা এই আইনমত হিসাবের আডিট ও সমালোচন করিবার জন্যে বহী ও দলীল ও চুক্তিপত্র ও বৌচরপ্রভৃতি যে সকল নিদর্শনপত্র ও কাগজ আবশ্যক জ্ঞান করেন, কোন ব্যক্তির নামে আহ্বানপত্র লিখিয়া তাহা আনিয়া দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং তদ্রূপ বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজ যে ব্যক্তির কাছে থাকে কিম্বা তজ্জন্যে যে ব্যক্তি দায়ী হন, তাঁহার প্রতি উক্ত আডিট ও সমালোচন করিবার সময়ে কিম্বা ঐ কার্য্যের নিমিত্ত নিরূপিত সময়ান্তরে উপস্থিত হইয়া তদ্বিষয়ে নির্দ্দেশ বাক্য কহিবার ও ঐ বাক্যে স্বাক্ষর করিবার আদেশ করিতে পারিবেন। উক্ত কোন ব্যক্তি তাহা করিতে ত্রুটি কি অনঙ্গীকার করিলে, কিম্বা উক্ত কোন বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজ আনিয়া দেখাইতে কিম্বা ঐ নির্দ্দেশ বাক্য কহিতে কি স্বাক্ষর করিতে ত্রুটি কি অনঙ্গীকার করিলে তাহার প্রত্যেকবার সেই ত্রুটি কি অনঙ্গীকার হেতুক ১০০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। রাজকীয় কর্ম্মবিভাগভিন্ন যে সকল আডিটর এই আইনমতে কর্ম্ম করেন, প্রত্যেকবার আডিট করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যত টাকা পারিশ্রমিক নিরূপণ করেন তাঁহারা কমিশ্যনরদের স্থানে তত টাকা পাইবেন। কিন্তু এই আইনমতে হিসাব প্রত্যেকবার আডিট ও সমালোচন করিবার পূর্ব্বে দশ দিন থাকিতে বেতনভোগি সভাপতি কিম্বা বিষয়বিশেষে বেতনভোগি প্রতিনিধি সভাপতি কলিকাতা গেজেটে এবং কলিকাতার প্রকাশিত ন্যূনকল্পে দুই ইংরেজী দৈনিক সম্বাদপত্রে ঐ আডিট হইবার সময়ের ও স্থানের সম্বাদ প্রকাশ করিবেন। ও যে হিসাবের আডিট ও সমালোচন করা যাইবে, তাহার আডিট ও সমালোচন হইবার পূর্ব্বে সাত দিন ঐ হিসাবের প্রতিলিপি কমিশ্যনরদের কার্য্যালয়ে রাখা যাইবে। কোন ব্যক্তি তাহাতে দৃষ্টি করিতে ইচ্ছুক হইলে, প্রত্যেকবার দৃষ্টি করণের জন্যে এক টাকা ফী দিলে কার্য্যালয়ের কর্ম্ম চলিবার নিরূপিত কোন সময়ে তাহা দৃষ্টি করিতে ও আর কিছু না দিয়া তাহার কোন কথা নকল করিয়া লইতে পারিবেন। আডিট ও সমালোচন কার্য্য সমাপ্ত হইলে পর আডিটরেরা চতুর্দ্দশ দিনের মধ্যে ঐ আডিট করা ও সমালোচিত হিসাবের রিপোর্ট লিখিয়া কমিশ্যনরদের অধিবেশন কালে তাহারদিগকে দিবেন। তাঁহারা সেই রিপোর্ট কমিশ্যনরদের কার্য্যালয়ে রাখিয়া কলিকাতা গেজেটে এবং উক্ত এক কি অধিক সম্বাদপত্রে প্রকাশ করাইবেন ইতি।



Public landing places to be provided.

**LIV.** The commissioners shall make a sufficient number of public landing places from and upon which the public shall be permitted to embark and to land free of charge.

Ghâts and bathing places to be provided.

**LV.** It shall be lawful for the commissioners if they shall consider it necessary for the purposes of this Act, to occupy or remove or modify any bathing ghât or landing place within the port, and to prohibit the public from afterwards resorting to or using the same. Provided nevertheless, that the commissioners shall reserve, set out, make, and provide for the use of the public such sufficient bathing ghâts within the port, not exceeding in number those that may be so modified or removed, as the Lieutenant-Governor of Bengal may direct.

No wharf, quay, &c., to be made without consent of Lieutenant-Governor.

**LVI.** It shall not be lawful for any person or persons, save the commissioners, to make, erect, or fix below high water-mark within the port any wharf, quay, stage, jetty, pier, erection or mooring without the consent in writing of the Lieutenant-Governor of Bengal first had and obtained. Any matter or thing which may be so erected or fixed may be removed by the commissioners: and the person who shall have so made, erected or fixed any such matter or thing, shall be liable on conviction to a fine which may extend to one thousand rupees and to a further fine which may extend to one hundred rupees for every day during which such matter or thing shall have been permitted to remain so made, erected or fixed after notice to remove the same shall have been given to him, and shall also be liable to pay all expenses which may have been incurred by the commissioners in removing such matter or thing. Provided that this section shall not apply to moorings laid down or to be laid down by the conservator of the port.

Power to remove erections.

**LVII.** In case any wharf, dock, quay, jetty, pier, erection or mooring shall without the consent in writing of the Lieutenant-Governor of Bengal be fixed, excavated, erected, or built below high water-mark without the limits for the time being of the port, and thereafter the limits of the port shall be extended so as to include the place in which such wharf, dock, quay, jetty, pier, erection or mooring shall have been fixed, excavated, erected or built, it shall be lawful for the commissioners to remove, fill up, or destroy such wharf, dock, quay, jetty, pier, erec-



নৌকায় উঠিবার ঘাট করিবার কথা।

৫৪ ধারা। কমিশ্যনরেরা সাধারণের বিনাখরচে নৌকায় উঠিবার ও নৌকাহইতে নামিবার উপযুক্ত সংখ্যার ঘাট করিবেন ইতি।

ঘাট ও স্নান করিবার স্থান নিরূপণের কথা।

৫৫ ধারা। কমিশ্যনরেরা এই আইনের কার্য্যের নিমিত্তে আবশ্যক বোধ করিলে, বন্দরের মধ্যে স্নান করিবার কি নৌকাহইতে নামিবার কোন২ ঘাট অধিকার কি পরিবর্ত্তন করিতে পারিবেন কিম্বা স্থানান্তরে করিয়া তৎপরে সাধারণের পূর্ব্বঘাটে গমনাগমন ও তাহার ব্যবহার করা নিষেধ করিতে পারিবেন। কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ বন্দরে সাধারণের স্নান করিবার উপযুক্ত যত ঘাট করিবার আজ্ঞা দেন কমিশ্যনরেরা তত ঘাট রাখিবেন ও নিরূপণ ও প্রস্তুত করিয়া তাহার বিধান করিবেন। কিন্তু তাঁহারা যত ঘাট পরিবর্ত্তন কি স্থানান্তরে করেন তাহার অধিক করিবেন না ইতি।

লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন ওয়ার্ফ পোস্তাপ্রভৃতি না করিবার কথা।

৫৬ ধারা। কমিশ্যনরগণভিন্ন কোন ব্যক্তি কি ব্যক্তিরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি প্রাপ্ত না হইয়া বন্দরে জোয়ারের জলের দাগের নিম্নভাগে কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু কি গাঁথনি কি লঙ্গর করিবার বয়া করিতে কি গাঁথিতে কি স্থাপন করিতে পারিবে না। তদ্রূপ যে কোন বিষয় কি দ্রব্য গাঁথা কি স্থাপন করা যায়, কমিশ্যনরেরা তাহা উঠাইয়া ফেলিতে পারিবেন। ও যে ব্যক্তি তদ্রূপ কোন বিষয় কি দ্রব্য করে কি গাঁথে কি স্থাপন করে, তাহা সপ্রমাণ হইলে তাহার এক সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। তদ্ভিন্ন তাহা উঠাইয়া লইবার নোটিস তাহাকে দেওয়া গেলে পর যত দিন তদ্রূপ কৃত কি গাঁথা কি স্থাপিত দ্রব্য কি বিষয় থাকিতে দেয় দিনপ্রতি তাহার একশত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। এবং সেই বিষয় কি দ্রব্য স্থানান্তর করিতে কমিশ্যনরদের যত খরচ লাগে তাহাও তাহার দিতে হইবে। কিন্তু বন্দরের রক্ষক যে বয়া ফেলিয়াছেন কি ফেলেন এই ধারার কথা তৎপ্রতি বর্ত্তিবে না ইতি।

গাঁথনি উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

৫৭ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন কোন ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া বন্দরের তৎকালীন সীমার বহির্ভূত স্থানে জোয়ারের অত্যুচ্চ দাগের নিম্নস্থানে স্থাপিত কি খোদিত কি প্রস্তুত কি নির্ম্মিত হইলে, ও পশ্চাৎ ঐ সীমা বর্দ্ধিত হইয়া ঐ ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া যে স্থানে স্থাপিত কি খোদিত কি প্রস্তুত কি নির্ম্মিত হয় সেই স্থান ঐ সীমার অন্তর্গত করা গেলে কমিশ্যনরেরা ক্ষতিপূরণ না করিয়া ঐ ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি

tion or mooring without making any compensation therefor.

LVIII. When the Lieutenant-Governor of Bengal shall, under the provisions of any Act for the regulation of duties of customs, appoint any wharf, quay, stage, jetty or pier, erected or acquired under this Act for the use of sea-going vessels, to be a wharf for the landing of goods within the meaning of such enactment, the commissioners shall set apart, maintain, and secure on such wharf, quay, stage, jetty, or pier, such portion thereof, or place therein, or adjoining thereto, for the use of the officers of customs, as the Lieutenant-Governor of Bengal shall in that behalf approve or appoint.

Wharves, &c., to be appointed under Customs' Act.

LIX. Notwithstanding that any wharf, quay, stage, jetty, or pier or portion thereof shall under the provisions of the last section have been set apart for the use of the officers of customs, all dues, rates, tolls, and rents payable in respect thereof, or for the use thereof, or for the storage of goods thereupon, shall be paid and payable to the commissioners or to such person or persons as they may appoint to receive the same.

Dues for wharves in possession of customs' officers.

LX. The commissioners shall, when thereunto required by the Lieutenant-Governor of Bengal, provide and keep and maintain sufficient servants and apparatus for the expeditious and convenient landing and shipment of goods from and upon all sea-going vessels coming to the wharves, quays, stages, jetties, or piers erected by them, and shall by their servants land and ship all goods from and upon any such vessel so coming to such wharf, quay, stage, jetty, or pier, unless where there is a legal excuse for refusing to land or ship such goods, or such vessel is by reason of the breach or non-observance of any law or regulation not entitled to have her cargo shipped or discharged. Provided that the commissioners shall not be bound to land, ship or move any single article or package exceeding thirty tons of twenty hundred weight in weight, except at such special charge as may be agreed on in respect of such article or package.

Commissioners to provide servants, &c., for shipping and landing goods.



গাঁথনি কি বর্ষা উঠাইয়া কি ভরাট করাইয়া দিতে কি নষ্ট করিতে পারিবেন ইতি।

৫৮ ধারা। এই আইনমতে সমুদ্রগামি জলযানের কর্ম্মের নিমিত্তে যে ওয়াফ´ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু করা যায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কষ্টমের মাস্তুলের বিধান করণার্থ কোন আইনের বিধানমতে তন্মধ্যে কোন ওয়াফ´ প্রভৃতি ঐ আইনের অর্থমতে মাল নামাইবার ওয়াফ´স্বরূপ নিরূপণ করিলে, তিনি তৎপক্ষে কষ্টমের কার্য্যকারকদের নিমিত্তে যে স্থানের অনুমোদন ও নিরূপণ করেন, কমিশ্যনরেরা তাঁহারদের ব্যবহারের জন্যে সেই ওয়ার্ফের কিম্বা মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর এক ভাগ কিম্বা তদন্তর্গত কি তৎসন্নিহিত স্থান পৃথক করিয়া রাখিবেন ইতি।

ওয়াফ´প্রভৃতি কষ্টমের আইনমতে নিরূপণ হইবার কথা।

৫৯ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ওয়াফ´ কি মাল তোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু কি তাহার কোন অংশ কষ্টমের কার্য্যকারকদের ব্যবহারার্থে নিরূপিত হইলে, ও তজ্জন্যে কি তাহার ব্যবহারের নিমিত্তে কিম্বা তাহাতে মাল থাকাতে যে মাস্থূল ও কর ও শুল্ক ও ভাড়া লওয়া যাইতে পারে তাহা উক্ত কমিশ্যনরদিগকে কিম্বা তাঁহারা তদগ্রহণার্থে যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করেন তাহারদিগকে দেওয়া যাইবে ও তাহারদের আদেয় হইবে ইতি।

কষ্টমের কর্ম্মকারকদের অধিকারে যে ওয়াফ´ থাকে তাহার মাস্থূলের কথা।

৬০ ধারা। সমুদ্রগামি যে সকল জলযান কমিশ্যনরদের স্থাপিত ওয়াফের্´র কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আইসে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আদেশ করিলে কমিশ্যনরেরা সেই২ জলযানের মাল ত্বরায় ও সুবিধামতে তুলিবার ও নামাইবার জন্যে যথা সংখ্যক লোক ও যন্ত্রাদি নিরূপণ করিয়া রাখিবেন। এবং যে জলযান তদ্রূপে ঐ ওয়াফের্´র কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আইসে, আইনঅনুসারে তাহাহইতে মাল নামাইবার কিম্বা তাহাতে মাল তুলিবার আপত্তি না থাকিলে, কিম্বা কোন আইন কি বিধান লঙ্ঘন কি অমাননপ্রযুক্ত সেই জলযানে মাল তুলিবার কিম্বা তাহাহইতে মাল নামাইবার অধিকার রহিত না হইলে কমিশ্যনরেরা আপনারদের লোকদ্বারা মাল তুলিয়া দিবেন কি নামাইয়া আনিবেন। কিন্তু টনপ্রতি বিশ হন্দ্রেডওয়েটের হিসাবে কোন একি দ্রব্যের কি বস্তার বিশ টনের অধিক ওজন হইলে, সেই দ্রব্যের কি বস্তার নিমিত্তে বিশেষ খরচ পাইবার নিয়ম না করা গেলে তাঁহারা সেই দ্রব্য নামাইতে কি তুলিতে কি লড়াইতে আবদ্ধ নহেন ইতি।

মাল তুলিবার ও নামাইবার লোকদিগকে কমিশ্যনরদের নিযুক্ত করিবার কথা।



LXI. Whenever any goods shall be landed by the commissioners from any vessel under the powers by this Act conferred on them, they shall, if thereunto required, give to the person in charge of such vessel a receipt in the form or to the effect in Schedule (D) set forth, and may in any such receipt include all goods landed from such vessel during one day, and no person to whom such receipt shall have been so given, nor the master nor owner of the vessel from which the goods in respect of which such receipt shall be given may have been landed, shall be liable for any loss or damage to such goods which may occur after they shall have been so landed.

Discharge of liability on commissioner landing goods.

LXII. When any wharf, quay, stage, jetty, or pier erected under the provisions of this Act shall have been made and completed, together with sufficient warehouses, sheds, cranes and moorings for landing and shipping goods from and upon sea-going vessels, it shall be lawful for the commissioners with the sanction of the Lieutenant-Governor of Bengal, by a notification published in three consecutive numbers of the *Calcutta Gazette*, to declare that such wharf, quay, stage, jetty or pier is ready for receiving, landing and shipping goods from and upon sea-going vessels. And from and after such notification and publication it shall be lawful for the commissioners to require the conservator of the port, or other person exercising the rights, powers and authorities of the conservator of the port, from time to time, when there shall be room at such wharf, quay, stage, jetty, or pier, to order to come alongside of such wharf, quay, stage, jetty or pier, for the purpose of being laden or unladen by the commissioners, any sea-going vessel which shall not have commenced to discharge a cargo, or which being about to take in cargo shall not have commenced to take in cargo. And if after such order of the conservator of the port or other person aforesaid the owner or master of any such vessel shall either take in or discharge cargo, save and except at such wharf, quay, stage, jetty or pier to which such vessel shall have been so ordered, the owner thereof or, in case he shall not be in Calcutta, the master thereof, shall be liable to a penalty of one hundred rupees for each day that he shall land or ship or attempt to land or ship any goods in contravention of such order.

Power to compel ships to load and unload at wharves, &c., of commissioners.



৬১ ধারা। এই আইনদ্বারা কমিশ্যনরদের প্রতি যে ক্ষমতা অর্পণ করা গেল তাঁহারা তদনুসারে কর্ম্ম করিয়া যদি জাহাজহইতে মাল নামান, তবে আদেশ পাইলে তাঁহারা ঐ জাহাজের অধ্যক্ষতাভারপ্রাপ্ত ব্যক্তিকে D তফসীলের পাঠে কি তদনুযায়ি রসীদ দিবেন। ঐ জাহাজহইতে একি দিনে যত মাল নামান যায় তাহা সমুদয় ঐ রসীদে ধরিতে পারিবেন। ঐ মাল তদ্রূপে নামান গেলে যদি তাহার কোন ক্ষতি কি হানি হইয়া থাকে, তবে যে ব্যক্তিকে রসীদ দেওয়া যায়, তিনি অথবা যে মালের ঐ রসীদ দেওয়া গেল তাহা যে জাহাজহইতে নামান যায় সেই জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান ঐ ক্ষতির নিমিত্তে দায়ী হইবেন না ইতি।

কমিশ্যনরদেরদ্বারা মাল নামান গেলে দায় না বর্ত্তিবার কথা।

৬২ ধারা। এই আইনের বিধানমতে নির্ম্মিত কোন ওয়াফ´ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু প্রস্তুত হইলে, এবং সমুদ্রগামি জাহাজের মাল তুলিবার কি নামাইবার উপযুক্ত সকল গুদাম ও সেড ও মাল তুলিবার যন্ত্র ও বয়াপ্রভৃতি প্রস্তুত হইলে পর, সমুদ্রগামি জাহাজের মাল গ্রহণের ও জাহাজহইতে নামাইবার ও জাহাজে তুলিবার নিমিত্তে ঐ ওয়াফ´ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু প্রস্তুত হইয়াছে কমিশ্যনরেরা এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে ক্রমান্বয়ে তিন বার কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন। তদ্রূপ কথা জ্ঞাত ও প্রকাশ করা গেলে পর কমিশ্যনরেরা বন্দরের রক্ষক সাহেবের প্রতি কিম্বা সময়ে২ অন্য যে ব্যক্তি বন্দরের রক্ষকের অধিকার ও শক্তি ও ক্ষমতাক্রমে কর্ম্ম করেন তাঁহার প্রতি এই আদেশ করিতে পারিবেন যে সমুদ্রগামি যে জাহাজের মাল নামাইবার কার্য্য আরম্ভ হয় নাই তাহাহইতে মাল নামাইবার নিমিত্তে ও যে জাহাজে মাল তোলা কার্য্যের আরম্ভ হয় নাই তাহাতে মাল তুলিয়া দিবার জন্যে উক্ত ওয়াফে´ কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে স্থান থাকিলে, তিনি সেই জাহাজ কমিশ্যনরদের ওয়াফের্´র কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আনাইবার আজ্ঞা করেন। এবং বন্দররক্ষক সাহেবের কিম্বা উক্ত অন্য ব্যক্তির উক্ত আজ্ঞা হইলে পর যে ওয়াফে´ কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে যাইবার আজ্ঞা হইল যদি উক্ত কোন জাহাজের স্বামী কি অধ্যক্ষ তদ্ভিন্ন কোন স্থানে মাল তুলিয়া কি নামাইয়া দেন, তবে সেই স্বামী, কিম্বা তিনি কলিকাতায় না থাকিলে জাহাজের অধ্যক্ষ যত দিন ঐ আজ্ঞা উপেক্ষা করিয়া জাহাজহইতে মাল নামাইয়া দেন কি নামাইবার উদ্যোগ করেন কিম্বা জাহাজে মাল তুলিয়া দেন কি তোলাইবার উদ্যোগ করেন, তাহার দিন প্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

জাহাজের মাল অবশ্যই কমিশ্যনরদের ওয়াফ´ প্রভৃতিতে তুলিবার ও নামাইবার কথা।

When sufficient accommodation, all vessels to load and unload at commissioners' wharves.

**LXIII.** When a sufficient number of wharves, quays, stages, jetties, and piers shall have been erected under this Act for landing and shipping the cargoes of all sea-going vessels resorting to the port, it shall be lawful for the commissioners with the sanction of the Lieutenant-Governor of Bengal by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette* to direct that no goods shall be landed or shipped from or upon any sea-going vessel within the port, save at such wharves, quays, stages, jetties and piers, and by any order in like manner published to alter, vary or revoke any such order. And whoever shall, after such order has been so published as aforesaid land or ship, or attempt to land or ship, any goods in contravention of such order, shall be liable to a fine not exceeding two hundred rupees for every day that he shall so land or ship any goods in contravention of the said order. Provided always, and it is hereby declared, that notwithstanding any thing in this or in Section LXII contained, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by notice in the *Calcutta Gazette*, from time to time, if he shall so think fit, to declare that certain specified vessels or classes of vessels shall be permitted to discharge or ship cargo, or that certain specified goods or cargoes, or classes of goods or cargoes, shall be permitted to be landed or shipped elsewhere, and at such part of the port of Calcutta, and for such time and on such conditions as he may think fit.

Inland vessels to load and unload at places provided for them.

**LXIV.** When any wharf, quay, stage, jetty or pier for receiving, landing, or shipping goods from vessels (not being sea-going vessels) shall have been made and completed with all proper appliances in that behalf, it shall be lawful for the commissioners with the sanction of the Lieutenant-Governor, by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette*, to declare that such wharf, quay, stage, jetty, or pier is ready for receiving, landing, and shipping goods from vessels not being sea-going vessels, and in the same way to order that within certain prescribed limits to be therein specified in that behalf, it shall not be lawful to land or ship any goods out of, or into, any vessel (not being a sea-going vessel) of any class specified in such order, except at such wharf, quay, stage, jetty or pier. And in the same way to alter, vary or revoke any such order. After such publication as aforesaid, it shall not be lawful for any vessel of such class to land or ship

উপযুক্ত স্থান হইলে কমিশ্যনরদের ওয়ার্ফে সকল জাহাজের মাল তুলিববার ও নামাইবার কথা।

৬৩ ধারা। সমুদ্রগামি যত জাহাজ এই বন্দরে আইসে এই আইনমতে সেই সকলের মাল তুলিবার ও নামাইবার উপযুক্ত ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু প্রস্তুত হইলে পর, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরেরা কলিকাতা গেজেটে ক্রমান্বয়ে তিনবার অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া বন্দরের মধ্যে সেই ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতুভিন্ন সমুদ্রগামি কোন জাহাজের মাল অন্য স্থানে না তুলিবার ও না নামাইবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া সেই আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথাও করিতে পারিবেন। তদ্রূপ অনুজ্ঞাপত্র পূর্ব্বোক্তমতে প্রচারিত হইলে পর যদি কোন ব্যক্তি তাহা লঙ্ঘন করিয়া জাহাজে মাল তোলে কি নামায় কিম্বা তুলিবার কি নামাইবার উদ্যোগ করে, তবে ঐ আজ্ঞা লঙ্ঘনপূর্ব্বক যত দিন সেই মাল তোলাইয়া কি নামাইয়া দেন তাহার দিন প্রতি তাঁহার দুই শত টাকা অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু এই ধারার ও ৬২ ধারার লিখিত কথা বলবৎ থাকিলেও এতৎক্রমে নির্দ্দিষ্ট হইল যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যতকাল ও যে নিয়ম উচিত বোধ করেন নির্দ্দিষ্ট কোন২ জাহাজ কি জাহাজশ্রেণী তত কাল ও সেই নিয়মানুসারে উক্ত ওয়ার্ফপ্রভৃতি ভিন্ন কলিকাতা বন্দরের অন্য স্থানে মাল তুলিবার কি নামাইবার অনুমতি পাইবে, কিম্বা বিশেষ প্রকারের মাল কি মালশ্রেণী তোলা কি নামান যাইতে পারিবে তিনি বিহিত বোধ করিলে এমত আজ্ঞা করিতে সক্ষম হইবেন ইতি।

দেশীয় জলযানের নিরূপিত স্থানে মাল তুলিবার ও নামাইবার কথা।

৬৪ ধারা। সমুদ্রগামি জাহাজভিন্ন জলযানের মাল রাখিবার ও তুলিবার ও নামাইবার কোন ওয়ার্ফ কি মাল তোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু ও তৎসংক্রান্ত সকল উপকরণ প্রস্তুত হইলে পর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরেরা ক্রমান্বয়ে তিনবার কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া, সমুদ্রগামি জাহাজভিন্ন অন্য জলযানের মাল রাখিবার ও তুলিবার ও নামাইবার নিমিত্ত উক্ত ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি সেতু প্রস্তুত আছে ইহা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং ঐ অনুজ্ঞাপত্রে বিশেষ যে সীমা নির্দ্দিষ্ট করিতে হইবে, সেই সীমার মধ্যে সেই ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু ভিন্ন কোন স্থানে সমুদ্রগামি জাহাজভিন্ন ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট জলযানের কোন মাল তুলিতে কি নামাইতে হইবে না, এই আজ্ঞা করিতে পারিবেন। এবং সেই প্রকারে উক্ত কোন আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথাও করিতে পারিবেন। উক্ত অনুজ্ঞাপত্র প্রকাশ করা গেলে পর উক্ত শ্রেণীর কোন জলযান সেই ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও





any goods at any place within the limits so specified, except at such wharf, quay, stage, jetty, or pier, nor for any such vessel while within such limits, to anchor, fasten, or lay within fifty yards of the ordinary low water-mark without the consent of the commissioners. And if after such publication any such vessel shall while within such limits so anchor, fasten, or lay, it shall be lawful for the commissioners to cause the same to be removed out of the said limits, and it shall be the duty of the conservator of the port to aid and assist the commissioners in so removing such vessel. Any person guilty of any breach of the provisions of this section shall be liable to a fine not exceeding fifty rupees for every such breach.

Tolls to be levied.

**LXV.** The commissioners shall frame a scale of tolls, dues, rates and charges for the landing and shipment of goods from and into sea-going vessels at the wharves, quays, stages, jetties and piers, erected under this Act, and for the use thereof by such vessels, and for the storing and keeping of any goods stored in any premises belonging to them, and for the removal of goods and for the use of any moorings laid down or acquired under the provisions of this Act or of Act X. of 1866, or of Act IV. of 1869, respectively passed by the Lieutenant-Governor of Bengal in Council. And also a scale of tolls, dues, and rates for the landing and shipment of goods into and out of any vessel (not being a sea-going vessel), and also a scale of tolls for the use of the said wharves, quays, moorings, stages, jetties, and piers by any such vessel, in case the commissioners shall permit the goods to be landed or shipped by others than their own officers and servants, and also a scale of charges for any services to be performed by the commissioners or their servants in respect of any vessel or goods or for the use of any works or appliances to be provided by the commissioners. Such scale of tolls, dues, rates and charges shall be adopted by a resolution of the commissioners at a meeting, and shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and after receiving his approval shall be published by the commissioners in the *Calcutta Gazette*, and may from time to time, subject to the like approval and publication, be in like manner altered.

Power to impose rates on all goods to provide for payment of debt.

**LXVI.** If on the preparation of the estimate of any year, it shall appear that the estimated income of the commissioners for such year, after deducting therefrom the estimated expen-

জেটী ও সেতু ভিন্ন পূর্ব্ব নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত কোন স্থানে মাল তুলিতে কি নামাইতে পারিবে না ও উক্ত সীমার মধ্যে থাকনকালে তদ্রূপ জলযান কমিশ্যনরদের অনুমতি না পাইয়া সার ভাটার জলের সাধারণ দাগহইতে পঞ্চগজের মধ্য কোন স্থানে লঙ্গর করিতে কি বদ্ধ হইতে কি থাকিতে পাইবে না। উক্ত প্রকারের জ্ঞাপনী ও কথা প্রকাশ হইলে পর যদি উক্ত কোন জলযান সেই সীমার মধ্যে থাকনকালে তদ্রূপে লঙ্গর করে কি বদ্ধ হয় কি থাকে কমিশ্যনরেরা তাহা সেই সীমার বহিষ্কৃত করাইয়া দিতে পারিবেন ও সেই কার্য্যে কমিশ্যনরদের সাহায্য ও সহায়তা করা বন্দররক্ষকের কর্ত্তব্য হইবে। কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লঙ্ঘনাপরাধী হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মাস্থল আদায় করিবার কথা।

৬৫ ধারা। এই আইনমতে সমুদ্রগামি জলযানের ব্যবহারার্থে যে ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু করা যায়, সেই ওয়ার্ফ প্রভৃতি মাল তুলিবার ও নামাইবার নিমিত্ত, এবং কমিশ্যনরদের কোন ভূম্যাদিতে মাল সংগ্রহ করিবার ও সংগ্রহ করিয়া রাখিবার নিমিত্ত, এবং মাল লইয়া যাইবার নিমিত্ত, এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত এই আইনের কিম্বা ১৮৬৬ সালের ১০ আইনের কিম্বা ১৮৬৯ সালের ৪ আইনের বিধানমতে যে বয়া ফেলা যায় কি প্রাপ্ত হওয়া যায়, তাহার ব্যবহারের নিমিত্ত যে হারে মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী লওয়া যাইবে, কমিশ্যনরেরা ইহার নির্ঘণ্টপত্র করিবেন। আরো সমুদ্রগামি জলযানভিন্ন কোন জলযানের মাল তুলিবার ও নামাইবার নিমিত্ত যে হারে মাস্থল ও শুল্ক ও রেট লওয়া যাইবে, এবং কমিশ্যনরেরা আপনারদের কর্ম্মকারক ও চাকরভিন্ন অন্য লোকদ্বারা উক্ত প্রকারের জলযানের মাল তুলিবার কি নামাইবার অনুমতি দিলে, সেই জলযানদ্বারা উক্ত ওয়ার্ফের ও মালতোলা পোস্তার ও বয়ার ও ষ্টেজের ও জেটীর ও সেতুর ব্যবহারের নিমিত্ত যে হারানুসারে মাস্থল লওয়া যাইবে তাহার নির্ঘণ্টপত্র এবং কমিশ্যনরেরা কি তাঁহারদের কার্য্যকারকেরা কোন জলযান কি মাল সম্পার্কীয় কোন কর্ম্ম করিলে তজ্জন্যে কিম্বা কমিশ্যনরদের প্রস্তুত কোন বিষয়ের কি উপকরণের ব্যবহারার্থে যত টাকা দাবী করিতে পারিবেন ইহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। কমিশ্যনরগণ অধিবেশনকালে নির্দ্ধারণ করণপূর্ব্বক ঐ মাস্থলের ও শুল্কের ও রেটের হার নিরূপণ করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পিত হইবে। তিনি অনুমোদন করিলে তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। এবং সময়ে২ সেই প্রকারে অনুমোদিত ও প্রকাশিত হইয়া পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

ঋণ শোধ করিবার জন্যে দ্রব্যের উপর মাস্থল ধার্য্য করিবার কথা।

৬৬ ধারা। এই আইনের বিধানমতে কোন বৎসর ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য যত টাকা দেওয়া কর্ত্তব্য আয়-

diture of such year to be incurred under this Act, will be insufficient for the payment of the sums which under the provisions of this Act will be payable during such year to the Secretary of State for India in Council, or if at any time in the course of a year it may appear that the actual income of such portion of the year as may have then elapsed and the estimated income of the residue of such year, after deducting therefrom the actual expenditure of such past portion and the estimated expenditure of such residue, will be so insufficient, then and in every such case, the commissioners shall upon the requisition in writing of the Lieutenant-Governor of Bengal, from time to time and to the extent requisite in every case, charge upon all goods landed from or shipped into any vessel lying or being within the limits of the port, whether such goods shall or shall not be so landed or shipped at any wharf, quay, stage, jetty, or pier belonging to the commissioners, such tolls, dues, rates, and charges, in addition to or other than those prescribed by any scale of tolls, dues, rates, and charges for the time being in force under the provisions of Section LXV, as will when added to the said income of the year, suffice, as nearly as may be, for the payment of the said sums in full. Such tolls, dues, rates, and charges shall be fixed and adopted by a resolution of the commissioners at a meeting and shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and if the same shall be approved by him shall be published in the *Calcutta Gazette* and shall forthwith come into operation and remain in operation until altered or revoked by the commissioners at a meeting with the sanction of the Lieutenant-Governor of Bengal, and shall be leviable and recoverable in like manner as any other tolls, dues, rates, and charges payable under this Act.

ব্যয়ের অনুমানপত্রানুসারে কমিশ্যনরদের সেই বৎসর যত আয় সম্ভাবনা এই আইনমত অনুমানপত্রানুযায়ি ব্যয় বাদে অবশিষ্ট আয়ে ঐ ঋণ শোধ করিতে কুলাইবে না, কোন বৎসরের অনুমানপত্র প্রস্তুত করণকালে ইহা দৃষ্ট হইলে, অথবা বৎসরের মধ্য কোন সময়ে গত কএক মাসের যত টাকা আয় হইয়াছে ও ঐ বৎসরের অবশিষ্ট কালে যত টাকা আয়ের সম্ভাবনা, তাহাহইতে পূর্ব্বোক্ত কএক মাসের খরচ ও অবশিষ্ট কএক মাসের সম্ভাবিত খরচ বাদ দিলে উক্ত প্রকারে অকুলান হইবে দৃষ্ট হইলে, বন্দরের সীমার মধ্যে যে কোন জলযান থাকে তাহাহইতে যত দ্রব্য নামান গেল ও তাহাতে যত দ্রব্য তোলা গেল, সেই দ্রব্য কমিশ্যনরদের কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুকে তোলা গেলে কি নামান গেলে কি না গেলেও ৬৩ ধারার বিধানমতে মাস্থলের ও শুল্কের ও রেটের ও দাবির যে হার তৎকালে প্রবল থাকে তদতিরিক্ত কি তদ্ভিন্ন যত মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ঐ বৎসরের উক্ত আয়ের উপর চড়াইয়া দিলে উক্ত পূরা টাকা দেওনের নিমিত্তে প্রায় কুলাইতে পারে কমিশ্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত আদেশ পাইয়া ঐ সকল দ্রব্যের উপর তত মাস্থলাদি ধার্য্য করিতে পারিবেন। ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী যে হারে লওয়া যাইবে কমিশ্যনরেরা অধিবেশন কোলে ইহা নির্ণয় করিলে, তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পিত হইবে। তিনি অনুমোদন করিলে তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ও তৎক্ষণাৎ প্রচলিত হইবে এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে কমিশ্যনরদের অধিবেশনকালে মতান্তরিত কি রহিত না হওনপর্য্যন্ত প্রচলিত থাকিবে এবং এই আইনমতে অন্য যে মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী দিতে হয় তাহার ন্যায় লওয়া যাইতে ও আদায় হইতে পারিবে ইতি।

LXVII. In case the commissioners shall for fifteen days after the receipt by them of any such requisition from the Lieutenant-Governor of Bengal as in Section LXVI is mentioned, neglect or refuse to charge such tolls, dues, rates, and charges, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta Gazette* to charge such tolls, dues, rates, and charges, and the tolls, dues, rates, and charges, mentioned in such order shall have such and the same effect as if they had been fixed and adopted by the commissioners at a meeting and approved by the Lieutenant-Governor and published in the *Calcutta Gazette* as in Section LXVI is mentioned.

On failure of commissioners Lieutenant-Governor may impose such rates.

৬৭ ধারা। কমিশ্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে ৬৬ ধারার উল্লিখিত আদেশ পাইলে পর যদি পঞ্চদশ দিন পর্য্যন্ত ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ধার্য্য করিতে আলস্য কি অনঙ্গীকার করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ধার্য্য করিতে পারিবেন। ও সেই মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী কমিশ্যনরদের অধিবেশন কালে নির্দ্ধারিত ও স্বীকৃত ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইয়া ৬৪ ধারার উল্লিখিতমতে কলিকাতা গেজেটে প্রকাশ হইলে যদ্রূপ ফলবৎ হইত তত্তুল্য ফলবৎ হইবে ইতি।

কমিশ্যনরদের ত্রুটি হইলে লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সেই মাস্থল ধার্য্য করিবার কথা।





LXVIII. For the amount of all tolls, charges, dues, and rates duly leviable under this Act in respect of any goods, the commissioners shall have a lien on such goods and shall be entitled to seize and detain the same until such tolls, rates, and dues are fully paid. Tolls, rates, and dues in respect of goods to be landed shall become payable immediately on the landing of the goods. Tolls, rates, and dues in respect of goods to be removed from the premises of the commissioners or to be shipped for export, shall be payable before the goods are removed or shipped. The lien for such tolls, rates, and dues shall have priority over all other liens and claims, except for general average, for the ship-owner's lien for freight upon the said goods where such lien exists and has been preserved in the manner hereinafter provided, for primage, and for money payable to Her Majesty or the Secretary of State for India in Council under any law for the time being in force. Provided that nothing in this Act shall affect any power or authority vested in the chief officer of customs under any law for the time being in force.

Recovery of tolls in arrear.

৬৮ ধারা। এই আইনমতে কোন মালের যে সকল মাস্থল ও দাবী ও শুল্ক ও রেট উপযুক্তমতে আদায় হইতে পারে, তাহার টাকার জন্যে ঐ মালের উপর কমিশ্যনরদের দাওয়া থাকিবে ও সেই মাস্থল ও রেট ও শুল্ক যত কাল সম্পূর্ণরূপে না দেওয়া যায় তত কাল তাঁহারা সেই মাল আটক করিয়া রাখিতে পারিবেন। যে মাল জলযানহইতে নামাইতে হইবে, তাহা নামান গেলেই তাহার উপর মাস্থল ও রেট ও শুল্ক দেনা হইবে। কমিশ্যনরদের ভূম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্নদেশে চালান করিবার জন্যে জাহাজে তুলিয়া দিতে হইবে তাহা স্থানান্তর করিবার কিম্বা জাহাজে তুলিয়া দিবার পূর্ব্বে তাহার মাস্থল ও রেট ও শুল্ক দেনা হইবে। ঐ মাস্থলের ও রেটের ও শুল্কের জন্যে যে দাওয়া তাহা অন্য সকল দাওয়ার ও দাবীর অগ্রগণ্য হইবে, কেবল মাল রক্ষা করাপ্রযুক্ত জাহাজের অধ্যক্ষের যে পারিতোষিক পাওনা হয়, এবং ভাড়ার নিমিত্তে ঐ মালের উপর জাহাজের স্বামির দাওয়া থাকিলে ও সেই দাওয়া এই ধারার পশ্চাৎ লিখিত কোন ধারাক্রমে রক্ষিত হইলে সেই দাওয়া, এবং জাহাজের অধ্যক্ষের প্রাইমেজ বলিয়া যে শুল্ক পাওনা হয় তাহার দাওয়া ও যৎকালীন যে আইন প্রবল থাকে তদনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি কিম্বা ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি যে টাকা দাতব্য হয় তাহার দাওয়া অগ্রগণ্য হইবে। কিন্তু যৎকালীন যে আইন প্রচলিত থাকে তদনুসারে কষ্টমের প্রধান কার্য্যকারকের প্রতি যে কোন শক্তি কি ক্ষমতা অর্পিত হয়, এই আইনের কোন কথাক্রমে তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

বাকী মাস্থল আদায় করিবার কথা।

LXIX. In any case in which goods, without any default on the part of the commissioners, shall have been left for two days on or in any wharf or shed belonging to the commissioners, it shall be lawful for the commissioners to remove such goods, or cause the same to be removed either to any warehouse belonging to them, or with the consent of the chief officer of customs, to the public warehouses, and the removal to and detention in any such warehouse shall be at the risk and expense of the owners of the said goods. Whenever any goods shall be so removed the commissioners shall give notice to the consignee or owner of such goods of such removal, if his address be known, by letter sent by post to such address or left thereat, and shall also publish in the *Calcutta Gazette* notice of such removal and shall specify therein the numbers, marks, and descriptions of such goods so far as the same appear, and the consignee or owner of such goods, in addition to the expenses of the removal of the same, shall be liable, in case the goods shall be removed to any warehouse or store of the commissioners, to a charge for warehousing

Goods may be removed to public warehouses.

৬৯ ধারা। কমিশ্যনরদের কোন দোষভিন্ন মাল দুই দিন পর্য্যন্ত কমিশ্যনরদের কোন ওয়ার্ফে কি শেডে পড়িয়া থাকিলে, তাঁহারা আপনারদের কোন গুদামঘরে কিম্বা কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের অনুমতি লইয়া রাজকীয় কোন গুদামঘরে সেই মাল স্থানান্তর করিয়া কি করাইয়া রাখিতে পারিবেন। সেই গুদামঘরে ঐ মাল আনাইবার ও রাখিবার যে খরচ লাগে তাহা ঐ মালের স্বামিদের দিতে হইবে। এবং স্বামির কি কানসাইনীর বাসস্থান জানিলে, সেই বাসস্থানে লোকের হাতে কিম্বা ডাকযোগে নোটিস পাঠাইয়া তাহাকে ঐ মাল স্থানান্তর হইবার সম্বাদ দিবেন। এবং তদ্রূপ স্থানান্তর করিবার নোটিস কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন এবং সেই সকল দ্রব্যের যেং নম্বর ও চিহ্ন ও বর্ণনা দেখা যাইতে পারে তাহাও সেই নোটিসে নির্দ্দিষ্ট করিবেন ঐ মাল কমিশ্যনরদের কোন গুদামঘরে কি গোলাতে রাখা গেলে, তাহার স্থানান্তর করিবার খরচভিন্ন সেই মাল যত কাল ঐ গুদামঘরে থাকে তত কাল ঐ কানসাইনীর কি স্বামির ঐ গুদামে মাল রাখিবার ভাড়াও দিতে হইবে। ঐ মাল রাজকীয় গুদামঘরে রাখা গেলে, ঐ কানসাইনী কি স্বামী ঐ রাজকীয় গুদামঘরে মাল রাখিবার ভাড়ার দায়ী হইবেন এবং কমিশ্যনরদের অধিকারে থাকিলে ঐ মালের উপর যে সকল দায় বর্ত্তে তাহাই বর্ত্তিতে থাকিবে, এবং

রাজকীয় গুদামে মাল রাখিবার কথা।

for the time during which the goods shall remain in the said warehouse. In case the said goods shall be removed to the public warehouses, then the said consignee or owner shall be liable to the charges for warehousing goods in such public warehouses, and the said goods shall remain subject to all liens to which they would have been liable if they had remained in the possession of the commissioners, and to the power of sale hereinafter given.

Lien for freight preserved after landing of goods if notice of lien be given.

**LXX.** If the master or owner of any vessel or his agent, at or before the time of landing from such vessel any goods at any wharf, quay, stage, jetty, or pier erected under this Act, shall give to the commissioners notice in writing that such goods are to remain subject to a lien for freight or other charges payable to the ship-owner to an amount to be mentioned in such notice, such goods shall continue liable to the same lien, if any, for such charges as they were subject to before the landing thereof. Such goods shall be retained either in the warehouses and sheds of the commissioners, or, with the consent of the chief officer of customs, in the public warehouses, at the risk and expense of the owners of the said goods, until the lien is discharged as hereinafter mentioned.

Discharge of lien by payment or release.

**LXXI.** Upon the production to the officer of the commissioners in that behalf of a document purporting to be a receipt for the amount claimed as due, or a release of freight from the person by or on whose behalf such notice shall have been given, it shall be lawful for the commissioners to permit such goods to be removed without regard to such lien, provided they shall have used reasonable care in respect to the authenticity of such document.

If tolls not paid, or the lien for freight is not discharged, goods may be sold after the expiration of two months.

**LXXII.** If the tolls, rates, and dues payable to the commissioners in respect of any goods under this Act, are not paid, or if the lien of the ship-owner for freight where such notice as aforesaid has been given is not discharged, the commissioners may, and in the latter event if required by or on behalf of the person claiming such lien for freight, shall, at the expiration of two months from the time when the goods were placed in their custody, or if the goods are of a perishable nature at such earlier period, being not less than twenty-four hours after the landing of the goods, as they shall think fit, sell by public auction the said goods, or so much as may be

নিম্নভাগে তাহা বিক্রয় করিবার যে ক্ষমতা দেওয়া গেল ঐ মালের পক্ষে সেই ক্ষমতা বর্ত্তিবে ইতি।

মাল নামাইবার পর তাহার উপর ভাড়ার নিমিত্ত দাওয়া থাকার সম্বাদ দেওয়া গেলে সেই দাওয়ার কথা।

৭০ ধারা। এই আইনমতে যে ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি স্টেজ কি জেটী কি সেতু করা যায় জাহাজহইতে সেই ওয়ার্ফ প্রভৃতিতে মাল নামাইবার সময়ে কি তৎপূর্ব্বে, ভাড়ার কিম্বা অন্য দাবির নিমিত্তে জাহাজের স্বামির পাওনা এত টাকার নিমিত্তে ঐ মালের উপর দায় থাকাতে তাহা রাখিতে হইবে, জাহাজের স্বামী কিম্বা অধ্যক্ষ কিম্বা তাহার এজেণ্ট কমিশ্যনরদিগকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে, মাল নামাইবার পূর্ব্বে যে দাবীর জন্যে তাহার উপর দায় থাকে মাল নামান গেলে পর সেই দাবীর জন্যে তাহার উপর সেই দায় থাকিবে। নিম্নলিখিত প্রকারে দায়হইতে মুক্ত না হওনপর্য্যন্ত সেই মাল কমিশ্যনরদের গুদামঘরে ও শেডে রাখা যাইবে, কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের অনুমতিক্রমে রাজকীয় গুদামঘরে রাখা যাইবে, ইহাতে কোন ক্ষতি হইলে কি খরচ লাগিলে তাহা ঐ মালের স্বামিদের শিরে পড়িবে ইতি।

টাকা দেওন দ্বারা ও মুক্তিপত্র দ্বারা দায়হইতে মুক্ত হওয়ার কথা।

৭১ ধাধা। পাওনা বলিয়া যত টাকার দাওয়া হয় কমিশ্যনরদের সেই কর্ম্মে নিযুক্ত কর্ম্মকারকের নিকট সেই টাকার রসীদ বলিয়া কোন পত্র দেখান গেলে কিম্বা যাঁহার দ্বারা কি যাঁহার পক্ষে ঐ নোটিস দেওয়া গেল তাঁহার স্থানে ভাড়াহইতে মুক্তিপত্র বলিয়া পত্র দেখান গেলে কমিশ্যনরেরা ঐ দায়ের প্রতি লক্ষ্য না করিয়া ঐ মাল লইয়া যাইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু ঐ পত্র প্রকৃত কি না এই বিষয়ে তাঁহারদের যুক্তিমতে সতর্ক থাকা অবশ্যক ইতি।

মাস্থুল না দেওয়া গেলে কিম্বা দায়হইতে মাল মুক্ত না করা গেলে দুই মাসের পর তাহা বিক্রয় করিবার কথা।

৭২ ধারা। এই আইনমতে উক্ত মাল সম্পর্কে কমিশ্যনরদের যে মাস্থুল ও রেট ও শুলক প্রাপ্য হয় তাহা শোধ না হইলে, কিম্বা যে স্থলে পূর্ব্বোক্ত নোটিস দেওয়া যায়, এমত স্থলে ভাড়ার নিমিত্ত জাহাজের স্বামির দাওয়া শোধ না হইলে, তাঁহাদের রক্ষণে মাল অর্পণ হইবার পর দুই মাস গত হইলে, কিম্বা আশুক্ষয়ণীয় দ্রব্য হইলে ঐ দ্রব্য নামাইবার সময়াবধি চব্বিশ ঘন্টার অন্যূন তাঁহারা যে সময় বিহিত বোধ করেন সেই সময়ে নীলামদ্বারা সেই মাল কিম্বা তাহার যে অংশদ্বারা নিম্নলিখিত দাবির শোধ হইতে পারে তাহা বিক্রয় করিতে পারিবেন। কিন্তু ভাড়ার দাবীদারের দ্বারা কিম্বা তাহার সপক্ষ আদেশ হইলে অবশ্য বিক্রয় করিবেন। নীলাম করিবার পূর্ব্ব দশ দিন থাকিতে





necessary to satisfy the amounts hereinafter directed to be paid out of the produce of such sale. Before making such sale, ten days' notice of the same shall be given by publication thereof in the *Calcutta Gazette*, unless the goods are of so perishable a nature as in the opinion of the officer of the commissioners in that behalf to render immediate sale necessary or advisable, in which event such notice shall be given as the urgency of the case admits of. If the address of the owner of the goods has been stated on the manifest of the cargo, or in any of the documents which have come into the hands of the commissioners, or is otherwise known, notice shall also be given to the owner of the goods by letter delivered at such address or sent by the post: but the title of a *bonâ fide* purchaser of such goods shall not be invalidated by reason of the omission to send the notice hereinbefore mentioned, nor shall any such purchaser be bound to inquire whether such notice has been sent.

Application of proceeds of sale.

**LXXIII.** In every case of any such sale as aforesaid, the moneys received from the sale shall be applied as follows:—

*1st.*—In payment of the expenses of the sale.

*2ndly.*—In payment according to their respective priorities of the liens and claims excepted in Section LXVIII from the priority of the liens of the commissioners for tolls, rates, and dues.

*3rdly.*—In payment of the tolls, charges, and expenses of landing, removing, storing or warehousing the same, and of all other charges due to the commissioners under this Act in respect thereof.

The surplus, if any, shall be paid to the importer, owner, or consignee of the goods, or to his agent, on his applying for the same; provided such application be made within one year from the sale of the goods, or good reason be shewn why such application was not so made to the satisfaction of the commissioners; and in case such application shall not be so made, nor reason shewn, such surplus shall be held by the commissioners upon trust for the purposes of this Act.

Power to distrain vessels for non-payment of tolls.

**LXXIV.** If the master of any vessel in respect of which any tolls, dues, rates, penalties, or charges shall be payable under this Act, or any rules or orders made in pursuance thereof, shall refuse or neglect to pay the same or any part thereof on demand, it shall be lawful for the commissioners to apply to the collector of customs of the port of Calcutta, and such collector shall distrain or arrest of his own

কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক ঐ নীলাম হইবার সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু দ্রব্য আশুক্ষয়ণীয় প্রযুক্ত কমিশ্যনেরদের তৎকর্ম্মে নিযুক্ত কার্য্যকারকের বিবেচনায় অবিলম্বে বিক্রয় করা বিহিত কি আবশ্যক হইলে ঐ আবশ্যক স্থলে যত কালের সম্বাদ দেওয়া যাইতে পারিবে তাহার উক্ত প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ করা যাইবে। মালের মানিফেস্টে অর্থাৎ তফসীলে কিম্বা কমিশ্যনরদের হস্তগত কোন নিদর্শন পত্রে যদি ঐ মালের স্বামির নিবাসাদি লেখা থাকে কিম্বা অন্য প্রকারে জানা যাইতে পারে, তবে ঐ স্বামির নিকট লোকের হাতে কিম্বা ডাকযোগে পত্র লিখিয়া তাঁহাকেও ঐ সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যে ব্যক্তি সরলভাবে ঐ মাল ক্রয় করে, স্বামিকে উক্ত সম্বাদ না দেওয়া গেলেও ঐ ক্রেতার অধিকারের ব্যাঘাত হইবে না, এবং ঐ সম্বাদ প্রেরণ হইয়াছে কি না ক্রেতার এই প্রশ্ন করা আব্যশক নয় ইতি।

নীলামের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

৭৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকাকের নীলাম হইলে যে টাকা পাওয়া যায় তাহ এইরূপে প্রয়োগ হইবে।

প্রথম। নীলামের খরচ দেওয়া যাইবে।

দ্বিতীয়। মাস্থুলের ও রেটের ও দাবির নিমিত্তে কমিশ্যনরদের যে দাওয়া অগ্রগণ্য, ৬৮ ধারামতে তদ্ব্যতীত দাওয়ার ও দাবীর অগ্রগণ্যতাক্রমে তাহা শোধ হইবে।

তৃতীয়। ঐ মালের উপর মাস্থুল ও দাবী ও জাহাজহইতে নামাইবার ও স্থানান্তর ও গুদামজাত করিবার ও গুদামে রাখিবার খরচ এবং এই আইনমতে কমিশ্যনরদের সেই মালের সম্পর্কে অন্য যাহা পাওনা হয় তাহা শোধ হইবে।

তাহার পর উদ্বর্ত্ত থাকিলে, যে ব্যক্তি মাল আনাইয়াছ সে কিম্বা মালের স্বামী কি কানসাইনী কি তাহার এজেণ্ট প্রার্থনা করিলে তাহাকে দেওয়া যাইবে। কিন্তু মালের নীলাম হইবার সময়াবধি এক বৎসরের মধ্যে প্রার্থনা করিতে হইবে কিম্বা কমিশ্যনরদের হৃদ্বোধমতে তৎকালে প্রার্থনা না করিবার যথোচিত কারণ দেখইতে হইবে। তদ্রূপ প্রার্থনা না হইলে ও কারণ দর্শান না গেলে সেই উদ্বর্ত্ত টাকা এই আইনের কার্য্যের নিমিত্তে কমিশঃনরদের হাতে ন্যাসস্বরূপ থাকিবে ইতি।

মাস্থুল না দেওয়া গেলে জাহাজ ক্রোক করিবার ক্ষমতার কথা।

৭৪ ধারা। কোন জাহাজের মাস্থুল কি শুল্ক কি রেট কি দণ্ড কি দাবী এই আইনমতে কিম্বা তদনুযায়ি কোন বিধি কি আজ্ঞামতে প্রাপ্য হইলেও যদি ঐ জাহাজের অধ্যক্ষ দাওয়ামতে সেই টাকা কি তাহার কোন অংশ দিতে অনঙ্গীকার কি অবজ্ঞা করেন, তবে কমিশ্যনরেরা কলিকাতা বন্দরের কষ্টমের কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা করিলে ঐ কালেক্টর সাহেব আপনার ক্ষমতাক্রমে সেই

authority such vessel, and the tackle, apparel, and furniture belonging thereto, or any part thereof, and detain the same until the amount so due to the commissioners shall be paid; and in case any part of the said tolls, dues, rates, penalties or charges, or of the costs of the distress or arrestment, or of the keeping of the same, shall remain unpaid for the space of five days next after any such distress or arrestment shall have been so made, the collector of customs may cause the vessel or other thing so distrained or arrested to be sold, and with the proceeds of such sale may satisfy such tolls, dues, rates, penalties or charges and costs, including the costs of sale, remaining unpaid, rendering the surplus (if any) to the master of such vessel on demand.

LXXV. If the commissioners shall give to the officer of Government whose duty it shall be to grant the port-clearance of any vessel, a notice stating that an amount therein specified is due in respect of tolls, dues, rates or charges or penalties chargeable under this Act, or any bye-laws rules or orders made in pursuance thereof, against such vessel, or the owner or master of such vessel in respect thereof, or against or in respect of any goods on board such vessel, such officer shall not grant such port-clearance until the amount so chargeable shall have been paid.

*Port-clearance not to be granted till tolls paid.*

LXXVI. In case any damage or mischief shall be done to any wharves, quays, jetties, piers, or works constructed or acquired by the commissioners under the provisions of this Act by any vessel, through the negligence of any person having the guidance or command thereof, or of any of the mariners or persons employed therein, it shall be lawful for any magistrate of the town of Calcutta, on the application of the commissioners, to issue a summons to the master of or agent for such vessel requiring him to attend on a day and at an hour named in the summons to answer touching such damage or mischief. If at the time appointed in the summons, and whether the person summoned shall appear or not, it shall be made out to the satisfaction of the magistrate that the alleged damage was done through such negligence as aforesaid, and that the pecuniary amount of the same does not exceed two hundred rupees, it shall be lawful for the magistrate to issue his warrant of distress under which a sufficient portion of the boats, masts, spars, ropes, cables, anchors or stores of the vessel may be

*Compensation for damage to the property of commissioners.*

জাহাজ ও তাহার রসী কাচী ও সরঞ্জাম কিম্বা তাহার কোন অংশ ক্রোক কি ধৃত করিয়া কমিশ্যনরদের প্রাপ্য না দেওনপর্য্যন্ত আটক করিয়া রাখিতে পারিবেন। তদ্রূপে ক্রোক কি আটক করণের পর পাঁচ দিন পর্য্যন্ত যদি ঐ মাসুল কি শুল্ক কি রেট কি দণ্ড কি দাবীর কোন অংশ কিম্বা ক্রোক কি আটক করণের খরচের কোন অংশ শোধ না হইয়া থাকে, তবে কষ্টমের কালেক্টর সাহেব সেই জাহাজ কিম্বা ক্রোক কি আটক করা দ্রব্য বিক্রয় করাইবেন ও বিক্রয় দ্বারা প্রাপ্ত টাকাহইতে ঐ মাশুল ও শুল্ক ও রেট ও দণ্ড ও দাবী ও বিক্রয়ের খরচ শুদ্ধ যত খরচ শোধ না হইয়া থাকে তাহা দিয়া অবশিষ্ট টাকা ঐ জাহাজের অধ্যক্ষের দাওয়ামতে তাঁহাকে দিবেন ইতি।

৭৫ ধারা। বন্দরহইতে কোন জাহাজের যাইবার অনুমতিপত্র প্রদান করিবার ভার গবর্ণমেণ্টের যে কার্য্যকারকের প্রতি থাকে এই আইনমতে কিম্বা তদনুযায়ি কোন বিধি কি উপবিধি কি আজ্ঞামতে যেং মাসুল ও শুল্ক ও রেট ও দাবী ও দণ্ড প্রাপ্য হয় তজ্জন্যে ঐ জাহাজের পক্ষে কিম্বা জাহাজের স্বামির কি অধ্যক্ষের স্থানে কিম্বা জাহাজগত কোন মালের উপর কি তজ্জন্যে ঐ নোটিসের লিখিত এত টাকা পাওনা আছে কমিশ্যনরেরা তাঁহাকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে সেই দাবীর টাকা যতকাল শোধ না হয় তত কাল তিনি বন্দরহইতে ঐ জাহাজের যাইবার অনুমতিপত্র দিবেন না ইতি।

*মাসুল না দেওনপর্য্যন্ত বন্দরহইতে যাইবার অনুমতিপত্র না দেওনের কথা।*

৭৬ ধারা। এই আইনের বিধানমতে যে ওয়াফ কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি অন্য বিষয় কমিশ্যনরদের নির্ম্মিত কি প্রাপ্ত হয় জাহাজের তত্ত্বাবধারণের কি অধ্যক্ষতার ভারপ্রাপ্ত কোন ব্যক্তির কিম্বা জাহাজগত নাবিকদের কি ব্যক্তিদের অমনোযোগে ঐ জাহাজদ্বারা সেই ওয়াফ প্রভৃতির ক্ষতি কি হানি হইলে কমিশ্যনরদের প্রার্থনামতে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেট ঐ জাহাজের অধ্যক্ষের কি এজেণ্টের নামে আহ্বানপত্র দিয়া তাহাকে ঐ আহ্বানপত্রের লিখিত দিনে ও সময়ে ঐ ক্ষতির কি হানির উত্তর দিবার জন্যে উপস্থিত হইবার আজ্ঞা করিবেন। আহ্বানপত্রের নিরূপিত সময়ে আহূত ব্যক্তি উপস্থিত হউক বা না হউক, পূর্ব্বোক্ত অমনোযোগক্রমে কথিত ক্ষতি করা গিয়াছে, এবং মূল্য ধরিলে দুই শত টাকার অধিক ক্ষতি হয় নাই ইহা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তিনি ক্রোকের পরওয়ানা দিতে পারিবেন। তদনুসারে জাহাজের নৌকা, মাস্তুল, ফালতুবুস, রসী, কাচী, লঙ্গর, সরঞ্জামপ্রভৃতি যত দ্রব্য ক্রোক ও নীলাম করা প্রয়োজন তত দ্রব্য ক্রোক ও নীলাম করা যাইবে। তদুৎপন্ন টাকাহইতে ক্রোক করিবার ও তৎসম্পার্কীয় খরচ ও পূর্ব্বোক্ত হানির টাকা শোধ হইবে ও সেই টাকা কমিশ্যনরদিগকে দেওয় যাইবে। কিন্তু ঐ ক্ষতি কি হানি হওন সময়ে জাহাজ যদি আড়কাটী কর্ম্মবিভাগের কিম্বা হারবর মাষ্টরের

*কমিশ্যনরদের সম্পত্তির হানিপূরণের কথা।*





seized and sold to cover the expenses of and attending the execution of the distress and the pecuniary amount of damage as aforesaid, and such amount shall be paid to the commissioners out of the proceeds of the distress. Provided that if at the time of the damage or mischief the vessel was under the orders of a duly authorized officer belonging to the pilot service or the harbour master's or master attendant's department, the case shall not be cognizable by the magistrate under this section.

LXXVII. Any person who wilfully deposits, or permits his servants to deposit, any dust, dirt, dung, ashes, refuse or filth of any kind, or any animal matter or any broken glass, earthenware or rubbish, in or upon any wharf, quay, stage, jetty, or pier belonging to the commissioners, or in or upon any part of the river bank within the port, shall be liable to a fine not exceeding ten rupees for each offence.

*Sanitary provisions.*

LXXVIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to define the limits of the port for the purposes of this Act, and from time to time, by any notice to be in like manner published, to alter, vary, or revoke the same or any part thereof, and by the same or any other order to be in like manner published to define other limits of the port and the limits so defined in any such order shall, while such order is in force, be for the purposes of this Act the limits of the port. Provided, however, that until such order shall be published, the limits of the port as for the time being defined by a declaration made by the Government of Bengal under the provisions of Act XXII of 1855, passed by the Legislative Council of India, shall for the purposes of this Act be the limits of the port.

*Limits of the port of Calcutta how to be defined.*

LXXIX. Every charge of an offence against any provision of this Act, or of any rule, order or bye-law made under the provisions of this Act, alleged to have been committed within the town of Calcutta, shall be heard and determined in a summary way by some police magistrate of Calcutta, according to the provisions of the law for the time being regulating the procedure of the court of such police magistrate.

*Jurisdiction as to offences committed within Calcutta.*

LXXX. Every charge of an offence against the provisions of this Act, or of any rule, order or bye-law made under the provisions of this Act, alleged to have been committed out of Calcutta,

*Jurisdiction as to offences committed out of Calcutta.*



কি মাষ্টর আটেণ্ডেণ্টের কর্ম্মবিভাগের উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কোন কার্য্যকারকের আজ্ঞাধীন থাকে, তবে ঐ মোকদ্দমা এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য হইবে না ইতি।

৭৭ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদের কোন ওয়াফে কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে কিম্বা বন্দরের অন্তর্গত নদীর তীরের কোন ভাগে ইচ্ছাপূর্ব্বক কোন জঞ্জাল কি ময়লা দ্রব্য কি বিষ্ঠা কি ছাই কি উচ্ছিষ্ট কিম্বা কোন প্রকারের গলিজ কিম্বা পশুর উদ্‌ভূত দ্রব্য কি ভাঙ্গা গেলাস কি মাটির পাত্র কি রাবিশ ফেলিলে কিম্বা চাকরদিগকে ফেলিতে দিলে, উক্ত প্রত্যেক অপরাধহেতুক তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

*স্বাস্থ্যার্থ বিধান।*

৭৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই আইনের কার্য্যহেতুক বন্দরের সীমা নিরূপণ করিতে পারিবেন। এবং সময়েং সেই প্রকারে জ্ঞাপনপত্র প্রকাশকরণ পূর্ব্বক সেই সীমা কি তাহার কোন অংশ পরিবর্ত্তন কি মতান্তর কি অন্যথা করিতে পারিবেন, এবং সেই কি অন্য আজ্ঞা তদ্রূপেই প্রকাশ করিয়া বন্দরের অন্য সীমা নিরূপণ করিতে পারিবেন। সেই আজ্ঞা যত কাল প্রবল থাকে তত কাল এই আইনের কার্য্যপক্ষে সেই অনুজ্ঞাপত্রের প্রকাশিত সীমা বন্দরের সীমা হইবে। তদ্রূপ আজ্ঞা যত কাল প্রকাশ না করা যায়, তত কাল ভারতবর্ষের ব্যবস্থা স্থাপনার্থ মন্ত্রিসভার প্রণীত ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের বিধানমতে বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্দেশবাক্যে যে সীমা নির্ণয় হয়, তাহাই এই আইনের কার্য্যপক্ষে ঐ বন্দরের সীমা হইবে ইতি।

*কলিকাতা বন্দরের সীমা নিরূপণের কথা।*

৭৯ ধারা। কলিকাতা নগরের মধ্যে এই আইনের বিধান বিরুদ্ধ কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধির কি আজ্ঞার কি উপবিধির বিরুদ্ধ অপরাধ করা গিয়াছে এমত অভিযোগ হইলে কলিকাতার পোলীস মাজিষ্ট্রেটের আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক যে আইন যে সময়ে প্রচলিত থাকে তদনুসারে ঐ পোলীসের কোন মাজিষ্ট্রেট সেই অপরাধ সংক্রান্ত অভিযোগ শুনিয়া স্থূলানুসন্ধানক্রমে নির্ণয় করিবেন ইতি।

*কলিকাতার মধ্যে যে অপরাধ করা যায় তাহার বিচারাধিপত্যের কথা।*

৮০ ধারা। কলিকাতা নগরের বহির্ভূত স্থানে এই আইনের বিধানবিরুদ্ধ কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধির কি আজ্ঞার কি উপবিধির বিরুদ্ধ অপরাধ করা গি-

*কলিকাতার বহির্ভুত স্থানে যে অপরাধ করা যায় তাহার বিচারাধিপত্যের কথা।*

may be heard and determined by any officer authorized to exercise any of the powers of a magistrate in the place in which such offence may be alleged to have been committed, and the provisions of the Code of Criminal Procedure shall apply to the trial of every such charge.

Regulations as to buoys and moorings.

LXXXI. All regulations under and provisions of the said Act XXII of 1855, passed by the Legislative Council of India, with regard to buoys and moorings, shall extend to the buoys and moorings laid down by or belonging to the commissioners. The conservator of the port and his assistants, in carrying out and enforcing such regulations, shall act under the direction of the commissioners.

Commissioners empowered to make bye-laws.

LXXXII. It shall be lawful for the commissioners at a meeting from time to time to make bye-laws for the guidance of persons employed by them under this Act; for the safe and convenient use of the wharves, quays, jetties, sheds, warehouses, tramways, and other works constructed by them under the authority of this Act; for the use of the public landing places constructed by them; for the reception and removal of goods brought within the premises of the commissioners; for declaring the procedure to be followed by the commissioners in taking charge of goods which shall have been damaged before landing, or shall be alleged to be so damaged; for keeping clean the river, the river bank, and the works of the commissioners, and for preventing filth or rubbish being thrown therein or thereon; for the mode of payment of the tolls, dues, rates, and charges leviable under this Act; for regulating, declaring and defining the wharves, quays, jetties, stages, and piers on which goods shall be landed from vessels and shipped on board vessels; for regulating, defining, and declaring the places and stations on which vessels shall be fastened or moored, or shall lie or remain: or otherwise for carrying out the purposes of this Act: and from time to time to vary, alter or revoke any such bye-law so made by them.

Approval of bye-laws.

LXXXIII. No bye-law or alteration or revocation of a bye-law shall have effect until the same shall have been approved by the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta*

য়াছে এমত অভিযোগ হইলে, উক্ত কথাক্রমে অভিযোগ যে স্থানে করা গিয়াছে সেই স্থানে মাজিষ্ট্রেটের কোন ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক সেই অভিযোগ শুনিয়া নির্ণয় করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক অভিযোগের বিচারের প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধান বর্ত্তিবে ইতি।

বয়ার ও জলযান বাঁধিবার স্থানাদির বিধানের কথা।

৮১ ধারা। বয়ার ও জলযান বাঁধিবার স্থানাদির বিষয়ে ভারতবর্ষের ব্যবস্থা স্থাপনের মন্ত্রিসভার প্রণীত উক্ত ১৮৫৫ সালের ২২ আইনমতে যে সকল বিধান করা যায় তাহা, ও তদ্বিষয়ে উক্ত আইনের সমস্ত বিধান কমিশ্যনরগণদ্বারা স্থাপিত ও তাঁহারদের বয়ার প্রতি ও জলযান বাঁধিবার স্থানাদির প্রতি বর্ত্তিবে। বন্দরের রক্ষক সাহেব ও তদীয় সহকারি কর্ম্মকারকেরা ঐ বিধান সফল ও প্রবল করণে কমিশ্যনরদের আদেশমতে কর্ম্ম করিবেন ইতি।

কমিশ্যনরদের উপবিধি করিবার ক্ষমতার কথা।

৮২ ধারা। কমিশ্যনরগণ সভাস্থ হইয়া সময়ে২ এইং বিষয়ের উপবিধি করিতে পারিবেন, যথা তাহারা এই আইনমতে যে ব্যক্তিদিগকে কর্ম্ম দেন, তাহারদের কার্য্য পদ্ধতি দেখাইবার, এবং এই আইনের দত্ত ক্ষমতাক্রমে যে ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও জেটী ও শেড ও গুদামঘর ও ট্রামওয়ে ও অন্যং বিষয় নির্ম্মাণ করেন তাহার নির্ব্বিঘ্নে ও সুবিধাজনকরূপে ব্যবহার হইবার, ও তাঁহারা সাধারণের জন্যে যে ঘাট প্রস্তুত করেন তাহার ব্যবহার করিবার, ও কমিশ্যনরদের ভূম্যাদির মধ্যে যে মাল আনীত হয় তাহা গ্রহণ ও স্থানান্তর করিবার, ও জাহাজহইতে নামাইবার পূর্ব্বে যে মালের হানি হইয়াছে কিম্বা হানি হইল কথিত হয়, সেই মাল আপনারদের জিম্মায় গ্রহণে কমিশ্যনরদের যে প্রণালীমতে কার্য্য করিতে হইবে তাহা নির্দ্দেশ করিবার, এবং নদী ও নদীর ধার ও উক্ত কমিশ্যনরদের বিষয় পরিষ্কার রাখিবার, এবং তন্মধ্যে ও তাহার উপর জঞ্জাল কি রাবিশ ফেলা নিবারণ করিবার, ও এই আইনমতে যে মাসুল ও শুল্ক ও রেট ও দাবী আদায় হইতে পারে তাহা আদায় করিবার নিয়মের, এবং সাধারণের ঘাটের ব্যবহার ও সেই স্থানে নামান মাল যত কাল তথায় থাকিতে পারে ও যেরূপে স্থানান্তর করা যাইবে ইহার বিধান করিবার এবং মাল যে ওয়ার্ফ ও মাল তোলা পোস্তা ও জেটী ও স্টেজ ও সেতুহইতে জলযানে তোলা যাইবে ও তাহাহইতে নামান যাইবে, ইহার বিধান ও নির্দ্দেশ ও নিরূপণ করিবার, এবং জলযান যেং জায়গায় ও স্থানে বন্ধ কি বয়াতে বদ্ধ হইয়া থাকিবে ইহার বিধান ও নিরূপণ ও নির্দ্দেশ করিবার এবং এই আইনের কার্য্য সফল করণার্থে অন্যং বিষয়ের উপবিধি করিতে পারিবেন এবং সময়েং তাঁহারদের কৃত উক্ত কোন উপবিধি পরিবর্ত্তন কি ভাবান্তর কি অন্যথা করিতে পারিবেন ইতি।

উপবিধি দৃঢ় করিবার কথা।

৮৩ ধারা। কোন উপবিধি কি উপবিধির পরিবর্ত্তন কলিকাতা গেজেটে প্রকাশিত কোন আজ্ঞাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত না হইলে প্রবল





*Gazette*, and no bye-law shall be approved by the said Lieutenant-Governor until it shall have been published for three weeks successively in the *Calcutta Gazette*, and when such bye-law shall have been so approved, all courts of law shall take judicial notice thereof.

Lieutenant-Governor may revoke and annul bye-laws.

LXXXIV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to revoke, annul, and make void any bye-law made and published under the provisions of Section LXXXII and Section LXXXIII.

Penalty for infringement of bye-laws.

LXXXV. No penalty for any one infringement of a bye-law shall exceed one hundred rupees, nor in case of a continuing infringement shall any penalty exceed fifty rupees per diem, for every day after notice of such infringement shall have been given by the commissioners to the person guilty of such infringement.

Bye-laws and tables of tolls to be exhibited.

LXXXVI. The commissioners shall cause the said bye-laws and the tables of tolls, dues, rates, and charges leviable to be printed in the English and Bengalee languages and characters, and to be hung up and kept hung up at the several wharves, quays, and jetties and other convenient places on the premises of the commissioners.

Notice of action.

LXXXVII. No suit shall be brought against any person for any thing done, or purporting or professing to be done, in pursuance of this Act, after the expiration of three months from the day on which the cause of action in such suit shall have arisen.

Government may order a local survey.

LXXXVIII. The Lieutenant-Governor of Bengal may at any time order a local survey and examination of any works of the commissioners under this Act, or the intended site thereof, and the cost of such survey and examination shall be borne and paid by the commissioners out of the moneys in their hands by virtue of this Act.

Government may restore or complete works.

LXXXIX. If the commissioners shall allow any work constructed by them under this Act to fall into disrepair, or shall not complete any work commenced by them or included in any estimate as aforesaid submitted and approved of, and shall not after due notice in writ-

হইবে না ও কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন সপ্তাহ প্রকাশ না হইলে, উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ উপবিধি অনুমোদন করিবেন না। অনুমোদন হইলে পর সকল আদালত মোকদ্দমার বিচারকালে তাহা স্বীকার করিবেন ইতি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক সেই উপবিধি অন্যথা ও ব্যর্থ হইবার কথা।

৮৪ ধারা। ৮০ ও ৮১ ধারার বিধানমতে যে উপবিধি প্রণীত হইয়া প্রকাশ করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক তাহ অন্যথা ও ব্যর্থ ও অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

উপবিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

৮৫ ধারা। একবার উপবিধি লঙ্ঘনের দণ্ড এক শত টাকার অধিক হইবে না। ও তদ্রূপ লঙ্ঘনদোষ দিনং হইতে থাকিলে কমিশ্যনরেরা দোষী ব্যক্তিকে সেই উপবিধি লঙ্ঘনের নোটিস দিলে পর সে যত দিন ঐ দোষ করিতে থাকে দিন প্রতি তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

উপবিধি ও মাসুলের ফর্দ্দ লটকাইবার কথা।

৮৬ ধারা। কমিশ্যনরেরা ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় ও অক্ষরে উক্ত উপবিধি এবং যত মাসুল ও রেট ও দাবী আদায় হইতে পারে তাহার টেবিল ছাপাইয়া নানা ওয়ার্ফে ও মালতোলা পোস্তায় ও জেটীতে ও কমিশ্যনরগণের ভূম্যাদির অন্য উপযুক্ত স্থানে লটকাইয়া রাখিবেন ইতি।

নালিশ করিবার নোটিসের কথা।

৮৭ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে কোন কার্য্য করিলে কি এই আইনমতে করে এমত ভাব প্রকাশ কি স্বীকার করিলে তৎসম্পর্কীয় মোকদ্দমার হেতু উত্থিত হইবার দিনঅবধি তিন মাস গত হইলে পর মোকদ্দমা হইতে পারিবে না ইতি

স্থানবিশেষের জরীপ হওন বিষয়ে গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

৮৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কোন সময়ে কমিশ্যনরদের এই আইনমত কোন কার্য্যের কি ঐ কার্য্য করিবার প্রস্তাবিত স্থানের জরীপ ও পরীক্ষা হইবার আজ্ঞা করিতে পারিবেন। সেই জরীপ ও পরীক্ষা কার্য্যের খরচ কমিশ্যনরদের শিরে পড়িবে। এই আইনের বলে যে টাকা তাঁহারদের হাতে থাকে তাঁহারা সেই টাকাহইতে দিবেন ইতি।

কার্য্য সারাইয়া কি সাঙ্গ করিয়া দিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৮৯ ধারা। কমিশ্যনরেরা এই আইনমতে নির্ম্মিত কোন বিষয় জীর্ণ হইতে দিলে, কিম্বা আপনারদের আরম্ভ করা কোন কার্য্য কি এই আইনমতে অর্পিত ও অনুমোদিত ইষ্টিমেটে যে কার্য্য ধরা গিয়াছে এমত কার্য্য সমাপ্ত না করিলে, এবং লিখনক্রমে উপযুক্ত

ing, proceed effectually to repair or complete such work under this Act, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to cause such work to be restored, completed, or constructed either by the officers of Government or any private contractor, and the cost of any such restoration, completion, or construction shall be a charge on the works, and a debt due from the commissioners to the Secretary of State for India in Council.

Mode of realizing money due to the Secretary of State.

XC. If at any time any money which may for the time being be payable under the provisions of this Act to the Secretary of State for India in Council for interest or for any instalment of principal shall be due and unpaid for one month after the same shall have become payable, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta Gazette* to appoint some person to receive the rents, issues, and profits, tolls, rates, charges, and other income, which the commissioners may under this Act be entitled to receive, and to apply the same in discharge of the amount so payable; and the person so to be appointed shall have for the recovery of such rents, issues, profits, tolls, rates, charges and income, all and singular the powers and authorities herein and hereby conferred on the commissioners for the purposes aforesaid.

Government may take possession and revoke powers of commissioners.

XCI. If at any time it shall appear to the satisfaction of the Lieutenant-Governor of Bengal that the works intended to be accomplished under this Act have not been, and are not likely to be, properly carried out, or (if carried out) have not been, and are not likely to be, properly maintained by the commissioners, it shall be lawful for the said Lieutenant-Governor to give six months' notice by order published in the *Calcutta Gazette*, that unless within that period the commissioners shall take measures to the satisfaction of the said Lieutenant-Governor for the carrying out or proper maintenance of the said works, the powers by this Act conferred on the commissioners will at the end of such period be withdrawn and revoked, and the Government of Bengal may assume possession and management of the works (if any) already constructed, and on the expiration of such period of six months by an order in like manner published to declare such powers revoked. By such last mentioned order, and without the necessity of any conveyance, all immoveable and moveable property, all rights of levying and

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৪ জুন।]

নোটিস পাইয়া এই আইনমতে সেই কার্য্য সফলরূপে সারাইতে কি সমাপ্ত করিতে প্রবর্ত্ত না হইলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব গবর্ণমেন্টের কার্য্যকারকদের দ্বারা কিম্বা সাধারণ ব্যক্তির সঙ্গে চুক্তি করিয়া তাঁহার দ্বারা সেই বিষয় সারাইতে কি সমাপ্ত কি নির্ম্মাণ করাইতে পারিবেন তাহা সারাইবার কি সাঙ্গ কি নির্ম্মাণ করিবার খরচ ঐ বিষয়ের উপর দাবীস্বরূপ, এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট কমিশ্যনরদের ঋণস্বরূপ বর্ত্তিবে ইতি।

ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য আদায় করিবার নিয়মের কথা।

৯০ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সুদের কিম্বা মূল টাকার কোন কিস্তি কোন সময়ে এই আইনের বিধানমতে পাওনা হইলে, ও দেনা পড়িলে পর এক মাসপর্য্যন্ত শোধ না হইলে, কমিশ্যনরেরা এই আইনমতে যে ভাড়া ও প্রাপ্য ও লাভ ও মাসুল ও রেট ও দাবী ও অন্য আয় গ্রহণ করিতে স্বত্ববান হন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক ঐ আয় গ্রহণ করিয়া সেই প্রাপ্য টাকার পরিশোধে প্রয়োগ করণার্থে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। এই আইনেতে ও এই আইনক্রমে কমিশ্যনরগণের ও প্রত্যেক কমিশ্যনরের প্রতি উক্ত ভাড়া প্রভৃতি আদায় করিবার যে সকল শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তদ্রূপ নিযুক্ত ব্যক্তি ঐ ভাড়া ও প্রাপ্য ও লাভ ও মাসুল ও রেট ও দাবী ও আয় আদায় করিবার সেই২ শক্তি ও ক্ষমতা প্রাপ্ত হইবেন ইতি।

গবর্ণমেন্টের অধিকার গ্রহণপূর্ব্বক কমিশ্যনরদের ক্ষমতা রহিত করিবার কথা।

৯১ ধারা। এই আইনমতে যে কার্য্য করিবার কল্পনা থাকে তাহা উপযুক্তমতে করা যায় নাই, করা যাইবার সম্ভাবনাও নাই, কিম্বা করা গেলেও কমিশ্যনরদের দ্বারা তাহার উপযুক্তমতে সংরক্ষণ হয় নাই হইবারও সম্ভাবনা নাই, ইহা কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তিনি কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক ছয় মাস থাকিতে এই নোটিস দিবেন যে, কমিশ্যনরেরা সেই কালের মধ্যে উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে সেই কার্য্য সাধন করিয়া তাহার উপযুক্ত সংরক্ষণের উপায় না করিলে, এই আইন দ্বারা ঐ কমিশ্যনরদের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হইয়াছে, সেই সময়াবসানে সেই২ ক্ষমতা রহিত ও অন্যথা করা যাইবে। এবং তৎকালে কোন বিষয় নির্ম্মিত থাকিলে বঙ্গদেশের গবর্ণমেন্ট তাহা অধিকার করিয়া তাহার কার্য্যসম্পাদনের নিয়ম করিবেন। এবং উক্ত ছয় মাস অতীত হইলে সেই প্রকারে আজ্ঞা প্রকাশ করিয়া উক্ত ক্ষমতা রহিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। শেষোক্ত আজ্ঞা হইলে, এই আইনক্রমে স্থাবরাস্থাবর যে সকল সম্পত্তি, এবং মাসুল ও শুল্ক ও রেট ধার্য্য ও আদায় করিবার যে সকল অধিকার ও চুক্তি জন্য যে সকল উপকার, ও মোকদ্দমা করিবার যে সকল স্বত্ব তৎকালে কমিশ্য-



recovering tolls, dues, and rates, all benefit of contracts, and all rights of suit, which at the time may be vested in the commissioners under this Act, shall be transferred to and vested in the Secretary of State for India in Council, and the rights of all creditors of the commissioners under this Act shall continue as against the said Secretary of State in Council to the extent of the property so transferred to and vested in him.

Powers of Justices over river bank withdrawn.

XCII. From and after the commencement of this Act the powers in and by Sections XCI, CLXXXIV, and CLXXXV of Act VI of 1863 passed by the Lieutenant-Governor of Bengal in Council, or any of them, conferred upon the Justices of the Peace for the Town of Calcutta, shall absolutely cease and determine with respect to any part of the river or river bank of the port.

Repeal of Acts.

XCIII. From and after the commencement of this Act, Act X of 1866 and Act IV of 1869, respectively passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall stand repealed.

Commencement of Act.

XCIV. This Act shall commence and take effect from such day as shall be appointed for the purpose by an order of the Lieutenant-Governor of Bengal published in the *Calcutta Gazette*.

Power to make commissioners conservators of port.

XCV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, with the previous sanction of the Governor General of India in Council, at any time after the passing of this Act, by an order published in the *Calcutta Gazette*, to confer on the commissioners the powers of the conservator of the port of Calcutta within the port and such portions of the navigable rivers and channels leading thereto, and connected therewith, as shall be specified in such order, and from time to time, by any other order to be in like manner published, to confer on the commissioners the same powers in any other portion of the said river and channels; provided always that no such order shall be made without the consent of the commissioners at a meeting.

[*Government Gazette*, 14*th June* 1870.]

নরদের প্রতি বর্ত্তে, হস্তান্তর করণপত্রের আবশ্যকভিন্ন তাহা হস্তান্তরিত হইয়া ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তিবে। এবং এই আইনক্রমে কমিশ্যনরদের কোন উত্তমর্ণের যে স্বত্ব থাকে, তাহা তদ্রূপ হস্তান্তরিত ও সমর্পিত সম্পত্তির মূল্যপর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে প্রবল হইবে ইতি।

নদীর ধারের উপর জষ্টিসদের ক্ষমতা রহিত হইবার কথা।

৯২ ধারা। কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি ১৮৬৩ সালের ৬ আইনের ৯১ ও ১৮৪ ও ১৮৬ ধারা কিম্বা তন্মধ্য অন্যতর ধারাক্রমে যে ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইন প্রচলিত হইবার সময়াবধি বন্দরের অন্তর্গত নদীর কিম্বা নদীর ধারের পক্ষে সেই ক্ষমতা সম্পূর্ণরূপে রহিত ও তাহার পরিশেষে হইবে ইতি।

কএক আইন রহিত হইবার কথা।

৯৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ১০ আইন ও ১৮৬৯ সালের ৪ আইন রহিত হইবে ইতি।

আইন যে অবধি চলিবে তাহার কথা।

৯৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই আইন প্রচলিত হইবার যে দিন নিরূপণ করেন সেই দিনাবধি প্রচলিত হইয়া প্রবল থাকিবে ইতি।

কমিশ্যনরদিগকে বন্দরের রক্ষক করিবার ক্ষমতার কথা।

৯৫ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া কলিকাতার বন্দরের মধ্যে এবং জলযানের গমনোপযুক্ত যে নদী ও জলপথদ্বারা সেই বন্দরে যাওয়া যায় ও তৎসহিত যে নদী ও জলপথ সংযুক্ত হয় তাহার যে অংশ ঐ অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট থাকে সেই অংশের মধ্যে কমিশ্যনরদিগকে ঐ বন্দরের রক্ষকের ক্ষমতা প্রদান করিতে পারিবেন এবং সময়ে২ অন্য অনুজ্ঞাপত্র তদ্রূপে প্রকাশ করিয়া ঐ নদীর ও জলপথের অন্য অংশে কমিশ্যনরদিগকে সেই ক্ষমতা প্রদান করিতে পারিবেন। পরন্তু সভাধিষ্ঠিত কমিশ্যনরদিগের অনুমতি না পাইলে তদ্রূপ কোন আজ্ঞা প্রকাশ করা যাইবে না ইতি।

**XCVI.** Every such order may direct that any of the port-dues or fees payable under the provisions of any Act authorizing the levy or requiring payment of port-dues or fees from or in respect of vessels entering or leaving the said port, or being or lying therein, or using the said port, shall be received by the commissioners, and shall also specify the amount, if any, of charge to which the commissioners shall be liable in respect thereof.

*Port-dues may be made payable to commissioners.*

৯৬ ধারা। যে সকল জলযান উক্ত বন্দরে আইসে কিম্বা তথাহইতে যায় কি তথায় থাকে কিম্বা সেই বন্দরের ব্যবহার করে যে কোন আইনের বিধানক্রমে সেই জলযানহইতে কি তৎসম্পার্কে বন্দরীয় মাস্থল কি ফীস আদায় করিবার কি দিতে আদেশ করিবার অনুমতি থাকে, তদনুসারে যে বন্দরীয় মাস্থল কি ফীস দিতে হয়, উক্ত অনুজ্ঞাপত্রে তাহা কমিশ্যনরদের দ্বারা গৃহীত হইবার আদেশ থাকিবে এবং তৎসম্পার্কে ঐ কমিশ্যনরদের উপর কোন দাবী থাকিলে, তাহাও ঐ অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট করা যাইবে ইতি।

*বন্দরের মাস্থল কমিশ্যনরদিগকে দিতে হইবার কথা।*

**XCVII.** From and after the publication of any such order the commissioners shall have within the port and the portion of the said navigable rivers and channels specified in any such order all and singular the rights, powers and authorities in and by Act XXII of 1855 passed by the Legislative Council of India, or any other Act, conferred on the conservator of the port, and may exercise such rights, powers, and authorities by any officer to be by them thereunto appointed, and the said rights, powers, and authorities shall not be exercised by any other person within the said port or portion of the said navigable rivers and channels.

*Commissioners to exercise powers of conservator.*

৯৭ ধারা। ভারতবর্ষের ব্যবস্থা স্থাপনার্থ মন্ত্রিসভার প্রণীত ১৮৫৫ সালের ২২ আইনে কিম্বা অন্য কোন আইনে কি আইনদ্বারা বন্দরের রক্ষকের প্রতি যে সকল অধিকার ও শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, পূর্ব্বোক্ত অনুজ্ঞাপত্র প্রকাশ হইবার সময়াবধি ঐ বন্দরের মধ্যে, এবং উক্ত অনুজ্ঞাপত্রে জলযানের গমনোপযুক্ত উক্ত নদীর ও জলপথের যে অংশ নির্দ্দিষ্ট হইল তন্মধ্যে কমিশ্যনরদের সেই সকল ও প্রত্যেক অধিকার ও শক্তি ও ক্ষমতা থাকিবে, এবং তাঁহারদের দ্বারা যে কার্য্যকারক তৎকর্ম্মে নিযুক্ত হন তিনি সেই অধিকার ও শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। এবং উক্ত বন্দরে কিম্বা জলযানের গমনোপযুক্ত উক্ত নদীর ও জলপথের উক্ত অংশে অন্য কোন ব্যক্তি সেই অধিকার ও শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন না ইতি।

*বন্দররক্ষকের ক্ষমতামতে কমিশ্যনরদের কার্য্য করিবার কথা।*

**XCVIII.** From and after the publication of any such order, all the port-dues and fees in and by such order directed to be received by the commissioners and payable in respect of any vessel entering or leaving the port, or being therein, shall be payable to the commissioners, and shall be deemed to be a portion of their income, and shall be included in their annual estimates and accounts.

*Commissioners to receive port-dues.*

৯৮ ধারা। উক্ত অনুজ্ঞাপত্রে ও তৎক্রমে কমিশ্যনরদের যে সকল বন্দরীয় মাস্থল ও ফীস গ্রহণ করিবার আজ্ঞা হইল এবং ঐ বন্দরগামি কিম্বা তথাহইতে গমনকারি কিম্বা তথায় অবস্থানকারি কোন জলযান সম্পার্কে যে বন্দরীয় মাস্থল ও ফীস দাতব্য হয়, পূর্ব্বোক্ত অনুজ্ঞাপত্র প্রকাশ হইবার সময়াবধি তাহা কমিশ্যনরদিগকে দাতব্য হইবে ও তাঁহারদের আয়ের মধ্যে গণ্য হইবে, ও তাঁহারদের বার্ষিক অনুমানপত্রের ও হিসাবের মধ্যে ধরা যাইবে ইতি।

*কমিশ্যনরদের বন্দরীয় মাস্থল গ্রহণ করিবার ক্ষমতার কথা।*

**XCIX.** From and after the publication of any such order, the commissioners may execute within the port and the portion of such navigable rivers and channels in such order mentioned, such works as they at a meeting may determine, and all the powers, authorities, restrictions, and provisions contained in this Act in respect to the works by this Act authorized shall apply to such works and to the sanction thereof, the estimates therefor, and the expenditure thereon.

*Powers to make improvement.*

৯৯ ধারা। উক্ত অনুজ্ঞাপত্র প্রকাশ হইবার সময়াবধি কমিশ্যনরেরা সভাধিষ্ঠিত হইয়া ঐ বন্দরে এবং জলযানের গমনোপযুক্ত উক্ত নদীর ও জলপথের ঐ অংশে যে কার্য্য করিতে স্থির করেন করিতে পারিবেন, এবং এই আইনে যে কার্য্য করিবার অনুমতি হইয়াছে তৎসম্পার্কে এই আইনের যে সকল শক্তি ও ক্ষমতা ও নিষেধ ও বিধান থাকে তাহা উক্ত কার্য্যের প্রতি ও তৎকার্য্য করিবার অনুমতির প্রতি ও তদ্বিষয়ের অনুমানপত্রের প্রতি ও তাহার ব্যয়ের প্রতি বর্ত্তিবে ইতি।

*সৌষ্ঠব করণের ক্ষমতার কথা।*





**C.** If in any such order the Lieutenant-Governor of Bengal shall specify any amount of charge to which the commissioners shall be liable in respect of the port-dues and fees to be received by them, the same shall be deemed to be a sum of money advanced by the Secretary of State for India in Council under the provisions of this Act, and to be due on the day upon which such order shall take effect.

*Charge to be included in debt to Government.*

১০০ ধারা। কমিশ্যনরেরা যে বন্দরীয় মাস্থল ও ফীস গ্রহণ করেন তৎসম্পার্কে তাঁহারদের উপর দাবী বলিয়া যদি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত অনুজ্ঞাপত্রে কতক টাকা নির্দ্দিষ্ট করিয়া ধরেন, তবে সেই টাকা এই আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের অগ্রিম দত্ত টাকা জ্ঞান হইবে এবং ঐ আজ্ঞা যে দিনে প্রবল হয় ঐ টাকা সেই দিনে দাতব্য জ্ঞান হইবে ইতি।

*গবর্ণমেন্টের প্রাপ্য ঋণের মধ্যে দাবী ধরিবার কথা।*

**CI.** This Act may be called "The Calcutta Port Improvement Act 1870."

*Short title.*

১০১ ধারা। এই আইন "কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

*সংক্ষেপ নামের কথা।*

---

SCHEDULE A.—(*referred to in Section VII.*)

Details of the several sums to be taken as due from the commissioners for making improvements in the port of Calcutta to the Secretary of State for India in Council.

| | *Estimated cost of work.* |
|---|---|
| Improvement of the river bank at Calcutta near Juggernauth Ghaut for the accommodation of the country boat traffic ... ... | 1,17,036 |
| Constructing four screw pile jetties with steam cranes and goods sheds on the strand bank, Calcutta ... | 5,28,500 |
| Making lots Nos. 13 to 24 on the strand bank, Calcutta, available for export traffic ... ... | 11,913 |
| Constructing two screw pile jetties with tramways, cranes and hoists, opposite the existing north Custom house shed on the strand bank, Calcutta ... ... | 2,15,415 |
| Constructing offices, &c., for the use of the officers employed on the new jetties on the strand bank, Calcutta. | 12,010 |
| Supplying two steam hoists for single crane jetties, Nos. 1 and 3, on the strand bank, Calcutta ... ... | 4,585 |
| Minor works and expenses, contingent and establishment charges, and cash balance made over ... ... | 1,10,541 |
| Total | ...10,00,000 |

(৭ ধারার উল্লিখিত) A তফসীল।

কলিকাতা নগরের সৌষ্ঠবকরণার্থ কমিশ্যনরদের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে বিষয়ের যত টাকা প্রাপ্য জ্ঞান হইবে তাহার বর্ণনা।

| | যত টাকা ব্যয় হওয়া সম্ভাবনা। |
|---|---|
| দেশীয় বাণিজ্যের নৌকার সুবিধার নিমিত্ত জগন্নাথের ঘাটের নিকট কলিকাতার নদীতীরের উন্নতির জন্যে ... | ১,১৭,০৩৬৲ |
| কলিকাতার নদীতীরে ৪টি ইসক্রু পাইল জেটী ও ষ্টীম ক্রেন ও মাল রাখিবার শেড করিবার জন্যে ... ... | ৫,২৮,৫০০৲ |
| বাণিজ্য দ্রব্য রপ্তানীর জন্যে কলিকাতার নদীতীরের ১৩ অবধি ১৪ পর্য্যন্ত লাট প্রস্তুত করিবার জন্যে ... ... | ১১,৯১৩৲ |
| কলিকাতার নদীতীরে কষ্টম হৌসের যে উত্তর শেড আছে তাহার সম্মুখে ২টি ইসক্রু পাইল জেটী ও ট্রামওয়ে ও ক্রেন ও হাইষ্ট করিবার জন্যে ... | ২,১৫,৪১৫৲ |
| কলিকাতার নদীতীরের নূতন জেটীতে যে কর্ম্মকারকেরা নিযুক্ত হন তাঁহারদের কার্য্যালয় প্রভৃতি করিবার জন্যে ... | ১২,০১০৲ |
| কলিকাতার নদীতীরে ১ ও ৩ নম্বরের একহারা ক্রেন জেটীর নিমিত্ত ২টি ষ্টীম হাইষ্ট করিবার জন্যে ... ... | ৪,৫৮৫৲ |
| ক্ষুদ্রং কার্য্য ও খরচ ও নৈমিত্তিক ও সিরিশতার খরচ ও নগদ ... | ১,১০,৫৪১৲ |
| মোটে .. | ১০,০০,০০০৲ |

SCHEDULE B.—(*referred to in Section VIII.*)

Sums to be paid in discharge of the principal of the amount by Section VIII declared to be due

(৮ ধারার উল্লিখিত) B তফসীল।

কমিশ্যনরদের স্থানে ষ্টেট সেক্রেটারী সাহেবের যে আসল টাকা পাওনা থাকে ৮ ধারামতে

from the commissioners to the Secretary of State, and times fixed for such payment.—

| | | | | Rupees. |
|---|---|---|---|---|
| 1st | August | 1873 | ... | 1,00,000 |
| ,, | ,, | 1876 | .. | 1,00,000 |
| ,, | ,, | 1879 | ... | 1,00,000 |
| ,, | ,, | 1882 | ... | 1,00,000 |
| ,, | ,, | 1885 | ... | 1,06,000 |
| ,, | ,, | 1888 | ... | 1,00 000 |
| ,, | ,, | 1891 | ... | 1,00,000 |
| ,, | ,, | 1894 | .. | 1,00,000 |
| ,, | ,, | 1897 | .. | 1,00,000 |
| ,, | ,, | 1900 | .. | 1,00,000 |

SCHEDULE C.—*(referred to in Section XLVII.)*

FORM OF DEBENTURE.

The commissioners for making improvements in the port of Calcutta.

The 18 .

No.

By virtue of the Act No. of 187 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, entitled "an Act to appoint commissions for making improvements in the port of Calcutta," we, the commissioners for making improvements in the port of Calcutta, in consideration of the sum of Rupees paid to us by A. B. of promise to pay to the said or order the said sum of Rupees after the date hereof together with interest at the rate of per centum per annum payable half yearly on the day of and the day of

*(Signatures of the Chairman or Vice-Chairman and two Commissioners.)*

SCHEDULE D—*(referred to in Section LXI.)*

FORM OF RECEIPT FOR GOODS.

*By the commissioners for making improvements in the port of Calcutta.*

Landed during the day of from the by the commissioners for making improvements in the port of Calcutta the noted in the margin *(if there be any apparent injury this is to be stated)*, contents and state of the contents unknown.

*For the commissioners for making improvements in the port of Calcutta.*

A. B.

CALCUTTA,
*day of* 18 .

J. PITT KENNEDY,
*Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.*

তাহার যে তারিখে যত টাকা শোধ হইবে ইহার পত্র।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮৭৩ সালের ১ আগষ্ট | | | ... | ১,০০,০০০৲ |
| ১৮৭৬ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৭৯ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৮২ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৮৫ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৮৮ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৯১ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৯৪ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৮৯৭ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |
| ১৯০০ | ,, | ,, | ... | ১,০০,০০০৲ |

৪৭ ধারার উল্লিখিত।

C তফসীল।

ঋণগ্রহণপত্রের পাঠ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ।

সাল তাং।

নং।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার প্রণীত "কলিকাতা বন্দরে জাহাজে মাল তুলিবার ও নামাইবার স্থবিধান করণার্থ আইন" নামে অমুক সালের অমুক আইনের বলে, কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনর আমরা অমুক স্থান নিবাসি শ্রীযুত অমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইয়া, অদ্যকার তারিখ অবধি এত কালের পর তাঁহার উক্ত টাকা ফিরিয়া দিব এবং ঐ টাকার উপর ছয়২ মাসে অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে বৎসর শতকরা টাকার হিসাবে স্থদ দিব এই প্রতিজ্ঞা করিয়া এই ঋণগ্রহণপত্র লিখিয়া দিলাম।

সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির
ও দুই জন কমিশ্যনরের স্বাক্ষর।

(৬১ ধারার উল্লিখিত) D তফসীল।

মালের রসীদ লিখিবার পাঠ।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের দ্বারা।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক নামা জাহাজহইতে কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের দ্বারা পার্শ্বে লিখিত মালের বাক্সপ্রভৃতি নামান যায়। (কোন বাক্সপ্রভৃতির কোন হানি হইয়াছে দৃষ্ট হইলে তাহা লিখিতে হইবে) ঐ২ বাক্সপ্রভৃতিতে যে দ্রব্য থাকে ও সেই দ্রব্যের কেমন অবস্থা আছে তাহা জানা নয়।

কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের পক্ষে

A. B.,

কলিকাতা
সাল তাং

জে পিট কেনেডি।
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৪ জুন।]



## Circular Orders of the Board of Revenue, L. P.

MAY 1870.

No. 1.

THE following rule has been added at page 40 :—

RULE 25 B.—The Collector should, invariably, depute the Nazir himself, or the Naib Nazir, to make the local enquiry, whenever the amount of the decree exceeds rupees 500, and test the report submitted by personal examination of the reporting officer, when he has failed to discover sufficient property to cover the amount of the debt. If the result of that examination be not satisfactory, the Collector should make fresh local enquiry through some other officer of his Court.

No. 2.

THE following para. in the Board's Circular Order, No. 8, of April 1868, is cancelled :—

"The form of Register No. 66 for sub-divisions should be simply (1) month, (2) numbers of cases decided in the month in numerical order, beginning with the lowest number. The cases should be arranged in the bundles in the same order."

No. 3.

UPON a reference from the Board as to the effect that the repeal of the Acts VI of 1857 and XXII of 1863, by the new Land Acquisition Act, X of 1870, will have upon proceedings which may be in progress under the repealed Acts, on the 1st June 1870, the date on which the new Act will come into force, the Advocate-General has expressed the following opinion :—

"This is a question of difficulty which would, "probably, have been provided for in express "terms, if it had been brought to the notice of "the Legislature. The procedure under the "new Act is continuous and complete in itself, "and different in many respects from the former "procedure. The Legislature has not said that, "at any particular stages arrived at under the old "procedure, the new procedure must be taken up; "and, therefore, the old procedure must, as it "seems to me to continue. But the difficulty is in "the 6th section of Act 1 of 1868, which pro-"vides that the repeal of the old Acts shall not "affect any proceedings commenced before the "new Act. This obviously may, in one sense "be understood as limited to the past proceed-"ings and not applicable to the future. But I "think the fair sense of the matter (in the

[*Government Gazette, 14th June* 1870.]

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৭০ সাল মে মাস।

১ নম্বর।

নিম্নলিখিত বিধি ৫৫ পৃষ্ঠায় সংযোগ করিতে হইবে।

২৫ B.—৫০০ টাকার অধিক ডিক্রী হইলে কালেকুটর সাহেবের সর্ব্বদা এই কর্ত্তব্য যে স্থানীয় অনুসন্ধান করিবার জন্যে নাজিরকে কিম্বা নাএব নাজিরকে প্রেরণ করেন ও রিপোর্টকারি ঐ কার্য্যকারক ঋণ শোধ করণোপযুক্ত মূল্যের দ্রব্য পাইতে না পারিলে স্বয়ং তাহাকে জিজ্ঞাসাবাদ করিয়া তাঁহার রিপোর্টের সত্যতা নিশ্চয় জানেন। সেই জিজ্ঞাসার ফল সন্তোষজনক না হইলে কালেকুটর সাহেবের কর্ত্তব্য যে আপন আদালতের অন্য কার্য্যকারকেরদ্বারা তৎস্থানেই নূতন সন্ধান লন।

২ নম্বর।

বোর্ডের ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৮ নম্বরের সরকুলর অর্ডরের এই কথা রহিত করা গেল।

"শাখাখণ্ডের নিমিত্ত ৬৬ নং রেজিষ্টরের কেবল এই সহজ পাঠ মানিতে হইবে। (১) মাস। (২) মাসে যত মোকদ্দমা নিষ্পত্তি হইল তাহা। ছোট নম্বরে আরম্ভ করিয়া ক্রমশ লিখিতে হইবে। সকল মোকদ্দমা নম্বরমতে নথীতে বাঁধিতে হইবে।"

৩ নম্বর।

১৮৭০ সালের ১০ আইন অর্থাৎ ভূমি গ্রহণার্থ নূতন আইন ১৮৭০ সালের জুন মাসের ১ তারিখঅবধি চলিবে। তদ্দ্বারা ১৮৫৭ সালের ৬ আইন ও ১৮৬৩ সালের ২২ আইন রহিত করা গেল। কিন্তু সেই রহিত করা আইন অনুসারে সেই সময়ে যে কার্য্য চলিতেছে, তৎপক্ষে নূতন আইনের কীদৃক ফল সম্ভাবনা, বোর্ডের সাহেবেরা এইপ্রশ্ন করিলে আডবোকেট জেনরল সাহেব এই মত লিখিয়াছেন।

এই কঠিন কথা ব্যবস্থাপ্রণেতাদিগকে জ্ঞাত করা গেলে বোধ হয় তাঁহারা ঐ আইনেতেই তাহার স্পষ্ট প্রতিবিধান করিতেন। নূতন আইনমত কার্য্যপ্রণালী ক্রমান্বয়ী ও পূর্ণ। ও পূর্ব্ব কার্য্যপ্রণালীহইতে অনেকাংশে বিভিন্ন। পূর্ব্ব প্রণালীমতে কার্য্য নির্ব্বাহ করত বিশেষ অবস্থাপ্রাপ্ত হইলে নূতন প্রণালীমতে কার্য্যারম্ভ করিতে হইবে ব্যবস্থাপ্রণেতারদের এমত কোন কথা না থাকাতে আমার বিবেচনায় পূর্ব্বপ্রণালী অবলম্বনকরিয়া কার্য্য শেষ করিতে হইবে। কিন্তু ১৮৬৮ সালের ১ আইনের ৬ ধারার বিধান এই। নূতন আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কার্য্যের আরম্ভ হইয়াছে পুরাতন আইন রহিত করণ দ্বারা সেই কার্য্যের ব্যতিক্রম হইবে না। ইহার এমন অর্থও হইতে পারিবে যে, উক্ত বিধান ভূত পূর্ব্ব কার্য্যের প্রতি বর্ত্তিবে ভাবিকার্য্যের প্রতি নয়। কিন্তু নূতন আইনেতে ভাবান্তরের স্পষ্ট বিধান না থাকিলে আমার বিবেচনায় ঐ বিষয়ের এই ভাব ধরিতে হইবে যে, ১৮৭০ সালের জুন মাসের ১ তারিখের পূর্ব্বে পুরাতন আইনমতে যে সকল কার্য্যের

"absence of express provision in the new Act to "the contrary) is that, in cases in which proceedings have been taken under the old Acts "before 1st June 1870, they should be continued "under those Acts.

"Where the particular stage of an actual "award has been arrived at, of course a right has "accrued to the owner of the land, and the proceedings could not be dropped. If the proceedings have not arrived at that point, it might be "practicable, in some cases, to abandon the old "proceeding, and proceed *de novo* under the present Act."

2. Under these circumstances, the Board direct that, in any case, in which a Collector proposes to adopt the new procedure, after any step has been taken under the old law, he should report the circumstances of the case, and his reasons for the course proposed, through the Commissioner, for the Board's orders.

No. 4.

Several cases which have come to the notice of the Board have led them to the conclusion that the assessment of the native commercial and banking classes in Bengal with Income Tax has hitherto been much retarded, and failed of full and effectual enforcement, through the jealousies of assessors, which have led them, in some cases, to conclude assessments upon parties, whose profits were derived from business carried on in other districts besides that in which the assessment was made, without waiting, or sometimes even asking, for full and sufficient information from the assessors of those districts; and in others, to neglect giving information due from them and properly demanded by other assessors.

2. The Board believe that the notorious under assessment of the classes alluded to has been, to a great extent, owing to these irregularities.

3. With a view to ensure a more efficient administration of the Income Tax operations as regards the classes referred to, the Board have determined to collect and tabulate in their own office detailed statistics of the profits and assessments of the mercantile classes of the population. For this purpose they require from all assessing officers quarterly statements in the form annexed, to be submitted through the district officers.

4. The form of statement (to bear No. XV-C., in the Board's List of Periodical Returns) provides for the entry of such assessees only as are assessed on profits estimated at 1,000 rupees and over within the districts of Lower Bengal. A separate Memo. will, however, be submitted with each statement, showing particulars, as per co-

আরম্ভ হইয়া থাকে তাহার সমাপ্তি পর্য্যন্ত সেই আইন মত কার্য্য চলিবে।

অনুসন্ধানক্রমে মীমাংসা পর্য্যন্ত কার্য্য হইয়া থাকিলে সুতরাং ভূস্বামির স্বত্ব বর্ত্তে ও সেই কার্য্যত্যাগ হইতে পারে না। স্থলবিশেষে কার্য্য ততদূর না চলিলে পুরাতন কার্য্যপ্রণালী ছাড়িয়া বর্ত্তমান আইনমতে কার্য্য পুনরারম্ভ হইতে পারিবে।

২। পূর্ব্বোক্ত কথা বিবেচনায় বোর্ডের সাহেবদের এই আদেশ। কালেক্টর সাহেব পুরাতন আইনমতে কোন কার্য্য আরম্ভ করিলে পর যদি নূতন আইন-অনুযায়ি কার্য্য করিতে চাহেন, তবে তিনি কমিশনর সাহেবের দ্বারা বোর্ডের আজ্ঞা পাইবার জন্যে ঐ স্থলের বৃত্তান্ত জানাইবেন ও তাঁহার প্রস্তাবিত কার্য্যের হেতু লিখিয়া জ্ঞাত করিবেন।

৪ নম্বর।

বোর্ডের সাহেবেরা নানা স্থানহইতে সম্বাদ পাইয়া এই অনুভব করিয়াছেন যে, আসেসরদের পরস্পর ঈর্ষ্যা থাকাতে বঙ্গদেশের মধ্যে এদেশীয় মহাজনদের ও বণিকদের ইনকম টাক্স ধার্য্য করিবার অধিক বিলম্ব হইয়াছে ও তৎসংক্রান্ত কার্য্য সম্পূর্ণ ও সফলরূপে সাধন হয় নাই। ফলতঃ কোন২ ব্যক্তির টাক্স যে জিলায় ধার্য্য হইয়াছে তদ্ভিন্ন তাঁহারা অন্য২ জিলায় ব্যবসায় করিয়া লাভ উৎপন্ন করিলেও ঐ জিলার আসেসর উক্ত অন্য২ জিলার আসেসরদের স্থানে সম্পূর্ণ ও যথোচিত সন্ধান পাইবার অপেক্ষায় না থাকিয়া বরং কোন২ গতিকে জিজ্ঞাসাও না করিয়া তাহারদের টাক্স ধার্য্য করিয়াছেন। স্থলান্তরে আসেসরদের যে সন্ধান জ্ঞাত করা উচিত অন্য আসেসরেরা উপযুক্ত ভাবে তাহা জিজ্ঞাসা করিলেও তাঁহারা ঐ সন্ধান জানান না।

২। উক্ত শ্রেণীর লোকদের অল্প করিয়া টাক্স ধরা গিয়াছে ইহা স্পষ্ট। বোর্ডের সাহেবদের বিবেচনায় সেই ত্রুটির কারণ অনেকাংশে উক্ত অনিয়মিত ব্যাপার।

৩। উক্ত শ্রেণীর লোক সম্পর্কে ইনকম টাক্স সংক্রান্ত কার্য্য সফলরূপে নিষ্পন্ন হয় এই নিমিত্তে বোর্ডের সাহেবেরা আপনারদের কার্য্যালয়ে এদেশীয় মহাজনদের লভ্যের ও নির্দ্ধারিত টাক্সের স্থিতিরিতি সবিশেষ সংগ্রহ করিয়া টেবিলের পাঠে লিখিয়া রাখিতে স্থির করিয়াছেন। এই কারণে তাঁহারা সকল আসেসরের স্থানে নিম্ন লিখিত পাঠের ত্রৈমাসিক বর্ণনাপত্র চাহিয়াছেন। জিলার কর্ত্তৃপক্ষদ্বারা তাহা পাঠাইতে হইবে।

৪। বোর্ডের সাময়িক রিটর্নের নির্ঘণ্টপত্রের মধ্যে ঐ বর্ণনাপত্রের ১৫ C নম্বর থাকিবে। বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত সকল জিলায় যে ব্যক্তিদের ১০০০৲ টাকা ও তদূর্দ্ধ প্রাপ্তি ধরিয়া টাক্স ধার্য্য হয়, উক্ত বর্ণনাপত্রে কেবল তাহাদের নামাদি লিখিতে হইবে। কিন্তু ঐ তিন মাসের মধ্যে অন্য২ প্রেসীডেন্সীর অন্তর্গত জিলার আসেসরদিগকে উক্ত শ্রেণীর যে লোকদের আয়ের সন্ধান





lumns 1, 2, 3, and 5 of the statement, of all incomes of persons in the same classes concerning which information has been supplied during the quarter to assessors in districts situated within the limits of any other Presidency. If no such information has been supplied, the Memo. should be reported blank. This Memo. will be prepared without reference to the amount of profits.

5. The persons to be entered in this statement are those who belong to classes B. and C. of heading III of the Annual Return No. 3, prescribed in the Supreme Government's Resolution of the 24th March 1869.

জানান গিয়াছে, ঐ বর্ণনাপত্রের সহিত ১, ২, ৩, ৫ ঘরের কথানুসারে ঐ ব্যক্তিদের আয়ের সতন্ত্র এক সংক্ষেপপত্র দিতে হইবে। উক্ত প্রকারের কোন সন্ধান না দেওয়া গেলে ঐ পত্রে কিছু লেখা যায় নাই বলিয়া রিপোর্ট করিতে হইবে। উক্ত ব্যক্তিদের কত টাকা প্রাপ্তি হয় ইহা লক্ষ্য না করিয়া ঐ সংক্ষেপ লিপি প্রস্তুত করিতে হইবে।

৫। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ১৮৬৯ সালের মার্চ মাসের ২৪ তারিখের নির্দ্ধারিত বিধিতে ৩ নম্বরের যে বার্ষিক রিটর্নের আজ্ঞা করেন তাহার ৩ শির্ষকের B ও C শ্রেণীর মধ্যে যে২ ব্যক্তি ধর্ত্তব্য, এই বর্ণনাপত্রে সেই প্রকারের লোকদিগকে লিখিতে হইবে।

*Statements of Merchants, Money Dealers and Bankers, assessed within the District of*

| Name of Assessor. | Name of Assessee. | Place or Places of business in district. | Place or Places of business in other districts. | Profits assessed in district. | Profits assessed for other districts. | Amount of assessment. |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | | | | | | |

*N. B.*—The information in columns 4 and 6 must be given separately for each district.

অমুক জিলায় যে মহাজনদের ও টাকা ব্যবসায়িদের ও বনিকদের টাক্স ধার্য্য হইয়াছে তাহারদের বর্ণনাপত্র।

| আসেসরের নাম | যাহার টাক্স ধার্য্য হইল তাঁহার নাম | জিলার মধ্যে তাহার যে কি স্থা যে২ কর্ম্মস্থান থাকে | অন্য যে জিলায় তাহার যে কি যে২ কর্ম্মস্থান থাকে | এই জিলায় যত লাভ ধরিয়া টাক্স ধার্য্য হইল | অন্য২ জিলায় যত লাভ ধরিয়া টাক্স ধার্য্য হইল | যত টাকা টাক্স ধার্য্য হইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

মন্তব্য।—প্রত্যেক জিলারপক্ষে ৪, ও ৬ ঘরের কথা স্বতন্ত্র লিখিয়া দিতে হইবে।

No. 5.

It is directed that, in the monthly return prescribed by para. 11 of the Rules of the Government of Bengal, for the guidance of officers engaged in the administration of the Income Tax Act, the entries in column 4 of the Register shall be added to those of the other columns enumerated in that para.

No. 6.

The following alterations are made in the Board's Circular Order, No. 19, of March 1869, relative to instructions for the prompt payment of rewards to informers and apprehenders of offenders against the Opium Laws.

Rules 5 B and 5 C are cancelled, and should be struck out of Chapter V, section XVIII, page 81 of the Board's Rules.

No. 7.

The attention of all District Officers is drawn to the instructions laid down in para. 3 of Circular Order No. 17 of July 1865, directing that the entries in column *i* opposite to headings 4 *a* and 10 *a* of Currency Return No. XVII, must always be the same.

2. In cases where notes are tendered for exchange into notes and cash, District Officers should first issue in exchange notes of smaller value for the full value of the notes offered for exchange; such transactions will be shown opposite the headings 4 *a* and 10 *a*. They should then exchange some of the smaller notes to the extent of the amount required in silver, entering this transaction opposite heading 5 of the return. No cash transactions should be shown against headings 4 *a* and 10 *a*.

No. 8.

The Superintendent of Stationery has been instructed to supply each District Officer with a sufficient number of the following Returns connected with the Indian Income Tax Act XVI of 1870.

*1st.*—Monthly Return prescribed in para. 16 of the subsidiary rules, issued by the Lieutenant-Governor of Bengal, for the guidance of all officers engaged in carrying out the present Income Tax Act. This Return will take the place of Return No. VI-A., under the late Income Tax Act, and bear the same number.

*2nd.*—Monthly Return prescribed in para. 11 of the rules in question, to bear No. VI-AA. in the Board's List of Periodical Returns.

৫ নম্বর।

ইনকম টাক্সের আইনমত কার্য্য সম্পাদনের ভার যে কর্ম্মকারকদের প্রতি অর্পিত হয় বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাঁহারদের কার্য্যপদ্ধতিস্বরূপ যে বিধি করিলেন তাহার ১১ ধারার নির্দ্দিষ্ট মাসিক রিটর্ণের যেং ঘর উল্লেখ হইয়াছে তৎসহিত অন্য ঘর সংযোগ করিয়া রেজিষ্টরের ৪ ঘরের কথা লিখিবার আদেশ হইল।

৬ নম্বর।

যাহারা আফীমের আইন সম্পর্কীয় অপরাধিদের বিষয়ে সন্ধান জানায় ও তাহারদিগকে ধরে বোর্ডের ১৮৬৯ সালের মার্চ মাসের ১৯ নং সরকুলর অর্ডরে তাহারদের ত্বরায় পুরস্কার পাইবার আদেশ হইয়াছে। ঐ আদেশের এইরূপ পরিবর্ত্তন হইল।

৫B ও ৫C রহিত করা গেল। বোর্ডের ইঙ্গরেজী বিধি পুস্তকের ৮১ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ১৮ পরিচ্ছেদ হইতে তাহা তুলিয়া ফেলিতে হইবে।

৭ নম্বর।

১৮৬৫ সালের জুলাই মাসের ১৭ নং সরকুলর অর্ডরের ৩ ধারায় যে আদেশ প্রকাশ হইয়াছে জিলার সকল কর্ত্তৃপক্ষকে তাহাতে মনোযোগ করিবার আজ্ঞা হইল। তাহার মর্ম্ম এই। ১৭ নং করেন্‌সী রিটর্ণের ৪ *a* এবং ১০ *a* শীর্ষকের সমান পঁক্তিতে *i* চিহ্নিত যে ঘর আছে ঐ দুই স্থানে ঐ ঘরের কথা সমান হইবে।

২। যদি কোন ব্যক্তি নোট আনিয়া তাহার পরিবর্ত্তে অন্য নোট ও রোক টাকা চাহে, তবে জিলার কর্ত্তৃপক্ষেরা প্রথমে ঐ নোটের সম্পূর্ণ মূল্যের তুল্য অল্প টাকার কএক নোট দিয়া 8A ও ১০A শীর্ষকের সমান পঁক্তিতে তাহা লেখাইবেন। পরে তাঁহারা ঐ অল্প টাকার কএক নোট ফিরিয়া লইয়া তৎপরিবর্ত্তে রোক টাকা দিয়া রিটর্ণের ৫ শীর্ষকের সমান পঁক্তিতে তাহা লিখিবেন। ৪*a* ও ১০*a* ঘরে রোক লিখিতে হইবে না।

৮ নম্বর।

ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি প্রত্যেক জিলার কর্ত্তৃপক্ষকে ১৮৭০ সালের ভারতবর্ষীয় ইনকম টাক্সের ১৬ আইন সংক্রান্ত নিম্নলিখিত রিটর্ণ দিবার আদেশ হইয়াছে।

প্রথম। ইনকম টাক্সের বর্ত্তমান আইনমত কার্য্য সম্পাদনের ভার যে কার্য্যকারকদের প্রতি বর্ত্তে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহারদের কার্য্যপদ্ধতির যে উপবিধি করিয়াছেন, তাহার ১৬ ধারার উল্লিখিত মাসিক রিটর্ণ। এই রিটর্ণ ভূতপূর্ব্ব ইনকম টাক্সের আইনমত ৬A রিটর্ণের স্থানবর্ত্তী হইল ও ইহার সেই নম্বর থাকিবে।

দ্বিতীয়। ঐ বিধির ১১ ধারার উল্লিখিত মাসিক রিটর্ণ। বোর্ডের সাময়িক রিটর্ণের নির্ঘণ্টপত্রে ইহার ৬AA নম্বর থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৪ জুন।]



*3rd.*—The Quarterly Returns required by the Government of India (Returns Nos. 1, 1-A, and 2, in the Financial Resolution No. 2471, dated 8th April 1870) will bear Nos. XV, XV-A. and XV-B. respectively, on the List of Periodical Returns. The present Return No XV. being cancelled as no longer required.

*4th.*—The Quarterly Return prescribed in Circular Order No. 4 for May will bear No. XV-C.

*5th.*—The Annual Return required by the Government of India (Return No. 3 in the Resolution) will take the place of the present Income Tax Return No. XLIII in the Periodical Return List.

2. The half-yearly Returns Nos. XXIII-A. and XXIII-B. are not to be submitted under the present law.

No. 9.

Disputes between local officers, regarding the jurisdiction in which persons having property or profits from trade in more than one district should be assessed, having given rise to a great deal of correspondence and to many references in the administration of the Income Tax during the past year, District Officers are informed that if two assessors of different districts, or two Collectors subordinate to the same Commissioner, disagree as to the place in which any person shall be assessed, the officer claiming to make the assessment, in a district other than that in which the person was assessed in 1869-70, shall draw out a short statement of the case, stating as briefly as possible the reasons for his claim. This he will at once forward (if an assessor, through the Collector) to the officer of the other district, who will note his own reasons for thinking that the person should be assessed within his jurisdiction, and submit the papers direct to the Commissioner, whose ruling will be final as regards his subordinates. If the assessee objects to such ruling, he may present an appeal in the matter to the Board of Revenue.

2. When the officers belong to different Divisions, the papers can be sent from one Commissioner to the other, and if they disagree, be submitted at once to the Board. If they agree, the assessment will be made accordingly; the assessee being permitted to appeal as above.

[*Government Gazette*, 14*th June* 1870.]

তৃতীয়। ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনানশ্যল ডিপার্টমেণ্টে ১৮৭০ সালের ৮ আপ্রিলের ২৪৭১ নম্বরের নিদ্ধারণপত্রে ১, ১A ও ২ নং যে ত্রৈমাসিক রিটর্ণের আজ্ঞা করিয়াছেন, সাময়িক রিটর্ণের নির্ঘণ্টপত্রে তাহার ক্রমশঃ ১৫, ১৫A ও ১৫B নম্বর থাকিবে। এইক্ষণে ১৫ নং যে রিটর্ণ আছে তাহা অপ্রয়োজন বলিয়া রহিত করা গেল।

চতুর্থ। মে মাসের ৪ নম্বরের সরকুলর অর্ডরে যে ত্রৈমাসিক রিটর্ণের আজ্ঞা হইয়াছে তাহার ১৫C নম্বর থাকিবে।

পঞ্চম। ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিদ্ধারণপত্রে ৩ নম্বরে যে বার্ষিক রিটর্ণের আজ্ঞা হইয়াছে, তাহা সাময়িক রিটর্ণের নির্ঘণ্টপত্রে ইনকম টাক্সে ৪৩ নং রিটর্ণের স্থানবর্ত্তী হইবে।

২। বর্ত্তমান আইনমতে ২৩A ও ২৩B নং ষান্মাসিক রিটর্ণ পাঠাইতে হইবে না।

৯ নম্বর।

দুই কি তদধিক জিলায় যে ব্যক্তিদের সম্পত্তি কি ব্যবসায়োৎপন্ন প্রাপ্তি হয় স্থানীয় কোন্ কার্য্যকারকের অধীন স্থানে তাঁহারদের টাক্স ধার্য্য করা কর্ত্তব্য। এই বিষয়ে ঐ কার্য্যকারকদের মধ্যে বিবাদ হইয়া বহু পত্রাদির লিখনপঠন হইয়াছে এবং গত বৎসর ইনকম টাক্সের কার্য্যসম্পাদনের নিয়মের অনেকবার উল্লেখ হইয়াছে। এইহেতুক জিলার কর্ত্তৃপক্ষদিগকে ইহা জ্ঞাত করা যাইতেছে। কোন ব্যক্তির টাক্স কোন্ জিলার মধ্যে ধার্য্য করা উচিত যদি ভিন্নং জিলার দুই আসেসরের কিম্বা একি কমিশ্যনর সাহেবের অধীন দুই জন কালেক্টর সাহেবের মধ্যে এই বিষয়ের বিবাদ হয় তবে ১৮৬৯। ৭০ সালে ঐ ব্যক্তির টাক্স যে জিলায় ধার্য্য হইয়াছিল তদ্ভিন্ন অন্য জিলার যে কার্য্যকারক এইক্ষণে ঐ ব্যক্তির টাক্স ধার্য্য করিতে চাহেন, তিনি আপনার সেই অভিপ্রায়ের হেতুর সংক্ষেপ বর্ণনা লিখিয়া প্রথমোক্ত জিলার কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। আসেসর হইলে তিনি আপন জিলার কালেক্টর সাহেবের দ্বারা ঐ পত্র পাঠাইবেন। ঐ ব্যক্তির টাক্স উক্ত অন্য জিলার ধার্য্য করা কর্ত্তব্য ঐ কালেক্টর সাহেব ইহা যে কারণে বোধ করেন তাহা লিখিয়া উভয় পত্র কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। কমিশ্যনর সাহেবের অধীন কর্ম্মকারকদের বিষয়ে তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। যে ব্যক্তির টাক্স ধার্য্য হয় তিনি সেই আজ্ঞাতে অসম্মত হইলে রেবিনিউ বোর্ডে আপীল করিতে পারিবেন।

২। উক্ত কার্য্যকারকেরা ভিন্নং খণ্ডের কার্য্যকারক হইলে এক খণ্ডের কমিশ্যনর অন্য খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকটে উক্ত পত্র পাঠাইবেন। তাঁহারদের মতের ঐক্য না হইলে তাহা একেবারে বোর্ডে অর্পণ করা যাইবে। তাঁহারদের মতের ঐক্য হইলে তদনুসারে টাক্স ধার্য্য হইবে। কিন্তু যে ব্যক্তির টাক্স ধার্য্য হয় তিনি ইচ্ছা করিলে পূর্ব্বোক্তমতে আপীল করিতে পারিবেন।

John Robinson, *Bengalee Translator.*

## Circular Order by the High Court of Judicature at Fort William in Bengal.

(Civil Side.)

No. 10.

To the Judges of District Courts and of all Subordinate Civil Courts, Lower Provinces,—(dated Calcutta, the 12th May 1870.

The Court deem it expedient to point out to all the Civil Courts subordinate to them that it is not necessary to award by their decrees interest at the uniform rate of 12 per cent. on mesne profits or other sums payable thereunder and costs in all cases.

2. The practice of awarding interest at so high a rate is likely to operate as an inducement to judgment-creditors, who are often mere assignees of the original plaintiffs, to delay the execution of decrees and to regard such decrees rather as a desirable investment for money than as a means of obtaining their rights as determined by the judgment of the Court.

By Order, &c.,
(Sd.) J. S. Carstairs,
*Offg. Registrar.*

No. 11.

To all Judicial Commissioners, Zillah Judges, and Moonsiffs,—(dated Calcutta, the 14th May 1870.)

It is ordered that Moonsiffs do submit to the Zillah Judges (or to the Judicial Commissioners in Extra Regulation Provinces through the District Officers) on Monday in each week a Statement in the form annexed, which is to exhibit all suits commenced in their Courts during the past week (Monday to Saturday preceding) which come under the provisions of Schedule II, Articles 14, 15, 17 (any of the clauses) of the Court Fees Act, 1870, and in which therefore the institution fee is fixed.

2. The intention of the High Court in making this order is that, as under Section 13, Act XVI of 1868, and Section 6, Act VIII of 1859 (the Code of Civil Procedure), such suits, by reason of the subject-matter not exceeding in amount or value 1,000 Rupees, will apparently have to be instituted in the Courts of the Moonsiffs, the Zillah Judges should be enabled to exercise the power which they possess under the section above quoted of the Civil Procedure Code of calling such cases up to their Courts, or of referring them for tria

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর।

দেওয়ানীপক্ষ।

১০ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত সকল জিলার আদালতের ও অধীন দেওয়ানী আদালতের বিচারপতি সমীপেষু।

কলিকাতা ১৮৭০ সাল ১২ মে।

দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে যে ওয়াসিলাৎ কিম্বা অন্য টাকা দিবার আজ্ঞা হয় সেই আদালতের বিচারপতিরা সকল মোকদ্দমায় খরচার সহিত সেই ওয়াসিলাতের কি অন্য টাকার উপর সর্ব্বদা শতকরা ১২৲ টাকার হিসাবে সুদের আজ্ঞা যে করেন, ইহা আবশ্যক নয়। হাই কোর্টের সাহেবেরা অধীন সকল দেওয়ানী আদালতে ইহা জ্ঞাত করা বিহিত বোধ করেন।

২। ডিক্রীমতে যাঁহারা মহাজন হন অনেক মোকদ্দমায় তাঁহারা আসল অর্থিদের পক্ষে ধনগ্রহীতামাত্র। ফলতঃ অতি উচ্চ হারের সেই সুদের আজ্ঞা হইলে, তাঁহারা ঐ ডিক্রী সাধনে বিলম্ব করিয়া থাকেন। এবং ঐ ডিক্রী আদালতের বিচারমতে নির্ণীত আপনারদের স্বত্ব প্রাপণের উপায় না মানিয়া, টাকা বৃদ্ধি করিবার সদুপায় জ্ঞান করেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
জে এস কারষ্টের্স।
একটিং রেজিষ্ট্রার।

১১ নম্বর।

সকল জুডিশ্যল কমিশ্যনর ও জিলার জজ সাহেব ও মুনসেফ সমীপেষু।

কলিকাতা ১৮৭০ সাল ১৪ মে।

আজ্ঞা হইল যে, আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৪,১৫, ১৭ নং অন্যতর ধারার বিধানমতে মুনসেফদের আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় মুনসেফেরা প্রতিসপ্তাহ সোমবারে নিম্নলিখিত পাঠে তৎপূর্ব্ব সপ্তাহের অর্থাৎ সোমবার অবধি শনিবার পর্য্যন্ত উপস্থিত করা ঐ সকল মোকদ্দমার বর্ণনাপত্র জিলার জজ সাহেবের নিকটে পাঠান এই আদেশ করা গেল। আইনবহির্ভুত প্রদেশে তাঁহারা জিলার কর্ত্তৃপক্ষদেরদ্বারা ঐ বর্ণনাপত্র জুডিশ্যল কমিশ্যনরদের নিকট পাঠাইবেন। উক্ত অন্যতর ধারামতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা উপস্থিত করিবার রসুম ঐ২ ধারায় নির্দ্ধারিত আছে।

২। হাই কোর্টের এই আজ্ঞা করিবার তাৎপর্য্য এই। উক্ত প্রকারের মোকদ্দমাঘটিত বিবাদীয় বিষয়ের মূল্য ১০০০৲ টাকার অনধিকপ্রযুক্ত দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ১৬ আইনের ৫ ধারামতে, মুনসেফদের আদালতে উপস্থিত করা আবশ্যক বোধ হয়। অতএব দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের পূর্ব্বোক্ত ধারাক্রমে জিলার জজ সাহেবদের যে ক্ষমতা আছে, তাঁহারা তদনুসারে ঐ মোকদ্দমা আপনারদের আদালতে আনাইতে পারেন, কিম্বা ১৮৬৮ সালের ১৬ আইনের ১৫ ধারামতে সবর্ডিনেট





to the Subordinate Judges under Section 15, Act XVI of 1868.

3. The nature of the suits referred to, will often make it desirable that they should be tried in the higher Courts of the district, although, in consequence of the wording of the Acts of 1859 and 1868, they must be commenced in the Courts of the Moonsiffs.

By Order, &c.,
(Sd.) J. S. Carstairs,
*Offg. Registrar.*

*Form of Return.*

| No. in Moonsiff's Register. | Date of Institution. | Names of the | | Subject matter. | Remarks. |
|---|---|---|---|---|---|
| | | Plaintiffs. | Defendants. | | |
| | | | | | |

জজদের দ্বারা বিচার হইবার নিমিত্ত অর্পণ করিতে পারেন ইহা বিহিত।

৩। ১৮৫৯ ও ১৮৬৮ সালের উক্ত আইনের কথাক্রমে যদ্যপি মুনসেফদের আদালতে সেই সকল মোকদ্দমা উপস্থিত করা আবশ্যক তথাপি তন্মধ্যে অনেক মোকদ্দমার ভাব বিবেচনায় জিলার উচ্চতর আদালতে তাহার বিচার হওয়া কর্ত্তব্য জ্ঞান হইতে পারে।

আজ্ঞাক্রমে
জে এস কারষ্টের্স,
একটিং রেজিষ্ট্রার।

রিটর্ণের পাঠ।

| মুনসেফের রেজিষ্টরের নম্বর। | যে তারিখে উপস্থিত করা যায়। | নাম। | | যে বিষয়ের। | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|
| | | অর্থির। | প্রত্যর্থির। | | |
| | | | | | |

John Robinson, *Bengalee Translator.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1198R.

Appointments.

*The 12th May* 1870.—Mr. Henry James Newbery to officiate as Joint-Magistrate and Deputy Collector of Gya, during the absence, on leave, of Mr. John Foster Stevens, or until further orders, with effect from the date on which he received charge from the latter.

*The 1st June* 1870.—The following gentlemen to be Assessors, under Act XVI. of 1870, in the districts mentioned against their respective names, and to exercise the powers of a Collector for the purposes of that Act:—

Moulvie Mahomed Abdool Hye, Gya.
Baboo Saroda Persad Chatterjee, Bhaugulpore.
,, Kali Persad Chowdry, Monghyr.
,, Rudro Churn Mullick, Purneah.
,, Ram Lall, Purneah.

*The 3rd June* 1870.—Mr. George Toynbee to be Secretary to the Local Committee of Public Instruction at Cuttack.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১১৯৮ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১২ মে।—শ্রীযুত জান ফষ্টর ষ্টীবন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত হেনরি জেমস নিউবেরি সাহেব গয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। শ্রীযুত ষ্টীবন্স সাহেবের স্থানে যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখঅবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

১৮৭০ সাল ১ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। যথা—

গয়াতে শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুল হাই।
ভাগলপুরে শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায়।
মুঙ্গেরে শ্রীযুত বাবু কালী প্রসাদ চৌধুরী।
পূরণিয়ার শ্রীযুত বাবু রুদ্রচরণ মল্লিক।
পূরণিয়ার শ্রীযুত রামলাল বাবু।

১৮৭০ সাল ৩ জুন।—শ্রীযুত জর্জ টয়নবী সাহেব কটকে সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর সেক্রেটারী হইবেন।

Baboo Joy Chunder Nag to be an Assessor, under Act XVI. of 1870, in the district of Chittagong, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

Mr. Anthony Patrick MacDonnell officiated as Magistrate and Collector of Mymensing, in the Second Grade, from the forenoon of the 25th April to the forenoon of the 2nd May last.

Mr. Robert Fulton Rampini, Officiating Joint-Magistrate and Deputy Collector of Tipperah, is vested, under Section V., Act IV. (B. C.) of 1867, with the powers of a Collector, for the purpose of hearing and determining certain appeals in rent cases disposed of before Act VIII. (B. C.) of 1869 came into operation.

*The 4th June* 1870.—Mr. George Goodair Dey to be Secretary to the Local Committee of Public Instruction at Purneah.

Mr. Edward Stanford Andrew to be a Member of, and Secretary to the Local Committee of Public Instruction at Mymensing.

*The 5th June* 1870.—Mr. Archdale Villiers Palmer is re-appointed to be Magistrate and Collector of Gya, in the First Grade.

*The 6th June* 1870.—The following gentlemen to be Assessors, under Act XVI. of 1870, in the districts mentioned against their respective names, and to exercise the powers of a Collector for the purposes of that Act:—

Mr. J. H. Mendies, Beerbhoom.
Baboo Trilochun Singh, Burdwan.
Mr. Charles Nicholls, Hooghly.
Baboo Hurrish Chunder Ghose, Howrah.
,, Kedarnath Das, } Midnapore.
,, Nobo Coomar Bose, } Midnapore.
,, Kassi Kinkur Sen, Rajshahye.
,, Dwarkanath Roy, Bograh.
,, Ishan Chunder Sen, Maldah.
Moonshee Moteeoollah, Rungpore.
Baboo Umbica Churn Mookerjee, Jessore.
,, Kalinath Bose, } Tipperah.
,, Koylas Chunder Sen, } Tipperah.

Mr. John Charles Veasey, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Serajgunge in Pubna, during the absence, on leave, of Mr. Philip Nolan, on until further orders. In addition to the powers with which he is already vested, Mr. Veasey is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such

শ্রীযুত বাবু জয়চন্দ্র নাগ চট্টগ্রাম জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত আন্টনী পাট্রিক মাকডনেল সাহেব গত আপ্রিল মাসের ২৫ তারিখের পূর্ব্বাহ্ন অবধি মে মাসের ২ তারিখের পূর্ব্বাহ্ন পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীমতে ময়মুনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিয়াছেন।

১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন প্রবল হইবার পূর্ব্বে খাজানা বিষয়ক যে২ মোকদ্দমা নিষ্পত্তি হইয়াছে তাহার উপর কোন২ আপীল শ্রবণ ও নিষ্পত্তি করণার্থে ত্রিপুরার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রবর্ট ফুলটন রাম্পিনি সাহেব ১৮৬৭ সালের বঙ্গীয় ৪ আইনের ৫ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭০ সাল ৪ জুন।—শ্রীযুত জর্জ গুডের ডে সাহেব পূরণিয়ার সাধারণ শিক্ষাসংক্রান্ত কমিটীর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত এডওয়ার্ড ষ্টানফর্ড আনড্রু সাহেব ময়মুনসিংহের সাধারণ শিক্ষাসংক্রান্ত কমিটীর এক জন মেম্বর ও সেক্রেটারী হইবেন।

১৮৭০ সাল ৫ জুন।—শ্রীযুত আর্চডেল বিলিয়র্স পামর সাহেব প্রথম শ্রেণীমতে গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

১৮৭০ সাল ৬ জুন।— নিম্নলিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন। এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

বীরভূমে শ্রীযুত জে এচ মেণ্ডিস সাহেব।
বর্দ্ধমানে শ্রীযুত বাবু ত্রিলোচন সিংহ।
হুগলীতে শ্রীযুত চার্লস নিকলস সাহেব।
হাবড়ায় ,, বাবু হরিশ্চন্দ্র ঘোষ
মেদিনীপুরে { ,, বাবু কেদারনাথ দাস।
মেদিনীপুরে { ,, বাবু নবকুমার বসু।
রাজশাহীতে ,, বাবু কাশীকিঙ্কর সেন।
বগুড়ায় ,, বাবু দ্বারকানাথ রায়।
মালদহে ,, বাবু ঈশানচন্দ্র সেন।
রঙ্গপুরে ,, মুনশী মতিউল্লা।
যশোহরে ,, বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
ত্রিপুরায় { ,, বাবু কালীনাথ বসু।
ত্রিপুরায় { ,, বাবু কৈলাসচন্দ্র সেন।

শ্রীযুত ফিলিপ নোলান সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান চার্লস বীসি সাহেব পাবনার অন্তর্গত শেরাজগঞ্জ শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন। তাঁহার প্রতি এইক্ষণে যে২ ক্ষমতা অর্পিত হইয়াছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি

[গবর্নমেন্ট গেজেট। ১৮৭০। ১৪ জুন।]



Court of Session or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

*The 7th June* 1870.—Moulvie Warris Ali, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Aurungabad, in Gya.

Baboo Nobin Chunder Sen, B.A., Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Bhubooah, in Shahabad, during the absence, on leave, of Baboo Judoonath Bose, B.A., or until further orders. Baboo Nobin Chunder Sen is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, and is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.

Mr. Godfrey John Bective Tuite Dalton, Officiating Joint-Magistrate and Deputy Collector of Monghyr, is vested with powers, under Section 66A, Act VIII. of 1869, to enable him to entertain cases either on complaint preferred directly to himself, or on the report of a Police Officer, along the line of Railway within the district of Monghyr.

Lieutenant Malcolm Ogilvie Boyd to officiate as Deputy Commissioner of Luckimpore, in the Fourth Grade, during the absence, on leave, of Captain John Gregory, or until further orders.

Mr. James Westland to officiate as Superintendent and Remembrancer of Legal Affairs, until further orders.

LEAVE OF ABSENCE.

*The 3rd May* 1870.—Mr. H. Thompson, Assistant Collector of Customs, Chittagong, for one month, from the 21st ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 9th May* 1870.—Mr. H. Thompson, Assistant Collector of Customs, Chittagong, for seven days, without pay, in extension of the leave granted to him under the above orders.

*The 12th May* 1870.—Mr. John Foster Stevens, Officiating Joint-Magistrate and Deputy Collector of Gya, for one month, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules, from the date on which he has availed himself of the leave.

*The 6th June* 1870.—Mr. Philip Nolan, Assistant Magistrate of Serajgunge, for two months, under Section XIX. of the Covenanted Service Absentee Rules from the 7th proximo.

[*Government Gazette, 14th June* 1870.]

তাহাদের স্থানে দর্শনপ্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

১৮৭০ সাল ৭ জুন।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়ারিস আলী গয়ার অন্তর্গত আরঙ্গাবাদ শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

শ্রীযুত বাবু যদুনাথ বসু, বি, এ, ছুটী লইয়া যতকাল না ফিরিয়া যান অথবা অন্য আজ্ঞা না হয় ততকাল ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন, বি, এ, শাহাবাদের অন্তর্গত ভবুয়া শাখাখণ্ডের অধ্যক্ষতার ভার পাইবেন। তিনি অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে দর্শনপ্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।

মুঙ্গেরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত গডফ্রি জান বেক্টিব টুইট ডালটন সাহেবের নিকট মুঙ্গের জিলার অন্তর্গত রেলপথে যে সকল মোকদ্দমা একেবারে কিম্বা পোলীসের রিপোর্টমতে উপস্থিত করা যায় তিনি ১৮৬৯ সালের ৮ আইনের ৬৬A ধারামতে তাহা গ্রাহ্য করিতে ক্ষমতা পাইয়াছেন।

কাপ্তান শ্রীযুত জান গ্রেগরি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত লেপ্টেনেন্ট শ্রীযুত মালকম ওগলবি বয়ড সাহেব চতুর্থ শ্রেণীমতে লক্ষ্মীপুরের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জেমস ওয়েস্টলণ্ড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাজকীয় মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্টের ও প্রয়োজকের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ৩ মে।—চট্টগ্রামের কষ্টমের আসিস্টান্ট কালেক্টর শ্রীযুত এচ তামসন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ২১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ৯ মে।—চট্টগ্রামের কষ্টমের আসিস্টান্ট কালেক্টর শ্রীযুত এচ তামসন সাহেব উপরোক্ত আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত বিনা বেতনে সাত দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১২ মে।—গয়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান ফষ্টর ষ্টিবন্স সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ৬ জুন।—শেরাজগঞ্জের আসিস্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ফিলিপ নোলান সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে আগামি মাসের ৭ তারিখঅবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

Mr. Arthur Rattray, Extra Assistant Commissioner of Sungoo, in the Chittagong Hill Tracts, for three months, from the 19th ultimo, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865.

NOTIFICATIONS.

*The 2nd June* 1870.—Baboo Ramchurn Bose, Deputy Magistrate and Deputy Collector, Jessore, having joined that district on the forenoon of the 16th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 5th April last, is cancelled.

Baboo Govind Mohun Ghose, Personal Assistant to the Commissioner of Rajshahye, having returned to duty on the forenoon of the 24th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 17th idem, is cancelled.

Mr. Edward Augustus Bradbury, Assistant Magistrate of City Moorshedabad, having returned to duty on the afternoon of the 11th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 29th April last, is cancelled.

*The 3rd June* 1870.—Baboo Goloke Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Moorshedabad, having returned to duty on the 4th April, the unexpired portion of the leave granted to him under orders of the 18th February last, is cancelled.

*The 6th June* 1870.—Mr. James Cattrall Price having proceeded on the 18th March last to join his appointment as Officiating Magistrate and Collector of Midnapore, the unexpired portion of the leave granted to him under orders of the 28th December 1869, are cancelled.

*The 7th June* 1870.—The services of Captain Charles Hayter, Madras Staff Corps, Assistant Commissioner in Assam, are placed at the disposal of the Government of India in the Military Department.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের অন্তর্গত সঙ্গুর অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আর্থর রাট্রে সাহেব ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে গত মাসের ১৯ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২ জুন।—যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামচরণ বসু গত মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্নে ঐ জিলায় গমন করাতে গত আপ্রিল মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

রাজশাহীর কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষ গত মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ঐ মাসের ১৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

মুরশিদাবাদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এডওয়ার্ড আগষ্টস্ ব্রাডবরি সাহেব গত মাসের ১১ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত আপ্রিল মাসের ২৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭০ সাল ৩ জুন।—মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় আপ্রিল মাসের ৪ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭০ সাল ৬ জুন।—শ্রীযুত জেমস কাট্রেল প্রাইস সাহেব গত মার্চ্চ মাসের ১৮ তারিখে মেদিনীপুরে স্বীয় একটিং মাজিষ্ট্রেটী ও কালেক্টরের কর্ম্মে গমন করাতে ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭০ সাল ৭ জুন।—মান্দ্রাজ ষ্টাফ কোরের কাপ্তান ও আসামের আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত চার্লস হেটর সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।





The following Orders issued by the Government of India, in the Financial Department, are republished for general information :—

No. 143.

*Extract from the Proceedings of the Government of India, in the Financial Department, under date Simla, the 28th April* 1870.

READ—

Endorsement from the Home Department, No. 1370, dated the 14th ultimo, forwarding, for consideration, a copy of a letter from the Government of Bombay, and of a Resolution No. 703, passed by that Government on the 25th February 1870, regarding the acting allowances of the substitutes of Uncovenanted Servants.

OBSERVATIONS.

THE Resolution of the Government of Bombay is unobjectionable, except inasmuch as it states that the Resolution No. 1821, passed in this Department on the 12th July 1869, applies "to cases where the person appointed to act for the uncovenanted absentee is not in the employment of Government," and that the order of this Department, No. 2858, dated the 30th November 1869, is an exception to the rules for acting allowances. With reference to these statements, the Governor General in Council observes that the Resolution of the 12th July 1869 applies to the cases of all persons, whether in the service of Government or not, who are appointed to officiate for uncovenanted absentees on salaries of less than Rs. 200 per mensem, and that the order of the 30th November 1869 relates not to acting appointments, but to appointments which though temporary are substantive.

(True Extract)

G. H. M. BATTEN,
*Under-Secy. to the Govt. of India.*

From G. H. M. BATTEN, Esq., Under-Secretary to the Government of India, Financial Department, to the Accountant-General, Bombay,—(No. 2858, dated Fort William, the 30th November 1869.)

I AM directed to acknowledge the receipt of Mr. Officiating Deputy Accountant-General W. E. Gordon's letter No. A—2892 of the 13th ultimo, and in reply to state that a ministerial

ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৪৩ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট সিমলাতে ১৮৭০ সালের আপ্রিল মাসের ২৮ তারিখে ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টে যে কার্য্য করেন তাহার বিবরণহইতে উদ্ধৃত এই কথা।

কোন ব্যক্তি অচিহ্নিত কার্য্যকারকদের প্রতিনিধিস্বরূপ কর্ম্ম করিয়া কত বেতন পাইবেন, এই বিষয়ে বোম্বাইয়ের গবর্ণমেণ্ট ১৮৭০ সালের ২৫ ফেব্রুআরির ৭০৩ নম্বরের যে নির্দ্ধারণপত্র করেন ও যে পত্র লেখেন হোম ডিপার্টমেণ্টহইতে ঐ পত্রের গত মাসের ১৪ তারিখের ১৩৭০ নম্বরের পৃষ্ঠ লিপি পাঠ করা গেল।

মন্তব্য।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের নির্দ্ধারণপত্রের উপর আপত্তি নাই। কিন্তু তন্মধ্যে নিম্নলিখিত কথার বিষয়ে আপত্তি আছে, বিশেষতঃ তিনি কহেন যে, এই ডিপার্টমেণ্টের ১৮৬৯ সালের ১২ জুলাইর ১৮২১ নম্বরের যে নির্দ্ধারণপত্র হইয়াছিল, অচিহ্নিত কার্য্যকারক ছুটী গ্রহণ করিলে তাঁহার স্থানে যে ব্যক্তি কর্ম্ম করিতে নিযুক্ত হন তিনি গবর্ণমেণ্টের কর্ম্মকারক না হইলে ঐ নির্দ্ধারণ পত্র বর্ত্তে। এবং এই ডিপার্টমেণ্টের ১৮৬৯ সালের ৩০ নবেম্বরের ২৮৫৮ নম্বরের যে আজ্ঞা হয় তাহা প্রতিনিধিদের বেতন বিষয়ক বিধির বর্জ্জনীয়। তাঁহার উক্ত এই২ কথার বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কহেন যে, অচিহ্নিত যে কার্য্যকারকেরা মাসে ২০০৲ টাকার ন্যূন বেতন পান তাঁহারা ছুটী গ্রহণ করিলে যে ব্যক্তিরা তাঁহাদের কর্ম্ম করিতে নিযুক্ত হন তাঁহারা গবর্ণমেণ্টের কর্ম্মকারক হইলে বা না হইলেও তাঁহারদের প্রতি ১৮৬৯ সালের ১২ জুলাইর নির্দ্ধারণপত্র বর্ত্তে। এবং যাঁহারা প্রতিনিধিস্বরূপ নিযুক্ত হন, ১৮৬৯ সালের ৩০ নবেম্বরের আজ্ঞা তাহারদের প্রতি বর্ত্তে না, কিন্তু যে পদ কিয়ৎকালের নিমিত্তে স্থির আছে সেই পদধারিদের প্রতি বর্ত্তে।

জি, এচ, এম, বাটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

বোম্বাইয়ের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের প্রতি ফিনান্স্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত জি এচ এম বাটন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬৯ সালের ৩০ নবেম্বরের ২৮৫৮ নম্বর।

আজ্ঞাক্রমে জানাইতেছি যে, একটিং ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল শ্রীযুত ডবলিউ ই গর্ডন সাহেবের গত মাসের ১৩ তারিখের A ২৮৯২ নম্বরের পত্র পাওয়া গিয়াছে। তাহার এই উত্তর। কোন আমলা কিয়ৎ-

officer, who has been appointed to a vacant post by the head of his office with the stipulation that his appointment is temporary and must be given up after a certain time, or on a certain contingency, can, under the order of this Department, No. 22, dated the 12th January 1865, be allowed the full pay of the post.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

কাল কোন পদে নিযুক্ত থাকিবেন এবং নিরূপিত সময়ান্তরে কিম্বা নির্দ্দিষ্ট কোন ঘটনা হইলে তাঁহার সেই পদ ত্যাগ করিতে হইবে, কার্য্যালয়ের প্রধান কর্ম্মকারক এই নিয়ম করিয়া তাঁহাকে নিযুক্ত করিলে, এই ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ১২ জানুআরির ২২ নম্বরের আজ্ঞাক্রমে ঐ আমলা পদের সম্পূর্ণ বেতন পাইবেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

NOTIFICATION.

*The 26th May* 1870.—It is hereby notified that the Lieutenant-Governor has been pleased to direct the substitution of the following rule for that contained in paragraph 2 of the resolution of the 22nd October 1868, and published in the *Calcutta Gazette* of the 11th November 1868, page 1792:—

Under Section 5 of Act I. of 1868, passed by the Lieutenant-Governor of Bengal in Council, in addition to the fees provided for by Act V. of 1862, a first class Railway fare for the journey, and Rs. 5 for every day's absence from Calcutta, including the days of departure and return, shall be paid to each of the surveyors, or to the sole surveyor, whenever they or he shall proceed from Calcutta to Dinapore or Kooshtea for the purpose of surveying any steam vessel.

If several vessels belonging to the same owner are surveyed during the same visit, no more than the sum above-mentioned shall be levied from the owner for the purpose of meeting the expenses of the journey of the surveyor or surveyors to and from the port.

If vessels belonging to more than one owner are surveyed (during the same visit of the surveyors to the aforesaid ports), then the whole sum above provided shall be levied from the owners, in such a manner that each owner shall pay an amount proportionate to the number of vessels belonging to him which shall have been surveyed.

If only one vessel is surveyed, the owner of such vessel shall bear the whole charge.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৬ মে।—১৮৬৮ সালের ২২ অকটোবরের যে নির্দ্ধারণপত্র ১৮৬৮ সালের নবেম্বর মাসের ১১ তারিখের কলিকাতা গেজেটের ১৭৯২ পৃষ্ঠায় প্রকাশ করা যায়, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহার ২ ধারার বিধির পরিবর্ত্তে এই বিধি করিয়াছেন।

কোন ষ্টীমপোতের অবস্থানুসন্ধান করণার্থে সরবেয়রেরা কলিকাতাহইতে, দানাপুরে কিম্বা কুষ্ঠ্যাতে গেলে প্রত্যেক জন কিম্বা কেবল এক জন সরবেয়র গেলে তিনি ১৮৬২ সালের ৫ আইনের বিধানমতে যে ফী পাইতে পারেন, তদ্ভিন্ন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ১ আইনের ৫ ধারামতে রেলপথে প্রথম শ্রেণীমতে যাইবার ভাড়া পাইবেন এবং কলিকাতাহইতে যাইবার দিন অবধি প্রতি দিন ৫৲ টাকা পাইবেন। কলিকাতাহইতে যে দিনে যান ও সেই স্থানহইতে যে দিনে চলিয়া আসেন তাহাও উক্ত দিনের মধ্যে গণ্য।

তাঁহার একি যাত্রায় যদি একি স্বামির অনেক জাহাজের অবস্থানুসন্ধান করিতে হয়, তবে তাঁহার কি তাঁহারদের যাইবার ও আসিবার অধিক খরচ স্বামির স্থানে লওয়া যাইবে না।

উক্ত বন্দরে ঐ সরবেয়রদের একি যাত্রায় যদি দুই কি তদধিক স্বামির জাহাজের অবস্থানুসন্ধান করিতে হয়, তবে উক্ত যে সমস্ত টাকার বিধান হইয়াছে তাহা ঐ স্বামিদের স্থানে আদায় করিয়া লওয়া যাইবে। অর্থাৎ যে স্বামির যত খানি জাহাজের অবস্থানুসন্ধান করিতে হইবে তাহার স্থানে তদনুসারে এক২ অংশ লওয়া যাইবে।

কেবল একি জাহাজের অবস্থানুসন্ধান করিতে হইলে সেই জাহাজের স্বামী সমুদয় খরচ দিবেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।





The following Order issued by the Government of India, in the Financial Department, are re-published for general information:—

SEPARATE REVENUE.

(ASSESSED TAXES.)

*No.* 741.—*Simla, the* 23*rd May* 1870.—The Governor General in Council is pleased to direct the substitution of the subjoined amended Form of Register in place of the Form of Register No. 2, and of the words "sections 30, 31, and 38," instead of the words "sections 30 and 31" in the Form of the Register No. 5, referred to in paragraph 13 of Financial Resolution No. 2471, dated 8th April 1870.

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

স্বতন্ত্র রাজস্ব।

(অবধারিত টাক্স।)

৭৪১ নম্বর।—সিমলা ১৮৭০ সাল ২৩ মে।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীলশ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ২ নং রেজিষ্টরের পাঠের পরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত রেজিষ্টরের পাঠ দিবার এবং ফিনানশ্যল ডিপার্টমেণ্টের ১৮৭০ সালের আপ্রিল মাসের ৮ তারিখের ২৪৭১ নং নির্দ্ধারণের ১৩ দফার উল্লিখিত ৫ নং রেজিষ্টরের পাঠের "৩০ ও ৩৮ ধারা" এই কথার পরিবর্ত্তে ৩০, ৩১ ও ৩৮ ধারা দিবার আজ্ঞা করিয়াছেন।

REGISTER 2.

*Register of Servants, Pensioners, Accountants of Companies, &c., assessed under Part II. of the Indian Income Tax Act.*

| Name. | Office employment, &c. | Deductions made | | | | | | | | | | | | | | | Total for year. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | From salary for March. | From salary for April. | From salary for May. | Total for three months. | From salary for June. | From salary for July. | From salary for August. | Total for six months. | From salary for September. | From salary for October. | From salary for November. | Total for nine months. | From salary for December. | From salary for January. | From salary for February. | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| | | | | | | | | | | | | | | | | | |

২ রেজিষ্টর।

ভারতবর্ষীয় ইনকম টাক্সের আইনের দ্বিতীয় অধ্যায়মতে কোম্পানিপ্রভৃতির যে কর্ম্মকারকদের ও পেন্সনভোগিদের ও হিসাবিদের টাক্স ধার্য্য হইল তাঁহারদের রেজিষ্টর।

| নাম | পদ কর্ম্ম প্রভৃতি | যাহা কর্ত্তন করা যায়। | | | | | | | | | | | | | | | বৎসরের মোট। |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মার্চ মাসের বেতনহইতে | আপ্রিল মাসের বেতনহইতে | মে মাসের বেতনহইতে | তিন মাসের মোট | জুন মাসের বেতনহইতে | জুলাই মাসের বেতনহইতে | আগষ্ট মাসের বেতনহইতে | ছয় মাসের মোট | সেপ্টেম্বর মাসের বেতনহইতে | আক্টোবর মাসের বেতনহইতে | নবেম্বর মাসের বেতনহইতে | নয় মাসের মোট | ডিসেম্বর মাসের বেতনহইতে | জানুআরি মাসের বেতনহইতে | ফেব্রুআরি মাসের বেতনহইতে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | | | | | | | | | | | | | |

## JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 781J.

Appointments.

*The 1st June* 1870.—Mr. Thomas Henderson is appointed to be an Honorary Magistrate in the district of Nowgong, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, and with power under Section 66A, Act VIII. of 1869.

Mr. Laurence Barlow Roberts is appointed, under the provisions of Section 3, Act II. of 1869, to be a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

*The 2nd June* 1870.—Mr. Sandford James Kilby, Assistant Superintendent of Police, Lohardugah, is transferred, temporarily, to Gya.

Mr. Frederick Angelo Dawson, Officiating Assistant Superintendent of Police, Gya, is transferred, temporarily, to Lohardugah, and is posted to Palamow.

## জুডিশ্যল ও পলিটিকাল ডিপার্টমেন্ট।

৭৮১ J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১ জুন।—শ্রীযুত তামস হেণ্ডরসন সাহেব নৌগাঁ জিলাতে অনররি মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ১৮৬৯ সালের ৮ আইনের ৬৬A ধারামত ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত লরেন্স বারলো রবর্টস সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইলেন।

১৮৭০ সাল ২ জুন।—লোহারডগার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত সাণ্ডফর্ড জেমস কিলবি সাহেব কিয়ৎকালের নিমিত্তে গয়ায় প্রেরিত হইলেন।

গয়ার পোলীসের একটিং আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ফ্রেড্রিক আঞ্জেলো ডসন সাহেব কিয়ৎকালের নিমিত্তে লোহারডগায় প্রেরিত হইয়া পালামৌয়ে অবস্থিত হইলেন।





Captain William Brereton Birch, District Superintendent of Police, Singbhoom, to officiate in the Third Grade of District Superintendents of Police.

Mr. John Lambert to officiate, until further orders, as Personal Assistant to the Inspector-General of Police, Lower Provinces.

Mr. Hugh Gilmore Wilkins to officiate as District Superintendent of Police, Patna, during the absence, on leave, of Captain G. M. Bowie, or until further orders.

Mr. William Robert Green to officiate in the First Grade of Assistant Superintendents of Police from the date on which he was relieved of the charge of the Pooree District.

*The 3rd June* 1870.—Mr. Thomas James Murray, Assistant Magistrate and Collector, Moorshedabad, is vested, under Section 20, Act XXII. of 1864, with powers to try breaches of the Rules and Regulations made under Section 17 of the Act within the Cantonment of Berhampore.

*The 4th June* 1870.—Mr. John Stanley Carr Larminie to officiate as District Superintendent of Police, Tipperah, during the absence, on leave, of Mr. Thomas Weldon, or until further orders.

The following gentlemen to be Honorary Magistrates in the district of Darjeeling, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, and power under Section 66A, Act VIII. of 1869:—

Mr. William Lloyd.
„ Robert Fuller Graham.
„ John Andrew Wernike.

*The 6th June* 1870.—Mr. Francis Jeffrey Dickens officiated as District Superintendent of Police, Chumparun, from the 4th April to the 19th May last.

Baboo Keshubnath Bishee, B.L., to officiate as Moonsiff of Amtah, Zillah Hooghly, during the absence, on leave, of Baboo Gobind Chunder Das, or until further orders.

*The 7th June* 1870.—Assistant Surgeon Ambrose Hamilton Kelly, recently arrived from England, is posted, temporarily, to the Presidency General Hospital.

Baboo Brejendra Coomar Seal, B.L., Moonsiff of Busseerhaut, 24-Pergunnahs, is transferred to Pundooah, in Hooghly.

The following Moonsiffs are promoted to the First Grade:—

Moulvie Khadem Hossein, Moonsiff of Tumlook.

Moonshee Izzut Hossein, Moonsiff of Rungpore.

সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্ট কাপ্তান শ্রীযুত উলিয়ম ব্রিরটন বর্চ সাহেব পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জান লাম্বর্ট সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বঙ্গপ্রভৃতিদেশের পোলীসের ইনস্পেকটর জেনরল সাহেবের স্বকীয় আসিষ্টান্টের কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত জি, এম, বৌই সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত হিউ গিলমোর উইলকিন্স সাহেব পাটনার পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত উলিয়ম রবর্ট গ্রীন সাহেব যে তারিখে পুরী জিলার কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখ অবধি প্রথম শ্রেণীমতে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ৩ জুন।—মুরশিদাবাদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত তামস্ জেমস্ মরে সাহেব ১৮৬৪ সালের ২২ আইনের ২০ ধারামতে বহরমপুরের সেনানিবেশে উক্ত আইনের ১৭ ধারামতে প্রণীত বিধি ও ব্যবস্থা লঙ্ঘন দোষের বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

১৮৭০ সাল ৪ জুন।—শ্রীযুত তামস ওয়েলডন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জান ষ্টানলী কার লার্ম্মিনী সাহেব ত্রিপুরার পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা দার্জিলিঙ্গ জিলাতে অনররি মাজিষ্ট্রেট হইয়া অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ১৮৬৯ সালের ৮ আইনের ৬৬A ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য করিবেন।

শ্রীযুত উলিয়ম লয়ড সাহেব।
„ রবর্ট ফুলর গ্রাহম সাহেব।
„ জান আন্ড্রু ওরীনিক্ সাহেব।

১৮৭০ সাল ৬ জুন।—শ্রীযুত ফ্রান্সিস জেফ্রি ডিকিন্স সাহেব গত আপ্রিল মাসের ৪ তারিখ অবধি মে মাসের ১৯ তারিখপর্য্যন্ত চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র দাসের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কেশবনাথ বি শি, বি, এল, হুগলী জিলার অন্তর্গত আমতার মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ৭ জুন।—আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আম্ব্রোস্ হামিল্টন কেলি সাহেব সম্প্রতি ইংলণ্ডহইতে আগমন করিয়া কিয়ৎকালের নিমিত্তে রাজধানীর জেনরল হাস্পাতালে অবস্থিত হইলেন।

২৪ পরগনার অন্তর্গত বশীরহাটের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজেন্দ্রকুমার শীল, বি, এল, হুগলীর অন্তর্গত পাণ্ডুয়ায় প্রেরিত হইলেন।

নিম্নলিখিত মুনসেফেরা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন। যথা—

তমলুকের মুনসেফ শ্রীযুত মৌলবী খাদেমহুসেন।

রঙ্গপুরের মুনসেফ শ্রীযুত মুনশী ইজ্জৎ হুসেন।

Moulvie Abdoos Sumud, Moonsiff of Huripal, Hooghly.

Moulvie Ali Ahmed, Moonsiff of Pubna.

Baboo Nund Coomar Bose, Moonsiff of Atteah, Mymensing.

The following Moonsiffs are promoted to the Second Grade:—

Moulvie Mahomed Natiq, Moonsiff of Mudheypoorah, Bhaugulpore.

Baboo Matadeen, Moonsiff of Aurungabad, Gya.

Moonshee Sadanund, Moonsiff of Kishenpore, Chota Nagpore.

Baboo Bhoobun Chunder Mookerjee, Moonsiff of Kytee, East Burdwan.

Baboo Nilmadhub Mookerjee, Moonsiff of Kandera, Beerbhoom.

Baboo Gonesh Chunder Chowdry, Moonsiff of Meherpore, Nuddea.

LEAVE OF ABSENCE.

*The 4th June* 1870.—Mr. Thomas Weldon, District Superintendent of Police, Tipperah, for one month, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

NOTIFICATION.

*The 1st June* 1870.—The services of Mr. Samuel Stuckey Hart, Apothecary to the Medical College Hospital, are placed at the disposal of the Government of India, in the Military Department.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 1st June* 1870.—Under Section 82 of Act VI. (B. C.) of 1868, the provisions for the regulation of conservancy or of local improvement, contained in Schedule K annexed to the Act, are hereby extended to the town of Sylhet, in the district of Sylhet, as defined in the Government Notification of the 10th December 1868, published in the *Calcutta Gazette* of the 16th idem.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 1st June* 1870.—The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861 (an Act for the regulation of the police) to the town of Chyebassa, in the district of Singbhoom.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

হুগলীর অন্তর্গত হরিপালের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুস সম্মদ।

পাবনার মুনসেফ শ্রীযুত মৌলবী আলী আহম্মদ।

ময়মুনসিংহের অন্তর্গত আটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু নন্দকুমার বসু।

নিম্নলিখিত মুনসেফেরা দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

ভাগলপুরের অন্তর্গত মধেয়পুরার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নাতিক্।

গয়ার অন্তর্গত আরঙ্গাবাদের মুনসেফ শ্রীযুত মাতাদীন বাবু।

ছোট নাগপুরের অন্তর্গত কৃষ্ণপুরের মুনসেফ শ্রীযুত মুনশী সদানন্দ।

পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত কায়েথীর মুনসেফ শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায়।

বীরভূমের অন্তর্গত কেন্দেড়ার মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব মুখোপাধ্যায়।

নদীয়ার অন্তর্গত মেহেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু গণেশচন্দ্র চৌধুরী।

ছুটী।

১৮৭০ সাল ৪ জুন।—ত্রিপুরার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত তামস ওয়েলডন্ সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্ত এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১ জুন।—মেডিকাল কালেজ হাস্পাতালের ঔষধ প্রস্তুতকারক শ্রীযুত সামুয়েল ষ্টকি হার্ট সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১ জুন।—১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের K তফসীলে নগর বা স্থান সৌষ্ঠব করণের যে বিধান আছে তাহা এতৎক্রমে উক্ত আইনের ৮২ ধারামতে শ্রীহট্ট জিলার অন্তর্গত শ্রীহট্ট নগরে প্রচলিত করা গেল। ১৮৬৮ সালের ডিসেম্বর মাসের ১০ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়া ঐ মাসের ২২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হয় সেই সীমা ধরিতে হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সিংহভূম জিলার অন্তর্গত চৈবাসা নগরে পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান প্রচলিত করিয়াছেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭০। ১৪ জুন।]



NOTIFICATION.

*The 2nd June* 1870.—It is hereby notified under the provisions of Section 15 of Act V. of 1861, that in consequence of the prevalence of crime on the Grand Trunk Road, in the neighbourhood of the villages of Dosari and Okwari, in the district of Shahabad, the Lieutenant-Governor has been pleased to increase the number of police in the neighbourhood of those villages, and to sanction the employment of an additional force, consisting of one head constable and four constables, at a cost of Rs. 47-5-0 as shown below, to be quartered at or near the abovenamed villages for such time as may be considered necessary:—

| | Rs. | As. | P. |
|---|---|---|---|
| 1 Head constable .. | 15 | 0 | 0 |
| 4 Constables, at Rs. 7 each | 28 | 0 | 0 |
| | 43 | 0 | 0 |
| 10 per cent. for contingencies .. | 4 | 5 | 0 |
| Total .. | 47 | 5 | 0 |

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 3rd June* 1870.—It is hereby notified under the provisions of Section 15 of Act V. of 1861, that in consequence of the conduct of the inhabitants and proprietors of chur Ramnuggur, in thannah Sudderpore, in the district of Furreedpore, the Lieutenant-Governor has been pleased to increase the number of police in that neighbourhood, and to sanction the employment of an additional police force, consisting of one sub-inspector, one head constable, and six constables, at a cost of Rs. 112-3-3 as shown below, to be quartered at the abovenamed place for such time as may be considered necessary:—

| | Rs. | As. | P. |
|---|---|---|---|
| 1 Sub-inspector ... | 50 | 0 | 0 |
| 1 Head constable ... | 10 | 0 | 0 |
| 2 Constables, at Rs. 8 each | 16 | 0 | 0 |
| 2 „ „ „ 7 „ | 14 | 0 | 0 |
| 2 „ „ „ 6 „ | 12 | 0 | 0 |
| | 102 | 0 | 0 |
| Add contingencies at 10 per cent. ... | 10 | 3 | 3 |
| Total ... | 112 | 3 | 3 |

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal*

[*Government Gazette, 14th June* 1870.]

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২ জুন।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া যাইতেছে। শাহাবাদ জিলার অন্তর্গত দোসারি ও ওকওয়ারী গ্রামের নিকটস্থ উত্তর পশ্চিম দেশ গমনের পথে অপরাধের প্রাদুর্ভাব হওয়া প্রযুক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ২ গ্রামের নিকটস্থ পোলীস সংখ্যা বৃদ্ধি করত নিম্নলিখিত মতে ৪৭।৵০ টাকা খরচে অধিক এক জন হেড কনষ্টবল ও চারি জন কনষ্টবলনিযুক্ত করিবার আদেশ দিয়া যত কাল প্রয়োজন তত কাল ঐ২ গ্রামের নিকটে অবস্থিতি করিবার অনুমতি করিয়াছেন। যথা—

| | টাকা। |
|---|---|
| ১ জন হেড কনেষ্টাবল ... ... | ১৫৲ |
| ৭৲ টাকা করিয়া ৪ জন কনেষ্টাবল ... | ২৮৲ |
| | ৪৩৲ |
| শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক ব্যয় | ৪।৵ |
| মোট | ৪৭।৵ |

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৩ জুন।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া যাইতেছে। ফরীদপুর জিলার অন্তর্গত সদরপুর থানার চর রামনগর নিবাসিদের ও ভূম্যধিকারিদের অত্যাচার হেতু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ গ্রামের নিকটস্থ পোলীস বৃদ্ধি করত নিম্নলিখিতমতে ১১২৶/৩ খরচে ১ জন সব-ইনিস্পেকুটর ও ১ জন হেড কনষ্টবল ও ছয় জন কনেষ্টবল নিযুক্ত করিবার আদেশ দিয়া যত কাল প্রয়োজন তত কাল ঐ২ গ্রামে অবস্থিতি করিবার অনুমতি করিয়াছেন। যথা—

| | টাকা। |
|---|---|
| ১ জন সব ইনিস্পেকুটর ... ... | ৫০৲ |
| ১ জন হেড কনষ্টবল ... ... | ১০৲ |
| ২ জন কনষ্টবল ৮৲ টাকা করিয়া ... | ১৬৲ |
| ২ ঐ ৭৲ ঐ ... | ১৪৲ |
| ২ ঐ ৬৲ ঐ ... | ১২৲ |
| | ১০২৲ |
| শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক ব্যয় | ১০৶/৩ |
| মোট | ১১২৶/৩ |

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

*The 3rd June* 1870.—The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, (an Act for the regulation of the police) to the town of Khoolna, in the Jessore district.

The boundaries of the town will be the same as those already defined for the purposes of Act VI. (B. C.) of 1868 (the District Towns' Act) in the Notification of Government of the 15th December 1868, published at page 2074 of the *Calcutta Gazette* of the 23rd idem.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 4th June* 1870.—It is hereby notified that under the authority vested in him for that purpose by Section 35 of Act III. (B. C.) of 1864, the Lieutenant-Governor is pleased to declare that, subject to the limitations therein contained, a tax shall be imposed upon carriages, horses, and elephants kept within the limits of the town of Monghyr within which the said Act is in operation.

The Lieutenant-Governor is also pleased, under the provisions of Section 49 of the aforesaid Act, and subject to the limitations therein contained, to declare that every cart, hackery, and other wheeled vehicle, without springs, kept and used within, or let for hire within or without the limits of the said town of Monghyr and used within them, shall be registered by the Municipal Commissioners with the name and residence of the owner, and shall bear the number of registration in such manner as the Commissioners shall direct.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 6th June* 1870.—It is hereby notified that the Head-Quarters of what is now the Bullia Sub-division in the district of Monghyr having been fixed at Beegoo Serai, the Sub-division will in future be called the Beegoo Serai Sub-division.

The following amendment is therefore made in the notification of the 14th April 1870, published at page 991 of the *Calcutta Gazette* of the 27th

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৩ জুন।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান যশোহর জিলার অন্তর্গত খুল্না নগরে প্রচলিত করিয়াছেন।

১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অর্থাৎ প্রদেশীয় নগরাদির আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা গবর্ণমেন্টের ১৮৬৮ সালের ১৫ ডিসেম্বরের জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ঐ মাসের ২৩ তারিখের কলিকাতা গেজেটের ২০৭৪ পৃষ্ঠায় প্রকাশিত হয় উক্ত নগরের সেই সীমা হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৪ জুন।—ইহাতে এই সংবাদ দেওয়া গেল, ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৩ আইনের ৩৫ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তিনি তদনুসারে আদেশ করিতেছেন যে, মুঙ্গের নগরের যে সীমার মধ্যে উক্ত আইন প্রচলিত আছে তন্মধ্যে রক্ষিত গাড়ী ও ঘোড়া ও হস্তির উপর ঐ আইনের নির্দ্দিষ্ট নিয়মের অধীনে টাক্স ধার্য্য করা যাইবে।

আরো শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত আইনের ৪৯ ধারার বিধানমতে ও ঐ আইনের নির্দ্দিষ্ট নিয়মের অধীনে প্রকাশ করিতেছেন যে, গোরুর গাড়ী কি ছকড়া গাড়ী কি প্রকারান্তরের গাড়ী হউক ইষ্প্রিং বিনা চক্রবিশিষ্ট যে প্রত্যেক গাড়ী উক্ত মুঙ্গের নগরের সীমার মধ্যে রাখা যায় ও ব্যবহার হয় কিম্বা সেই সীমার মধ্যে কি বাহিরে ভাড়া দেওয়া যায় ও তন্মধ্যে ব্যবহার হয় সেই সকল গাড়ী ও তৎস্বামির নাম ও বাসস্থান মুনিসিপল কমিশ্যনরদের দ্বারা রেজিষ্টরী করা যাইবে, ও কমিশ্যনরেরা যেরূপ আজ্ঞা করেন সেইরূপে ঐ রেজিষ্টরী করা নম্বর তাহাতে দেওয়া যাইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৬ জুন।—ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে মুঙ্গের জিলার অন্তর্গত বলিয়া নামে যে শাখাখণ্ড আছে তাহার সদর স্থান বীগু সারাইয়ে স্থাপিত হওয়াতে শাখাখণ্ডের বীগু সরাই নাম হইবে।

অতএব ভাগলপুর ও মুঙ্গের জিলার মুনসেফী বিচারাধিপত্যের পুনঃ বন্দোবস্ত বিষয়ে ১৮৭০ সালের আপ্রিল মাসের ১৪ তারিখের যে বিজ্ঞাপন মে মাসের





idem, regarding the re-adjustment of the Moonsiffee Jurisdictions in the districts of Bhaugulpore and Monghyr :—

| Zillah. | Moonsiffee. | Head-Quarters. | Thannahs. | Sub-Division. | REMARKS. |
|---|---|---|---|---|---|
| Monghyr | Beegoo Serai. | Beegoo Serai. | Teghra Bulliah. | Beegoo Serai. | The Moonsiffee at Teghra to be removed to Beegoo Serai. |

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 7th June* 1870.—It is hereby notified that under the provisions of Section 15 of Act V. of 1861, that in consequence of the conduct of the inhabitants of the villages mentioned on the margin, situated in the District of Tipperah, the Lieutenant-Governor has been pleased to increase the number of the police in their neighbourhood, and has sanctioned the employment of an additional force, consisting of one head constable and ten constables, at a cost of Rs. 104-8 per mensem, as shewn below, to be quartered at the said villages for such time as may be considered necessary at the expense of the inhabitants of the villages and their neighbourhood :—

1. Nagur Chur.
2. Kalisagobindpore.
3. Akalia.
4. Muchimpore.
5. Hemun.
6. Sunakundi.
7. Other Akulia.
8. Betakundij.
9. Oichur Chur.
10. Dukhin Akalia.
11. Shibpore.
12. Sreemoodee.
13. Doodghatta.
14. Amutpore.
15. Jaipore.
16. Kudumtollah.
17. Monmar Kundi.
18. Duri Muchimpore.

| | | Rs. | As. | P. |
|---|---|---|---|---|
| 1 | Head constable .. | 15 | 0 | 0 |
| 10 | Constables, at Rs. 8 each | 80 | 0 | 0 |
| | Contingencies at 10 per cent. on the cost of the establishment .. | 9 | 8 | 0 |
| | Total ... | 104 | 8 | 0 |

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

৩ তারিখের বাঙ্গলা গেজেটের ৮০১ পৃষ্ঠায় প্রকাশিত হয় তাহার নিম্নলিখিতমতে সংশোধন করা গেল।

| জিলা | মুনসেফী | সদর স্থান | থানা | শাখাখণ্ড | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| মুঙ্গের | বীগু সরাই | বীগু সরাই | তেঘরা বলিয়া | বীগু সরাই | তেঘরার মুনসেফী বীগু সরাইয়ে উঠিয়া যাইবে। |

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৭ জুন।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল। ত্রিপুরা জিলার অন্তর্গত পার্শ্বের লিখিত গ্রামবাসিদের অত্যাচার হেতু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ২ গ্রামের নিকটস্থ পোলীস সংখ্যা বৃদ্ধি করত মাসিক ১০৪৷৷০ টাকা খরচে আর এক জন হেড কনষ্টবল ও দশ জন কনষ্টবল নিযুক্ত করিবার আদেশ দিয়া যত কাল প্রয়োজন তত কাল ঐ২ গ্রামের নিকটে অবস্থিতি করিবার অনুমতি করিয়াছেন। উক্ত ব্যয় ঐ২ গ্রামস্থ ও তন্নিকটবাসি লোকদের দিতে হইবে।

১। নাগরচর।
২। কালীসাগোবিন্দপুর।
৩। আকালিয়া।
৪। মকিমপুর।
৫। হেমন।
৬। সনাকান্দি।
৭। অন্য আকালিয়া।
৮। বেতাকণ্ডীজ।
৯। ঐচর চর।
১০। দক্ষিণ আকালিয়া।
১১। শিবপুর।
১২। শ্রীমুদী।
১৩। দুধঘাটা।
১৪। আমৎপুর।
১৫। জয়পুর।
১৬। কদমতলা।
১৭। মনমারকান্দি
১৮। দরি মকিমপুর।

| | টাকা। |
|---|---|
| ১ জন হেড কনষ্টবল ... | ১৫৲ |
| ৮৲ টাকা করিয়া দশ জন কনষ্টবল ... | ৮০৲ |
| শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক ব্যয় | ৯৷৷০ |
| মোট ... | ১০৪৷৷০ |

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

[বাকি খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।]

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা মেদনিপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদার

নিমিত্ত ১৮৭০ সালের ১৫ জুন অর্থাৎ আমলি ১২৭৭ সালের ৩ আষাঢ় বাঙ্গলা ১২৭৭ সালের ২ আষাঢ় বুধবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।”

| (এ) রেজ-ষ্টরির নম্বর | নাম মহাল | নাম পরগনা | নাম মালিক | সদর জমা | কৈফিয়ৎ |
| --- | --- | --- | --- | --- | --- |
| ২৭৬০ | উত্তর উসতপুর | কাসিজোড়া | রামচাঁদ পণ্ডা ও শ্রীনাথ চরণ নন্দী ও শ্রীমতী সুন্দরী দাসী ও ভজহরি পাত্র ও লক্ষ্মী নারায়ণ পাত্র ও শ্রীনারায়ণ মাইতি ও দাস মোহন মাইতি ও মধুসূদন মাইতি ও বক্তি নারায়ণ মাইতি ও জগমোহন মাইতি ও বৃন্দাবন মাইতি ও সনাতন মাইতি ও নরহরি মাইতি ও চান্দহরি মাইতি ও কৃষ্ণ নারায়ণ রায় ও প্রেমনারায়ণ রায় ও মোহন পাত্র ও শ্রীমতী সুন্দরী দাসী ও প্যারি মণিদেবী ও শ্রীমতী মহামায়া দেই বনিতা গোরাচাঁদ মহাপাত্র ও যদুনাথ পণ্ডা রামচাঁদ পণ্ডার পুত্র ও শ্রীমত্যা প্যারিমণি দেব্যা মাতা ও মহাফেজ কৈলাস নাথ পণ্ডা নাবালগ ও শ্রীমতী শারদা দেই ও ভাগবৎ চন্দ্র মাইতি ও গোপীনাথ মাইতি ও শ্রীমতী জানকী দেবী ভগবতীচরণ ভট্টাচার্য্যের বনিতা। | ৩৫০৫৶/১ | এই মহালের মধ্যে বিঃ ইষ্টেটমেণ্ট ও রোবকারি ডেপুটী কালেক্টর সন ১৮৬৯ সাল ২৯ মার্চ মৌজে জোদড়া ॥১ কাঠা জমিনের কাত ০।০ ২৯ পোন জমিন কেলেন কোম্পানির খালের জন্য গ্রহণ হইয়াছে সন ১৮৬৯ সাল ২৭ জুলাই। |

বাদ পৃথক হিসাব।

| | |
| --- | --- |
| শ্রীমত্যা প্যারিমণির অংশ ... | ১২৮০৲ |
| শ্রীনারায়ণ মাইতির অংশ ... | ৩৩১৻৬ |
| শ্রীনাথ চরণ নন্দীর অংশ ... | ৪৪॥১০ |
| শ্রীলক্ষ্মী নারায়ণ পাত্র ও সুন্দরী দাসীর অংশ ... | ৩০০৵৯ |
| শ্রীমহন পাত্র ও ভজহরি পাত্র ও সুন্দরী দাসীর অংশ.. | ৩২৭৵৶৬ |
| শ্রীমত্যা মহামায়া দেইর বনিতা গোরাচাঁদ মহাপাত্র অংশ | ২১৪॥৶৮ |
| শ্রীমতী জানকী দেবীর অংশ... | ৫৮৵৶৭ |

২৫৫৭৵৶১০

বাকি নিম্ন লিখিত মালিকগণের ইজমালি হিস্যা নীলাম হইবেক ... ৯৫৭।৴০

রামচাঁদ পণ্ডা ও দাস মোহন মাইতি ও মধুসূদন মাইতি ও বক্তি নারায়ণ মাইতি ও জগমোহন মাইতি ও বৃন্দাবন মাইতি ও সনাতন মাইতি ও নরহরি মাইতি ও চাঁদহরি মাইতি ও কৃষ্ণ নারায়ণ রায় ও প্রেমনারায়ণ রায় ও যদুনাথ পণ্ডা রামচাঁদ পণ্ডার পুত্র ও শ্রীমত্যা প্যারি মণি দেব্যা মাতা ও মহাফেজ কৈলাশ নাথ পণ্ডা নাবালগ ও শ্রীমতী শারদা দেই ও ভাগবৎ চন্দ্র মাইতি ও গোপীনাথ মাইতির ইজমালি হিস্যা নীলাম হইবেক।

J. C. Price,
*Offg. Collector.*

(F)





# INSOLVENT COURT. / যোত্রহীনের আদালত।

## Court for the Relief of Insolvent Debtors at Calcutta.

In the matter of HENRY EDWARD BRODDON, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 2nd day of July next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the Seventh day of January 1864 until the 31st day of May 1870 has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office;
*Calcutta, 11th June* 1870. (55—1)

## কলিকাতা যোত্রহীন ঋণিদের আদালত।

যোত্রহীন হেনরি এডওয়ার্ড ব্রডন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জুলাই মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬৪ সালের জানুআরি মাসের ৭ তারিখ অবধি ১৮৭০ সালের মে মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বতিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা,
কলিকাতা ১৮৭০ সাল ১১ জুন।

In the matter of McCHEYNE, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 2nd day of July next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the Eighth day of July 1868 until the 31st day of May 1870 has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office;
*Calcutta, 11th June* 1870. (56—1)

যোত্রহীন রবর্ট মাকুইন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জুলাই মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬৮ সালের জুলাই মাসের ৮ তারিখ অবধি ১৮৭০ সালের মে মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা,
কলিকাতা ১৮৭০ সাল ১১ জুন।

শ্রীমতী অন্নপূর্ণা দাসী।
বিপক্ষে।
ভুবনচন্দ্র নেউগীদিগর।

উপরোক্ত মোকদ্দমায় নিযুক্ত রিসিবরে বর্ত্তমান মাহার ২৫ তারিখে (মৃত রাজেন্দ্রচন্দ্র নেউগীর সম্পত্তি সম্পার্কীয়) কতক গুলি জমিদারি যাহা ইজারা বন্দোবস্ত করিবার নিমিত্তে সংবাদপত্রে ছাপান হইয়াছিল একণে জ্ঞাত করা যাইতেছে যে যে পর্য্যন্ত পুনরায় সংবাদ দেওয়া না হয় সে পর্য্যন্ত উক্ত ইজারা দেওয়া স্থগিত থাকিবেক।

রজর্স রেম্ফি,
ফরিয়াদির উকিল গণ।

নং ৫ ফেন্‌লী লেন
তারিখ ১৩ জুন ১৮৭০ (57—1)



কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 21, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ২১ জুন।


## Circular Orders of the Board of Revenue, L. P.

MAY 1870.

### ERRATUM.

In Circular Order No. 10 of September 1868 in lieu of "and Sections VII and VIII of the same Chapter," read "and Sections VI and VIII of the same Chapter."

### No. 10.

UNDER instructions from the Government of Bengal, District Officers are requested with reference to those arrangements in Rule 1 of the Rules issued by the Lieutenant-Governor of Bengal, which refer to large districts in which there are no Sub-Divisions, to exercise great caution in the employment of the Offices of special district Assessors as receiving treasuries. To prevent abuses likely to arise out of such an arrangement, they should issue strict injunctions against accumulations of collections in such offices. The expenses to be incurred in the remittance and protection of the collections from such places should be restricted as far as possible.

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭০ সাল মে মাস।

### অশুদ্ধশোধন।

১৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১০ নং সরক্যুলর অর্ডরে " ঐ অধ্যায়ের ৭ ও ৮ পরিচ্ছেদ" এই কথার পরিবর্ত্তে " ঐ অধ্যায়ের ৬ ও ৮ পরিচ্ছেদ" এই কথা পাঠ করিতে হইবে।

### ১০ নম্বর।

বড়২ যে জিলার শাখাখণ্ড না থাকে সেই২ জিল সম্পর্কে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত বিধির অন্তর্গত ১ ধারার উল্লিখিত যে নিয়ম বর্ত্তে তদ্বিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশানুসারে জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইতেছে। তাঁহারা জিলার বিশেষ আসেসরদের কার্য্যালয়, টাকা গ্রহণ করণার্থ খাজানাখানাস্বরূপ ব্যবহার করণ বিষয়ে অত্যন্ত সতর্ক থাকিবেন। সেই বিধিমত অনিয়মিত আচার না হয়, এই নিমিত্তে ঐ২ কার্য্যালয়ে আদায় করা টাকা জমা না থাকিবার দৃঢ় আজ্ঞা প্রচার করিবেন। আদায় করা টাকা সেই২ স্থান-হইতে চালান করিবার ও তাহা রক্ষা করিবার যে খরচ হয় তাহা সাধ্যমতে সঙ্কোচ করিতে হইবে।

No. 11.

The following addition is made to Rule 10, at page 262 of Board's Rules:—

If any alterations or additions have been made, the return must be submitted in detail, the alterations or additions being shown in red ink.

No. 12.

PARA. 2 of Circular Order No. 1of February 1867 is hereby cancelled, the information which was intended to be embraced by the return* therein prescribed being now included in Return No. 41B.

*"Statistics of Physical, Political, and Fiscal Geography."

No. 13.

THE following is added as Rule 3A., at page 152 of the Board's Rules:—

Proprietors of estates in Sylhet paying a revenue of one rupee and less, may redeem all future payments by one payment of twenty times the revenue of such estates.

No. 14.

DISTRICT Officers are informed that the Peons' Fee (or process) Fund having been abolished, under the orders of Government, from 1st April 1870, consequent upon the promulgation of the Court Fees Act No. VII of 1870, Table III of Return No. XIX is cancelled. The Return with this alteration should be submitted till receipt of further orders from the Board.

No. 15.

THE following alterations are made in Clause 2, Section VII, Chapter XIII, page 211 of the Board's Rules:—

For the words "may be expended in keeping the office records in proper order," substitute "must be paid into the Treasury, and credited by the Collector to Government."

For the words "realized and expended," substitute "realized and credited."

Omit "and, of the purpose for which the expenditure was incurred."

Insert before last clause in the rule: "All "expenditure for keeping the office records in "proper order will be made under the Board's "orders from the Record Fund."

No. 16.

WITH reference to Board's Circular No. 2 for February 1870, Collectors should authorize the

১১ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৪০৪ পৃষ্ঠায় ১০ ধারাতে এই কথা সংযোগ করিতে হইবে।

"যদি পরিবর্ত্তন কি বৃদ্ধি হইয়া থাকে, তবে রিটর্ণে বিস্তৃত বর্ণনা লিখিতে হইবে। ঐ পরিবর্ত্তিত কি বর্দ্ধিত বিষয়ের কথা লাল কালী দিয়া লেখা কর্ত্তব্য।"

১২ নম্বর।

১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১ নম্বরের সরক্যুলর অর্ডরের ২ ধারার নির্দ্দিষ্ট রিটর্ণে* যে সন্ধান জানিবার উদ্দেশ্য ছিল তাহা এইক্ষণে ৪১B রিটর্ণে ধরা গিয়াছে। অতএব উক্ত ২ ধারা রহিত করা গেল।

*প্রাকৃতিক ও বার্ত্তা ও রাজস্বসংক্রান্ত ভূগোলের স্থিতির গীতি

১৩ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২৩১ পৃষ্ঠায় ৩A নম্বরের এই বিধি লিখিতে হইবে।

"শ্রীহট্ট জিলার অন্তর্গত মহালের যে ভূম্যধিকারিরা ১ টাকা কিম্বা তাহার ন্যূন জমা দিয়া থাকেন, তাঁহারা একবারে ঐ মহালের রাজস্বের বিশগুণ দিয়া ভবিষ্যৎ দেয় রাজস্ব পরিক্রয় করিতে পারিবেন।"

১৪ নম্বর।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইন প্রচলিত হওয়াপ্রযুক্ত গবর্ণমেন্টের আজ্ঞামতে পেয়াদারদের ফী ফণ্ড (অর্থাৎ পরওয়ানাদ্বারা প্রাপ্ত টাকার তহবীল) ১৮৭০ সালের ১ আপ্রিলঅবধি উঠিয়া গেল। অতএব ১৯ নং রিটর্ণের তৃতীয় টেবিল রহিত করা গিয়াছে। এই কথা জিলার কর্ত্তৃপক্ষ সাহেবদিগকে জ্ঞাত করা যাইতেছে। কিন্তু বোর্ডের প্রকারান্তর আজ্ঞা না পাইলে তাঁহারা ঐ টেবিলভিন্ন ঐ রিটর্ণ পাঠাইতে থাকিবেন।

১৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৩২৬ পৃষ্ঠায়, ১৩শ অধ্যায়ের ৭ম পরিচ্ছেদের ২য় ধারার এইরূপ পরিবর্ত্তন করিতে হইবে।

"তাহা রিকার্ড সমূহ উপযুক্ত নিয়মে রাখিবার নিমিত্তে ব্যয় করা যাইতে পারে" এই কথার পরিবর্ত্তে "তাহা খাজানাখানায় দিতে হইবে ও কালেক্টর সাহেবের দ্বারা গবর্ণমেন্টের নামে জমা করা যাইবে।"

"প্রাপ্ত হওয়া ও ব্যয় করা যায়" এই কথার পরিবর্ত্তে "প্রাপ্ত হওয়া ও জমা দেওয়া যায়" এই কথা পাঠ্য।

"এবং যে অভিপ্রায়ে সেই ব্যয় করা যায়" এই কথা ত্যজ্য।

ঐ বিধির শেষ পদের পূর্ব্বে এই কথা দিতে হইবে, যথা, "কার্য্যালয়ের সকল কাগজপত্র সুনিয়মে রাখিবার জন্যে যত টাকা খরচ হয় তাহা বোর্ডের আজ্ঞাক্রমে রিকার্ড ফণ্ডহইতে দেওয়া যাইবে।"

১৬ নম্বর।

বোর্ডের ১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ২ নং সরক্যুলর উপলক্ষে কালেক্টর সাহেবদিগের কর্ত্তব্য যে,





Sub-Registrars in their respective Districts to make the Certificates referred to in Article 16, Schedule II of Act XVIII of 1869.

No. 17.

THE following is added as Rule 14A, Section IV, Chapter VI, page 119 of the Board's Rules:—

14A. Appointments should be exchanged between those officers only who draw equal salaries, or belong to the same grade of ministerial employés in the sanctioned scale of the establishments to which they severally belong.

No. 18.

THE Board have noticed, with dissatisfaction, the want of care which is evinced by some Collectors in the preparation of applications for the refund of lapsed deposits. They therefore desire the special attention of all District Officers to the subject. All such applications should fully and clearly explain the circumstances under which the refunds are called for.

আপনং জিলার সবরেজিষ্ট্রারদিগকে ১৮৬৯ সালের ১৮ আইনের ২ তফসীলের ১৬ প্রকরণের উল্লিখিত সংশিতপত্র লিখিবার অনুমতি দেন।

১৭ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৯৭ পৃষ্ঠায়, ৬ষ্ঠ অধ্যায়ের চতুর্থ পরিচ্ছেদের ১৪A ধারা বলিয়া এই বিধি লিখিতে হইবে।

১৪A। আমলারদের পরস্পর স্থানপরিবর্ত্তনের আজ্ঞা হইলে যাঁহারা সমান বেতন পান তাঁহারদের, কিম্বা অনুমতিপ্রাপ্ত যেং সিরিশতায় নিযুক্ত থাকেন তদন্তর্গত সমান শ্রেণীর আমলারদের তদ্রূপ স্থান পরিবর্ত্তন হওয়া উচিত।

১৮ নম্বর।

টাকা আমানৎ হইলে পর যদি সময়গতে তাহা ফিরিয়া লওয়া যাইতে পারে, তাহা হইলে কালেক্টর সাহেবেরা তাহা ফিরিয়া পাইবার প্রার্থনাপত্র প্রস্তুত করণে যে অমনোযোগ প্রকাশ করেন বোর্ডের সাহেবেরা তাহা দেখিয়া অসন্তুষ্ট হইয়াছেন। অতএব জিলার সকল কর্ত্তৃপক্ষকে তদ্বিষয়ে মনোযোগ করিতে আদেশ করেন। যে গতিকে সেই টাকা ফিরিয়া পাইবার প্রয়োজন হয়, উক্ত সকল প্রার্থনাপত্রে সম্পূর্ণ ও স্পষ্টরূপে সেই গতিক ব্যক্ত করিতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## Circular Order by the High Court of Judicature at Fort William in Bengal.

(CIVIL SIDE.)

No. 12.

To all Civil Judges and Judicial Commissioners, Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, the 27th May 1870.)

THE Court deem it expedient to direct all Zillah Judges and Judicial Commissioners, when preparing the list of Peons to be appointed under the Court Fees' Act, to take into consideration the claims of the Revenue Peons who have been thrown out of employment by the transfer of rent suits to the Civil Courts and, when persons so situated appear to be qualified by past service and character, to give them a preference over other candidates.

By order of the High Court,

(Sd.) J. S. CARSTAIRS,
*Offg. Registrar.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর।

দেওয়ানীপক্ষ।

১২ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের সকল সিবিল জজ সাহেব ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব সমীপেষু। কলিকাতা ১৮৭০ সাল ২৭ মে।

আদালতের রসুমবিষয়ক আইনমতে পেয়াদাদিগকে নিযুক্ত করিতে হইলে জিলার জজ সাহেবেরা ও জুডিশ্যল কমিশ্যনর সাহেবেরা যখন তাঁহারদের নামের নির্ঘণ্ট করিতে আরম্ভ করেন, তখন খাজানা-সম্পার্কীয় মোকদ্দমা দেওয়ানী আদালতে সমর্পণ হওয়াতে রাজস্ব সংক্রান্ত যে পেয়াদারদের কর্ম্ম গিয়াছে তাহারদের প্রার্থনা বিবেচনা করুন ও তাহারা কর্ম্ম ও সচ্চরিত্রদ্বারা যোগ্য হইলে ঐ পদপ্রার্থি অন্য ব্যক্তিদের অগ্রে তাহারদিগকে কর্ম্ম দেন, হাই কোর্টের সাহেবেরা এই আদেশ করা বিহিত জ্ঞান করিয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।

জে এস কারষ্টেয়র্স।
একটিং রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1250R.

APPOINTMENTS.

*The 8th June* 1870.—Baboo Gobind Persad Bose to be an Assessor, under Act XVI. of 1870, in the 24-Pergunnahs, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

*The 10th June* 1870.—Baboo Parbati Churn Roy, Deputy Collector, Dacca, is vested with the powers of a Collector under Act XVI. of 1870.

In modification of the orders of the 27th ultimo, the following gentlemen, Assistant Conservators of Forests, Third Grade, on probation, are posted to the Divisions mentioned against their names, *viz.* :—

Mr. C. H. James, Sikkim Division.
,, M. G. Thomas, Bhutan Division.

The following Assistant Conservators of Forests are transferred :—

Mr. W. H. Oakley, from the Sikkim to the Dacca Division.

Mr. H. H. Davis, from the Bhutan to the Chittagong Division.

*The 11th June* 1870.—Mr. Robert Henry Wilson, B.A., to officiate, until further orders, as Registrar of the Presidency District.

Mr. H. O. King to officiate temporarily as Registrar of the Behar District.

Baboo Kali Prosonno Chowdry to officiate as Sub-Registrar of Assurances of the Sub-districts of Howrah and Serampore, during the absence, on deputation, of Mr. H. O. King, or until further orders.

Lieutenant Colin Hubert Garbett to officiate as Deputy Commissioner of Maunbhoom, in the Fourth Grade, during the absence, on leave, of Mr. Arthur Lloyd Clay, or until further orders.

Mr. John Edward Beevor Jeffrey, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Arrareah in Purneah. In addition to the powers with which he is already vested, Mr. Jeffrey is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Session or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১২৫০ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ৮ জুন।—শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ বসু ২৪ পরগনায় ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১০ জুন।—ঢাকার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পার্ব্বতীচরণ রায় ১৮৭০ সালের ১৬ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

গত মাসের ২৭ তারিখের আজ্ঞা মতান্তর হইয়া এই আজ্ঞা হইল, নিম্নলিখিত যে মহাশয়েরা পরীক্ষার্থে বনরক্ষকের তৃতীয় শ্রেণীর সহকারি হইলেন তাঁহারা আপন২ নামের পার্শ্বের লিখিত খণ্ডে অবস্থিত হইয়াছেন।

শিকিমখণ্ডে শ্রীযুত সি, এচ জেমস সাহেব।
ভুটানখণ্ডে ,, এম, জি, তামস সাহেব।

বনরক্ষকের নিম্নলিখিত সহকারি সাহেবেরা স্থানান্তরে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ ওকলে সাহেব শিকিমহইতে ঢাকাখণ্ডে।

শ্রীযুত এচ এচ ডেবিস সাহেব ভুটানহইতে চট্টগ্রাম খণ্ডে।

১৮৭০ সাল ১১ জুন।—শ্রীযুত রবর্ট হেনরি উইলসন সাহেব, বি, এ, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাজধানী ডিষ্ট্রিক্টের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ ও কিং সাহেব কিয়ৎকালের নিমিত্তে বেহার ডিষ্ট্রিকটের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ, ও, কিং সাহেবের রাজকার্য্যোপলক্ষে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কালীপ্রসন্ন চৌধুরী হাবড়া ও শ্রীরামপুর সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর্থর লয়ড ক্লে সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট কলিন হিউবর্ট গার্ব্বেট সাহেব চতুর্থ শ্রেণীমতে মানভূমের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান এডওয়ার্ড বীবর জেফ্রি সাহেব পূরণিয়ার অন্তর্গত অররিয়া শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন। তাঁহার প্রতি এইক্ষণে যেং ক্ষমতা অর্পিত হইয়াছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে কিম্বা উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে দর্শনপ্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইলেন।





*The 13th June* 1870.—Baboo Rakhal Das Haldar, Special Commissioner under the Chota Nagpore Tenures' Act, is promoted from the Fifth to the Fourth Grade of Extra Assistant Commissioners.

Baboo Dinonath Mookerjee, Personal Assistant to the Commissioner of Cooch Behar, is promoted to the Sixth Grade of Extra Assistant Commissioners.

Mr. Richard Lea, Officiating Extra Assistant Commissioner, Kamroop, is confirmed in the Seventh Grade of Extra Assistant Commissioners.

Baboo Khetter Mohun Roy Chowdry to be an Assessor, under Act XVI. of 1870, in the 24-Pergunnahs, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

Mr. William Henry Grimley, B.A., to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Moorshedabad.

*The 14th June* 1870.—The following Deputy Collectors are vested with the powers of a Collector under Act XVI. of 1870 :—

Baboo Unnoda Persad Ghose in Jehanabad, Hooghly.

Baboo Barodakant Mozoomdar in Contai, Midnapore.

Mr. J. D. Savi to be Sub-Deputy Opium Agent of Monghyr.

Mr. W. Blundell to officiate as Sub-Deputy Opium Agent of Monghyr, from the 24th March last, to the date on which he may be relieved by Mr. J. D. Savi, and afterwards to officiate as Sub-Deputy Opium Agent of Allygunge.

LEAVE OF ABSENCE.

*The 12th May* 1870.—Baboo Rashbehary Bose, Deputy Magistrate and Deputy Collector of Banka, in Bhaugulpore, for one month, from the 30th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 20th May* 1870.—Mr. William Boyd Buckle, Agent to the Governor General at Moorshedabad, is allowed furlough for two years, under Sections IV. and VI. of the Covenanted Service Absentee Rules, together with subsidiary leave from the 30th June to the 3rd July next.

*The 11th June* 1870.—Mr Arthur Lloyd Clay, Officiating Deputy Commissioner of Maunbhoom, for two months and twenty-nine days, under Section XIX. of the Covenanted Service Absentee Rules, from the 1st proximo, or any other day within one month of the date on which he may

১৮৭০ সাল ১৩ জুন।—ছোটনাগপুরের ভূসম্প...র আইনের বিধানমত বিশেষ কমিশ্যনর শ্রীযুত বাবু রাখালদাস হালদার অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনরদের পঞ্চম শ্রেণীহইতে চতুর্থ শ্রেণীভুক্ত হইয়াছেন

কুচবেহারের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু দীননাথ মুখোপাধ্যায় অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনরদের ষষ্ঠ শ্রেণীভুক্ত হইয়াছেন।

কামরূপের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত রিচার্ড লী সাহেব অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনরদের সপ্তম শ্রেণীতে স্থিরীকৃত হইলেন।

শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন রায় চৌধুরী ১৮৭০ সালের ১৬ আইনমতে ২৪ পরগনায় আসেসর হইবেন। এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত উলিয়ম হৈনরি গ্রিমলি সাহেব, বি, এ অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুরশিদাবাদের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১৪ জুন।—নিম্নলিখিত ডেপুটী কালেক্টরেরা ১৮৭০ সালের ১৬ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

হুগলীর অন্তর্গত জাহানাবাদের শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ।

মেদিনীপুরের অন্তর্গত কাঁতির শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার।

শ্রীযুত জে, ডি, সাবি সাহেব মুঙ্গেরের আফীনের সব-ডেপুটী এজেন্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ ব্লণ্ডেল সাহেব গত মার্চ মাসের ২৪ তারিখঅবধি যত কাল শ্রীযুত জে, ডি, সাবি সাহেবের প্রতি কর্ম্মের ভার অর্পণ না করেন ততকাল মুঙ্গেরের আফীনের সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিবেন। তৎপরে আলীগঞ্জের আফীনের সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ১২ মে।—ভাগলপুরের অন্তর্গত বাঁকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রাসবিহারী বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৩০ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২০ মে।—শ্রীলশ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মুরশিদাবাদস্থ এজেন্ট শ্রীযুত উলিয়ম বয়ড বকল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ ও ৬ ধারামতে দুই বৎসর নিয়মিত ছুটী পান তদ্ভিন্ন জুন মাসের ৩০ তারিখঅবধি আগামি জুলাই মাসের ৩১ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাস ১১ জুন।—মানভূমের একটিং ডেপুটী কমিশ্যনর শ্রীযুত আর্থর লয়ড ক্লে সাহেব আগামি মাসের ১ তারিখঅবধি অথবা তৎপশ্চাৎ এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে দুই মাস ঊনত্রিশ দিন ছুটী পাইপাছেন। তিনি ১৮৬৯ সালের

a[illegible] himself of the leave. Mr. Clay is also allowed one day's privilege leave in extension of the leave granted to him under the orders of the 1st of April 1869.

*The 13th June* 1870.—Mr. J. D. F. Harvey, Officiating Sub-Registrar of Monghyr, for two weeks, from the 15th instant, without pay, under Financial Notification dated the 4th of June 1864.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

The following Order issued by the Government of India, in the Financial Department, is republished for general information :—

LEAVE AND ALLOWANCES.

*No. 891.—Simla, the 2nd June* 1870.—With reference to the Resolution No. 101, passed in this Department on the 24th April 1869, the Governor General in Council is pleased to rule that if, from any sufficient cause, an officer who has obtained privilege leave upon the usual declaration, finds it necessary to apply for any other leave within six months from the date of his return to duty, it is in the discretion of the Local Government under which he is serving to grant it. His Excellency in Council observes, however, that in such a case an explanation would no doubt be expected from the officer of the change in his intentions.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 8th June* 1870.—It is hereby notified, for general information, that if any instrument liable to stamp duty under the existing stamp law, and in which the value or amount of consideration money is expressed in sicca rupees, be drawn on paper bearing a stamp insufficient to cover the same value or amount of consideration money, if expressed in Government rupees, then every person or firm making, signing, issuing, accepting, endorsing, paying, or receiving payment of such instrument, if it be of the nature of a bill of exchange, promissory note, cheque, or similar instrument, and any person making, executing or signing otherwise than as a witness, such instrument, if it be of any other nature, is liable to the penalties provided in the case of frauds against the stamp revenue, and, upon information, will be prosecuted under the law.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২১ জুন।]

আপ্রিল মাসের ১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত এক দিন অনুগ্রহের ছুটীও পাইয়াছেন।

১৮৭০ সাল ১৩ জুন।—মুঙ্গেরের একটিং সব-রেজিষ্ট্রার শ্রীযুত জে, ডি, এফ হার্বি সাহেব ফিনানশ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের ৪ জুনের বিজ্ঞাপনমতে এই মাসের ১৫ তারিখঅবধি বিনা বেতনে দুই সপ্তাহ ছুটী পাইয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

ফিনানশ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই আজ্ঞা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

ছুটীর ও বৃত্তির কথা।

৮৯১ নম্বর।—সিমলা। ১৮৭০ সাল ২ জুন।—এই ডিপার্টমেণ্টে ১৮৬৯ সালের ২৪ আপ্রিলের ১০১ নম্বরের যে নির্দ্ধারণপত্র প্রচার হয় তদুপলক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই বিধি করিয়াছেন। কোন কর্ম্মকারক নিয়মিত নির্দ্দেশবাক্য প্রকাশ করিয়া অনুগ্রহের ছুটী পাইয়া কর্ম্মে প্রত্যাগমন করিলে পর যদি বিহিত কারণে তাঁহার ছয় মাসের মধ্যে অন্য কোন প্রকারের ছুটী প্রার্থনা করা আবশ্যক হয়, তবে স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীনকর্ম্ম করিতেছেন সেই গবর্ণমেণ্ট উচিত বিবেচনা করিলে তাঁহাকে ছুটী দিতে পারিবেন। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর কহেন যে, এমত স্থলে ঐ কর্ম্মকারকের অভিমত পরিবর্ত্তনের হেতু অবশ্য জানিবার অপেক্ষা থাকিবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৮ জুন।—সর্ব্বসাধারণের জ্ঞানার্থে এই সম্বাদ দেওয়া গেল। প্রচলিত ইষ্টাম্পের আইনমতে কোন নিদর্শনপত্রের ইষ্টাম্পা মাসুল লাগিলে ও দ্রব্যের মূল্য কিম্বা বিনিময়ের টাকা সিক্কা টাকা ধরিয়া ব্যক্ত হইলে, সেই মূল্য কি বিনিময়ের টাকা গবর্ণমেণ্টের টাকায় ব্যক্ত হইয়া যত টাকার ইষ্টাম্পা লাগিত যদি ঐ নিদর্শনপত্র তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্পা কাগজে লেখা যায়, তবে ঐ নিদর্শন বিল অফ এক্সচেঞ্জ কি প্রমিসরি নোট কি চ্যাক প্রভৃতির অনুরূপ নিদর্শনপত্র হইলে যে ব্যক্তি কি কুঠী তাহা লিখিয়া দেন কি তাহাতে স্বাক্ষর করেন কি তাহা চালান কি গ্রহণ করেন, কি তাহার পৃষ্ঠলিপি করেন কি তাহার টাকা দেন কি টাকা গ্রহণ করেন অথবা ঐ নিদর্শনপত্র অন্য প্রকারের পত্র হইলে যে ব্যক্তি তাহা করেন কি সম্পাদন করেন কিম্বা সাক্ষিস্বরূপ না হইয়া প্রকারান্তরে তাহাতে স্বাক্ষর করেন ইষ্টাম্পের রাজস্বঘটিত প্রতারণার যে দণ্ড নির্দ্দিষ্ট হইল তিনি সেই দণ্ডের দণ্ডনীয় হইবেন ও সন্ধান পাওয়া গেলে আইনমতে তাঁহার নামে মোকদ্দমা চলিবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।



## JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 819J.

APPOINTMENTS.

*The 11th June* 1870.—Under the authority of the Governor General in Council, the Lieutenant-Governor is pleased to appoint Mr. Herbert Hankey, Collector of Moorshedabad, to officiate temporarily as Agent to the Governor General at Moorshedabad, retaining charge of his present office.

Mr. Colin Hubert Garbett to officiate as Subordinate Judge of Maunbhoom, during the absence, on leave, of Mr. Arthur Lloyd Clay, or until further orders.

*The 13th June* 1870.—Second Grade Sub-Assistant Surgeon Denobundhoo Dutt to have charge of the Charitable Dispensary at Burdwan.

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Muddehpoorah, in Bhaugulpore :—

Mr. Patrick Duff.
,, Baron Duff.
,, D. Browne.
Baboo Hurbullubnarain Sing.
,, Omrao Sing.
,, Singhessur Dutt.

The Sub-Divisional Officer at Muddehpoorah to be ex-officio a Member of, and Secretary to the Committee.

LEAVE OF ABSENCE.

*The 14th June* 1870.—Mr. Victor William Bertleson, Officiating Assistant Superintendent of Police, Palamow, recently transferred to Pubna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

*The 9th June* 1870.—His Grace the Secretary of State for India has granted an extension of leave for six months, on Medical Certificate, to Captain C. Burbank, Protector of Emigrants, Calcutta.

*The 10th June* 1870.—Baboo Amrita Lall Pal, B.L., Deputy Magistrate and Deputy Collector of Monghyr, since transferred to the Subordinate Judicial Service, having joined his appointment as additional Moonsiff of Buseerhaut, in the 24-Pergunnahs, on the 26th ultimo, the unexpired portion of the leave granted to him under the orders of the 18th February last, is cancelled.

*The 13th June* 1870.—The services of Third Grade Sub-Assistant Surgeon Mohendro Lall

[*Government Gazette, 21st June* 1870.]

জুডিশ্যল ও পলিটিকাল ডিপার্টমেণ্ট।

৮১৯ J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১১ জুন।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত হর্বর্ট হাঙ্কি সাহেবকে স্বীয় কর্ম্মাতিরিক্ত কিয়ৎকালের নিমিত্ত মুরশিদাবাদে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এজেণ্টের পদে নিযুক্ত করিয়াছেন।

শ্রীযুত আর্থর লয়ড ক্লে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত কলিন্ হিউবর্ট গার্বেট সাহেব মানভূমের সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১৩ জুন।—দ্বিতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দীনবন্ধু দত্ত বর্দ্ধমানের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা ভাগলপুরের অন্তর্গত মধ্যেপুরার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত পাট্রিক ডফ্ সাহেব।
,, ব্যারন্ ডফ সাহেব।
,, ডি ব্রৌন সাহেব।
,, বাবু হরবল্লভ নারায়ণ সিংহ।
,, বাবু ওমরাও সিংহ।
,, বাবু সিংহেশ্বর দত্ত।

মধ্যেপুরা শাখাখণ্ডের কর্ত্তৃপক্ষ স্বীয় পদোপলক্ষে উক্ত কমিটীর মেম্বর ও সেক্রেটারী হইবেন।

ছুটী।

১৮৭০ সাল ১৪ জুন।—পালামৌয়ের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বিকুটর উলিয়ম বর্টলসন সাহেব সম্প্রতি পাবনায় প্রেরিত হইয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৯ জুন।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব কলিকাতার মজুর রক্ষক কাপ্তান শ্রীযুত সি বরবাঙ্ক সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর ছয় মাস ছুটী দিয়াছেন।

১৮৭০ সাল ১০ জুন।—মুঙ্গেরর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অমৃত লাল পাল, বি, এল, অধঃস্থ বিচার কার্য্যে নিযুক্ত হইয়া গত মাসের ২৬ তারিখে ২৪ পরগনার অন্তর্গত বশীরহাটের আডিশ্যনল মুনসেফের কর্ম্ম গ্রহণ করাতে গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭০ সাল ১৩ জুন।—রাজধানীর অতিরিক্ত তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মহেন্দ্রলাল

Bos , a supernumerary at the Presidency, are .ced at the disposal of the Government of the North-Western Provinces.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 8th June* 1870.—It is hereby notified that the provisions of Act XX. of 1856 have been extended to the town of Panchi, in the sub-division of Nowada, in the district of Gya. Panchi has also been incorporated into the Union of Hasswa in the said sub-division and district.

It is also notified under Section 4 of the said Act that the limits of the town of Panchi for the purposes of the Act shall be as follows:—

*South.*—The town of Hasswa.

*East, West, and North.*—The lands belonging to it.

Under Section 10 of the said Act it is hereby further notified that the tax to be levied in the said town shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 8th June* 1870.—It is hereby notified that Act VI. (B. C.) of 1868 shall cease to have effect in the town of Syedpore, in the district of Fureedpore, after the 30th June 1870, except as regards any taxes which may have become due, or any proceedings which may have been taken under the Act, but have not been completed before that date.

It is also notified under Section 2 of Act XX. of 1856, that from the 1st proximo the provisions of the latter Act shall be in force in the said town of Syedpore, in the district of Fureedpore.

Under Section 4, it is notified that the boundaries of the said town of Syedpore for the purposes of the Act shall be as follows:—

*Boundaries of Syedpore.*

*North.*—The Paihati Bridge.

*West.*—The river Burrolia.

*South.*—Chur Sotashi.

*East.*—The Bil Bhuton and Chok Shatoir.

It is further notified under Section 10 of the said Act that the tax to be levied under its provisions in the town of Syedpore shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*



বঙ্গ উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৮ জুন।—ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে গয়া জিলার অন্তর্গত নবদহ শাখাখণ্ডের পাঁচি নগরে ১৮৫৬ সালের ২০ আইনের বিধান প্রচলিত করা গেল। ঐ নগর উক্ত জিলার উক্ত শাখাখণ্ডের হাসওয়া সমাহারেও সংযুক্ত হইয়াছে।

আরো উক্ত আইনের ৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে পাঁচি নগরের নিম্নলিখিত সীমা হইবে।

দক্ষিণ—হাসওয়া নগর।

পুর্ব্ব, পশ্চিম ও উত্তর—উক্ত নগরের ভূমি।

উক্ত আইনের ১০ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে, উক্ত নগরের যে টাকুস আদায় করিতে হইবে তাহা টাক্স দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যানুসারে ধার্য্য করা যাইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৮ জুন।—ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৭০ সালের জুন মাসের ৩০ তারিখের পর ফরীদপুর জিলার অন্তর্গত সৈয়দপুর নগরে ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইন রহিত হইবে। কিন্তু তৎপূর্ব্বের যে সকল টাক্স পাওনা থাকে কিম্বা উক্ত আইনমতে যে কার্য্য আরম্ভ হইয়া সমাপ্ত হয় নাই তৎসম্পর্কে উক্ত আইন বলবৎ থাকিবে।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি মাসের ১ তারিখঅবধি শেষোক্ত আইনের বিধান ফরীদপুর জিলার অন্তর্গত সৈয়দপুর নগরে প্রচলিত হইবে।

উক্ত আইনের ৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে সৈয়দপুর নগরের নিম্নলিখিত সীমা ধরিতে হইবে। যথা—

সৈয়দপুরের সীমা।

উত্তর—পৈহাটীর সাঁকো।

পশ্চিম—বরলীয়া নদী।

দক্ষিণ—চর শতাশী।

পূর্ব্ব—ভটনবিল ও চক শাতৈর।

উক্ত আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে সৈয়দপুর নগরে যে টাকুস আদায় করিতে হইবে তাহা টাকুস দিবার যোগ্য ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যানুসারে ধার্য্য করা যাইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।



DECLARATION.

*The 6th June* 1870.—Whereas it appears to His Honor the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up for a public purpose at a public expense, *viz.*, for a site for the erection of a Police Station at Gopalgunge, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring about 2 beegahs 19 cottahs, more or less, situated in Mouzah Khatra *alias* Gopalgunge, Pergunnah Mokimpore, in the district of Furreedpore, is required.

2. The land is bounded on the North by a Khall; East by the house of Seeta *alias* Kala Bewah; South by the house of Woma Churn Mundle; and on the West by the house of Baloke Chand Behajeah.

3. This Declaration is made, under the provisions of Act X. of 1870, to all whom it may concern.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

ERRATA.

*The 10th June* 1870.—At page 1097 of the *Calcutta Gazette* of the 18th May 1870,—

Omit paragraph 2 of the notification dated the 14th May, extending the operation of Section 34 of Act V. of 1861 to the town of Mokamah.

At page 1196 of the *Calcutta Gazette* of the 8th instant,—

Omit paragraph 2 of the notification dated the 3rd instant, extending the operation of Section 34 of Act V. of 1861 to the town of Khoolna.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

## Public Works Department—Bengal.

IRRIGATION.

No. 62.

*Dated the 14th June* 1870.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up in Behar at the public expense for a public purpose, *viz.*, for a landing place and stacking ground for stone and for a kunkur quarry, it is hereby declared that for the above purpose the undermentioned land is required.

(1.)—A strip of land measuring 8,230 feet in length by 40 feet in breadth, more or less, situated on the right bank of the river Soane in Mouzas



বিজ্ঞাপণ।

১৮৭০ সাল ৬ জুন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ গোপালগঞ্জে পোলীস থানা নির্ম্মাণ করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ফরীদপুর জিলার অন্তর্গত মোকিমপুর পরগনার খাটরা বা গোপালগঞ্জ মৌজায় ন্যূনাধিক ২৷৵৪ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমির উত্তর সীমা খাল, পূর্ব্বসীমা সীতা বা কালা বেওয়ার বাটী, দক্ষিণ সীমা উমাচরণ মণ্ডলের বাটী, পশ্চিম সীমা বালক চাঁদ বেহাজিয়ার বাটী।

৩। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

অশুদ্ধশোধন।

১৮৭০ সাল ১০ জুন।—১৮৭০ সালের মে মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটের ৯৪০ পৃষ্ঠায়।

মোকামা নগরে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারা প্রচলিত করণসূচক ১৪ মে তারিখের জ্ঞাপন পত্রের ২ দফা ত্যাগ করিতে হইবে।

এই মাসের ১৪ তারিখের বাঙ্গলা গেজেটের ১০৪৮ পৃষ্ঠায়

খুলনা নগরে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারা প্রচলিত করণসূচক এই মাসের ৩ তারিখের জ্ঞাপন পত্রের ২ দফা ত্যাগ করিতে হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

জল সেচন সম্পর্কীয়।

৬২ নম্বর।

১৮৭০ সাল ১৪ জুন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বেহারে প্রস্তর নামাইবার ও জমা করিবার স্থানের এবং কাঁকরের খনির নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিম্নলিখিত ভূমির প্রয়োজন।

(১) সিরিশ পরগনার অন্তর্গত নোনারে, অধোরা ও বেদৌলিয়া মৌজায় শোণ নদের দক্ষিণ তটস্থ ন্যূনাধিক ৮২৩০ ফুট দীর্ঘ ও ৪০ ফুট প্রস্থ পরিমিত

No..re, Adhoura, and Bedowlea, in Pergunnah ..ris, and bounded on the west by the river Soane, on the south by a portion of Mouza Nonare, on the north by the Paymaster's bungalow at Labuthena, and on the east by the river bank, the whole being the foreshore of the river.

(2.) Five patches of land, each measuring 200 feet by 150 feet on the bank above this foreshore, two in Mouza Nonare, two in Mouza Adhoura, and one in Labuthena *alias* Bidowlea.

This declaration is made, under the provisions of Section 6 of Act X. of 1870, to all whom it may concern.

F. H. RUNDALL, *Col., R. E.,*
*Joint-Secy. to the Govt. of Bengal in the P. W. Dept., Irrigation Branch.*

ভূমি। এই ভূমির পশ্চিম সীমা শোণ নদ, দক্ষিণ সীমা নোনারে মৌজার একাংশ, উত্তর সীমা লেবুথানার পে মাষ্টরের বাঙ্গলা, পুর্ব্ব সীমা নদের ধার, সমুদয়ই নিজ নদের ধার।

(২) পাঁচ কিতা ভূমি প্রত্যেকে ২০০ ফুট দীর্ঘ ও ১৫০ ফুট প্রস্থ পরিমিত ও নদের পাড়ের উপর। দুই কিতা নোনারে মৌজায় ও দুই কিতা অধৌরা মৌজায়-এবং এক কিতা লেবুথানায় বা বেদৌলিয়ায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধান মতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ এচ রণ্ডেল। কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জল সেঁচিবার শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### NOTICE.

A Special Meeting of the Justices of the Peace for the Town of Calcutta, will be held at the Town Hall, at 11 o'clock A. M., on Thursday, the 30th June 1870, to consider a Supplemental Budget which has been prepared in accordance with the Resolution of the Justices, passed at the Ordinary Meeting, held on the 11th instant, for works sanctioned in previous years remaining uncompleted at close of last year, and for which no provision was made in Budget for current year, also for all other items of expenditure not included in the Budget for 1870.

R. TURNBULL,
*Secy. to the Justices of the Peace.*

CALCUTTA,
*The 20th June* 1870. (59—1)

### বিজ্ঞাপন।

পূর্ব্ব বৎসরে কোনং কার্য্য নিষ্পাদনের অনুমতি হইলেও গত বৎসরের শেষ পর্য্যন্ত সমাপ্ত হয় নাই ও চলিত বৎসরের বজেটে ঐ কার্য্যের ব্যয়াদির বিধান হয় নাই এবং ১৮৭০ সালের বজেটে অন্য কএক বিষয়ের ব্যয়াদি ধরা যায় নাই, অতএব জষ্টিসদের সভার বর্ত্তমান মাসের ১১ তারিখের সাধারণ অধিবেশন কালীন নির্দ্ধারণানুসারে ঐ২ ব্যয়াদির ক্রোড় বজেট প্রস্তুত করা গিয়াছে। তাহার বিবেচনার জন্যে ১৮৭০ সালের জুন মাসের ৩০ তারিখ বৃহস্পতিবার বেলা ১১ ঘন্টার সময়ে টৌন হালে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের সভার বিশেষ অধিবেশন হইবে।

আর টর্নবুল।
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সেক্রেটারী।

কলিকাতা।
১৮৭০ সাল ২০ জুন।

## INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of EDWARD COOKE, an Insolvent.

On Saturday, the 4th day of June instant, upon the application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Rs. 2,371-1-8 in his hands, pay a Dividend at the rate of Rs. 5 per

কলিকাতা যোত্রহীন ঋণিদের আদালত।

যোত্রহীন এডওয়ার্ড কুক্ সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান জুন মাসের ৪ তারিখ শনিবার যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২১ জুন।]



cent. (which will amount to the sum of Rs. 1,928-14-0,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee. Notice whereof is hereby given.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
*Calcutta, 14th June* 1870.

২,৩৭১/৮ টাকা আছে তাহাহইতে তিনি উ.. প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৫৲ টাকার হিসাবে .. সুদ্ধ ১,৯২৮৸৵০ টাকা ডিবিডেণ্ড দেন। ইহাতে স.. দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৭০ সাল ১৪ জুন।

---

The like Notice. In the matter of JAMES WILLIAM MOFFAT, an Insolvent, wherein it was ordered that out of Rs. 934-1-0, a Dividend in full (amounting to Rs. 878-15-0) be paid.

যোত্রহীন জেমস্ উলিয়ম মফাট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৯৩৪/০ টাকাহইতে সম্পূর্ণ ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮৭৮৸৶০ টাকা দেওয়া যায়।

---

The like Notice. In the matter of GEORGE WILLIAMSON, (WILLIAMSON & JOLLY), an Insolvent, wherein it was ordered that out of Rs. 1,528-4-1, a Dividend at the rate of 13 per cent. (amounting to Rs. 1,332-15-0) be paid.

যোত্রহীন জর্জ্জ উলিয়মসন (উলিয়মসন ও জলি) সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১,৫২৮।১ টাকাহইতে শতকরা ১৩৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৩৩২৸৶০ টাকা দেওয়া যায়।

---

The like Notice. In the matter of WALTER HORTON, an Insolvent, wherein it was ordered that out of Rs. 432-2-0, a Dividend at 10 per cent. (amounting to Rs. 328-0-0) be paid.

যোত্রহীন ওয়ালটর হর্টন সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৪৩২৵০ টাকাহইতে শতকরা ১০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩২৮৲ টাকা দেওয়া যায়।

---

The like Notice. In the matter of MESROPE THADDEUS, an Insolvent, wherein it was ordered that out of Rs. 467-7-3, a Dividend at 7 per cent. (amounting to Rs. 337-1-10) be paid.

যোত্রহীন মেস্‌রোপ্ থাডিয়স সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৪৬৭।৶৩ টাকাহইতে শতকরা ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩৮৭/১০ টাকা দেওয়া যায়।

---

The like Notice. In the matter of MOOLCHUND KHETTRY, an Insolvent, wherein it was ordered that out of Rs. 1,829-2-6, a Dividend at 15 per cent. (amounting to Rs. 1,530-12-7) be paid. (58—1)

যোত্রহীন মূলচাঁদ ক্ষেত্রির বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১,৮২০৵৬ টাকাহইতে শতকরা ১৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৫৩০৸৭ টাকা দেওয়া যায়।

[*Government Gazette, 21st June* 1870.]

---

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 28, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ২৮ জুন।

## Circular Orders of the Board of Revenue, L. P.

JUNE 1870.

### No. 1.

The Board have observed that, in some instances, the information supplied by the Collector of Calcutta, respecting the Calcutta profits of persons and firms liable to assessment with Income Tax in the Mofussil, has been entirely ignored by the Assessors to whom it has been furnished. The proper course, when an Assessor doubts the correctness of the Collector of Calcutta's estimate, is to refer to him again, stating the grounds of doubt, and not to make the assessment till after receipt of his answer on such reference.

If in any case, in which, after correspondence so held, an assessment is concluded which does not accord with the figures finally supplied by the Collector of Calcutta, a report of the circumstances will be immediately made by the Assessing Officer through the usual channel to the Board, with a view to enabling them to ascertain by fresh enquiry whether the estimate of the Calcutta Collector has been made upon accurate information.

All Assessing Officers will of course understand, that reports received from the Collector of Calcutta, during the past year, are not to be accepted

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭০ সাল জুন মাস।

### ১ নম্বর।

মফঃসলের কোন স্থানে যেং ব্যক্তির ও কুঠীর ইনকম টাক্স ধার্য্য হইতে পারে কলিকাতায় তাঁহারদের যে প্রাপ্তি হয়, কলিকাতার কালেকুটর সাহেব ঐ মফঃসল স্থানের আসেসরদিগকে ইহার সন্ধান জ্ঞাত করিলেও, তাঁহারা কএকবার তাহা উপেক্ষা করিয়াছেন, বোর্ডের সাহেবেরা ইহা দেখিতে পাইলেন। যদি কোন আসেসর, কলিকাতার কালেকুটর সাহেবের ইষ্টিমেট অশুদ্ধ বলিয়া সন্দেহ করেন তবে তাঁহার কর্ত্তব্য যে আপনার সন্দেহের হেতু লিখিয়া ঐ কালেকটর সাহেবকে জ্ঞাত করেন, ও যত কাল তাঁহার উত্তর না পান তত কাল ঐ ব্যক্তিদের কি কুঠীর টাক্স ধার্য্য না করেন।

তদ্রূপ লিখনপঠন হইলে পর শেষে যে টাক্স ধার্য্য হয় তাহা কলিকাতার কালেকুটর সাহেবের শেষ দত্ত অঙ্কের সঙ্গে না মিলিলে, আসেসরের কর্ত্তব্য যে অগৌণে উপযুক্ত প্রণালীমতে বোর্ডে সেই কথা জ্ঞাত করেন। তাহা হইলে কলিকাতার কালেকুটর সাহেব পরিশুদ্ধ সন্ধান প্রাপ্ত হইয়া ইষ্টিমেট করিয়াছেন কি না বোর্ডের সাহেবেরা ইহা নিশ্চিতরূপে জানিবার জন্যে পুনশ্চ অনুসন্ধান লইবেন।

গত বৎসর কলিকাতার কালেকুটর সাহেবের স্থানে যে রিপোর্ট পাওয়া যায়, পুনশ্চ লিখনপঠন ও অনুসন্ধান না করিয়া এই বৎসর টাক্স ধার্য্য করিবার মূল-

as basis of assessment under the present Act, without further communication and enquiry.

---

No. 2.

The following is added as Rule 22A., Section XVII, Chapter V, page 79 of the Board's Rules:—

22A. The upset price for the sale of confiscated Gunja shall be the rate of duty leviable on the drug.

---

No. 3.

In continuation of the Rules issued by the Lieutenant-Governor of Bengal, for the guidance of all Officers engaged in carrying out Act XVI of 1870, the attention of District Officers is drawn to the orders of the Government of India in the Financial Department, published at page 1193 of the *Calcutta Gazette*, dated 8th June 1870, directing certain amendments to be made in Registers, Nos. 2 and 5, prescribed in para. 13 of the Financial Resolution, No. 2471, dated 8th April 1870.

---

No. 4.

The following is to be added to Rule 5, page 16 of the Salt Manual:—

"In the event of no offer being made sufficiently high to cover the Government duty, the salt, if not exceeding 5 seers, should be destroyed; if a larger quantity, the Board's orders should be applied for."

---

No. 5.

In modification of Circular Order No. 13 of September 1869, the Board direct that the rule requiring the discharge of those peons who are unable to read and write shall not be put in force against old and deserving servants of Government, pending the issue of Rules for the regulation of Nazarut Establishments under the new Court Fees' Act.

---

No. 6.

The special attention of District Officers is requested to the following remarks in the Resolution of Government, dated 16th May 1870, on the Board's Excise Administration Report for 1868-69:

*Para.* 6.—"The Lieutenant-Governor fears that, "in many Districts Collectors are in the habit "of disregarding the rule that Licenses for the

স্বরূপ তাহা ধরিতে হইবে না, সকল আসেসর ইহা জ্ঞাত থাকিবেন।

---

২ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১২৮ পৃষ্ঠায় পঞ্চম অধ্যায়ের ১৭ পরিচ্ছেদের ২২A ধারা বলিয়া এই বিধি লিখিতে হইবে।

২২A। রাজাহৃত গাঞ্জা নীলামে বিক্রয় হইলে তাহার উপর যত টাকা হারে মাসুল ধরা যায় নীলামে তত টাকার প্রথম ডাক হইবে।

---

৩ নম্বর।

4. On this point we beg to remark that, under the orders contained in the Financial Despatch of the Secretary of State, dated 9th February 1864, No. 20, Uncovenanted Servants appointed before the 19th May 1855, and promoted prior to the 6th August 1862, to offices to which salaries exceeding Rupees 10,000 per annum are attached, may, if their average salaries exceed that amount, be allowed a pension of Rupees 5,000 per annum in cases of approved services of an ordinary character and of a pension exceeding that amount in cases of "extraordinary merit," so that the orders in question recognize the claim to a pension of Rupees 5,000 per annum, or one-half of salary, on the part of an Uncovenanted Servant whose average salary for the last five years of service is Rupees 10,000 per annum. This being so, we see no objection to allowing Uncovenanted Servants with salaries of less than Rupees 10,000 per annum, who were appointed before the 19th May 1855, one-third or half-pay pension, irrespective of the limits laid down in the new Pension Rules, which may be restricted to the cases of Uncovenanted Servants appointed after the 19th May 1855.

FINANCIAL.
No. 400.

INDIA OFFICE;
*London, 18th November* 1869.

*To His Excellency the Right Hon'ble the Governor General of India in Council.*

MY LORD,—PARA. 1.—I have considered in Council your Financial letter dated the 19th August 1869, No. 206, in which, with reference to my despatch of the 24th June last, No. 220, regarding the Uncovenanted Service Pension Rules, you draw my attention to your Financial letter of the 5th February 1868, and to Sir Stafford Northcote's reply of 30th April 1868, wherein a decision on your recommendation to allow Uncovenanted Servants with salaries of less than Rupees 10,000 per annum, who were appointed before the 19th May 1855, one-third or half-pay pension, irrespective of the Rules of 1864, was postponed, pending a decision on the general question of a graduated scale of pension.



১৮২ নম্বর।

ভারতবর্ষের পক্ষ মান্যবর ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৬৮ সালের ৫ ফেব্রুআরির ৩১ নম্বরের যে পত্র পাঠান তাহা-হইতে গৃহীত এই কথা।

৩ ধারা। অমুক সাহেবের প্রার্থনা বিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্ট ইহা কহিয়াছেন শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ফেব্রুআরি মাসের ৯ তারিখের অনুজ্ঞাপত্রে যে অনুগ্রহ প্রদান হইয়াছে, যে কার্য্যকারকেরা কার্য্য কালের শেষ পাঁচ বৎসরাবধি গড়ে ১০,০০০ টাকার অধিক বেতন পান কেবল তাঁহারদেরই প্রতি সেই অনুগ্রহ বর্ত্তাইবার কোন হেতু দেখা যায় না। অচিহ্নিত যে কোন কার্য্যকারক অসাধারণ নৈপুণ্য প্রকাশপূর্ব্বক কর্ম্ম করিয়াছেন, তাঁহারদের গড় বেতনের অর্দ্ধেক পেনশ্যন পাইবার অনুমতি উপযুক্তরূপে দেওয়া যাইতে পারিবে। তদ্ভিন্ন কোন সীমা নিরূপণ করিবার প্রয়োজন নাই।

৪ ধারা। এতদ্বিষয়ে আমারদের এই কথা বক্তব্য। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৪ সালের ৯ ফেব্রুআরির ২০ নম্বরের ফিনান্সিয়ল পত্রলিখিত আজ্ঞাক্রমে অচিহ্নিত যে কার্য্যকারকেরা ১৮৫৫ সালের মে মাসের ১৯ তারিখের পূর্ব্বে কর্ম্মে নিযুক্ত হইয়া ১৮৬২ সালের আগষ্ট মাসের ৬ তারিখের পূর্ব্বে বার্ষিক ১০,০০০৲ টাকার অধিক বেতনের পদভুক্ত হন, তাঁহারদের গড় বেতন উক্ত ১০,০০০৲ টাকার অধিক হইলে, সাধারণমতেও সন্তোষজনক কর্ম্ম করিলে তাঁহারা বৎসর ৫০০০৲ টাকার পেনশ্যন পাইতে পারিবেন। অসাধারণ নৈপুণ্যের সহিত কর্ম্ম করিলে ৫০০০৲ টাকার অধিক পেনশ্যন পাইতে পারিবেন। ইহাতে দেখা যায় যে অচিহ্নিত যে কার্য্যকারকের বার্ষিক বেতন কার্য্যকালের শেষ পাঁচ বৎসর অবধি গড়ে ১০,০০০৲ টাকা হয় তাঁহার বৎসর ৫০০০৲ টাকার অর্থাৎ অর্দ্ধেক বেতনের পেনশ্যন পাইবার দাওয়া স্বীকার হইয়াছে। তৎপ্রযুক্ত অচিহ্নিত যে কার্য্যকারকেরা ১৮৫৫ সালের মে মাসের ১৯ তারিখের পূর্ব্বে কর্ম্মে নিযুক্ত হইয়া বৎসর ১০,০০০৲ টাকার ন্যূন বেতন পান, পেনশ্যনের নূতন বিধির সীমা লক্ষ না করিয়া তাঁহারদের বেতনের তৃতীয়াংশ কিম্বা অর্দ্ধেক পেনশ্যন পাইবার আপত্তি দেখিতে পাই না। যে অচিহ্নিত কার্য্যকারকেরা ১৮৫৫ সালের মে মাসের ১৯ তারিখের পরে নিযুক্ত হইলেন তাঁহারদের পক্ষে সেই বিধির সীমা দৃঢ়মতে ধরা উচিত।

ফিনানশ্যল।
৪০০ নম্বর।

ইণ্ডিয়া আফিস।
লণ্ডন ১৮৬৯ সাল ১৮ নবেম্বর।

ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সমীপেষু।

১ ধারা। আপনকার মন্ত্রিসভায় লিখিত ১৮৬৯ সালের ১৯ আগষ্টের ২০৬ নম্বরের ফিনান্সিয়ল পত্র বিবেচনা করিয়াছি। অচিহ্নিত কার্য্যকারকদের পেনশ্যনের বিধি-বিষয়ে গত জুন মাসের ২৪ তারিখের ২২০ নম্বরের যে পত্র লিখিলাম, আপনি উক্ত পত্রে সেই পত্রের উল্লেখ করিয়া আপনকার ১৮৬৮ সালের ৫ ফেব্রুআরির রাজস্ব-সম্পর্কীয় পত্রে এবং সর ষ্টাফর্ড নর্থকোট সাহেব ১৮৬৮ সালের ৩০ আপ্রিলের যে উত্তর লিখিলেন তাহাতে আমার মনোযোগ করিবার প্রার্থনা করিয়াছেন। অচিহ্নিত যে কার্য্যকারকেরা ১৮৫৫ সালের মে মাসের ১৯ তারিখের পূর্ব্বে নিযুক্ত হইয়া বৎসর ১০,০০০৲ টাকার ন্যূন বেতন পান, তাঁহারা ১৮৬৪ সালের বিধি লক্ষ না করিয়া বেতনের তৃতীয়াংশ কিম্বা অর্দ্ধেক পেনশ্যন পাইতে পারেন উক্ত পত্রে আপনকার এই পরামর্শ থাকাতে সময় ও বেতনানুযায়ি ন্যূনাধিক পেনশ্যন বয়ের সাধারণ কথা নিষ্পত্তি না হওয়া পর্য্যন্ত ঐ কথা নিষ্পত্তি করা স্থগিত হইয়াছে।

2. The letter of the 18th September 1868, in which you transmitted a proposal for the establishment of a graduated scale of pensions for Uncovenanted Servants, had reference to the general body of Uncovenanted Servants—it was not limited to those above Rupees 10,000 per annum, nor to those who entered the service subsequently to May 1855; and, on the grounds stated in my despatch of the 26th January last, I informed you that I saw no reason to doubt that the existing scale of retiring pensions for Uncovenanted Servants was sufficiently liberal, and that I must decline to sanction the changes proposed.

3. It did not appear to me that there was any ground for excepting Uncovenanted Servants, with salaries of less than Rupees 10,000 per annum, from the Rules applicable to Uncovenanted Servants with salaries exceeding that amount.

4. If in any particular case of a servant whose salary is less than Rupees 10,000, you should consider that unusually meritorious service calls for a relaxation of the restriction contained in the Rules, I should be prepared to consider any recommendation you might make for the grant of a special pension, as already allowed in regard to servants with higher salaries, but I cannot sanction any general alteration of the Rules regarding servants whose salaries do not exceed Rupees 10,000 per annum.

I have, &c.,

ARGYLL.

## SEPARATE REVENUE.

STAMPS.

*The* 13*th January* 1870.

*No.* 319.—Under the provisions of Section 5, Chapter 2 of Act XVIII. of 1869, the Governor General in Council is pleased to notify that the stamp on all the instruments mentioned in Clause (B) of the above-mentioned Section may, at the option of the parties to those instruments, be denoted by a special adhesive stamp to be affixed by the Collector or the Superintendent of Stamps in lieu of the impressed stamp therein prescribed. The documents requiring to be stamped must be produced at the Collectorate or the Stamp Office before they are executed.

R. B. CHAPMAN,
*Offg. Secy. to the Govt. of India.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 120R.

APPOINTMENTS.

*The* 15*th January* 1870.—Baboo Shosi Sikhur Banerjee to be an Assessor, under Act IX. of 1869, in the District of Lohardugga, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

২। আপনকার ১৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখের যে পত্রে অচিহ্নিত কার্য্যকারকদের সময় ও বেতনানুযায়ি পেনশ্যন নির্দ্ধার্য্য হইবার প্রস্তাব ছিল তাহাতে অচিহ্নিত সকল কার্য্যকারকের উল্লেখ হইয়াছে, যাঁহারা বৎসর ১০,০০০৲ টাকার অধিক বেতন পান কিম্বা ১৮৫৫ সালের মে মাসের পরে কর্ম্মে ভুক্ত হন কেবল তাঁহাদেরই উল্লেখ হইয়াছিল এমত নয়। এবং আমার গত জানুআরি মাসের ২৬ তারিখের পত্রে যে হেতু লিখিয়াছিলাম, সেই হেতুতে জানাইলাম যে, অচিহ্নিত কার্য্যকারকদের পেনশ্যনের বর্ত্তমান নিয়ম যথোপযুক্ত ঔদার্য্যপূর্ব্বক নির্দ্ধারিত হওয়াতে প্রস্তাবিতমতে তৎপরিবর্ত্তনের অনুমতি দিতে পারিলাম না।

৩। অচিহ্নিত যে কার্য্যকারকেরা ১০,০০০৲ টাকার অধিক বেতন পান তাঁহাদের প্রতি যে বিধি বর্ত্তে ন্যূন বেতনভোগি কার্য্যকারকদিগকে সেই বিধিহইতে বর্জ্জিত করিবার কোন হেতু দেখিতে পাই নাই।

৪। স্থলবিশেষে ১০,০০০৲ টাকার ন্যূন বেতনভোগি ব্যক্তির অসাধারণ নিপুণতাসূচক কার্য্যহেতুক আপনকার বিবেচনায় বিধির নির্দ্দিষ্ট দৃঢ় আজ্ঞা শ্লথ করা বিহিত বোধ হইলে আপনি উচ্চতর বেতনভোগি কার্য্যকারকদের পেনশ্যনের অনুমত্যনুযায়ি বিশেষ পেনশ্যন প্রদান করিবার পরামর্শ দিলে, আমি তাহার বিবেচনা করিতে প্রস্তুত। কিন্তু বৎসর ১০,০০০৲ টাকার অনধিক বেতনভোগিদের বিষয়ে সাধারণমতে বিধির পরিবর্ত্তন করিতে সম্মত নই।

আর্গেল।

স্বতন্ত্র রাজস্ব।

ইষ্টাম্পবিষয়ক।

১৮৭০ সাল ১৩ জানুআরি।

৩১৯ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৯ সালের ১৮ আইনের ২ অধ্যায়ের ৫ ধারার বিধানমতে এই জ্ঞাপনি প্রকাশ করিতেছেন। উক্ত ধারার (B) প্রকরণের লিখিত নিদর্শনপত্রের যে মূল্যের ইষ্টাম্প নির্দ্ধারিত হইয়াছে, ঐ২ নিদর্শনপত্র লিখিত উভয় পক্ষ ইচ্ছা করিলে ঐ ধারার নির্দ্দিষ্ট ছাপ ইষ্টাম্পের পরিবর্ত্তে ঐ মূল্যের বিশেষ আটাল ইষ্টাম্প বসাইতে পারিবেন। কালেক্টর সাহেবের কিম্বা ইষ্টাম্পের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা ঐ ইষ্টাম্প বসান যাইবে। যে নিদর্শনপত্রে ইষ্টাম্প বসাইবার প্রয়োজন হয়, স্বাক্ষর করিবার পূর্ব্বে কালেক্টরী কাছারীতে কি ইষ্টাম্প আফিসে সেই পত্র আনিতে হইবে।

আর বি চ্যাপমান।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১২০R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১৫ জানুআরি।—শ্রীযুত বাবু শশিশিখর বন্দ্যোপাধ্যায় ১৮৬৯ সালের ৯ আইনমতে লোহারডগা জিলার মধ্যে আসেসর হইবেন ও ঐ আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেকুটরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।





Captain J. H. W. Osborne, Assistant Superintendent, in charge of the Second Division, Revenue Survey, is vested with the powers of a Collector, under Regulation IX. of 1833, in the District of Luckimpore.

*The* 17*th January* 1870.—Lieutenant E. G. Lillingston to officiate as Deputy Commissioner of Gowalparah, in the Fourth Grade, during the absence, on deputation, of Captain A. E. Campbell, or until further orders.

Baboo Kedarnath Dutt, Deputy Magistrate and Deputy Collector, Chumparun, is vested with the powers of a Magistrate.

Baboo Sunjeeb Chunder Chatterjee to officiate, temporarily, as Special Sub-Registrar of Assurances of Satkhirah.

Baboo Uma Churn Gangooly, Officiating Deputy Magistrate and Deputy Collector, Baraset, to have temporary charge of the office of Special Sub-Registrar of Assurances of that Sub-district, in addition to his own duty.

*The* 18*th January* 1870.—Mr. R. V. Cockerell, Magistrate and Collector of Hooghly, is vested with the powers of a District Magistrate in Bancoorah.

Mr. F. H. Pellew to officiate as Magistrate and Collector of Hooghly, in the Second Grade, during the absence, on special deputation, of Mr. R. V. Cockerell, or until further orders.

Mr. E. S. Moseley to officiate as Magistrate and Collector of Backergunge, in the Second Grade, during the absence, on leave, of Mr. J. C. Price, or until further orders.

Mr. A. B. Falcon to officiate as Magistrate and Collector of Maldah, in the First Grade, during the absence, on leave, of Mr. E. E. Lowis, or until further orders.

In addition to the powers with which he is already vested, Mr. W. H. Page, Assistant Magistrate and Deputy Collector, Dacca, is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Session or the High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. W. H. Grimley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Hooghly, during the absence, on deputation, of Mr. F. H. Pellew, or until further orders.

রাজস্বসংক্রান্ত জরীপী কার্য্যের দ্বিতীয় খণ্ডের অধ্যক্ষ আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত জে এচ ডবলিউ অসবর্ন সাহেব লক্ষ্মীপুর জিলায় ১৮৩৩ সালের ৯ আইনমতে কালেকুটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭০ সাল ১৭ জানুআরি।—কাপ্তান শ্রীযুত এ, ই, কাম্বেল সাহেব অন্য রাজকর্ম্মে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেণ্ট শ্রীযুত ই, জি, লিলিংষ্টন সাহেব চতুর্থ শ্রেণীমতে গোয়ালপাড়ার ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

চাম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে সাতক্ষীরার নিদর্শনপত্রের বিশেষ সব-রেজিষ্ট্রার হইবেন।

বারাসতের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায় আপন কর্ম্মের অতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে ঐ সবডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রের বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

১৮৭০ সাল ১৮ জানুআরি।—হুগলীর মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত আর, বি, কাক্রেল সাহেব বাঁকুড়াতে জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আর, বি, কাক্রেল সাহেব রাজকীয় অন্য বিশেষ কর্ম্মে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এফ, এচ, পেলিউ সাহেব দ্বিতীয় শ্রেণীমতে হুগলীর মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে, সি, প্রাইস সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ই, এস, মোসলি সাহেব দ্বিতীয় শ্রেণীমতে বাকরগঞ্জের মাজিষ্ট্রেটের ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই, ই, লৌইস সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ, বি, ফালকন সাহেব প্রথম শ্রেণীমতে মালদহের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

ঢাকার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেবের প্রতি যেং ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমায় প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার, এবং উক্ত সেশন আদালতে কি হাই কোর্টে বিচার হইবার জন্যে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কিম্বা তাহারদের দর্শন প্রতিভূ লইবার ও তদর্থে প্রয়োজনীয় সকল ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এফ, এচ, পেলিউ সাহেব রাজকীয় অন্য কর্ম্মে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ, এচ, গ্রিমলি সাহেব হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

*The 13th January* 1870.—Lieutenant E. H. Steel, Assistant Superintendent of Revenue Survey, Second Division, Lower Provinces, for twenty-two days, under Section XI. of the Military Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 1st November last.

*The 15th January* 1870.—Mr. C. W. Hawes, Extra Assistant Commissioner, Lohardugga, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 18th January* 1870.—Baboo Shivapersad Sandyal, Deputy Magistrate and Deputy Collector of Satkhirah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 10th proximo, or any subsequent day within one month of that date on which he may avail himself of the leave.

NOTIFICATIONS.

*The 12th January* 1870.—Sub-Assistant Surgeon Doorga Das Kur, Teacher of Materia Medica to the Secondary Classes of the Medical College, having returned to duty on the forenoon of the 13th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 18th November last, is cancelled.

*The 15th January* 1870.—The subsidiary leave granted to Mr. C. E. C. Merrington, Officiating Joint-Magistrate and Deputy Collector of Gya, under orders of the 4th instant, will have effect from the 2nd March next. He will embark at Bombay.

*The 18th January* 1870.—On the report of the Central Examination Committee, the following Officers are declared to have passed in the subjects noted against their respective names according to the Higher Standard at the Examination held in November 1869 :—

Mr. Gregor Grant, Extra Assistant Commissioner, Sonthal Pergunnahs, in Assamese.

Moulvy Mahomed Ishaq, Deputy Magistrate and Deputy Collector, Purneah, in Bengali.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The 12th January* 1870.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up for a public purpose, at a public expense, *viz.*, for a site for a Government school-building to be erected at Mokameh, in the Barh Sub-division, it is hereby declared that, for

ছুটী।

১৮৭০ সাল ১৩ জানুআরি।—বঙ্গপ্রভৃতিদেশের রাজস্বসংক্রান্ত জরীপী কার্য্যের দ্বিতীয়খণ্ডের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট লেপ্টেনেন্ট শ্রীযুত ই এচ ষ্টীল সাহেব গত নবেম্বর মাসের ১ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত সৈনিকদের ছুটীর বিধির ১১ ধারামতে বাইশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৫ জানুআরি।—লোহারডগার অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত সি ডবলিউ হস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পঞ্চদশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৮ জানুআরি।—সাতক্ষীরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবপ্রসাদ সান্যাল আগামি মাসের ১০ তারিখঅবধি কিম্বা তৎপশ্চাৎ এক মাসের মধ্যে যে দিনে ছুটী লন সেই দিনঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১২ জানুআরি।—মেডিকাল কালেজের দ্বিতীয় শ্রেণীর ছাত্রদের মাটিরিয়া মেডিকার শিক্ষক সবআসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু দুর্গাদাস কর গত মাসের ১৩ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন, অতএব গত নবেম্বর মাসের ১৮ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৭০ সাল ১৫ জানুআরি।—গয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ই, সি, মেরিংটন সাহেবকে বর্ত্তমান মাসের ৪ তারিখের আজ্ঞাক্রমে উপকরণার্থ যে ছুটী দেওয়া যায়, তাহা আগামি মার্চ মাসের ২ তারিখঅবধি প্রচলিত হইবে। তিনি বোম্বাইয়ে জাহাজ আরোহণ করিবেন।

১৮৭০ সাল ১৮ জানুআরি।—সদর পরীক্ষক কমিটীর রিপোর্টঅনুসারে নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৬৯ সালের নবেম্বর মাসের পরীক্ষা কালে স্বাপনং নামের পার্শ্বলিখিত বিষয়ে উচ্চতর কষ্টিমতে উত্তীর্ণ হইয়াছেন।

সাঁওতাল পরগনার অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত গ্রেগর গ্রান্ট সাহেব আসামীয় ভাষায়।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ ইসহাক বঙ্গভাষায়।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

নির্দ্দেশবাক্য।

১৮৭০ সাল ১২ জানুআরি।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাঢ়শাখাখণ্ডের অন্তর্গত মোকামেতে গবর্ণমেন্টের পাঠশালা নির্ম্মাণ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে ভূমিগ্রহণ করা আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরর্ণর সাহেবের এমত জ্ঞান হওয়াতে এতৎক্রমে প্রকাশ করা যাইতেছে যে উক্ত কার্য্যের





the above purpose, a piece of land measuring about two cottahs 7 dhoars, more or less, situated in Mouzah Mokameh, in Pergunnah Gzaspore, in the District of Patna, is required.

The land is bounded on the North by a road; on the East by the house of Ruttoo Dhanook; on the South by the house of Tarun Sing; and on the West by a public road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No. 56J.

APPOINTMENTS.

*The 13th January* 1870.—Mr. Jack Francis Needham, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, is appointed, under the provisions of Section 3, Act II. of 1869, to be a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

Assistant-Surgeon Kalipada Gupta, M.B., to officiate as Civil Assistant-Surgeon of Bograh, during the absence, on leave, of Dr. H. C. Connolly, or until further orders.

Mr. C. F. Worsley to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Patna.

Mr. H. Cruise to be a Member of the Ferry Fund Committee of the District of Purneah.

*The 14th January* 1870.—The following Deputy Magistrates and Deputy Collectors are appointed, under the provisions of Section 3, Act II. of 1869, to be Justices of the Peace within the territories under the Lieutenant-Governor's control :—

Mr. John Chamberlain Williamson, Tirhoot.
,, Charles Edward Bailey, Patna.

*The 15th January* 1870.—Moulvie Abdool Mujeed to be Subordinate Judge of Gya.

Moulvie Eradut Ally to be Subordinate Judge of Dinagepore.

Baboo Grish Chunder Chatterjee to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Pooree.

*The 17th January* 1870.—Lieutenant E. G. Lillingston to officiate as Subordinate Judge of Gowalparah, during the absence, on deputation, of Captain A. E. Campbell, or until further orders.



নিমিত্তে পাটনা জিলার অন্তর্গত গয়াসপুর পরগণার মোকামে মৌজায় ন্যূনাধিক ২ কাঠা ৭ ধুয়ার পরিমাণ এক খণ্ড ভূমির প্রয়োজন।

ঐ ভূমির উত্তরদিগে পথ। পূর্ব্বদিগে রতু ধানুকের ঘর। দক্ষিণদিগে তারণ সিংহের ঘর। পশ্চিমদিগে রাজপথ।

উক্ত ভূমিতে যাহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনমতে এই নির্দ্দেশবাক্য প্রকাশ করা যাইতেছে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

জুডিশ্যল ও পলিটিকাল ডিপার্টমেন্ট।

৫৬J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সালের ১৩ জানুআরি।—নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জ্যাক ফ্রানসিস নীডহাম সাহেব ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে শান্তিরক্ষার্থ জষ্টিসেরপদে নিযুক্ত হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত এচ, সি, কনলি সাহেব ছুটী লওয়াতে তাহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কালিপদ গুপ্ত এম, বি, বগুড়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি, এফ, ওর্স্‌লি সাহেব পাটনা নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

শ্রীযুত এচ ক্রুস সাহেব পুরণিয়া জিলার ফেরিফণ্ড কমিটীর অন্যতর মেম্বর হইবেন।

১৮৭০ সাল ১৪ জানুআরি।—নিম্নলিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরা ও ডেপুটী কালেক্টরেরা ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে শান্তি রক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইয়াছেন।

ত্রিহুতের শ্রীযুত জান চেম্বরলেন উলিয়মসন সাহেব।
পাটনার শ্রীযুত চার্ল্‌স এডওয়ার্ড বেলি সাহেব।

১৮৭০ সাল ১৫ জানুআরি।—শ্রীযুত মৌলবী আবদুল মজীদ গয়ার সবর্ডিনেট জজ হইবেন।

শ্রীযুত মৌলবী ইরাদৎ আলি দিনাজপুরের সবর্ডিনেট জজ হইবেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া পুরীর মুনসেফ হইবেন।

১৮৭০ সাল ১৭ জানুআরি।—কাপ্তান শ্রীযুত এ, ই, কাম্বেল সাহেব অন্য রাজকার্য্যে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত লেপ্টেনেন্ট শ্রীযুত ই, জি, লিলিংষ্টন সাহেব গোয়ালপাড়ার সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

The following Officers are vested with the powers of a Moonsiff:—

Mr. A. G. Wilson, Assistant Commissioner of Burhee.

Lieutenant C. H. Garbett, Assistant Commissioner of Maunbhoom.

Baboo Gunganund Mookerjee, Extra Assistant Commissioner, Hazareebaugh.

Baboo Bemolanund Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Maunbhoom.

Mr. C. J. Cowie, Extra Assistant Commissioner, Seebsaugor.

NOTIFICATION.

*The* 14*th January* 1870.—The leave granted to Mr. H. R. Madocks, Judge of Bhaugulpore, under orders of the 13th ultimo, is cancelled at his own request.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The* 11*th January* 1870.—The Declarations published at pages 928 and 929 of the *Calcutta Gazette*, under date the 9th April 1869, taking up, under the provisions of Act VI. of 1857, the three plots of land mentioned in the margin, in the city of Patna, for the purpose of sinking wells and erecting bullock sheds for municipal purposes, are hereby cancelled.

1. In Mohulla Jhaoogunge.
2. In Mohulla Hajeegunge.
3. In Mohulla Macharhutta.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The* 13*th January* 1870.—With reference to the Notification published in the *Calcutta Gazette* of the 17th June 1863, page 1700, declaring Phenchoo, in Sylhet, to be a place of debarkation under Section 27, Act III. of 1863 of the Lieutenant-Governor of Bengal in Council, it is hereby notified that Phenchoo shall cease to be a place of debarkation from the 1st proximo.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The* 14*th January* 1870.—Under Section CVI. of Act VIII. (B. C.) of 1869, (an Act to amend the procedure in suits between landlords and tenants), it is hereby notified that the said Act shall take effect in all those Districts in the Lower Provinces of Bengal, which are subject to the general regulations, from the 11th day of April 1870.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

নিম্ন লিখিত কার্য্যকারকেরা মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

বর্হীর আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত এ, জি, উইলসন সাহেব।

মানভূমের আসিষ্টান্ট কমিশ্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত সি, এচ, গার্বেট সাহেব।

হাজারীবাগের অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায়।

মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলানন্দ মুখোপাধ্যায়।

শিবসাগরের অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত সি, জে, কৌই সাহেব।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৪ জানুআরি।—ভাগলপুরের জজ শ্রীযুত এচ, আর, মাডক্স সাহেবকে গত মাসের ১৩ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী দেওয়া যায়, তাহা তদীয় প্রার্থনামতে রহিত হইয়াছে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১১ জানুআরি।—পাটনা শহরে নগর সৌষ্ঠব করণার্থে কূপ খনন করিবার ও গোখানা প্রস্তুত করিবার জন্যে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে পার্শ্বলিখিত * স্থানের তিন খণ্ড ভূমি গ্রহণ বিষয়ে ১৮৬৯ সালের ৯ আপ্রিলের যে বিজ্ঞাপন বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ৫৮৩ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা এতৎক্রমে রহিত কর' গেল।

*১। মহল্লা ঝাউগঞ্জে
২। মহল্লা হাজীগঞ্জে
৩। মহল্লা মাচারহাটা

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৩ জানুআরি।—মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ১৮৬৩ সালের ৩ আইনের ২৭ ধারামতে ছিলটের অন্তর্গত ফেঞ্চু স্থানে মজুরেরা জাহাজ কি নৌকাহইতে উত্তরিয়া যাইতে পারিবে, এই মর্ম্মের যে বিজ্ঞাপন ১৮৬৩ সালের ২৩ জুনের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ৬১১ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তদুপলক্ষে এতৎক্রমে জ্ঞাত করা যাইতেছে যে আগামি মাসের ১ তারিখঅবধি মজুরেরা আর সেই স্থানে উত্তরিয়া যাইতে পারিবে না।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৪ জানুআরি।—ভূম্যধিকারিদের ও প্রজারদের মধ্যে মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধন করণার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ৬ আইনের ১০৬ ধারামতে এই জ্ঞাপনি প্রকাশ হইতেছে। বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত যে সমস্ত জিলা সাধারণ আইনের অধীন আছে উক্ত আইন ১৮৭০ সালের আপ্রিল মাসের ১১ তারিখঅবধি সেই সকল জিলায় প্রবল হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।





---

## Public Works Department.

No. 14.

LOCAL,—MISCELLANEOUS,—PUBLIC IMPROVEMENTS.

NOTIFICATION.

*The* 17*th January* 1870.

It has been brought to notice by the Commissioner of the Dacca Division that the name of Baboo Soorjakanth Acharjee was wrongly inserted in the statement* of works of public utility constructed during the year 1868 by private individuals as having constructed the following works in the Mymensing District, *viz.* :—

| | Rs. | As. | P. |
|---|---|---|---|
| An alms-house in the village of Mooktagacha ... ... | 9,000 | 0 | 0 |
| A building for a school in the same village ... ... | 6,000 | 0 | 0 |
| A tank in the village of Bydianund ... ... ... | 700 | 0 | 0 |

No such works were constructed by the Baboo.

* Published in the *Calcutta Gazette* of the 14th July 1869, Appendix III. Notification of this Department No. 249, dated 13th July 1869.

J. E. T. NICOLLS, *Col., R. E.,*
*Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

---

MEMO. No. 196A.

*Corrigendum.*

THE No. of Civil Circular Order No. 13, dated 7th October 1869, relative to the Rules for the payment of Tullubanah, should be altered from 13 to 11.

(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

HIGH COURT, &c.
CIVIL SIDE;
*The* 19*th January* 1870.



## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৪ নম্বর।

সাধারণের উপকারার্থে স্থানীয় কার্য্যাদি বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৭ জানুআরি।

ময়মুনসিংহ জিলার মধ্যে সাধারণ ব্যক্তিরা ১৮৬৮ সালের মধ্যে সর্ব্বসাধারণের উপকারার্থে যে সকল কার্য্য করেন, তন্মধ্যে নিম্নলিখিত বিষয়, অর্থাৎ

| | | |
|---|---|---|
| মুক্তাগাছা গ্রামে দরিদ্রবাটী | ... | ৯,০০০৲ |
| ঐ গ্রামে পাঠশালা | ... | ৬,০০০৲ |
| বিদ্যানন্দ গ্রামে পুষ্করিণী | ... | ৭০০৲ |

বাবু সূর্য্যকান্ত আচার্য্যকর্তৃক নির্ম্মিত হইল বলিয়া প্রকাশ হইয়াছে।* কিন্তু ঢাকাখণ্ডের কমিশ্যনর সাহেব জানিতে পাইয়াছেন যে উক্ত বাবুর নাম ভুলক্রমে লেখা যায়। তিনি সেই সকল বিষয় করিলেন না।

* এই কর্ম্মবিভাগের ১৮৬৯ সালের ১৩ জুলাইর ২৪৯ নম্বরের ঐ বিজ্ঞাপন ২৭ জুলাইর বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১০৪০ পৃষ্ঠায় প্রকাশ হয়।

জে ই টি নিকলস। কর্ণেল, আর, ই,।
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

১৯৬A নং স্মারকপত্র।

অশুদ্ধশোধন।

তলবানার বিধি বিষয়ক ১৮৬৯ সালের ৭ অক্টোবরের ১৩ নম্বরের যে দেওয়ানী সরক্যুলর প্রকাশ হইয়াছে তাহার ১৩ নম্বর উঠাইয়া ১১ নম্বর দিতে হইবে।

এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট
দেওয়ানী পক্ষ।
১৮৭০ সাল ১৯ জানুআরি।

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার

### জিলা চট্টগ্রাম।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৬৯ সালের ২৮ ডিসেম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ২৩ ফেব্রুআরি তারিখে ঐ জিলার কালেকুটর সাহেবের কাছারিতে বিনাওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

### প্রথম শ্রেণীর কাএমি মহাল।

১২৩৮। তরফ ইনচ আইয়প মালিক অলকা ও আবু খাঁ ও আবুল হোসন ও আনওয়ার খাঁ ও ব্রজমোহন ও ছরকরাজ ও ছকর আলী ও এওজ খাঁ ও এলাহী বকুস ও হাএদর আলী ও জয়গোপাল দত্ত ও করিম বকুস ও মণিরাম ও মাহাম্মদ আকমল ও মাহাম্মদ ছামেদ ও মাহাম্মদ আছাদ ও মাগন ও নওয়াজিস ও ওয়ারিস খাঁ ও করিম বকুস ও অলকা ও এয়াছিন খাঁ ও আমির আলী ও এয়ার আলী খাঁর মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে ওয়ারিস খাঁ ও মাহাম্মদ ছামিল ও আনওয়ার খাঁ ও ছরকরাজ খাঁ ও এয়াছিন খাঁ ও আমীর আলী ও এয়ার আলী খাঁর মবলগ ৫৮।৵/১০ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ২২৭২।৶৬

২৫৬২। তরফ রামভদ্র কাননগোএ মালিক অর্জুন ভারতি মোহন্ত ও বন্নিজান বিবি ও ভৈরবচন্দ্র ও চণ্ডীচরণ ও চণ্ডীচরণ নন্দী ও ছাদক আলী মুন্‌শী ও দুর্গাচরণ দাস ও গিরীশচন্দ্র দাস ও নছরুল্লা মুন্‌শী ও কালীচরণ দাস ও নিত্যানন্দ ও পীতাম্বর ও পীতাম্বর কাননগোএ ও রাজচন্দ্র ও রামদাস ও রামমোহন সেন ও রামসুন্দর সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও তারিণীশঙ্কর কাননগোএ ও ত্রিপুরাচরণ ও অন্নদাচরণ সেন ও ষষ্ঠীচরণ ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ ধর ও প্রাণহরি লালা ও বৈষ্ণবচরণ পোদ্দার ও রামসেবক পোদ্দার ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জুন ভারতি মোহন্ত ও অর্জুন ভারতি মোহন্ত ও গোলামহোসন ও চণ্ডীচরণ ধর ও রামসেবক বন্নিক ও আবতুল্লা নীলামদার ও ঈশানচন্দ্র কাননগোএ ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও দিগম্বর সেন ও উজির আলী প্রকাশ পোতন ও তারিণীচরণ বিশ্বাস ও হরিদাস দে ও আরাধন শ্রীমতী বিশ্বেশ্বরী ও উমাচরণ ও কান্তপ্রসাদ হাজারি ও সেখ মাহাম্মদ ওয়াসিল চৌধুরী ও গুরুদাস রায় ও গুরুদাস রায় ও রামচন্দ্র চৌধুরী ও দেবীচরণ দে প্রকাশ দেবু মহাজন ও উমেদআলী ও রামদাস সিকদার ও রাজচন্দ্র চৌধুরী ও নিত্যানন্দ সেন ও শরৎচন্দ্র সেন ও চৈতন্যচরণ সেন ও দয়ামোহন সেন ও হরিনাথ পুরোহিত ও রামকিঙ্কর পুরোহিত ও রামকিশোর সেনের মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে রামসুন্দর সেন ও দুর্গাচরণ দাস ও তস্য ভ্রাতা গিরীশচন্দ্র দাস ও ছাদক আলী মুন্‌শী ও নিত্যানন্দ সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও কান্তপ্রসাদ হাজারি ও চণ্ডীচরণ নন্দি ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জুন ভারতি মোহন্ত ও পীতাম্বর কাননগোএ ও গোলামহোসন ও ঈশানচন্দ্র কাননগোএ ও হরিদাস আরাধন ও রামসেবক বন্নিক ও দিগম্বর সেনের মবলগ ৫১৫।।৭ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে পীতাম্বর রায়ের হিস্যা ও অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৯১৮৸৶/৭

২৯৩৩। তরফ সাছিরাম কাননগোএ মালিক আববাল ও আইঠন ও আবুতালিপ ও বৃন্দাবন ও বৃন্দাবন সেন ও বিশ্বম্ভর ও ভিখনচন্দ্র ও ভোলানাথ ও ছত্রনারায়ণ ও দিগম্বর রায় ও দুর্গাচরণ ও দুর্গামোহন ও গগনচন্দ্র ও গনেশচন্দ্র ও গোপীনাথ ও গোলাম বাছিদ ও গোলাম মগছুদ ও গোলাম আলী ও গোপাল দাস সেন ও গোপীনাথ ও গোলাম আলী ও গৌরীকান্ত ও গৌরসুন্দর ও জগমোহন ও জগচ্চন্দ্র ও জগন্নাথ সেন ও জানআলি ও জুরমনি ও কৃষ্ণচন্দ্র কাননগোএ ও কৃষ্ণচন্দ্র কাননগোএ ও কৃষ্ণমোহন গুহ ও কুলচন্দ্র ও লক্ষ্মীচন্দ্র রায় ও মাহাম্মদ আসরফ জমাদার ও মাগনদাস সেন ও মাগনচন্দ্র ও নিত্যানন্দ কাননগোএ ও নিত্যানন্দ কাননগোএ ও নিত্যানন্দ ও নীলকান্ত পুরোহিত ও নীলকান্ত ও নিত্যানন্দ কাননগোএ ও নিত্যানন্দ কাননগোএ ও নিমাইচরণ রায় ও নিত্যানন্দ কাননগোএ ও ন্যামতুল্লা ও ওয়ারিস ও উপেন্দ্রচন্দ্র ও প্রসন্ন সিংহ ও প্রসন্নকুমারী ও পূর্ণচন্দ্র সেন ও প্যারীমোহন ও রসিকচন্দ্র ও রামদুলাল ও রামদয়াল দে ও রামজয় পোদ্দার ও রামলোচন সেন ও রেণুকা ও শরতচন্দ্র ও সাহামাহাম্মদ ও সাহাবদ্দিন ও শ্যামসুন্দর ও তিলকচন্দ্র ও তোফেল আলী ও রামজীবন কাননগোএ ও গোলাম মহিরদ্দিন ও প্রসন্নকুমারী ও অখিলচন্দ্র সেন নাবালগ ও মহেশচন্দ্র ও লালমাহাম্মদ হাজি ও গোলাম আলী নাজির ও সুবরাতি প্রকাশ সূর্য্যমণি সর্দ্দার ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও মাহাম্মদ কামিল চৌধুরী ও মাহাম্মদ কলিমল্লা ও মহেশচন্দ্র ও ইছপ আলী ও নেজামত আলী ও মাহাম্মদ আলী ও মনুহর খাঁ ও উজীর আলী ও উমাচরণ ঘোষ ও দুর্গাচরণ সেনের মধ্যে শ্রীমতী অলকা ও রামদয়াল সেন শ্রীব্রজবাসি ও জগচ্চন্দ্র সেন ও গোপালদাস সেন ও জগচ্চন্দ্র রায় ও হরচন্দ্র ও কৃষ্ণমোহন ও অভয়াচরণ গুহ ও নীলকান্ত ও গৌরীকান্ত ও

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৫ জানুআরি।]



নিত্যানন্দ পুরোহিত ও প্রাণকৃষ্ণ ও প্যারীমোহন ও দুর্গামোহন ও গৌরচন্দ্র কাননগোএ ও শ্রীমতী অমলা ও বীরঙ্গ ও শ্রীমতী তারকেশ্বরী ও শ্রীমতী প্যারী ও নীলকণ্ঠ সেন নীলাম খরিদ গোলাম আলী নাজির ও গোলাম আলী ও জান আলী ও আবু তালেপ ও গোলাম বাছের ও রাহামদ্দিন ও এজারৎউল্লা ও রিজায়ানদ্দিন ও নজুমন্নিছা ও নাদেরন্নিছা ও গৌরীদাস ও নীলমণি ও বাকরআলী ও মোবারেক আলী ও চৈতন্যচরণ সেন ও ফতেমা বিবি ও সুজাত আলী ও মনছুর আলী ও নজিবউল্লা ও মাইনদ্দিন ও কাছিম আলী ও রামচরণ ও রামসেবক দাস ও উদয়চন্দ্র ও আমির হোসন ও মাহাম্মদ নছিম ও ছদ্দর আলী ও রাহামদ্দিন ও বিজয়ানদ্দিন ও সমিয়দ্দিম নাবালগ ও চৈতন্যচরণ দস্তিদার ও বক্সিতরাম চৌধুরী ও কৃষ্ণমোহন গুহ ও মাহাম্মদ মোছন ও মাহাম্মদ কামিল ও জানালি ও সচছন্দ মহি এগে কালী মালিক উজির আলী ও ইছপ আলী ও নেজামত আলী ও বিশ্বেশ্বরী ও মাগন দাস ও রত্নমণি সেন ও করিমদ্দিন আহাম্মদ ও রামদয়াল দে ও গৌরসুন্দর ও তোফেল আলী ও শ্রীমতী পূর্ণা দেব্যা ও শ্রীমতী নারায়ণী ও শ্রীমতী অলকাসুন্দরী ও নন্দকুমার দাস ও গৌরহরি চৌধুরী ও নন্দকুমার দাস ও কৃষ্ণদাস মজুমদার ও আচমত আলী মুনসী ও মহেশচন্দ্র ও রাজকিশোরের হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়ায় ও ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে লালমাহাম্মদ হাজি ও সুবরাতি ও আইঠন ও মাহাম্মদ কামিল ও বিশ্বেশ্বরী মবলগ ৮৵/৫ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৮২৬৸৵৩

### পরগনে কুত্তবদিয়া মৌজে কৈয়ারবিল ও আলী আগবরের ডেইল।

৩৩৫৬৭। কাএমি জমিদারি আনওয়ার আলী খাঁ মালিক খোদ সদর জমা ৭৭৭৪৸৩

### মৌজে ধুরঙ্গ।

৩৩৫৬৯। কাএমি জমিদারী রামসুন্দর সেন ও লালচান্দ চৌধুরী মালিক গিরিশচন্দ্র ও ভবানীদীন সদর জমা ৭৫০০৲

(F)

H. C. B. C. RABAN,
*Offg. Collector.*

[*Government Gazette, 25th January* 1870.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

KONNAGAR PUBLIC LIBRARY

TUESDAY, FEBRUARY 1, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ১ ফেব্রুআরি।


## Government of India.

### Legislative Department.

At the meeting of the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations, held on the 21st January 1870—

The Hon'ble Mr. Stephen moved that the Report of the Select Committee on the Bill to regulate the Wills of Hindús and Buddhists in the Presidency Towns, be taken into consideration.

The Hon'ble Mr. Cockerell moved as an amendment to the Hon'ble Mr. Stephen's motion :—

That this Bill be recommitted, with instructions to the Select Committee to take into consideration the propriety of extending its operation to the territories under the Government of the Lieutenant Governor of Bengal, and to report again after six weeks.

That the Bill, as amended, together with this motion, be forthwith published in the *Gazette of India* for public information.

The amendment was carried unanimously.

[*Government Gazette, 1st February* 1870.]

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

### ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

১৮৭০ সালের জানুআরি মাসের ২১ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার অধিবেশনকালে,

মান্যবর শ্রীযুত ষ্টীবন সাহেব প্রস্তাব করিলেন যে, রাজধানীস্থ হিন্দুদের ও বৌদ্ধদের চরমপত্রের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিতে যে কমিটী মনোনীত হন তাঁহারদের রিপোর্টের বিবেচনা করা যায়।

মান্যবর শ্রীযুত কাক্রেল সাহেব মান্যবর শ্রীযুত ষ্টীবন সাহেবের উক্ত প্রসঙ্গ সংশোধনপূর্ব্বক এই প্রস্তাব করিলেন যে,

ঐ পাণ্ডুলিপি মনোনীত কমিটীর প্রতি পুনশ্চ অর্পণ করা যায় ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যেও তাহার বিধান প্রচলিত করিবার ঔচিত্য বিষয় বিবেচনা করিয়া ঐ কমিটীর প্রতি ছয় সপ্তাহের পরে পুনরায় রিপোর্ট করিবার আদেশ করা যায়।

এবং উক্ত প্রস্তাব সহিত পূর্ব্বোক্ত প্রকারে সংশোধিত পাণ্ডুলিপি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

ঐ সংশোধিত প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গ্রাহ্য হইল।

L

*A Bill to regulate the Wills of Hindús, Jainas and Buddhists in the Presidency Towns.*

[*As amended by the Select Committee.*]

Preamble.

WHEREAS it is expedient to provide rules for the execution, attestation, revocation, revival, interpretation and probate of the wills of Hindús, Jainas and Buddhists in the Presidency Towns; It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Hindú Wills Act 1870."

Certain sections of Succession Act extended to wills of Hindús, Jainas and Buddhists.

2. Sections 46, 48, 49, 50, 51, 54, 55 and 57 to 77 (both inclusive), sections 82, 83, 85, 88 to 103 (both inclusive), sections 106 to 177 (both inclusive), sections 179 to 189 (both inclusive), sections 191 to 199 (both inclusive), so much of Parts XXX and XXXI as relates to grants of probate and letters of administration with the will annexed, Parts XXXIII to XL (both inclusive), so far as they relate to an executor and an administrator with the will annexed, of the Indian Succession Act, 1865, shall apply—

Extent of Act.

(*a*) to all wills and codicils made by any Hindú, Jaina, or Buddhist on or after the first day of March 1870, within the local limits of the ordinary original civil jurisdiction of the High Courts of Judicature at Fort William, Madras and Bombay; and

(*b*) to all such wills and codicils made outside those limits, so far as relates to immoveable property situate within those limits:

Provided that marriage shall not revoke any such will or codicil:

And that nothing herein contained shall authorise a testator to bequeath property which he could not have alienated *inter vivos*, or to deprive any persons of any right of maintenance which they would have possessed if he had died intestate:

And that nothing herein contained shall vest in the executor or administrator with the will annexed of a deceased person any property which such person could not have alienated *inter vivos*.

রাজধানীস্থ হিন্দুরদের ও জৈনদের ও বৌদ্ধদের চরমপত্রের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[মনোনীত কমিটীকর্ত্তৃক সংশোধিত পাণ্ডুলিপি।]

হেতুবাদ।

রাজধানীর মধ্যে হিন্দুদের ও জৈনদের ও বৌদ্ধদের চরমপত্র সম্পাদনের ও সাক্ষিদ্বারা স্বাক্ষর করণের ও ব্যর্থ ও পুনরুত্থাপন করণের ও তাহার অর্থ করণের ও প্রামাণিক পত্র গ্রহণের বিধি করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "হিন্দুদের চরমপত্রবিষয়ক ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

হিন্দুদের ও জৈনদের ও বৌদ্ধদের উইলের প্রতি উত্তরাধিকারিত্ববিষয়ক আইনের কোন২ ধারা বর্ত্তাইবার কথা।

২ ধারা। ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ববিষয়ক ১৮৬৫ সালের আইনের ৪৬, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫৪, ৫৫ ধারা এবং ৫৭ অবধি ৭৭ পর্য্যন্ত সমস্ত ধারা ও ৮২, ৮৩, ৮৫ ধারা ও ৮৮ অবধি ১০৩ পর্য্যন্ত সমস্ত ধারা ও ১০৬ অবধি ১৭৭ পর্য্যন্ত সমস্ত ধারা ও ১৭৯ অবধি ১৮৯ পর্য্যন্ত সমস্ত ধারা, ও ১৯১ অবধি ১৯৯ পর্য্যন্ত সমস্ত ধারা, এবং ৩০ ও ৩১ খণ্ডে চরমপত্রসংযুক্ত প্রামাণিকপত্র ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দানের যে কথা আছে তাহা এবং ৩৩ অবধি ৪০ পর্য্যন্ত সমস্ত খণ্ডে চরমপত্রসংযুক্ত পত্রসাধকের ও ধনাধ্যক্ষের যে কথা আছে তাহা এই২ স্থলে বর্ত্তিবে, যথা,

আইন যত দূর বর্ত্তিবে তাহার কথা।

(ক) ফোর্ট উইলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতা যে২ স্থানে বর্ত্তে সেই২ স্থানে কোন হিন্দু কি জৈন কি বৌদ্ধ ১৮৭০ সালের মার্চ মাসের প্রথম দিবসে কি তৎপরে যে চরমপত্র ও তৎক্রোড়পত্র করেন তাহার প্রতি, এবং

(খ) ঐ সীমার অন্তর্গত স্থাবর সম্পত্তিবিষয়ক তদ্রূপ যে চরমপত্র ও ক্রোড়পত্র ঐ সীমার বহির্ভূত স্থানে করা যায় তাহার প্রতি বর্ত্তিবে।

কিন্তু তদ্রূপ কোন চরমপত্র কি ক্রোড়পত্র বিবাহদ্বারা ব্যর্থ হইবে না।

আরো, উভয়পক্ষের বর্ত্তমানে চরমপত্রকারি ব্যক্তি যে সম্পত্তি হস্তান্তর করিয়া অন্যকে দিতে না পারিতেন এই আইনের কোন কথাক্রমে তাহার চরমপত্রদ্বারা অন্যকে সেই সম্পত্তি প্রদান করিবার ক্ষমতা হইবে না, এবং অকৃতচরমপত্র ব্যক্তি মরিলে যাহারদের ভরণ পোষণের কোন স্বত্ব থাকিত এই আইনের কোন কথাক্রমে চরমপত্রদ্বারা তাহারদের সেই স্বত্ব লোপ হইতে পারিবে না।

এবং উভয় পক্ষের বর্ত্তমানে যে সম্পত্তি হস্তান্তর হইয়া অন্যকে দেওয়া যাইতে না পারিত এক পক্ষ মরিলে সেই সম্পত্তি এই আইনের কোন কথাক্রমে ঐ মৃত ব্যক্তির চরমপত্রসংযুক্ত পত্র সাধকের কি ধনাধ্যক্ষের প্রতি বর্ত্তিবে না ইতি।





Saving of rights of Administrator General.

3. Nothing contained in this Act shall affect the rights, duties and privileges of the Administrators General of Bengal, Madras and Bombay, respectively.

Interpretation-clause.

4. In this Act and in the said sections all words defined in section three of the said Succession Act shall, unless there be something repugnant in the subject or context, be deemed to have the same meaning as the said section three has attached to such words respectively.

And in applying sections 62, 63, 92, 96, 98, 99, 100, 101, 102, 103 and 182 of the said Succession Act, to wills and codicils made under this Act, the words "son," "sons," "child" and "children" shall be deemed to include an adopted child; and the word "grand-children" shall be deemed to include the children, whether adopted or natural-born, of a child whether adopted or natural-born; and the expression "daughter-in-law" shall be deemed to include the wife of an adopted son.

And in making grants under this Act of letters of administration with the will annexed, or with a copy of the will annexed, section 195 of the said Succession Act shall be construed as if the words "and in case the Hindú Wills Act had not been passed" were added thereto; and section 198 of the said Succession Act shall be construed as if, after the word "intestate," the words "and the Hindú Wills Act had not been passed" were inserted; and sections 230 and 231 of the said Succession Act shall be construed as if the words "if the Hindú Wills Act had not been passed" were added thereto respectively.

REPORT OF THE SELECT COMMITTEE ON THE FOREGOING BILL.

We, the undersigned, the Members of the Select Committee of the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations to which the Bill to regulate the Wills of Hindús and Buddhists in the Presidency Towns was referred, have the honor to report that we have considered the Bill, and the papers noted below.*

* Minute by Hon'ble C. R. M. Jackson, dated 29th January 1852.

From Registrar, Sadr Diwáni Adálat, No. 1301, dated 3rd August 1853, and enclosures.

From Assistant Secretary to Government, Fort Saint George, No. 68, dated 10th March 1865, and enclosures.

আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্বত্ব রক্ষার কথা।

৩ ধারা। বঙ্গদেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবদের যে২ স্বত্ব ও কার্য্য ও বিশেষ ক্ষমতা আছে এই আইনের কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

অর্থ করণের ধারা।

৪ ধারা। উত্তরাধিকারিত্ববিষয়ক উক্ত আইনের ৩ ধারাতে যে২ শব্দের যে অর্থ নির্ণয় হইয়াছে, বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার সহিত সেই অর্থ অসঙ্গত না হইলে, উক্ত ৩ ধারায় যে অর্থ করা গিয়াছে এই আইনে এবং পূর্ব্বোক্ত সকল ধারাতে সেই২ শব্দের সেই২ অর্থ ধরিতে হইবে।

এবং এই আইনমত চরমপত্রের ও ক্রোড়পত্রের প্রতি উত্তরাধিকারিত্ববিষয়ক উক্ত আইনের ৬২, ৬৩, ৯২, ৯৬, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ও ১৮২ ধারার প্রয়োগ করণে, "পুত্র" "পুত্রগণ" "সন্তান" "সন্তানগণ" এই২ শব্দের মধ্যে দত্তক পুত্রাদি গণ্য এবং "পুত্র কি কন্যার সন্তানগণ" এই শব্দে দত্তক কিম্বা ঔরসপুত্রের কি কন্যার দত্তক কি ঔরস সন্তানগণও গণ্য এবং "পুত্রবধূ" শব্দে দত্তক পুত্রের স্ত্রী গণ্য এমত জ্ঞান করিতে হইবে।

এবং এই আইনমতে চরমপত্রসংযুক্ত কিম্বা চরমপত্রের প্রতিলিপিসংযুক্ত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দান সময়ে উত্তরাধিকারিত্ববিষয়ক উক্ত আইনের ১৯৫ ধারায় "এবং হিন্দুদের চরমপত্রের আইন প্রচলিত না হইলে" এই কথা সংযোগ হওয়ার ন্যায় ঐ ধারার অর্থ করিতে হইবে। এবং উক্ত উত্তরাধিকারিত্ববিষয়ক আইনের ১৯৮ ধারায় "চরমপত্রাভাবে" এই শব্দের পর "এবং হিন্দুদের চরমপত্রবিষয়ক আইন প্রচলিত না হইলে" এই কথা সংযোগ হওয়ার ন্যায় ঐ ধারার অর্থ করিতে হইবে। এবং উত্তরাধিকারিত্ববিষয়ক উক্ত আইনের ২৩০ ও ২৩১ ধারায় "হিন্দুদের চরমপত্র বিষয়ক আইন প্রচলিত না হইলে" এই কথা সংযোগ হওয়ার ন্যায় ঐ২ ধারার অর্থ করিতে হইবে ইতি।

পূর্ব্বোক্ত পাণ্ডুলিপি বিষয়ে মনোনীত কমিটীর রিপোর্ট।

ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার মনোনীত কমিটী নিম্নলিখিত আমারদের প্রতি রাজধানীস্থ হিন্দুদের ও বৌদ্ধদের চরমপত্রের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হওয়াতে, আমরা সমাদরে জ্ঞাত করিতেছি যে সেই পাণ্ডুলিপি ও নিম্নলিখিত* সকল পত্রাদি বিবেচনা করিয়াছি।

* মান্যবর শ্রীযুত সি আর এম জ্যাকসন সাহেবের ১৮৫২ সালের ২৯ জানুআরির মিনিট।

সদর দেওয়ানী আদালতের রেজিষ্ট্রার সাহেবের ১৮৫৩ সালের ৩ আগষ্টের ১৩০১ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

মান্দ্রাজের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ১০ মার্চের ৬৮ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

2. The Secretary of State, while approving generally of the Bill, suggests that it should be made applicable to Jainas, Jews, Khójas, Memáns and Sikhs.

3. We have accordingly expressly extended the Bill to Jainas and Sikhs and made the necessary alterations in the title and preamble.

4. The testamentary portion of the Succession Act already extends to Jews, as well as to all persons domiciled in British India, other than Hindús, Muhammadans and Buddhists: it is therefore unnecessary to mention Jews in the Bill. Khójas and Memáns are Mussulmans, and although their law of intestate succession is Hindú, they enjoy as Muhammadans the power of making nuncupative wills, which it is one object of the Bill to limit. We think therefore it would be inexpedient to extend the Bill to these two classes of sectaries.

From Chief Commissioner, British Burmah, No. 326, dated 18th September 1865.

From Secretary to Chief Commissioner, Oudh, No. 3215, dated 9th October 1865, and enclosure.

From Secretary to Government, Straits' Settlement, No 37, dated 27th October 1865.

From Secretary to Government of Bengal, No. 641, dated 27th January 1866.

From Under Secretary to Government of Bombay, No. 290, dated 24th January 1866, and enclosure.

From Officiating Secretary to Chief Commissioner, Central Provinces, Nos. 235—358, dated 27th January 1866.

From Chief Commissioner, British Burmah, No. 60, dated 14th February 1866, and enclosures.

From Secretary to Government, North-Western Provinces, No. 124A, dated 13th April 1866, and enclosures.

From Officiating Under Secretary to Government of Bengal, No. 3994, dated 27th July 1865, and enclosures.

From Chief Secretary to Government, Fort Saint George, No. 1212, dated 6th August 1866, and enclosures.

From Chief Commissioner, British Buamah, No. 298, dated 18th September 1866.

From Commissioner of Mysore, No. 2828-47, dated 8th September 1866, and enclosures.

From Acting Under-Secretary to Government of Bombay, No. 3215, dated 11th October 1866, and enclosure.

From Secretary to Government of Punjáb, No. 1385, dated 24th October 1866.

From Secretary of State for India, No. 5, dated 7th February 1867.

From Secretary of State for India, No. 33, dated 23rd September 1868.

From Secretary of State for India, No. 58, dated 30th November 1869.

২। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব সাধারণমতে ঐ পাণ্ডুলিপি অনুমোদন করিয়া জৈনদের ও য়ীহুদীদের ও খোজাদের ও মেমান্দের ও সিখদের প্রতি তাহাবর্ত্তাইবার পরামর্শ দিয়াছেন।

৩। আমরা জৈনদের ও সিখদের প্রতি ঐ পাণ্ডুলিপি স্পষ্টরূপে বর্ত্তাইয়া তদনুসারে আইনের খ্যাতি ও হেতুবাদ পরিবর্ত্তন করিয়াছি।

উত্তরাধিকারিত্ববিষয়ক আইনের চরমপত্রসংক্রান্ত অংশ এইক্ষণে য়ীহুদীদের প্রতি এবং হিন্দু ও মহম্মদী ও বৌদ্ধভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষ নিবাসি সকল জাতির প্রতি বর্ত্তে অতএব এই পাণ্ডুলিপিতে য়ীহুদীদের নাম উল্লেখ করিবার প্রয়োজন নাই। খোজারা ও মেমানের মুসলমান। তাহাদের মধ্যে কেহ চরমপত্র না লিখিয়া মরিলে যদ্যপি তাহারদের পক্ষে উত্তরাধিকারিত্ব বিষয়ে হিন্দুদের তুল্য ব্যবস্থা বর্ত্তে তথাপি বাচনিক চরম দান করিবার ক্ষমতা আছে সেই ক্ষমতার সীমা নিরূপণ করা এই পাণ্ডুলিপির অন্যতর উদ্দেশ্য। এই কারণে উক্ত দুই জাতির প্রতি ঐ আইন বর্ত্তান অবিহিত জ্ঞান করিলাম।

ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৬৫ সালের ১৮ সেপ্টেম্বরের ৩২৬ নম্বরের পত্র।

অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটারীর ১৮৬৫ সালের ৯ অক্টোবরের ৩২১৫ নম্বরের পত্র ও তৎসহিত পত্র।

ষ্ট্রেট সেটলমেণ্টের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ২৭ অকটোবরের ৩৭ নম্বরের পত্র।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ২৭ জানুআরির ৬৪১ নম্বরের পত্র।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ২৪ জানুআরির ২৯০ নম্বরের পত্র ও তৎসহিত পত্র।

মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটারীর ১৮৬৬ সালের ২৭ জানুআরির ২৩৫—৩৫৮ নম্বরের পত্র।

ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৬৬ সালের ১৪ ফেব্রুআরির ৬০ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ১৩ আপ্রিলের ১২৪A নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ২৭ জুলাইর ৩৯৯৪ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ৬ আগষ্টের ১২১২ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৬৬ সালের ১৮ সেপ্টেম্বরের ২৯৮ নম্বরের পত্র।

মহিশূরের কমিশ্যনর সাহেবের ১৮৬৬ সালের ৮ সেপ্টেম্বরের ২৮২৮। ৪৭ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ১১ অক্টোবরের ৩২১৫ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

পঞ্জাবের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ২৪ অক্টোবরের ১৩৮৫ নম্বরের পত্র।

ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের ৭ ফেব্রুআরির ৫ নম্বরের পত্র।

ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৮ সালের ২৩ সেপ্টেম্বরের ৩৩ নম্বরের পত্র।

ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৯ সালের ৩০ নবেম্বরের ৫৮ নম্বরের পত্র।





5. The Secretary of State also states that he has been informed that there are few or no Buddhists in the Presidency Towns, and apparently suggests that the Bill need not apply to those religionists. But in Calcutta there is a large number of Chinese and Burmese tradesmen, most if not all, of whom are Buddhists. We have therefore left the Bill unaltered in this respect.

6. A series of recent decisions by the Calcutta High Court has established the proposition that Hindús are incapable of creating perpetuities. But the Courts have not fixed the length of time for which a Hindú may tie up his estate. We think that the legislature may, with advantage, supply the needed rule, and have accordingly extended section 101 of the Succession Act and the two preceding and the two following sections. The effect will be to render it impossible for a Hindú to delay the vesting of property bequeathed by him beyond the lifetime of a person living at the testator's decease and the minority (18 years) of some person in existence at the expiration of that period. The extension will also preclude questions as to a Hindú's power to bequeath to a person not in existence at the testator's death.

7. We have made a slight verbal alteration in section 2, and recommend that the Bill thus amended be passed.

J. F. Stephen.
G. N. Taylor.
H. M. Durand.
Gordon S. Forbes.
F. S. Chapman.
F. R. Cockerell.

*The 14th January* 1870.

Whitley Stokes,
*Secy. to the Council of the Govr. Genl. for making Laws and Regulations.*

৫। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব আরো কহেন যে রাজধানীর মধ্যে অত্যল্প বৌদ্ধ আছে প্রায় নাই বলিলেও বলা যাইতে পারে এমত অবগত হওয়াতে তাঁহারদের প্রতি ঐ আইন বর্ত্তান অনাবশ্যক এমত ভাবাপন্ন কথা লিখিয়াছেন। কিন্তু কলিকাতায় চিনীয় ও বর্ম্মীয় অনেক জন ব্যবসায়ী আছে তাহারা সকলে বৌদ্ধ না হউক অধিকাংশ বটে। অতএব এই বিষয়ে পাণ্ডুলিপির পরিবর্ত্তন করি নাই।

৬। সম্প্রতি কলিকাতার হাই কোর্টের বহু নিষ্পত্তি দ্বারা, হিন্দুরা সম্পত্তির চিরস্থায়ি নিয়ম করিতে পারে না, এই সিদ্ধান্ত হইয়াছে। কিন্তু হিন্দু কত কালপর্য্যন্ত আপনার সম্পত্তি বদ্ধ করিতে পারেন ঐ কোর্ট ইহা নিরূপণ করেন নাই। আমারদের বিবেচনায় ব্যবস্থাপক মন্ত্রিগণ ঐ প্রয়োজনীয় বিধি করিলে উপকার হয়, এই কারণে উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ১০১ ধারা ও তৎপূর্ব্ব দুই ও তৎপশ্চাৎ দুই ধারা বিস্তৃত করিয়াছি। ইহার ফল এই, কোন হিন্দু চরমপত্রক্রমে যে সম্পত্তি দান করিয়া যান তাঁহার মৃত্যুকালীন বিদ্যমান ব্যক্তির জীবিতাবস্থার ও তদুত্তরে বিদ্যমান অন্য ব্যক্তির অপ্রাপ্তব্যবহারতার অর্থাৎ ১৮ বৎসর বয়ঃপ্রাপ্তির অধিক কাল ঐ সম্পত্তি বর্ত্তাইবার গৌণ করিতে অসমর্থ হইবেন। আর ঐ বিধান বিস্তৃত হওয়াপ্রযুক্ত চরমপত্রকারি ব্যক্তির মরণকালে যে ব্যক্তি অজাত তাহার প্রতি হিন্দু সম্পত্তি প্রদান করিতে পারেন কি না, এই প্রশ্ন আর উত্থিত হইতেও পারে না।

৭। আমরা ২ ধারার শব্দ বিন্যাসের কিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়াছি। এই সংশোধিত ভাবে পাণ্ডুলিপি বিধিবদ্ধ করা আমারদের পরামর্শ।

জে এফ ষ্টীবন।
জি এন টেলর।
এচ এম ডুরাণ্ড।
গর্ডন এস ফরবস।
এফ এস চ্যাপমান।
এফ আর কক্রেল।

১৮৭০ সাল ১৪ জানুআরি।

উইটলি ষ্টোকস।
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

## Government of Bengal.

Legislative Department.

The following Bill, which it is proposed to introduce into the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, is, together with a Statement of the objects and reasons of the Bill, published for general information:—

*A Bill to empower the Justices of the Peace for the Town of Calcutta to levy a Water-rate on the Town.*

Preamble.

Whereas it is necessary to provide funds for meeting the expenses connected with the water-supply works for the Town of Calcutta, and whereas the

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ও তাহার অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করিবার প্রস্তাব হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি ঐ নগরে জলকর আদায় করিবার ক্ষমতা প্রদানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরে জলযোগাইবার কার্য্যসংক্রান্ত খরচ শোধ করিবার জন্যে টাকা তুলিবার বিধান করা বিহিত। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট

Justices are not now in a position to assess a water-rate under the provisions of Section XIII. of Act IX. of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council, it is enacted as follows:—

Repeal of clauses.

1. Sections XII. and XIII. of Act IX. of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council, are repealed.

Power to assess water-rate.

II. The Justices shall forthwith assess upon all occupied houses, premises, and lands within the Town of Calcutta a water-rate for the year 1870, and shall likewise in the manner and at the times provided in Act VI. of 1863 (passed by the Lieutenant-Governor of Bengal in Council) for fixing taxes assess a water-rate for each succeeding year.

Amount of water-rate.

III. Every such water-rate shall be sufficient to provide, from the estimated proceeds thereof to be collected within the year, for the payment during the year for which it is assessed of all the current necessary expenses of the water-supply of Calcutta and all expenses and charges connected therewith, and of the expenses within the year of any amendments, reparations, or extensions of the said water-supply works, and of the interest of such monies as may have been or may hereafter be borrowed for the construction of the said water-supply works, and of the sinking fund which has been or may hereafter be formed for the repayment of the said monies.

Mode of levying.

IV. Such water-rate shall be payable at the time and levied from the persons and in the manner provided by the said Act VI. of 1863, for the payment and levy of the water-rate mentioned in Section LII. of the aforesaid Act.

Construction of Act.

V. This Act shall be construed with and as part of the said Act VI. of 1863 and IX. of 1867.

Commencement of Act.

VI. This Act shall commence and take effect from the 1st day of January 1870.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE Government of India consented to grant a loan of 52 lakhs of Rupees to the Corporation of the Town of Calcutta for the construction of water-supply works.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১ ফেব্রুয়ারি।]

গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৯ আইনের ১৩ ধারার বিধানমতে জষ্টিসেরা এইক্ষণে জলের কর আদায় করিতে পারেন না। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

কএক ধারা রহিত হইবার কথা।

১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৯ আইনের ১২ ও ১৩ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

জলকর ধার্য্য করিবার ক্ষমতার কথা।

২ ধারা। কলিকাতা নগরের অন্তর্গত যে সকল ঘরে ও বাটীতে ও ভূমিতে লোক থাকে, তাহার উপর জষ্টিসেরা ১৮৭০ সালের নিমিত্ত অগৌণে জলের কর ধার্য্য করিবেন, এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনে টাক্স ধার্য্য করিবার যে নিয়ম ও সময় নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা ১৮৭০ সালের পর প্রতিবৎসর তদনুসারে জলের কর ধার্য্য করিবেন ইতি।

যত টাকা জল কর আদায় করিতে হইবে তাহার কথা।

৩ ধারা। জলকর যে বৎসরের নিমিত্ত ধার্য্য হয় সেই বৎসর কলিকাতা নগরের জল যোগাইবার আবশ্যক সকল চলিত খরচ ও তৎসংক্রান্ত অন্য খরচ খরচা, এবং বৎসরের মধ্যে ঐ জল যোগাইবার নলপ্রভৃতি সংশোধন করিবার ও সারাইবার ও বৃদ্ধি করিবার খরচ, এবং ঐ জল যোগাইবার নলপ্রভৃতি প্রস্তুত করিতে যত টাকা ঋণ গ্রহণ হইয়াছে কি পশ্চাৎ গ্রহণ হয় তাহার সুদ শোধ করিবার জন্যে এবং উক্ত টাকা পরিশোধের নিমিত্ত যে অর্থ সংগ্রহ করা গিয়াছে কি পশ্চাৎ করা যায় তজ্জন্যে, প্রতিবৎসর অনুমান যত টাকা আদায় করা প্রয়োজন ইহা বিবেচনা করিয়া জলের তদুপযুক্ত কর ধার্য্য হইবে ইতি।

আদায় করিবার নিয়মের কথা।

৪ ধারা। ১৮৬৩ সালের ৬ আইনের ৬১ ধারায় উল্লিখিত জলকর দিবার ও আদায় করিবার জন্যে ঐ আইনেতে যে সময় ও যে২ ব্যক্তি ও যে নিয়ম নিরূপণ হইয়াছে ঐ জলের কর সেই সময়ে দিতে হইবে ও সেই২ ব্যক্তির স্থানে সেই নিয়মে আদায় করা যাইবে।

আইনের অর্থের কথা।

৫ ধারা। এই আইন ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ও ১৮৬৭ সালের ৯ আইনের একাংশ জ্ঞান হইয়া তৎসহিত তাহার অর্থ করিতে হইবে ইতি।

আইন যে সময়াবধি চলিবে তাহার কথা।

৬ ধারা। এই আইন ১৮৭০ সালের জানুআরি মাসের প্রথমদিবসাবধি ফলবৎ হইবে ইতি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষের গবর্ণমেন্ট জলযোগাইবার কার্য্য প্রস্তুত করিবার নিমিত্তে কলিকাতা নগরের সমবায়িত সভাকে ৫২ লক্ষ টাকা ঋণ দিতে সম্মত হইলেন।



The works were given in contract, and the town is now obtaining a supply of water through the pipes. Owing however to the water-supply works not being in all respects up to the requirements provided for in the contract deed, the Justices decline to take the works over from the contractors, and are therefore unable to declare the works complete as required by Section 12 of Act IX of 1867; consequently they are not in a position to assess a water-rate under the provisions of Section 13 of Act IX of 1867.

As funds must be provided to meet the expenditure connected with the new water-supply works and the interest on the Government loan, it is necessary to amend Act IX. of 1867, and to empower the Justices of the Peace for the Town of Calcutta to assess a water-rate on all occupied houses, premises, and lands within the town, with effect from the last January 1870.

As the provisions of Section II of Act IX. of 1867 have been complied with, in so far as relates to causing pipes to be laid in all the chief streets, and providing stand-posts along the said chief streets at such points as shall bring all houses situate in the said chief streets within a distance not exceeding 150 yards from a stand-post, it is proposed that the water-rate shall be made general.

In favor of this amendment it is urged that all the inhabitants in the town are greatly benefited by the full supply of water which has been provided, and that the fact of a person residing a little beyond 150 yards from a stand-post should not be held sufficient reason for allowing him to enjoy the benefits of the water-supply free of expense; more especially as, by exempting such persons, a higher rate would have to be imposed on persons residing within the prescribed limit of 150 yards.

J. PITT KENNEDY,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

ঐ কার্য্য নিষ্পাদনার্থে চুক্তি গ্রহণ হইয়াছিল। এই ক্ষণে ঐ নগরে নলদ্বারা জল যোগান হইয়াছে। কিন্তু চুক্তিপত্রে যে সকল নিয়ম নির্দ্ধারিত ছিল ঐ জলযোগাইবার উপকরণ সর্ব্বতোভাবে তদনুযায়ি না হওয়াতে জষ্টিসেরা চুক্তিকারকদের নিকট সেই কার্য্য গ্রহণ করিতে অসম্মত হইয়া ১৮৬৭ সালের ৯ আইনের ১২ ধারামতে সেই কর্ম্ম সমাপ্ত হইল ইহা প্রকাশ করিতে পারিলেন না। সুতরাং ১৮৬৭ সালের ৯ আইনের ১৩ ধারার বিধানমতে জলের কর ধার্য্য করিতে অক্ষম হইলেন।

জলযোগাইবার নূতন কার্য্যসম্পার্কে যে টাকা খরচ হইয়াছে তাহা ও গবর্ণমেন্টের দত্ত ঋণের সুদ দিবার জন্যে টাকা তোলা আবশ্যক এইপ্রযুক্ত ১৮৬৭ সালের ৯ আইন সংশোধন করা এবং নগরের অন্তর্গত যে সকল ঘরে ও বাটীতে ও ভূমিতে লোক থাকে তাহার উপর কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি জলের কর ধার্য্য করিবার ক্ষমতা দান করা ও ১৮৭০ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি সেই ক্ষমতা প্রবল করা প্রয়োজন হইল।

১৮৬৭ সালের ৯ আইনের ১১ ধারাতে নগরের সকল মুখ্য পথে জল যোগাইবার পয়োনালা বসাইবার এবং ঐ মুখ্য রাজপথের কোন অংশ খাড়া নলহইতে দেড় শত গজের অধিক দূর না হয় এমত স্থানে২ ঐ নল বসাইবার যে২ বিধান হইল তদনুসারে কার্য্য হইয়াছে অতএব সাধারণের নিকট জলের কর আদায় করিবার প্রস্তাব হইল।

আইন পূর্ব্বোক্তমতে সংশোধন করিবার সপক্ষে ইহাও ব্যক্ত হইয়াছে যে জলধারা সম্পূর্ণরূপে যোগান যাওয়াতে নগরবাসি সমস্ত লোকের অত্যন্ত উপকার হইয়াছে, অতএব কোন ব্যক্তি খাড়া নলহইতে দেড় শত গজের কিঞ্চিৎ অধিক দূর বাস করিলেও তাহার ঐ জলযোগান কার্য্যদ্বারা বিনা ব্যয়ে উপকার পাওয়া যুক্তিসিদ্ধ নয় বিশেষতঃ এমত লোককে মুক্ত করিলে অন্য যে ব্যক্তিরা ঐ অবধারিত ১৫০ গজের মধ্যে থাকে তাহারদের অধিক দিতে হইবে।

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কর্ম্মবিভগের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

## Circular Orders of the Board of Revenue, L. P.

JANUARY, 1870.

No. 1.

THE Government has lately brought to the notice of the Board, on the information of the Central Examination Committee, that although

[*Government Gazette, 1st February* 1870.]

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭০ সাল জানুআরি মাস।

১ নম্বর।

গবর্ণমেন্ট সদর পরীক্ষক কমিটীর নিকটে অবগত হইয়া সম্প্রতি বোর্ডকে এই কথা জ্ঞাত করিয়াছেন যে, ভূতপূর্ব্ব পরীক্ষা কালে রাজস্বসংক্রান্ত উক্ততর কষ্টির

the last examination only one question on the subject of the Revenue Survey was included in the Higher Standard Revenue Paper, the Officers then examined, "with scarcely one exception, exhibited a most profound ignorance of the whole subject."

2. The Board, therefore, now request the immediate and careful attention of Commissioners and Collectors to Circular Order No. 17 of March 1869, which has apparently been generally neglected. All Officers liable to examination should be specially warned that they must be prepared to answer Survey questions which may put to them at future examinations.

কাগজের মধ্যে রাজস্বসংক্রান্ত জরীপী কার্য্য বিষয়ের একটিমাত্র প্রশ্ন থাকিলেও যে কার্য্যকারকেরা পরীক্ষা দিয়াছিলেন তাঁহারা তৎকালে সম্পূর্ণরূপে উক্ত বিষয়ের ঘোরতর অনভিজ্ঞতা প্রকাশ করিয়াছেন। ঐ দোষহইতে একজনও প্রায় বর্জ্জিত বলিয়া জ্ঞান হইতে পারিলেন না।

২। এইহেতুক বোর্ডের সাহেবেরা কমিশ্যনর ও কালেক্টর সাহেবদের প্রতি ১৮৬৯ সালের মার্চ মাসের ১৭ নম্বরের সরক্যুলর অর্ডরে অগৌণে বিশেষ মনোযোগ করিতে আদেশ করিয়াছেন। বোধ হয় সেই সরক্যুলর সাধারণমতে তুচ্ছ জ্ঞান হইয়াছে। যে সকল কার্য্যকারক পরীক্ষা দিবার যোগ্য হন, পরীক্ষাকালে তাঁহারদিগকে জরীপীকার্য্যসংক্রান্ত যে প্রশ্ন দেওয়া যায় তাহার উত্তর দিতে প্রস্তুত থাকা আবশ্যক তাঁহারদিগকে সতর্ক করিয়া এই কথা জ্ঞাত করিতে হইবে।

No. 2.

Section 25 of Regulation VII of 1799 having been repealed by Act VII of 1868, B. C., substitute "Section XI, Act VII of 1868, B. C." for the 4th and 5th lines in Clause 12, Section XI, Chapter XVI, at page 244 of the Board's Rules.

২ নম্বর।

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনদ্বারা ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারা রহিত হওয়াতে বোর্ডের বাঙ্গলা বিধিপুস্তকের ৩৭৭ পৃষ্ঠায় ১৬ অধ্যায়ের ১১ পরিচ্ছেদের ১২ প্রকরণের তৃতীয় পঁক্তিতে উক্ত ধারার পরিবর্ত্তে "১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১১ ধারা" এই কথা দিতে হইবে।

No. 3.

It has been ruled by the Government of India, in the Financial Department, that whenever an assessment is made under Section 2 of Act XXIII of 1869, and it is known that the person, in respect of whom such assessment is made, was not chargeable under Part II of the Indian Income Tax Act, during the months of October and November 1869, it will be unnecessary to deduct more than two per centum from his pay, annuity, or pension chargeable during the four months commencing on the 1st December 1869, and thus the necessity for any adjustment will be avoided.

৩ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেন্ট ফিনানশ্যল ডিপার্টমেন্টে এই বিধি করিয়াছেন, ১৮৬৯ সালের ২৩ আইনের ২ ধারামতে টাক্স ধার্য্য হইলে পর যাঁহার উপর সেই টাক্স ধার্য্য হইয়াছে এমত কোন ব্যক্তি ১৮৬৯ সালের অক্টোবর ও নবেম্বর মাসের নিমিত্তে ভারতবর্ষীয় ইনকম টাক্সের আইনের ২ অধ্যায়মতে টাক্স দিবার যোগ্য নন, ইহা জ্ঞাত হওয়া গেলে ১৮৬৯ সালের ১ ডিসেম্বর অবধি চারিমাস পর্য্যন্ত তাহার বেতন কি বার্ষিক বৃত্তি কি পেনশ্যনহইতে শতকরা দুই টাকার অধিক বাদ দিবার আবশ্যক নাই। এইরূপ করিলে পশ্চাৎ নিষ্পত্তি করিবার প্রয়োজন হইবে না।

No. 4.

The scale of rewards for the destruction of wild animals in the Hazareebaugh District being the same as that sanctioned for the other Districts of Chota Nagpore, the separate column for Hazareebaugh in the Table of Rewards at p. 187, Section XII of the Board's Rules, is expunged.

৪ নম্বর।

হাজারীবাগ জিলায় বন্য পশু নষ্ট করিবার পুরস্কার যে হারে দেওয়া যায় ছোট নাগপুরের অন্য২ জিলায় সেই হারে পুরস্কার দিবার অনুমতি হইয়াছে অতএব বোর্ডের বাঙ্গলা বিধি পুস্তকের ২৮৫ পৃষ্ঠায় ১২ পরিচ্ছেদে পুরস্কারের যে নির্ঘন্টপত্র আছে তন্মধ্যে হাজারীবাগ জিলার নিমিত্ত স্বতন্ত্র ঘর ত্যাগ করিতে হইবে।

No. 5.

The following alterations and additions are made in Section II, Chapter II of the Board's Rules:—

Omit the words *"and sheets of explanation"* in Rule 2.

৫ নম্বর।

বোর্ডের বাঙ্গলা বিধিপুস্তকের ২ অধ্যায়ের ২ পরিচ্ছেদের নিম্নলিখিত কথা পরিবর্ত্তন ও সংযোগ করিতে হইবে যথা—

২ ধারাতে "ও হেতুবাক্যের ফর্দ্দ" এই কথা ত্যাগ করিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১ ফেব্রুয়ারি।]



Insert the word *sanctioned* before "estimate," in the second and third lines of Rule 3.

For present Rule 5 substitute the following:—

"The explanations should be given on the reverse of each estimate, which is a separate independent document."

৩ ধারার প্রথম ও তৃতীয় পঁক্তিতে ইষ্টিমেট শব্দের পূর্ব্বে "অনুমোদিত" শব্দ দিতে হইবে।

৫ ধারার পরিবর্ত্তে এই ধারা দেও,

প্রত্যেক অনুমানপত্রের পৃষ্ঠে হেতুবাক্য লিখিতে হইবে। তাহা স্বতন্ত্র দলীল।

John Robinson, *Bengalee Translator.*

## Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

Civil Side.

No. 14.

To all District Judges and Judicial Commissioners,—(dated Calcutta, the 16th December 1869.)

The Court direct that an Alphabetical List may be made by every District Judge and Judicial Commissioner, after reference to the records of the Revenue Survey, of the villages in his district shewing the Thannah and Munsifee jurisdiction in which each village is situated. The list should be prepared in the form adopted by the Judge of the 24-Pergunnahs, as indicated on the margin, and should be prefaced with an abstract statement on a distinct sheet, exhibiting in three columns *the names of Munsifees, the Sub-divisions with which they are conterminous, and the Thannahs comprised in each Chowkey.*

*Alphabetical List of Mouzahs in the District of*

| Number of Mouzah in the list prepared by Boundary Commissioner. | Name of Mouzah. | Thannah in which the Mouzah is situated. | Remarks. |
|---|---|---|---|
| | | | |

2. The Court desire, at the same time, that it be understood that the statements contained in such lists are not to be taken as conclusive and irrebuttable evidence as regards the jurisdiction within which the villages therein enumerated are situated.

By Order of the High Court,

F. B. Peacock,

*Registrar.*

[*Government Gazette, 1st February* 1870.]

N

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১৪ নম্বর।

সকল জিলার জজ ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৬৯ সাল ১৬ ডিসেম্বর।

হাই কোর্ট আজ্ঞা করিয়াছেন যে প্রত্যেক জিলার জজ সাহেব ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব রাজস্বসংক্রান্ত জরীপী কার্য্যের কাগজপত্র দৃষ্টি করিয়া আপন২ জিলার অন্তর্গত গ্রামের অক্ষরক্রমিক নির্ঘন্টপত্র লেখেন। প্রত্যেক গ্রাম যে থানায় ও যে মুনসেফীতে থাকে তাহাও প্রকাশ হইবে। চব্বিশ পরগনার জজ সাহেব পার্শ্বলিখিত যে পাঠে লিখিয়াছেন ঐ নির্ঘন্টপত্র সেই পাঠে লিখিতে হইবে। তাহার অগ্রভাগে পৃথক এক তা কাগজে সারসূচক বর্ণনাপত্র লিখিতে হইবে তাহার তিন ঘর করিয়া মুনসেফীর নাম, ও যে শাখাখণ্ডের সীমার সহিত ঐ২ মুনসেফীর সীমা মিলে ও প্রত্যেক চৌকীতে যত থানা থাকে. এই২ কথা ঐ তিন ঘরে লিখিতে হইবে।

| সীমানিরূপণের কমিশ্যনরের প্রস্তুত নির্ঘন্টপত্রে মৌজার নম্বর। | মৌজার নাম | মৌজা যে থানায় থাকে। | [illegible] |
|---|---|---|---|
| | | | |

২। পরন্তু সেই নির্ঘন্টপত্রলিখিত সকল গ্রাম যে বিচারাধিপত্যের মধ্যে আছে বলিয়া উল্লেখ হয় উক্ত বর্ণনা মতে ঐ২ গ্রাম সেই বিচারাধিপত্যের অন্তর্গত থাকার সিদ্ধান্ত ও অতি দৃঢ় প্রমাণ স্বরূপ জ্ঞান না হয়, ইহা জ্ঞাত হওয়া কোর্টের অভিমত।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।

এফ বি পীকক,

রেজিষ্ট্রার।

No. 17.

To all Civil Authorities, Lower Provinces,—(dated Calcutta, 21st December 1869.)

It is hereby notified that the Rules appended to Circular Order No. 11, dated the 7th October last, as far as they relate to the payment of the cost of service of notice to respondents, apply also to processes in appeals to Her Majesty in Council and all other processes issued by the High Court.

By Order of the High Court,
F. B. Peacock,
*Registrar.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 201R.

Appointments.

*The 18th January* 1870.—Mr. D. W. M. Testro, Assistant Magistrate and Deputy Collector of Meherpore, is transferred to the Sudder Station of Nuddea.

Mr. A. A. Wace, Assistant Magistrate and Deputy Collector, Nuddea, to have charge of the Sub-division of Meherpore. In addition to the powers with which he is already vested, Mr. Wace is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Session or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. W. Scott, Extra Assistant Commissioner, in charge of the Darjeeling Terai, is vested with the powers of a Magistrate.

*The 19th January* 1870.—Lieutenant E. H. Steel, R.A., Probationary Assistant Revenue Surveyor, is confirmed in the appointment of Assistant Surveyor, and appointed to be an Assistant Surveyor of the Second Grade, from the 20th May 1869.

The following Officers are vested with the powers described in Section 445A. of the Code of Criminal Procedure (Acts XXV. of 1861 and VIII. of 1869):—

Mr. H. L. Oliphant, Deputy Commissioner of Lohardugga.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১ ফেব্রুয়ারি।]

১৭ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের সকল দেওয়ানী কার্য্যকারক সমীপেষু।

কলিকাতা, ১৮৬৯ সাল ২১ ডিসেম্বর।

এতৎক্রমে জ্ঞাত করা গেল যে, গত অক্টোবর মাসের ৭ তারিখের ১১ নম্বরের সরকুলর অর্ডরের সহিত যে বিধি সংযুক্ত আছে, রিস্পণ্ডেণ্টকে নোটিস দিবার খরচ দেওনসম্পর্কীয় সেই বিধি মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীলসংক্রান্ত পরওয়ানায় এবং হাই কোর্টের প্রচারিত অন্য সকল পরওয়ানায় খাটে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

John Robinson, *Bengalee Translator.*

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২০১R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১৮ জানুআরি।—মেহরপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি ডবলিউ এম টেষ্ট্রো সাহেব নদীয়ার সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

নদীয়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ এ ওয়েস সাহেব মেহরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। তিনি যে ক্ষমতা পাইয়াছেন তদতিরিক্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

দারজিলিং তেরাইয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত ডবলিউ স্কট সাহেব মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৭০ সাল ১৯ জানুআরি।—পরীক্ষার্থী আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র লেপ্টেনেণ্ট শ্রীযুত ই এচ ষ্টীল সাহেব আর এ, আসিষ্টাণ্ট সরবেয়রের কর্ম্মে স্থিরতররূপে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সরবেয়র হইলেন। উক্ত নিয়োগ ১৮৬৯ সালের মে মাসের ২০ তারিখঅবধি প্রবল হইবে।

নিম্নলিখিত কার্য্যকারকেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ ও ১৮৬৯ সালের ৮ আইনের) ৪৪৫A ধারায় নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।—

লোহারডগার ডেপুটী কমিস্যনর শ্রীযুত এচ এল অলিফাণ্ট সাহেব।



Dr. W. H. Hayes, Deputy Commissioner of Singbhoom.

*The 20th January* 1870.—Baboo Kalichurn Ghose, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested, under Section 66A., Act VIII. of 1869, with power to receive and try, without reference by the Magistrate, all cases within his competency in that portion of the Suburbs of Calcutta, as defined by Act XXI. of 1857, which is not included in the jurisdiction of the Sealdah Court.

*The 21st January* 1870.—Mr. R. F. Rampini to be an Assistant to the Magistrate and Collector of Dacca, and to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of that District.

Mr. F. H. Barrow to be an Assistant to the Magistrate and Collector of Nuddea, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class.

Leave of Absence.

*The 22nd January* 1870.—In modification of the orders of the 6th instant, Lieutenant E. W. Samuells, Assistant Superintendent of Revenue Survey, Sixth Division, is allowed subsidiary leave from the 20th January to the 18th February next.

Mr. J. S. Drummond, Magistrate and Collector of Sylhet, is allowed eleven days' subsidiary leave in extension of the usual period of thirty days admissible to him under the rules, to enable him to rejoin his appointment on return from furlough.

*The 25th January* 1870.—In modification of the orders of the 4th instant, Mr. C. F. Carnac, Opium Agent of Benares, is allowed subsidiary leave for thirty days, from the 21st February next, preparatory to proceeding to Europe on furlough.

Notification.

*The 19th January* 1870.—The following Officers reported their departure from India on the date and on the vessel mentioned:—

| Names. | Date of departure. | Vessel. |
|---|---|---|
| Mr. G. Graham, c.s. ... | 5th Jan. 1870. | *Deccan.* |
| Lieutenant W. Barron, of the Survey Department | Ditto ... | *Ditto.* |

Rivers Thompson,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette, 1st February* 1870.]

সিংহভূমের ডেপুটী কমিশ্যনর ডাক্তর শ্রীযুত ডবলিউ এচ হেস সাহেব।

১৮৭০ সাল ২০ জানুআরি।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীচরণ ঘোষ শিয়ালদহের আদালতের বিচারাধিপত্যভিন্ন কলিকাতা শাখানগরের যে সীমা ১৮৫৭ সালের ২১ আইনে নিরূপণ হইয়াছে তন্মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তাহা মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক সমর্পিত না হইলেও তিনি স্বয়ং গ্রহণ করিয়া বিচার করিতে ১৮৬৯ সালের ৮ আইনের ৬৬A ধারানুসারে ক্ষমতা পাইয়াছেন।

১৮৭০ সাল ২১ জানুআরি।—শ্রীযুত আর এফ রামপিনি সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ এচ বারো সাহেব নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ২২ জানুআরি —এই মাসের ৬ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে ষষ্ঠ খণ্ডের রাজস্বের জরীপী কার্য্যের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত ই ডবলিউ সামুএলস সাহেব ২০ জানুআরি অবধি আগামি ১৮ ফেব্রুআরি পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব বিধিমতে নিয়মিত যে ত্রিশ দিন উপকরণার্থ ছুটী পান তদ্ভিন্ন নিয়মিত ছুটী হইতে প্রত্যাগত হইয়া আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিবার নিমিত্তে আর এগার দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৫ জানুআরি —বর্ত্তমান মাসের ৪ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে বাণারসের আফিমের এজেণ্ট শ্রীযুত সি এফ কার্ণেক সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে আগামি ফেব্রুআরি মাসের ২১ তারিখ অবধি ত্রিশ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৯ জানুআরি।—পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা নিম্নলিখিত তারিখে ও জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

| নাম। | যাত্রার তারিখ | জাহাজ। |
|---|---|---|
| শ্রীযুত জি গ্রেহম সাহেব সি এস | ১৮৭০ সাল ৫ জানুআরি। | ডেকান |
| জরীপী কার্য্য বিভাগের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ বারণ সাহেব | ঐ | ঐ |

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No. 75J.

APPOINTMENTS.

*The 15th January* 1870.—The Lieutenant-Governor has been pleased to appoint the following gentlemen to be Members of the Council of the Lieutenant-Governor of Bengal, for making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William :—

Mr. F. M. Robinson.
,, F. F. Wyman.
Baboo Jotendro Mohun Tagore.

*The 22nd January* 1870.—Baboo Grish Chunder Chatterjee to officiate as Sudder Moonsiff of Moorshedabad, during the absence, on deputation, of Baboo Gunga Churn Sircar, or until further orders.

*The 25th January* 1870.—The Lieutenant-Governor is pleased to appoint the following gentlemen to be Members of the Council of the Lieutenant-Governor of Bengal, for making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William :—

Mr. T. H. Cowie.
,, V. H. Schalch.

LEAVE OF ABSENCE.

*The 13th January* 1870.—Dr. A. J. Payne, Superintendent of Lunatic Asylums at the Presidency, for one month, from the 15th instant, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

*The 22nd January* 1870.—Dr. J. A. Greene, Medical Officer of Tipperah, having returned to duty on the 1st instant, the unexpired portion of the leave granted to him under orders of the 1st November last is cancelled.

The following appointments made under orders of the 18th November last are cancelled, *viz.* :—

Baboo Hurnath Perbuttia Burroah to officiate as Subordinate Judge of Kamroop.

Baboo Gunganath Burroah to officiate as Moonsiff of Golaghat.

Baboo Gungagobind Pookhun to officiate as Moonsiff of Kamroop.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

## জুডিসিয়ল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

৭৫ J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১৫ জানুআরি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তর্গত বঙ্গদেশবিভাগে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্য পদে নিম্নলিখিত মহোদয়দিগকে বরণ করিয়াছেন।

শ্রীযুত এফ এম রবিন্সন সাহেব।
,, এফ এফ ওয়াইম্যান সাহেব।
,, বাবু যোতীন্দ্রমোহন ঠাকুর।

১৮৭০ সাল ২২ জানুআরি।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকারের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায় মুরশিদাবাদের সদর মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৫ জানুআরি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তর্গত বঙ্গদেশবিভাগে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্য পদে নিম্নলিখিত মহোদয়দিগকে বরণ করিয়াছেন।

শ্রীযুত টি এচ কৌই সাহেব।
,, বি এচ শক সাহেব।

ছুটী।

১৮৭০ সাল ১৩ জানুআরি।—রাজধানীস্থ ক্ষিপ্তব্যক্তিদের আশ্রয় বাটীর সুপারিণ্টেণ্ডেণ্ট ডাক্তর শ্রীযুত এ জে পেন সাহেব চিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ১৮ ধারামতে বর্ত্তমান মাসের ১৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২২ জানুআরি।—ত্রিপুরার চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে এ গ্রীন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে স্বীয় কর্ম্মে প্রত্যাগমন করাতে গত নবেম্বর মাসের ১ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

গত নবেম্বর মাসের ১৮ তারিখের আজ্ঞামতে নিম্নলিখিত যে সকল নিয়োগ করা যায় তাহা রহিত করা গেল।

শ্রীযুত বাবু হরনাথ পার্ব্বতীয়া বড়ুয়া কামরূপের সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু গঙ্গানাথ বড়ুয়া গোলাঘাটের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ ফুকন কামরূপের মুনসেফের কর্ম্ম করিবেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।





DECLARATION.

*The 17th January* 1870.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of a depôt within the Town of Calcutta for the disposal of night soil, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in the Town of Calcutta, measuring 6 cottahs 12 chittacks and 40 feet, more or less, situated in Talook Sootanooty, Block No. XXIII., North Division, being a portion of No. 67 in the assessment books, is required.

The land is bounded on the North, South and West by the tenanted land belonging to the Estate of Rajah Radha Kant Deb; and on the East by Upper Circular Road.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

DECLARATION.

*The 17th January* 1870.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of a depôt for the disposal of night soil within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in the Town of Calcutta, measuring 6 cottahs 12 chittacks and 40 feet, more or less, situated in Talook Sootanooty, Block No. XXIII., North Division, being a portion of No. 68 in the assessment books, is required.

The land is bounded on the North by Hoogulcorea Road; on the East by the Upper Circular Road; and on the South and West by the tenanted land belonging to the Estate of the late Rajah Radha Kant Deb.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

DECLARATION.

*The 17th January* 1870.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for the establishment of a depôt

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৭ জানুআরি।—বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে বিষ্ঠা নিক্ষেপের স্থাননিরূপণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরে ন্যূনাধিক ।১৬ ছটাক ৪০ ফুট পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি সূতানুটি তালুকের অন্তর্গত উত্তর খণ্ডের ২৩ নং কিতায় স্থিত ও করাবধারণের বহীর লিখিত ৬৭ নম্বরের একাংশ।

উক্ত ভূমির উত্তর, দক্ষিণ ও পশ্চিম সীমা রাজা রাধাকান্ত দেবের মহালের রায়তী ভূমি, পূর্ব্ব সীমা অপ্পার সরকুলর রোড।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৭ জানুআরি।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে বিষ্ঠা নিক্ষেপের স্থাননিরূপণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক; অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরে ন্যূনাধিক ।১৮ ছটাক ৪০ ফুট পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি সূতানুটি তালুকের অন্তর্গত উত্তর খণ্ডের ২৩ নং কিতায় স্থিত ও করাবধারণের বহীর লিখিত ৬৮ নম্বরের একাংশ।

উক্ত ভূমির উত্তর সীমা হুগলকুড়িয়ার পথ, পূর্ব্ব সীমা অপ্পার সরকুলর রোড, দক্ষিণ ও পশ্চিম সীমা রাজা রাধাকান্ত দেবের মহালের রায়তী ভূমি।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৭ জানুআরি।—বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরে বিষ্ঠা নিক্ষেপের স্থাননিরূপণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ

for the disposal of night soil within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in the Town of Calcutta, measuring 6 cottahs 7 chittacks and 5 feet, more or less, situated in Talook Sootanooty, Block No. XIII., North Division, being a portion of No. 60 in the assessment books, is required.

The land is bounded on the North by a public tatty, the property of the Justices; on the South and West by property belonging to Koylash Chunder Bose of the same holding; and on the East by Upper Circular Road.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরে ন্যূনাধিক ।৭৴ ছটাক ৫ ফুট পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি সূতনুটি তালুকের অন্তর্গত উত্তর খণ্ডের ১৩ নং কিতায় স্থিত ও করাবধারণের বহীর লিখিত ৬০ নম্বরের একাংশ।

উক্ত ভূমির উত্তর সীমা সাধারণের টাটী ইহা জষ্টীসদের সম্পত্তি, দক্ষিণ ও পশ্চিম সীমা উক্ত যোতের কৈলাসচন্দ্র বসুর সম্পত্তি, পূর্ব্ব সীমা অপর সরকুলর রোড।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

## Public Works (Railway) Department.—Bengal.

*Fort William, the 22nd January 1870.*

*Notification.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for river diversion in the Holohur and Barh District, it is hereby notified that, for the above purpose, a strip of land measuring 2 beegahs 2 cottahs 15 dhoors, more or less, and situated in Mouzah Khodabukspore, Pergunnah Azimabad, Zillah Patna, will be required. This strip of land is bounded on the North and East by the Poonpoon River; on the South by the Poonpoon Railway Bridge; and on the West by the western bank of the river.

This Declaration is made, under Section 2 of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Major, R. E.,*
*Joint-Secy. to the Govt. of Bengal,*
*P. W. D., Railway Branch.*

## বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস কর্ম্মবিভাগের জ্ঞাপনি।

ফোর্ট উলিয়ম ১৮৭০ সাল ২২ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হলহর ও বাঢ় জিলার অন্তর্গত নদী ফিরাইবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাটনা জিলার অন্তর্গত আজীমাবাদ পরগনার খোদ্দাবক্সপুর মৌজায় ন্যূনাধিক ২/২ কাঠা ১৫ ধুর পরিমিত ভূমির প্রয়োজন। এই ভূমি খণ্ডের উত্তর ও পূর্ব্ব সীমা পুনপুন্ নদী, দক্ষিণ সীমা পুনপুনের রেলওয়ে সাঁকো, পশ্চিম সীমা নদীর পশ্চিম তট।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, মেজর, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখায়
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইন্ট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১ ফেব্রুয়ারি।]



## Orders of the High Court of Judicature at Fort William in Bengal.

NOTIFICATIONS.

*The 30th July 1869.*

The untaken portion of the leave on furlough for one year, granted on the 24th November 1868, to Moulvie Abdool Jubbar, Moonsiff of Howlah, Zillah Chittagong, is herewith cancelled at his own request.

*The 11th January 1870.*

The untaken portion of the leave granted to Baboo Hurnath Parbuttea Burrooah, 1st Grade, Moonsiff of Golaghat, in Seebsagur, during the last Dusserah vacation, is cancelled at his own request.

*The 13th January 1870.*

The leave for one month, granted on the 14th December last, to Moulvie Abool Hossein, Moonsiff of Sewan, Zillah Sarun, is allowed to commence from the 13th January instead of the 4th instant.

LEAVE OF ABSENCE.

*The 13th January 1870.*

Baboo Sreenath Dutt, Moonsiff of Putteah, Zillah Chittagong, for two months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of that granted to him on the 3rd December last.

*The 14th January 1870.*

Baboo Mohendronath Mitter, Moonsiff of Serampore, Zillah Hooghly, for one month, from the 30th December last, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules. The Serishtadar to be placed in charge of the current duties of the Moonsiff's Office.

*The 17th January 1870.*

Baboo Rajkissen Sein, Moonsiff of Satkhirah, Zillah 24-Pergunnahs, for one week, *without pay* from the 22nd current, under Financial Notification, dated 8th June 1864. The Serishtadar to be placed in charge of the current duties of the Moonsiff's Office.

Baboo Mohendronath Chuckerbutty, Moonsiff of Bugree, Zillah Midnapore, for 40 days, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules. The Serishtadar being placed in charge of the current duties of the Moonsiff's Office.

*The 18th January 1870.*

Syud Noorul Hossein, Moonsiff of Ramporehaut, Zillah Beerbhoom, for seven days, *without*

[*Government Gazette*, 1st *February* 1870.]

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

১৮৬৯ সাল ৩০ জুলাই।

চট্টগ্রাম জিলার অন্তর্গত হাওলার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বারকে ১৮৬৮ সালের নবেম্বর মাসের ২৪ তারিখে যে এক বৎসর নিয়মিত ছুটী দেওয়া যায় তিনি ছুটীর যে অংশ গ্রহণ করেন নাই সেই অংশ তদীয় প্রার্থনামতে রহিত হইল।

১৮৭০ সাল ১১ জানুআরি।

শিবসাগরের অন্তর্গত গোলাঘাটের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু হরনাথপার্ব্বতী বড়ুয়াকে গত দুর্গোৎসবের বন্দে যে ছুটী দেওয়া যায় তিনি ঐ ছুটীর যে অংশ গ্রহণ করেন নাই সেই অংশ তদীয় প্রার্থনামতে রহিত হইল।

১৮৭০ সাল ১৩ জানুআরি।

সারণ জিলার অন্তর্গত সেওয়ানের মুনসেফ শ্রীযুত মৌলবী আবুল হুসেনকে গত ডিসেম্বর মাসের ১৪ তারিখে এক মাসের যে ছুটী দেওয়া যায় তাহা জানুআরি মাসের ৪ তারিখে আরম্ভ না হইয়া ঐ মাসের ১৩ তারিখঅবধি আরম্ভ হইবার অনুমতি হইয়াছে।

ছুটী।

১৮৭০ সাল ১৩ জানুআরি।

চট্টগ্রাম জিলার অন্তর্গত পটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত গত ডিসেম্বর মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৪ জানুআরি।

হুগলী জিলার শ্রীরামপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত ডিসেম্বর মাসের ৩০ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন। মুনসেফী কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পিত হইবে।

১৮৭০ সাল ১৭ জানুআরি।

চব্বিশপরগনা জিলার অন্তর্গত সাতক্ষীরার মুনসেফ শ্রীযুত বাবু রাজকৃষ্ণ সেন ১৮৬৪ সালের জুন মাসের ৮ তারিখের ফিনান্শ্যাল জ্ঞাপনিক্রমে বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি বিনা বেতনে এক সপ্তাহ ছুটী পাইয়াছেন। মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পিত হইবে।

মেদিনীপুর জিলার অন্তর্গত বগড়ীর মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ চক্রবর্ত্তী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে চল্লিশ দিন ছুটী পাইয়াছেন। মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পিত হইবে।

১৮৭০ সাল ১৮ জানুআরি।

বীরভূম জিলার অন্তর্গত রামপুরহাটের মুনসেফ শ্রীযুত সৈয়দ নূরুল হুসেন ১৮৬৪ সালের জুন মাসের

*pay* from 16th December last, under Financial Resolution, dated 4th June 1864. The Serishtadar being placed in charge of the current duties of the Moonsiff's Office.

*The 22nd January* 1870.

Baboo Mothooranath Ghose, Moonsiff of Madargunge, Zillah Mymensing, for two months, from the 21st February next, under Secretary of State's No. 255, dated the 8th November 1865.

Moulvie Summeenooddeen Ahmed, Sudder Moonsiff of Backergunge, for two months, under Secretary of State's No. 255 of the 8th November 1865.

F. B. Peacock,
*Registrar.*

High Court,
*The 24th January* 1870.

৪ তারিখের ফিনান্‌শ্যল নির্দ্ধারণক্রমে গত ডিসেম্বর মাসের ১৬ তারিখঅবধি বিনা বেতনে সাত দিন ছুটী পাইয়াছেন। মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্‌তাদারের প্রতি অর্পিত হইবে।

১৮৭০ সাল ২২ জানুআরি।

ময়মুনসিংহ জিলার অন্তর্গত মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু মথুরানাথ ঘোষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বরের ২৫৫ নম্বরের পত্রক্রমে আগামি ফেব্রুআরি মাসের ২১ তারিখঅবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের সদর মুনসেফ শ্রীযুত মৌলবী সমীরুদ্দীন আহমদ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ৮ নবেম্বরের ২৫৫ নম্বরের পত্রক্রমে দুই মাস ছুটী পাইয়াছেন।

এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট
১৮৭০ সাল ২৪ জানুআরি।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নং ৫৮৩:C।

আফিনের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে আগামি সন ১৮৭০ সাল তারিখ ৩রা ফেব্রুআরি বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা ১১ ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৮। ৬৯ সালের উৎপন্ন আফিনের দ্বিতীয় নীলাম হইবেক, এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিন বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

| | | | | |
|---|---|---|---|---|
| বেহার এজেন্সীর উৎপন্ন আফিম | ... | ... | ... | ২১৫০ |
| বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম | ... | ... | ... | ১৮৫০ |
| | জুমলা সিন্দুক | ... | ... | ৪০০০ |

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম, অর্থাৎ সরত সকল চলিতমত গবর্ণমেণ্টের ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৯ সালের ৫টা অক্টোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টিগোচর করিলে, অথবা রেবিনিউ বোর্ডের দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিন খালাসের শেষ তারিখ ৮ এবং ১৮ ফেব্রুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিয়া থাকেন, তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৭০ সালের ৮ ফেব্রুআরি মঙ্গলবার বেলা দুইপ্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিনের লাট খালাসী সববে কিস্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৭০ সালের ১৮ ফেব্রুআরি শুক্রবার বেলা দুইপ্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইস্তাহারে লিখিত পরিমাণ আফিনভিন্ন নিম্নলিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিন কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ





অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

| | | | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|---|---|
| সন ১৮৭০ সাল তারিখ ৫টা মার্চ শুক্রবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৬ই এপ্রেল বুধবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৫ই মে বৃহস্পতিবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৩রা জুন শুক্রবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৬ই জুলাই বুধবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৩রা আগষ্ট বুধবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৫ই সেপ্টেম্বর সোমবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ১৩ই অক্টোবর বৃহস্পতিবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৭ই নবেম্বর সোমবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| ঐ ঐ ৫ই ডিসেম্বর সোমবার | ... | ... | ২১৫০ | ১৮৫০ | ৪০০০ |
| জুমলা সিন্দুক | | | ২১,৫০০ | ১৮,৫০০ | ৪০,০০০ |

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম, সন ১৮৬৯ সাল তারিখ ২৮ ডিসেম্বর।

(F)

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার

জেলা দিনাজপুর।

"ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুরের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ১২ জানুআরি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ২৫ ফেব্রুআরি তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

প্রথম শ্রেণীর জমা ধার্য্য হওয়া এস্তমুরারি মহাল।

১৭৩ নম্বর কিং ২।। মৌজে ফতেপুর পঃ দেহট্ট লিখিত মালিক কেটাইরাম চৌধুরী ও বিবি পরাণ কোঙর ও তকি মাহম্মদ ও করিম বক্স ও রহিম বক্স চৌধুরী ও প্রভাময়ী চৌধুরাণি সদর জমা ১০২৭৸৴৩ পাই

১৮৫৯। ১১। ১০ ধারামত প্রভাময়ী চৌধুরাণির হিস্যা ৶০ আনা যাহার সদর জমা ১২৮।।০ আনা তাহার ৫৩৲ টাকা বাকির কারণ নীলামে ধরা গেল।

W. R. Larminie,
*Offg. Collector.*

Dinagepore;
Collectorate Office,
*The 28th January* 1870.

(F)

জেলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারী কালেক্টরি জেলা চট্টগ্রাম।

ইহারদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত তালুক ১৮৬৯ সালের ২৫ সেপ্টেম্বর তারিখের সুর্য্যাস্ত পর্য্যন্তের বাকী-পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে চলিত সনের ৪ মার্চ তারিখে মোতাবেক ১২৭৬ বাঙ্গলা ২২ ফাল্গুন রোজ শুক্রবার অত্র জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৭০ ইংরেজী তারিখ ২০ জানুআরি।

মহল নওয়াবাদ।

মৌজে উদালীয়া।

৭০৮। তালুক মাহাম্মদ জমা মুনশী নীলাম দেওয়ানতল্লা সদর জমা ৫৯৬৸২

F. Cowley,
*Covenanted Deputy Collector in charge.*

(F)

জিলা চট্টগ্রাম।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৬৯ সালের ২৮ ডিসেম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ২৩ ফেব্রুআরি তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

প্রথম শ্রেণীর কাএমি মহাল।

১২৩৮। তরফ ইনচ আইয়প মালিক অলকা ও আবু খাঁ ও আবুল হোসন ও আনওয়ার খাঁ ও ব্রজমোহন ও ছরকরাজ ও ছকর আলী ও এওজ খাঁ ও এলাহী বকুস ও হাএদর আলী ও জয়গোপাল দত্ত ও করিম বকুস ও মণিরাম ও মাহাম্মদ আকমল ও মাহাম্মদ ছামেদ ও মাহাম্মদ আছাদ ও মাগন ও নওয়াজিস ও ওয়ারিস খাঁ ও করিম বকুস ও অলকা ও এয়াছিন খাঁ ও আমির আলী ও এয়ার আলী খাঁর মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে ওয়ারিস খাঁ ও মাহাম্মদ ছামিল ও আনওয়ার খাঁ ও ছরকরাজ খাঁ ও এয়াছিন খাঁ ও আমীর আলী ও এয়ার আলী খাঁর মবলগ ৫৮১৮/১০ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ২২৭২৷৶৬

২৫৬২। তরফ রামভদ্র কাননগোএ মালিক অর্জুন ভারতি মোহন্ত ও বন্নিজান বিবি ও ভৈরবচন্দ্র ও চণ্ডীচরণ ও চণ্ডীচরণ নন্দী ও ছাদক আলী মুন্‌শী ও দুর্গাচরণ দাস ও গিরীশচন্দ্র দাস ও নছরুল্লা মুন্‌শী ও কালীচরণ দাস ও নিত্যানন্দ ও পীতাম্বর ও পীতাম্বর কাননগোএ ও রাজচন্দ্র ও রামদাস ও রামমোহন সেন ও রামসুন্দর সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও তারিণীশঙ্কর কাননগোএ ও ত্রিপুরাচরণ ও অন্নদাচরণ সেন ও যষ্ঠীচরণ ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ নন্দী ও চণ্ডীচরণ ধর ও প্রাণহরি লালা ও বৈষ্ণবচরণ পোদ্দার ও রামসেবক পোদ্দার ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জুন ভারতি মোহন্ত ও অর্জুন ভারতি মোহন্ত ও গোলামহোসন ও চণ্ডীচরণ ধর ও রামসেবক বন্নিক ও আবদুল্লা নীলামদার ও ঈশানচন্দ্র কাননগোএ ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও দিগম্বর সেন ও উজির আলী প্রকাশ পোতন ও তারিণীচরণ বিশ্বাস ও হরিদাস দে ও আরাধন শ্রীমতী বিশ্বেশ্বরী ও উমাচরণ ও কান্তপ্রসাদ হাজারি ও সেখ মাহাম্মদ ওয়াসিল চৌধুরী ও গুরুদাস রায় ও গুরুদাস রায় ও রামচন্দ্র চৌধুরী ও দেবীচরণ দে প্রকাশ দেবু মহাজন ও উমেদআলী ও রামদাস সিকদার ও রাজচন্দ্র চৌধুরী ও নিত্যানন্দ সেন ও শরৎচন্দ্র সেন ও চৈতন্যচরণ সেন ও দয়ামোহন সেন ও হরিনাথ পুরোহিত ও রামকিঙ্কর পুরোহিত ও রামকিশোর সেনের মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে রামসুন্দর সেন ও দুর্গাচরণ দাস ও তস্য ভ্রাতা গিরীশচন্দ্র দাস ও ছাদক আলী মুন্‌শী ও নিত্যানন্দ সেন ও রামসুন্দর ও কালীকিঙ্কর ও কান্তপ্রসাদ হাজারি ও চণ্ডীচরণ নন্দি ও রামরত্ন শর্ম্মা ও গোপালকৃষ্ণ শর্ম্মা ও অর্জুন ভারতি মোহন্ত ও পীতাম্বর কাননগোএ ও গোলামহোসন ও ঈশানচন্দ্র কাননগোএ ও হরিদাস আরাধন ও রামসেবক বন্নিক ও দিগম্বর সেনর মবলগ ৫১৫৷৷৭ পাই জমার আদায় হওয় হিস্যা বাদে পীতাম্বর রায়ের হিস্যা ও অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৯১৮৸৶/৭

২৯৩৩। তরফ সাছিরাম কাননগোএ মালিক আববাল ও আইঠন ও আবুতালিপ ও বৃন্দাবন ও বৃন্দাবন সেন ও বিশ্বম্ভর ও ভিখনচন্দ্র ও ভোলানাথ ও ছত্রনারায়ণ ও দিগম্বর রায় ও দুর্গাচরণ ও দুর্গামোহন ও গগনচন্দ্র ও গনেশচন্দ্র ও গোপীনাথ ও গোলাম বাছিদ ও গোলাম মগজুদ ও গোলাম আলী ও গোপাল দাস সেন ও গোপীনাথ ও গোলাম আলী ও গৌরীকান্ত ও গৌরসুন্দর ও জগমোহন ও জগচ্চন্দ্র ও জগন্নাথ সেন ও জানআলি ও জুরমনি ও কৃষ্ণচন্দ্র কাননগোএ ও কৃষ্ণচন্দ্র কাননগোএ ও কৃষ্ণমোহন গুহ ও কুলচন্দ্র ও লক্ষ্মীচন্দ্র রায় ও মাহাম্মদ আসরফ জমাদার ও মাগনদাস সেন ও মাগনচন্দ্র ও নিত্যানন্দ কাননগোএ ও নিত্যানন্দ কাননগোএ ও নিত্যানন্দ ও নীলকান্ত পুরোহিত ও নীলকান্ত ও নিত্যানন্দ কাননগোএ ও নিত্যানন্দ কাননগোএ ও নিমাইচরণ রায় ও নিত্যানন্দ কাননগোএ ও ন্যামতুল্লা ও ওয়ারিস ও উপেন্দ্রচন্দ্র ও প্রসন্ন সিংহ ও প্রসন্নকুমারী ও পূর্ণচন্দ্র সেন ও প্যারীমোহন ও রসিকচন্দ্র ও রামদুলাল ও রামদয়াল দে ও রামজয় পোদ্দার ও রামলোচন সেন ও রেণুকা ও শরতচন্দ্র ও সাহামাহাম্মদ ও সাহাবদ্দিন ও শ্যামসুন্দর ও তিলকচন্দ্র ও তোফেন আলী ও রামজীবন কাননগোএ ও গোলাম মহিরদ্দিন ও প্রসন্নকুমারী ও অখিলচন্দ্র সেন নাবালগ ও মহেশচন্দ্র ও লালমাহাম্মদ কাজি ও গোলাম আলী নাজির ও সুবরাতি প্রকাশ স্বর্ণমণি সর্দ্দার ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও মাহাম্মদ কামিল চৌধুরী ও মাহাম্মদ কলিমল্লা ও মহেশচন্দ্র ও ইছপ আলী ও নেজামত আলী ও মাহাম্মদ আলী ও মঞ্জুর খাঁ ও উজীর আলী ও উমাচরণ ঘোষ ও দুর্গাচরণ সেনের মধ্যে শ্রীমতী অলকা ও রামদয়াল সেন শ্রীব্রজবাসি ও জগচ্চন্দ্র সেন ও গোপালদাস সেন ও জগচ্চন্দ্র রায় ও হরচন্দ্র ও কৃষ্ণমোহন ও অভয়াচরণ গুহ ও নীলকান্ত ও গৌরীকান্ত ও

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১ ফেব্রুআরি।]



নিত্যানন্দ পুরোহিত ও প্রাণকৃষ্ণ ও প্যারীমোহন ও দুর্গামোহন ও গৌরচন্দ্র কাননগোএ ও শ্রীমতী অমলা ও বীরঙ্গ ও শ্রীমতী তারকেশ্বরী ও শ্রীমতী প্যারী ও নীলকণ্ঠ সেন নীলাম খরিদ গোলাম আলী নাজির ও গোলাম আলী ও জান আলী ও আবু তালেপ ও গোলাম বাছের ও রাহানদ্দিন ও এজ্জারৎউল্লা ও রিজায়ানদ্দিন ও নজুমন্নিছা ও নাদেরন্নিছা ও গৌরীদাস ও নীলমণি ও বাকরআলী ও মোবারেক আলী ও চৈতন্যচরণ সেন ও ফতেমা বিবি ও সুজাত আলী ও মনছর আলী ও নজিবউল্লা ও মাইনদ্দিন ও কাছিম আলী ও রামচরণ ও রামসেবক দাস ও উদয়চন্দ্র ও আমির হোসন ও মাহাম্মদ নছিম ও ছদ্দর আলী ও রাহানদ্দিন ও বিজয়ানদ্দিন ও সমিয়দ্দিন নাবালগ ও চৈতন্যচরণ দস্তিদার ও বঞ্চিতরাম চৌধুরী ও কৃষ্ণমোহন গুহ ও মাহাম্মদ মোছন ও মাহাম্মদ কামিল ও জানালি ও সচছন্দ মহি এওে কালী মালিক উজির আলী ও ইছপ আলী ও নেজামত আলী ও বিশ্বেশ্বরী ও মাগন দাস ও রত্নমণি সেন ও করিমদ্দিন আহাম্মদ ও রামদয়াল দে ও গৌরসুন্দর ও তোফেল আলী ও শ্রীমতী পূর্ণা দেব্যা ও শ্রীমতী নারায়ণী ও শ্রীমতী অলকাসুন্দরী ও নন্দকুমার দাস ও গৌরহরি চৌধুরী ও নন্দকুমার দাস ও কৃষ্ণদাস মজুমদার ও আচমত আলী মুনসী ও মহেশচন্দ্র ও রাজকিশোরের হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়ায় ও ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে লালমাহাম্মদ হাজি ও সুবরাতি ও আইঠন ও মাহাম্মদ কামিল ও বিশ্বেশ্বরী মবলগ ৮৸/৫ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৮২৬৸৶৩

পরগনে কুত্তবদিয়া মৌজে কৈয়ারবিল ও আলী আগবরের ডেইল।

৩৩৫৬৭। কাএমি জমিদারি আনওয়ার আলী খাঁ মালিক খোদ সদর জমা ৭৩৭৷৫৸৩

মৌজে ধুরঙ্গ।

৩৩৫৬৯। কাএমি জমিদারী রামসুন্দর সেন ও লালচান্দ চৌধুরী মালিক গিরিশচন্দ্র ও ভবানীদীন সদর জমা ৭৫০০৲

(F)

H. C. B. C. Raban,
*Offg. Collector.*

---

NOTICE.

At the close of the business to be forward at the Ordinary Meeting to be held at the Town Hall, on the 11th February 1870, at 11 o'clock, a Special Meeting of the Justices will be held for the following purposes:

1. The Chairman to submit for consideration draft Bye-laws for supply of water to houses and premises as revised by the Special Committee appointed at the Special General Meeting, held on the 16th December 1869, (copy enclosed).

To be proposed by J. B. Roberts, Esq.—

2. "That in the opinion of the Justices there "should be a well-defined and authorized system "of Book-keeping and account approved by the "Hon'ble the Lieutenant-Governor of Bengal and "the Justices for the keeping of the Municipal "accounts, from which there should be no "departure unless with the sanction, in writing, of "the Lieutenant-Governor upon the requisition of "the Justices in Meeting."

3. "That in the opinion of the Justices the "present audit of the Municipal accounts is "defective, insufficient and unsatisfactory, and that "a more close audit is necessary."

4. "That in the opinion of the Justices Section 34 of Act VI. of 1863, (B. C.) should be "amended so as to give the above resolutions the "force of Law, and further empower the Justices "to make Bye-laws for the guidance of the "Auditors."

[*Government Gazette, 1st February* 1870.]

বিজ্ঞাপন।

১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ১১ তারিখে বেলা ১১ ঘন্টার সময়ে টৌন হালে সভার যে সাধারণ অধিবেশন হইবে, তৎসংক্রান্ত কর্ম্ম সমাপ্ত হইলে পর নিম্নলিখিত কার্য্যের নিমিত্তে জষ্টিসদের বিশেষ সভ হইবে।

১। ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ১৬ তারিখে সাধারণ বিশেষ সভা হইয়া যে বিশেষ কমিটী নিযুক্ত হন তাঁহারা গৃহে ও বাটীতে জল যোগাইবার উপবিধির যে পাণ্ডুলিপি পুনর্দৃষ্টি করিলে সভাপতি তাহা বিবেচনার্থে অর্পণ করিবেন। (তাহার প্রতিলিপি সঙ্গে পাঠান যাইতেছে)

শ্রীযুত জে বি রবর্টস সাহেব এই প্রস্তাব করিবেন,

২। জষ্টিসদের বিবেচনায়, মুনিসিপল হিসাব রাখিবার জন্যে বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ও জষ্টিসেরা যাহা অনুমোদন করেন, খাতাবহী ও হিসাব রাখিবার এমত সুনির্দ্দিষ্ট ও ক্ষমতাযুক্ত কোন নিয়ম করা উচিত। সভাগত জষ্টিসদের প্রার্থনামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি না হইলে সেই নিয়মের ব্যতিক্রম করিতে হইবে না।

৩। জষ্টিসদের বিবেচনায়, মুনিসিপল হিসাব আডিট করিবার বর্ত্তমান নিয়ম অপূর্ণ ও অযথা ও অসন্তোষজনক। আরো সূক্ষ্মরূপে আডিট করা আবশ্যক।

৪। জষ্টিসদের বিবেচনায়, পূর্ব্বোক্ত নির্দ্ধারণ আইনের তুল্য বলবৎ করণার্থে এবং জষ্টিসদের প্রতি আডিটরদের কার্য্যপদ্ধতি দর্শাইবার উপবিধি করিবার ক্ষমতাপ্রদানার্থে ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ৩ ধারা সংশোধন করা বিহিত।

5. "That in the opinion of the Justices there "should be a well-defined and authorized system "of Book-keeping and account approved by the "Hon'ble the Lieutenant-Governor of Bengal "for the keeping of the accounts of the Com- "missioner of Police, from which there should be "no departure unless with the sanction, in writing, "of the Lieutenant-Governor upon the requisition "of the Justices in Meeting."

6. "That in the opinion of the Justices the "accounts of the Commissioner of Police, in- "cluding the several funds of which the said Com- "missioner has charge, (and which prior to the "payment of the cost of the Police force from "Municipal rates were subject to the control "and audit of the Financial Department) should "be audited by appointed Auditors."

7. "That in the opinion of the Justices Act XI. "of 1867 should be amended so as to give the "above resolutions the force of Law, and further "empower the Justices to make Bye-laws for "the guidance of the Auditors."

8. "That in the event of the above resolu- "tions being carried, Mr. F. W. Wyman, a "Member of the Legislative Council of Bengal, "be requested to introduce into Council and take "charge of a Bill for the objects stated in above "resolutions."

9. The Chairman to lay on the table letter from Chief Engineer, Water-works, No. 6170, dated 14th December 1869, forwarding a Report (copy previously circulated) from Mr. D. Waldie upon a series of filtration experiments which have been carried out by him during the past six months, and to move "That the thanks of the Justices be conveyed to Mr. Waldie for his interesting Report, and for the valuable services he has rendered in the matter."

10. The Chairman to lay on the table report for the quarter ending 31st December 1869, (copy previously circulated).

ROBERT TURNBULL,
*Secy. to the Justices of the Peace.*

*Calcutta, 31st January* 1870.

(1-1)

৫। জষ্টিসদের বিবেচনায়, বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে, পোলীসের কমিশ্যনর সাহেবের হিসাব রাখিবার জন্যে খাতাবহী ও হিসাব রাখিবার সুনির্দ্দিষ্ট ও ক্ষমতাযুক্ত নিয়ম থাকা উচিত। সভাগত জষ্টিসদের প্রার্থনামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরর্ণর সাহেবের লিখিত অনুমতি না হইলে সেই নিয়মের ব্যতিক্রম করিতে হইবে না।

৬। জষ্টিসদের বিবেচনায়, পোলীসের কমিশ্যনর সাহেবের হিসাব ও উক্ত কমিশ্যনর সাহেবের হাতে যেং তহবীল আছে তাহার হিসাব মনোনীত আডিটর দ্বারা আডিট হওয়া উচিত। (পোলীসদলের খরচ মুনিসিপল টাক্সহইতে দিবার বিধান হইবার পূর্ব্বে ঐ হিসাবের তত্ত্বাবধারণ ও আডিট করিবার ভার ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টের প্রতি অর্পিত ছিল।)

৭। জষ্টিসদের বিবেচনায় পূর্ব্বোক্ত নির্দ্ধারণ আইনের তুল্য বলবৎ করণার্থে এবং জষ্টিসদের প্রতি আডিটরদের কার্য্যপদ্ধতি দর্শাইবার উপবিধি করিবার ক্ষমতা প্রদানার্থে ১৮৬৭ সালের ১১ আইন মতান্তর করা বিহিত।

৮। পূর্ব্বোক্ত নির্দ্ধারণ গ্রাহ্য হইলে ব্যবস্থাপক কৌন্সেলের অন্তর্গত শ্রীযুত এফ ডবলিউ ওয়াইমান সাহেবের প্রতি, পূর্ব্বোক্ত নির্দ্ধারণের অভিপ্রায়সূচক পাণ্ডুলিপি মন্ত্রিসভায় উপস্থিত করণপূর্ব্বক তাহার তত্ত্ববিধান করিবার আদেশ হয়, এই প্রস্তাব হইবে।

৯। শ্রীযুত ডি ওয়ালডি সাহেব গত ছয় মাসের মধ্যে যন্ত্রদ্বারা জল নির্ম্মল করণার্থ যেং পরীক্ষা করিয়াছেন সভাপতি সাহেব তদ্বিষয়ের রিপোর্ট সহিত জল সংক্রান্ত কার্য্যের প্রধান ইঞ্জিনিয়র সাহেবের ১৮৬৯ সালের ১৪ ডিসেম্বরের ৬১৭০ নম্বরের পত্র মেজে অর্পণ করিবেন। (ঐ রিপোর্টের প্রতিলিপি পূর্ব্বে বিলি করা গিয়াছে) এবং এই প্রস্তাব করিবেন যে, শ্রীযুত ওয়ালডি সাহেবের সন্তোষজনক রিপোর্ট হেতুক এবং তদ্বিষয়ে তিনি যে বহুমূল্য পরিশ্রম করিয়াছেন তদ্ধেতুক জষ্টিসেরা তাহার নিকট কৃতজ্ঞ হন।

১০। সভাপতি সাহেব ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত তিন মাসের রিপোর্ট মেজে অর্পণ করিবেন। ইহার প্রতিলিপি পূর্ব্বে বিলি করা গিয়াছে।

রোবর্ট টর্ণবুল,
জষ্টিসদের সেক্রেটারী।

কলিকাতা
১৮৭০ সাল ৩১ জানুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১ ফেব্রুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।




# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 8, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ৮ ফেব্রুআরি।


## Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Report of the Select Committee on the Bill to empower the Justices of the Peace for the Town of Calcutta to levy a water-rate on the Town, together with the Bill as amended by them, is published for general information:—

We, the members of the Select Committee appointed to consider the Bill to empower the Justices of the Peace for the Town of Calcutta to levy a water-rate on the Town, have the honor to submit the following report.

We have repealed some additional sections of the former Municipal Acts.

We have made the rates payable in advance, and have made them leviable in the first instance from the owners of property within the Town, giving to the owners the power of recovering from the occupiers three-fourths of the amount which shall be so paid by them.

We have provided for a refund in case of cessation of occupancy during a quarter for which the rate had been paid.

We have provided for allowing discount to owners who promptly pay the amounts leviable from them.

[*Government Gazette, 8th February* 1870.]

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগকে ঐ নগরের জল কর ধার্য্য করিবার ক্ষমতা প্রদানার্থ আইনের পাণ্ডুলিপি বিষয়ে যে মনোনীত কমিটী নিযুক্ত হন তাঁহারদের নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহারদের দ্বারা সংশোধিত পাণ্ডুলিপি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদিগকে নগরের জল কর ধার্য্য করিবার ক্ষমতা প্রদানার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্যে আমরা মনোনীত কমিটী স্বরূপ নিযুক্ত হইয়া নিম্নলিখিত রিপোর্ট অর্পণ করিলাম।

নগরের সৌষ্ঠব সম্পার্কীয় পূর্ব্বং আইনের অতিরিক্ত কএক ধারা রহিত করিয়াছি।

সেই কর অগ্রিম দাতব্য নিরূপণ করিলাম। যাঁহারা নগরের মধ্যে সম্পত্তির স্বামী হন প্রথমতঃ তাঁহারদের-হইতে ঐ কর গ্রহণ করিয়া ঐ স্বামিরা যাহা দেন গৃহ নিবাসিদের স্থানে তাহার চারিভাগের তিন ভাগ আদায় করিবার ক্ষমতা প্রদান করিলাম।

অগ্রিম তিন মাসের কর দেওয়া গেলে সেই তিন মাসের মধ্যে ঘর খালি হইলে টাকা ফিরিয়া পাইবার বিধান করিলাম।

স্বামির স্থানে যত টাকা আদেয় হয় তিনি তাহা ত্বরায় দিলে তাহার ডিসকৌণ্ট পাইবার বিধান করিলাম।

We have made certain verbal and formal alterations, and recommend that the Bill as amended be passed.

V. H. Schalch.
H. H. Sutherland.
Satyanund Ghosal.
F. F. Wyman.
Joteendro Mohun Tagore.

*The 1st February* 1870.

---

I sign this report reserving to myself the right of objecting to the principle of making proprietors of houses bear a portion of the water-rate in contravention of the principle recognized in three successive Acts of this Council relating to this subject. I cannot also admit the justice of throwing upon the owner the trouble and risk of collection when there is a large and organized establishment of the Municipality for that purpose.

Joteendro Mohun Tagore.

---

I sign this report with the above reservation.

Satyanund Ghosal.

---

I sign this report reserving to myself the right to urge that it be rendered compulsory on landlords to place water-pipes in every house occupied by Europeans, the expense of laying on such pipes to be borne by the landlord and the tenant equally.

F. F. Wyman.

---

## AMENDED BILL.

*A Bill to empower the Justices of the Peace for the Town of Calcutta to levy a water-rate on the Town.*

Preamble.

Whereas it is necessary to provide funds for meeting the expenses connected with the water-supply works for the Town of Calcutta, and whereas the Justices are not now in a position to assess a water-rate under the provisions of Section XIII of Act IX of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council, it is enacted as follows:—

I. From and after the passing of this Act the portions of Acts set forth in the Schedule hereto are repealed.

Power to assess water-rate.

II. The Justices shall forthwith at a special general meeting assess upon all houses, premises, and lands within the Town of Calcutta a water-rate for the year 1870, and shall

কএক শব্দের ও শব্দবিন্যাসের পরিবর্ত্তন করিলাম, উক্ত মতে সংশোধিত এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ করিবার পরামর্শ দিলাম।

বি এচ শক।
এচ এচ সদরলাণ্ড।
শ্রী সত্যানন্দ ঘোষাল।
এফ এফ ওয়াইমান।
শ্রী যতীন্দ্র মোহন ঠাকুর।

১৮৭০ সাল ১ ফেব্রুআরি।

---

আমি এই রিপোর্টে স্বাক্ষর করিলাম কিন্তু জলের করের একাংশ গৃহাদির স্বামিদের দেওয়া এই মন্ত্রিসভার উক্ত বিষয়ের ক্রমান্বয়ি তিন আইনের বিধি বিরুদ্ধ এই বিধানের বিষয়ে আপত্তি আছে, আরো উক্ত কর আদায় করিবার জন্যে নগর সৌষ্ঠব করণার্থ সভার নিয়ম বদ্ধ বহু লোক থাকিলেও স্বামিদের প্রতি সেই পরিশ্রম ও আশঙ্কাসাধ্য কর্ম্ম অর্পণ করা ন্যায্য বলিয়া স্বীকার করিতে পারি না।

শ্রী যতীন্দ্র মোহন ঠাকুর।

---

আমিও উক্ত আপত্তি অবলম্বন করিয়া এই রিপোর্টে স্বাক্ষর করিলাম।

শ্রী সত্যানন্দ ঘোষাল।

---

আমি এই রিপোর্টে সাক্ষর করিলাম। কিন্তু ইউরোপীয় লোকদের বাসোপযুক্ত ঘরে ঐ গৃহস্বামিদের অবশ্যই জলের নল বসাইতে হইবে ও গৃহবাসী ও স্বামী উভয়ে ঐ নল বসাইবার ব্যয় দিবেন এই বিষয় প্রসঙ্গ করিতে ত্রুটি করিব না।

এফ এফ ওয়াইমান।

---

সংশোধিত পাণ্ডুলিপি।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি ঐ নগরে জলকর আদায় করিবার ক্ষমতা প্রদানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরে জলযোগাইবার কার্য্যসংক্রান্ত খরচ শোধ করিবার জন্যে টাকা তুলিবার বিধান করা বিহিত এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৯ আইনের ১৩ ধারার বিধানমতে জষ্টিসেরা এইক্ষণে জলের কর আদায় করিতে পারেন না। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ ধারা। এই আইনের তফসীলে আইনের যেং অংশ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত হইবে ইতি।

জলকর ধার্য্য করিবার ক্ষমতার কথা।

২ ধারা। জষ্টিসেরা অগৌণে বিশেষ সাধারণ সভা করিয়া কলিকাতা নগরের অন্তর্গত সকল ঘরে ও বাটীতে ও ভূমিতে ১৮৭০ সালের নিমিত্ত জলের কর ধার্য্য করিবেন, এবং বঙ্গদেশের





likewise, in the manner and at the times provided in Act VI of 1863 (passed by the Lieutenant-Governor of Bengal in Council) for fixing taxes, assess a water-rate for each succeeding year.

Amount of water-rate.

III. Every such water-rate shall be sufficient to provide, from the estimated proceeds thereof to be collected within the year, for the payment during the year for which it is assessed of all the current necessary expenses of the water-supply of Calcutta and of all necessary expenses and charges connected therewith, and of the expenses within the year of all necessary amendments and reparations and of the expenses within the year of any extension of the said water-supply works which may be sanctioned by the Lieutenant-Governor, and of the interest of such monies as may have been or may hereafter be borrowed for the construction of the said water-supply works, and of the sinking fund which has been or may hereafter be formed for the repayment of the said monies: Provided always that no such annual rate shall exceed five per cent. of the annual value of the houses, premises, and lands assessed therewith.

Water-rate to be payable quarterly in advance.

IV. Every such water-rate shall be payable by four equal quarterly instalments, each payable in advance upon the 1st day of January, the 1st day of April, the 1st day of July, and the 1st day of October in each year; the first of such instalments to be deemed to have been payable on the 1st day of January 1870.

Water-rate to be payable by owners.

V. Every such water-rate shall be assessed upon and payable by the persons and in the manner provided for the levy of the rate mentioned in Section LV of the said Act VI of 1863.

Powers for recovery of water-rate.

VI. All the powers and provisions for the time being in force for the recovery of the said rates mentioned in Section LV of the said Act VI of 1863, shall apply to the recovery of any water-rate imposed under this Act.

Owners paying water-rate to be repaid three-fourths by occupying tenants.

VII. Whenever the person from or by whom any such water-rate shall have been recovered or paid shall not be the occupying tenant of the house, premises, or land in respect of which such rate shall have been assessed, it shall be lawful for such person, if there shall be but one

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনে টাকা ধার্য্য করিবার যে নিয়ম ও সময় নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা ১৮৭০ সালের পর প্রতিবৎসর তদনুসারে জলের কর ধার্য্য করিবেন ইতি।

যত টাকা জল কর আদায় করিতে হইবে তাহার কথা।

৩ ধারা। জলের কর যে বৎসরের নিমিত্ত ধার্য্য হয়, সেই বৎসর কলিকাতা নগরের জল যোগাইবার আবশ্যক সকল নিত্য খরচ ও তৎসংক্রান্ত আবশ্যক অন্য খরচ খরচা, এবং বৎসরের মধ্যে ঐ জল যোগাইবার নলপ্রভৃতি সংশোধন করিবার ও সারাইবার আবশ্যক হইলে তাহার খরচ ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে বৎসরের মধ্যে জলযোগাইবার উক্ত কার্য্য কোন প্রকারে বৃদ্ধি করিতে হইলে তাহার খরচ, এবং ঐ জল যোগাইবার নলপ্রভৃতি প্রস্তুত করিতে যত টাকা ঋণ গ্রহণ হইয়াছে কি পশ্চাৎ গ্রহণ হয় তাহার সুদ শোধ করিবার জন্যে এবং উক্ত টাকা পরিশোধের নিমিত্ত যে অর্থ সংগ্রহ করা গিয়াছে কি পশ্চাৎ করা যায় তজ্জন্যে, প্রতিবৎসর অনুমান যত টাকা আদায় করা প্রয়োজন ইহা বিবেচনা করিয়া জলের তদুপযুক্ত কর ধার্য্য হইবে। কিন্তু যে ঘরের ও বাটীর ও ভূমির উক্ত টাকস ধার্য্য হয়, সেই বার্ষিক কর ঐ গৃহাদির বার্ষিক মূল্যের শত করা পাঁচ টাকার অধিক হইবে না ইতি।

জলের কর তিনং মাসে অগ্রিম দিবার কথা।

৪ ধারা। উক্ত জলের কর তিনং মাসের সমান কিস্তিতে বিভক্ত হইয়া ঐং কিস্তি প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম ও আপ্রিল মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম ও অকটোবর মাসের প্রথম দিবসে অগ্রিম দিতে হইবে। উক্ত কিস্তির মধ্যে প্রথম কিস্তি ১৮৭০ সালের জানুআরি মাসের প্রথম দিবসে পাওনা জ্ঞান হইবে ইতি।

জলের কর স্বামিদের দিতে হইবার কথা।

৫ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে ও কর আদায় করিবার যে বিধান হইয়াছে উক্ত জলের কর সেই ব্যক্তিদের উপর ধার্য্য হইবে ও সেই বিধানমতে তাহারদের দাতব্য হইবে ইতি।

জলের কর আদায় করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ ধারাতে যে সকল করের উল্লেখ হইয়াছে তাহা আদায় করিবার যে ক্ষমতা ও বিধান যৎকালে প্রবল থাকে এই আইনমতে অবধারিত জলকর আদায় করণার্থে সেই ক্ষমতা ও বিধান বর্ত্তিবে ইতি।

গৃহ স্বামিরা জলের কর দিলে গৃহ বাসিদের স্থানে তাঁহারদের চারি ভাগের তিনভাগ ফিরিয়া পাইবার কথা।

৭ ধারা। যে ঘরের কি বাটীর কি ভূমির জলকর ধার্য্য হয়, সেই জলকর যে ব্যক্তির স্থানে আদায় হইয়াছে কিম্বা যৎকর্ত্তৃক দেওয়া গেল তিনি স্বয়ং সেই গৃহ কি বাটী কি ভূমিবাসী না হইলে, জলের কর বলিয়া যত টাকা

occupying tenant of such house, premises, or land, to recover from such occupying tenant three-fourths of the water-rate which shall have been so paid by such person, and if there shall be more than one occupying tenant of such house, premises, or land, to recover from each of such occupying tenants such sum as shall bear to three-fourths of the entire amount of water-rate which shall have been so paid by such person the same proportion as the value of the portions of such house, premises, or land in the occupation of such occupying tenant, bears to the entire value of such house, premises, or land.

Power to recover sums payable by occupier as rent.

VIII. Every person who, under the provisions of the Section next preceding, may be entitled to recover any sum from any occupying tenant shall have for the recovery of such sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to such person by such occupying tenant in respect of such house, premises, or land.

Tenant subletting to different persons to be deemed occupier.

IX. Whenever any tenant holding any house, premises, or land, at a rent from the person liable to pay to the Justices the water-rate under this Act, may sublet the same to different persons holding in severalty, such tenant shall, for the purposes of this Act, be deemed the occupying tenant of such house, premises, or land.

No rate for unoccupied houses.

X. No water-rate under this Act shall be chargeable to any person on account of any unoccupied house, premises, or land for the time during which it may remain unoccupied.

Refund of water-rate to owners of unoccupied houses.

XI. Whenever any quarterly instalment of water-rate shall have been paid in respect of any house, premises, or land, and such house, premises, or land shall, during the quarter for which such instalment shall have been paid, cease to be occupied, the person who shall have paid such water-rate shall be entitled to be repaid by the Justices such sum as shall bear to the amount paid by him, and not repaid to him under the provisions of Section VII of this Act, the same proportion which the residue of the quarter, after notice of such cessation of occupation shall have been given to the Justices, bears to an entire quarter.

Rate payable for houses becoming occupied.

XII. Whenever any house, premises, or land, which shall have been unoccupied, shall be occupied during any quarter, there shall be forthwith payable in respect of such

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ৮ ফেব্রুআরি।]

দিয়াছেন ঐ গৃহ কি বাটী কি ভূমিবাসি এক ব্য
হইলে তাঁহার স্থানে ঐ করের চারি ভাগের তিন ভা
ফিরিয়া লইতে পারিবেন। অধিক ব্যক্তি ঐ গৃহ
বাটী কি ভূমি বাসী হইলে, প্রত্যেক জন যে অং
বাস করেন তাহার মূল্য গৃহাদির সম্পূর্ণ মূল্যের
অংশ হয় তদনুসারে স্বামী সেই প্রত্যেক জনে
স্থানে উক্ত চারি ভাগের তিন ভাগের একং অং
লইতে পারিবেন ইতি।

গৃহাদি নিবাসির স্থানে যত টাকা পাওনা হয় তাহা ভাড়ার ন্যায় আদায় করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে গৃহা
নিবাসি প্রজার স্থানে যে
ক্তির টাকা আদায় করিব
স্বত্ব থাকে, ঐ গৃহ কি বা
কি ভূমি বাসি প্রজার নি
কট তাঁহার প্রাপ্য ভা
আদায় করিবার যে উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষম
আছে তাঁহার সেই টাকা আদায় করিবার সেই উপা
ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে ইতি।

প্রজা ভিন্নং ব্যক্তিকে ঘরের একং অংশ ভাড়া করিয়া দিলে ঐ প্রজাই গৃহবাসী জ্ঞান হইবার কথা।

৯ ধারা। এই আইনমতে যে ব্যক্তি জষ্টিসদে
নিকট জলের কর দায়ী হ
কোন প্রজা তাঁহাকে ভা
দিয়া ঘর কি বাটী কি ভূ
ভোগী হইয়া যদি ভি
ব্যক্তিকে ঐ গৃহাদির ভি
অংশ ভাড়া দেন, তবে এই আইনের কার্য্যোপলে
সেই প্রজা ঐ ঘর কি বাটী কি ভূমিবাসি জ্ঞান হ
বেন ইতি।

খালি ঘরের কর না লাগিবার কথা।

১০ ধারা। কোন ব্যক্তির ঘর কি বাটী কি ভূ
যত কাল খালি থাকে ত
কালের নিমিত্তে তাঁহা
এই আইনমতে জলের ক
লাগিবে না ইতি।

খালি ঘরের স্বামিকে জলের কর ফিরিয়া দিবার কথা।

১১ ধারা। কোন ঘর কি বাটী কি ভূমি সম্পা
জল করের কোন তিন ম
সের কিস্তি দেওয়া গেলে
পর যদি সেই তিন মাসে
মধ্যে ঐ ঘর কি বাটী কি
ভূমি খালি হয়, তবে জষ্টিসদিগকে ঐ গৃহাদি খালি
হইবার সম্বাদ দিলে পর ঐ তিন মাসের অবশিষ্ট য
দিন, তাহা সম্পূর্ণ তিন মাসের যে অংশ হয় তদনু
সারে এই আইনের ৭ ধারার বিধানমতে যাহা ফিরি
পাইয়াছেন তাহা বাদ দিয়া তিনি জষ্টিসদের স্থানে
জল করের একাংশ ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

ঘর ভাড়া হইলে কর দিতে হইবার কথা।

১২ ধারা। যে ঘর কি বাটী কি ভূমি খালি আ
কোন তিন মাসের মধ্যে
সেই গৃহাদির ভাড়া হইলে
ঐ গৃহাদি ভাড়া হইয়া
তিন মাসের যত দিন অবশিষ্ট থাকে তাহা সম্পূর্ণ তি



house, premises, or land such amount of water-rate as shall bear to an entire quarterly instalment of water-rate for such house, premises, or land the same proportion as the residue of such quarter after such house, premises, or land shall be occupied bears to an entire quarter.

Refund to occupier on termination of occupation.

XIII. Whenever any occupier of any house, premises, or land shall pending any quarter cease to occupy such house, premises, or land, he shall be liable, under the provisions of Section VII, to repay to the person by whom the water-rate of such house, premises, or land is payable, such part only of the quarterly instalment of water-rate payable in respect of such quarter, as shall bear to three-fourths of such quarterly instalment the same proportion as the period which shall have elapsed from the first day of such quarter till notice of his ceasing to occupy shall have been given to the Justices, shall bear to the entire quarter; and in case he shall have repaid to the person who shall have paid such quarterly instalment to the Justices any sum greater than such part, he shall be entitled to recover from the Justices any sum which he may have paid in excess of such part.

Allowance to owners for prompt payment of water-rates.

XIV. It shall be lawful for the Justices to allow, to any person liable under this Act to pay to them any sum on account of water-rate, an abatement of two per cent. upon every quarterly instalment of water-rate which shall be paid by such person into the Office of such Justices within one month after the same shall have become payable, and for the purposes of this section the instalment which, under the provisions hereinbefore contained, is made payable on the 1st day of January 1870, shall be deemed to be payable forthwith on the first rate being assessed under the provisions of this Act.

Construction of Act.

XV. This Act shall be construed with and as part of the said Acts VI of 1863 and IX of 1867.

Short Title.

XVI. This Act may be called "The Calcutta Water-rates Act 1870."

Commencement of Act.

XVII. This Act shall commence and take effect from the 1st day of January 1870.

[*Government Gazette*, 8th *February* 1870.]

মাসের যে অংশ হয়, তদনুসারে ঐ ঘরের কি বাটীর কি ভূমির সম্পূর্ণ তিন মাসের জল করের একাংশ অগৌণে দেনা হইবে ইতি।

প্রজা ঘর ছাড়িলে তাহার টাকা ফিরিয়া পাইবার কথা।

১৩ ধারা। কোন ঘর কি বাটী কি ভূমি বাসি ব্যক্তি কোন তিন মাসের মধ্যে উক্ত গৃহাদিহইতে উঠিয়া গেলে, ঐ তিন মাসের প্রথম দিবসাবধি জষ্টিসদিগকে তাঁহার সেই ঘর হইতে উঠিয়া যাইবার সম্বাদ দেওনপর্য্যন্ত যত দিন তত দিন সম্পূর্ণ তিন মাসের যে অংশ হয়, তদনুসারে ঐ তিন মাসের কিস্তির চারিং ভাগের তিন ভাগ ধরিয়া তিনি ৭ ধারার বিধানমতে ঐ ঘরের কি বাটীর কি ভূমির জলের করদায়ি ব্যক্তিকে উপযুক্ত অংশ দিবেন। ও যে ব্যক্তি জষ্টিসদিগকে ত্রৈমাসিক কিস্তি দিয়াছেন যদি তাঁহাকে পূর্ব্বে উক্ত অংশের অধিক দিয়া থাকেন, তবে জষ্টিসদের স্থানে তাঁহার সেই অতিরিক্ত অংশ ফিরিয়া পাইবার অধিকার থাকিবে ইতি।

জলের কর ত্বরায় দিলে গৃহস্বামিদিগকে ধরাট দিবার কথা।

১৪ ধারা। জলের করের ত্রৈমাসিক কিস্তি যে তারিখে দেনা হয় এই আইনমতে যে ব্যক্তি জলকর দিবার যোগ্য তিনি সেই তারিখঅবধি এক মাসের মধ্যে জষ্টিসদের কার্য্যালয়ে সেই জলের কর দিলে জষ্টিসেরা তাঁহাকে শত করা ২ টাকার হিসাবে ধরাট দিতে পারিবেন। এই ধারার কার্য্যোপলক্ষে ১৮৭০ সালের জানুআরি মাসের ১ তারিখে যে টাকা দিতে হয় এই আইনের বিধানমতে কর ধার্য্য হইলেই সেই টাকা দেওয়া গেলে উক্ত ধরাট দেওয়া যাইবে ইতি।

আইনের অর্থের কথা।

১৫ ধারা। এই আইন ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ও ১৮৬৭ সালের ৯ আইনের একাংশ জ্ঞান হইয়া তৎসহিত তাহার অর্থ করিতে হইবে ইতি।

সংক্ষেপ নাম।

১৬ ধারা। এই আইন কলিকাতার জলকরের ১৮৭০ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে ইতি।

আইন যে সময়াবধি চলিবে তাহার কথা।

১৭ ধারা। এই আইন ১৮৭০ সালের জানুআরি মাসের প্রথমদিবসাবধি ফলবৎ হইবে ইতি।

R

## SCHEDULE.

*Portions of Acts Repealed.*

| No. of Act. | Title. | Extent of repeal. |
|---|---|---|
| Act VI of 1863 (B. C.) | An Act to vest the property of the Town of Calcutta and the management of its municipal affairs in a Corporation, and to make better provision for the conservancy and improvement of the Town and for the levying of rates and taxes therein. | So much of Sections LXII and LXV as relates to water-rate. |
| Act IX of 1867 (B. C.) | An Act to amend Act VI of 1863 and Act VI of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council. | Sections XII and XIII. So much of Sections XIV and XV as relates to water-rates. |

J. Pitt Kennedy,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

যে আইনের যে অংশ রহিত হইল তাহার তফসীল।

| নম্বর | খ্যাতি | যত দূর রহিত হইল |
|---|---|---|
| ১৮৬৩ সা. বঙ্গীয় ৭ আ. | কলিকাতা নগরের স্বামিত্ব ও নগর সম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের ভার সমাজের প্রতি অর্পণ করিবার এবং নগরের পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করণের এবং রেট ও টাক্স আদায় করণের সুবিধান করিবার আইনের | ৬২ ও ৬৫ ধারায় জলকরের যে কথা আছে তাহা। |
| ১৮৬৭ সা. বঙ্গীয় ৯ আ. | বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইন সংশোধন করণার্থ আইনের | ১২ ও ১৩ ধারা। এবং ১৪ ও ১৫ ধারায় জলকরের যে কথা আছে তাহা। |

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টাণ্ট সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

## Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

(Civil Side.)

No. 1.

To all Zillah Judges and Judicial Commissioners, (dated Calcutta, the 25th January 1870.)

As the Governor General in Council has approved of the proposal to assimilate the boundaries of Civil and Criminal Jurisdictions in Bengal, and the Lieutenant-Governor believes that such an assimilation will lead to a better adjustment and more economical distribution of work than obtain at present, results which it is especially desirable to secure at this time when the trial of rent cases under the provisions of Act VIII. (Bengal Council) of 1869 is about to throw increased work upon the Civil Courts; the High Court, at the instance of the Lieutenant-Governor, requests all District Judges, in communication with Commissioners of Divisions and the Boundary Commissioner, at once to take up the question, and to submit schemes for giving effect to the measure in order that if possible all necessary arrangements may be completed before the 11th April next, the date on which Act VIII. (Bengal Council) of 1869 is to come into operation.

(Signed) F. B. Peacock,
*Registrar.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৮ ফেব্রুআরি।]

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১ নম্বর।

সকল জিলার জজ ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৭০ সাল ২৬ জানুআরি।

বঙ্গদেশের মধ্যে দেওয়ানী ও ফৌজদারী আদালতের বিচারাধীন দেশের সমসীমা নির্ণয় করিবার যে প্রস্তাব হইয়াছে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহাতে সম্মত হইলেন। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবও বোধ করেন যে এই সময়ে কার্য্য নিষ্পত্তি ও বিলি করণের যে নিয়ম আছে বিচারাধিপত্যের সীমা পূর্ব্বোক্ত প্রকারে সমান করা গেলে অপেক্ষাকৃত উত্তম হইবে, বিশেষতঃ এই সময়ে ১৮৬৯ সালের বঙ্গদেশীয় মন্ত্রিসভার ৮ আইনের বিধান মতে খাজানাসংক্রান্ত মোকদ্দমার বিচার করণের ভার দেওয়ানী আদালতের প্রতি অর্পিত হওয়াতে কার্য্য উত্তমরূপে নিষ্পত্তি ও বিলি করা অত্যন্ত শ্রেয়। এই হেতুক শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশমতে হাই কোর্ট সকল জিলার জজ সাহেবের প্রতি এই আদেশ করিতেছেন, খণ্ডের কমিশ্যনর সাহেবদের ও সীমার কমিশ্যনর সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া অগৌণে সেই বিষয়ের বিবেচনা করণপূর্ব্বক আগামি আপ্রিল মাসের ১১ তারিখের পূর্ব্বে প্রয়োজনমত সমস্ত নিয়ম যেন স্থির হইতে পারে এই উদ্দেশে উক্ত অভিপ্রায় সফল করিবার পাণ্ডুলেখ্য অর্পণ করেন। বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৯ সালের ৮ আইন উক্ত তারিখঅবধি প্রবল হইবে।

এফ বি পীকক,
রেজিষ্ট্রার।



## Criminal Side.

No. 1.

To all Sessions Judges, Judicial Commissioners, and Officers vested with powers under Section 445A., Act VIII. of 1869. (Dated Calcutta, the 17th January 1870.)

The Government of India having, in their Resolution in the Home Department, No. 2028-40, dated 28th December 1868, determined on restricting transportation to Port Blair to the cases of life convicts, the Court desire to call the attention of all Criminal Authorities who are empowered to pass sentences of transportation to the fact that such sentences when passed for periods less than life cannot, in consequence of this restriction, be carried into effect as sentences of transportation beyond sea, but will operate substantially as sentences of imprisonment. The Local Government will doubtless shortly issue instructions as to the places where, and the circumstances under which, such sentences are to be carried out, and it only remains for the Court, therefore, without in any way desiring to fetter the discretion vested in them by law, to urge upon the authorities abovementioned, the necessity for exercising a sound discrimination in passing sentences of transportation, and of keeping in view that a sentence of imprisonment involves greater suffering, and consequently must be looked upon as more severe than a sentence of transportation for an equal period.

By Order of the High Court,
(Signed) F. B. Peacock,
*Registrar.*

No. 2.

To all Sessions Judges and Judicial Commissioners,—(dated Calcutta, the 18th January 1870.)

With reference to Act V. of 1869 of the Bengal Council, I am directed to request you will state, for the information of the Court, at what places (if any) other than the head-quarters of the Magistrate of your District, you would propose to hold Sessions; stating in each case the circumstances which, in your opinion, make such places desirable or convenient localities for holding such trials.

(Signed) F. B. Peacock,
*Registrar.*

[*Government Gazette, 8th February* 1870.]

## ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

সকল সেশন জজ ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব এবং ১৮৬৯ সালের ৮ আইনের ৪৪৫A ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক সমীপেষু।

কলিকাতা, ১৮৭০ সাল ১৭ জানুআরি।

ভারতবর্ষের গবর্ণমেন্ট হোম ডিপার্টমেণ্টে ১৮৬৮ সালের ২৮ ডিসেম্বরের ২০২৮-৪০ নম্বরের যে নির্দ্ধারণ করেন, তৎক্রমে যাবজ্জীবন কারাদণ্ডের আজ্ঞাপ্রাপ্ত লোকভিন্ন পোর্ট ব্লেরে অন্য অপরাধিদিগকে প্রেরণ না করিতে স্থির হইয়াছে। অতএব ফৌজদারী যে কর্ত্তৃপক্ষেরা দ্বীপান্তরে প্রেরণদণ্ডের আজ্ঞা করিবার ক্ষমতাপন্ন হন, হাই কোর্ট তাঁহারদিগকে এই বিষয়ে মনোযোগ করাইতে চাহেন। জীবৎকালের ন্যূনকালীন কারাদণ্ডের আজ্ঞা হইলে উক্ত নিষেধপ্রযুক্ত সেই দণ্ড সমুদ্রপারে প্রেরণের দণ্ডের ন্যায় সফল হইতে পারিবে না। প্রকৃত কারাদণ্ডেরই ন্যায় তাহার ফল হইবে। যেং স্থানে ও যে নিয়মানুসারে সেই কারাদণ্ড ভোগ হইবে স্থানীয় গবর্ণমেণ্ট অল্প কালের মধ্যে ইহার আদেশ করিবেন সন্দেহ নাই। অতএব পূর্ব্বোক্ত কর্ত্তৃপক্ষেরা আইনক্রমে স্বং বিবেচনানুসারে দণ্ড করিবার যে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন হাই কোর্ট তাহা কোন প্রকারে খর্ব্ব করিতে ইচ্ছুক না হইয়া এইমাত্র উপদেশ দিতেছেন যে, দ্বীপান্তর প্রেরণের দণ্ড করিতে হইলে বিচক্ষণ হইয়া তাহা করা আবশ্যক, ও দ্বীপান্তর প্রেরণদণ্ড ভোগ করণে যত ক্লেশ হয়, তৎসমানকালে কারাদণ্ড ভোগ করণে তদধিক ক্লেশ, সুতরাং দণ্ডও অধিক কঠিন, ইহাও বিবেচনা করা আবশ্যক।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

২ নম্বর।

সকল সেশন জজ ও জুডিশ্যয়ল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৭০ সাল ১৮ জানুআরি।

বঙ্গদেশের মন্ত্রিসভার ১৮৬৯ সালের ৫ আইনের উপলক্ষে তোমার নিকট আজ্ঞাক্রমে এই আদেশ হইতেছে। তোমার জিলার মাজিষ্ট্রেট সাহেবের সদর স্থান ভিন্ন অন্য কোনং স্থানে তোমার সেশন আদালত করিবার প্রস্তাব হয় এবং যে গতিকপ্রযুক্ত তুমি সেইং স্থান বিচার কার্য্যার্থে বিহিত ও উপযুক্ত জ্ঞান কর এই কথাও হাই কোর্টের জ্ঞানার্থে লিখিয়া জানাইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।
John Robinson, *Bengalee Translator.*

## Home Department.

*Fort William.*

NOTIFICATIONS.

*The 18th January* 1870.

*No.* 321.—*Public.*—It is hereby notified that the following rule has been laid down by the Governor General in Council, under Section 63 of Act XIII. of 1864, for the guidance of Masters and Surgeons of emigrant ships:—

*Rule.*—It shall be the duty of Masters and Surgeons o ships, sailing from the port of Calcutta with emigrants, to forward to the Protector of Emigrants, Calcutta, a full report of all unusal occurrences seriously affecting the health and safety of the emigrants under their care from the first port touched at after such occurrences may have taken place.

JUDICIAL.

*The 20th January* 1870.

*No.* 153.—Under the provisions of Section 51 of Act XXV. of 1861 (the Code of Criminal Procedure) the Governor General in Council is pleased to appoint all Central Jails in Bengal as places to which persons sentenced to transportation may be sent.

*The 25th January* 1870.

*No.* 182.—The Hon'ble A. G. Macpherson, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, is permitted to proceed to Europe on furlough for a period of one year from the date of embarkation.

EDUCATION.

*The 24th January* 1870.

*No.* 41.—Under Section 12 of Act II of 1857, the Governor General in Council is pleased to authorize the affiliation in Law of the Canning College, Lucknow, to the Calcutta University, with effect from the 1st instant.

E. C. BAYLEY,
*Secy. to the Govt. of India.*

## Foreign Department.

NOTIFICATIONS.

GENERAL.

*The 24th January* 1870.

*No.* 177*G.*—*Leave.*—Mr. J. Talboys Wheeler, Assistant Secretary in the Foreign Department, has obtained privilege leave for one month, from the 25th January 1870, or from such subsequent date as he may avail himself of it.

*The 27th January* 1870.

*No.* 200*G.*—Mr. H. Lepoer Wynne, Under Secretary to the Government of India in the Foreign Department, assumed charge of his office on the forenoon of the 25th January 1870.

*The 28th January* 1870.

*No.* 209*G.*—*Appointment.*—With reference to the G. O. in this Department, dated 24th January 1870, No. 179G,

## হোম ডিপার্টমেণ্ট।

রাজকীয় বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৮ জানুআরি।

৩২১ নম্বর।—ইহাতে সম্বাদ দেওয়া গেল যে মন্ত্রিসভা ধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৪ সালের ১৩ আই নের ৬৩ ধারামতে মজুরদের গমনার্থ জাহাজের অধ্যক্ষদে ও চিকিৎসকদের কার্য্যপদ্ধতি দর্শাইবার এই বিধি করিয়াছেন

বিধি।—যে জাহাজ মজুরদিগকে লইয়া কলিকাতা বন্দর হইতে যায়, ঐ জাহাজের অধ্যক্ষের ও চিকিৎসকের তত্ত্বাধী মজুরদের স্বাস্থ্য ও নিরাপদের বিঘ্নজনক কোন অসাধার ব্যাপার ঘটিলে, তাঁহারা তৎপরে প্রথম যে বন্দরে পঁহুছে সেই বন্দরহইতে কলিকাতায় মজুররক্ষক সাহেবের নিকটে ঐ ব্যাপারের সম্পূর্ণ বিবরণ লিখিবেন।

জুডিশ্যল।

১৮৭০ সাল ২০ জানুআরি।

১৫৩ নম্বর।—যে ব্যক্তিরদের দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আই নের ৫১ ধারার বিধানমতে বঙ্গদেশস্থ সকল সদর জেলখান ঐ ব্যক্তিদিগকে প্রেরণ করণোপযুক্ত স্থানস্বরূপ নির্দ্দে করিয়াছেন।

১৮৭০ সাল ২৫ জানুআরি।

১৮২ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হা কোর্টের জজ মান্যবর শ্রীযুত এ, জি, মাকফরসন সাহেব নিয় মিত ছুটী লইয়া ইউরোপে গমনাভিপ্রায়ে যে দিনে জাহা আরোহণ করেন সেই দিন অবধি এক বৎসর ছুটী পাই য়াছেন।

শিক্ষাসংক্রান্ত।

১৮৭০ সাল ২৪ জানুআরি।

৪১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহে ১৮৫৭ সালের ২ আইনের ১২ ধারামতে বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি লক্ষ্ণৌয়ের অন্তর্গত কানিং কালেজ ব্যবস্থা সংক্রান্ত বিষয়ে কলিকাতার বিশ্ববিদ্যালয়ের সহিত সংযুক্ত করিয়াছেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

## ফরিন ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সাধারণ।

১৮৭০ সাল ২৪ জানুআরি।

১৭৭G নম্বর।—ছুটী।—ফরিন ডিপার্টমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী শ্রীযুত জে, টালবয়স উইলর সাহেব ১৮৭০ সালের জানুআরি মাসের ২৫ তারিখ অবধি কিম্বা পশ্চাৎ যে তারিখে ছুটী লন তদবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৭ জানুয়ারি।

২০০G নম্বর। ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত এচ, লাপুর উইন সাহেব ১৮৭০ সালের ২৫ জানুআরির পূর্ব্বাহ্নে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

১৮৭০ সাল ২৮ জানুয়ারি।

২০৯G নম্বর। নিয়োগ।—এই ডিপার্টমেণ্টের ১৮৭০ সালের ২৪ জানুআরির ১৭৯G নম্বরের যে সাধারণ আজ্ঞাক্রমে,





appointing Mr. J. Talboys Wheeler, Assistant Secretary to the Government of India in the Foreign Department, to officiate as Secretary to the Chief Commissioner of British Burmah, His Excellency the Viceroy and Governor General in Council is pleased to change the designation of Assistant Secretary to that of Junior Under-Secretary in the Foreign Department, and to appoint Mr. C. E. R. Girdlestone to officiate as Junior Under-Secretary in succession to Mr. Wheeler.

The appointment will have effect from the 25th January 1870.

C. U. AITCHISON,
*Offg. Secy. to the Govt. of India.*

## Financial Department.

SEPARATE REVENUE.

(STAMPS).

*The 24th January* 1870.

*No.* 707.—Read the following:—

No. 38, dated 15*th* January 1870.

*Memo.—By* W. STOKES, ESQ., *Secretary to the Council of the Governor General for making Laws and Regulations.*

In returning the original papers received from the Financial Department under cover of endorsement No. 351, dated 13th instant, relative to the question raised by the Financial Commissioner of Oudh, whether wills are liable to stamp duty under Act XVIII of 1869, the undersigned is directed to state that Act No. XVIII of 1869 does not and was not intended to apply to wills.

2. Wills were specially exempted in Act X of 1862, apparently because there was a general clause (No. 36) in Schedule A to that Act imposing a one-rupee stamp on all deeds not otherwise charged or expressly exempted. But this general clause was intentionally omitted in the present Act, and the insertion of the special exemption was therefore unnecessary.

3. The Financial Commissioner might be told that not only wills, but deeds of dower not affecting immoveable property, are now exempt from stamp duty. In fact no instruments are chargeable except those specified in the Schedules to Act XVIII of 1869.

*The 28th January* 1870.

*No.* 751.—In exercise of the power conferred by the General Stamp Act 1869, Section 5, para. *b*, His Excellency the Governor General in Council is pleased to prescribe the following rule:—

Wherever the use of blue and black bi-color stamps, prescribed in Financial Notification No. 2778, dated 29th day of April 1868, for documents mentioned in the Schedule A annexed to Act No. X of 1862 has been introduced under the authority of the Governor General in Council, such stamps shall be exclusively used for

ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী শ্রীযুত জে টালবয়স উইলর সাহেব ব্রিটিশীয় বর্ম্মাদেশের প্রধান কমিস্যনর সাহেবের সেক্রেটারীর কর্ম্ম করিতে নিযুক্ত হন, তদুপলক্ষে মহিমবর রাজপ্রতিনিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব ফরিন ডিপার্টমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী এই খ্যাতি উঠাইয়া ঐ পদের দ্বিতীয় ছোট সেক্রেটারী খ্যাতি রাখিয়াছেন এবং শ্রীযুত উইলর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত সি, ই, আর, গর্ডলষ্টন সাহেবকে দ্বিতীয় ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত করিয়াছেন।

এই নিয়োগ ১৮৭০ সালের ২৫ জানুআরি অবধি প্রবল হইবে।

সি ইউ এচিসন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

স্বতন্ত্র রাজস্ব।

ইষ্টাম্প।

১৮৭০ সাল ২৪ জানুআরি।

৭০৭ নম্বর নিম্নলিখিত পত্র পাঠ করা গেল।

শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার সেক্রেটারী শ্রীযুত ডবলিউ ষ্টোক্স সাহেবের ১৮৭০ সালের ১৫ই জানুয়ারির ৩৮ নম্বরের স্মারকলিপি।

১৮৬৯ সালের ১৮ আইনমতে চরমপত্রের উপর ইষ্টাম্পের মাসুল লাগে কি না, অযোধ্যার ফিনান্‌শ্যাল কমিস্যনর সাহেবের এই প্রশ্ন বিষয়ে ফিনান্স্যাল ডিপার্টমেণ্টহইতে বর্ত্তমান মাসের ১৩ তারিখের ৩৫১ নম্বরের খামে বদ্ধ মূলপত্র সকল ফিরিয়া পাঠাইয়া আজ্ঞাক্রমে জানাইলাম যে ১৮৬৯ সালের ১৮ আইন চরমপত্রের প্রতি বর্ত্তে না বর্ত্তাইবার অভিপ্রায়ও ছিল না।

২। ১৮৬২ সালের ১০ আইনের A তফসীলের ৩৬ নম্বর প্রকরণ মতে, যে পত্রাদির বিধানান্তর হয় নাই কিম্বা যাহা স্পষ্টরূপে বর্জ্জিত হয় নাই এমত সকল পত্রাদির ১ টাকা ইষ্টাম্প ধার্য্য করণসূচক সাধারণ বিধি ছিল। বোধ হয় এই কারণেই ঐ আইনেতে চরমপত্র বর্জ্জিত করণসূচক স্পষ্ট বিধান হইয়াছে। কিন্তু উপস্থিত আইনে উক্ত সাধারণ বিধি জ্ঞানপূর্ব্বক ত্যাগ হওয়াতে বর্জ্জিত করণসূচক শেষোক্ত বিধান দিবার প্রয়োজন নাই।

৩। ফিনান্‌শ্যল কমিস্যনর সাহেবের নিকট বক্তব্য যে, এইক্ষণে যেমন চরমপত্রের উপর ইষ্টাম্প লাগে না, তেমনি স্থাবর সম্পত্তিভিন্ন অন্য সম্পত্তির যৌতুক পত্রেরও উপর লাগে না। ফলতঃ ১৮৬৯ সালের ১৮ আইনের তফসীলে যেং নিদর্শন পত্র নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন কোন পত্রের উপর ইষ্টাম্প লাগে না।

১৮৭০ সাল ২৮ জানুয়ারি।

৭৫১ নম্বর। ১৮৬৯ সালের সাধারণ ইষ্টাম্প আইনের ৫ ধারার (খ) প্রকরণক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব তদনুসারে নিম্নলিখিত বিধি করিয়াছেন।

ফিনানশ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৮ সালের ২৯ আপ্রিলের ২৭৭৮ নম্বরের বিজ্ঞাপন মতে নীল ও কালো এই দুই বর্ণের যে ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের আজ্ঞাক্রমে ১৮৬২ সালের ১০ আইনের A তফসীলের লিখিত নিদর্শন পত্রের নিমিত্তে তাহার যে স্থলে ব্যবহার প্রচলিত হইয়াছে, সেই স্থলে ১৮৬৯ সালের

all documents mentioned in the first and second Schedules annexed to the General Stamp Act 1869 other than—

*(a).* Documents which, under Section 5 of the same Act, para. *(a)*, may be stamped with adhesive stamps; and

*(b).* Documents on which the stamps may be denoted by the Collector or Superintendent of Stamps under the same Section, para. *(b)*.

R. B. CHAPMAN,
*Offg. Secy. to the Govt of India.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 248R.

APPOINTMENTS.

*The 25th January* 1870.—Mr. R. H. Greaves to be an Assistant to the Magistrate and Collector of Pooree, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class.

*The 26th January* 1870.—Baboo Ramchurn Bose, Deputy Magistrate and Deputy Collector, to officiate as Sub-Registrar of Noakhally, during the absence, on leave, of Baboo Mohesh Chunder Bose, or until further orders.

*The 28th January* 1870.—The Collector of Customs, Calcutta, to be ex-officio Collector of Customs at the Port of Morrellgunge.

*The 29th January* 1870.—Mr. J. C. Veasey, Assistant Magistrate and Deputy Collector, Sylhet, is transferred to Tipperah.

Moulvie Hossein Ali, Officiating Deputy Magistrate and Deputy Collector at Sasseram, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

Mr. A. Manson to be an Assistant to the Magistrate and Collector of Cuttack, and to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of that District.

Mr. W. C. Taylor, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Khoordah, in Pooree.

Moulvie Dubeeroodeen Ahmed, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is transferred to Pooree.

Mr. G. J. B. T. Dalton, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Begoo Serai, in Monghyr.

*The 31st January* 1870.—Mr. R. C. Perry, Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is transferred to Rajshahye.

সাধারণ ইষ্টাম্প আইনের প্রথম ও দ্বিতীয় তফসীলে যে সকল দলীলের উল্লেখ হইয়াছে নিম্নলিখিত দুই প্রকারের নিদর্শন পত্র ভিন্ন কেবল সেই দলীলে ব্যবহার হইবে।

(ক) ঐ আইনের ৫ ধারার (ক) প্রকরণমতে যে সকল নিদর্শন পত্রে আটাল ইষ্টাম্প দেওয়া যাইতে পারে তাহা।

(খ) ঐ ধারার (খ) প্রকরণ মতে যে সকল নিদর্শন পত্রে ইষ্টাম্প দেওয়ার চিহ্ন কালেক্টর সাহেব কিম্বা ইষ্টাম্পের সুপারিন্টেণ্ডেণ্ট সাহেব কর্ত্তৃক বসান যাইতে পারে তাহা।

আর, বি, চ্যাপম্যান
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটীং সেক্রেটারী।

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৪৮R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৫ জানুআরি।—শ্রীযুত আর এচ গ্রীব্স সাহেব পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৬ জানুআরি।—শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসুর ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামচরণ বসু নওয়াখালীর সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৮ জানুআরি।—কলিকাতার কষ্টমের কালেক্টর স্বীয় পদোপলক্ষে মোরেলগঞ্জ বন্দরে কষ্টমের কালেক্টর হইবেন।

১৮৭০ সাল ২৯ জানুআরি।—শ্রীহট্টের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, সি, বীসি সাহেব ত্রিপুরায় প্রেরিত হইয়াছেন।

শাসিরামের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হুসেন আলী অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এ মানসন সাহেব কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব পুরীর অন্তর্গত খুর্দ্দহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দবীরুদ্দীন আহম্মদ পুরীতে প্রেরিত হইলেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, জে, বি, টি, ডালটন সাহেব মুঙ্গেরের অন্তর্গত বেগুসরাই শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

১৮৭০ সাল ৩১ জানুআরি।—রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর, সি, পেরি সাহেব রাজশাহীতে প্রেরিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ৮ ফেব্রুআরি।]



Moulvie Fyzoollah, Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is transferred to Rungpore.

LEAVE OF ABSENCE.

*The 25th January* 1870.—In modification of the orders of the 10th instant, Mr. E. G. Glazier, Officiating Magistrate and Collector of Rungpore, is allowed furlough for a period of two years, under Sections IV. and VI. of the Covenanted Service Absentee Rules, commencing in India from the 1st April next.

*The 26th January* 1870.—Baboo Mohesh Chunder Bose, Sub-Registrar of Noakhally, for two months, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865, from the 12th instant, or any subsequent date on which he may have availed himself of the leave.

*The 27th January* 1870.—Mr. T. B. Lane, Officiating Secretary to the Board of Revenue, is allowed furlough for a period of two years, under Sections IV. and VI. of the Covenanted Service Absentee Rules, together with subsidiary leave for a period not exceeding thirty days, from the 3rd March next, or any subsequent date on which he may avail himself of it.

Mr. C. W. Hawes, Extra Assistant Commissioner, Lohardugga, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 15th instant.

*The 29th January* 1870.—In supersession of the orders of the 30th November last, Mr. A. Smith, Magistrate and Collector of the 24-Pergunnahs, is allowed three months' leave, from the 20th ultimo, under Section XIX. of the Covenanted Service Absentee Rules.

Mr. W. R. Larminie, Officiating Magistrate and Collector of Dinagepore, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 1st March next, or any subsequent date on which he may avail himself of it.

*The 31st January* 1870.—Mr. A. C. Brett, Assistant Magistrate and Deputy Collector, Bhaugulpore, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from any date in April 1870.

*The 1st February* 1870.—Baboo Sreenath Ghose, Personal Assistant to the Commissioner of the Presidency Division, for three months, from the 3rd instant, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865.

Mr. F. Wyer, Officiating Joint-Magistrate and Deputy Collector of Purneah, is allowed subsidiary leave for a period not exceeding thirty days,

[*Government Gazette, 8th February* 1870.]

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফয়জুল্লা রঙ্গপুরে প্রেরিত হইলেন।

ছুটী।

১৮৭০ সাল ২৫ জানুআরি।—এই মাসের ১০ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে রঙ্গপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ ও ৬ ধারামতে দুই বৎসর কাল নিয়মিত ছুটীর অনুমতি পাইয়াছেন। উক্ত ছুটী আগামি আপ্রিল মাসের ১ তারিখঅবধি ভারতবর্ষে আরম্ভ হইবে।

১৮৭০ সাল ২৬ জানুআরি।—নওয়াখালীর সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু এই মাসের ১২ তারিখঅবধি অথবা তাহার পর যে তারিখে ছুটীগ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৭ জানুআরি।—রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটারী শ্রীযুত টি, বি, লেন, সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ ও ৬ ধারামতে দুই বৎসর কাল নিয়মিত ছুটীর অনুমতি পাইয়াছেন, তদ্ভিন্ন আগামি মার্চ মাসের ৩ তারিখঅবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ত্রিশ দিনের অনধিককাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

লোহারডগার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত সি, ডবলিউ হস সাহেব এই মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৯ জানুআরি।—গত নবেম্বর মাসের ৩০ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল যে ২৪ পরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ স্মিথ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে গত মাসের ২০ তারিখঅবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর লার্ম্মিনি সাহেব আগামি মার্চ মাসের ১ তারিখঅবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক কাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ৩১ জানুআরি।—ভাগলপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ সি, ব্রেট সাহেব ১৮৭০ সালের আপ্রিল মাসের কোন তারিখ অবধি ত্রিশ দিনের অনধিককাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১ ফেব্রুআরি।—প্রেসিডেন্সী খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু শ্রীনাথ ঘোষ ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে এই মাসের ৩ তারিখঅবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ ওয়াইয়র সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থে আগামি মার্চ মাসের ৩

from the 3rd March next, to enable him to proceed to Europe on furlough.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATIONS.

*The 21st January* 1870.—In continuation of the Notification of this Government, dated 15th December 1869, published in the *Calcutta Gazette* of the 22nd idem, page 2178, the following revised Rule (Rule 87) framed by the Registrar-General of Assurances, Lower Provinces, and approved by the Lieutenant-Governor, is hereby published for general information, in accordance with the provisions of Section 80, Act XX. of 1866:—

RULE 87, read—

মোকদ্দমার মূল্য ধরিয়া বিবা[দ] হইলে প্রচলিত ব্যবস্থা মতান্তর কর[ণ] পূর্ব্বক ১১ ধারাক্রমে সেই বিষ[য়ে] আদালতের যে নিষ্পত্তি হয়, বা[]দির ও প্রতিবাদির মধ্যে তাহা চূড়ান্ত বলিয়া নির্দ্দেশ করি[]লাম। কিন্তু আপীল আদাল[ত]



মান্যবর শ্রীযুত গর্ডন এস ফর্বস সাহেবের ১৮৭০ সালের ৪ জানুআরির আবেদনপত্র।
মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী সাহেবের ১৮৬৮ সালের ১৭ ডিসেম্বরের ২৭০ নম্বরের পত্র ও তৎসহিত পত্র।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী সাহেবের ১৮৭০ সালের ৬ জানুআরির ১৭C নম্বরের পত্র।
মান্দ্রাজের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী সাহেবের ১৮৬৯ সালের ১৬ ডিসেম্বরের ১৯৯৩ নম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।
অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটারীর ১৮৭০ সালের ৮ জানুআরির ৩১৬৩ নম্বরের পত্র।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী সাহেবের ১৮৭০ সালের ৫ জানুআরির ২১ নম্বরের পত্র।
বোম্বাইয়ের গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটারী সাহেবের ১৮৭০ সালের ৮ জানুআরির ১৪২ নম্বরের টেলিগ্রাম।
বোম্বাইয়ের গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটারী সাহেবের ১৮৭০ সালের ৮ জানুআরির ১৪৭ নম্বরের পত্র ও তৎসহিত পত্র।
জলসিঞ্চনার্থ কর্ম্মশাখায় বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৭০ সালের ১০ জানুআরির $\frac{১৬A}{৪৯M}$ নম্বরের পত্র।
বোম্বাইয়ের হাই কোর্টের আডবোকেটদিগের দরখাস্ত। ইহার তারিখ নাই।

যদি পূর্ব্বোক্ত নিষ্পত্তি অন্যায় জ্ঞান করেন, তবে ন্যায্যমতে নিষ্পত্তি হইলে আপেলাণ্টের অধিক যত ফী লাগিত ঐ আদালত তাঁহার তত ফী দিবার আজ্ঞা করিতে পারিবেন। এই ক্ষমতা প্রদান দ্বারা রাজস্ব রক্ষা হইয়াছে।

এই আইনের পূর্ব্ব পাণ্ডুলিপিতে পরওয়ানা জারী করিবার ফী অবধারিত হইবার প্রস্তাব ছিল। তৎপরিবর্ত্তে ১৯ ধারায় হাই কোর্টের প্রতি পরওয়ানা জারীর খরচার বিধি করিবার ক্ষমতা প্রদান করিয়াছি। আরো মফঃসলে দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বসংক্রান্ত আদালতে যত জন পেয়াদা নিযুক্ত হইবে, ২১ ও ২২ ধারাতে তাহার বিধান করিয়া তদ্বিষয়ের প্রচলিত আইন স্পষ্টরূপে রহিত করিতে মনস্থ করিয়াছি। ফলতঃ দেশের নানা স্থানে এতদ্বিষয়ের নানাবিধ রীতি চলিতেছে এই প্রযুক্ত পরওয়ানা জারী করিবার একবিধ খরচ নিরূপণের বিধান করণের পূর্ব্বে অধিক বিবেচনা প্রয়োজন বোধ হয়। এই পাণ্ডুলিপিতে যে বিধান হইয়াছে, তাহা বঙ্গদেশের তাবৎ জিলার প্রচলিত বিধানানুযায়ি।

পূর্ব্ব পাণ্ডুলিপিমতে ফৌজদারী আদালতে কোনং প্রকারের অভিযোগ হইলে আট আনা ফী লাগে। সেই বিধান রাখিয়াছি কিন্তু ৩০ ধারায় এই বিধান করিয়াছি যে আদালত অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় করিলে অভিযোক্তাকে তাহার সেই ফীমাত্র নহে মোকদ্দমায় পরওয়ানা জারী করাইতে হইলে যে খরচ লাগে তাহাও অপরাধির দিবার আজ্ঞা করিবেন।

আবেদনপত্র ও আপীলের মর্ম্মাত্মকপত্রের উপর যে অত্যূর্দ্ধ ফী লাগিবে এই বিষয়ে যেং প্রার্থনা হইয়াছে তাহা গ্রাহ্য করিয়া ৫০০০ টাকার পরিবর্ত্তে ৩০০০ টাকা অবধারণ করিয়াছি।

যৎসামান্য কারণে ডিক্রীর পুনর্বিচার হইবার প্রার্থনা নিরস্ত করিবার অভিপ্রায়ে, মোকদ্দমা কিম্বা আপীল উপস্থিত করণ কালে যত ফী লাগে আমরা ঐরূপ প্রার্থনার উপর (১ তফসীলের ৩ প্রকরণে) তাহার অষ্টমাংশ ধার্য্য করিয়াছি। অবধারিত ফীর অধিক যত টাকা তদ্রূপে লাগিবে উপযুক্ত কারণ থাকিলে আদালত তাহা ফিরিয়া দিতেও পারিবেন।

ইঙ্গলণ্ডীয় ইষ্টাম্পের আইনমতে এবং পূর্ব্ব পাণ্ডুলিপিতে প্রবেট অর্থাৎ চরমপত্রের প্রামাণিকপত্রের এবং মৃত ব্যক্তির দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্রের মূল্যানুসারে মাস্থল ধার্য্য করিবার যে বিশেষং নিয়ম আছে তাহার যুক্তিযুক্ত কোন হেতু দেখিতে পাই না। অতএব আমরা তৎপরিবর্ত্তে (১ তফসীল ৯ নং) এই বিধি করিলাম, যে সম্পত্তিসম্পর্কীয় চরমপত্রের প্রামাণিকপত্র কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যায় তাহার মূল্যানুসারে শতকরা দুই টাকা সাধারণ ফী লাগিবে।

আদালতের ফী বিষয়ক সমস্ত আইন একি আইনের মধ্যে সংগ্রহ করিবার জন্যে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে ও ১৮৫৯ সালের ১০ আইনে ও অযোধ্যার খাজানা বিষয়ক আইনে ও পঞ্জাবের রায়ৎদারী আইনে ও বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনে ও মন্দ্রাজ দেশের প্রচলিত কোনং আইনে তদ্বিষয়ের যে সকল বিধান হইয়াছে, আমরা তাহা রহিত করিয়া এই আইনে গ্রহণ করিয়াছি এবং গৃহীত সেই সকল বিধান স্পষ্টরূপে রহিত করিয়াছি।

পূর্ব্ব পাণ্ডুলিপিদ্বারা ১৮৬৭ সালের ২৬ আইন সম্পূর্ণরূপে রহিত হইবার আভাস ছিল কিন্তু হাই কোর্টের আডবোকেট ওকালৎনামা অর্পণ করিবেন না ঐ আইনের এই অংশ প্রবল রাখিয়াছি। আমারদের বিবেচনায় কোর্ট ফীসের আইনের মধ্যে সেই বিষয় না ধরিয়া কার্য্যপ্রণালিসংক্রান্ত বিষয় বলিয়া তৎসম্পর্কীয় নিয়ম করা বিহিত।

সংশোধিত কথার মধ্যে উক্ত সকল কথা মুখ্য। ক্ষুদ্রতর বিষয়ের যাহা পরিবর্ত্তন করিয়াছি তাহা এইং।
কত ফী দেওয়া কর্ত্তব্য এই বিষয় নিষ্পত্তি করিতে হাই কোর্টের চীফ জষ্টিস সাহেবের যে ক্ষমতা আছে ৫ ধারাতে তাঁহার সেই ক্ষমতা অন্যের প্রতি অর্পণ করিবার অনুমতি দিলাম।

৭ ধারার ৫ প্রকরণে মহালের নির্দ্ধারিত অংশ পাইবার মোকদ্দমাবিষয়ে সম্পূর্ণ মহালের ভূমি পাইবার মোকদ্দমার তুল্য নিয়ম করিয়া ইনাম ভূমির মূল্য নিষ্কর ভূমির মূল্যের ন্যায় নিরূপণ করিবার বিধান করিলাম। এই প্রকরণে "মহাল" যে শব্দের ব্যবহার হইয়াছে তাহার অর্থও লিখিয়াছি।

প্রস্তাবিত এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে ভূমির নিট লভ্য কত ও বাজার দর কত হয় ইহার অবশ্য অনুসন্ধান লওয়া অবিহিত বোধ হইল। অতএব ৮ ধারাক্রমে তদ্বিষয়ের অনুসন্ধান লওয়া না লওয়া আদালতের বিবেচনাধীন করিলাম।

[*Government Gazette*, 15th *February* 1870.] X

মূল্য অন্যায়মতে নিরূপণ হইলে, ৯ধারাতে আমারদের এই প্রস্তাব, আদালতের নির্দ্ধারিত সময়ের মধ্যে অতিরিক্ত ফী না দেওয়া গেলে আদালত মোকদ্দমা ডিসমিস করিবেন। ডিক্রী সাধনকালে ওয়াসিলাৎ নিরূপণ করিবার আজ্ঞা হইলে যদি তদ্রূপ নির্দ্ধারিত ওয়াসিলাত দাবির ওয়াসিলাতের অধিক হয় তাহা হইলে ১০ ধারার বিধিমতে তদ্রূপ নির্দ্ধারিত সম্পূর্ণ ওয়াসিলাত মোকদ্দমায় ধরা গেলে যত ফী দিতে হইত তত না দেওয়া গেলে ঐ ডিক্রী জারী করণকার্য্যে স্থগিত হইবে এবং সেই অধিক ফী আদালতের নির্দ্ধারিত সময়ের মধ্যে না দেওয়া গেলে মোকদ্দমা ডিসমিস হইবে।

মোকদ্দমায় বিবিধ বিষয়ের দাওয়া হইয়া প্রত্যেক বিষয়ের আবেদনপত্রে যত টাকা ফী লাগে ১৬ ধারাতে তৎসমষ্টি লইবার বিধান করিলাম।

যেং বিষয়ের ফী লাগিবে না তন্মধ্যে ১৮ ধারাতে ১,০০০৲ টাকার অনধিক সম্পত্তির চরমপত্রের প্রমাণপত্র ও দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র, ও রাজকীয় কার্য্যকারকদের কৃত অভিযোগপত্র ও ভূমিতে সেঁচিবার নিমিত্ত গবর্ণমেণ্টের জল গ্রহণ করিবার প্রার্থনাপত্র, ও অধিক ভূমি কৃষি করিবার কিম্বা ভূমি ত্যাগ করিবার অনুমতির ও ক্ষতিপূরণের প্রার্থনাপত্র ধরিয়াছি।

নিদর্শনপত্রের নিমিত্তে উপযুক্ত ফী দেওয়া না গেলেও ৩২ ধারাতে ফৌজদারী মোকদ্দমায় তাহা গ্রাহ্য করিবার বিধান করিলাম।

ফোর্ট উলিয়মের হাই কোর্টের আকৌন্টেন্ট জেনরল সাহেব যে কমিশ্যন পাইয়া থাকেন ৩৫ ধারামতে সেই কমিশ্যন এই আইনের বিধানহইতে বর্জিত হইল।

প্রথম তফসীলে ১৮৬৪ সালের ২০ আইনমত ও বোম্বাইয়ের ১৮২৭ সালের ৮ আইনমত সংশিতপত্রের বিধান করা গিয়াছে।

দ্বিতীয় তফসীলে, ১৮৩৮ সালের ১৬ আইন ও বোম্বাইয়ের ১৮৬৪ সালের ৫ আইনমতে অধিকার প্রাপণের মোকদ্দমার ফী অবধারিত করা গেল। চরমপত্রের প্রামাণিকপত্রপ্রভৃতি না দিবার যে প্রার্থনাপত্র হয় তাহার চারি টাকা ফী, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩২৬ ও ৩২৮ ধারামতে যে প্রার্থনাপত্র ও এগ্রীমেণ্ট করা যায় তাহার ১০৲ টাকা ফী নিরূপণ করা গেল। পারসীদের বিবাহবিষয়ক আইনমত মোকদ্দমায় যে দরখাস্ত হয় তাহার ৩২৲ টাকা ফী ন্যূন করিয়া ৫৲ টাকা ধরা গেল।

১৮৬৭ সালের ২৬ আইনের ৭ ধারা এই আইনের ১৭ ধারা বলিয়া গ্রহণ করা গেল। এবং মেয়াদের আইনমতে অধিকার পাইবার সরাসরী মোকদ্দমার ও হাই কোর্টের নিকট মুৎফরক্কা দরখাস্তের বিধান করিলাম।

মার্চ মাসের প্রথম দিবস এই আইন প্রচলিত হইবার দিন বলিয়া নিরূপণ হইল।

কএক শব্দেরও পরিবর্ত্তন করা গিয়াছে। এইক্ষণে যদ্রূপ সংশোধন করা গেল তদ্রূপেই এই আইন প্রচলিত করা যায় আমারদেব এই প্রস্তাব। কিন্তু প্রথমে এই রিপোর্টের সহিত তাহা গেজেটে পুনঃপ্রকাশ হওয়া বিহিত বোধ করি।

এফ আর কক্রেল।
জে ষ্ট্রেকি।
জে এফ ষ্টিবন।
গর্ডন এস ফর্ব্বস।
ডি কৌই।
এফ এস চ্যাপমান।
জে আর বুলেন স্মিথ।

১৮৭০ সাল ১৫ জানুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৫ ফেব্রুআরি।]



# AMENDED BILL.

*The Court Fees' Bill*, 1870.

## CHAPTER I.

PRELIMINARY.

*Short title.*

1. This Act may be called "The Court Fees' Act, 1870:"

*Extent of Act.*

It extends to the whole of British India;

*Commencement of Act.*

And it shall come into force on the first day of March 1870.

*Repeal of enactments.*

2. On and after that day, the enactments mentioned in the third schedule hereto annexed shall be repealed to the extent specified therein.

## CHAPTER II.

FEES IN THE HIGH COURTS AND IN THE COURTS OF SMALL CAUSES AT THE PRESIDENCY TOWNS.

*Levy of fees in High Courts on their original side.*

3. Such fees as are for the time being payable to the clerks and officers (other than the sheriffs and attorneys) of the High Courts established by Letters Patent, by virtue of the power conferred by Statute twenty-fourth and twenty-fifth of Victoria, chapter one hundred and four, section fifteen,

or chargeable in each of such Courts under No. 9 of the first, and Nos. 10, 11, 13, 14 and 15 of the second, schedule to this Act annexed;

*Fees in Presidency Small Cause Courts.*

and such fees as are for the time being chargeable in the Courts of Small Causes at the Presidency Towns and their several offices;

shall be levied in manner hereinafter appearing.

*Fees on instruments filed, &c., in High Courts in their extraordinary jurisdiction.*

4. No instrument of any of the kinds specified in the first or second schedule to this Act annexed, as chargeable with fees, shall be filed, exhibited or recorded in, or shall be received or furnished by, any of the said High Courts in any case coming before such Court in the exercise of its extraordinary original civil jurisdiction;

or in the exercise of its extraordinary original criminal jurisdiction;

[*Government Gazette, 15th February* 1870.]

# আদালতের ফীসের ১৮৭০ সালের আইনের সংশোধিত পাণ্ডুলিপি।

## প্রথম অধ্যায়।

পরিভাষা।

*সংক্ষেপ নামের কথা।*

১ ধারা। এই আইন "আদালতের ফীসের ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

*ব্যাপকতার কথা।*

তাহা ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে,

*প্রারম্ভের কথা।*

ও ১৮৭০ সালের মার্চ মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

*যেং আইন রহিত হইবে তাহার কথা।*

২ ধারা। আইনের যেং ধারা এই আইনের তৃতীয় তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা উক্ত দিবস অবধি ঐ তফসীলের লিখনমতে রহিত হইবে ইতি।

## দ্বিতীয় অধ্যায়।

রাজধানীর হাই কোর্টে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যেং ফী আদায় হইতে পারিবে তাহার বিধি।

*আদৌ শ্রবণ করিবার ক্ষমতা পক্ষে হাই কোর্টে যে ফী আদায় হইবে তাহার কথা।*

৩ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী বিকুটোরিয়ার চব্বিশ ও পঁচিশ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের ১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতার বলে পেটেণ্টপত্রদ্বারা স্থাপিত হাই কোর্টের সরিফ ও আটর্ণিভিন্ন ক্লার্কের ও কর্ম্মকারকদিগের নিকট যে ফী যৎকালে দাতব্য হয়,

অথবা এই আইনের প্রথম তফসীলের ৯ নম্বরমতে ও দ্বিতীয় তফসীলের ১০, ১১, ১৩, ১৪ ও ১৫ নম্বরমতে উক্ত প্রত্যেক আদালতে যে ফী আদেয় হয়,

*রাজধানীর অন্তর্গত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ফীর কথা।*

এবং রাজধানীস্থ ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ও তৎসংক্রান্ত নানা কার্য্যালয়ে যৎকালে যে ফী লওয়া যাইতে পারে,

তাহা নিম্নলিখিতমতে আদায় হইতে পারিবে ইতি।

*হাই কোর্টের সাধারণাতীত বিচারাধিপত্যসম্পর্কে যে নিদর্শনপত্রাদি অর্পণ করা যায় তাহার উপর ফীর কথা।*

৪ ধারা। যাহার উপর ফী লওয়া যাইতে পারে এই আইনের প্রথম কি দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট এমত নিদর্শনপত্রের উপযুক্ত ফী বলিয়া যত টাকা উক্ত তফসীলে নির্দ্ধারিত হইয়াছে উক্ত কোন নিদর্শনপত্রের উপর তাহার ন্যূন দেওয়া গেলে, উক্ত কোন হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শ্রবণ করিবার সাধারণাতীত ক্ষমতাক্রমে কার্য্য করণকালে,

অথবা ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণাতীত ক্ষমতাক্রমে কার্য্য করণ কালে,

or in the exercise of its jurisdiction as regards appeals from the judgment of two or more Judges of the said Court or of a Division Court wherever such Judges are equally divided in opinion and do not amount in number to a majority of the whole of the Judges of the said Court at the time being;

In their appellate jurisdiction.

or in the exercise of its jurisdiction as regard appeals from the Courts subject to its superintendence;

or in the exercise of its jurisdiction as a Court of reference or revision;

As Courts of reference and revision.

unless in respect of such instrument there be paid a fee of an amount not less than that indicated by the said schedules as the proper fee for such instrument.

**5.** When any difference arises between the officer whose duty it is to see that any fee is paid under this chapter and any suitor or attorney, as to the necessity of paying a fee or the amount thereof, the question shall, when the difference arises in a High Court, be referred to the taxing officer, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the Chief Justice of such High Court, or of such Judge of the High Court as the Chief Justice shall appoint either generally or specially in this behalf.

Procedure in case of difference as to necessity or amount of fee.

When any such difference arises in any of the said Courts of Small Causes, the question shall be referred to the clerk of the Court, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the First Judge of such Court.

The Chief Justice shall declare who shall be taxing officer within the meaning of the first clause of this section.

---

## CHAPTER III.

### FEES IN OTHER COURTS AND IN PUBLIC OFFICES.

**6.** Except in the Courts hereinbefore mentioned, no instrument of any of the kinds specified as chargeable in the first or second schedule to this Act annexed shall be filed, exhibited or recorded in any Court of Justice, or shall be received or furnished by any

Fees on instruments filed, &c., in Mofussil Courts or in public offices.

অথবা উক্ত কোর্টের দুই কি তদধিক জন জজে[র] নিষ্পত্তির উপর কিম্বা ডিবিজন কোর্ট হইলে [যে] স্থলে ঐ জজদের মধ্যে য[ত] ব্যক্তির এক মত তত ব্যক্তির ভিন্ন মত থাকে এবং তাঁ[]হাদের সংখ্যা ঐ কোর্টের তৎকালীন সমস্ত জজে[র] অধিকাংশের তুল্য না হয় এমত স্থলে তাঁহারদে[র] নিষ্পত্তির উপর আপীল সম্পর্কে উক্ত কোর্টের বিচা[]রাধিপত্যক্রমে কার্য্য করণকালে,

আপীলী বিচারাধিপত্য সম্পর্কে

অথবা ঐ কোর্টের তত্ত্বাধীন আদালতের নিষ্পত্তি[র] উপর আপীল সম্পর্কে ঐ কোর্টের বিচারাধিপত্য[]ক্রমে কার্য্য করণকালে,

অথবা প্রশ্ন গ্রহণের [ও] পুনর্ব্বিচার করণের আদা[]লতস্বরূপ ঐ কোর্টের বিচা[]রাধিপত্যক্রমে কার্য্য করণকালে,

প্রশ্ন গ্রহণের ও পুনর্দৃষ্টির কোর্টস্বরূপ

তৎসম্মুখে আনীত কোন মোকদ্দমায় উক্তনিদর্শনপ[ত্র] ঐ কোর্টে অর্পণ করা যাইবে না ও দেখান যাইবে না ও লিপিবদ্ধ করা যাইবে না ও ঐ কোর্টকর্ত্তৃক গ্রাহ্য হইবে না ও দেওয়া যাইবে না ইতি।

৫ ধারা। এই অধ্যায়মতে ফী যে দেওয়া যায় ইহা[র] তত্ত্ব লওয়া যে কার্য্যকারকে[র] কর্ত্তব্য, ফী দেওয়া প্র[]য়োজন কি না ও কত টাক[া] ফী দেওয়া উচিত এই বি[]ষয়ে তাঁহার সঙ্গে কো[ন] বাদির কি আটর্নির বিবা[দ] হইলে, হাই কোর্টে সেই বিবাদ টাকসিং আফিসরে[র] প্রতি অর্পিত হইবে ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে কিন্তু তিনি সেই প্রশ্ন সাধারণের স্বার্থঘটিত জ্ঞান করি[]লে ঐ হাই কোর্টের চীফ জষ্টিসের কিম্বা তিনি তৎপক্ষে সাধারণ কি বিশেষমতে হাই কোর্টের যে জজকে নিযুক্ত করেন তাঁহার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সেই বিবাদ অর্পণ করিবেন।

ফী দেওয়া আবশ্যক কি না ও কত টাকা ফী দেওয়া কর্ত্তব্য এই বিষয়ের মতভেদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

ক্ষুদ্র মোকদ্দমার উক্ত কোন আদালতে সেইরূপ বিবাদ হইলে, আদালতের ক্লার্কের প্রতি অর্পিত হইবে। তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত। কিন্তু সেই প্রশ্ন সাধারণের স্বার্থঘটিত জ্ঞান করিলে তিনি ঐ আদাল[]তের প্রধান জজের চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে তাহ[া] অর্পণ করিবেন।

এই ধারার প্রথম প্রকরণের অর্থক্রমে কে টাকসিং আফিসর হইবেন, চীফ জষ্টিস সাহেব ইহা নির্দ্দেশ করিবেন ইতি।

---

তৃতীয় অধ্যায়।

অন্যান্য আদালতে ও রাজকীয় কার্য্যালয়ে যে ফী আদায় হইবে তাহার বিধি।

৬ ধারা। যাহার উপর ফী লওয়া যাইতে পারে এই আইনের প্রথম কি দ্বিতীয় তফসীলে এমত যে কোন প্রকারের নিদর্শনপত্র নির্দ্দিষ্ট হইল উক্ত একতর তফসীলে তাহার উপযুক্ত ফী বলিয়া যত টাকা অবধারিত হইয়াছে, ঐ নিদর্শন-

মফঃস্বল আদালতে কি রাজকীয় কার্য্যালয়ে যে নিদর্শনপত্র উপস্থিত করা যায় তাহার ফীর কথা।





public officer, unless in respect of such instrument there be paid a fee of an amount not less than that indicated in either of the said schedules to be the proper fee for such instrument.

**7.** The amount of fee payable under this Act in the suits next hereinafter mentioned shall be computed as follows:—

Computation of fees payable in certain suits.

i. In suits for money (including suits for damages or compensation, or arrears of maintenance, of annuities, or of other sums payable periodically)—according to the amount claimed:

For money.

ii. In suits for maintenance and annuities or other sums payable periodically—according to the value of the subject-matter of the suit, and such value shall be deemed to be ten times the amount claimed to be payable for one year:

For maintenance and annuities.

iii. In suits for moveable property other than money, where the subject-matter has a market-value—according to such value at the date of presenting the plaint.

For other moveable property having a market-value.

iv. In suits—

(*a*). to enforce the right to share in any property on the ground that it is joint family property,

to enforce a right to share in joint family property.

(*b*). to obtain a declaratory decree or order, where consequential relief is prayed,

for a declaratory decree and consequential relief.

(*c*). to obtain an injunction,

for an injunction.

(*d*). for a right to some benefit (not herein otherwise provided for) to arise out of land,

for easements.

(*e*). for accounts, and

for accounts.

(*f*). for moveable property where the subject-matter has no market-value, as, for instance, in the case of documents relating to title—

for moveable of no market-value.

according to the amount at which the relief sought is valued in the plaint or memorandum of appeal.

পত্রের উপর তাহার ন্যূন দেওয়া গেলে, পূর্ব্বোক্ত কোর্ট ও আদালতভিন্ন কোন আদালতে সেই নিদর্শনপত্র অর্পণ করা যাইবে না ও দেখান যাইবে না ও লিপিবদ্ধ হইবে না ও রাজকীয় কোন কার্য্যকারককর্ত্তৃক গ্রাহ্য হইবে না ও দেওয়া যাইবে না ইতি।

৭ ধারা। নিম্নলিখিত মোকদ্দমায় এই আইনমতে কত ফী দিতে হইবে, ইহার হিসাব করিবার বিধি এই।

কোন২ মোকদ্দমায় কত ফী দিতে হইবে তাহার হিসাব করিবার কথা।

(১) টাকার মোকদ্দমায়—যত টাকার দাওয়া হয় তদনুসারে। (ইহার মধ্যে হানিপূরণের ও মূল্যপ্রাপণের টাকা ও ভরণপোষণের ও বার্ষিক বৃত্তির ও অন্য যে টাকা নিরূপিত সময়ান্তরে দেওয়া যায় তাহার বাকীর নিমিত্ত মোকদ্দমা ধর্ত্তব্য।)

টাকার মোকদ্দমায়।

(২) ভরণপোষণের ও বার্ষিকবৃত্তির ও অন্য যে টাকা নিরূপিত সময়ান্তরে দেওয়া যায় তন্নিমিত্ত মোকদ্দমায়—বিবাদীয় বিষয়ের মূল্যানুসারে। এক বৎসরের নিমিত্তে যত টাকার দাওয়া হয় ঐ মূল্য তাহার দশগুণ ধরিতে হইবে।

ভরণপোষণের ও বার্ষিক বৃত্তির মোকদ্দমায়।

(৩) টাকাভিন্ন অন্য যে অস্থাবর বিষয়ের বাজার দর করা যায়—আবেদনপত্র উপস্থিত করিবার সময়ে বাজারে সেই বিষয়ের যে মূল্য হয় তদনুসারে।

অন্য যে অস্থাবর সম্পত্তির বাজার দর করা যায় তাহার মোকদ্দমায়।

(৪) এই২ মোকদ্দমায়, অর্থাৎ

(ক) সম্পত্তি সাধারণ পরিবারীয় সম্পত্তি আছে বলিয়া তাহার অংশ পাইবার অধিকার প্রবল করণার্থ মোকদ্দমায়,

সাধারণ পরিবারীয় সম্পত্তির অংশ পাইবার স্বত্ব প্রবল করণার্থ।

(খ) নির্দ্দেশসূচক যে ডিক্রী কি আজ্ঞার জন্য উপকার প্রার্থনা হয় তাহা পাইবার মোকদ্দমায়,

নির্দ্দেশ করণার্থ ডিক্রী ও তজ্জাত উপকার প্রাপণার্থ।

(গ) নিষেধসূচক আজ্ঞা প্রাপণার্থ মোকদ্দমায়,

নিষেধ হওনার্থ।

(ঘ) এই আইনে যাহার অন্য বিধান হয় নাই ভূমিহইতে উৎপাদিত এমত উপকার পাইবার স্বত্ব নির্ণয়ার্থ মোকদ্দমায়,

পথ প্রভৃতির নিমিত্ত।

(চ) হিসাবের নিমিত্তে মোকদ্দমায় এবং

হিসাবের নিমিত্ত

(ছ) আগমবিষয়ক নিদর্শনপত্র প্রভৃতি যে অস্থাবর বিষয়ের বাজার দর নাই তন্নিমিত্ত মোকদ্দমায়,

যাহার বাজার দর নাই এমত অস্থাবর বিষয়ের নিমিত্ত

আবেদনপত্রে কি আপীলের মর্ম্মাত্মকপত্রে যে মূল্য ব্যক্ত করিয়া উপকার প্রার্থনা হয় তদনুসারে।

In all such suits the plaintiff shall state the amount at which he values the relief sought, and the provisions of the Code of Civil Procedure, section thirty-one, shall apply as if for the word 'claim' the words 'relief sought' were substituted.

v. In suits for the possession of land——according to the value of the land; and such value shall be deemed to be—

For possession of land.

(*a*). where the land forms an entire estate or a definite share of an estate, paying annual revenue to Government,

or forms part of such an estate and is recorded in the Collector's register as separately assessed with such revenue,

and such revenue is permanently settled,

ten times the revenue so payable;

(*b*). where the land forms an entire estate, or a definite share of an estate, paying annual revenue to Government, or forms part of such estate and is recorded as aforesaid;

and such revenue is settled, but not permanently,

five times the revenue so payable;

(*c*). where the land pays no such revenue, or is inám, and nett profits have arisen therefrom during the year next before the date of presenting the plaint,

fifteen times such nett profits:

but where no such nett profits have arisen therefrom—according to the amount at which the Court shall estimate the land with reference to the value of similar land in the neighbourhood.

Provided that in the territories subject to the Governor of Bombay in Council, the value of the land shall be deemed to be—

Proviso as to Bombay Presidency.

(*a*). where the land is held on settlement for a period not exceeding thirty years and pays the full assessment to Government,—a sum equal to five times the survey assessment;

(*b*). where the land is held on a permanent settlement, or on a settlement for any period exceeding thirty years, and pays the full assessment to Government,—a sum equal to ten times the survey assessment; and

(*c*). where the whole or any part of the annual survey assessment is remitted,—a sum computed under paragraph (*a*) or paragraph (*b*) of this proviso, as the case may be, in addition to ten times the assessment, or the portion of assessment, so remitted:

vi. In suits to set aside an attachment of land or interest in land——according to the amount for which the land or interest was attached:

To set aside an attachment.

তদ্রূপ সকল মোকদ্দমায় অর্থী প্রার্থিত উপকারের যে মূল্য ধরেন তাহা ব্যক্ত করিবেন। এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩১ ধারায় "দাওয়া" শব্দের পরিবর্ত্তে "প্রার্থিত উপকার" এই শব্দ প্রয়োগ হওনের ন্যায় ঐ ধারার বিধান বর্ত্তিবে।

ভূমির অধিকার পাইবার মোকদ্দমায়।

(৫) ভূমির অধিকার পাইবার মোকদ্দমায়—ভূমির মূল্যানুসারে। ঐ মূল্য ধরিবার বিধি এই,

(ক) ভূমি গবর্ণমেণ্টের নিকট বার্ষিক রাজস্বদায়ি সম্পূর্ণ মহাল কিম্বা মহালের নির্দ্দিষ্ট অংশ হইলে,

কিম্বা তদ্রূপ মহালের একাংশ হইয়া তাহার উক্ত প্রকারের রাজস্ব স্বতন্ত্র ধার্য্য হইয়াছে বলিয়া কালেক্টরের রেজিষ্টরে লেখা গেলে,

ও সেই রাজস্ব চিরস্থায়িরূপে অবধারিত হইলে,

ঐ রাজস্বের দশগুণ,

(খ) ভূমি গবর্ণমেণ্টের নিকট বার্ষিক রাজস্ব দায়ী সম্পূর্ণ মহাল কিম্বা মহালের অবধারিত অংশ হইলে, কিম্বা ঐ মহালের একাংশ হইয়া রেজিষ্টরীতে উক্ত প্রকারে লেখা গেলে,

ও সেই রাজস্ব অবধারিত কিন্তু চিরস্থায়িরূপে নয় এমত স্থলে,

ঐ রাজস্বের পাঁচ গুণ,

(গ) ভূমি তদ্রূপ রাজস্বদায়ি না হইলে, কিম্বা ইনাম ভূমি হইলে ও আবেদনপত্র উপস্থিত করিবার তারিখের পূর্ব্বে যে বৎসর গেল সেই বৎসরে ঐ ভূমিহইতে নিট লভ্য উৎপন্ন হইলে,

ঐ নিট লভ্যের পঞ্চদশগুণ ধরিতে হইবে।

কিন্তু তাহাহইতে নিট লভ্য উৎপন্ন না হইলে, আদালত তত্তুল্যপ্রকারের চতুর্দ্দিকস্থ ভূমির মূল্য লক্ষ করিয়া ঐ ভূমির যে মূল্য নিরূপণ করেন তদনুসারে ধরা যাইবে।

বোম্বাই রাজধানী সম্পর্কীয় উপবিধি।

পরন্তু বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসিত দেশে ঐ ভূমির মূল্য ধরিবার এই বিধি।

(ক) ত্রিশ বৎসরের অনধিক কালের বন্দোবস্তমতে ভূমি ভোগ হইয়া গবর্ণমেণ্টের নিকট সম্পূর্ণ করদায়ী হইলে, জরীপঅনুসারে যত টাকা কর ধার্য্য হইয়াছে তাহার পাঁচ গুণ।

(খ) ভূমি চিরস্থায়ি বন্দোবস্ত কিম্বা ত্রিশ বৎসরের অধিককালের বন্দোবস্তমতে ভোগ হইয়া গবর্ণমেণ্টের নিকট সম্পূর্ণ কর দিলে, জরীপঅনুসারে যত টাকা কর ধার্য্য হইয়াছে তাহার দশ গুণ। এবং

(গ) জরীপঅনুসারে বার্ষিক যত টাকা কর ধার্য্য হয় যদি তাহার সমুদয় কি একাংশ ক্ষমা হইয়া থাকে, তবে যে কর কিম্বা করের যে অংশ তদ্রূপে ক্ষমা হইল তাহার দশগুণের অতিরিক্ত এই উপবিধির (ক) অথবা বিষয় বিশেষে (খ) প্রকরণমতে ঐ মূল্য নিরূপণ করিতে হইবে।

ক্রোক অন্যথা করণার্থ।

(৬) ভূমির কিম্বা ভূমিগত সম্পর্কের ক্রোক অন্যথা করিবার মোকদ্দমায়,—সেই ভূমি কি সম্পর্ক যত টাকার নিমিত্তে ক্রোক করা যায় তদনুসারে।





vii. In suits against a mortgagee for the recovery of the property mortgaged,

To redeem.

and in suits by a mortgagee to foreclose the mortgage,

To foreclose.

or, where the mortgage is made by conditional sale, to have the sale declared absolute,——

according to the principal money expressed to be secured by the instrument of mortgage.

viii. In suits for the possession of houses, of gardens and of land forming part of an estate paying revenue to Government, but not being a definite share of such estate, nor separately assessed as mentioned in paragraph five of this section,——according to the market-value of the subject-matter of the suit; and

For houses, gardens, and undefined portions of revenue-paying estates.

ix. In the following suits between landlord and tenant:—

Between landlord and tenant.

(*a*). for the delivery by a tenant of the counterpart of a lease,

(*b*). to enhance the rent of a tenant having a right of occupancy,

(*c*). for the delivery by a landlord of a lease,

(*d*). to contest a notice of ejectment,

(*e*). to recover the occupancy of land from which a tenant has been illegally ejected by the landlord, and

(*f*). for abatement of rent,——

according to the amount of the rent of the land to which the suit refers payable for the year next before the date of presenting the plaint.

*Explanation.*—The word 'estate,' as used in this section, means any land subject to the payment of revenue, for which a separate engagement shall have been executed to Government by the proprietor or by a farmer or ryot, or which may have been separately assessed with the public revenue, although no engagement shall have been executed to Government.

8. If the Court sees reason to think that the annual nett profits or the market-value of any such land, house or garden as is mentioned in section seven, paragraphs five and eight, have or has been wrongly estimated, the Court may, for the purpose of computing the fee leviable on the institution of a suit relating to such land, house or garden, issue a commission to any proper person directing him to make such

Power to ascertain nett profits or market-value.

(৭) বন্ধকী সম্পত্তি পাইবার নিমিত্তে বন্ধক গ্রহীতার নামে মোকদ্দমায়।

মুক্ত করণার্থ।

এবং বন্ধকী দ্রব্য বিক্রয় করণার্থে বন্ধক গ্রহীতার মোকদ্দমায়,

বিক্রয় করণার্থ।

কিম্বা নিয়মাধীন বিক্রয়ক্রমে বন্ধক দেওয়া গেলে সেই বিক্রয় সিদ্ধ বলিয়া নির্দ্দেশ করণার্থ মোকদ্দমায়, বন্ধকীপত্র দ্বারা মূল যত টাকা রক্ষিত হওয়ার কথা ব্যক্ত হয় তদনুসারে।

বাটীর ও বাগানের ও মালগুজারী মহালের অনির্দ্দিষ্ট অংশের নিমিত্ত মোকদ্দমায়।

(৮) বাটীর কিম্বা বাগানের এবং যে ভূমি গবর্ণমেণ্টের নিকট রাজস্বদায়ি মহালের একাংশ কিন্তু ঐ মহালের নির্দ্দিষ্ট অংশ নয় এবং এই ধারার ৫ প্রকরণের উল্লিখিতমতে যাহার স্বতন্ত্র রাজস্ব ধার্য্য না হয় এমত ভূমির অধিকার পাইবার নিমিত্ত মোকদ্দমায়—বিবাদীয় বিষয়ের বাজারদর অনুসারে, ও

ভূম্যধিকারির ও প্রজার মধ্যে মোকদ্দমায়।

(৯) ভূম্যধিকারির ও প্রজার মধ্যে নিম্নলিখিত মোকদ্দমায়—যথা,

(ক) প্রজার স্থানে কবুলিয়ৎ পাইবার,

(খ) যে প্রজার দখলি স্বত্ব থাকে তাহার খাজানা বৃদ্ধি করিবার,

(গ) ভূম্যাধিকারির স্থানে পাট্টা পাইবার,

(ঘ) উঠাইয়া দিবার নোটিসের আপত্তি করিবার,

(চ) ভূম্যধিকারিকর্ত্তৃক প্রজাকে বেআইনীমতে যে ভূমিহইতে উঠাইয়া দেওয়া যায় তাহার অধিকার ফিরিয়া পাইবার,

(ছ) খাজানা ন্যূন করিবার মোকদ্দমায়,—

মোকদ্দমা যে ভূমি সম্পার্কীয় হয়, আবেদনপত্র উপস্থিত করিবার তারিখের পূর্ব্বে যে বৎসর গেল সেই বৎসরে ঐ ভূমির যত খাজানা দাতব্য ছিল তদনুসারে।

ব্যাখ্যা।—এই ধারার মধ্যে রাজস্বদায়ি যে কোন ভূমির নিমিত্তে ভূম্যধিকারী কি ইজারদার কি প্রজা গবর্ণমেণ্টের নিকট পৃথক অঙ্গীকারপত্র লিখিয়া দেন কিম্বা গবর্ণমেণ্টের নিকট পৃথক অঙ্গীকারপত্র লিখিয়া না দেওয়া গেলেও যাহার রাজস্ব স্বতন্ত্র ধার্য্য হইয়াছে "মহাল" শব্দে সেই ভূমি বুঝায় ইতি।

বাজারদর কি নিট লভ্য নির্ণয় করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। ৭ ধারার ৫ ও ৮ প্রকরণে যে ভূমির ও বাটীর ও বাগানের উল্লেখ হইয়াছে তাহার বৎসরের নিট লভ্য কিম্বা বাজারদর অন্যায়মতে নিরূপণ হইয়াছে আদালতের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে ঐ ভূম্যাদির মোকদ্দমা উপস্থিত করিলে যত টাকা ফী আদায় হইতে পারে ইহার হিসাব করিবার জন্যে আদালত উপযুক্ত কোন ব্যক্তিকে কমিশ্যন দিয়া স্থানীয় কিম্বা প্রয়োজনমত অন্য অনুসন্ধান

local or other investigation as may be necessary, and to report thereon to the Court.

Procedure where nett profits or market-value wrongly estimated.

9. i. If in the result of any such investigation the Court shall find that the nett profits or market-value have or has been wrongly estimated, the Court shall either, as the case may be, refund the excess paid as such fee, or require the plaintiff to pay so much additional fee as would have been payable had the said market-value or nett profits been rightly estimated.

ii. In such case the suit shall be stayed until the additional fee is paid. If the additional fee is not paid within such time as the Court shall fix, the suit shall be dismissed.

iii. Section one hundred and eighty of the Code of Civil Procedure shall be construed as if the words "the market-value of any property in suit or" were inserted after the word "ascertaining," and as if the words "or annual nett profits" were inserted after the word "damages."

Procedure in suits for mesne profits or account when profits or amount decreed exceed profits or amount claimed.

10. In suits for mesne profits or for immoveable property and mesne profits, or for an account, if the profits or amount decreed are or is in excess of the profits claimed or the amount at which the plaintiff valued the relief sought, the decree shall not be executed until the difference between the fee actually paid and the fee which would have been payable had the suit comprised the whole of the profits or amount so decreed shall have been paid to the proper officer.

Where the amount of mesne profits is left to be ascertained in the course of the execution of the decree, if the profits so ascertained exceed the profits claimed, the further execution of the decree shall be stayed until the difference between the fee actually paid and the fee which would have been payable had the suit comprised the whole of the profits so ascertained is paid. If the additional fee is not paid within such time as the Court shall fix, the suit shall be dismissed.

Decision of questions as to valuation.

11. All questions relating to valuation for the purpose of determining the amount of fee chargeable under this chapter on a plaint or memorandum of appeal, shall be decided by the Court in which such plaint or memorandum, as the case may be, is filed, and such decision shall be final as between the parties to the suit.

But if in any case the Appellate Court considers that such question has been wrongly decided, to the detriment of the revenue, it may require the



করিয়া আদালতে রিপোর্ট করিবার আদেশ করি
পারিবেন ইতি।

বাজার দরের কি নিট লাভের হিসাবে ভ্রম হইলে কার্য্যপ্রণালীর কথা।

৯ ধারা। (১) তদ্রূপ অনুসন্ধান করা গেলে সেই বাজার দরের কি নি লভ্যের হিসাব করণে হইয়াছে আদালত জানিতে পাইলে, ফী স্ব যত টাকা দেওয়া গিয়াছে তাহার অতিরিক্ত অ ফিরিয়া দিবেন অথবা বিষয় বিশেষে ঐ বাজার দ কি নিট লভ্যের হিসাবে ভ্রম না থাকিলে বা যত অধিক ফী দিতে হইত তাহা দিবার আ করিবেন।

(২) এমন স্থলে সেই অধিক ফী না দে পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত থাকিবে। আদালত সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে ঐ অধিক না দেওয়া গেলে, মোকদ্দমা ডিসমিস হইবে।

(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আই ১৮০ ধারায় "পরিষ্কার করিবার জন্যে" এই ক পরে "কিম্বা বিবাদীয় সম্পত্তির বাজার দর" কথা, এবং "খেসারতের টাকা" এই কথার পর কি "বৎসরের নিট লভ্য" এই কথা থাকার ন্যা ধারার অর্থ করিতে হইবে ইতি।

ওয়াসিলাতের কি হিসাবের নিমিত্ত মোকদ্দমায় যত ওয়াসিলাতের কি টাকার দাওয়া হয় তাহার অধিকের ডিক্রী হইলে কার্য্য প্রণালীর কথা।

১০ ধারা। ওয়াসিলাতের কিম্বা স্থাবর সম্ ও ওয়াসিলাতের নি কিম্বা হিসাব পাইবার মিত্ত মোকদ্দমায়, যত ও সিলাতের দাওয়া হয় অর্থী প্রার্থিত উপ রের যে মূল্য ধরেন ধিকের ডিক্রী হইলে, মো দ্দমায় সেই ডিক্রীর সম্পূর্ণ টাকা ধরা গেলে ফী দিতে হইত ও যত দেওয়া গেল উপ কার্য্যকারককে ইহার বিশেষ না দেওনপর্য্যন্ত ঐ ডি মত কার্য্য সাধন হইবে না।

যদি ডিক্রী সাধন কালে ওয়াসিলাতের টাকা নি পণ করিবার নিয়ম হইয়া থাকে, তবে তদ্রূপে যে ও সিলাত নিরূপণ করা যায় তাহা দাওয়া করা ওয়া লাতের অধিক হইলে, তদ্রূপে নিরূপিত স ওয়াসিলাত মোকদ্দমায় ধরা গেলে যত ফী দিতে হইত ও যাহা দেওয়া গেল বিশেষ না দেওন পর্য্যন্ত ডিক্রী সাধন করিবার অ কার্য্য স্থগিত থাকিবে। আদালত যে সময় পণ করেন সেই সময়ের মধ্যে ঐ অধিক ফী দেওয়া গেলে মোকদ্দমা ডিসমিস হইবে ইতি।

মূল্য নিরূপণের বিবাদ নিষ্পত্তির কথা।

১১ ধারা। আবেদনপত্রের কিম্বা আপীলের ম ত্মকপত্রের উপর এই অধ মতে যত ফী লাগিবে নির্ণয় করণার্থ মূল্য নির বিষয়ক বিবাদ হইলে, যে আদালতে ঐ আবেদন কি মর্ম্মাত্মকপত্র দেওয়া যায় সেই আদালত ঐ বি নিষ্পত্তি করিবেন। এবং মোকদ্দমার অর্থিপ্রত্য পক্ষে সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

কিন্তু ঐ বিবাদ অন্যায়মতে নিষ্পত্তি হইল ও তা রাজস্বের হানির সম্ভাবনা আপীল আদালতের বিবেচনা হইলে ঐ বিবাদ যথার্থমতে নিষ্পত্তি হ



appellant to pay so much additional fee as would have been payable had the question been rightly decided, and the provisions of section nine, paragraph ii, shall apply.

Refund of fee paid on memorandum of appeal.

12. If an appeal or plaint, which has been rejected by the lower Court on any of the grounds mentioned in the Code of Civil Procedure, is ordered to be received, or if a suit is remanded in appeal, on any of the grounds mentioned in section three hundred and fifty-one of the same Code, for a second decision by the lower Court, the appellate Court shall grant to the appellant a certificate, authorizing him to receive back from the Collector the full amount of fee paid on the memorandum of appeal:

Provided that, if, in the case of a remand in appeal, the order of remand shall not cover the whole of the subject-matter of the suit, the certificate so granted shall not authorize the appellant to receive back more than so much fee as would have been originally payable on the part or parts of such subject-matter in respect whereof the suit has been remanded.

Refund of fee on application for review of judgment.

13. Where an application for a review of judgment is presented on or after the ninetieth day from the date of the decree, the Court, unless the delay was caused by the applicant's laches, may, in its discretion, grant him a certificate authorizing him to receive back from the Collector so much of the fee paid on the plaint or memorandum of appeal as exceeds the fee payable on an application to such Court under the first schedule to this Act, No. 3.

Refund where Court reverses or modifies its former decision on ground of mistake.

14. Where such application is admitted and where on the rehearing, the Court reverses or modifies its former decision on the ground of mistake in law or fact, the applicant shall be entitled to a certificate from the Court authorizing him to receive back from the Collector so much of the fee paid on the plaint or memorandum of appeal as exceeds the fee payable on any other application to such Court under the second schedule to this Act, No. 1, clause (*b*) or clause (*d*).

But nothing in the former part of this section shall entitle the applicant to such certificate where the reversal or modification is due, wholly or in part, to fresh evidence which might have been produced at the original hearing.



অধিক যত ফী দিতে হইত ঐ আদালত আপেলাণ্টকে তত টাকা ফী দিবার আজ্ঞা করিবেন। এই স্থলে ৯ ধারার ২ প্রকরণের বিধি খাটে ইতি।

আপীলের মর্ম্মাত্মকপত্রের উপর যে ফী দেওয়া যায় তাহা ফিরিয়া পাইবার কথা।

১২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের লিখিত কোন হেতুতে অধঃস্থ আদালত কোন আপীল কি আবেদনপত্র অগ্রাহ্য করিলে যদি তাহা গ্রাহ্য করিবার আজ্ঞা হয়, কিম্বা মোকদ্দমার আপীল হইয়া যদি ঐ আইনের ৩৫১ ধারার লিখিত কোন হেতুতে তাহা অধঃস্থ আদালতের দ্বিতীয়বার নিষ্পত্তি করিবার জন্যে ফিরিয়া পাঠান যায়, তবে আপীলের মর্ম্মাত্মকপত্রের উপর যত টাকা ফী দেওয়া গেল আপীল আদালত আপেলাণ্টকে কালেক্টর সাহেবের স্থানে ঐ সমুদয় টাকা ফিরিয়া পাইবার অনুমতিসূচক সংশিতপত্র দিবেন।

পরন্তু আপীল হইয়া মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলেও ফিরিয়া পাঠাইবার সেই আজ্ঞা যদি মোকদ্দমা সংক্রান্ত সম্পূর্ণ বিষয়সম্পার্কীয় না হয়, তবে বিবাদীয় বিষয়ের যে অংশ ফিরিয়া পাঠান গেল সেই অংশের উপর আদৌ যত টাকা ফী লাগিতে পারিত ঐ সংশিতপত্রক্রমে আপেলাণ্ট তাহার অধিক ফিরিয়া পাইতে পারিবে না ইতি।

ডিক্রীর পুনর্ব্বিচার হইবার প্রার্থনা হইলে ফী ফিরিয়া দিবার কথা।

১৩ ধারা। যদি ডিক্রীর তারিখঅবধি নবতিতম (৯০) দিনে কি তৎপরে ডিক্রীর পুনর্ব্বিচার হইবার প্রার্থনা হয়, তবে প্রার্থকের ত্রুটি-প্রযুক্ত সেই বিলম্ব না হইলে আবেদনপত্রের কি আপীলের মর্ম্মাত্মকপত্রের উপর যত টাকা ফী দেওয়া গেল তাহা এই আইনের প্রথম তফসীলের ৩ নং মতে ঐ আদালতের নিকট প্রার্থনাপত্রের উপর দাতব্য ফীর যত অধিক হয়, আদালত বিহিত বোধ করিলে কালেক্টর সাহেবের স্থানে প্রার্থকের সেই অধিকাংশ পাইবার অনুমতির সংশিতপত্র দিবেন ইতি।

আদালত ভ্রমহেতুক পূর্ব্ব নিষ্পত্তি অন্যথা কি মতান্তর করিলে টাকা ফিরিয়া পাইবার কথা।

১৪ ধারা। উক্ত প্রার্থনা গ্রাহ্য হইলে এবং আদালত পুনঃশ্রবণ কালে আইন কি বৃত্তান্ত ঘটিত ভ্রম হেতুক আপনার পূর্ব্ব নিষ্পত্তি অন্যথা কি মতান্তর করিলে আবেদনপত্রের কি আপীলের মর্ম্মাত্মকপত্রের উপর যত টাকা ফী দেওয়া গেল তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের ১ নম্বরের (খ) কি (ঘ) প্রকরণক্রমে ঐ আদালতের নিকট অন্য কোন প্রার্থনাপত্রের উপর দাতব্য ফীর যত অধিক হয় প্রার্থক আদালতহইতে কালেক্টর সাহেবের স্থানে সেই অধিকাংশ ফিরিয়া পাইবার অনুমতির সংশিতপত্র পাইতে পারিবেন।

কিন্তু আদৌ শ্রবণ কালে যে প্রমাণ উপস্থিত করা যাইতে পারিত যদি অংশতঃ কি সম্পূর্ণরূপে তদ্রূপ নূতন প্রমাণ ঐ নিষ্পত্তির অন্যথা কি মতান্তরহওয়ার কারণ হয় তাহা হইলে এই ধারার পূর্ব্বভাগের কোন কথাক্রমে প্রার্থকের ঐ সংশিতপত্র পাইবার স্বত্ত্ব থাকিবে না ইতি।

**15.** When any appeal is presented to a Civil Court, not against the whole of a decision, but only against so much thereof as relates to a portion of the subject-matter of the suit, and, on the hearing of such appeal, the respondent takes, under section three hundred and forty-eight of the Code of Civil Procedure, an objection to any part of the said decision other than the part appealed against, the Court shall not hear such objection until the respondent shall have paid the additional fee which would have been payable had the appeal comprised the part of the decision so objected to.

*Additional fee where respondent takes objection to unappealed part of decree.*

**16.** Where a suit embraces two or more distinct subjects, the plaint or memorandum of appeal shall be chargeable with the aggregate amount of the fees to which the plaints or memoranda of appeal in suits embracing separately each of such subjects would be liable under this Act.

*Multifarious suits.*

**17.** When the first or only examination of a person who complains of the offence of wrongful confinement, or of wrongful restraint, or of any offence other than an offence for which police-officers may arrest without a warrant, and who has not already presented a petition on which a fee has been levied under this Act, is reduced to writing under the provisions of the Code of Criminal Procedure, the complainant shall pay a fee of eight annas, unless the Court thinks fit to remit such payment.

*Written examinations of complainants.*

**18.** Nothing contained in this Act shall render the following instruments chargeable with any fee :—

*Exemption of certain instruments.*

i. Power of attorney to institute or defend a suit when executed by an officer, warrant-officer, non-commissioned officer or private of Her Majesty's army not in civil employment.

ii. Declarations mentioned in section one hundred and eighteen and section one hundred and sixty-four of the Code of Civil Procedure.

iii. Written statements called for by the Court after the first hearing of a suit.

iv. Plaint presented to a Military Court of Requests.

v. Plaints in suits tried by Village Munsifs in the Presidency of Fort St. George.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৫ ফেব্রুআরি।]

১৫ ধারা। দেওয়ানী আদালতে সম্পূর্ণ নিষ্পত্তির উপর আপীল না হইয়া যদি মোকদ্দমায় বিবাদীয় বিষয়ের কেবল একাংশ সম্পর্কে আপীল হইয়া থাকে, এবং যে অংশের উপর আপীল হইল রিস্পাণ্ডেণ্ট ঐ আপীল শ্রুত হওনকালে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৪৮ ধারামতে সেই অংশভিন্ন নিষ্পত্তির অন্য অংশের বিষয়ে আপত্তি করিয়া থাকে তাহা হইলে নিষ্পত্তির যে অংশের বিষয়ে তদ্রূপ আপত্তি হয় আপীলে সেই অংশও ধরা গেলে অধিক যত ফী লাগিতে পারিত রিস্পাণ্ডেণ্ট তাহা না দিলে আদালত সেই আপত্তি শ্রবণ করিবেন না ইতি।

*ডিক্রীর যে অংশের উপর আপীল হয় নাই রিস্পাণ্ডেণ্ট সেই বিষয়ের আপত্তি করিলে অতিরিক্ত ফীর কথা।*

১৬ ধারা। একি মোকদ্দমা দুই কি তদধিক ভিন্ন২ বিষয়ঘটিত হইলে এই আইনক্রমে উক্ত প্রত্যেক বিষয়ের স্বতন্ত্র মোকদ্দমায় আবেদনপত্রের কি আপীলের মর্ম্মাত্মকপত্রের যত ফী লাগে, পূর্ব্বোক্ত মোকদ্দমার আবেদনপত্রের কি আপীলের মর্ম্মাত্মকপত্রের নিমিত্তে তাহার সমষ্টি ফী লাগিবে ইতি।

*বিবিধ বিষয়ঘটিত এক মোকদ্দমার কথা।*

১৭ ধারা। যদি কোন ব্যক্তি অন্যায়মতে কয়েদ কি অন্যায়মতে আসিদ্ধ হওন অপরাধের কিম্বা অন্য যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা পরওয়ানাভিন্ন ধরিতে পারে না এমত অপরাধের অভিযোগ করিয়া এই আইনমত ফী দেওন পূর্ব্বক দরখাস্ত না দিয়া থাকে, তবে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে তাহার প্রথম কি একি পরীক্ষা লিপি বদ্ধ হইলে তাহার আট আনা ফী দিতে হইবে। কিন্তু আদালত তাহা ক্ষমা করা উচিত বোধ করিলে ক্ষমা করিতে পারিবেন ইতি।

*অভিযোক্তার লিখিত পরীক্ষার কথা।*

১৮ ধারা। নিম্নলিখিত নিদর্শনপত্রের উপর এই আইনের কোন কথাক্রমে ফী লাগিবে না। যথা,

*কোন২ নিদর্শনপত্র মুক্ত থাকার কথা।*

(১) শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের সেনাপতি কিম্বা ওয়ারণ্ট আফিসর কি সনদ অপ্রাপ্ত হুদ্দাদার কি সেনা দেওয়ানী কর্ম্মে নিযুক্ত না হইয়া মোকদ্দমা উপস্থিত করিবার কিম্বা পক্ষসমর্থন করিবার জন্যে যে মোখ্তারনামা করেন তাহা।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১১৮ ও ১৬৪ ধারার উল্লিখিত নির্দ্দেশ বাক্য।

(৩) মোকদ্দমার প্রথম শ্রবণের পরে আদালত যে লিখিত বর্ণনা দিবার আজ্ঞা করেন তাহা।

(৪) সৈন্যসংক্রান্ত কোর্টরিক্বেষ্টে যে আবেদনপত্র উপস্থিত করা যায় তাহা।

(৫) ফোর্ট সেণ্ট জর্জ্জ (মান্দ্রাজ) দেশে গ্রাম্যমুনসেফেরা যে মোকদ্দমার বিচার করেন তৎসংক্রান্ত আবেদনপত্র।



vi. Plaints and processes in suits before District Panchâyats in the same Presidency.

vii. Plaints in suits before Collectors under Madras Regulation XII of 1816.

viii. Probate of a will and letters of administration where the amount or value of the property in respect of which the probate or letters shall be granted does not exceed one thousand rupees.

ix. Application or petition to a Collector or other officer making a settlement of land-revenue, or to a Board of Revenue, or a Commissioner of Revenue, relating to matters connected with the assessment of land, or the ascertainment of rights thereto or interests therein, if presented previous to the final confirmation of such settlement.

x. Application relating to a supply for irrigation of water belonging to Government.

xi. Application for leave to extend cultivation, or to relinquish land, when presented to an officer of land-revenue by a person holding under direct engagement with Government land of which the revenue is settled but not permanently.

xii. Application for service of notice of relinquishment of land or of enhancement of rent.

xiii. Written authority to an agent to distrain.

xiv. First application (other than a petition containing a criminal charge or information) for the summons of a witness or other person to attend either to give evidence or to produce a document, or in respect of the production or filing of an exhibit.

xv. Bail-bonds in criminal cases, recognizances to prosecute or give evidence, and recognizances for personal appearance or otherwise.

xvi. Petition, application, charge, or information respecting any offence, when presented, made or laid to or before a Police officer, or to or before the Heads of Villages or the Village Police in the territories respectively subject to the Governors in Council of Madras and Bombay.

[*Government Gazette*, 15*th February* 1870.]

(৬) ঐ দেশে জিলার পঞ্চায়তের সম্মুখে উপস্থিত মোকদ্দমায় আবেদনপত্র ও পরওয়ানা।

(৭) মান্দ্রাজের ১৮১৬ সালের ১২ আইনমতে কালেকুটর সাহেবদের সম্মুখে উপস্থিত করা মোকদ্দমার আবেদনপত্র।

(৮) যে সম্পত্তির উপলক্ষে চরমপত্রের প্রামাণিকপত্র কি দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র দেওয়া যাইবে ঐ সম্পত্তির মূল্য ১০০০৲ টাকার অধিক না হইলে ঐ প্রামাণিকপত্র ও দ্রব্যনিরূপণাধিকারিত্ব পত্র।

(৯) কালেকুটর সাহেবের কিম্বা অন্য যে কার্য্যকারক ভূমির রাজস্বের বন্দোবস্ত করেন তাঁহার কিম্বা রেবিনিউ বোর্ডের কিম্বা রাজস্বসংক্রান্ত কমিশ্যনর সাহেবের নিকটে ভূমির রাজস্ব ধার্য্য করণ সম্পর্কীয় কিম্বা তদ্ঘটিত স্বত্ব কি স্বার্থ নির্ণয়করণ সম্পর্কীয় বিষয়ের যে প্রার্থনাপত্র কি দরখাস্ত করা যায় তাহা ঐ বন্দোবস্তের শেষ অবধারণ করণের পূর্ব্বে উপস্থিত করা গেলে সেই প্রার্থনাপত্র কি দরখাস্ত।

(১০) ভূমিতে সেচিবার নিমিত্তে গবর্ণমেণ্টের জল পাইবার প্রার্থনাপত্র।

(১১) যে ভূমির রাজস্ব অবধারিত আছে কিন্তু চিরস্থায়িরূপে নয় নিজ গবর্ণমেণ্টের নিকট অঙ্গীকারক্রমে বদ্ধ ঐ ভূমিভোগি ব্যক্তি ভূমির রাজস্বের কর্ত্তৃপক্ষের নিকট ঐ ভূমির চাষ বৃদ্ধি করিবার কিম্বা সেই ভূমি ত্যাগ করিবার অনুমতির যে প্রার্থনাপত্র দেন ঐ প্রার্থনাপত্র।

(১২) ভূমি ত্যাগ কিম্বা খাজানা বৃদ্ধি করণের নোটিস দিবার প্রার্থনাপত্র।

(১৩) কর্ম্মকারকের নিকটে ক্রোক করিবার লিখিত ক্ষমতাপত্র।

(১৪) যে দরখাস্তে অপরাধের অভিযোগ কি সন্ধান লেখা থাকে তদ্ভিন্ন সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে সাক্ষির কিম্বা অন্য ব্যক্তির উপস্থিত হইবার সমন দেওনের কিম্বা কোন নিদর্শনপত্র দেখাইবার কি অর্পণ করিবার বিষয়ে যে প্রথম প্রার্থনাপত্র হয় তাহা।

(১৫) ফৌজদারী মোকদ্দমায় দর্শনপ্রতিভূর নিবন্ধপত্র। নালিশ করিবার কিম্বা সাক্ষ্য দিবার প্রতিজ্ঞাপত্র। স্বয়ং কিম্বা অন্যের উপস্থিত হইবার প্রতিজ্ঞাপত্র।

(১৬) পোলীসের কর্ম্মকারকের নিকট কি তাঁহার সম্মুখে, কিম্বা মান্দ্রাজের ও বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত গ্রামের মণ্ডলের কিম্বা গ্রাম্য পোলীসের নিকটে কি তাঁহার সম্মুখে, অপরাধ বিষয়ক যে দরখাস্ত কি প্রার্থনাপত্র কি অভিযোগপত্র কি সন্ধানবাদ দেওয়া কি অর্পণ করা যায় তাহা।

xvii. Petition by a prisoner, or other person in duress or under restraint of any Court or its officers.

xviii. Complaint by a public servant (as defined in the Indian Penal Code) or municipal officer.

xix. Application for permission to cut timber in Government forests, or otherwise relating to such forests.

xx. Application for the payment of money due by Government to the applicant.

xxi. Petition of appeal against the chaukídárí assessment under Act No. XX of 1856, or against any municipal tax.

xxii. Applications for compensation under any law for the time being in force relating to the acquisition of property for public purposes.

xxiii. Petitions presented to the special Commissioner appointed under Bengal Act No. II of 1869 (*to ascertain, regulate and record certain tenures in Chota Nagpore*).

---

## CHAPTER IV.

### PROCESS FEES.

Rules as to costs of processes.

**19.** The High Court shall make rules as to the following matters :—

i. the fees chargeable for serving and executing processes issued by such Court in its appellate jurisdiction, and by the other Civil and Revenue Courts established within the local limits of such jurisdiction :

ii. the fees chargeable for serving and executing processes issued by the Criminal Courts established within such limits in the case of offences other than offences for which police officers may arrest without a warrant ; and

iii. the remuneration of the peons and all other persons employed in the service or execution of processes by leave of a Court.

The High Court may from time to time alter and add to the rules so made.

Confirmation and publication of rules.

All such rules, alterations and additions shall, after being confirmed by the Local Government and published in the local official Gazette, be deemed to have the force of law.

Until such rules shall be made, the fees now leviable for serving and executing processes shall

(১৭) কারাবদ্ধ ব্যক্তির কিম্বা কোন আদালত কিম্বা তৎকর্ম্মকারককর্ত্তৃক আসিদ্ধ কি আটক করা ব্যক্তির দরখাস্ত।

(১৮) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে যিনি রাজকীয় কার্য্যকারক হন তাঁহার কিম্বা মুনিসিপাল কার্য্যকারকের দত্ত অভিযোগপত্র।

(১৯) গবর্ণমেণ্টের বনবৃক্ষচ্ছেদনের অনুমতির কিম্বা ঐ বনসম্পার্কীয় অন্য বিষয়ের প্রার্থনাপত্র।

(২০) গবর্ণমেণ্টের স্থানে প্রার্থকের পাওনা টাকা পাইবার প্রার্থনাপত্র।

(২১) ১৮৫৬ সালের ২০ আইনমত চৌকীদারী টাকসের কিম্বা নগরসংক্রান্ত কোন টাক্সের উপর আপীলের দরখাস্ত।

(২২) রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূম্যাদি গ্রহণ বিষয়ক যে আইন যৎকালে প্রবল থাকে, এমত কোন আইনমতে ক্ষতিপূরণের প্রার্থনাপত্র।

(২৩) ছোট নাগপুরের অন্তর্গত ভূসম্পর্ক নিরূপণ ও তাহার বিধান করণার্থ ও তাহা লিপিবদ্ধ করণার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ২ আইনমতে যে স্পেশ্যাল কমিশ্যনর নিযুক্ত হন তাঁহার নিকট দরখাস্ত।

---

## চতুর্থ অধ্যায়।

### পরওয়ানার ফীর বিধি।

পরওয়ানার নিমিত্ত খরচের বিধি।

১৯ ধারা। হাই কোর্ট নিম্নলিখিত বিষয়ের বিধি করিবেন।

(১) আপীল শুনিবার ক্ষমতা সম্পর্কে ঐ কোর্ট এবং ঐ ক্ষমতাধীন স্থানের মধ্যে দেওয়ানী ও রাজস্বসংক্রান্ত যেং আদালত স্থাপিত হইয়াছে সেইং আদালত যে পরওয়ানা প্রচার করেন, তাহা দিবার ও সাধন করিবার জন্যে যত ফী লাগিবে তাহার।

(২) যে অপরাধ হইলে পোলীসসংক্রান্ত কর্ম্মকারক পরওয়ানা ভিন্ন ধৃত করিতে পারে তদ্ভিন্ন অন্য অপরাধ হইলে, পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত ফৌজদারী আদালত যে পরওয়ানা প্রচার করেন তাহা দিবার ও সাধন করিবার নিমিত্তে যত ফী লাগিবে তাহার।

(৩) যে পেয়াদারা ও অন্য যে ব্যক্তিরা আদালতের অনুমতিক্রমে পরওয়ানা দিবার কি সাধন করিবার কর্ম্মে নিযুক্ত হয় তাহারদের পারিশ্রমিকের।

তদ্রূপ যে সকল বিধি করা যায় হাই কোর্ট সময়েং তাহা পরিবর্ত্তন কি বৃদ্ধি করিতে পারিবেন।

ঐ বিধি দৃঢ় ও প্রকাশ করণের কথা।

উক্ত সকল বিধি ও পরিবর্ত্তিত ও বর্দ্ধিত বিধি স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক স্থিরীকৃত ও স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইলে পর আইনের তুল্য বলবৎ জ্ঞান হইবে।

উক্ত বিধি যত কাল না করা যায় তত কাল পরওয়ানা দিবার ও সাধন করিবার যে ফী এখন আদায় হইতে





continue to be levied, and shall be deemed to be fees leviable under this Act.

Tables of process-fees.

**20.** A Table in the English and Vernacular languages, showing the fee chargeable for such service and execution, shall be exposed to view in a conspicuous part of each Court.

Number of peons in District and subordinate Courts.

**21.** Subject to the approval of the High Court, every District Judge and every Magistrate of a District shall fix the number of peons necessary to be employed in his Court and in each of the Courts subordinate thereto, for the service and execution of processes issued out of such Court and subordinate Courts.

Number of peons in Mofussil Small Cause Courts.

The Judge of every Court of Small Causes established under Act No. XI of 1865 (*to consolidate and amend the law relating to Courts of Small Causes beyond the local limits of the ordinary original civil jurisdiction of the High Courts of Judicature*) shall in like manner fix the number of peons necessary to be employed in such Court for the service and execution of processes issued thereout.

Subject to the like approval, every such District Judge, Magistrate of a District and Judge of a Court of Small Causes may from time to time alter the number of peons to be so employed.

Number of peons in Revenue Courts.

**22.** Subject to the orders of the Chief Controlling Revenue Authority, every officer performing the functions of a Collector of a District shall fix the number of peons necessary to be employed for the service and execution of processes issued out of his Court or the Courts subordinate to him, and may from time to time alter such number.

Process served under this chapter to be held process served under Civil Procedure Code.

| ২,৫০০ | ২,৬০০ | ১৫৫৲ | ১১,৫০০ | ১২,০০০ | ৫৩৫৲ |
| ২,৬০০ | ২,৭০০ | ১৬০৲ | ১২,০০০ | ১২,৫০০ | ৫৫০৲ |
| ২,৭০০ | ২,৮০০ | ১৬৫৲ | ১২,৫০০ | ১৩,০০০ | ৫৬৫৲ |
| ২,৮০০ | ২,৯০০ | ১৭০৲ | ১৩,০০০ | ১৩,৫০০ | ৫৮০৲ |
| ২,৯০০ | ৩,০০০ | ১৭৫৲ | ১৩,৫০০ | ১৪,০০০ | ৫৯৫৲ |
| ৩,০০০ | ৩,১০০ | ১৮০৲ | ১৪,০০০ | ১৪,৫০০ | ৬১০৲ |
| ৩,১০০ | ৩,২০০ | ১৮৫৲ | ১৪,৫০০ | ১৫,০০০ | ৬২৫৲ |
| ৩,২০০ | ৩,৩০০ | ১৯০৲ | ১৫,০০০ | ১৫,৫০০ | ৬৪০৲ |
| ৩,৩০০ | ৩,৪০০ | ১৯৫৲ | ১৫,৫০০ | ১৬,০০০ | ৬৫৫৲ |
| ৩,৪০০ | ৩,৫০০ | ২০০৲ | ১৬,০০০ | ১৬,৫০০ | ৬৭০৲ |
| ৩,৫০০ | ৩,৬০০ | ২০৫৲ | ১৬,৫০০ | ১৭,০০০ | ৬৮৫৲ |
| ৩,৬০০ | ৩,৭০০ | ২১০৲ | ১৭,০০০ | ১৭,৫০০ | ৭০০৲ |
| ৩,৭০০ | ৩,৮০০ | ২১৫৲ | ১৭,৫০০ | ১৮,০০০ | ৭১৫৲ |
| ৩,৮০০ | ৩,৯০০ | ২২০৲ | ১৮,০০০ | ১৮,৫০০ | ৭৩০৲ |
| ৩,৯০০ | ৪,০০০ | ২২৫৲ | ১৮,৫০০ | ১৯,০০০ | ৭৪৫৲ |
| ৪,০০০ | ৪,১০০ | ২৩০৲ | ১৯,০০০ | ১৯,৫০০ | ৭৬০৲ |
| ৪,১০০ | ৪,২০০ | ২৩৫৲ | ১৯,৫০০ | ২০,০০০ | ৭৭৫৲ |
| ৪,২০০ | ৪,৩০০ | ২৪০৲ | ২০,০০০ | ২১,০০০ | ৭৯৫৲ |
| ৪,৩০০ | ৪,৪০০ | ২৪৫৲ | ২১,০০০ | ২২,০০০ | ৮১৫৲ |





মোকদ্দমা উপস্থিত করিলে মূল্যানুসারে যে ফী দিতে হইবে তাহা হিসাব করিবার টেবিল।

| বিবাদীয় টাকা কি মুল্য যাহার অধিক হইলে | ও যাহার অনধিক হইলে | যত ফী লাগে | বিবাদীয় টাকা কি মূল্য যাহার অধিক হইলে | ও যাহার অনধিক হইলে | যত ফী লাগে। |
|---|---|---|---|---|---|
| ২২,০০০ | ২৩,০০০ | ৮৩৫৲ | ৪৬,০০০ | ৪৮,০০০ | ১,১৫৫৲ |
| ২৩,০০০ | ২৪,০০০ | ৮৫৫৲ | ৪৮,০০০ | ৫০,০০০ | ১,১৭৫৲ |
| ২৪,০০০ | ২৫,০০০ | ৮৭৫৲ | ৫০,০০০ | ৫৫,০০০ | ১,২০০৲ |
| ২৫,০০০ | ২৬,০০০ | ৮৯৫৲ | ৫৫,০০০ | ৬০,০০০ | ১,২২৫৲ |
| ২৬,০০০ | ২৭,০০০ | ৯১৫৲ | ৬০,০০০ | ৬৫,০০০ | ১,২৫০৲ |
| ২৭,০০০ | ২৮,০০০ | ৯৩৫৲ | ৬৫,০০০ | ৭০,০০০ | ১,২৭৫৲ |
| ২৮,০০০ | ২৯,০০০ | ৯৫৫৲ | ৭০,০০০ | ৭৫,০০০ | ১,৩০০৲ |
| ২৯,০০০ | ৩০,০০০ | ৯৭৫৲ | ৭৫,০০০ | ৮০,০০০ | ১,৩২৫৲ |
| ৩০,০০০ | ৩২,০০০ | ৯৯৫৲ | ৮০,০০০ | ৮৫,০০০ | ১,৩৫০৲ |
| ৩২,০০০ | ৩৪,০০০ | ১,০১৫৲ | ৮৫,০০০ | ৯০,০০০ | ১,৩৭৫৲ |
| ৩৪,০০০ | ৩৬,০০০ | ১,০৩৫৲ | ৯০,০০০ | ৯৫,০০০ | ১,৪০০৲ |
| ৩৬,০০০ | ৩৮,০০০ | ১,০৫৫৲ | ৯৫,০০০ | ১,০০,০০০ | ১,৪২৫৲ |
| ৩৮,০০০ | ৪০,০০০ | ১,০৭৫৲ | ১,০০,০০০ | ২,০০,০০০ | ১,৯২৫৲ |
| ৪০,০০০ | ৪২,০০০ | ১,০৯৫৲ | ২,০০,০০০ | ৩,০০,০০০ | ২,৪২৫৲ |
| ৪২,০০০ | ৪৪,০০০ | ১,১১৫৲ | ৩,০০,০০০ | ৪,০০,০০০ | ২,৯২৫৲ |
| ৪৪,০০০ | ৪৬,০০০ | ১,১৩৫৲ | | | |

২ তফসীল।

অবধারিত ফী।

| নম্বর। | | উপযুক্ত ফী। |
|---|---|---|
| | | টাকা। |
| **১। প্রার্থনাপত্র কি দরখাস্ত।** | (ক) গবর্ণমেণ্টের সঙ্গে যে ব্যক্তির ব্যাপার থাকে তিনি কষ্টম কি আবকারি কর্ম্ম বিভাগের কার্য্যকারককে কিম্বা কোন মাজিষ্ট্রেটকে দিলে, ও সেই প্রার্থনাপত্রের মর্ম্ম কেবল সেই ব্যাপার লইয়া হইলে,<br><br>কিম্বা যে ব্যক্তি নিজ গবর্ণমেণ্টের সহিত নিয়ম করিয়া মিয়াদী বন্দোবস্তমতে ভূমি ভোগ করে সে ভূমির রাজস্বসংক্রান্ত কোন কর্ত্তৃপক্ষকে প্রার্থনাপত্র দিলে ও ঐ প্রার্থনাপত্রের কি দরখাস্তের মর্ম্ম কেবল ঐ নিয়মের বিষয়ে হইলে,<br><br>কিম্বা কোন স্থানের পারিপাট্য কি সৌষ্ঠব করণার্থ যে আইন যৎকালে প্রচলিত হয় এমত কোন আইনক্রমে যিনি মুনিসিপল কমিশ্যনর হন তাঁহাকে ঐ প্রার্থনাপত্র কি দরখাস্ত দেওয়া গেলে ও সেই প্রার্থনাপত্র কি দরখাস্ত কেবল সেই পারিপাট্য কি সৌষ্ঠব কার্য্য সম্পার্কীয় হইলে,<br><br>কিম্বা যে মোকদ্দমায় বিবাদীয় টাকা কি বিষয়ের মূল্য পঞ্চাশ টাকার ন্যূন হয় এমত মোকদ্দমাসংক্রান্ত ঐ দরখাস্ত মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতভিন্ন কোন দেওয়ানী আদালতে, কিম্বা ১৮৫৯ সালের ৩ আইনমতে দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাবিশিষ্ট আদালতস্বরূপ সৈন্যাবাস স্থানের যে মাজিষ্ট্রেট উপবিষ্ট হন তাঁহাকে, কিম্বা ১৮৬৫ সালের ১১ আইন কিম্বা ১৮৬৮ সালের ১৬ আইনের ২০ ধারামতে সংস্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতে, কিম্বা কালেক্টর সাহেবকে কি রাজস্বসংক্রান্ত অন্য কর্ত্তৃপক্ষকে দেওয়া গেলে,<br><br>কিম্বা কোন দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বসংক্রান্ত আদালতের কি বোর্ডের কি কার্য্যসম্পাদক কর্ত্তৃপক্ষের কোন নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার কিম্বা ঐ আদালতের কি কার্য্যালয়ের কাগজপত্রের অন্তর্গত অন্য দলীলের প্রতিলিপি কি অনুবাদ পাইবার নিমিত্তে ঐ দরখাস্ত উক্ত কোন আদালতে কি বোর্ডে কি কার্য্যকারককে দেওয়া গেলে, | এক আনা। |
| | (খ) পোলীসের কর্ম্মকারকেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে যে অপরাধ হেতুক পরওয়ানা বিনা ধৃত করিতে পারে ঐ দরখাস্তে তদ্ভিন্ন কোন অপরাধের আবেদন কি অভিযোগ লেখা থাকিলে ও তাহা কোন ফৌজদারী আদালতে দেওয়া গেলে, | আট আনা। |





| নম্বর। | | উপযুক্ত ফী |
|---|---|---|
| | | টাকা। |
| **১। প্রার্থনাপত্র কি দরখাস্ত।** | কিম্বা দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বসংক্রান্ত আদালতে কিম্বা কালেক্টর সাহেবকে, কিম্বা কালেক্টর সাহেবের তুল্য কি ন্যূন ক্ষমতাপন্ন রাজস্বসংক্রান্ত অন্য কার্য্যকারককে কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যসম্পদকতা পদসম্পর্কে তাঁহাকে দেওয়া গেলে, ও এই আইনে তাহার বিধানান্তর না হইলে,<br><br>কিম্বা ১৮৩৮ সালের ১৬ আইন কি বোম্বাইয়ের ১৮৬৪ সালের ৫ আইনমতে অধিকার পাইবার মোকদ্দমায়,<br><br>কিম্বা আদালতে রাজস্ব কি খাজানা গচ্ছিত করণার্থ,<br><br>কিম্বা ভূম্যাধিকারী প্রজাকে ক্ষতিপূরণের যত টাকা দিবেন আদালতকর্ত্তৃক তাহার নির্ণয় করণার্থ, | আট আনা। |
| | (গ) প্রধান কমিশ্যনর সাহেবকে, কিম্বা রাজস্বসংক্রান্ত কার্য্যের তত্ত্ববিধায়ক প্রধান অন্য কর্ত্তৃপক্ষকে কি কার্য্যসম্পাদক কর্ত্তৃপক্ষকে কিম্বা রাজস্বংক্রান্ত কি দায়েরসায়েরী কমিশ্যনর সাহেবকে, কিম্বা দেশখণ্ডের কর্ম্মসম্পাদনের কার্য্যনিরূপণাধিকারি কোন প্রধান কর্ত্তপক্ষকে দেওয়া গেলে ও এই আইনে বিধানন্তর না হইলে, | এক টাকা। |
| | (ঘ) হাই কোর্টে উপস্থিত করা গেল ... | দুই টাকা। |
| ২। পাপরস্বরূপ মোকদ্দমা করিবার অনুমতির প্রার্থনাপত্র ... | ... ... ... ... | আট আনা। |
| ৩। পাপরস্বরূপ আপীল করিবার অনুমতির প্রার্থনাপত্র ... | (ক) জিলা আদালতে দেওয়া গেলে ...<br>(খ) হাই কোর্টে দেওয়া গেলে .. | এক টাকা।<br>দুই টাকা। |
| ৪। অধিকারিত্ব স্বত্ব স্থাপন কি অপ্রমাণ করিবার মোকদ্দমায় আবেদনপত্র ... | ... ... ... ... | আট আনা। |
| ৫। দর্শনপ্রতিভূর নিবন্ধপত্র কিম্বা এই আইনেতে নিবন্ধসূচক অন্য যে নিদর্শনপত্রের প্রকারান্তরের বিধান হয় নাই, তাহা কোন আদালতের কিম্বা রাজকার্য্যসম্পাদক কর্ত্তৃপক্ষের আদেশমতে দেওয়া গেলে ... | ... .. ... .. | আট আনা। |
| ৬। ইনকম টাক্সের আইনমত টাক্স বিষয়ে আপত্তিসূচক দরখাস্ত ... | ... .. ... ... | আট আনা। |
| ৭। ভারতবর্ষীয় ইনকম টাক্সের আইনের ২১ ধারামতে আপীলের দরখাস্ত ... | .. ... ... ... | এক টাকা। |

| নম্বর। | | উপযুক্ত ফী। |
|---|---|---|
| | | টাকা। |
| ৮। মোখ্তারনামা কি ওকালৎনামা ... | কোন একি মোকদ্দমা চালাইবার নিমিত্তে— (ক) হাই কোর্টভিন্ন কোন দেওয়ানী কি ফৌজদারী আদালতে কিম্বা রাজস্বসংক্রান্ত কোন আদালতে কিম্বা কোন কালেক্টর কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, কিম্বা (খ) ও (গ) প্রকরণের লিখিত কার্য্যকারক ভিন্ন রাজকার্য্য সম্পাদক অন্য কর্ত্তৃপক্ষের সম্মুখে উপস্থিত করা গেল। | আট আনা। |
| | (খ) রাজস্বসংক্রান্ত কি দায়েরসায়েরী কি কষ্টমের কমিশ্যনর সাহেবের কিম্বা রাজস্বসংক্রান্ত প্রধান কি কার্য্যসম্পাদনের কর্ত্তৃপক্ষভিন্ন দেশখণ্ডের কার্য্যসম্পাদনের কর্ম্মনিরূপণাধিকারি কোন কর্ত্তৃপক্ষের সম্মুখে উপস্থিত করা গেলে ... | এক টাকা। |
| | (গ) হাই কোর্টে কি প্রধান কমিশ্যনর সাহেবের কি রেবিনিউ বোর্ডের কি রাজস্বসংক্রান্ত কার্য্যের তত্ত্ববিধায়ক কি কার্য্যসম্পাদক অন্য প্রধান কর্ত্তৃপক্ষের সম্মুখে উপস্থিত করা গেলে ... | দুই টাকা। |
| ৯। এই আইনের ১ তফসীলের প্রথম নম্বরে আপীলের যে মর্ম্মাত্মকপত্রের বিধান হয় নাই | আবেদনপত্র অগ্রাহ্য করিবার আজ্ঞার উপর কি ডিক্রীর কি তত্তুল্য বলবৎ আজ্ঞার উপর ঐ আপীল না হইলে এবং (ক) হাই কোর্টভিন্ন কোন দেওয়ানী আদালতে কিম্বা হাই কোর্টভিন্ন কিম্বা রাজস্বসংক্রান্ত প্রধান তত্ত্ববিধায়ক কি কার্য্যসম্পাদক কর্ত্তৃপক্ষভিন্ন রাজস্বসংক্রান্ত কোন আদালতে কিম্বা কার্য্যসম্পাদক কর্ত্তৃপক্ষের নিকটে উপস্থিত করা গেলে ... | আট আনা। |
| | (খ) হাই কোর্টে কিম্বা প্রধান কমিশ্যনর সাহেবের নিকটে কিম্বা রাজস্বসংক্রান্ত প্রধান তত্ত্ববিধায়ক কি কার্য্যসম্পাদক অন্য কর্ত্তৃপক্ষের নিকটে উপস্থিত করা গেলে .. | দুই টাকা। |
| ১০। কেবিয়াট (অর্থাৎ চরমপত্রের প্রামাণিকপত্রপ্রভৃতি না দিবার প্রার্থনাপত্র।) | ... ... ... | চারি টাকা। |
| ১১। খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহবন্ধন বিলোপ করণার্থ ১৮৬৬ সালের আইনমত মোকদ্দমার যে দরখাস্ত হয় তাহা<br>১২। স্ত্রীপাইবার মোকদ্দমার আবেদনপত্র<br>১৩। স্ত্রীসম্বন্ধ খণ্ডনার্থ ভারতবর্ষীয় আইনের ৪৭ ধারার উল্লিখিত কোন দরখাস্ত<br>১৪। পারসীদের বিবাহ ও বিবাহবিচ্ছেদ বিষয়ক ১৮৬৫ সালের আইনমত আবেদনপত্র কি আপীলের দরখাস্ত। | ... ... ... | পাঁচ টাকা। |





| নম্বর। | | উপযুক্ত ফী। |
|---|---|---|
| | | টাকা। |
| ১৫। দ্রব্য নিরূপণাধিকারিত্ব সম্পার্কীয় নিবন্ধপত্র | ... ... ... | আট টাকা। |
| ১৬। নিম্নলিখিত প্রত্যেক মোকদ্দমায় আবেদনপত্র।<br>(১) ক্রয় করিবার অগ্রস্বত্ব প্রবল করণার্থ<br>(২) পেটটপত্রদ্বারা স্থাপিত আদালত ভিন্ন কোন দেওয়ানী আদালতের কিম্বা রাজস্ব সংক্রান্ত কোন আদালতের সরাসরী নিষ্পত্তি ও আজ্ঞা পরিবর্ত্তন কি অন্যথা করণার্থ-<br>(৩) নির্দ্দেশসূচক ডিক্রীজাত কোন উপকার প্রার্থনা না হইয়া ঐ ডিক্রী প্রাপণার্থ<br>(৪) চুক্তি পত্রানুসারে নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদনার্থ,<br>(৫) এবং অন্য যে সকল মোকদ্দমায় টাকা ধরিয়া বিবাদীয় বিষয়ের মূল্য নিরূপণ হইতে না পারে ও এই আইনে যাহার বিধানান্তর হয় নাই।<br>১৭। দেওয়ানী মোকদ্দমার কর্য্যবিধানের আইনের ৩২৬ ধারামত প্রার্থনাপত্র<br>১৮। ঐ আইনের ৩২৮ ধারামত নিয়মপত্র | ... ... ... | দশ টাকা। |

তৃতীয় তফসীল।

যেং বিধান রহিত করা গেল।

প্রথম ভাগ।

যেং আইন সম্পূর্ণরূপে রহিত হইল তাহা।

| সাল ও নম্বর। | খ্যাতি। |
|---|---|
| ১৮৬২ সা. ১০ আ. ... | ইষ্টাম্পের মাস্থলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন। |
| ১৮৬৩ সা. ১১ আ. ... | দেওয়ানী পরওয়ানা দিবার ও সাধন করিবার নিমিত্ত পেয়াদাদের নিযুক্ত ক… বার ও পারিশ্রমিক দিবার আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন। |
| ১৮৬৫ সা. ১৮ আ. ... | ১৮৬২ সালের ১০ আইন (অর্থাৎ ইষ্টাম্পের মাস্থলের আইন সংগ্রহ ও সংশো… করণার্থ আইন) সংশোধনার্থ আইন। |
| ১৮৬৮ সা. ১৫ আ. ... | ১৮৬৮ সালের হাই কোর্টের রস্থমের আইন। |
| ১৮৬৩ সাল বঙ্গীয় ৫ আ. ... | দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় আদালতের পরওয়ানা দেওন ও জারী কর… পেয়াদাদিকে নিযুক্ত করণের ও তাহারদের মেহনতানা দেওনের … সংশোধনার্থ আইন। |

দ্বিতীয় ভাগ।

যেং আইনের অংশমাত্র রহিত হইল তাহা।

| সাল ও নম্বর। | খ্যাতি। | যে অংশ রহিত হইল। |
|---|---|---|
| ১৮৫৯ সা. ৮ আ. ... | দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেইং আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনের | ৯৮ ধারাগত "ফরি… সেই রাজীনামার" … কথাঅবধি ধারার … পর্য্যন্ত সকল কথা। ১১৮ ধারাগত "ইষ্টা… না হওয়া কাগজে" … কথা। ১২২ ধারাগত "আদা… সেই প্রকারের" … কথাঅবধি ধারায় … পর্য্যন্ত। ১৬৪ ধারাগত "ইষ্টা… না হওয়া কাগজে" … কথা। ২৯৯ ধারাগত "আট… না মূল্যের ইষ্টাম্প কা…জে" এই কথা। ৩২৬ ধারাগত "মোক… মার আরজী লিখি… যে মূল্যের ইষ্টাম্প … গজ নির্দ্দিষ্ট আছে … হার সিকি মূল্যের … ষ্টাম্প কাগজে" … কথা। ৩২৮ ধারাগত "মোক… মাতে নালিশের" … কথাঅবধি "লিখি… হইবে" এই কথাপর্য্যন্ত… |





| সাল ও নম্বর। | খ্যাতি। | যে অংশ রহিত হইল। |
|---|---|---|
| ১৮৫৯ সা. ৮ আ. ... | | ৩৬৮ ধারাগত "ও সদর আদালতে" এই কথাঅবধি "ইষ্টাম্প কাগজে" এই কথাপর্য্যন্ত। ৩৭৭ ধারাগত "দরখাস্ত" এই কথাঅবধি ধারার শেষপর্য্যন্ত। |
| ১৮৫৯ সা. ১০ আ. ... | ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনের | ১৩ ধারাগত "সেই দরখাস্ত শাদা কাগজে লেখা যাইতে পারে" ও ১২০ ধারাগত "তাহা শাদা কাগজে লিখিয়া দিতে পারিবে" এই কথা। ১৯ ধারাগত "শাদা কাগজে" এই কথা। আপীলের দরখাস্তের যত ইষ্টাম্প লাগিবে ১৫৬ ও ১৬১ ধারাগত এতদ্বিষয়ের কথা। |
| ১৮৬২ সা. ২০ আ. ... | বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতে রস্থম ও ইষ্টাম্পের মাস্থল আদায়ের বিধান করিবার ও উক্ত উপরিস্থ আদালতে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইনের | ২ ধারা। |
| ১৮৬৩ সা. ২১ আ. ... | ব্রিটনীয় বর্ম্মা দেশান্তর্গত আক্যাব ও রাঙ্গুন ও মৌলমেন নগরে রিকার্ডরদের আদালত করিবার ও উক্ত নগরে ক্ষুদ্র মোকদ্দমার আদালত সংস্থাপন করিবার আইনের | ৪৩ ধারা। |
| ১৮৬৫ সা. ১০ আ. ... | ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইনের | ৩২৯ ধারা ও তফসীল। |
| ১৮৬৫ সা. ১৫ আ. ... | পারসীদের বিবাহ ও বিবাহবিচ্ছেদবিষয়ক ১৮৬৫ সালের আইনের | ৩৯ ধারা। |
| ১৮৬৬ সা. ২১ আ. ... | খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি এদেশীয়দের বিবাহবন্ধন বিলোপ করিবার ১৮৬৬ সালের আইনের | ৭ ধারাতে "দুই টাকা মূল্যের ইষ্টাম্প লাগিবে ও" এই কথা। |
| ১৮৬৭ সা. ২৬ আ. ... | ইষ্টাম্পের মাস্থলবিষয়ক আইন সংশোধন করণার্থ আইনগত | "হাই কোর্টের কোন আডবোকেটের মোক্তারনামা কি ওকালতনামা কিম্বা কার্য্য সম্পাদন করিবার অন্য ক্ষমতাপত্র অর্পণ কি উপস্থিত করিবার আবশ্যক নাই" এই কথা ভিন্ন সম্পূর্ণ আইন। |
| ১৮৬৮ সা. ১৯ আ. | অযোধ্যার খাজানা বিষয়ক ১৮৬৮ সালের আইনের .. | ১৫ ধারাগত "আট আনা মূল্যের ইষ্টাম্প লাগিবে" এই কথা। ২৫ ধারাগত "আট আনা মূল্যের ইষ্টাম্পকাগজে" এই কথা। |

| সাল ও নম্বর। | খ্যাতি। | যে অংশ রহিত হইল। |
|---|---|---|
| ১৮৬৮ সা. ২৮ আ. ... | পাঞ্জাবের রায়ৎদারী ১৮৬৮ সালের আইনের .. | ৪০ ধারাগত "আট আনা মূল্যের ইষ্টাম্পকাগজে" এই কথা। ৪৩ ধারা। |
| ১৮৬৯ সা. ৪ আ. .. | ভারতবর্ষীয় স্ত্রীসম্বন্ধ খণ্ডনার্থ আইনের .. | ৪৭ ধারাগত "চার টাকার ইষ্টাম্প লাগিবে ও" এই কথা। |
| ১৮৬৯ সা. ৯ আ. ... | ভারতবর্ষীয় ইনকমটাক্সের আইনের .. | ১৯ ধারাগত "তাহার আট আনার ইষ্টাম্প লাগি বে" এই কথা। ২১ ধারাগত "তাহার ১ টাকার ইষ্টাম্প লাগিবে ও এই কথা। |
| ১৮৬২ সা. বঙ্গীয় ৬ আ. ... | ১৮৫৯ সালের ১০ আইন (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের মধ্যে খাজানা আদায় করণের আইন সংশোধন করিবার আইনের | ৫ ধারাগত "যত টাকা" এই কথা অবধি "দরখাস্ত লিখিবে" এই কথা পর্য্যন্ত। |
| ১৮৬৯ সা. বঙ্গীয় ২ আ. .. | ছোট নাগপুরের অন্তর্গত কোন২ ভূসম্পর্ক নিরূপণ ও বিধান ও লিপিবদ্ধ করণার্থ আইনের | ২২ ধারা। |
| ১৮৬৯ সা. বঙ্গীয় ৮ আ. ... | ভূম্যাধিকারি ও প্রজার মধ্যে মোকদ্দমার কার্য্যপ্রণালি সংশোধন করিবার আইনের | ১৪ ও ৭৬ ধারাগত "তাহা শাদা কাগজে লেখা যাই তে পারিবে" এই কথা। ২০ ধারাগত "শাদা কাগজে" এই কথা। |
| ১৮০২ সা. মান্দ্রাজীয় ৩ আ. | মান্দ্রাজ রাজধানীর অব্যবহিতাধীন নানা জিলায় স্থাপিত আদালতে যে অভিযোগ বিচার্য্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে তাহার গ্রাহ্য ও বিচার ও নিষ্পত্তি করণ বিধায়ক আইনের | ২১ ধারাগত when এই শব্দ অবধি writing এই শব্দ পর্য্যন্ত। |
| ১৮১৬ সা. মান্দ্রাজীয় ৪ আ. | গ্রামবাসি প্রধান ব্যক্তিদিগকে আপন২ গ্রামের মধ্যে অবধারিত মূল্যের টাকা কি অস্থাবর অন্য দ্রব্যের দেওয়ানী মোকদ্দমা শ্রবণ ও নিষ্পত্তি করণার্থ মুনসেফ বলিয়া নির্দ্দেশ করণার্থ ও তাহারদের বিচারাধিপত্য নিরূপণ করণার্থ আইনের | ৩২ ধারায় গ্রাম্য মুনসেফদের বিচারিত মোকদ্দমা উপস্থিত করণার্থ ফী সম্পার্কীয় যে কথা আছে তাহা। |
| ১৮১৬ সা. মান্দ্রাজীয় ৫ আ. | গ্রামীয় মুনসেফদের বিচারাধীন স্থানের মধ্যে টাকার কিম্বা অস্থাবর অন্য দ্রব্যের মূল্যের সীমা নির্দ্দেশ ভিন্ন তদর্থ দেওয়ানী মোকদ্দমা নিষ্পত্তি করিবার জন্যে ঐ মুনসেফদিগকে গ্রামীয় পঞ্চায়ৎ করিবার অনুমতি প্রদানার্থ ও গ্রামীয় ঐ পঞ্চায়তের প্রতি যে ক্ষমতা ও শক্তি প্রদত্ত হইবে তাহা নির্দ্দেশ করণার্থ আইনের | ১০ ও ১৩ ধারায় গ্রামীয় পঞ্চায়তের বিচারিত মোকদ্দমা উপস্থিত করণার্থ ফী সম্পার্কীয় যে কথা আছে তাহা। |
| ১৮১৬ সা. মান্দ্রাজীয় ৭ আ. | জিলার মুনসেফদের বিচারাধীন স্থানের মধ্যে টাকার কিম্বা অস্থাবর অন্য দ্রব্যের মূল্যের সীমা নির্দ্দেশ ভিন্ন তদর্থ দেওয়ানী মোকদ্দমা নিষ্পত্তি করিবার জন্যে ঐ মুনসেফদিগকে জিলার পঞ্চায়ৎ করিবার অনুমতি প্রদানার্থে ও জিলার ঐ পঞ্চায়তের প্রতি যে ক্ষমতা ও শক্তি প্রদত্ত হইবে তাহা নির্দ্দেশ করণার্থ আইনের | ১০ ধারায় জিলার পঞ্চায়তের সম্মুখীন্ মোকদ্দমার আবেদনপত্রের ও পরওয়ানার উপর ফীর যে কথা আছে তাহা। |





| সাল ও নম্বর। | খ্যাতি। | যে অংশ রহিত হইল। |
|---|---|---|
| ১৮১৬ সা. মান্দ্রাজীয় ১২ আ. | ভূমি কি ফসল বিষয়ক যে দাওয়ার সিদ্ধাসিদ্ধতা বিবাদযুক্ত সীমাবিবাদ নির্ণয়ের প্রতি নির্ভর করে সেই দাওয়া, এবং ভূমির অধিকার ও কৃষি করণ ও তাহাতে জল সিঞ্চন সম্বন্ধীয় কোন২ বিবাদ জিলার ও গ্রামের পঞ্চায়তের বিচার ও নির্ণয়ার্থে প্রদান করিতে কালেক্টরদের প্রতি ক্ষমতা প্রদানার্থ এবং যে বিধিমতে সেই বিবাদের বিচার চলিবে ও পঞ্চায়তের নিষ্পত্তি সাধন হইবে এমত বিধি করণার্থ আইনের | ১১ ধারায় কালেক্টরের সম্মুখীন আবেদনপত্রের উপর ফীর যে কথা আছে তাহা। |
| ১৮১৬ সা. মান্দ্রাজীয় ১৪ আ. | দেওয়ানী মোকদ্দমার বিচারার্থ আদালতে উকীলের কার্য্য বিষয়ে যে২ বিধি প্রণীত হইয়াছে তাহা সংশোধন ও মতান্তর করণার্থ আইনের | ২১ ধারার দ্বিতীয় প্রকরণ। |
| [illegible] সা. মান্দ্রাজীয় ২ আ. | ১৮১৬ সালের ১৩ আইন ও ১৮১৭ সালের ২ আইন ও ১৮০২ সালের ৩৪ আইনের ৬ ধারার লিখিত কোন২ বিধান মতান্তর ও সংশোধন করণার্থ আইনের | ৫ ধারা। |
| ১৮৬৫ সা. মান্দ্রাজীয় ৮ আ. | যে২ আইনে খাজানা আদায় করণ কার্য্য প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে তাহা সংগ্রহ ও অপেক্ষাকৃত উত্তম করণার্থ আইনের | ৭৫ ধারা। |

উইটলি ষ্টোক্স।
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল
সাহেবের মন্ত্রিসভার সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 4th February 1870, and was referred to a Select Committee with instruction to make their report thereon in one month.

No. 4 OF 1870.

*A Bill for the prevention of Female Infanticide.*

Preamble.

WHEREAS the offence of female infanticide is believed to be commonly committed in certain parts of British India; and whereas it is necessary to make better provision for the prevention of the said offence; It is hereby enacted as follows:—

"District."

1. For the purposes of this Act, "District" means such part of the country or place as shall be described in the notification mentioned in section two:

"Marriage expenses."

"Marriage expenses" includes all expenses incurred on account of the celebration of marriage, or of any ceremony or custom connected therewith.

Power to make measures under Act in particular districts.

2. If it shall appear to the Local Government that the offence of female infanticide is commonly committed in any District, or by any class, or family, or persons residing therein, it shall be lawful for the Local Government, with the previous sanction of the Governor General of India in Council, to declare, by notification to be published in the official Gazette, and in such other manner as the Local Government shall direct, that measures for the prevention of such offence shall be taken under this Act, in such District, or in respect of such class, or family, or persons.

The notification shall define the limits of such district or shall specify the class, or family, or persons to whom such notification is to be deemed to apply.

Power to make rules.

3. When such notification shall have been published as aforesaid, it shall be lawful for the Local Government, subject to the provisions of section four, from time to time to make rules consistent with this Act, for all or any of the following purposes:—

(1.) For making and maintaining registers of births, marriages, and deaths occuring in such district, or in or among the class, family, or persons to whom such

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭০ সা
ফেব্রুআরি মাসের ৪ তারিখের আইন ও ব্যবস্থা কর
ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের
সভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অ
হইয়াছে। তাঁহারদের প্রতি এক মাসের মধ্যে
বয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইয়াছে।

১৮৭০ সালের ৪ নম্বর।

বালিকাবধ নিবারণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটনীয় ভারতবর্ষের কোন২ স্থানে বালিকাব
রাধ সাধারণমতে প্র
আছে এমত বিশ্বাস
য়াতে সেই অপরাধ নিবারণ করিবার সুবিধান কর
হিত। এ হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে

"প্রদেশ

১ ধারা। এই আইনের কার্য্যপক্ষে দ্বিতীয়
উল্লিখিত জ্ঞাপনিতে
শের কি স্থানের যে অংশ
নির্দ্দিষ্ট হয় "প্রদেশ" শব্দে সেই অংশ বুঝাইবে

বিবাহের ব্যয়।

বিবাহসাধন কার্য্যে কিম্বা তৎসংক্রান্ত কোন
কি আচার সম্পর্কে
টাকা ব্যয় হয় বিবা
ব্যয় শব্দের মধ্যে তাহা ধরা যাইবে ইতি।

বিশেষ২ প্রদেশে আইনমত কার্য্য করিবার ক্ষমতার কথা।

২ ধারা। কোন প্রদেশে কিম্বা তন্নিবাসি
জাতি কি পরিবার কি
কর্ত্তৃক বালিকা বধাপ
সাধারণমতে হইয়া
স্থানীয় গবর্ণমেন্ট ইহা
গত হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত
জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক রা
গেজেটে কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট অন্য যে প্র
আজ্ঞা করেন সেই প্রকারে জ্ঞাপনি প্রকাশ ক
জানাইবেন যে, উক্ত প্রদেশে কিম্বা ঐ জাতি কি
বার কি ব্যক্তি সম্পর্কে এই আইনমতে ঐ অপ
নিবারণ করিবার উপায় করা যাইবে।

সেই জ্ঞাপনিতে ঐ প্রদেশের সীমা নির্ণীত
কিম্বা যে জাতির কি পরিবারের কি ব্যক্তিদের
জ্ঞাপনি বর্ত্তিবে তাহা তন্মধ্যে নির্দ্দিষ্ট করা যা
ইতি।

বিধি করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। ঐ জ্ঞাপনি পূর্ব্বোক্তমতে প্রকাশ
গেলে পর স্থানীয়
মেন্ট চতুর্থ ধারার বি
অবলম্বন করিয়া সময়ে
ম্নলিখিত কার্য্যোপলক্ষে এই আইনের সঙ্গত
করিতে পারিবেন বিশেষতঃ

(১) সেই প্রদেশের মধ্যে কিম্বা জ্ঞাপনি
জাতির কি পরিবারের কি ব্যক্তিদের প্রতি
তাহারদের মধ্যে জন্ম ও বিবাহ ও মরণের রে
করিবার ও রাখিবার এবং সময়২ ঐ প্রদেশ





notification has been made applicable; and of making, from time to time, a census of such persons, or of any other persons residing within such district:

(2.) For the entertainment of any police force in excess of the ordinary fixed establishment of police, or for the entertainment of any officers or servants, for the purpose of preventing or detecting the offence of female infanticide in such district, or in or among such class, family, or persons, or for carrying out any of the provisions of this Act:

(3.) For prescribing how information shall be given to the proper officers of all births, marriages, and deaths occurring in such district, or in or among such class, family, or persons:

(4.) For the regulation and limitation of marriage expenses which may be incurred by any person to whom such notification is applicable:

(5.) For defining the duties of any officer or servant appointed to carry out any rule made under this section:

(6.) For regulating the manner in which all or any of the expenses incurred in carrying into effect rules made under this section shall be recovered from all or any of the inhabitants of such district, or from the persons to whom such notification is applicable.

Confirmation and publication of rules.

4. No rule made or altered under section three shall have effect until the same shall have been confirmed by the Governor General of India in Council, and published in the *Gazette of India* and also in the local Gazette. Copies of every such rule shall be affixed in such places, and shall be distributad in such manner as the Local Government may direct.

Rules to be judicially noticed.

5. All Courts and Magistrates shall take judicial notice of all rules made and published as aforesaid.

Punishment of breach of rules.

6. Whoever disobeys any such rule shall, onl conviction before the Magistrate of the District or other officer exercising the powers of a Magistrate, be punished with imprisonment

উক্ত কিম্বা অন্য ব্যক্তিদের সংখ্যাপত্র করিবার বিধি।

(২) উক্ত প্রদেশে কিম্বা ঐ জাতির কি পরিবারের কি লোকদের মধ্যে বালিকাবধাপরাধ নিবারণ করিবার ও তাহার সন্ধান লইবার নিমিত্ত কিম্বা এই আইনের কোন বিধান সাধন করিবার নিমিত্ত পোলীসের আমলাদের অবধারিত সংখ্যার অতিরিক্ত পোলীসদল কিম্বা কোন কার্য্যকারকদিগকে কি চাকরদিগকে নিযুক্ত করিয়া রাখিবার বিধি।

(৩) উক্ত প্রদেশে কিম্বা সেই জাতির কি পরিবারের কি ব্যক্তিদের মধ্যে জন্ম কি বিবাহ কি মরণ হইলে উপযুক্ত কর্ম্মকারকদিগকে তদ্বিষয়ক সম্বাদ দিবার নিয়মের বিধি।

(৪) উক্ত জ্ঞাপনি যে কোন ব্যক্তির প্রতি বর্ত্তে সে বিবাহার্থে যত টাকা ব্যয় করিতে পারিবে তাহার বিধান ও সীমার বিধি।

(৫) এই ধারাক্রমে যে বিধি করা যায় তদনুসারে যে কার্য্যকারক কি চাকর কার্য্য করিতে নিযুক্ত হয় তাহার কর্ত্তব্য কর্ম্ম নিরূপণের বিধি।

(৬) এই ধারাক্রমে যেং বিধি করা যায়, তৎসাধন করিবার জন্যে যে অর্থব্যয় হয়, তাহা ঐ প্রদেশ নিবাসি সকল কি কোন২ ব্যক্তির স্থানে কিম্বা উক্ত জ্ঞাপনি যে ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাহারদের স্থানে যে নিয়মমতে আদায় করা যাইবে তাহার বিধি ইতি।

বিধি স্থির ও প্রকাশ করিবার কথা।

৪ ধারা। তৃতীয় ধারামতে যে বিধি করা কি পরিবর্ত্তন করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যত কাল তাহা দৃঢ় না করেন ও তাহা যত কাল ইণ্ডিয়া গেজেটে ও স্থানীয় গেজেটে প্রকাশ না করা যায় তত কাল প্রবল হইবে না। স্থানীয় গবর্ণমেন্ট যেং স্থান ও যে নিয়ম প্রকাশ করেন উক্ত প্রত্যেক বিধির প্রতিলিপি সেই২ স্থানে লাগিয়া দেওয়া যাইবে ও সেই নিয়মমতে বিলি করা যাইবে ইতি।

মোকদ্দমার বিচার কালে উক্ত সকল বিধি স্বীকৃত হইবার কথা।

৫ ধারা। যে সকল বিধি পূর্ব্বোক্তমতে প্রণীত হইয়া প্রকাশ করা যায় সকল আদালত ও মাজিস্ট্রেট সাহেবেরা মোকদ্দমার বিচারকালে তাহা স্বীকার করিবেন ইতি।

বিধিলঙ্ঘনের দণ্ডের কথা।

৬ ধারা। কোন ব্যক্তি উক্ত কোন বিধি না মানিলে যদি জিলার মাজিস্টেট সাহেবের কিম্বা মাজিস্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য কর্ম্মকারকের সম্মুখে প্রমাণ হয় তবে তাহার কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ দুই

for a term which may extend to six months, or with fine which may extend to one thousand rupees, or with both.

Saving of prosecutions under other laws.

7. Nothing in this Act, or in any rule made and published as aforesaid, shall prevent any person from being prosecuted under any other law for any offence punishable under this Act, or from being liable under any other punishment than is provided for such offence by this Act. Provided that no person shall be punished twice for the same offence.

Power to place neglected children under supervision.

8. If it shall appear to the Magistrate of the District that any person to whom the notification mentioned in section two is applicable, neglects to make proper provision for the maintenance of any female child for whose maintenance he is legally responsible, and it shall appear to such Magistrate that the life or health of such child is thereby endangered, it shall be lawful for such Magistrate to place such child under such provision as he may think proper, and if necessary, to remove such child from the custody of such person.

Nothing in this section shall interfere with the powers of Magistrates under section 316 of the Code of Criminal Procedure.

Extent of Act.

9. This Act shall, in the first instance, extend only to the North-Western Provinces, to the Punjab, and to Oudh; but it may be extended, by order of the Governor General of India in Council, to any part of the territories under the immediate administration of the Government of India, or by order of the Governor of Madras in Council, or by order of the Governor of Bombay in Council, or by order of the Lieutenant-Governor of Bengal, to any part of the territories under their respective government.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill is to prevent female infanticide, a crime which has long been practised in India, especially by the Rájputs of the north of India. Two Regulations (XXI of 1795 and III of 1804) were directed against this crime. But they were found to be ineffective, and were at last repealed by Act XVII of 1862. The existing law, which is contained in the Penal Code, is acknowledged on all hands to be quite insufficient. Recent investigations prove that the crime is

দণ্ড হইতে পারিবে। কারাদণ্ড ছয় মাসের ও অর্থদণ্ড একসহস্র টাকার অধিক হইবে না ইতি।

অন্যান্য আইনমতে অভিযোগ হইতে পারিবার কথা।

৭ ধারা। এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ হেতুক কোন ব্যক্তির নামে অন্য আইনমতে অভিযোগ যে হইতে না পারে, কিম্বা এই আইনেতে ঐ অপরাধের যে দণ্ড নিরূপণ হইল, অন্য আইনের নির্দ্ধারিত অন্য দণ্ড যে হইতে না পারে, এই আইনের কিম্বা পূর্ব্বোক্তমতে প্রণীত ও প্রকাশিত কোন বিধির কোন কথায় এমত নিষেধ নাই। কিন্তু একি অপরাধের জন্যে কোন ব্যক্তির দুইবার দণ্ড না হয় ইতি।

উপেক্ষিতা বালিকাদিগের তত্ত্বাবধারণার্থে লোক নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। দ্বিতীয় ধারার উল্লিখিত জ্ঞাপনি যাহার প্রতি বর্ত্তিতে পারে এমত কোন ব্যক্তি আইনমতে যে বালিকার ভরণপোষণ করিতে দায়ী আছে, সে ঐ বালিকার ভরণপোষণের যথোচিত বিধান করে নাই, জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহা অবগত হইলে, এবং তদ্দ্বারা ঐ বালিকার প্রাণের ও স্বাস্থ্যের হানি সম্ভাবনা জ্ঞান করিলে, তিনি ঐ বালিকার তত্ত্বাবধারণের যে নিয়ম উচিত বোধ করেন করিতে পারিবেন ও প্রয়োজন হইলে ঐ বালিকাকে সেই ব্যক্তির রক্ষণহইতে উদ্ধার করিতে পারিবেন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩১৬ ধারামতে মাজিষ্ট্রেটদের যে ক্ষমতা আছে এই ধারার কোন কথাক্রমে তাহা খর্ব্ব হইবে না ইতি।

আইনের ব্যাপকতার কথা।

৯ ধারা। এই আইন প্রথমতঃ কেবল উত্তর পশ্চিম দেশে ও পঞ্জাবে ও অযোধ্যাতে ব্যাপ্ত হইবে। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিত শাসনাধীন কোন দেশে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে তাঁহারদের শাসনাধীন দেশের কোন অংশে ব্যাপ্ত হইতে পারিবে ইতি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষে বিশেষতঃ ভারতবর্ষের উত্তর দিক্‌স্থ রাজপুতদের মধ্যে বালিকা বধাপরাধ বহুকালাবধি প্রচলিত আছে। তাহা নিবারণ করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। এই অপরাধের বিপক্ষ দুই আইন (১৭৯৫ সালের ২১ ও ১৮০৪ সালের ৩ আইন) হইয়াছিল কিন্তু সেই দুই আইন নিষ্ফল প্রকাশ হইয়া ১৮৬২ সালের ১৭ আইনক্রমে উঠাইয়া দেওয়া গেল। দণ্ডবিধির আইনের অন্তর্গত বর্ত্তমান ব্যবস্থা সকলে অপ্রচুর বলিয়া স্বীকার করে। অল্পকালের অনুসন্ধানদ্বারা সেই অপরাধ ভয়ানক রূপে প্রবল জানা





terribly prevalent. For example, in 1868, by order of the Lieutenant-Governor of the North-Western Provinces, Mr. Hobart examined a group of ten villages in the district of Basti inhabited by Rájputs, and in seven of them he found 104 boys and only one girl, and the people admitted that, for the previous ten years, only one girl had been married. In another group of twenty-seven villages, he found, in twenty-three villages, 284 boys, but only 23 girls, and in ten other villages he found that the marriage of a girl was an unknown ceremony. Again, there was another group of sixteen villages, in four of which no girls existed; and in nine other villages there were 71 boys and seven girls.

The cause of the crime is two-fold; first, the enormous cost of marriage-ceremonies, which are invariably defrayed by the father of the bride; secondly, the effect of immemorial custom. The remedial measures must also be two-fold; and the Bill accordingly proposes to give the Local Governments power to frame rules, first, to prevent extravagant expenditure on marriages; and, secondly, to abrogate the custom above mentioned. The experience of many districts tends to show that this latter object may to a great extent be attained by introducing a system of registration of births and deaths in places tainted with the crime, and a system of periodical inspection and enumeration of children. To do this completely and effectively, legislation is required. The Bill is very similar to one prepared by the Agra Sadar Court in 1856, and it has been, in all essential respects, approved by the Local Governments of the Provinces in which the crime prevail.

J. STRACHEY.

*January* 14, 1870.

WHITLEY STOKES,
*Secy. to the Council of the Govr. Genl. for making Laws and Regulations.*

গেল। প্রমাণ এই। ১৮৬৮ সালে উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে শ্রীযুত হোবার্ট সাহেব রাজপুত নিবাসি বস্তি জিলার অন্তর্গত দশখানি গ্রামে সন্ধান করিলে তাহার সাতখানিতে ১০৪টি বালক ও একটিমাত্র বালিকা পাইলেন। তথাকার লোকেরাও স্বীকৃত হইল যে পূর্ব্ব দশ বৎসরাবধি কেবল একটি কন্যার বিবাহ হয়। অন্য ২৭ খানি গ্রামে সন্ধান করিয়া দেখিলেন, তন্মধ্যে ২৩ গ্রামে ২৮৪ বালক ও ২৩টি বালিকা। অন্য দশ গ্রামে দেখিলেন কন্যার বিবাহ দেওয়া অজ্ঞাত ব্যাপার। অন্য ১৬ খানি গ্রামে গিয়া, চারিগ্রামের মধ্যে একটিও বালিকা পান নাই। অন্য ৯ গ্রামে ৭১ জন বালক ও সাত টি বালিকা দেখিলেন।

ঐ অপরাধের দুই টি কারণ। এক, বিবাহ ব্যাপারের অতীব ব্যয়, সর্ব্বদাই কন্যার পিতার প্রতি বর্ত্তে। দ্বিতীয় চিরাগত আচারের ফল। তন্নিবারণের দুই উপায় কর্ত্তব্য। এতদর্থে পাণ্ডুলিপিতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি বিবাহসম্বন্ধীয় অতিরিক্ত ব্যয় নিবারণের বিধান করিবার, এবং পূর্ব্বোক্ত রীতি রহিত করণার্থ বিধান করিবার ক্ষমতা দান করা গেল। বহুপ্রদেশে কার্য্য দৃষ্টি করিয়া জানা গেল যে, ঐ অপরাধকলঙ্কিত স্থানে জন্ম মৃত্যুর রেজিষ্টর করিবার নিয়ম প্রচলিত করিলে এবং নিরূপিত সময়ান্তরে বালক বালিকা দৃষ্টি ও তাহারদের সংখ্যা গ্রহণ করিলে শেষোক্ত অভিপ্রায় সফল হইতে পারে। এই কার্য্য সম্পূর্ণ ও সফলরূপে নিষ্পাদন করণার্থে ব্যবস্থা করা প্রয়োজন। আগ্রার সদর আদালত ১৮৫৬ সালে যে আইন প্রণয়ন করেন এই পাণ্ডুলিপি তদনুরূপ। যেং প্রদেশে ঐ অপরাধ প্রবল আছে সেইং প্রদেশের স্থানীয় গবর্ণমেণ্ট ইহার মুখ্যাংশ অনুমোদন করিয়াছেন।

জে ষ্ট্রেচি।

১৮৭০ সাল ১৪ জানুআরি।

উইট্‌লি ষ্টোক্‌স,
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

## Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

CRIMINAL SIDE.

No. 3.

To all Criminal Authorities, Lower and Extra-Regulation Provinces,—(dated Calcutta, the 27th January 1870.)

THE Court having noticed on several occasions that the mode in which Fine Statement No. 7, prescribed by Circular Order No. 14 of 16th December 1867, and Magistrate's Statement No. 1, Part VII, are prepared, is not in all districts the same, and that much misapprehension

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের সরকুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের ও আইনবহির্ভূত প্রদেশের ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষ সমীপেষু। কলিকাতা, ১৮৭০ সাল ২৭ জানুআরি।

১৮৬৭ সালের ১৬ ডিসেম্বরের ১৪ নং সরকুলর অর্ডরে অর্থদণ্ডবিষয়ক ৭ নম্বরের যে বর্ণনাপত্র নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এবং মাজিষ্ট্রেট সাহেবের ৭ খণ্ডের ১ নং বর্ণনাপত্র সকল জিলায় একি প্রকারে প্রস্তুত করা যায় নাই এবং তাহা বুঝিবার ভ্রমও দেখা যাইতেছে হাই কোর্টের সাহেবেরা ইহা অনেকবার

seems to exist regarding them, the following instructions are circulated for general observance :—

2. Rule 97 of the Supplementary Rules for the preparation of Magistrates' Statements, which accompanied the late Sudder Court's Circular Order of the 27th June 1842, No. 98 (printed series), is hereby cancelled, as being inconsistent with Rule 57, which is reproduced on the margin, and with the object of Part VII. of Statement No. 1, the first 15 columns of which are intended to show in detail the information required in connexion with Column 6, Part VI. of the same Statement.

*Column 15—Amount realized.*

"In this column should be entered the amount of fines realized from the persons entered in Column 13, and supposing the whole amount to be realized, its total should correspond with the total of Column 14."

3. In the preparation of Columns 15 and 17, therefore, Magistrates will in future be guided by Rules 57 and 58, and show, in those columns, such realizations only as relate to fines *imposed during the period embraced by the statement*. Realizations of fines imposed in previous periods should be shown separately in a foot-note.

4. All fines judicially ordered by magisterial authorities should be shown in Statement 1, Part VII. (quarterly and annual), which being intended to include all the fines imposed in connexion with the convictions entered in Column 12, Part I, Statement I, must not be confined to convictions under the Penal Code, but should also include fines under all other special or local laws. The only fines to be excluded from Part VII. are those inflicted under the sentence of a Sessions Court, and those under Section 270 Criminal Procedure Amendment Act VIII. of 1869, which being imposed in cases of complaints dismissed as frivolous and vexatious, would be out of place here.

5. The Fine Statement prescribed by Circular Order No. 14 of 16th December 1867, was intended to serve for two distinct Annual Statements, *viz.*, the Magistrate's Register of Fines and the Sessions Judge's Return of Fines: the serial number borne by both happening to be the same.

6. In Column 1 of the former (Magistrate's Statement No. 7) will be shown in one lump sum the amount of fines imposed during the five years immediately preceding the one to which the statement relates ; this amount should correspond with

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৫ ফেব্রুআরি।]

দেখিতে পাইয়া সকলের পালনার্থ এই উপদেশ প্র করিতেছেন।

২। ভূতপূর্ব্ব সদর আদালতের মুদ্রিত পত্রশ্রে মধ্যে ১৮৪২ সালের জুনের ৯৮ নম্বরের সর্কু লর অর্ডরের সঙ্গে মা ষ্ট্রেটদের বর্ণনাপত্র প্র করিবার যে পরিশি বিধি প্রকাশ হইয়াছে, হার ৯৭ ধারা ৫৭ ধা সহিত এবং ১ নং বর্ণ পত্রের ৭ খণ্ডের উদ্দেশে সহিত অসঙ্গত বলি এতৎক্রমে রহিত করা গে ফলতঃ ঐ বর্ণনাপত্রের ষষ্ঠখণ্ডের ৬ ঘর সম্পার্কে সন্ধান জানাইবার আদেশ হইল সপ্তম খণ্ডের ১ অ ১৫ পর্য্যন্ত সকল ঘরে তাহা বিস্তারিতরূপে লে উদ্দেশ্য। উক্ত ৫৭ ধারা পার্শ্বে প্রকাশ করা গেল।

১৫ ঘর। যত টাকা আদায় হয়।

১৩ ঘরে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে তাহারদের স্থানে অর্থদণ্ডের যত টাকা আদায় হইল এই ঘরে তাহা লিখিতে হইবে। সমুদয় টাকা আদায় হইলে ১৪ ঘরের মোটের সঙ্গে এই ঘরের মোট মিলিবে।

৩। অতএব মাজিষ্ট্রেট সাহেবেরা এই অবধি ১৫ ও ১৭ ঘর প্রস্তুত করণসময়ে উক্ত বিধির ৫৭ ও ধারাতে দৃষ্টি পূর্ব্বক কর্ম্ম করিবেন এবং বর্ননাপত্র কালের নিমিত্তে হয় কেবল সেই কালে যে অর্থদ আজ্ঞা হইয়াছে তদাদায়ের কথা সেইং ঘরে লি বেন। তৎপূর্ব্বকালের যে অর্থদণ্ডের টাকা আ হয় তাহা তলভাগের নোট করিয়া স্বতন্ত্র লিখি হইবে।

৪। মাজিষ্টরী কর্ত্তৃপক্ষেরা বিচারকর্ত্তা স্বরূপে সকল অর্থদণ্ডের আজ্ঞা করেন তাহা তাঁহার (ত্রৈমাসিক ও বাৎসরিক) সপ্তম খণ্ডের ১ বর্ননাপ লিখিবেন। প্রথম বর্ননাপত্রের প্রথম খণ্ডের ১২ নির্ণীত যে অপরাধ লেখা যায় তৎসম্পার্কে যে স অর্থদণ্ডের আজ্ঞা হইল উক্ত সপ্তমখণ্ডের ১ বর্ননাপ সেই সকল অর্থদণ্ড লেখা অভিপ্রায়। অত দণ্ডবিধির আইনমতে অপরাধ নির্ণয় হইয়া যে ধার্য্য হয় তদ্ভিন্ন বিশেষ কি স্থানীয় অন্য যে আইনম যে অর্থদণ্ডের আজ্ঞা হইল তাহাও ঐ ঘরে লিখি হইবে। সেশন আদালতের দণ্ডাজ্ঞাক্রমে এ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনসংশো নার্থ ১৮৬৯ সালের ৮ আইনের ২৭০ ধারাক্রমে অর্থদণ্ডের আজ্ঞা হয় অমূলক ও কেবল ব্যামোহদা বলিয়া যে অভিযোগ ডিসমিস হইয়া থাকে তাহা অ সম্পর্কীয় হওয়াতে এই স্থলে লেখা অনুচিত, অত সপ্তম ঘরের মধ্যে কেবল তাহাই ধরিতে হইবে না।

৫। ১৮৬৮ সালের ১৬ ডিসেম্বরের ১৪ নং সরকুল অর্ডরে অর্থদণ্ডের যে বর্ননাপত্র নির্দ্দিষ্ট হইয়াে স্বতন্ত্র দুই বাৎসরিক বর্ননাপত্রের নিমিত্ত অর্থ মাজিষ্ট্রেটের অর্থদণ্ডের রেজিষ্টরের নিমিত্ত ও সেশ জজের অর্থদণ্ডের রিটর্ণের নিমিত্তে তাহা করা উদ্দেশ্য শ্রেণীমতে উক্ত দুই রেজিষ্টরের নম্বর সমান।

৬। মাজিষ্ট্রেটের ৭ নং বর্ননাপত্র যে বৎসরে নিমিত্তে হয়, তাহার অব্যবহিত পূর্ব্ব পাঁচ বৎসরাব অর্থদণ্ডের যত টাকা ধার্য্য হইয়াছে, ঐ বর্ননাপত্রের ঘরে তাহার সমষ্টি লেখা যাইবে। পাঁচ বৎসরে প্রত্যেক বৎসরে আদায় হয় নাই বলিয়া তলভাগে



the total of the sums unrealized during *each* of those five years as shown in the foot-note.

7. In Column 2 will be entered not only all the fines shown in Magistrate's Statement No. 1, Part VII., but *also all other fines of whatsoever description* (such as fines on ministerial officers and the like, which can properly find no place in that statement) with the exception of sums awarded as compensation under Section 270. Such sums will not be shown at all.

8. The headings of Columns 4 and 8 require to be slightly changed by the insertion of the words "as amended by Act VIII. of 1869" after the letters C. C. P.

9. The sum entered in Column 6 will be the amount realized on account of fines imposed during the year, minus the amount which has been during the year remitted on appeal.

10. Care must be taken to keep separate and distinct remissions of fines imposed during the year to which the statement refers and during former years. It will of course seldom happen that fines are remitted which have been imposed during any other than the year under report. Where this is the case, the amount entered in Column 5 will be the sum actually realized on account of fines imposed in former years, less the amount of such remission.

11. The same remarks apply *mutatis mutandi*, to the preparation of the Judge's Statement of Fines No. 7.

By Order, &c.,
(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

## Financial Department.

LEAVE AND ALLOWANCES.

*The 1st February* 1870.

No. 846.—With reference to the order of this Department, No. 495, dated the 22nd January 1869, the Governor General in Council is pleased to rule that if an Uncovenanted Servant overstay his privilege leave by more than one week, he shall forfeit his appointment ; but that it shall be in the power of the authority in whose gift the appointment lies to

[*Government Gazette*, 15*th February* 1870.]

নোটে যে টাকা লেখা যায় তাহার মোটের সঙ্গে ঐ ঘরের লিখিত সমষ্টি টাকা মিলিবে।

৭। মাজিষ্ট্রেট সাহেবদের সপ্তম খণ্ডের ১ নং বর্ননাপত্রে যে সকল অর্থদণ্ড লেখা আছে ২ ঘরে তাহা লিখিতে হইবে এবং অন্য যে সকল প্রকারের অর্থদণ্ড উক্ত বর্ননাপত্রে লিখিবার উপযুক্ত নয় তাহাও সেই ঘরে লিখিতে হইবে। আমলাপ্রভৃতির যে অর্থদণ্ড হয় তাহাও ইহার মধ্যে গণ্য। কিন্তু ২৭০ ধারামতে ক্ষতিপূরণস্বরূপ যে টাকা দেওয়া যায় তাহা লেখা যাইবে না।

৮। ৪ ও ৮ ঘরের শির্ষক কিঞ্চিৎ পরিবর্ত্তন করা প্রয়োজন, অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন এই কথার পূর্ব্বে "১৮৬৯ সালের ৮ আইনক্রমে সংশোধিত" এই কথা দিতে হইবে।

৯। বৎসরের মধ্যে যত টাকা অর্থদণ্ড ধার্য্য হই তাহাহইতে বৎসরের মধ্যে আপীলক্রমে যত ক্ষ হইল তাহা বাদ দিলে অবশিষ্ট যাহা থাকে ৬ ঘরে তাহার মোট লেখা যাইবে।

১০। বর্ননাপত্র যে বৎসরের হয় সেই বৎসরের এবং পূর্ব্বং বৎসরের অবধারিত যে অর্থদণ্ড ক্ষমা হইয়াছে তাহা পৃথক ও স্বতন্ত্র রাখিবার বিষয়ে মনোযোগ করিতে হইবে। যে বৎসরসম্পর্কীয় রিপোর্ট হয় তদ্ভিন্ন অন্য বৎসরের অবধারিত অর্থদণ্ড যে ক্ষমা হয় এমত প্রায় ঘটিবে না, তথাপি স্থলবিশেষে হইলে, সেই ক্ষমা করা টাকা বাদ দিয়া পূর্ব্বং বৎসরের অবধারিত অর্থদণ্ডের যত টাকা আদায় হইয়াছে ৫ ঘরে তাহাই লেখা যাইবে।

১১। প্রয়োজনমতে শব্দ মতান্তর করিলে উক্ত সকল কথা জজ সাহেবদের অর্থদণ্ডের ৭ নং বর্ননাপত্র প্রস্তুত করণ বিষয়েও বর্ত্তে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

## ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্ট।

ছুটীর ও বৃত্তির কথা।

১৮৭০ সাল ১ ফেব্রুআরি।

৮৪৬ নম্বর।—এই ডিপার্টমেণ্টের ১৮৬৯ সালের ২২ জানুআরির ৪৯৫ নম্বরের আজ্ঞার উপলক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই বিধি করিয়াছেন। অচিহ্নিত কার্য্যকারক অনুগ্রহের ছুটীর পর এক সপ্তাহের অধিক কাল কর্ম্ম পুনঃগ্রহণ না করিলে তাহার কর্ম্ম যাইবে। কিন্তু সেই

re-appoint him, and to declare that his past services shall not be forfeited, or to re-appoint him and to declare that all or any part of his past services shall be forfeited.

2. Provided that if the period by which the leave is overstayed be more than one month, and it be desired to re-appoint the Officer without forfeiture of his entire previous services, the sanction of the Government of India must be obtained.

---

*The 3rd February* 1870.

No. 901.—With reference to the Sections mentioned in the margin of the Leave Rules for Covenanted and Uncovenanted Civil Servants, Chaplains and Military Officers, the Governor General in Council is pleased to lay down the following rule as applicable in both the Civil and the Military Departments.

Section XI of Rules of the 16th June 1868 for Covenanted Civil Servants.
Section XI of the Rules of the 31st July 1868 for Chaplains.
Section XVIII of the Rules of the 10th November 1868 for Military Officers.
Section XVIII of the Uncovenanted Service Leave Rules of 13th April 1864.

Local Governments have authority to grant subsidiary or preparatory leave for a period exceeding thirty days in case of necessity, but are invariably to report such relaxations of rule to the Government of India.

R. B. CHAPMAN,
*Offg. Secy. to the Govt. of India.*

পদে কর্ম্মকারককে নিযুক্ত করিবার ভার যে কর্ত্তৃপক্ষের প্রতি থাকে তিনি সেই ব্যক্তিকে পুনরায় নিযুক্ত করিয়া তাঁহার পূর্ব্বকালীন কর্ম্ম ধর্ত্তব্য বলিয়া স্বীকার করিতে পারিবেন কিম্বা তাঁহাকে পুনরায় নিযুক্ত করিয়া তাঁহার পূর্ব্বকালীন সমস্ত কর্ম্ম কি তাহার একাংশ ধর্ত্তব্য নয় বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন।

২। কিন্তু যদি ছুটীর অতিরিক্ত এক মাসের অধিক কর্ম্মে ফিরিয়া না আইসেন, ও তাঁহার পূর্ব্বকালীন ম[illegible] কার্য্যের হানি না করিয়া তাঁহাকে পুনরায় নিযুক্ত করি[illegible] অভিপ্রায় থাকে তবে ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতি[illegible] হওয়া আবশ্যক।

---

১৮৭০ সাল ৩ ফেব্রুআরি।

৯০১ নম্বর।—চিহ্নিত ও অচিহ্নিত কর্ম্মকারকদের ও ধর্ম্মোপদেশকদের ও সৈনিকদে[illegible] ছুটীর বিধি সম্পর্কীয় যেই ধারা পার্শ্বে উল্লিখিত[illegible] যাছে. তদ্বিষয়ে মন্ত্রি[illegible] ধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জে[illegible] রল সাহেব নিম্নলিখি[illegible] বিধি করিয়াছেন। ঐ বি[illegible] দেওয়ানী ও সৈনিক ক[illegible] বিভাগের সকল কর্ম্মক[illegible] কের প্রতি বর্ত্তে।

চিহ্নিত কার্য্যকারকদের পক্ষে ১৮৬৮ সালের ১৬ জুনের বিধির ১১ ধারা।
ধর্ম্মোপদেশকদের পক্ষে ১৮৬৮ সালের ৩১ জুলাইর বিধির ১১ ধারা।
সৈনিক কর্ম্মকারকদের পক্ষে ১৮৬৮ সালের ১০ নবেম্বরের ১৮ ধারা।
অচিহ্নিত কার্য্যকারকদের ১৮৬৪ সালের ১৩ আপ্রিলের ছুটীর বিধির ১৮ ধারা।

স্থানীয় গবর্ণমেণ্ট আ[illegible] শ্যক স্থলে ত্রিশ দি[illegible] অধিক উপকরণার্থ প্রস্তুত হওনার্থ ছুটী দিতে পারিবেন। কিন্তু তদ্রূপে বিধি[illegible] করিলে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট সর্ব্বদা রিপো[illegible] করিবেন।

আর বি চাপমান,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 305R.

APPOINTMENTS.

*The 27th January* 1870.—Mr. H. H. Davis to be an Assistant Conservator of Forests, Second Grade, in the Bootan Division, with effect from the 1st instant.

*The 3rd February* 1870.—Baboo Radha Benode Bissooee to be an Assessor, under Act IX. of 1869, in the District of Burdwan, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৩০৫R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৭ জানুআরি।—শ্রীযুত এচ, এচ, ডেবি[illegible] সাহেব ভুটান খণ্ডে দ্বিতীয় শ্রেণীর সহকারী বনরক্ষ[illegible] হইবেন। উক্ত নিয়োগ এই মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

১৮৭০ সাল ৩ ফেব্রুআরি।—শ্রীযুত বাবু রাধাবিনো[illegible] বিষয়ি বর্দ্ধমান জিলাতে ১৮৬৯ সালের ৯ আইনমতে আসেসর হইবেন, এবং উক্ত আইনের অভিপ্রা[illegible] সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করি[illegible]বেন।





Mr. R. D. Hime, Joint-Magistrate and Deputy Collector of Tipperah, is appointed, under Section 5, Act IV. (B. C.) of 1867, to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X. of 1859 and Act VI. (B. C.) of 1862.

The Reverend J. Richards, Calcutta, is licensed to solemnize marriages under clause 4, Section 6, Part I., Act V. of 1865.

Mr. R. J. Richardson to officiate as Opium Agent of Benares, during the absence, on leave, of Mr. C. F. Carnac, or until further orders.

*The 4th February* 1870.—Baboo Sadanund Sircar, Tehsildar of Ungool, in the Tributary Mehals, Cuttack, is vested with the powers of a Subordinate Magistrate, First Class, and of a Deputy Collector under Regulation IX. of 1833.

*The 7th February* 1870.—Baboo Isser Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector of Jehanabad, on leave, is transferred temporarily to Howrah.

Baboo Unnodapersad Ghose, Deputy Magistrate and Deputy Collector, Howrah, is transferred to Hooghly, and posted to Jehanabad.

Baboo Romesh Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is posted to Serampore.

Lieutenant M. O. Boyd to officiate as Personal Assistant to the Commissioner of Assam, during the absence, on deputation, of Lieutenant J. Butler, or until further orders.

Lieutenant E. N. D. LaTouche, Assistant Commissioner, Seebsaugor, is transferred to Kamroop.

Captain H. J. Peet, Assistant Commissioner, is re-posted to Seebsaugor.

Mr. S. Lobb, M.A., to officiate as Principal of the Kishnaghur College, during the absence, on leave, of Mr. A. Smith, or until further orders.

Mr. A. W. Croft, M.A., to officiate in the Third Class of the Bengal Educational Service, during the absence, on leave, of Mr. A. Smith, or until further orders.

*The 8th February* 1870.—Baboo Romesh Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector at Serampore, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

Mr. R. Pereira to be a Deputy Magistrate under Act XV. of 1843, and a Deputy Collector under Regulation IX. of 1833 in Tipperah, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class.

ত্রিপুরার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর ডি, হাইম সাহেব ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইনমত মোকদ্দমার উপর আপীল শ্রবণ ও তদ্বিচার করণার্থে ১৮৬৭ সালের বঙ্গীয় ৪ আইনের ৫ ধারামতে জিলার কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

কলিকাতার পাদরী শ্রীযুত জে, রিচর্ডস্ সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের প্রথম খণ্ডের ৬ ধারার ৪ প্রকরণমতে বিবাহ সাধন করিবার অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত সি, এফ কার্ণাক সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত আর, জে, রিচার্ডসন সাহেব বাণারসের আফীমের এজেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ৪ ফেব্রুআরি।—কটকের পেশকশী মহালের অন্তর্গত অঙ্গুলের তহশীলদার শ্রীযুত বাবু সদানন্দ সরকার অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের এবং ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭০ সাল ৭ ফেব্রুআরি।—জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র কিয়ৎকালের নিমিত্তে হাবড়ায় প্রেরিত হইলেন। তিনি এইক্ষণে ছুটী লইয়াছেন।

হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অন্নদা প্রসাদ ঘোষ হুগলীতে প্রেরিত হইয়া জাহানাবাদে অবস্থিত হইলেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রমেশচন্দ্র মুখোপাধ্যায় শ্রীরামপুরে অবস্থিত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুত জে বটলার সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেণ্ট শ্রীযুত এম, ও বয়ড সাহেব আসামের কমিস্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

শিবসাগরের আসিষ্টাণ্ট কমিস্যনয় লেপ্টেনেণ্ট শ্রীযুত ই, এন, ডি, লাটুচ সাহেব কামরূপে প্রেরিত হইয়াছেন।

আসিষ্টাণ্ট কমিস্যনর কাপ্তান শ্রীযুত এচ জে, পীট সাহেব শিবসাগরে পুনরায় অবস্থিত হইলেন।

শ্রীযুত এ স্মিথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এস্ লব সাহেব এম, এ, কৃষ্ণনগর কালেজের প্রিন্সিপলের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ স্মিথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ, ডবলিউ ক্রফট সাহেব এম, এ, বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কর্ম্মের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ৮ ফেব্রুআরি।—শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রমেশ চন্দ্র মুখোপাধ্যায় অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আর পেরিরা সাহেব ত্রিপুরায় ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

Baboo Hurri Choitannya Ghose, M.A., to be Personal Assistant to the Commissioner of Chittagong.

LEAVE OF ABSENCE.

*The 30th November* 1869.—Mr. F. H. Elphinstone, Deputy Magistrate and Deputy Collector, Gya, for three months, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865, with effect from the 6th December 1869, or any subsequent date on which he may avail himself of the leave.

*The 2nd December* 1869.—Mr. W. Scott, Extra Assistant Commissioner of the Darjeeling Terai, for three months, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865. The Deputy Commissioner of Darjeeling will take charge of the Sub-division during Mr. Scott's absence.

*The 7th February* 1870.—Syed Zainooddeen Hossein, Deputy Magistrate and Deputy Collector of Behar, for one month, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865, in extension of the leave granted to him under orders of the 10th ultimo.

Mr. A. Smith, M.A., Principal of the Kishnaghur College, for fifteen months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, together with the usual preparatory leave from the 9th instant.

*The 8th February* 1870.—Moulvie Syed Obedoollah, Deputy Magistrate and Deputy Collector of Madaripore, for fifteen days, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865, in extension of the leave granted to him under orders of the 25th November last.

NOTIFICATION.

*The 4th February* 1870.—His Grace the Secretary of State for India has granted six months' extension of leave on medical certificate to Mr. W. O'Reilly, of the Subordinate Executive Service.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 135J.

APPOINTMENTS.

*The 2nd February* 1870.—Mr. O. G. R. McWilliam, Officiating Deputy Commissioner of Cachar, is vested with the powers of a Civil Judge, and with the powers described in Section 445A. of the Code of Criminal Procedure (Acts XXV. of 1861 and VIII. of 1869), during the

শ্রীযুত বাবু হরি চৈতন্য ঘোষ এম, এ, চট্টগ্রামের কমিস্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৬৯ সাল ৩০ নবেম্বর।—গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ এচ এলফিনিষ্টোন সাহেব ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ৬ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

৮২ ধারা। এই আইনের ৩৮ ধারার বিধানমতে পাণ্ডুলেখ্য অর্পিত ও অনুমোদিত হইলে পর তদনুসারে কার্য্য হয় নাই, উপযুক্তমতে হইবার সম্ভাবনাও নাই, কিম্বা হইলেও কমিশ্যনরদের দ্বারা তাহার উপযুক্ত মতে সংরক্ষণ হয় নাই হইবারও সম্ভাবনা নাই, ইহা কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তিনি কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ পূর্ব্বক ছয় মাস থাকিতে এই নোটিস দিবেন যে, কমিশ্যনরেরা সেই কালের মধ্যে উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে সেই লেখ্যানুসারে কার্য্য করিয়া তাহার উপযুক্ত সংরক্ষণের উপায় না করিলে, এই আইনদ্বারা ঐ কমিশ্যনরদের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হইয়াছে, সেই সময়াবসানে সেই ক্ষমতা রহিত ও অন্যথা করা যাইবে। এবং তৎকালে কোন বিষয় নির্ম্মিত থাকিলে বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহা অধিকার করিয়া তাহার কার্য্যসম্পাদনের নিয়ম করিবেন। সেই আজ্ঞা হইলে, এই আইনক্রমে স্থাবরাস্থাবর যে সকল সম্পাত্তি, এবং মাস্থল ও শুল্ক ও রেট ধার্য্য ও আদায় করিবার যে সকল অধিকার, ও চুক্তি জন্য যে সকল উপকার, ও মোকদ্দমা করিবার যে সকল স্বত্ব তৎকালে কমিশ্যনরদের প্রতি বর্ত্তে, হস্তান্তর করণ পত্রের আবশ্যকভিন্ন তাহা হস্তান্তরিত হইয়া ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তিবে। এবং এই আইনক্রমে কমিশ্যনরদের সকল উত্তমর্ণদের যে স্বত্বথাকে, তাহা তদ্রূপ হস্তান্তরিত ও সমর্পিত সম্পাত্তির মূল্যপর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে প্রবল হইবে ইতি।

*গবর্ণমেণ্টের অধিকার গ্রহণ পূর্ব্বক কমিশ্যনরদের ক্ষমতা অসিদ্ধ করিবার কথা।*

---

৫ ও ৮১ ধারার উল্লিখিত।
A তফসীল।

SCHEDULE B.—*(referred to in Section VI.)*

---

SCHEDULE C.—*(referred to in Section XLVIII.)*

FORM OF DEBENTURE.

The Commissioners for the improvement of the Port of Calcutta.

The 18 .

No.

By virtue of the Act No. of 18 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations, entitled "An Act better to provide for the maintenance and improvement of the Port of Calcutta," we, the Commissioners for the improvement of the Port of Calcutta, in consideration of the sum of Rupees paid to us by A. B. of promise to pay to the said or order the said sum of Rupees after the date hereof together with interest at the rate of per centum per annum payable half yearly on the day of and the day of

*(Signatures of the Chairman or Vice-Chairman and two Commissioners.)*

---

SCHEDULE D.—*(referred to in Section LVIII.)*

MAXIMA RATES AND TOLLS.

1. Rates on goods where no separate package or article exceeds one ton to 20 cwt. in weight:—

The maximum charge shall be Rs. 3 per ton by weight or measurement, to be calculated on the weight or measurement at the option of the Commissioners. Except as regards the goods here-under specified, the ton by weight shall be one of 20 cwt., and the ton by measurement one of 50 cubic feet.

৬ ধারার উল্লিখিত।
B তফসীল।

---

৪৮ ধারার উল্লিখিত।
C তফসীল।

ঋণ গ্রহণপত্রের পাঠ।

কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ

সাল তাং।

নং।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার প্রণীত কলিকাতা বন্দরের ব্যয়পোষণ ও সৌষ্ঠব করণের সুবিধান করণার্থ আইন নামে অমুক সালের অমুক আইনের বলে, কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনর আমরা অমুক স্থান নিবাসি শ্রীযুত অমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইয়া, অদ্যকার তারিখঅবধি এত কালের পর তাঁহার উক্ত টাকা ফিরিয়া দিব এবং ঐ টাকর উপর ছয়২ মাসে অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে বৎসর শতকরা —টাকার হিসাবে সুদ দিব এই প্রতিজ্ঞা করিয়া এই ঋণগ্রহণপত্র লিখিয়া দিলাম।

সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির ও দুই জন কমিশ্যনরের স্বাক্ষর।

---

৫৮ ধারার উল্লিখিত।
D তফসীল।

অত্যুচ্চ হারের রেট ও মাসুলের ফর্দ্দ।

১। যে মালের এক২ বস্তার কি যেহ দ্রব্যের বিশ হন্দ্রডওয়েটের এক টনের অধিক ওজন না হয়,

ওজন কি মাপানুসারে টন প্রতি ৩৲ টাকার অধিক দাবী হইবে না। কমিশ্যনরদের বিবেচনামতে তাহার ওজন কি মাপ নিরূপণ হইবে। নিম্নভাগে যেহ দ্রব্য নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্ভিন্ন কোন দ্রব্যের ২০ হন্দ্রডওয়েটের এক টন ওজন ও ৫০ ঘন ফুটের এক টন মাপ ধরিতে হইবে।





As regards the following classes of goods, the ton shall be taken at the respective weights and measurements hereunder appended to each class of goods, that is to say,—

| | Cwt. per ton. |
|---|---|
| Anniseed | ... 8 |
| Bark, in bags | ... 8 |
| Cake lac, in bags | ... 16 |
| Cardamums, in robbins | ... 8 |
| China root, in bags | ... 11 |
| Cloves, in bags | ... 8 |
| Coffee, in bags | ... 18 |
| ,, in robbins and casks | ... 16 |
| Cutch, in bags | ... 18 |
| Dates, dry | ... 16 |
| Garlic and onions | ... 12 |
| Ginger | ... 16 |
| Hides, buffalo or cow, cured | ... 14 |
| Mirabolans | ... 16 |
| Nux Vomica | ... 16 |
| Oats | ... 16 |
| Opium | per chest |
| | *Cwt. per ton.* |
| Paddy | ... 16 |
| Pepper, long | ... 12 |
| ,, black | ... 14 |
| Putchuck | ... 10 |
| Raw silk, in bales | ... 10 |
| Rum, in casks | ... { 2 puncheons. or 4 hhds. |
| | *Cwt. per ton.* |
| Seed lac, in bags | ... 16 |
| Shell lac, in bags | ... 16 |
| Skins | ... 14 |
| Soap, country, in bags | ... 15 |
| Stick lac, in bags | ... 16 |
| Tobacco, in bales | ... 16 |
| Turmeric | ... 16 |

2. Rates on packages or articles exceeding one ton of 20 cwt. in weight:—

| Above Tons. | Not exceeding Tons. | Rate. Rs. |
|---|---|---|
| 1 | ... 2 | ... 6 |
| 2 | ... 3 | ... 12 |
| 3 | ... 4 | ... 30 |
| 4 | ... 5 | ... 60 |
| 5 | ... 6 | ... 90 |
| 6 | ... 8 | ... 120 |
| 8 | ... 10 | ... 180 |
| 10 | ... 12 | ... 240 |
| 12 | ... 15 | ... 360 |
| 15 | ... 20 | ... 600 |
| 20 | ... 25 | ... 900 |
| 25 | ... 30 | ... 1,200 |

নিম্নলিখিত যেহ দ্রব্যের যে ওজন ও মাপ ধরা গিয়াছে তদনুসারে টন নিরূপণ হইবে। যথা

| | যত হন্দ্রডওয়েটে এক টন হয়। |
|---|---|
| মৌরী | ... ৮ |
| ছাল, বস্তা বাঁধা | ... ৮ |
| চিমা লাহা | ... ১৬ |
| এলাচি, বোরা বাঁধা | ... ৮ |
| চোরচিনি বস্তা বাঁধা | ... ১১ |
| লবঙ্গ বস্তা বাঁধা | ... ৮ |
| কাফী বস্তা বাঁধা | ... ১৮ |
| ঐ বোরা ও পীপাতে বদ্ধ | ... ১৬ |
| কথ, বস্তা বাঁধা | ... ১৮ |
| ছুহারা | ... ১৬ |
| রসুন ও পেয়াজ | ... ১২ |
| আদা | ... ১৬ |
| চর্ম্ম মহিষের কি গরুর, শুষ্ক | ... ১৪ |
| মৈরবালান, অর্থাৎ শুষ্ক ফলাদি | ... ১৬ |
| কুচিলা | ... ১৬ |
| ওট | ... ১৬ |
| আফীন | একহ সিন্দুক ধরিয়া। |
| | যত হন্দ্রডওয়েটে এক টন হয়। |
| ধান | ... ১৬ |
| পিপপলি | ... ১২ |
| কাল মরিচ | ... ১৪ |
| পাচক | ... ১০ |
| কাচা রেশম, বস্তা বাঁধা | ... ১০ |
| রম পীপাতে বদ্ধ | ... ২ পঞ্চন কি ৪ হগসহেড। |
| | যত হন্দ্রডওয়েটে এক টন হয়। |
| বাতি লাহা বস্তা বাঁধা | ... ১৬ |
| চাপড়া লাহা বস্তা বাঁধা | ... ১৬ |
| চামড়া | ... ১৪ |
| সাবান দেশীয় বস্তা বাঁধা | ... ১৫ |
| কাটি লাহা, বস্তা বাঁধা | ... ১৬ |
| তামাক বস্তা বাঁধা | ... ১৬ |
| হলুদ | ... ১৬ |

২। ২০ হন্দ্রডওয়েটের এক টনের অধিক ওজনের বস্তার কি দ্রব্যের উপর যে হারে মাসুল লওয়া যাইবে।

| যত টনের অধিক | যত টনের অনধিক | হার। টাকা। |
|---|---|---|
| ১ | ... ২ | ... ৬৲ |
| ২ | ... ৩ | ... ১২৲ |
| ৩ | ... ৪ | ... ৩০৲ |
| ৪ | .. ৫ | ... ৬০৲ |
| ৫ | ... ৬ | ... ৯০৲ |
| ৬ | ... ৮ | ... ১২০৲ |
| ৮ | ... ১০ | ... ১৮০৲ |
| ১০ | ... ১২ | ... ২৪০৲ |
| ১২ | ... ১৫ | ... ৩৬০৲ |
| ১৫ | ... ২০ | ... ৬০০৲ |
| ২০ | ... ২৫ | ... ৯০০৲ |
| ২৫ | ... ৩০ | ... ১২০০৲ |

3. Rates on goods landed or shipped from or upon boats and inland country vessels where servants of Commissioners land or ship the goods:—

| | | |
|---|---|---|
| Country boats, for every ton ... | ... 1 | 8 |
| Inland steamer or flats towed by steamer, for every ton ... | ... 2 | 0 |

Where the owners of the boat or vessel land or ship the goods—

| | | |
|---|---|---|
| Inland steamer | ... 1 | 0 per ton. |
| Country boat | ... 0 | 12 ,, |

4. Rates on vessels for use of moorings and wharves—

| | | | | |
|---|---|---|---|---|
| Sea-going vessel, per ton of goods shipped or landed | ... | ... | ... 0 | 8 |
| Inland steamers | ditto | ditto | ... 0 | 4 |
| Country boats | ditto | ditto | ... 0 | 2 |

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

VERY shortly after the constitution of the Committee of Justices for the Improvement of the Port of Calcutta under Act X. of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council, it was discovered that the arrangements made by that Act were not wholly satisfactory, and that Committee ceased to perform the functions which under that Act were entrusted to it.

To make temporary provision for the performance of the duties entrusted to the Committee in Act (IV. of 1869) was passed by the Lieutenant-Governor of Bengal in Council conferring on the Lieutenant-Governor the powers of the Committee. It has, however, been deemed inexpedient to burden the Local Government with the direct detailed administration of the Port and of its improvement, and the Bill has accordingly been prepared with the object of constituting a mixed Board of Commissioners to whom that administration may be committed. The Bill also provides means for raising the sums which may be required for the purpose of improving and maintaining the Port. It prescribes the duties and declares the powers of the intended Commissioners, and it enables the Executive Government to exercise due supervision and control over its proceedings.

ASHLEY EDEN.

*The 8th January* 1870.

J. PITT KENNEDY,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২২ ফেব্রুআরি।]

৩। নৌকায় ও দেশীয় জাহাজে যে মাল তোলা যায় কি তাহাহইতে নামান যায়, কমিশ্যনরদের কর্ম্মকারকেরা ঐ মাল তুলিলে কি নামাইলে।

| | |
|---|---|
| দেশীয় নৌকা, টনপ্রতি ... | ১॥৵ |
| দেশীয় ষ্টীমর কি ষ্টীমরে আকৃষ্ট নৌকা টনপ্রতি | ২৲ |

নৌকার কি জাহাজের স্বামিরামাল নামাইলে কি তুলিলে

| | | |
|---|---|---|
| দেশীয় ষ্টীমর | টনপ্রতি ... | ১৲ |
| দেশীয় নৌকা | ঐ ... | ৸৹ |

৪। বয়ার ও ওয়ার্ফের ব্যবহারের জন্যে জলযানের উপর যে হারে মাসুল লাগিবে।

| | | | |
|---|---|---|---|
| সমুদ্রগামি জাহাজ হইলে, যে মাল তোলা কি নামান যায় তাহার টনপ্রতি | ... | | ॥০ |
| দেশীয় ষ্টীমর | ঐ | ঐ | ।০ |
| দেশীয় নৌকা | ঐ | ঐ | ৵০ |

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ১০ আইনমতে কলিকাতার বন্দর সৌষ্ঠব করণার্থ জষ্টিসদের কমিটী সংস্থাপিত হইবার কিঞ্চিৎ পরে দৃষ্ট হইল যে ঐ আইন অনুসারে যে সকল নিয়ম করা যায় তাহা সম্পূর্ণরূপে অসন্তোষজনক এবং ঐ আইনমতে কমিটীর প্রতি যে কার্য্য অর্পিত ছিল, তাহা তাঁহারা সমাধা করিতে নিরস্ত হইলেন।

ঐ কমিটির প্রতি অর্পিত কার্য্য সম্পাদন করিবার কিয়ৎকালীন বিধান করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক ১৮৬৯ সালের ৪ আইন প্রচলিত করা যায়। তদনুসারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ঐ কমিটীর ক্ষমতা প্রদত্ত হয়। কিন্তু বন্দরের ও তাহা সৌষ্ঠব করণের নিরূপণাধিকারিত্ব সম্পর্কীয় কার্য্যের বিস্তারিত ভার স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি অর্পণ করা বিহিত বোধ হয় না। অতএব ঐ কার্য্যের ভার যাঁহারদের প্রতি অর্পিত হইতে পারিবে এমত কমিশ্যনরদের মিশ্রিত বোর্ড সংস্থাপন করিবার উদ্দেশে এই পাণ্ডুলিপি প্রস্তুত করা যায়। ঐ বন্দর সৌষ্ঠব করিয়া সদবস্থায় রাখিবার জন্যে যত টাকার প্রয়োজন হয় এই পাণ্ডুলিপিতে তাহাও তুলিবার বিধান করা গেল। তন্মধ্যে প্রস্তাবিত কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম্ম নিরূপণ হইয়া তাঁহারদের ক্ষমতাও নির্দ্দিষ্ট হইয়াছে। এবং গবর্ণমেণ্টের প্রতি কমিটীর কার্য্য উপযুক্তমতে দৃষ্টিপূর্ব্বক তত্ত্বাবধারণ করিবার ক্ষমতা দত্ত হইয়াছে।

আশলি ইডেন,

১৮৭০ সাল ৮ জানুআরি।

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টাণ্ট সেক্রেটারী।



THE following Bill, as settled by the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, is, by order of His Honor the Lieutenant-Governor, published for general information:—

*A Bill to empower the Justices of the Peace for the Town of Calcutta to levy a water-rate on the Town.*

Preamble.

Whereas it is necessary to provide funds for meeting the expenses connected with the water-supply works for the Town of Calcutta, and whereas the Justices are not now in a position to assess a water-rate under the provisions of Section XIII. of Act IX. of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council, it is enacted as follows:—

Repeal of clauses.

I. From and after the passing of this Act the portions of Acts set forth in the Schedule hereto are repealed.

Justices to assess water-rate.

II. The Justices shall forthwith at a special general meeting assess upon all houses, premises, and lands within the Town of Calcutta a water-rate for the year 1870, and shall likewise, in the manner and at the times provided in Act VI. of 1863 (passed by the Lieutenant-Governor of Bengal in Council) for fixing taxes, assess a water-rate for each succeeding year.

Amount of water-rate.

III. Every such water-rate shall be sufficient to provide, from the estimated proceeds thereof to be collected within the year, for the payment during the year for which it is assessed of all the current necessary expenses of the water-supply of Calcutta and of all necessary expenses and charges connected therewith, and of the expenses within the year of all necessary amendments and reparations, and of the expenses within the year of any extension of the said water-supply works which may be sanctioned by the Lieutenant-Governor, and of the interest of such monies as may have been or may hereafter be borrowed for the construction of the said water-supply works, and of the sinking fund which has been or may hereafter be formed for the repayment of the said monies: Provided always that no such annual rate shall exceed five per cent. of the annual value of the houses, premises, and lands assessed therewith.

[*Government Gazette, 22nd February* 1870.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় নিম্নলিখিত পাণ্ডুলিপি মতান্তরিত হইয়া মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি ঐ নগরে জলকর আদায় করিবার ক্ষমতা প্রদানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরে জলযোগাইবার কার্য্যসংক্রান্ত খরচ শোধ করিবার জন্যে টাকা তুলিবার বিধান করা বিহিত এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৯ আইনের ১৩ ধারার বিধানমতে জষ্টিসেরা এইক্ষণে জলেরকর আদায় করিতে পারেন না। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

আইনের যেং অংশ রহিত হইল তাহার কথা।

১ ধারা। এই আইনের তফসীলে আইনের যেং অংশ নির্দ্দিষ্ট হইতেছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত হইবে ইতি।

জষ্টিসদের জলকর ধার্য্য করিবার কথা।

২ ধারা। জষ্টিসেরা অগৌণে বিশেষ সাধারণ সভা করিয়া কলিকাতা নগরের অন্তর্গত সকল ঘরে ও বাটীতে ও ভূমিতে ১৮৭০ সালের নিমিত্ত জলের কর ধার্য্য করিবেন, এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনে টাক্স ধার্য্য করিবার যে নিয়ম ও সময় নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা ১৮৭০ সালের পর প্রতিবৎসর তদনুসারে জলের কর ধার্য্য করিবেন ইতি।

যত টাকা জল কর আদায় করিতে হইবে তাহার কথা।

৩ ধারা। জলের কর যে বৎসরের নিমিত্ত ধার্য্য হয়, সেই বৎসর কলিকাতা নগরের জল যোগাইবার আবশ্যক সকল নিত্য খরচ ও তৎসংক্রান্ত আবশ্যক অন্য খরচ খরচা, এবং বৎসরের মধ্যে ঐ জল যোগাইবার নল প্রভৃতি সংশোধন করিবার ও সারাইবার আবশ্যক হইলে তাহার খরচ ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে বৎসরের মধ্যে জল যোগাইবার উক্ত কার্য্য কোন প্রকারে বৃদ্ধি করিতে হইলে তাহার খরচ, এবং ঐ জল যোগাইবার নল প্রভৃতি প্রস্তুত করিতে যত টাকা ঋণ গ্রহণ হইয়াছে কি পশ্চাৎ গ্রহণ হয় তাহার সুদ দিবার জন্যে এবং উক্ত টাকা পরিশোধের নিমিত্ত যে অর্থ সংগ্রহ করা গিয়াছে কি পশ্চাৎ করা যায় তজ্জন্যে, প্রতিবৎসর অনুমান যত টাকা আদায় করা প্রয়োজন ইহা বিবেচনা করিয়া জলের তদুপযুক্ত কর ধার্য্য হইবে। কিন্তু যে ঘরের ও বাটীর ও ভূমির উক্ত টাক্স ধার্য্য হয়, সেই বার্ষিক কর ঐ গৃহাদির বার্ষিক মূল্যের শত করা পাঁচ টাকার অধিক হইবে না ইতি।

Water-rate to be payable quarterly in advance.

IV. Every such water-rate shall be payable by four equal quarterly instalments, each payable in advance upon the 1st day of January, the 1st day of April, the 1st day of July, and the 1st day of October in each year; the first of such instalments to be deemed to have been payable on the 1st day of January 1870.

Water-rate to be payable by owners.

V. Subject to the provisions of the last preceding Section, every such water-rate shall be assessed upon and payable by the persons and in the manner provided for the levy of the rate mentioned in Section LV. of the said Act VI. of 1863.

Powers for recovery of water-rate.

VI. All the powers and provisions for the time being in force for the recovery of the said rate mentioned in Section LV. of the said Act VI. of 1863, shall apply to the recovery of any water-rate imposed under this Act.

Owner of land to be deemed owner of house thereon situate.

VII. For the purposes of this Act the owner of any land upon which any house or tenement is situate shall be deemed to be the owner of such house or tenement, and shall be liable to the payment of the water-rate payable in respect of such house or tenement.

Owners paying water-rate to be repaid three-fourths by occupying tenants.

VIII. Whenever the person from or by whom any such water-rate shall have been recovered or paid shall not be the occupying tenant of the house, premises, or land in respect of which such rate shall have been assessed, it shall be lawful for such person, if there shall be but one occupying tenant of such house, premises, or land, to recover from such occupying tenant three-fourths of the water-rate which shall have been so paid by such person, and if there shall be more than one occupying tenant of such house, premises, or land, to recover from each of such occupying tenants such sum as shall bear to three-fourths of the entire amount of water-rate which shall have been so paid by such person, the same proportion as the value of the portions of such house, premises, or land in the occupation of such occupying tenant, bears to the entire value of such house, premises, or land.

Owner of land on which house situate to recover three-fourths of rate from owner of house.

IX. Whenever the owner of any land on which any house or tenement may be situated shall not be the owner of such house or tenement, and shall have paid the rate for such land and for such house or tenement, it shall be lawful for him to recover from the owner of such house or tene-

জলের কর তিনং মাসে অগ্রিম দিবার কথা।

৪ ধারা। উক্ত জলের কর তিন২ মাসের চারি সম কিস্তিতে বিভক্ত হইয়া কিস্তি প্রতিবৎসর জা আরি মাসের প্রথম ও এ প্রিল মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম ও অ টোবর মাসের প্রথম দিবসে অগ্রিম দিতে হইবে উক্ত কিস্তির মধ্যে প্রথম কিস্তি ১৮৭০ সালের জা আরি মাসের প্রথম দিবসে পাওনা জ্ঞান হইবে ইতি।

জলের কর স্বামিদের দিতে হইবার কথা।

৫ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ রাতে যে ব্যক্তিদের উপ হইয়াছে ও কর আদা করিবার যে বিধান হইয়াছে উক্ত জলের কর ইহার পূর্ব্ব ধারার বিধান অবলম্ব করিয়া সেই ব্যক্তিদের উপর ধার্য্য হইবে ও সেই বি ধানমতে তাহারদের দাতব্য হইবে ইতি।

জলের কর আদায় করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ রাতে যে সকল করের উ ল্লেখ হইয়াছে তাহা আদা করিবার যে ক্ষমতা ও বিধা যৎকালে প্রবল থাকে এই আইনমতে অবধারিত জলক আদায় করণার্থে সেই ক্ষমতা ও বিধান বর্ত্তিবে ইতি।

ভূমির স্বামী ঐ ভূমি স্থিত ঘরের স্বামী জ্ঞান হইবার কথা।

৭ ধারা। কোন ঘর কি বসতবাটী যে ভূমিতে থা এই আইনের কার্য্যোপলক্ষে সেই ভূমির স্বামী ঐ ঘরে কি বসতবাটীর স্বামী বলি জ্ঞান হইবেন এবং সে ঘরের কি বসতবাটীর নিমিত্তে যে জলকর দিতে তাহা তাঁহার স্থানে পাওনা হইবে ইতি।

গৃহ স্বামিরা জলের কর দিলে গৃহবাসিদের স্থানে তাঁহারদের চারি ভাগের তিনভাগ ফিরিয়া পাইবার কথা।

৮ ধারা। যে ঘরের কি বাটীর কি ভূমির জল ধার্য্য হয়, সেই জলকর ব্যক্তির স্থানে আদায় হ য়াছে কিম্বা যৎকর্তৃক দে গেল তিনি স্বয়ং সেইগৃহ বাটী কি ভূমিবাসী না হইলে জলের কর বলিয়া যত টা দিয়াছেন ঐ গৃহ কি বাটী কি ভূমিবাসি এক ব্যক্তি হইলে তাঁহার স্থানে ঐ করের চারি ভাগের তিন ভা আদায় করিতে পারিবেন। অধিক ব্যক্তি ঐ গৃহ বাটী কি ভূমি বাসী হইলে, প্রত্যেক জন যে অংশ বাস করেন তাহার মূল্য গৃহাদির সম্পূর্ণ মূল্যের অংশ হয় তদনুসারে স্বামী সেই প্রত্যেক জনে স্থানে উক্ত চারি ভাগের তিন ভাগের এক২ অং লইতে পারিবেন ইতি।

যে ভূমিতে ঘর থাকে গৃহস্বামির স্থানে ঐ ভূমির স্বামির ঐ করের চারি ভাগের তিন ভাগ পাইতে পারিবার কথা।

৯ ধারা। কোন ঘর কি বসতবাটী যে ভূমিতে থা সেই ভূমির স্বামী ঐ ঘরে কি বসতবাটীর স্বামী হইয়া, যদি সেই ভূমির সেই ঘরের কি বসতবাটী কর দিয়া থাকেন, ত তিনি ঐ ভূমির কি বস বাটীর স্বামির স্থানে ঐ ভূমির নিমিত্ত জলকরের চা





ment, in addition to the three-fourths of the water-rate payable in respect of such land, the entire amount of the water-rate payable in respect of such house.

Power to recover sums payable by occupier as rent.

X. Every person who, under the provisions of either of the two preceding Sections, may be entitled to recover any sum from any occupying tenant or other person shall have for the recovery of such sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to him by such occupying tenant or other person in respect of such house, premises, or land.

Tenant subletting to different persons to be deemed occupier.

XI. Whenever any tenant holding any house, premises, or land, at a rent from the person liable to pay to the Justices the water-rate under this Act, has or may sublet the same to different persons holding in severalty, such tenant shall, for the purposes of this Act, be deemed the occupying tenant of such house, premises, or land.

Three-fourths of rate remitted for unoccupied houses.

XII. Three-fourths of the water-rate assessed under this Act on any house, premises, or land shall be remitted for the period during which such house, premises, or land may remain unoccupied.

Refund of water-rate to owners of unoccupied houses.

XIII. Whenever any quarterly instalment of water-rate shall have been paid in respect of any house, premises, or land, and such house, premises, or land shall, during the quarter for which such instalment shall have been paid, cease to be occupied, the person who shall have paid such water-rate shall be entitled to be repaid by the Justices three-fourths of such sum as shall bear to the amount paid by him the same proportion which the residue of the quarter, after notice in writing of such cessation of occupation shall have been given to the Justices, bears to an entire quarter.

Rate payable for houses becoming occupied.

XIV. Whenever any house, premises, or land, which shall have been unoccupied, shall be occupied during any quarter, there shall be forthwith payable in respect of such house, premises, or land such amount of water-rate as shall bear to an entire quarterly instalment of water-rate for such house, premises, or land the same proportion as the residue of such quarter after such house, premises, or land shall be occupied bears to an entire quarter.

[*Government Gazette, 22nd February* 1870.]   1 W

অংশের তিন অংশ এবং ঐ বাটীর নিমিত্ত সমুদয় জলকর আদায় করিতে পারিবেন ইতি।

গৃহাদি নিবাসির স্থানে যত টাকা পাওনা হয় তাহা ভাড়ার ন্যায় আদায় করিবার ক্ষমতার কথা।

১০ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার একতর ধারার বিধানমতে গৃহাদি নিবাসি প্রজার কি অন্যের স্থানে যে ব্যক্তির টাকা আদায় করিবার স্বত্ব থাকে, ঐ গৃহ কি বাটী কি ভূমিবাসি প্রজার কি অন্য ব্যক্তির নিকট তাঁহার প্রাপ্য ভাড়া আদায় করিবার যে উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা আছে তাঁহার সেই টাকা আদায় করিবার সেই উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে ইতি।

প্রজা ভিন্ন২ ব্যক্তিকে ঘরের এক২ অংশ ভাড়া দিলে ঐ প্রজাই গৃহবাসী জ্ঞান হইবার কথা।

১১ ধারা। এই আইনমতে যে ব্যক্তি জষ্টিসদের নিকট জলের কর দায়ী হন, কোন প্রজা তাঁহাকে ভাড়া দিয়া ঘর কি বাটী কি ভূমি ভোগী হইয়া যদি ভিন্ন২ ব্যক্তিকে ঐ গৃহাদির ভিন্ন২ অংশ ভাড়া দিয়া থাকেন বা দেন, তবে এই আইনের কার্য্যোপলক্ষে সেই প্রজা ঐ ঘর কি বাটী কি ভূমিবাসি জ্ঞান হইবেন ইতি।

খালিঘরের করের চারি ভাগের তিন ভাগ ক্ষমা হইবার কথা।

১২ ধারা। এই আইনমতে যে ঘরের কি বাটীর কি ভূমির উপর জলের কর ধার্য্য হয় তাহা যত দিন খালি থাকে তত দিনের নিমিত্তে ঐ করের চারি ভাগের তিন ভাগ ক্ষমা হইবে ইতি।

খালি ঘরের স্বামিকে জলের কর ফিরিয়া দিবার কথা।

১৩ ধারা। কোন ঘর কি বাটী কি ভূমি সম্পর্কে জল করের কোন তিন মাসের কিস্তি দেওয়া গেলে পর যদি সেই তিন মাসের মধ্যে ঐ ঘর কি বাটী কি ভূমি খালি হয়, তবে জষ্টিসদিগকে ঐ গৃহাদি খালি হইবার সম্বাদ দিলে পর ঐ তিন মাসের অবশিষ্ট যত দিন, তাহা সম্পূর্ণ তিন মাসের যে অংশ হয় তদনুসারে তিনি জষ্টিসদের স্থানে জল করের চারিভাগের তিন ভাগ ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

ঘর ভাড়া হইলে কর দিতে হইবার কথা।

১৪ ধারা। যে ঘর কি বাটী কি ভূমি খালি আছে কোন তিন মাসের মধ্যে সেই গৃহাদির ভাড়া হইলে ঐ গৃহাদি ভাড়া হইয়া ঐ তিন মাসের যত দিন অবশিষ্ট থাকে তাহা সম্পূর্ণ তিন মাসের যে অংশ হয়, তদনুসারে ঐ ঘরের কি বাটীর কি ভূমির সম্পূর্ণ ত্রৈমাসিক কিস্তির জল করের একাংশ অগৌণে দেনা হইবে ইতি।

*Refund to occupier on termination of occupation.*

XV. Whenever any occupier of any house, premises, or land shall pending any quarter cease to occupy such house, premises, or land, he shall be liable, under the provisions of Section VIII, to repay to the person by whom the water-rate of such house, premises, or land is payable, such part only of the quarterly instalment of water-rate payable in respect of such quarter, as shall bear to three-fourths of such quarterly instalment the same proportion as the period which shall have elapsed from the first day of such quarter till he cease to occupy shall bear to the entire quarter; and in case he shall have repaid to the person who shall have paid such quarterly instalment to the Justices any sum greater than such part, he shall be entitled to recover from such person any sum which he may have paid in excess of such part or to deduct the same from any rent due to such person.

*Allowance to owners for prompt payment of water-rates.*

XVI. It shall be lawful for the Justices to allow, to any person liable under this Act to pay to them any sum on account of water-rate, an abatement of two per cent. upon every quarterly instalment of water-rate which shall be paid by such person into the office of such Justices within one month after the same shall have become payable, and for the purposes of this section the instalment which, under the provisions hereinbefore contained, is made payable on the 1st day of January 1870, shall be deemed to be payable forthwith on the first rate being assessed under the provisions of this Act.

*Power to require owner to provide works for water-supply.*

XVII. It shall be lawful for the tenant holding direct from the owner of any house or land, by notice in writing signed by him, to require the owner of such house or land to perform all such necessary works as may be required for bringing into such house or land a proper and sufficient supply of water for domestic purposes. Every such notice shall contain an agreement on the part of such tenant to pay interest at the rate of one per cent. per mensem, calculated from the date of the completion of the works, on the cost of such works during the residue of his term: Provided that in case the house or land held by such tenant shall not abut upon some street in which there is a supply-main, such tenant shall, in the said agreement, undertake to pay the cost of connecting his tenement with the nearest supply-main.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ২২ ফেব্রুআরি।]

*প্রজা ঘর ছাড়িলে তাহার টাকা ফিরিয়া পাইবার কথা।*

১৫ ধারা। কোন ঘর কি বাটী কি ভূমি বাসি ব্যক্তি কোন তিন মাসের মধ্যে উক্ত গৃহাদিহইতে উঠিয়া গেলে, ঐ তিন মাসের প্রথম দিবসাবধি তাঁহার সেই ঘরহইতে উঠিয়া যাইবার সময় পর্য্যন্ত যত দিন তত দিন সম্পূর্ণ তিন মাসের যে অংশ হয়, তদনুসারে ঐ তিন মাসের কিস্তির চারিভাগের তিন ভাগ ধরিয়া তিনি ৮ ধারার বিধানমতে ঐ ঘরের কি বাটীর কি ভূমির জলের করদায়ি ব্যক্তিকে উপযুক্ত অংশ দিবেন। ও যে ব্যক্তি জষ্টিসদিগকে ত্রৈমাসিক কিস্তি দিয়াছেন যদি তাঁহাকে পূর্ব্বে উক্ত অংশের অধিক দিয়া থাকেন, তবে সেই ব্যক্তির স্থানে তাঁহার সেই অতিরিক্ত অংশ ফিরিয়া পাইবার কিম্বা তাহার যে ভাড়া দেনা হয় তাহাহইতে কাটিয়া লইবার অধিকার থাকিবে ইতি।

*জলের কর ত্বরায় দিলে গৃহস্বামিদিগকে ধরাট দিবার কথা।*

১৬ ধারা। জলের করের ত্রৈমাসিক কিস্তি যে তারিখে দেনা হয় এই আইনমতে যে ব্যক্তি জলকর দিবার যোগ্য তিনি সেই তারিখঅবধি এক মাসের মধ্যে জষ্টিসদের কার্য্যালয়ে সেই জলের কর দিলে জষ্টিসেরা তাঁহাকে শত করা ২ টাকার হিসাবে ধরাট দিতে পারিবেন। এই ধারার কার্য্যোপলক্ষে ১৮৭০ সালের জানুআরি মাসের ১ তারিখে যে টাকা দিতে হয় এই আইনের বিধানমতে কর ধার্য্য হইলেই সেই টাকা দেওয়া গেলে উক্ত ধরাট দেওয়া যাইবে ইতি।

*স্বামির প্রতি জল যোগাইবার নিয়ম করিতে আদেশ করিবার ক্ষমতার কথা।*

১৭ ধারা। যে ব্যক্তি কোন বাটীর কি ভূমির স্বামির অব্যবহিত প্রজা হন, তিনি ঐ স্বামির নামে আপনার স্বাক্ষরিত নোটিস লিখিয়া সেই বাটীতে কি ভূমিতে ঘরের কার্য্যের উপযুক্ত ও যথোচিতমতে জল আনাইবার প্রয়োজনীয় সকল কার্য্য করিবার আদেশ করিতে পারিবেন। ঐ নোটিসের মধ্যে এই নিয়ম থাকিবে যে, ঐ কার্য্য করিতে যত টাকা খরচ লাগে প্রজা সেই কার্য্য সমাপ্ত হইবার তারিখঅবধি আর যত দিন সেই ঘরে থাকেন তত দিন ঐ টাকার উপর মাসে শতকরা এক টাকার হিসাবে সুদ দিবেন। কিন্তু যে রাস্তায় জল যোগাইবার নালা থাকে যদি প্রজার অধিকৃত সেই বাটী কি ভূমি ঐ রাস্তার ধারে না থাকে তবে ঐ বাটী কি ভূমি নিকটস্থ জলের নালার সঙ্গে যোগ করাইতে যত খরচ লাগে তিনি ঐ নোটিসে সেই খরচও দিবার নিয়ম করিবেন ইতি।



*What works to be employed.*

XVIII. The supply to a house shall not be deemed sufficient for domestic purposes unless it provides the necessary works for and with taps not exceeding two in each floor of such house, one other such tap in the cook-room of or attached to such house, and one other such tap in the premises, or in or near the stables of or attached to such house: Provided that if the annual rent of such house shall be less than 300 Rupees, it shall be sufficient to provide the necessary works for and with one tap only within the said premises.

*Power to tenant to make works in default of owner.*

XIX. In case any owner shall not within the space of six months from the service of such notice cause such necessary works as aforesaid to be completed, it shall be lawful for the tenant who shall have given such notice to cause such necessary works to be completed, and to deduct from the rent payable by him the cost of such works, save so much of such cost as may be incurred in connecting with a supply-main any tenement which may not abut upon a street in which there may be a supply-main, such deduction to be made by six equal monthly instalments. Interest on each such instalment shall be payable to the owner by the occupier at the rate of one per cent. per mensem, from the time when it shall have been so deducted.

*Estimate and specification of works to be sent.*

XX. No works for introducing a supply of water into any house or land shall be commenced by the owner without sending a specification and estimate of the cost thereof to the tenant, nor by the tenant without sending such specification and estimate to the owner.

*Power of arbitration.*

XXI. In case there shall be any difference between the owner and the tenant respecting the cost or the sufficiency of the proposed works, it shall be lawful for such owner or such tenant to refer such difference to the Justices, and the written award of the Engineer of the Justices, or of any officer authorized by the Justices in that behalf, shall be binding on the owner and the tenant.

*Tax on reference.*

XXII. There shall be payable to the Justices in respect of every such reference a fee at the rate of two Rupees for every hundred Rupees of the monthly rent of the house in respect of the water-supply to which the difference may have arisen: Provided that such fee shall in no case exceed ten Rupees; and such fee shall be paid by the person making such reference.

[*Government Gazette, 22nd February* 1870.]

*যাহা হইলে ঐ কর্ম্ম সম্পূর্ণ জ্ঞান হইবে তাহার কথা।*

১৮ ধারা। জল যোগাইবার কার্য্য সম্পর্কে ঐ ঘরের প্রত্যেক তালায় দুইটির অনধিক জলের কাক্, ও ঐ ঘরের কিম্বা তন্নিকট রন্ধনঘরে এক কাক্ ও সেই বাটীর মধ্যে কিম্বা সেই ঘরের কি তন্নিকট আস্তাবলে কি তাহার নিকট আর এক কাক্ দিতে হইবে। এই সকল না দেওয়া গেলে ঘরের কার্য্যের নিমিত্তে জল যথোচিতমতে যোগাইবার নিয়ম হইয়াছে এমত জ্ঞান হইতে পারিবে না। কিন্তু ঘরের ভাড়া বৎসর ৩০০৲ টাকার কম হইলে ঐ বাড়ীর জল যোগাইবার কার্য্য সম্পর্কে একটি কাক দিলে তাহা যথোচিত হইবে ইতি।

*স্বামির ত্রুটি হইলে প্রজার সেই কর্ম্ম করিবার ক্ষমতার কথা।*

১৯ ধারা। কোন স্বামি উক্ত প্রকারের নোটিস পাইয়া যদি ছয় মাসের মধ্যে পূর্ব্বোক্ত প্রয়োজনীয় কার্য্য সমাপ্ত না করেন তবে যে প্রজা ঐ নোটিস দিলেন তিনি সেই প্রয়োজনীয় কার্য্য সমাপ্ত করিয়া জল যোগাইবার নল যে রাস্তায় আছে ঘর সেই রাস্তার ধারে না থাকিলে ঐ নলের সঙ্গে ঘরের সংযোগ করণের কার্য্যের খরচ আপনি দিবেন আর সকল খরচ ছয় মাসের সমান কিস্তি করিয়া ঘরের ভাড়াহইতে কাটিয়া লইবেন। ঐ ভাড়া কাটিয়া লইবার সময়াবধি প্রজা প্রত্যেক কিস্তির উপর স্বামিকে শতকরা এক টাকার হিসাবে সুদ দিবেন ইতি।

*কার্য্যের ইষ্টিমেট ও নির্দ্দেশপত্র পাঠাইবার কথা।*

২০ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার কার্য্য আরম্ভ করিতে হইলে স্বামি তাহা করিলে প্রথমে প্রজার নিকট ঐ কার্য্যের বর্ণনাপত্র ও খরচের ইষ্টিমেট পাঠাইবেন। প্রজা তাহা করিলে প্রথমে স্বামির নিকট ঐ বর্ণনাপত্র ও ইষ্টিমেট পাঠাইবেন ইতি।

*মধ্যস্থ কল্পনার কথা।*

২১ ধারা। প্রস্তাবিত কার্য্যের খরচের বিষয়ে কিম্বা যে কার্য্য হইলে যথোচিত হয় এই বিষয়ে স্বামির ও প্রজার মতের অনৈক্য হইলে স্বামী কিম্বা সেই প্রজা জষ্টিসদের প্রতি সেই বিবাদ অর্পণ করিতে পারিবেন। ও জষ্টিসদের ইঞ্জিনিয়র সাহেবের, কিম্বা জষ্টিসেরা অন্য যে কর্ম্মকারককে তৎকার্য্যে নিযুক্ত করেন তাহার যে লিখিত নিষ্পত্তি হয় স্বামী ও প্রজা তাহাতে আবদ্ধ থাকিবেন ইতি।

*বিবাদ অর্পণ করিলে যে টাক্স লাগিবে তাহার কথা।*

২২ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের বিবাদ অর্পণ করা গেলে যে ঘরে জল যোগাইবার কার্য্য সম্পর্কে ঐ বিবাদ হয় সেই ঘরের মাসিক ভাড়ার শত, টাকা প্রতি দুই টাকার হিসাবে জষ্টিসদিগকে ফী দিতে হইবে। কিন্তু সেই ফী কখনও দশ টাকার অধিক হইবে না। ও যে পক্ষ ঐ বিবাদ অর্পণ করেন তাঁহার সেই ফী দিতে হইবে ইতি।

XXIII. Any occupier, upon or after whose requirement as aforesaid any works for the supply of water shall have been introduced into any house or land, shall during his term be bound to bear the expense of keeping such works in substantial repair.

Tenant making requisition to keep works in repair.

XXIV. It shall be lawful for any owner to whom any sum is payable under the provisions of Section XVII. or Section XIX. to recover such sum from the person liable to pay the same as if the same were rent payable by the person so liable.

Power of recovery of sums payable.

XXV. This Act shall be construed with and as part of Acts VI. of 1863, VI. of 1866, and IX. of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

Construction of Act.

XXVI. This Act may be called "The Calcutta Water-rate Act, 1870."

Short Title.

---

SCHEDULE.

*Portions of Acts Repealed.*

| No. of Act. | Title. | Extent of repeal. |
|---|---|---|
| Act VI. of 1863 (B. C.) | An Act to vest the property of the Town of Calcutta and the management of its municipal affairs in a Corporation, and to make better provision for the conservancy and improvement of the Town and for the levying of rates and taxes therein. | So much of Sections LXII. and LXV. as relates to water-rate. |
| Act IX. of 1867 (B. C.) | An Act to amend Act VI. of 1863 and Act VI. of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council. | Sections XII. and XIII. So much of Sections XIV. and XV. as relates to water-rates. |

J. Pitt Kennedy,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

২৩ ধারা। প্রজার প্রার্থনামতে কি তদনুসারে কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার কার্য্য করা গেলে তিনি সেই ঘরে থাকিবার মিয়াদ পর্য্যন্ত ঐ কার্য্য বিশিষ্টমতে সারাইয়া রাখিবার সকল খরচ দিতে আবদ্ধ হইবেন ইতি।

যে প্রজা সেই কার্য্যের আদেশ করেন তাঁহার তাহা সারাইয়া রাখিবার কথা।

২৪ ধারা। ১৭ কিম্বা ১৯ ধারার বিধানমতে স্বামির যে টাকা পাওনা হয়, তাহা যে ব্যক্তির স্থানে পাইতে পারেন তাঁহার দেনা ভাড়ার ন্যায় তাহা আদায় করিতে পারিবেন ইতি।

পাওনা টাকা আদায় করিবার ক্ষমতার কথা।

২৫ ধারা। এই আইন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনের ও ১৮৬৬ সালের ৬ আইনের ও ১৮৬৭ সালের ৯ আইনের একাংশজ্ঞান হইয়া তৎসহিত তাহার অর্থ করিতে হইবে ইতি।

আইনের অর্থের কথা।

২৬ ধারা। এই আইন "কলিকাতার জলকরের ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

সংক্ষেপ নাম।

---

যে আইনের যে অংশ রহিত হইল তাহার তফসীল।

| নম্বর | খ্যাতি | যত দূর রহিত হইল |
|---|---|---|
| ১৮৬৩ সা. বঙ্গীয় ৬ আ | কলিকাতা নগরের স্বামিত্ব ও নগর সম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের ভার সমাজের প্রতি অর্পণ করিবার এবং নগরের পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করণের এবং রেট ও টাক্স আদায় করণের সুবিধান করিবার আইনের | ৬২ ও ৬৫ ধারায় জলকরের যে কথা আছে তাহা। |
| ১৮৬৭ সা. বঙ্গীয় ৯ আ | বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন ও ১৮৬৬ সালের ৬ আইন সংশোধন করণার্থ আইনের | ১২ ও ১৩ ধারা এবং ১৪ ও ১৫ ধারায় জলকরের যে কথা আছে তাহা। |

জে পিট কেনেডি।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*





## Circular Orders of the Board of Revenue, L. P.

JANUARY 1870.

No. 6.

Under instructions from the Secretary of State, Officers in charge of Districts in which Irrigation works have been introduced are requested to submit, simultaneously with their Preliminary Land Revenue Reports for 1869-70, a Return in the form below noted, relative to the remunerative character of expenditure on Irrigation works in the Lower Provinces. A similar Return should be submitted annually with each year's Preliminary Land Revenue Reports.

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৭০ সাল জানুআরি মাস।

৬ নম্বর।

যেং জিলার মধ্যে জলসিঞ্চনের কার্য্য প্রচলিত হইয়াছে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের আদেশানুসারে সেইং জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ। বঙ্গপ্রভৃতি দেশের জলসিঞ্চনকার্য্যে যে ব্যয় হয় তদ্দ্বারা লভ্য উৎপন্ন হইবার বিষয়ের এক রিটর্ণ তাহারদের ভূমির রাজস্ববিষয়ক ১৮৬৯।৭০ সালের প্রথম স্থলীয় রিপোর্টের সঙ্গেং পাঠান। ঐ রিটর্ণ নিম্নলিখিত পাঠে প্রস্তুত করিতে হইবে। ঐ প্রকারের রিটর্ণ বৎসর ২ ভূমির রাজস্বের বাৎসরিক প্রথমস্থলীয় রিপোর্টের সঙ্গে পাঠাইতে হইবে।

| 1. | 2. | 3. | 4. | | 5. | 6. | 7. | 8. |
|---|---|---|---|---|---|---|---|---|
| District. | Land Revenue in 1866-67. | Land Revenue in 1869-70. | Expenditure since 1857 on Irrigation Works. | | Additional Acreage Irrigated since 1856-57. | Increased Receipts due to Irrigation included in Land Revenue. | Receipts from Irrigation included under Public Works. | Increased Receipts of Land Revenue due to other causes than Irrigation. |
| | | | New Works. | Maintenance and Repairs. | | | | |
| | | | | | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|---|
| জিলা। | ১৮৬৬।৬৭ সালে ভূমির রাজস্ব। | ১৮৬৯।৭০ সালে ভূমির রাজস্ব। | ১৮৫৭ সালের পর জলসিঞ্চনের কার্য্যে যত টাকা ব্যয় হয়। | | ১৮৫৬।৫৭ সালের পর অধিক যত একর ভূমিতে জলসিঞ্চন হইয়াছে। | ভূমির রাজস্বের মধ্যে বৰ্দ্ধিত যে টাকা ধরা গিয়াছে তন্মধ্যে জলসিঞ্চন কার্য্যোপলক্ষে যত টাকা ধরিতে হইবে। | পবলিক ওয়র্কসের মধ্যে যত টাকা জলসিঞ্চন কার্য্যহেতুক পাওয়া গেল। | ভূমির রাজস্বের প্রাপ্ত যত টাকা জলসিঞ্চন ভিন্ন অন্য হেতুতে বৃদ্ধি হইয়াছে। |
| | | | নূতন কার্য্যে। | পূর্ব্ব বিষয় রক্ষা করিবার ও সারাইবার কার্য্যে। | | | | |
| | | | | | | | | |

2. In Column 3, in addition to the Land Revenue, should be entered separately the amount collected as payment for water.

২। তৃতীয় ঘরে ভূমির রাজস্ব ভিন্ন জলের নি‌ যে টাকা দেওয়া হইয়াছে তাহা স্বতন্ত্র লিখিতে হই

3. For Columns 4 to 7, the Collectors at present concerned should obtain the information from the Irrigation Department by placing themselves in communication with the Revenue Superintendent of Canals in Orissa, and the Superintending Engineers of the South-western and Orissa Circles, to whom the necessary instructions will be issued by Government; Column 6 should show, as in Column 3, the additional figures on account of payment for water.

৩। এই কার্য্যে যে কালেকুটর সাহেবদের সং থাকে তাহারদের কর্ত্তব্য যে উড়িষ্যা দেশগত খা রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এবং দক্ষি পশ্চিম ও উড়িষ্যা চক্রের তত্ত্বাবধারক ইঞ্জিনি সাহেবদের সঙ্গে লিখনপঠন করিয়া জলসিঞ্চ কর্ম্মবিভাগহইতে সন্ধান প্রাপ্ত হইয়া ৪ অবধি ৭ পর্য্য ঘরের কথা লেখেন। উক্ত সাহেবদের নিকট গব মেণ্ট হইতে প্রয়োজনীয় উপদেশপত্র পাঠান যাইবে জলের নিমিত্তে যত টাকা অঙ্ক বৃদ্ধি হয় তাহা ঘরে যেমন, ৬ ঘরে ও তেমনি লিখিতে হইবে।

---

## No. 7.

The Accountant-General has drawn the attention of the Board to the irregularity of some District Officers in keeping back bills of one year to be cashed out of their Budget Grant for the succeeding year, on the ground that their allotments for the former year were exhausted. As this infringement of rules results, in many instances, in charges being kept out of the accounts of the year to which they belong, District Officers are requested to take care that the practice is discontinued in future.

## ৭ নম্বর।

কোনং জিলার কর্তৃপক্ষদের বজেটেরদ্বারা তাঁহা দের প্রতি যে টাকা নিরূপণ হইয়াছে তাহা ফুরি গেলে তাঁহারা একবৎসরের বিলের বাকী অ বৎসরের টাকাহইতে দিয়া থাকেন। আকৌণ্টে জেনরল সাহেব তাহারদের এই অনিয়মিত কার্য্যপ্রতি বোর্ডের সাহেবদিগকে মনোযোগ করাইয়াছেন। এ প্রকারে বিধির লঙ্ঘন হওয়াতে যে বৎসরের যে খ তাহা সেই বৎসরের মধ্যে ধরা যায় না। অতএ জিলার কর্তৃপক্ষদের প্রতি আদেশ যে তাঁহারা তদ্রূ কার্য্য আর না করেন।

---

## No. 8.

The Railway Deputy Collector has now distributed to each of the District Officers concerned a set of Plans and Schedules, corrected up to date, of the lands taken up for and occupied by the East Indian Railway in his district. To maintain a correct register and record of title of Railway lands in accordance with the wishes of the Government of India, as expressed in para. 15 of the Appendix II, at page 17 of the Board's Rules, District Officers are now reminded that, in accordance with paras. 10 and 14 to the Appendix, they should invariably note on the Plans and Schedules all changes which may be made in the classification of the lands, and enter in them all extra lands which may be from time to time hereafter acquired.

## ৮ নম্বর।

রেলওয়ে ডেপুটী কালেকুটরের অধীন স্থানের মধ্যে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের নিমিত্ত যত ভূমি গৃহীত ও অধি কৃত হইয়াছে তিনি তাহার নকশা ও তকসীল প্রস্তুত করিবার তারিখপর্য্যন্ত সংশোধন করিয়া তৎসংক্রান্ত জিলার কর্তৃপক্ষদের নিকটে প্রেরণ করিয়াছেন। বোর্ডের বাঙ্গলা বিধি পুস্তকের ২৯ পৃষ্ঠায় II আপেণ্ডিক্সের ১ ধারাতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে অভিমত প্রকাশ হইয়াছে তদনুসারে রেলওয়ে ভূমির যথার্থ রেজিষ্টর ও আগমের লিপি রাখা যায় এই নিমিত্তে জিলার কর্তৃপক্ষদের কর্ত্তব্য কর্ম্ম বিষয়ে এই কথা স্মরণ করা যাইতেছে। ভূমির শ্রেণীবদ্ধ হওন সম্পর্কে যে পরিবর্ত্তন করা যায় আপেণ্ডিক্সের ১০ ও ১৪ ধারা মতে নকশায় ও তকসীলে সেই পরিবর্ত্তনের চিহ্ন দিবেন ও ইহার পর আর যত ভূমি সময়েং গ্রহণ করা যায় তাহাও তন্মধ্যে লিখিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২২ ফেব্রুআরি।]



## No. 9.

Rule 5, Chapter IV, page 48 of the Board's Rules, is amended as follows, in accordance wtih a decision of the High Court, under date the 3rd May 1869, in the special appeal case of Government v. Ishri Persad Sahee and others.

The laws for the division of estates are not applicable to the separation of the lands of two or more estates which have become mixed so as not to be identifiable. When, however, these estates are portions of an original estate formerly divided under the Butwarah law, but of which some lands were then left in common, the division of the separated estates, or portions of the original estate, may be permitted, as under such circumstances no doubt exist as to the proportion of the shares in the lands held in common.

## ৯ নম্বর।

খাস আপীলের যে মোকদ্দমায়, গবর্ণমেণ্ট একপক্ষ ও ঈশ্বরিপ্রসাদ সাহী ও অন্যেরা অন্য পক্ষ ছিলেন সেই মোকদ্দমায় হাই কোর্টের ১৮৬৯ সালের মে মাসের ৩ তারিখের নিষ্পত্ত্যনুসারে বোর্ডের বাঙ্গলা বিধি পুস্তকের ৭৯ পৃষ্ঠায় চতুর্থ অধ্যায়ের ৫ ধারা নিম্নলিখিতমতে পরিবর্ত্তন করিতে হইবে।

দুই কি অধিক মহালের যেং ভূমি পরস্পর এমত মিশ্রিত হইয়াছে যে কোন্ ভূমি কোন্ মহালের তাহা চিনিতে পারা যায় না, এমত ভূমি পৃথকং করণে বাঁটওয়ারা বিষয়ক আইন বর্ত্তে না। কিন্তু আসল যে মহাল বাঁটওয়ারারার আইনমতে পূর্ব্বে বিভাগ করা গেলে ও মন্মধ্যে কএক খণ্ড ভূমি সাধারণ থাকিল উক্ত সকল মহাল সেই আসল মহালের অংশ হইলে ঐ বিভক্ত মহাল কিম্বা আসল মহালের অংশ বিভাগ করিবার অনুমতি হইতে পারিবে। যেহেতু তদ্রূপ গতিকে ভূমির যে ভাগের যে অংশ সাধারণ বলিয়া ভোগ হয় তাহার সন্দেহ থাকে না।

---

## No. 10.

The special attention of local Officers is requested to the remarks contained in paras. 1 and 4 of the Government Resolution on the Board's Report on the Administration of the Certificate Tax, both of which have been sent separately. The Board desire to impress on them the necessity of strictly observing the Rules for the working of the Income Tax Act, and specially those referred to in their Circular Order No. 6 of December 1869, so as to avoid double and excess assessments which must entail large refunds afterwards. Every care should be taken to secure the sufficient assessment of the trading and mercantile classes, who, there can be little doubt, have hitherto largely escaped proper taxation.

## ১০ নম্বর।

সর্টিফিকট টাক্সের কার্য্য নিরূপণ বিষয়ে বোর্ডের যে রিপোর্ট হয়, তদ্বিষয়ে গবর্ণমেণ্টের নির্দ্ধারণের ১ ও ৪ দফার মন্তব্য কথার প্রতি স্থানীয় কর্তৃপক্ষদিগের বিশেষ মনোয়োগ করিবার আদেশ হইতেছে। ঐ দুই দফা স্বতন্ত্র পাঠান গিয়াছে। একি ব্যক্তির দ্বিগুণ কিম্বা অতিরিক্ত টাক্স ধার্য্য হইলে পর অনেক টকা ফিরিয়া দেওয়া আবশ্যক হয়। তাহা না হয় এই নিমিত্তে ইনকম টাকসের আইনসংক্রান্ত কার্য্যের বিধি বিশেষতঃ ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ৬ নম্বরের সরকুলর অর্ডরে যেং বিধির উল্লেখ হইয়াছে বোর্ডের সাহেবেরা তাহা দৃঢ়মতে মানিবার আবশ্যকতা উক্ত কর্তৃপক্ষদিগের হৃদগত করিতে চাহেন। বাণিজ্যকারি ও ব্যবসায়ি লোক শ্রেণীর যথোপযুক্তমতে টাক্স ধার্য্য করণবিষয়ে অত্যন্ত মনোযোগ করা প্রয়োজন। এই পর্য্যন্ত তাঁহাদের যথোচিত মতে টাক্স হয় নাই ইহার সন্দেহ নাই।

2.—In every case, also, when the income is believed to exceed Rupees 10,000, the rule requiring reference of such case to the Collector should be carefully attended to. It is there laid down that the opinions of the Assessors, with every possible detail, should be communicated to the Collector, and this should always be done promptly and fully.

২—কোন স্থলে ১০০০০ টাকার অধিক আয় হয় জ্ঞান হইলে কালেকুটর সাহেবের প্রতি সেই বিষয় অর্পণ করিতে হইবে এই বিধিতে যত্নপূর্ব্বক মনোযোগ করা কর্ত্তব্য। বিধির মর্ম্ম এই আসেসরদের মত এবং তাঁহারা শক্তিক্রমে তদ্বিষয়ের যে বৃত্তান্ত জানিতে পান তাহা কালেকুটর সাহেবকে জ্ঞাত করিতে হইবে এই বিধিমতে ত্বরায় ও সম্পূর্ণরূপে কার্য্য করা কর্ত্তব্য।

3.—A revised Form of Return No. XXX. for 1869-70 will be supplied by the Superintendent of Stationery to all District Officers. It will be noted that information is to be given in this Return, touching the portions of salaries of Excise and Sub-Divisional Officers employed on the Income Tax work, which are to be debited to the Income Tax Department, and the proportions in which refunds made under Act IX. of 1869, are attributable to double assessments and excess payments. The Return should be carefully filled

[*Government Gazette, 22nd February* 1870.]

৩—ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ১৮৬৯। ৭০ সালের নিমিত্ত ৩০ নং রিটর্ণের সংশোধিত পাঠ সকল জিলার কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। আবকারীর ও শাখাখণ্ডের যে কার্য্যকারকেরা ইনকমটাক্স সংক্রান্ত কার্য্যে নিযুক্ত আছেন, ইনকম টাক্স কর্ম্মবিভাগের হিসাবে তাঁহারদের বেতনের কোন অংশ খরচ লিখিতে হইবে, এবং ১৮৬৯ সালের ৯ আইনমতে যে টাকা ফিরিয়া দেওয়া যায় তন্মধ্যে দ্বিগুণ ও অতিরিক্ত টাক্স দেওনপ্রযুক্ত কত টাকা ফিরিয়া দিতে হইল, উক্ত রিটর্ণে এই বিষয়ের সন্ধান দিতে হইবে ইহা জানিবেন। রিটর্ণ যে তারিখে

in and submitted with Return No. XLIII., as soon after the due date as practicable.

4.—The Board trust that, with the full statistics to be furnished in the two Returns in question, the Commissioners will be able to transmit on an early date, their Reports on the Administration of the Income Tax in their respective Divisions.

No. 11.

The attention of all Officers is called to the last clause in para. 1, section V, page 176 of the Board's Rules. The instructions therein given for the dispatch each day, in one cover, of letters addressed to one authority, should be invariably carefully followed.

পাওনা হয় তাহার পর সাধ্যমতে ত্বরায় তাহা মনোযোগে পূর্ণকরিয়া ৪৩ নং রিটর্ণের সহিত প্রেরণ করা উচিত।

৪।—উক্ত দুই রিটর্ণে স্থিতিবিরিতির যে সম্পূর্ণ সম্বাদ প্রাপ্ত হওয়া যাইবে, কমিশ্যনরেরা তাহার সঙ্গে আপনং খণ্ডে ইনকম টাকস সংক্রান্ত কার্য্য নিরূপণের রিপোর্টও অবিলম্বে পাঠাইতে পারিবেন বোর্ডের এই প্রত্যাশা।

১১ নম্বর।

সকল কার্য্যকারকের প্রতি বোর্ডের বাঙ্গলা বিধিপুস্তকের ২৩৯ পৃষ্ঠায় ৫ পরিচ্ছেদের প্রথম ধারার শেষ কথায় মনোযোগ করিবার আদেশ হইতেছে। এক দিনে একি কর্তৃপক্ষের নামে যত খানি পত্র পাঠাইতে হয় তাহা একি খামে দিয়া পাঠাইবার আজ্ঞা সর্ব্বদাই মনোযোগে মানিতে হইবে।

John Robinson, *Bengalee Translator.*

## Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

Criminal Side.

No. 4.

To all Criminal Authorities, Lower and Non-Regulation Provinces,—(dated Calcutta, 31st January 1870.)

It having been brought to the notice of the Court that the Schedule attached to Circular Order No. 19, dated 31st December 1861, though superscribed "Schedule of offences under Acts XLV of 1860 and XXV of 1861," contains no place for offences under Act XXV of 1861, the first 70 headings relating expressly to offences under the Penal Code alone, and heading 71 to *other offences* "not included in the specifications under the Penal Code and Code of Criminal Procedure," (*vide* para. 4 of Circular Order No. 19 in remarks under *Parts* 9 *and* 10), the following instructions are issued for general observance.

2. In amendment of the above Schedule, the Court direct that after heading 70, a new heading, to be numbered "71," shall be introduced for "offences under the Code of Criminal Procedure," which will of course embrace all cases under Act XXV of 1861, as amended by Act VIII of 1869. This change will necessitate the present heading No. 71 being converted into No. 72, in which "other offences not included in the above specifications" will be entered.

3. The above alterations will necessitate corresponding changes in the preparation of the Magistrates' Statements (Quarterly and Annual) Nos. 1 to 5. No. 1, Part I, will shew, when necessary, a heading for "Offences under the

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের সরকুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

৪ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের ও আইনবহির্ভূত প্রদেশের ফৌজদারী সকল কর্তৃপক্ষ সমীপেষু। কলিকাতা ১৮৭০ সাল ৩১ জানুআরি।

১৮৬১ সালের ৩১ ডিসেম্বরের ১৯ নম্বরের সরকুলর অর্ডরে যে তফসীল সংযুক্ত হইয়াছে, তাহার শিরোভাগে "১৮৬০ সালের ৪৫ আইন ও ১৮৬১ সালের ২৫ আইনমতের অপরাধের তফসীল" এই কথা থাকিলেও তন্মধ্যে ১৮৬১ সালের ২৫ আইনমত অপরাধ লিখিবার স্থান নাই। ফলতঃ ১ অবধি ৭০ পর্য্যন্ত শীর্ষকে কেবল দণ্ডবিধির আইমমত অপরাধের স্পষ্টই উল্লেখ হইয়াছে। ৭১ শীর্ষকে "দণ্ড বিধির আইনে ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে যাহার সংজ্ঞা হয় নাই এমত অন্যং অপরাধ" এই কথা আছে। (ঐ ১৯ নম্বর সরকুলর অর্ডরের ৪ ধারাতে ৯ ও ১০ খণ্ড বিষয়ক কথা দেখ)। কোর্টের নিকট উক্ত কথা জ্ঞাত করা গেলে, সর্ব্বসাধারণের পালনার্থে নিম্নলিখিত উপদেশ প্রচার করা যাইতেছে।

২। কোর্টের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে উপরোক্ত তফসীল সংশোধন পূর্ব্বক ৭০ নম্বরের পর ৭১ নম্বরের এই নূতন শীর্ষক দেওয়া যায়, যথা "ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমত অপরাধ"। ১৮৬৯ সালের ৮ আইনদ্বারা সংশোধিত ১৮৬১ সালের ২৫ আইনের মধ্যে যে সকল অপরাধ আইসে তাহাও ঐ শীর্ষকে ধরা যাইবে। তাহা হইলে, এই ক্ষণকার ৭১ নম্বরের, অর্থাৎ "উক্ত সংজ্ঞার মধ্যে অন্য যেং অপরাধ গণ্য নয়" এই শীর্ষকের ৭২ নম্বর দিয়া তন্মধ্যে ঐং অপরাধ লিখিতে হইবে।

২। মন্তব্য যে, এই সংশোধিত পাঠের ১১ ঘরের অঙ্ক লইয়া ১৪ নং রিটর্ণের ৪ টেবিলের ৭ ঘরে লিখিতে হইবে।

# FORM 20.

See Section XI, "Clauses 40 and 43."

*Daily Account of Receipts and Disbursements in the Public Distillery at* ______________

| Date. | Receipts. | | | | | | | Disbursements. | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | On account of duty as per column 12 of Daily Abstracts sent in (Form 17). | On account of License Fees. | On account of Distillery Fees as per Form 22. | Miscellaneous. | Total receipts on account of country spirits (total of columns 2, 3, 4 and 5.) | On account of other exciseable articles in the charge of the Darogah. | Grand Total (total of columns 6 and 7.) | Salary of Establishment. | Miscellaneous. | Total Disbursements. | Remittances during the month to the Treasury. | Total of columns 11 and 12. | Actual Balance in the hands of the Darogah (difference between columns 8 and 13.) |
| 1. | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. | 10. | 11. | 12. | 13. | 14. |
| | Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. | Items. Rs. As. P. | Rs. As. P. | | | Items. Rs. As. P. | Items. Rs. As. P. | Rs. As. P. | Date. Rs. As. P. | Rs. As. P. | Rs. As. P. |



একাদশ পরিচ্ছেদের ৪০ ও ৪৩ ধারা দেখ।

অমুক স্থানের রাজকীয় মদ্যসন্ধানী স্থানে যত টাকা জমা ও খরচ হইয়া থাকে তাহার রোজ নামা।

| তারিখ | জমা | | | | | | | খরচ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | দৈনিক হিসাবের যে সার কথা ১৭ নং পাঠে দেওয়া যায় তাহার ১২ ধরমত মাস্থল | লাইসেন্স ফী | ২২ নং পাঠানুসারে সন্ধানী কার্য্যের ফী | বিবিধ বিষয়ের নিমিত্ত | দেশীয় মদিরার নিমিত্তে সর্ব্বশুদ্ধ যত টাকা পাওয়া গেল (২, ৩, ৪, ৫ ঘরের মোট) | যেং দ্রব্যের উপর আবকারী মাস্থল লাগে দারোগার হাতে এমত অন্যং দ্রব্যের নিমিত্ত। | সর্ব্বসুদ্ধ। (৬ ও ৭ ঘরের মোট) | কর্ম্মকারকের বেতন। | বিবিধবিষয়ে | সর্ব্বসুদ্ধযত টাকা খরচ হয় | মাসের মধ্যে খাজানাখানায় যত টাকা পাঠান যায় | ১১ ও ১২ ঘরের মোট | দারোগার হাতে যত টাকা থাকে। ৮ ও ১৩ ঘরের লিখিত টাকার বিশেষ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | টাকা | টাকা | টাকা | দফা টাকা | টাকা | টাকা | টাকা | দফা টাকা | দফা টাকা | টাকা | তারিখ টাকা | টাকা | টাকা |

John Robinson, *Bengalee Translator.*

## Home Department.

JUDICIAL.

*The 18th February* 1870.

*No.* 340.—The Hon'ble John Paxton Norman took his seat as Officiating Chief Justice of the High Court of Judicature at Fort William in Bengal on the forenoon of the 7th instant.

*Education.*

*The 15th February* 1870.

*No.* 114.—Under Section 12 of Act II. of 1857, the Governor General in Council is pleased to authorize the affiliation in law of the Gowhatty School to the Calcutta University, with effect from the 1st of January 1870.

E. C. BAYLEY,
*Secy. to the Govt. of India.*

## Financial Department.

LEAVE AND ALLOWANCES.
NOTIFICATIONS.

*The 16th February* 1870.

*No.* 1192.—Mr. W. H. McGowan resumed charge of the Office of Post Master of Calcutta on the afternoon of the 11th December 1869.

SEPARATE REVENUE.
[STAMPS].

*The 17th February* 1870.

*No.* 1228.—Under the provisions of Section 16 of Act XVIII. of 1869, the Governor General in Council is pleased to declare that all agreements made by the ryots in opium producing districts for the cultivation of the poppy, shall be exempt from Stamp duty.

*The 18th February* 1870.

*No.* 1232.—The Governor General in Council directs that the old one-anna Receipt, Draft and Bill Stamps, which may still be in stock, be issued simultaneously with the new one-anna adhesive Stamps, and used for the respective purposes in dicated on them until the entire stock is exhausted.

R. B. CHAPMAN,
*Offg. Secy. to the Govt. of India.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 430R.

APPOINTMENTS.

*The 15th February* 1870.—The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Pooree :—

Baboo Grish Chunder Chatterjee.
Mohunt Hayagriba Das.
Pundit Hurihur Das.



## হোম ডিপার্টমেণ্ট।

জুডিশ্যাল।

১৮৭০ সাল ১৮ ফেব্রুআরি।

৩৪০ নম্বর।—মান্যবর শ্রীযুত জান পাকষ্টন নর্ম্মান সাহেব বর্ত্তমান মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্নে বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে একটিং চীফ জষ্টিসস্বরূপ আসন গ্রহণ করেন।

বিদ্যাসংক্রান্ত।

১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।

১১৪ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৫৭ সালের ২ আইনের ১২ ধারাক্রমে ১৮৭০ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি ব্যবস্থা বিষয়ে গৌহাটীর বিদ্যালয় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহিত সংযুক্ত করিয়াছেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

ছুটী ও বৃত্তিবিষয়ক।
বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৬ ফেব্রুআরি।

১১৯২ নম্বর।—শ্রীযুত ডবলিউ এচ মাকগৌয়েন সাহেব ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ১১ তারিখের অপরাহ্নে কলিকাতার পোষ্ট মাষ্টরের কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

স্বতন্ত্র রাজস্ব।
ইষ্টাম্প।

১৮৭০ সাল ১৭ ফেব্রুআরি।

১২২৮ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৯ সালের সালের ১৮ আইনের ১৬ ধারার বিধানক্রমে আদেশ করিয়াছেন যে আফীম উৎপাদক প্রদেশে রায়তদের সঙ্গে পোস্তা চাষ করিবার যে নিয়মপত্র করা যায় তাহার উপর ইষ্টাম্প লাগিবে না।

১৮৭০ সাল ১৮ ফেব্রুআরি।

১২৩২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিয়াছেন যে রসীদের ও চ্যাকের ও বিলের পুরাতন এক আনার যত ইষ্টাম্প এখন পর্য্যন্ত আছে তাহা এক আনার নূতন আটাল ইষ্টাম্পের ন্যায় চলিতে পারিবে ও যে কার্য্যোর্থে নির্দ্দিষ্ট হইল সমুদয় ফুরাইয়া না যাওয়া পর্য্যন্ত সেই কার্য্যে ব্যবহার হইতে থাকিবে।

আর বি চ্যাপমান।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৪৩০R. নম্বর।
নিয়োগ।

১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।—নিম্নলিখিত মহাশয়েরা পুরীর সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায়।
,, মহন্ত হয়গ্রীব দাস।
,, পণ্ডিত হরিহর দাস।



*The 17th February* 1870.—Mr. F. H. Pellew to officiate as Magistrate and Collector of Hooghly, in the Second Grade, during the absence, on leave, of Mr. R. V. Cockerell, or until further orders.

Mr. W. H. Grimley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Hooghly, during the absence, on deputation, of Mr. F. H. Pellew, or until further orders.

The above two appointments will take effect from the afternoon of the 14th instant.

*The 18th February* 1870.—Mr. H. A. Cockerell to officiate as Commissioner of Revenue and Circuit of the Presidency Division, during the absence, on special leave, of Mr. C. H. Campbell, or until further orders.

Mr. E. J. Barton to officiate as Magistrate and Collector of the 24-Pergunnahs, in the Second Grade, during the absence, on leave, of Mr. A. Smith, or until further orders. The unexpired portion of the leave granted to Mr. Barton, under orders of the 21st December last, is cancelled.

Baboo Shama Churn Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Buseerhaut, to have charge of the Sub-Division of Satkhirah, in addition to his present charge, during the absence, on leave, of Baboo Sibpersad Sandyal or until further orders.

*The 19th February* 1870.—Mr. W. Griffiths, M.A., is appointed to the Fourth Grade of the Bengal Educational Service, and to be an Assistant Professor in the Presidency College, with effect from the 20th ultimo.

Major T. Lamb to be Deputy Commissioner of Kamroop.

Major J. F. Sherer, on leave, to be Deputy Commissioner of Durrung.

Captain E. Y. Walcott to officiate as Deputy Commissioner of Durrung, in the Fourth Grade, during the absence, on furlough, of Major J. F. Sherer, or until further orders.

*The 21st February* 1870.—Baboo Hurro Kali Mookerjee to have charge of the Sub-Division of Jugutsingpore, in Cuttack, during the absence, on leave, of Mr. J. F. Harrison, or until further orders, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class. Baboo Hurro Kali Mookerjee is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.



১৮৭০ সাল ১৭ ফেব্রুআরি।—শ্রীযুত আর বি কক্রেল সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এফ এচ পেলু সাহেব দ্বিতীয় শ্রেণীমতে হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, এচ, পেলু সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এচ গ্রিমলী সাহেব হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

উপরোক্ত দুই নিয়োগ এই মাসের ১৪ তারিখের অপরাহ্ণ অবধি প্রবল হইবে।

শ্রীযুত সি, এচ, কাম্বেল সাহেবের বিশেষ ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ, এ, কক্রেল সাহেব প্রেসিডেন্সী খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ, স্মিথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই, জে, বার্টন সাহেব দ্বিতীয় শ্রেণীমতে ২৪ পরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন। শ্রীযুত বার্টন সাহেব গত ডিসেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

শ্রীযুত বাবু শিবপ্রসাদ সান্ন্যালের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বশীরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় আপন বর্ত্তমান কর্ম্মাতিরিক্ত সাতক্ষীরা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

১৮৭০ সাল ১৯ ফেব্রুআরি।—শ্রীযুত ডবলিউ গ্রিফিথস সাহেব এম, এ, বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়া প্রেসিডেন্সী কালেজে সহকারি অধ্যাপক হইবেন। উক্ত নিয়োগ গত মাসের ২০ তারিখ অবধি প্রবল হইবে।

মেজর শ্রীযুক্ত টি, কাম্বেল সাহেব কামরূপের ডেপুটী কমিশ্যনর হইবেন।

মেজর শ্রীযুত জে, এফ, শেরর সাহেব দরঙ্গের ডেপুটী কমিশ্যনর হইবেন। তিনি ছুটী লইয়াছেন।

মেজর শ্রীযুত জে, এফ, শেরর সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত ই, ওয়াই, ওয়ালকট সাহেব চতুর্থ শ্রেণীমতে দরঙ্গের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।—শ্রীযুত জে, এফ, হারিসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু হরকালী মুখোপাধ্যায় কটকের অন্তর্গত জগৎসিংহপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদের সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতা পাইয়াছেন।

Mr. J. F. Bradbury, Assistant Magistrate and Deputy Collector, Backergunge, is vested with the powers of a Magistrate.

The Reverend W. Brooks, of Piplee, is licensed, under Section 47, Part V., Act V. of 1865, to grant certificates of marriage between Native Christians.

*The 22nd February* 1870.—Moulvy Obedoollah, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Perozepore.

Mr. A. Weekes to officiate as Joint-Magistrate and Deputy Collector of Purneah, during the absence, on furlough, of Mr. G. L. T. Harris, or until further orders.

Mr. J. F. Stevens to officiate as Joint-Magistrate and Deputy Collector of Gya, until further orders.

Mr. H. J. Newbery, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Sherghotty, in Gya.

LEAVE OF ABSENCE.

*The 18th February* 1870.—Lieutenant E. H. Steel, Assistant Superintendent of Revenue Survey, Second Division, Lower Provinces, for one day, under Section XI. of the Military Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 13th ultimo.

Mr. W. H. Grimley, Officiating Joint-Magistrate and Deputy Collector of Hooghly, for three months, under Section XIX. of the Covenanted Service Absentee Rules, from the 28th instant, or any subsequent day within one month of that date on which he may avail himself of the leave.

Mr. A. H. Warde-Jones, Special Sub-Registrar of Assurances, Gya, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 23rd November last.

Baboo Anundnath Roy, Income Tax Assessor, Dinagepore, is allowed leave of absence without pay from the 16th to the 30th November last.

*The 19th February* 1870.—Major A. K. Comber, Officiating Deputy Commissioner of Kamroop, is allowed the usual leave to enable him to appear before the Standing Medical Committee at the Presidency, preparatory to applying for furlough to Europe on Medical Certificate.

Mr. A. V. Palmer, Magistrate and Collector of Gya, for two months, from the 6th proximo, under Section XIX. of the Covenanted Service Absentee Rules.

*The 22nd February* 1870.—Moonshee Dubeeroodeen Ahmed, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, for six months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১ মার্চ।]

বাকরগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, এফ, ব্রাড্‌বরি সাহেব মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পিপলীর পাদরী শ্রীযুক্ত ডবলিউ ব্রুকস সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে এদেশীয় খ্রীষ্টধর্ম্মাবলম্বিদিগকে বিবাহের সর্টিফিকট দিতে অনুমতি পাইয়াছেন।

১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।—ডেপুটী মজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওবেদুল্লা পিরোজপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত জি, এল, টি, হারিস সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওয়া পর্য্যন্ত শ্রীযুত এ, উইক্স সাহেব পূরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে, এফ, ষ্টীবন্‌স সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গয়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জে, নিউবেরি সাহেব গয়ার অন্তর্গত শেরঘাটী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ছুটী।

১৮৭০ সাল, ১৮ ফ্রেব্রুআরি।—বঙ্গ প্রভৃতি দেশের দ্বিতীয় খণ্ডের রাজস্বের জরীপী কার্য্যের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট লেপ্টেনেন্ট শ্রীযুত ই, এচ, ষ্টীল সাহেব গত মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সমর সম্পার্কীয় ছুটীর বিধির ১১ ধারামতে একমাস ছুটী পাইয়াছেন।

হুগলীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, গ্রিমলী সাহেব এই মাসের ২৮ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

গয়ার নিদর্শনপত্রাদির বিশেষ সবরেজিষ্ট্রার শ্রীযুত এ, এচ, ওযার্ড জোন্স সাহেব গত নবেম্বর মাসের ২৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের ইনকম টাকসের আসেসর শ্রীযুত বাবু আনন্দ নাথ রায় গত নবেম্বর মাসের ১৬ তারিখ অবধি ৩০ পর্য্যন্ত বিনা বেতনে ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৯ ফেব্রুআরি।—কামরূপের একটিং ডেপুটী কমিশ্যনর মেজর শ্রীযুত এ, কে, কোম্বর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে যাইবার অনুমতি প্রার্থনা করিবার পুর্ব্বে রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইবার নিয়মিত ছুটী পাইয়াছেন।

গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, বি, পামর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে আগামি মাসের ৬ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।—মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী দবীরুদ্দীন আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।



NOTIFICATIONS.

*The 18th February* 1870.—Mr. H. Woodrow, Inspector of Schools, Central Division, having returned to Calcutta on the 2nd instant, the unexpired portion of the leave granted to him by His Grace the Secretary of State for India, as notified in the *Calcutta Gazette* of the 29th December 1869, is cancelled.

Mr. H. F. J. Kean, C.S., reported his return to Bombay from leave of absence on the morning of the 6th instant.

The leave granted to Baboo Dinobundhoo Sanyal, Special Sub-Registrar of Assurances, Sooree, under orders of the 3rd ultimo, is cancelled at his own request.

*The 19th February* 1870.—Mr. W. Griffiths, M.A., selected by the Secretary of State for India, for admission to the Bengal Educational Service, reported his arrival in India by the ship *Lord Warden*, which reached Calcutta on the 20th ultimo.

*The 21st February* 1870.—Mr. A. Abercrombie, C.S., reported his arrival at Bombay on the 6th instant on his return from furlough.

Mr. S. H. C. Tayler, C.S., reported his return to Calcutta from furlough on the 15th instant.

The leave granted to the Reverend E. Kemble, Chaplain of Cuttack, under orders of the 7th instant, is cancelled.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 21st February* 1870.—In continuation of the Notification of this Government, dated 21st January 1870, published in the *Calcutta Gazette* of the 2nd instant, page 195, the following additional rule framed by the Registrar-General of Assurance, Lower Provinces, and approved by the Lieutenant-Governor, is hereby published for general information, in accordance with the provisions of Section 80, Act XX. of 1866:—

RULE 49A.

The endorsement referred to in the preceding rule (49), and the evidence upon which the identity of the executant rests, shall invariably be recorded in the handwriting of the Registering Officer.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette*, 1st *March* 1870.]

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৮ ফেব্রুআরি।—মধ্যখণ্ডের বিদ্যালয় সমূহের ইনস্পেকটর শ্রীযুত এচ উড্রু সাহেব এই মাসের ২ তারিখে কলিকাতায় প্রত্যাগমন করাতে ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের দত্ত যে ছুটী গত জানুআরি মাসের ৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

সিবিল কার্য্যসম্পার্কীয় শ্রীযুত এচ, এফ, জে, কীন সাহেব এই মাসের ৬ তারিখের প্রাতঃকালে ছুটী হইতে বোম্বাইয়ে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

শিউড়ীর নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দীনবন্ধু সান্যাল গত মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত করা গেল।

১৮৭০ সাল ১৯ ফেব্রুআরি।—বঙ্গদেশের শিক্ষা-সংক্রান্ত কার্য্যে নিযুক্ত করণাভিপ্রায়ে ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের মনোনীত শ্রীযুত ডবলিউ গ্রিফিথস্ সাহেব এম, এ, লার্ড ওয়ার্ডেন নামক জাহাজে ভারতবর্ষে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। উক্ত জাহাজ গত মাসের ২০ তারিখে কলিকাতায় পঁহুছে।

১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।—সিবিল কার্য্যসংক্রান্ত এ আবরক্রম্বি সাহেব নিয়মিত ছুটী হইতে এই মাসের ৬ তারিখে বোম্বাইয়ে পঁহুছেন এমত রিপোর্ট করেন।

সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত এস্, এচ সি টেলর সাহেব নিয়মিত ছুটী হইতে এই মাসের ১৫ তারিখে কলিকাতায় প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।—এই গবর্ণমেন্টের ১৮৭০ সালের জানুআরি মাসের ২১ তারিখের যে জ্ঞাপনী এই মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৭২ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তদতিরিক্ত নিম্নলিখিত বিধি বঙ্গ-প্রভৃতিদেশের নিদর্শনপত্রাদির রেজিষ্ট্রার জেনরল সাহেব কর্তৃক প্রণীত ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া ১৮৬৬ সালের ২০ আইনের ৮০ ধারার বিধানমতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

৪৯ A বিধি।

উক্ত ৪৯ বিধির উল্লিখিত পৃষ্ঠলিপি এবং সম্পাদকের পরিচয় সূচক প্রমাণ যদুপরি নির্ভর করে তাহা রেজিষ্টরী করণে নিযুক্ত কার্য্যকারকের স্বহস্তে অবিকল লিখিতে হইবে।

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

NOTIFICATION.

*The 22nd February* 1870.—In modification of the orders dated the 29th November last, which were notified in the *Calcutta Gazette* of the 1st December following, the Lieutenant-Governor is pleased to declare that the following Officers have passed in Urdu according to the Lower Standard, instead of in Bengali as notified in the above orders, and to exempt them from any further examination in language by that Standard:—

Mr. H. B. Beames, Deputy Magistrate and Deputy Collector, Jamlanah, in the Sonthal Pergunnahs.

Mr. R. D. Hare, Extra Assistant Commissioner, Maunbhoom.

RIVERS THOMSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 194J.

APPOINTMENTS.

*The 15th February* 1870.—Mr. H. A. R. Alexander to officiate as Civil and Sessions Judge of Rajshahye, during the absence, on furlough, of Mr. C. S. Belli, or until further orders.

Mr. J. F. Browne to officiate as Civil and Sessions Judge of Chittagong, during the absence, on deputation, of Mr. H. A. R. Alexander, or until further orders.

Mr. E. G. Birch to officiate as Civil and Sessions Judge of Burdwan, during the absence, on furlough, of Mr. A. E. Russell, or until further orders.

*The 16th February* 1870.—Dr. J. J. Monteath is re-appointed to officiate as Civil Assistant Surgeon of Cachar, with effect from the 1st December last.

*The 17th February* 1870.—The following Moonsiffs are transferred, *viz.*:—

Baboo Shamlall Haldar, B.L., from Lohardugga to Kooshtea.

Baboo Naffer Chunder Bhutto, B.L., from Kooshtea to Lohardugga.

Mr. S. H. C. Tayler to officiate as Civil and Sessions Judge of Gya, during the absence, on furlough, of Mr. E. C. Craster, or until further orders, with effect from the date on which Mr. J. M. Lowis may make over charge to him.

The following acting promotions of District Superintendents of Police are sanctioned, from

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।—গত নবেম্বর মাসের ২৯ তারিখের যে আজ্ঞা তৎপর ডিসেম্বর মাসের ১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায় তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিতেছেন যে নিম্নলিখিত কার্য্যকারকেরা উপরোক্ত আজ্ঞায় প্রকাশিত নিম্নতর কষ্টির বাঙ্গলা ভাষার পরিবর্ত্তে উর্দ্দুভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন এবং উক্ত কষ্টির ভাষায় তাঁহাদের আর পরীক্ষাদিতে হইবে না।

সাঁওতাল পরগনার অন্তর্গত জামলানার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, বি, বীমস সাহেব।

মানভূমের অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আর, ডি হেয়র সাহেব।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

জুডিসিয়ল ও পলিটিকল ডিপার্টমেন্ট।

১৯৪J নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।—শ্রীযুত সি, এস, বেলাই সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ. এ, আর আলেকজণ্ডার সাহেব রাজশাহীর সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ, এ, আর, আলেকজণ্ডার সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে, এফ, ব্রৌণ সাহেব চট্টগ্রামের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ, ই, রসেল সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই, জি, বর্চ সাহেব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১৬ ফেব্রুআরি।—ডাক্তর শ্রীযুত জে, জে, মণ্টীথ সাহেব কাছাড়ের সিবিল আসিষ্টান্ট চিকিৎসকের কর্ম্ম করণার্থে পুনর্ব্বার নিযুক্ত হইলেন। উক্ত নিয়োগ গত ডিসেম্বর মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে।

১৮৭০ সাল ১৭ ফেব্রুআরি।—নিম্নলিখিত মুনসেফেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন। যথা—

লোহারডগাহইতে কুষ্ঠ্যায় শ্রীযুত বাবু শ্যামলাল হালদার বি, এল।

কুষ্ঠ্যাহইতে লোহারডগায় শ্রীযুত বাবু নফরচন্দ্র ভুট্টো বি, এল।

শ্রীযুত ই, সি, ক্রাষ্টর সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এস, এচ, সি, টেলর সাহেব গয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন। শ্রীযুত জে, এম, লৌইস সাহেব যে তারিখে তাঁহার প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ প্রবল হইবে।

মেজর শ্রীযুত জি, জে, রীবস্ সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে





the date on which Major G. J. Reeves left Tirhoot, preparatory to proceeding to Europe on furlough:—

Captain R. M. Skinner to officiate in the First Grade.

Mr. J. Cockburn to officiate in the Second Grade.

Captain R. P. Davis to officiate in the Third Grade.

Mr. W. D. Pratt to officiate in the Fourth Grade.

*The 19th February* 1870.—Sub-Assistant Surgeon Nocoor Chunder Banerjee was in temporary charge of the medical duties of the Civil Station of Backergunge, from the 1st November to the 15th December 1869.

Baboo Onoocool Chunder Mookerjee to be Senior Government Pleader in the High Court.

Major T. Lamb to be Subordinate Judge of Kamroop.

Major J. F. Sherer, on leave, to be Subordinate Judge of Durrung.

Captain E. Y. Walcott to officiate as Subordinate Judge of Durrung, during the absence, on furlough, of Major J. F. Sherer, or until further orders.

*The 21st February* 1870.—Baboo Ramdyal Ghose to officiate as Moonsiff of Manicktollah, during the absence, on leave, of Baboo Hurrinarain Roy, or until further orders.

Mr. F. T. Platts to be District Superintendent of Police, Gya.

Mr. H. M. Weathrall to be District Superintendent of Police, Dacca, but to officiate as District Superintendent of Police, Tipperah, until relieved by Mr. T. Weldon.

Mr. T. Weldon to be District Superintendent of Police, Tipperah.

Lieutenant W. F. Trotter to be an Assistant Superintendent of Police in Durrung, but to officiate, until further orders, as District Superintendent of Police of that District.

LEAVE OF ABSENCE.

*The 16th February* 1870.—Mr. D. Lacey, District Superintendent of Police, Pooree, is allowed one month's preparatory leave, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

*The 17th February* 1870.—Mr. K. G. Burne, Assistant Superintendent of Police, 24-Pergun-

যে তারিখে ত্রিহুৎহইতে যাত্রা করেন সেই তারিখ অবধি পোলীসের নিম্নলিখিত ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্টদের একটিং উচ্চ পদভুক্ত হওন অনুমোদিত হইল।

কাপ্তান শ্রীযুত আর, এম, স্কিনর সাহেব প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে কোবর্ণ সাহেব দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত আর পি ডেবিস্ সাহেব তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ ডি প্রাট্ সাহেব চতুর্থ শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১৯ ফেব্রুআরি।—সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নকুড়চন্দ্র বন্দ্যোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে অর্থাৎ ১৮৬৯ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি ডিসেম্বর মাসের ১৫ তারিখ পর্য্যন্ত বাকরগঞ্জের দেওয়ানী মোকামের চিকিৎসা কার্য্যের ভারপ্রাপ্ত ছিলেন।

শ্রীযুত বাবু অনুকুলচন্দ্র মুখোপাধ্যায় হাই কোর্টের গবর্ণমেণ্টের পদজ্যেষ্ঠ প্লীডর হইবেন।

মেজর শ্রীযুত টি লাম্ব সাহেব কামরূপের সবর্ডিনেট জজ হইবেন।

মেজর শ্রীযুত জে এফ শেরর দরঙ্গের সবর্ডিনেট জজ হইবেন। তিনি ছুটী পাইয়াছেন।

মেজর শ্রীযুত জে, এফ, শেরর সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত ই, ওয়াই ওয়ালকট সাহেব দরঙ্গের সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।—শ্রীযুত বাবু হরিনারায়ণ রায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু রামদয়াল ঘোষ মাণিকতলার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ টি প্লাটস সাহেব গয়ার পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

শ্রীযুত এচ, এম, ওয়েদরঅল সাহেব ঢাকার পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন, কিন্তু শ্রীযুত টি ওয়েলডন সাহেবকর্তৃক অবকাশ প্রাপ্ত না হওন পর্য্যন্ত ত্রিপুরার পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি ওয়েলডন সাহেব ত্রিপুরার পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এফ ট্রটর সাহেব দরঙ্গের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ জিলার পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ১৬ ফেব্রুআরি।—পুরীর পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডি লেসী সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে প্রস্তুত হওনার্থে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৭ ফেব্রুআরি।—২৪ পরগনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত কে, জি, বর্ণ-

nahs, for six weeks, under the Financial Notification No. 3622, dated 22nd December 1865.

---

NOTIFICATION.

*The 4th February* 1870.—The services of Captain F. H. Hood, of the Bengal Staff Corps, are replaced at the disposal of the Government of India, in the Military Department.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 15th February* 1870.—The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34 of Act V. of 1861, (an Act for the regulation of the Police) to the Town of Bograh, in the District of Bograh.

The boundaries of the Town will be the same as those already defined for the purposes of Act VI. (B. C.) of 1868 (the District Towns' Act) in the Notification of Government, dated the 15th December 1868, published at page 2074 of the *Calcutta Gazette* of the 23rd idem.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 16th February* 1870.—Whereas in consequence of the conduct of inhabitants of the village of Churrea, in Thannah Hat Hazaree, in the Chittagong District, it has been deemed expedient to increase the Police force in that village, in accordance with the provisions of Section 15, Act V. of 1861, it is hereby notified that the Lieutenant-Governor, under the power vested in him by that Section, has been pleased to direct that a Police guard of one head constable and ten constables be quartered in the said village for six months, the cost of the guard being borne by the inhabitants of the village.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

## Public Works Department.

No. 56.

CIVIL BUILDINGS.

*The 22nd February* 1870.

*Declaration under Sections II. and XXXIII. of Act VI of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a line of

সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৫ সালের ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে ছয় সপ্তাহ পাইয়াছেন।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৪ ফেব্রুআরি।—বেঙ্গল ষ্টাফ দলের কাপ্তান শ্রীবৃত এফ, এচ, হুড্ সাহেব মিলিটারী ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে পুনরায় নিযুক্ত হইলেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলিসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারার বিধান বগুড়া জিলার অন্তর্গত বগুড়া নগরে প্রচলিত করিলেন।

১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের (অর্থাৎ প্রদেশীয় নগরাদির আইনের) অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা ১৮৬৮ সালের ডিসেম্বর মাসের ১৫ তারিখের গবর্ণমেন্টের বিজ্ঞাপনে নির্দ্দিষ্ট হইয়া ঐ মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটের ১৫১৫ পৃষ্ঠায় প্রকাশ হয়, উক্ত নগরের সেই সীমা হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৬ ফেব্রুআরি।—চট্টগ্রাম জিলার অন্তর্গত হাটহাজারী থানার চড়িয়া গ্রামের লোকদের অত্যাচার হেতু ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে পোলীসদল বৃদ্ধি করা বিহিত বোধ হওয়াতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীবৃত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি উক্ত ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি ছয় মাস পর্য্যন্ত এক জন হেড কনষ্টেবল ও দশ জন কনষ্টেবলের দল উক্ত গ্রামে অবস্থিতি করিবার আজ্ঞা দিয়াছেন। উক্ত দলের ব্যয় ঐ গ্রাম বাসিদের দিতে হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়, গমনাগমন বিষয়ক।

৫৬ নম্বর।

১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীবৃত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কাছাড় জিলার অন্তর্গত হায়লাকান্দি পরগনার গাঙ্গপারধমকার ও রাঙ্গাটিয়া ও ভিসিংগা ও বও





road running from the Hailakandy Thannah to the Monnacherra Garden, called or known as Koya Road, *vid* Mouzahs Gangpar Dhumkar, Rangantia, Bhieingsa, Bawarghat, and Nichintpore, of Pergunnah Hailakandy, in the District of Cachar; it is hereby declared that, for the above purpose, a strip of land 5 miles in length and 50 feet in breadth, measuring about 6 halls and 3 kears of land, more or less, is required.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

---

No. 57.

*Declaration under Sections II. and XXXIII. of Act VI. of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a line of road running from Sunnai Mookh to Hatticoorce Tea Garden, called or known as Sonai Road, *vid* Mouzahs Tulargram, North Molumpore, Rangirghat, and Bowalia, in Pergunnah Bouraj, in the District of Cachar; it is hereby declared that, for the above purpose, a strip of land 6 miles in length and 50 feet in breadth, measuring about 4 halls and 9 kears of land, more or less, is required.

This Declaration is made, under the provisions of Act VI of 1857, to all whom it may concern.

---

No. 58.

*Declaration under Sections II. and XXXIII. of Act VI. of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a line of road running from Hailakandy Thannah to Damcherra Garden, called or known as East Hailakandy Road, *vid* Mouzahs Rangantia, Paikan, Matijuri, Bashdahar, Sunapur, and Sudarshanpore, of Pergunnah Hailakandy, in the District of Cachar; it is hereby declared that, for the above purpose, a strip of land 8 miles in length and 50 feet in breadth, and measuring about 7 halls and 4 kears of land, more or less, is required.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

---

No. 59.

*Declaration under Sections II. and XXXIII. of Act VI. of* 1867.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public



য়ার ঘাট ও নিশ্চিন্তপুর মৌজা দিয়া কয়া পথ নামে খ্যাত যে পথ হায়লাকান্দি থানাঅবধি মোনাচেরা বাগান পর্য্যন্ত যায় তাহা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৫ মাইল দীর্ঘ ও ৫০ ফুট প্রশস্ত অর্থাৎ ন্যূনাধিক ৬ হাল ৩ কিয়র পরিমিত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

---

৫৭ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কাছাড় জিলার অন্তর্গত বৌরাজ পরগনার তলারগ্রাম ও উত্তর মলমপুর, ও রাঙ্গির ঘাট ও বৌয়ালিয়া মৌজা দিয়া সোনাই পথ নামে খ্যাত যে পথ সোনাইমুখ অবধি হাত্তি কুড়ি চা বাড়ী পর্য্যন্ত যায় তাহা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৬ মাইল দীর্ঘ ও ৫০ ফুট প্রশস্ত অর্থাৎ ন্যূনাধিক ৪ হাল ৯ কিয়র পরিমি ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

---

৫৮ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীবুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কাছাড় জিলার অন্তর্গত হায়লাকান্দি পরগনার রাঙ্গাটিয়া ও পাইকান, ও মাটিজুরি, বাসদহর সণাপুর ও সুদর্শনপুর মৌজা দিয়া পূর্ব্ব হায়লাকান্দির পথ নামে খ্যাত যে পথ হায়লাকান্দি থানা অবধি দামাচেরা বাগান পর্য্যন্ত যায় তাহা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৮ মাইল দীর্ঘ ও ৫০ ফুট প্রশস্ত অর্থাৎ ন্যূনাধিক ৭ হাল ৪ কিয়র পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পার্কে আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

---

৫৯ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীবুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কাছাড় জিলার অন্তর্গত লোহার বাঁধ পরগনার দরগানগর

expense, for a public purpose, *viz.*, for the site of a brick-kiln in Mouzah Durganagar, Pergunnah Noharband, in the District of Cachar; it is hereby declared that, for the above purpose, a piece of land measuring 2 roods, more or less, and bounded on the East by Rupa Méa's Bari; West, North, and South by the lands of Dhonai Myan, Latee Bibi, Shofur Bibi, Mona Bibi, Rupa Mayan, Dhon Bibi, Mojee Bibi, and Tenai Myán, in pottah No. 4, is required.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

J. E. T. NICOLLS, *Col.*, *R. E.*,
*Secy. to the Govt. of Bengal*,
*P. W. D.*

IRRIIGATON,—ESTABLISHMENT.

No. 24.

*The* 21*st February* 1870.

*Notifications.*—The following alteration in Rule XXX., and additional Rule No. XXXIXA. made by the Lieutenant-Governor under the authority of Section V. of Act VI. of 1869, are promulgated for general information and guidance:—

In Rule XXX., instead of "Act VIII. of 1867 and Act VI. of 1869," read "Act VIII. of 1867, Act VII. of 1868, and Act VI. of 1869."

After Rule XXXIX., read as follows: "XXXIXA.—The Revenue Superintendent shall have power to assess lands belonging to the Canal, and which are the property of Government, to farm out trees, fisheries, and to exercise all and any other similar authority connected with the Canal Revenue."

F. H. RUNDALL, *Col.*, *R. E.*,
*Joint-Secy. to the Govt. of Bengal*,
*P. W. D.*, *Irrigation Branch.*

## Orders of the High Court of Judicature at Fort William in Bengal.

LEAVE OF ABSENCE.

*The* 12*th February* 1870.

Baboo Thacoor Dass Mookerjee, Officiating Moonsiff of Bancoorah, for 15 days, without pay, under Financial Notification No. 542 of the 4th June 1864. Serishtadar to be placed in

মৌজায় ইঁটের পাঁজা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ-ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক দুই রুড পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা রূপমিঞার বাড়ী, পশ্চিম ও উত্তর ও দক্ষিণ সীমা ৪ নং পাট্টার অন্তর্গত ধোনাইমিঞার, লাতি বিবির, শোফর বিবির মোনা বিবির, রূপা মিঞার, ধন বিবির মোজি বিবির, ও তেনাই মিঞার ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের আজ্ঞাক্রমে,

জে ই টি নিকলস, কর্ণেল আর, ই,
পবলি ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
সেক্রেটারী।

জলসেচনসম্পর্কীয়।

২৪ নম্বর।

১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।—১৮৬৯ সালের ৬ আইনের ৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব বিধির ৩০ ধারার যে পরিবর্ত্তন করিলেন ও ৩৯A নং যে নূতন ধারা তাহা সর্ব্বসাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রচার করা গেল।

৩০ ধারায় "১৮৬৭ সালের ৮ আইন এবং ১৮৬৯ সালের ৬ আইন" এই২ কথার পরিবর্ত্তে "১৮৬৭ সালের ৮ আইন, ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৬৯ সালের ৬ আইন" পাঠ করিতে হইবে।

৩৯ ধারার পর এই ধারা পাঠ করিতে হইবে—

৩৯ A. খাল সংক্রান্ত যে ভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহার কর ধার্য্য করিতে পারিবেন, ও বৃক্ষাদির ও জলকর ইজারা দিতে পারিবেন, এবং খালের রাজস্ব সংক্রান্ত সকল ও তদ্রূপ অন্য কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

আর এফ রণ্ডেল। কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচিবার শাখার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইন্ট সেক্রেটারী।

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৭০ সাল ১২ ফেব্রুআরি।

বাঁকুড়ার একটিং মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখোপাধ্যায় ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের ৫৪২ নং বিজ্ঞাপনমতে বিনাবেতনে পনের দিন ছুটী পাইয়াছেন। মুনসেফী





charge of the current duties of the Moonsiff's Office.

Baboo Balke Chand, Moonsiff of Bhaugulpore, for three months, under Despatch from the Right Honorable the Secretary of State No. 255, dated 8th November 1865.

*The* 15*th February* 1870.

The leave of absence, for 40 days, granted to Baboo Mohendronarain Chuckerbutty, Moonsiff of Bugree, Zillah Midnapore, on the 17th January last, is hereby cancelled at his own request.

Baboo Hurinarain Roy, Moonsiff of Manicktollah, Zillah 24-Pergunnahs, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

*The* 17*th February* 1870.

Baboo Jadub Chunder Dey, Moonsiff of Ooloobeiah, Zillah Hooghly, for one month, from the 18th current, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules. The Serishtadar to be placed in charge of the current duties of the Moonsiff's Office. The leave for one month, notified in the *Bengalee Gazette* of the 5th October 1869, page 1325, not having been taken by the Moonsiff, the same is hereby cancelled.

Baboo Seetul Chunder Mookerjee, late Moonsiff of Deoghur, for three months, from the 22nd current, under Secretary of State's No. 255, dated the 8th November 1865.

Baboo Kadaressur Roy, Moonsiff of Khoolna, Zillah Jessore, for two months' privilege leave from the 5th October 1869. The Serishtadar being placed in charge of the current duties of the Office during the second of the two months, *i. e.*, from the re-opening of the Courts after the Dusserah. This modifies the notification of the leave which appeared in the *Bengalee Gazette* of the 5th October 1869, page 1324.

*The* 22*nd February* 1870.

Baboo Ramyad Lall, Moonsiff of Borobaree, Zillah Rungpore, for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

F. B. PEACOCK,
*Registrar.*

HIGH COURT, &c.,
*The* 23*rd February* 1870.

কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্তাদারের প্রতি অর্পিত হইবে।

ভাগলপুরের মুনসেফ শ্রীযুত বালকচাঁদ বাবু মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের ২৫৫ নং আজ্ঞামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।

মেদিনীপুর জিলার বগড়ির মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী গত জানুআরি মাসের ১৭ তারিখে যে চল্লিশ দিন ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত করা গেল।

২৪ পরগনা জিলার মাণিকতলার মুনসেফ শ্রীযুত বাবু হরিনারায়ণ রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৭ ফেব্রুআরি।

হুগলী জিলার উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু যাদবচন্দ্র দে, অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন। মুনসেফী কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার শিরিশ্তাদারের প্রতি অর্পিত থাকিবে। ১৮৬৯ সালের অক্টোবর মাসের ৫ তারিখের বাঙ্গলা গেজেটের ১৩২৫ পৃষ্ঠায় যে এক মাস ছুটীর কথা প্রকাশ হয় উক্ত মুনসেফ তাহা গ্রহণ না করাতে এতদ্দ্বারা রহিত করা গেল।

দেবগড়ের ভূতপূর্ব্ব মুনসেফ শ্রীযুত বাবু শীতলচন্দ্র মুখোপাধ্যায় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের ২৫৫ নং আজ্ঞামতে বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

যশোহর জিলার খুলনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় ১৮৬৯ সালের অক্টোবর মাসের ৫ তারিখঅবধি দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন। উক্ত দুই মাসের দ্বিতীয় মাসে অর্থাৎ দুর্গোৎসবের বন্দের পর কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার শিরিস্তাদারের প্রতি অর্পিত হইবে। ১৮৬৯ সালের অক্টোবর মাসের ৫ তারিখের বাঙ্গলা গেজেটের ১৩৩৪ পৃষ্ঠায় ছুটীর যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহা ইহাতে মতান্তর করা গেল।

১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।

রঙ্গপুর জিলার বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু রামযাদ লাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৭০ সাল ২৩ ফেব্রুআরি।

নং ৮৮C।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে আগামি সন ১৮৭০ সাল তারিখ ৭ই মার্চ সোমবার পূর্ব্বাহ্ণ দিবা ১১ ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৮। ৬৯ সালের উৎপন্ন আফিমের তৃতীয় নীলাম হইবেক, এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

| | সিন্দুক |
|---|---|
| বেহার এজেন্সীর উৎপন্ন আফিম ... ... ... | ২,১৫০ |
| বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ... ... ... | ১,৮৫০ |
| জুমলা সিন্দুক ... ... | ৪,০০০ |

১ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম, অর্থাৎ সরত সকল চলিতমত গবর্ণমেন্টের ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৯ সালের ৪ অকুটোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টিগোচর করিলে, অথবা রেবিনিউ বোর্ডের দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ ১২ এবং ২২সে মার্চ এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল। অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিয়া থাকেন, তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৭০ সালের ১২ মার্চ শনিবার বেলা দুইপ্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিমের লাট খালাসী সবর্বে কিম্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৭০ সালের ২২সে মার্চ মঙ্গলবার বেলা দুইপ্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইস্তাহারে লিখিত পরিমাণ আফিমভিন্ন নিম্নলিখিত পরিমাণ বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হায়ে অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয়, তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

| | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|
| সন ১৮৭০ সাল তারিখ ৬ এপ্রেল বুধবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৫ মে বৃহস্পতিবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৩ জুন শুক্রবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৬ জুলাই বুধবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৩ আগস্ট বুধবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৫ সেপ্টেম্বর সোমবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ১৩ অকুটোবর বৃহস্পতিবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৭ নবেম্বর সোমবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| ঐ ঐ ৫ ডিসেম্বর সোমবার ... ... | ২,১৫০ | ১,৮৫০ | ৪,০০০ |
| জুমলা সিন্দুক | ১৯,৩৫০ | ১৬,৬৫০ | ৩৬,০০০ |

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম, সন ১৮৭০ সাল তারিখ ২৫ জানুআরি।

(F)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১ মার্চ।]



জিলা নদীয়া।

[বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।]

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়া অন্তর্বর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ১২ জানুআরি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য পাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭০ সালের ১৬ মার্চ তারিখে ঐ জিলার কালেকুটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ১৮৭০ সাল ৯ ফেব্রুআরি।

২।৩ নং ডিহি বক্সীপুর মালিক সখিমণি দেব্যা পং রাজপুর রকম ।/১০ আনাংশের সদর জমা ... ৭২৬০৸/৩

৫৯১। ৭ নং ডিহি শাদীপুর রাধাজীবন মুস্তফি পং রাজপুর স্বতন্ত্র হিসাবের সদর জমা ... ৬৮৪৮৸৶/৭

২১৩। ০ নং জিয়ারাখি শ্রীকান্ত রায়দিগর স্বতন্ত্র হিসাব পং বেশমাবাদ বাদে সদর জমা ... ৫০৬৵/৮

৪০। ১ নং কিং তাং বেতাই তালুকদার সখিমণি দেব্যা অংশ ।৵ আনা সদর জমা ৩৩০২৷৮।। পাই গোলীস ৪১।।/০।। টাকা একুনে ৩৩৪৩।।/৯ টাকা ঐ মহাল মধুসূদন সরকার ডিক্রীদারের ১৮৬৮। ৬৯ সালের ৪৭৪ নং ডিক্রীজারির মোকদ্দমার পাওনা ৬১৪৩৵/৯ পাই আদায় কারণ দেনদার সখিমণি দেব্যার স্বত্ব নিলাম হইবেক ইতি।

(F)

J. MONRO,
*Offg. Collector.*

জিলা পাবনা।

এস্তাহার দেওয়া যাইতেছে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মর্ম্মানুযায়ী জেলা পাবনা সংক্রান্ত নিম্নলিখিত মহাল ১৮৬৯ সালের নাং কিস্তী ডিসেম্বরের বাকি রাজস্ব আদায় কারণ ১৮৭০ সালের ১১ মার্চ মোং ১২৭৬ সালের ২৯ ফাল্গুন শুক্রবার জেলা পাবনার কালেক্টরির কাছারিতে নিতান্ত পক্ষেই নীলাম করা যাইবেক ক্ষমা হইবেক না অতএব যে কেহ খরিদের বাসনা রাখে সে ঐ নিরূপিত দিবসে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে ইতি সন ১৮৭০ সাল তারিখ ২১ জানওয়ারি।

| জেলার তৌজির নম্বর | মহালের শ্রেণী | মহালের নাম ও পরগনা | মালিকের নাম | সদর জমা | বাকি রাজস্ব | মন্তব্য। ০ |
|---|---|---|---|---|---|---|
| ১৬৮ | চিরস্থায়ী বন্দবস্তী মহাল | চর শ্যামতুল্যাপুর পরগনে ইসলামপুর | তারিণীচরণ সিংহ ও শ্যামাসুন্দরী দাস্যা হাল খরিদার লালনচন্দ্র সান্যাল | ৭১৮।৶/৯ | ২৪৫।/৪ | মোট মহাল বাকী রাজস্ব না দেওয়া নীলাম হইবেক ও তাহাতে নীলাম খরিদারের সম্পূর্ণ মালিকী স্বত্ব বর্ত্তিবেক। |
| ২২৫ | ঐ | চর বলরামপুর রামচন্দ্রপুর পরগনে ইসলামপুর | তারিণীচরণ সিংহ শ্যামাসুন্দরী দাস্যা | ৩৮৩৮৸৶/০ | ৮৯৬।।৵/৬ | ঐ |

H. N. CHATTERJIE,
*Dy. Collr. for Collector.*

(F)

[*Government Gazette*, 1st *March* 1870.]

জিলা চব্বিশ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচ লিখিত মহালাৎ মালগুজারির বাকি বাবৎ ইংরাজি সন ১৮৭০ সালের ১১ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৬ সাল ২৯ ফাল্‌গুন রোজ শুক্রবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৭০ সাল তারিখ ৩১ জানআরি মোতাবেক সন ১২৭৬ সাল তারিখ ১৯ মাঘ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

দ্বিতীয় শ্রেণীর গএর বন্দবস্তী হওয়া মহাল।

১৩৭৩ নং ১৩৭ নং লাট আবাদ রামপুর লিখিত মালিক বিবি এটাএট কিন সাহেবা সদর জমা কোম্পানি ৩২৮৶

রসদস্বত্রে ১৩৫৫ সালে বৃদ্ধি হইবেক ১৩১২৷৷০

১৩৭৪ নং ১০৫ নং লাট আবাদ ঘটিহারা লিখিত মালিক বিবি এটাএট কিন সাহেবা সদর জমা কোম্পানি ১৯৬৸৶

রসদস্বত্রে ১৩৫৫ সালে বৃদ্ধি হইবেক ৭৮৭৷৷০

(F)

W. M. Souttar,
*Offg. Dy. Collr. for Offg. Collector.*

---

NOTICE.

A Special General Meeting of the Justices of the Peace for the Town of Calcutta, will be held at the Town Hall, on Wednesday, the 16th of March 1870, at 11 o'clock A.M., for the following purposes :—

1. To consider the Water-Supply Budget for the year 1870.

2. The Chairman to move in accordance with the recommendation of the Committees of Justices for Water-Supply and Finance.

"That the Justices take over the Water-Works, provided the Contractors consent to maintain the main for the present, and also agree to refer all questions at issue between the Justices and the Contractors to arbitration in India, under Clause 26 of the Contract Deed."

3. To assess a Water-Rate upon all houses, premises and lands within the Town of Calcutta for the year 1870 under Act I. (B. C.) of 1870.

Robert Turnbull,
*Secretary.*

*28th February* 1870. (36—1)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১ মার্চ।]

বিজ্ঞাপন।

১৮৭০ সালের মার্চ মাসের ১৬ তারিখ বুধবার পূর্ব্বাহ্ন ১১ ঘন্টার সময়ে টৌনহালে নিম্নলিখিত কার্য্যের নিমিত্তে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের বিশেষ সাধারণ সভা হইবে।

১। ১৮৭০ সালের নিমিত্ত জল যোগাইবার কার্য্যে আয়ব্যয়ের অনুমানপত্র বিবেচনা করা যাইবে।

২। জল যোগাওন কার্য্যের ও টাকার বিধান করণার্থে জষ্টিসদের যে কমিটী নিযুক্ত হন, সভাপতি সাহেব সেই কমিটীর পরামর্শানুসারে এই প্রস্তাব করিবেন। যথা,

অধুনা কন্‌ট্রাকটর সাহেব জলের বড় নল সংরক্ষণ করিতে এবং জষ্টিসদের ও কন্‌ট্রাকটরদের মধ্যে বিবাদ হইলে চুক্তিপত্রের ২৬ ধারামতে ভারতবর্ষের মধ্যে মধ্যস্থদের প্রতি সেই বিবাদ অর্পণ করিতে সম্মত হইলে জষ্টিসেরা জল যোগাইবার উপকরণ স্বহস্তে গ্রহণ করিবেন।

৩। কলিকাতা নগরের মধ্যে যত ঘর ও বাটী ও ভূমি আছে ১৮৭০ সালের বঙ্গীয় ১ আইনমতে ঐ গৃহাদির উপর ১৮৭০ সালের নিমিত্তে জলের কর ধার্য্য করা যাইবে।

রবর্ট টর্ণবুল,
সেক্রেটারী।

কলিকাতা
১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।



## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে পরীক্ষা দেওনাকাঙ্ক্ষী ব্যক্তিদের ও উকীল ও মোক্তার এবং জমিদারগণের ব্যবহারোপযোগী নিম্নলিখিত বাঙ্গলা পুস্তক এতৎ পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

১। ফৌজদারী কার্য্যবিধি অর্থাৎ ১৮৬১ সালের ২৫ আইনের যে অংশ প্রবল আছে তাহা ও ১৮৬৯ সালের ৮ আইন ও তাহার টীকা এবং তৎসম্বন্ধীয় নজীর ও সরকিউলর অর্ডরপ্রভৃতি মূল্য ... ৩৲

২। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কার্য্যপ্রণালী ব্যবস্থা অর্থাৎ ১৮৬৫ সালের ১১ আইন ও তাহার টীকা ও তৎসম্বন্ধীয় নজীর ও সরকিউলর অর্ডরপ্রভৃতি মূল্য ... ... ... ১৷০

৩। ভূম্যধিকারি এবং প্রজাসম্বন্ধীয় ব্যবস্থা অর্থাৎ ১৮৫৯ সালের ১০ আইন সংশোধন বিষয়ক ১৮৬৯ সালের ৮ আইন ও তৎসম্বন্ধীয় নজীর ও রেবিনিউ বোর্ডের বিধি ১৮৬৯ সাল পর্য্যন্ত মুদ্রিত হইতেছে। মূল্য ... ... ৩৲

৪। টীকা ও নজীরসম্বলিত নূতন ইষ্টাম্প আইন ঐ মূল্য ... ... ৸০

ইহার ডাকমাসুল অতিরিক্ত লাগিবেক।

বেণীমাধব দে এণ্ড কোং।

চিতপুর রোড
বটতলা ৩১৮ নং। (35—2)

[*Government Gazette,* 1*st March* 1870.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, MARCH 8, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ৮ মার্চ।


## Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 19th February 1870, and having been assented to by His Excellency the Governor General on the 22nd idem, is hereby promulgated for general information :—

ACT No. I OF 1870.

*An Act to empower the Justices of the Peace for the Town of Calcutta to levy a water-rate on the Town.*

Preamble.

Whereas it is necessary to provide funds for meeting the expenses connected with the water-supply works for the Town of Calcutta, and whereas the Justices are not now in a position to assess a water-rate under the provisions of Section XIII. of Act IX. of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council, it is enacted as follows :—

Repeal of clauses.

I. From and after the passing of this Act the portions of Acts set forth in the Schedule hereto are repealed.

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ১৯ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত মান্যবরের নিম্নলিখিত আইন অনুমোদন করিলেন, এবং ঐ মাসের ২২ তারিখে মহিমবর শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের সম্মতি হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

,০ সালের ১ আইন।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি ঐ নগরে জলকর আদায় করিবার ক্ষমতা প্রদানার্থ আইন।

হেতুবাদ।

কলিকাতা নগরে জলযোগাইবার কার্য্যসংক্রান্ত খরচ শোধ করিবার জন্যে টাকা তুলিবার বিধান করা বিহিত এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৯ আইনের ১৩ ধারার বিধানমতে জষ্টিসেরা এইক্ষণে জলের কর আদায় করিতে পারেন না। এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

আইনের যেং অংশ রহিত হইল তাহার কথা।

১ ধারা। এই আইনের তফসীলে আইনের যেং অংশ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি রহিত হইবে ইতি।

II. The Justices shall forthwith at a special general meeting assess upon all houses, premises, and lands within the Town of Calcutta a water-rate for the year 1870, and shall likewise, in the manner and at the times provided in Act VI. of 1863 (passed by the Lieutenant-Governor of Bengal in Council) for fixing taxes, assess a water-rate for each succeeding year.

Justices to assess water-rate.

III. Every such water-rate shall be sufficient to provide, from the estimated proceeds thereof to be collected within the year, for the payment during the year for which it is assessed of all the current necessary expenses of the water-supply of Calcutta and of all necessary expenses and charges connected therewith, and of the expenses within the year of all necessary amendments and reparations, and of the expenses within the year of any extension of the said water-supply works which may be sanctioned by the Lieutenant-Governor, and of the interest of such monies as may have been or may hereafter be borrowed for the construction of the said water-supply works, and of the sinking fund which has been or may hereafter be formed for the repayment of the said monies: Provided always that no such annual rate shall exceed five per cent. of the annual value of the houses, premises, and lands assessed therewith.

Amount of water-rate.

IV. Every such water-rate shall be payable by four equal quarterly instalments, each payable in advance upon the 1st day of January, the 1st day of April, the 1st day of July, and the 1st day of October in each year; the first of such instalments to be deemed to have been payable on the 1st day of January 1870.

Water-rate to be payable quarterly in advance.

V. Subject to the provisions of the last preceding Section, every such water-rate shall be assessed upon and payable by the persons and in the manner provided for the levy of the rate mentioned in Section LV. of the said Act VI. of 1863.

Water-rate to be payable by owners.

VI. All the powers and provisions for the time being in force for the recovery of the said rate mentioned in Section LV. of the said Act VI. of 1863, shall apply to the recovery of any water-rate imposed under this Act.

Powers for recovery of water-rate.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ৮ মার্চ।]

২ ধারা। জষ্টিসেরা অগৌণে বিশেষ সাধারণ সভা করিয়া কলিকাতা নগরের অন্তর্গত সকল ঘরে ও বাটীতে ও ভূমিতে ১৮৭০ সালের নিমিত্ত জলের কর ধার্য্য করিবেন, এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনে টাকুস ধার্য্য করিবার যে নিয়ম ও সময় নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা ১৮৭০ সালের পর প্রতিবৎসর তদনুসারে জলের কর ধার্য্য করিবেন ইতি।

জষ্টিসদের জলকর ধার্য্য করিবার কথা।

৩ ধারা। জলের কর যে বৎসরের নিমিত্ত ধার্য্য হয়, সেই বৎসর কলিকাতা নগরের জল যোগাইবার আবশ্যক সকল নিত্য খরচ ও তৎসংক্রান্ত আবশ্যক অন্য খরচ খরচা, এবং বৎসরের মধ্যে ঐ জল যোগাইবার কার্য্য সংশোধন করিবার ও সারাইবার আবশ্যক হইলে তাহার খরচ ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে বৎসরের মধ্যে জল যোগাইবার উক্ত কার্য্য কোন প্রকারে বৃদ্ধি করিতে হইলে তাহার খরচ, এবং ঐ জল যোগাইবার কার্য্য প্রস্তুত করিতে যত টাকা ঋণ গ্রহণ হইয়াছে কি পশ্চাৎ গ্রহণ হয় তাহার সুদ দিবার জন্যে এবং উক্ত টাকা পরিশোধের নিমিত্ত যে অর্থ সংগ্রহ করা গিয়াছে কি পশ্চাৎ করা যায় তজ্জন্যে, প্রতিবৎসর অনুমান যত টাকা আদায় করা প্রয়োজন ইহা বিবেচনা করিয়া জলের তদুপযুক্ত কর ধার্য্য হইবে। কিন্তু যে ঘরের ও বাটীর ও ভূমির উক্ত টাকুস ধার্য্য হয়, সেই বার্ষিক কর ঐ গৃহাদির বার্ষিক মূল্যের শত করা পাঁচ টাকার অধিক হইবে না ইতি।

যত টাকা জলকর আদায় করিতে হইবে তাহার কথা।

৪ ধারা। উক্ত জলের কর তিনং মাসের চারি সমান কিস্তি করিয়া প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম ও আপ্রিল মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম ও অক্টোবর মাসের প্রথম দিবসে অগ্রিম দিতে হইবে। উক্ত কিস্তির মধ্যে প্রথম কিস্তি ১৮৭০ সালের জানুআরি মাসের প্রথম দিবসে প্রাপ্য জ্ঞান হইবে ইতি।

জলের কর তিনং মাসে অগ্রিম দিবার কথা।

৫ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ ধারাতে যে ব্যক্তিদের উল্লেখ হইয়াছে ও কর আদায় করিবার যে বিধান হইয়াছে ইহার পূর্ব্ব ধারার বিধান অবলম্বন পূর্ব্বক সেই ব্যক্তিদের উপর উক্ত জলের কর ধার্য্য হইয়া সেই বিধানমতে তাহারদের দাতব্য হইবে ইতি।

জলের কর স্বামিদের দিতে হইবার কথা।

৬ ধারা। ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের ৫৫ ধারার উল্লিখিত কর আদায় করিবার যে ক্ষমতা ও বিধান যৎকালে প্রবল থাকে এই আইনমতে অবধারিত জলকর আদায় করণার্থে সেই সকল ক্ষমতা ও বিধান বর্ত্তিবে ইতি।

জলের কর আদায় করিবার ক্ষমতার কথা।



VII. For the purposes of this Act the owner of any land upon which any house or tenement is situate shall be deemed to be the owner of such house or tenement, and shall be liable to the payment of the water-rate payable in respect of such house or tenement.

Owner of land to be deemed owner of house thereon situate.

VIII. Whenever the person from or by whom any such water-rate shall have been recovered or paid shall not be the occupying tenant of the house, premises, or land in respect of which such rate shall have been assessed, it shall be lawful for such person, if there shall be but one occupying tenant of such house, premises, or land, to recover from such occupying tenant three-fourths of the water-rate which shall have been so paid by such person, and if there shall be more than one occupying tenant of such house, premises, or land, to recover from each of such occupying tenants such sum as shall bear to three-fourths of the entire amount of water-rate which shall have been so paid by such person, the same proportion as the value of the portion of such house, premises, or land in the occupation of such occupying tenant, bears to the entire value of sucho house, premises, or land.

Owners paying water-rate to be repaid three-fourths by occupying tenants.

IX. Whenever the owner of any land on which any house or tenement may be situated shall not be the owner of such house or tenement, and shall have paid the rate for such land and for such house or tenement, it shall be lawful for him to recover from the owner of such house or tenement, in addition to three-fourths of the water-rate payable in respect of such land, the entire amount of the water-rate payable in respect of such house.

Owner of land on which house situate to recover three-fourths of rate from owner of house.

X. Every person who, under the provisions of either of the two preceding Sections, may be entitled to recover any sum from any occupying tenant or other person shall have for the recovery of such sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to him by such occupying tenant or other person in respect of such house, premises, or land.

Power to recover sums payable by occupier as rent.

[*Government Gazette, 8th March* 1870.]

৭ ধারা। কোন ঘর কি বসতবাটী যে ভূমিতে থাকে সেই ভূমির স্বামী এই আইনের কার্য্যোপলক্ষে ঐ ঘরের কি বসতবাটীর স্বামী বলিয়া জ্ঞান হইবেন এবং সেই ঘরের কি বসতবাটীর নিমিত্তে যে জলকর দিতে হয় তিনি তাহার দায়ী ইতি।

ভূমির স্বামী ঐ ভূমিস্থিত ঘরের স্বামী জ্ঞান হইবার কথা।

৮ ধারা। কোন ঘরের কি বাটীর কি ভূমির জলকর ধার্য্য হইলে পর যে ব্যক্তির স্থানে আদায় হয় কিম্বা যৎকর্ত্তৃক দেওয়া যায় তিনি স্বয়ং সেই গৃহ কি বাটী কি ভূমিবাসী না হইয়া যদি অন্য একি ব্যক্তি ঐ গৃহ কি বাটী কি ভূমিবাসী হন, তবে যত টাকা জল কর দিয়াছেন ঐ ব্যক্তির স্থানে ঐ করের চারি ভাগের তিন ভাগ আদায় করিতে পারিবেন। একাধিক ব্যক্তি ঐ গৃহ কি বাটী কি ভূমি বাসী হইলে, প্রত্যেক জন যে অংশে বাস করেন তাহার ভাড়া গৃহাদির সম্পূর্ণ ভাড়ার যে অংশ হয় তদনুসারে স্বামী সেই প্রত্যেক জনের স্থানে উক্ত চারি ভাগের তিন ভাগের একং অংশ লইতে পারিবেন ইতি।

স্বামিরা জলের কর দিলে প্রজাদের স্থানে তাঁহারদের চারি ভাগের তিনভাগ ফিরিয়া পাইবার কথা।

৯ ধারা। কোন ঘর কি বসতবাটী যে ভূমিতে থাকে সেই ভূমির স্বামী ঐ ঘরের কি বসতবাটীর স্বামী না হইয়া, যদি সেই ভূমির ও সেই ঘরের কি বসতবাটীর কর দিয়া থাকেন, তবে ঐ ভূমির কি বসতবাটীর স্বামির স্থানে ঐ ভূমির নিমিত্ত জলকরের চারি অংশের তিন অংশ এবং ঐ বাটীর নিমিত্ত সমুদয় জলকর আদায় করিতে পারিবেন ইতি।

যে ভূমিতে ঘর থাকে গৃহস্বামির স্থানে ঐ স্বামির ঐ করের চারি ভাগের তিন ভাগ পাইতে পারিবার কথা।

১০ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার একতর ধারার বিধানমতে গৃহাদি নিবাসি প্রজার কি অন্যের স্থানে যে ব্যক্তির টাকা আদায় করিবার স্বত্ব থাকে, ঐ গৃহ কি বাটী কি ভূমিবাসি প্রজার কি অন্য ব্যক্তির নিকট তাঁহার প্রাপ্য ভাড়া আদায় করিবার উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতানুসারে তাঁহার সেই টাকা আদায় করিবার উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে ইতি।

গৃহাদি নিবাসির স্থানে যত টাকা পাওনা হয় তাহা ভাড়ার ন্যায় আদায় করিবার ক্ষমতার কথা।

**XI.** Whenever any tenant holding any house, premises, or land, at a rent from the person liable to pay to the Justices the water-rate under this Act, has or may sublet the same to different persons holding in severalty, such tenant shall, for the purposes of this Act, be deemed the occupying tenant of such house, premises, or land.

Tenant subletting to different persons to be deemed occupier.

**XII.** Three-fourths of the water-rate assessed under this Act on any house, premises, or land shall be remitted for the period during which such house, premises, or land may remain unoccupied.

Three-fourths of rate remitted for unoccupied houses.

**XIII.** Whenever any quarterly instalment of water-rate shall have been paid in respect of any house, premises, or land, and such house, premises, or land shall, during the quarter for which such instalment shall have been paid, cease to be occupied, the person who shall have paid such water-rate shall be entitled to be repaid by the Justices three-fourths of such sum as shall bear to the amount paid by him the same proportion which the residue of the quarter, after notice in writing of such cessation of occupation shall have been given to the Justices, bears to an entire quarter.

Refund of water-rate to owners of unoccupied houses.

**XIV.** Whenever any house, premises, or land, which shall have been unoccupied, shall be occupied during any quarter, there shall be forthwith payable in respect of such house, premises, or land such amount of water-rate as shall bear to an entire quarterly instalment of water-rate for such house, premises, or land the same proportion as the residue of such quarter after such house, premises, or land shall be occupied bears to an entire quarter.

Rate payable for houses becoming occupied.

**XV.** Whenever any occupier of any house, premises, or land shall pending any quarter cease to occupy such house, premises, or land, he shall be liable, under the provisions of Section VIII. to repay to the person by whom the water-rate of such house, premises, or land is payable, such part only of the quarterly instalment of water-rate payable in respect of such quarter, as shall bear to three-fourths of such quarterly instalment the same proportion as the period which shall have elapsed from the first day of such quarter till he cease to occupy shall bear to the entire

Refund to occupier on termination of occupation.

১১ ধারা। এই আইনমতে যে ব্যক্তি জ সদের নিকট জল করের দায়ী হন, ভাড়াটিয়া কোন ব্যক্তি তাঁ হার স্থানে ঘর কি বাটী কি ভূমি ভোগী হইয়া যদি ভিন্নং ব্যক্তিকে ঐ গৃহাদির ভিন্নং অংশ ভাড়া দিয়া থাকেন বা দেন, তবে সেই প্রজা এই আইনের কার্য্যোপলক্ষে ঐ ঘর কি বাটী কি ভূমিবাসি জ্ঞান হইবেন ইতি।

প্রজা ভিন্নং ব্যক্তিকে ঘরের একং অংশ ভাড়া দিলে ঐ প্রজাই গৃহবাসী জ্ঞান হইবার কথা।

১২ ধারা। এই আইনমতে যে ঘরের কি বাটীর কি ভূমির জল্কর ধার্য্য হয় তাহা যত দিন খালি থাকে তত দিনের নিমিত্তে ঐ করের চারি ভাগের তিন ভাগ ক্ষমা হইবে ইতি।

খালিঘরের করের চারি ভাগের তিন ভাগ ক্ষমা হইবার কথা।

১৩ ধারা। কোন ঘর কি বাটী কি ভূমি সম্পর্কে জলকরের কোন তিন মা সের কিস্তি দেওয়া গেলে পর যদি সেই তিন মাসে মধ্যে ঐ ঘর কি বাটী কি ভূমি খালি হয়, তবে যে ব্যক্তি ঐ জলের কর দেন তিনি জষ্টিসদিগকে ঐ গৃহাদি খালি হইবার সম্বা দিলে সম্পূর্ণ তিন মাসের যত দিন অবশিষ্ট থাকে তত দিনের হিসাবে জষ্টিসদের স্থানে জলকরের চারি ভাগের তিন ভাগ ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

খালি ঘরের স্বামিকে জলের কর ফিরিয়া দিবার কথা।

১৪ ধারা। যে ঘর কি বাটী কি ভূমি খালি আছে কোন তিন মাসের মধ্যে সেই গৃহাদির ভাড়া হইলে তদবধি সম্পূর্ণ তিন মাসের যত দিন অবশিষ্ট থাকে ততদিন ধরিয়া ঐ ঘরের কি বাটীর কি ভূমির সম্পূর্ণ ত্রৈমাসিক কিস্তির জলকরের একাংশ অগৌণে দেনা হইবে ইতি।

ঘর ভাড়া হইলে কর দিতে হইবার কথা।

১৫ ধারা। কোন ঘর কি বাটী কি ভূমিবাসি ব্যক্তি কোন তিন মাসের মধ্যে উক্ত গৃহাদিহইতে উঠিয়া গেলে, ঐ তিন মাসের প্রথম দিবসাবধি তাঁহার সেই ঘরহইতে উঠিয়া যাইবার সময়পর্য্যন্ত যত দিন তত দিন সম্পূর্ণ তিন মাসের যে অংশ হয়, তদনুসারে ঐ তিন মাসের কিস্তির চারিভাগের তিন ভাগ ধরিয়া তিনি ধারার বিধানমতে ঐ ঘরের কি বাটীর কি ভূমির জলের করদায়ি ব্যক্তিকে উপযুক্ত অংশ দিবেন, ও যে ব্যক্তি জষ্টিসদিগকে ত্রৈমাসিক কিস্তি দেন তাঁহাকে যদি পূর্ব্বে উক্ত অংশের অধিক দিয়া থাকেন, তবে তাঁহার স্থানে সেই অতিরিক্ত অংশ ফিরিয়া পাইবার কিম্বা

প্রজা ঘর ছাড়িলে তাহার টাকা ফিরিয়া পাইবার কথা।





quarter; and in case he shall have repaid to the person who shall have paid such quarterly instalment to the Justices any sum greater than such part, he shall be entitled to recover from such person any sum which he may have paid in excess of such part or to deduct the same from any rent due to such person.

**XVI.** It shall be lawful for the Justices to allow, to any person liable under this Act to pay to them any sum on account of water-rate, an abatement of two per cent. upon every quarterly instalment of water-rate which shall be paid by such person into the office of such Justices within one month after the same shall have become payable, and for the purposes of this section the instalment which, under the provisions hereinbefore contained is made payable on the 1st day of January 1870, shall be deemed to be payable forthwith on the first rate being assessed under the provisions of this Act.

Allowance to owners for prompt payment of water-rates.

**XVII.** It shall be lawful for the tenant holding direct from the owner of any house or land, by notice in writing signed by him, to require the owner of such house or land to perform all such necessary works as may be required for bringing into such house or land a proper and sufficient supply of water for domestic purposes. Every such notice shall contain an agreement on the part of such tenant to pay interest at the rate of one per cent. per mensem, calculated from the date of the completion of the works, on the cost of such works during the residue of his term: Provided that in case the house or land held by such tenant shall not abut upon some street in which there is a supply-main, such tenant shall, in the said agreement, undertake to pay the cost of connecting his tenement with the nearest supply-main.

Power to require owner to provide works for water-supply.

**XVIII.** The supply to a house shall not be deemed sufficient for domestic purposes unless it provides the necessary works for and with taps not exceeding two in each floor of such house, one other such tap in the cook-room of or attached to such house, and one other such tap in the premises, or in or near the stables of or attached to such house: Provided that if the annual rent of such house shall be less than three hundred Rupees, it shall be sufficient to provide the necessary works for and with one tap only within the said premises.

What works to be employed.

যে ভাড়া দেনা হয় তাহাহইতে কাটিয়া লইবা অধিকার থাকিবে ইতি।

১৬ ধারা। জলের করের ত্রৈমাসিক কিস্তি যে তা-রিখে দিবার নিয়ম থাকে এই আইনমতে যে ব্যক্তি জলকর দিবার যোগ্য তিনি সেই তারিখঅবধি এক মাসের মধ্যে জষ্টিসদের কার্য্যালয়ে সেই জলের কর দিলে জষ্টিসেরা ... ক শত করা ২৲ টাকার হিসাবে ধরাট দিতে পারিবেন। এই ধারার কার্য্যোপলক্ষে ১৮৭০ সালের জানুআরি মাসের ১ তারিখে যে টাকা দিতে হয় এই আইনের বিধানমতে কর ধার্য্য হইলেই সেই টাকা দেওয়া গেলে উক্ত ধরাট দেওয়া যাইবে ইতি।

জলের কর ত্বরায় দিলে গৃহস্বামিদিগকে ধরাট দিবার কথা।

১৭ ধারা। যে ব্যক্তি কোন বাটীর কি ভূমির স্বামির অব্যবহিত প্রজা হন, তিনি ঐ স্বামির নামে আপনার স্বাক্ষরিত নোটিস লিখিয়া সেই বাটীতে কি ভূমিতে ঘরের কার্য্যের উপযুক্ত ও যথোচিত মতে জল আনাইবার প্রয়োজনীয় উপকরণ করিবার আদেশ করিতে পারিবেন। ঐ নোটিসের মধ্যে এই নিয়ম থাকিবে যে, ঐ কার্য্যে যত টাকা খরচ লাগে প্রজা সেই কার্য্য সমাপ্ত হইবার তারিখঅবধি আর যত দিন সেই ঘরে থাকেন তত দিন ঐ টাকার উপর মাসে শতকরা এক টাকার হিসাবে সুদ দিবেন। কিন্তু যে রাস্তায় জল যোগাইবার নল থাকে যদি প্রজার অধিকৃত সেই বাটী কি ভূমি ঐ রাস্তার ধারে না থাকে, তবে ঐ বাটী কি ভূমি নিকটস্থ ঐ নালার সঙ্গে যোগ করাইতে যত খরচ লাগে তিনি ঐ নোটিসে সেই খরচও দিবার নিয়ম করিবেন ইতি।

স্বামির প্রতি জল যোগাইবার উপকরণ করিবার আদেশের কথা।

১৮ ধারা। জল যোগাইবার কার্য্য সম্পর্কে ঐ ঘরের প্রত্যেক তালায় দুইটির অনধিক জলের কাকৃ, ও ঐ ঘরের কিম্বা তন্নিকট রন্ধনঘরে এক কাকৃ ও সেই বাটীর মধ্যে কিম্বা সেই ঘরের কি তন্নিকট আস্তাবলে কি তাহার নিকট আর এক কাকৃ দিতে হইবে। জল যোগাইবার উপকরণ সহিত এই সকল না দেওয়া গেলে ঘরের কার্য্যের নিমিত্তে জল যোগাইবার যথোচিত নিয়ম হইয়াছে এমত জ্ঞান হইতে পারিবে না। কিন্তু ঘরের ভাড়া বৎসর ৩০০৲ টাকার কম হইলে ঐ বাড়ীর জল যোগাইবার কার্য্য সম্পর্কে একটি কাক দিলে যথোচিত হইবে ইতি।

যেং উপকরণ করিতে হইবে তাহার কথা।

XIX. In case any owner shall not within the space of six months from the service of such notice cause such necessary works as aforesaid to be completed, it shall be lawful for the tenant who shall have given such notice to cause such necessary works to be completed, and to deduct from the rent payable by him the cost of such works, save so much of such cost as may be incurred in connecting with a supply-main any tenement which may not abut upon a street in which there may be a supply-main, such deduction to be made by six equal monthly instalments. Interest on each such instalment shall be payable to the owner by the occupier at the rate of one per cent. per mensem, from the time when it shall have been so deducted.

Power to tenant to make works in default of owner.

XX. No works for introducing a supply of water into any house or land shall be commenced by the owner without sending a specification and estimate of the cost thereof to the tenant, nor by the tenant without sending such specification and estimate to the owner.

Estimate and specification of works to be sent.

XXI. In case there shall be any difference between the owner and the tenant respecting the cost or the sufficiency of the proposed works, it shall be lawful for such owner or such tenant to refer such difference to the Justices, and the written award of the Engineer of the Justices, or of any officer authorized by the Justices in that behalf, shall be binding on the owner and the tenant.

Power of arbitration.

XXII. There shall be payable to the Justices in respect of every such reference a fee at the rate of two Rupees for every hundred Rupees of the monthly rent of the house in respect of the water-supply to which the difference may have arisen: Provided that such fee shall in no case exceed ten Rupees; and such fee shall be paid by the person making such reference.

Tax on reference.

XXIII. Any occupier, upon or after whose requirement as aforesaid any works for the supply of water shall have been introduced into any house or land, shall during his term be bound to bear the expense of keeping such works in substantial repair.

Tenant making requisition to keep works in repair.

XXIV. It shall be lawful for any owner to whom any sum is payable under the provisions of Section XVII. or Section XIX. to recover such sum from the person liable to pay the same as if the same were rent payable by the person so liable.

Power of recovery of sums payable.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৮ মার্চ।]

১৯ ধারা। কোন স্বামী উক্ত প্রকারের নোটিস পা- ইয়া যদি ছয় মাসের মধ্যে পূর্ব্বোক্ত প্রয়োজনীয় কার্য্য সমাপ্ত না করেন তবে যে প্রজা ঐ নোটিস দিবেন তিনি সেই প্রয়োজনীয় কার্য্য সমাপ্ত করাইয়া জল যো- গাইবার নল যে রাস্তায় আছে ঘর সেই রাস্তার ধারে না থাকাতে ঐ নলের সঙ্গে ঘরের সংযোগ কর- ণের কার্য্যের খরচ আপনি দিবেন আর সকল খরচ ছয় মাসের সমান কিস্তি করিয়া ঘরের ভাড়াহইতে কাটিয়া লইবেন। ঐ ভাড়া কাটিয়া লইবার সময়াবধি প্রজা প্রত্যেক কিস্তির উপর স্বামিকে শতকরা এক টাকার হিসাবে সুদ দিবেন ইতি।

স্বামী না করিলে প্রজার সেই কর্ম্ম করিবার ক্ষমতার কথা।

২০ ধারা। স্বামী কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার উপকরণ ক- রিলে প্রজার নিকট ঐ কার্য্যের বর্ণনাপত্র ও খর- চের ইষ্টিমেট না পাঠাইয়া ঐ কার্য্য আরম্ভ করিবেন না। প্রজা করিলে স্বামির নিকট ঐ বর্ণনাপত্র ও ইষ্টিমেট না পাঠাইয়া করিবেন না ইতি।

কার্য্যের ইষ্টিমেট ও নি- র্দ্দেশপত্র পাঠাইবার কথা।

২১ ধারা। প্রস্তাবিত কার্য্যের খরচের বিষয়ে কিম্বা যে কার্য্য হইলে যথোচিত হয় এই বিষয়ে স্বামির ও প্রজার মতের অনৈক্য হইলে স্বামী কিম্বা সেই প্রজা জষ্টিসদের প্রতি সেই বিবাদ অর্পণ করিতে পারি- বেন। ও জষ্টিসদের ইঞ্জিনিয়র সাহেবের, কিম্বা জ- ষ্টিসেরা অন্য যে কর্ম্মকারককে তৎকার্য্যে নিযুক্ত করেন তাঁহার লিখিত নিষ্পত্তিতে স্বামী ও প্রজা আবদ্ধ থাকিবেন ইতি।

মধ্যস্থ কল্পনার কথা।

২২ ধারা। যে ঘরের জল যোগাইবার উপকরণ সম্পর্কে পূর্ব্বোক্ত প্রকা- রের বিবাদ অর্পণ করা যায় জষ্টিসদিগকে সেই ঘরের মাসিক ভাড়ার শত টাকা প্রতি দুই টাকা ফী দিতে হইবে। কিন্তু সেই ফী কথনও দশ টাকার অধিক হইবে না। ও যে পক্ষ ঐ বিবাদ অর্পণ করেন তাঁহার সেই ফী দিতে হইবে ইতি।

বিবাদ অর্পণ করিলে যে টাক্স লাগিবে তাহার কথা।

২৩ ধারা। প্রজার প্রার্থনামতে কি তদনুসারে কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার কার্য্য করা গে- লে তাঁহার সেই ঘরে থাকি- বার মিয়াদ পর্য্যন্ত ঐ কার্য্য বিশিষ্টমতে সারাইয়া রাখিবার সকল খরচ তাঁহার দিতে হইবে ইতি।

যে প্রজা সেই কার্য্যের আদেশ করেন তাঁহার তা- হা সারাইয়া রাখিবার কথা।

২৪ ধারা। ১৭ কিম্বা ১৯ ধারার বিধানমতে স্বামির যে টাকা পাওনা হয়, তাহা যে ব্যক্তির স্থানে পাইতে পারেন তাঁহার দেনা ভা- ড়ার ন্যায় তাহা আদায় করিতে পারিবেন ইতি।

পাওনা টাকা আদায় করিবার ক্ষমতার কথা।



XXV. This Act shall be construed with and as part of Acts VI. of 1863, VI. of 1866, and IX. of 1867, passed by the Lieutenant-Governor of Bengal in Council.

Construction of Act.

XXVI. This Act may be called "The Calcutta Water-rate Act, 1870."

Short Title.

SCHEDULE.

*Portions of Acts Repealed.*

| No. of Act. | Title. | Extent of repeal. |
|---|---|---|
| Act VI. of 1863 (B. C.) | An Act to vest the property of the Town of Calcutta and the management of its municipal affairs in a Corporation, and to make better provision for the conservancy and improvement of the Town and for the levying of rates and taxes therein. | So much of Sections LXII. and LXV. as relates to water-rate. |
| Act IX. of 1867 (B. C.) | An Act to amend Act VI. of 1863 and Act VI. of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council. | Sections XII. and XIII. So much of Sections XIV. and XV. as relates to water-rates. |

J. Pitt Kennedy,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

## Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

(Civil Side.)
No. 3.

To all District Judges and Judicial Commissioners,—(dated Calcutta, the 15th February 1870.)

In continuation of Circular Order No. 14 of 16th December last, the Court direct that the preparation of the list therein enjoined be delayed in those districts in which the assimilation of the boundaries of the Civil and Criminal jurisdictions referred to in Circular Order No. 1 of 25th ultimo, has not been completed. As soon as this has been accomplished, the list should at once be prepared in the Vernacular of the district, except in the 24-Pergunnahs, where it has been found more convenient to draw it up in English.

By Order, &c.,
(Sd.) F. B. Peacock,
*Registrar.*

[*Government Gazette, 8th March* 1870.]

২৫ ধারা। এই আইন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সা- লের ৬ আইনের ও ১৮৬৬ সালের ৬ আইনের ও ১৮৬৭ সালের ৯ আইনের একাংশজ্ঞান হইয়া তৎসহিত তাহার অর্থ করিতে হইবে ইতি।

আইনের অর্থের কথা।

২৬ ধারা। এই আইন "কলিকাতার জলকরের ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

সংক্ষেপ নাম।

যে আইনের যে অংশ রহিত হইল তাহার তফসীল।

| নম্বর | খ্যাতি | যত দূর রহিত হইল |
|---|---|---|
| ১৮৬৩ সা. বঙ্গীয় ৬ আ | কলিকাতা নগরের স্বামিত্ব ও নগর সম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের ভার সমাজের প্রতি অর্পণ করিবার এবং নগরের পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করণের এবং রেট ও টাক্স আদায় করণের সুবিধান করি- বার আইনের | ৬২ ও ৬৫ ধা- রায় জলকরের যে কথা আছে তাহা। |
| ১৮৬৭ সা. বঙ্গীয় ৯ আ | বঙ্গদেশের শ্রীযুত লেপ্টে- নেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৩ সালের ৬ আইন ও ১৮৬৬ সা- লের ৬ আইন সংশো- ধন করণার্থ আইনের | ১২ ও ১৩ ধারা। এবং ১৪ ও ১৫ ধারায় জ- লকরের যে কথা আছে তাহা। |

জে পিট কেনেডিং
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার
আসিষ্টান্ট সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই- কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।
৩ নম্বর।

জিলার সকল জজ ও জুডিশ্যল কমিশ্যনর সাহেব সমীপেষু।
কলিকাতা ১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।

গত ডিসেম্বর মাসের ১৬ তারিখের ১৪ নং সরকুলর অর্ডরের অতিরিক্ত হাই কোর্ট এই আজ্ঞা করিতেছেন। গত মাসের ২৫ তারিখের ১ নং সরকুলর অর্ডর অনুসারে যেং জিলার দেওয়ানী ও ফৌজদারী আদালতের বিচারাধিপত্যের সমীকরণ কার্য্য সমাপ্ত হয় নাই সেইং জিলায় প্রথমোক্ত সরকুলরের নির্দ্দিষ্ট নির্ঘন্টপত্র প্রস্তুত করণের কার্য্য স্থগিত থাকে। উক্ত কার্য্য সমাপ্ত হইলে পর ঐ নির্ঘন্টপত্র ২৪ পরগনাভিন্ন সকল জিলার চলিত ভাষায় অবিলম্বে প্রস্তুত করিতে হইবে, ২৪ পরগনার ঐ নির্ঘন্টপত্র ইংরেজী ভাষায় প্রস্তুত করা বিহিত দৃষ্ট হইয়াছে।

আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

## No. 4.

To all Zillah Judges and Judicial Commissioners and Judges of Small Cause Courts established under Act XI. of 1865,—(dated Calcutta, the 18th February 1870.)

The Court's Fees Bill being about to pass into law, the Government of Bengal has suggested that advantage might be taken of this opportunity to revise and possibly to re-organise the agency for serving processes throughout the country.

2. The extract from a letter from the Government of Bengal to the Court,* given on the margin, contains a brief explanation of the two schemes which have been proposed with this object. It has been reproduced here, in order that all controlling judicial authorities may be able to communicate to the Court any observations they may desire to offer thereon.

*The Lieutenant-Governor thinks it very possible that the agency for serving processes throughout the country might be so re-organized as to increase its efficiency at a positive saving of expenditure. Already a proposal made by Mr. Toogood, the Judge of Beerbhoom, for amalgamating into one establishment the process peons of the different Civil Courts at the same station, is under the consideration of the High Court. His Honor ventures to suggest to the Court that before framing the rules which are to be drawn up when the Court's Fees Bill has been passed into law, they should consider whether it would not be a good arrangement to form in each district a single Nazarut department, to be placed under the Collector Magistrate, which should be responsible for serving the processes of all the Civil Courts in the district and of the Criminal Courts in non-cognizable cases. The Lieutenant-Governor conceives that the whole process establishment in a district might well be superintended by a native head Nazir or Sheriff on an adequate salary, and he has no doubt that the measure would be attended with a great financial saving, and with a great increase of efficiency.

3. As Mr. Toogood's proposal involves a considerable change in the existing establishments, the Court has suggested to Government to furnish every Zillah Judge and Judicial Commissioner with a copy of his letter in which the details of the scheme are given.

4. Adverting to clauses 1 and 2, section 20 of the amended Court's Fees Bill of 1870, published at page 84 of the *Calcutta Gazette* of January 26th last, the Court request that the officers above-mentioned will, within one month [of] the receipt of this order, submit the following statements :—

No. 1 showing the number of peons that will [be] required for the service and execution of all [pro]cesses issuing out of their own and the subor[din]ate Civil Courts of their respective districts, [the] estimated cost of the entire establishment, [inc]luding the salaries of Nazir, of the necessary [sta]ff of subordinate officers, such as Mohurrers, [Na]ibs, Buxees, or the like, to be calculated with [a] view to efficiency and at the same time to [eco]nomy, and of all contingent expenses so far as [the]se last can now be calculated. This statement [wi]ll also exhibit the difference between the cost [of] the present and the proposed establishments.

No. 2 showing the entire number of processes [is]sued out of all the Civil Courts of each district [du]ring the years 1867, 1868, 1869, the cost of [th]e agency employed in serving them, and the [aver]age cost of serving each process.

5. It should be borne in mind that, as the [ju]risdiction in rent-suits will be, under the oper[a]tion of Act VIII. of 1869, B. C., when that law [c]omes into force, transferred to the Civil Courts, [a]n adequate establishment will have to be pro[vi]ded for the service of processes in those cases. [T]he information which the Judge must necessarily [b]e in possession of, before he can with any cer[ta]inty determine what additional agency he will [re]quire for this purpose, can only be supplied by [th]e collector, whose cordial co-operation should be [in]vited. As, moreover, the information given in No. 2 will form the basis of the Court's calcula[ti]on in fixing the amount of fees chargeable for [se]rving and executing processes, it is very desir[a]ble that this should be as complete and accurate [as] possible ; and if any statistics can be obtained [re]garding the number of processes in rent-suits [is]sued out of the revenue courts during the three [y]ears above mentioned and of the cost of the [se]rving agency, they will be of the greatest [as]sistance.

6. The Court trust that the officers to whom [th]is circular is addressed, will do all in their power, [b]y carefully scrutinizing the returns made by their [su]bordinates, to secure the ends which the court [h]ave in view by the accuracy or the information [re]quired and expedition in furnishing it.

By Order, &c.,

(Sd.) F. B. Peacock,
*Registrar.*

## ৪ নম্বর ।

সকল জিলার জজ সাহেব ও জুডিশ্যল কমিশ্যনর সা[হেব] ও ১৮৬৫ সালের ১১ আইনমতে স্থাপিত ক্ষুদ্র মোক[দ্দমার] আদালতের জজ সমীপেষু ।

কলিকাতা ১৮৭০ সাল ১৮ ফেব্রুআরি

আদালতের ফীস সম্পার্কীয় আইনের পাণ্ডুলিপি অ[ল্প] কালের মধ্যে বিধিবদ্ধ হইতে পারিবে । অত[এব] দেশের সমস্ত জিলায় পরওয়ানা জারী করণার্থ কার্য্যে যে বিধান আছে বঙ্গদেশের গবর্ণমেণ্ট কহিয়াছেন তাহার পুনর্দৃষ্টি এবং প্রয়োজনমতে তাহার নূত[ন] নিয়ম করিবার এই সুযোগ ।

২। বঙ্গদেশের গবর্ণমেণ্ট হাই কোর্টের নিকট [যে] পত্র লিখিলেন তাহইতে উদ্ধৃত [করিয়া] পার্শ্বে দেওয়া গেল [তাহাতে] উক্ত অভিপ্রায়ে [যে] নিয়মদ্বয়ের প্রস্তা[ব] হইয়াছে তাহা উ[ক্ত] কথায় সংক্ষে[পে] ব্যক্ত হইল কর্তৃ[ত্ব] ভারপ্রাপ্ত সকল [বি]চারকর্ত্তা তদ্বিষয়ে মন্তব্য কথা লিখি[য়া] হাই কোর্টে জা[নাইতে] করিতে পারেন অভিপ্রায়ে এই স্থ[লে] সেই কথার উল্লে[খ] হইয়াছে ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বোধ করেন যে, দেশের সমস্ত জিলায় পরওয়ানা জারী করিবার চলিত বিধানের নূতন নিয়ম করিলে কার্য্য আরো সফলরূপে চলা অথচ ব্যয়ের লাঘব হওয়া সম্ভবনা। বীরভূমের জজ শ্রীযুত টুগুড সাহেব একি মোকামের ভিন্ন২ দেওয়ানী আদালতের পরওয়ানা জারীর পেয়াদাদিগকে একি সিরিশতাস্বরূপ সংগ্রহ করিবার প্রস্তাব করিয়াছেন । তাঁহার সেই প্রস্তাব এই ক্ষণে হাই কোর্টের বিবেচনাধীন আছে । হাই কোর্টের নিকট শ্রীযুত মান্যবরের এই পরামর্শ, আদালতের ফী সম্পর্কীয় আইন প্রচলিত হইলে পর কার্য্য সম্পাদনের যে বিধি করিতে হইবে, তাহার পূর্ব্বে এইং কথা বিবেচনা করা উচিত । বিশেষত, প্রত্যেক জিলায় স্বতন্ত্র এক নাজারৎ কর্ম্মবিভাগ করা যাউক, তাহা কালেক্টর মাজিষ্ট্রেট সাহেবের অধীন থাকিবে, জিলার সকল দেওয়ানী আদালতের এবং যে মোকদ্দমা গ্রাহ্য নয় সেই মোকদ্দমায় ফৌজদারী আদালতের পরওয়ানা জারী করণ বিষয়ে ঐ কর্ম্মবিভাগ দায়ী হইবে । শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বোধ করেন যে একি জিলার পরওয়ানা জারীর সকল কর্ম্মকারকের অধ্যক্ষতা পদে প্রধান নাজির কি শরিফ বলিয়া এদেশীয় এক ব্যক্তিকে উপযুক্ত বেতন দিয়া নিযুক্ত করিলে উত্তম হয় । এই নিয়ম করিলে রাজ্যের অনেক টাকাও বাঁচিতে পারে, এবং কার্য্যের অধিক সফলতার সম্ভাবনা ।

৩। শ্রীযুত টুগু[ড] সাহেবের প্রস্তাব[া]নুসারে কর্ম্ম হইলে বর্ত্তমান সিরিশতা[র] অনেক অংশ পরি[ব]র্ত্তন করিতে হইবে এই হেতুক তিনি [যে] পত্রে আপনার প্র[স্]তাবিত নিয়মের সবি[]শেষ বৃত্তান্ত লিখি[]য়াছেন হাই কোর্ট সেই পত্রের প্রতি[]লিপি প্রত্যেক জি[]লার জজ সাহেবের ও জুডিশ্যল কমি[]শ্যনর সাহেবের নিকট পাঠাইবার বিষয়ে গবর্ণমেণ্টে প্রস্তাব করিয়াছেন।

৪। আদালতের ফীসের ১৮৭০ সালের আইনের যে সংশো[]ধিত পাণ্ডুলিপি গত জানুআরি মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটের ৮৪ পৃষ্ঠায় প্রকটিত হয়, তাহার ২০ ধারার ১ ও ২ প্রকরণ লক্ষ করিয়া হাই কোর্ট আদেশ করিয়াছেন যে উক্ত কর্ত্তৃপক্ষেরা এই অনুজ্ঞাপত্র পাইবার তারিখ অবধি এক মাসের মধ্যে নিম্নলিখিত মর্ম্মের বর্ণনাপত্র প্রেরণ করেন ।

১ নং। আপনারদের আদালত ও আপনং জিলার অন্তর্গত অধীন দেওয়ানী আদালতহইতে যে সকল পরওয়ানা বাহির হয় তাহা জারী ও সম্পাদন করিবার নিমিত্তে কত জন পেয়াদার প্রয়োজন হইবে, ও সম্পূর্ণ সিরিশতার অনুমান কত টাকা খরচ লাগিবে। ইহার মধ্যে নাজিরদের বেতন ও তাঁহারদের অধীন মুহুরিং, নাএব, বকশীপ্রভৃতি যত কর্ম্মকারক আবশ্যক হয় তাহারদের বেতন, এবং নৈমিত্তিক খরচ বলিয়া যত টাকা ধরা উচিত তাহাও গণ্য। কার্য্য সফলরূপে সিদ্ধ হইতে পারে অথচ খরচ সাধ্যমতে অল্প হয় ইহা বিবেচনা করিয়া ঐ বেতনাদি নিরূপণ করিতে হইবে। এইক্ষণে যত খরচ হইয়া থাকে ও প্রস্তাবিত সিরিশতা হইলে কত খরচ লাগিবে ইহার বিশেষও এই বর্ণনাপত্রে দেখাইতে হইবে ।

২ নং। ১৮৬৭, ১৮৬৮, ও ১৮৬৯ সালে প্রত্যেক জিলার সকল দেওয়ানী আদালতহইতে সর্ব্বশুদ্ধ কতখানি পরওয়ানা বাহির হয়, তৎসমুদয় জারি করিবার লোকের নিমিত্তে কত টাকা খরচ হইয়াছে ও প্রত্যেক পরওয়ানা জারী করিতে গড়ে কত খরচ লাগিয়াছে ।

৫। ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন চলিতে আরম্ভ হইলে সেই আইনমতে খাজানার সকল মোকদ্দমা দেওয়ানী আদালতে অর্পণ করা যাইবে, অতএব সেইং মোকদ্দমায় পরওয়ানা জারী করিবার উপযুক্ত সিরিশতা ধরিতে হইবে ইহাও মনে রাখা কর্ত্তব্য। কিন্তু এই কর্ম্মে অধিক কত জন কর্ম্মকারকের প্রয়োজন হইবে ইহা নির্ণয় করিবার নিমিত্ত জজ সাহেবের যে সন্ধান প্রাপ্ত হওয়া আবশ্যক তাহা কেবল কালেক্টর সাহেব জানাইতে পারিবেন । অতএব এই বিষয়ে তাঁহার সহৃদয় সহায়তা প্রার্থনা করা উচিত । আরো ২ নং বর্ণনাপত্রে যে সন্ধান প্রকাশ হইবে হাই কোর্ট তাহাই মূলস্বরূপ ধরিয়া পরওয়ানা দিবার ও সম্পাদন করিবার উপযুক্ত ফী নির্ণয় করিবেন অতএব সেই সন্ধান সাধ্যমতে সম্পূর্ণ ও যথার্থ হওয়া উচিত । খাজানার মোকদ্দমায় রাজস্বের আদালত হইতে পূর্ব্বোক্ত তিন বৎসরে কত পরওয়ানা বাহির হইয়াছে ও জারী করণ কার্য্যে কত টাকা খরচ হইয়াছে ইহার কোন নির্দ্দেশ পাইতে পারিলে অত্যন্ত উপকার হয় ।

৬। যে কর্ত্তৃপক্ষদের নিকট এই সরক্যুলর পাঠান যাইতেছে তাঁহারা অধীন কর্ম্মকারকেরদের স্থানে রিটর্ণ প্রাপ্ত হইলে তাহা মনোযোগে পর্য্যালোচনা পূর্ব্বক প্রয়োজনীয় যথার্থ সন্ধান ত্বরায় প্রেরণ করিয়া সাধ্যমতে হাই কোর্টের উদ্দেশ্য সফল করিতে সচেষ্ট হইবেন ঐ কোর্টের এই আশা ।

এফ বি পীকক ।
রেজিষ্ট্রার ।

*STATEMENT No. 1 showing the number and cost of the process serving establishment in the district of __________, contingent charges, and the difference between the cost of the present and proposed establishments.*

| Superintending establishment consisting of Nazir and his subordinates. | Salary of each. | Number of peons at Sudder Stations and at each Court in the interior of district. | Total cost. | Contingent expenses. | Grand Total. | Cost of establishment heretofore existing. | Cost of proposed establishment. | REMARKS. |
|---|---|---|---|---|---|---|---|---|
| Nazir, Mohurrer, or Naib, Naib, &c., &c. ... | | For Judges, subordinate Judges, and Sudder Moonsiffs' Courts. For Moonsiff's Court at For Moonsiff's Court at | | | | | | The column of remarks should contain information regarding the location of the superintending establishment, and any other point which the Judge thinks it desirable to remark. |

*N. B.*—These forms are intended merely to serve as samples of the *form* in which the information required is to be laid before the Court, not to restrict the local officers as to the *size* of their returns.

১ নং বর্ণনাপত্র। অমুক জিলায় পরওয়ানা জারী করণসংক্রান্ত কর্ম্মকারকদের সংখ্যা ও খরচ ও নৈমিত্তিক ব্যয় এবং বর্ত্তমান ও প্রস্তাবিত সিরিশতার খরচের বিশেষ।

| তত্ত্ববিধায়ক কর্ম্মকারক অর্থাৎ নাজির ও তাহার অধীন কর্ম্মকারক | প্রত্যেকের বেতন | সদর মোকামে ও মফঃসলের প্রত্যেক আদালতে যত জন পেয়াদা | মোট খরচ | নৈমিত্তিক ব্যয় | সর্ব্বশুদ্ধ মত খরচ | এখন যে সিরিস্তা আছে তাহার খরচ | প্রস্তাবিত সিরিস্তার খরচ | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| নাজির মুহরির কি নাএব নাএবপ্রভৃতি | | জজ সাহেবের ও সবর্ডিনেট জজের ও সদর মুনসেফদের আদালতে অমুক স্থানের মুনসেফের আদালতে অমুক স্থানের মুনসেফের আদালতে | | | | | | তত্ত্ববিধায়ক কর্ম্মকারকদের কার্য্যালয় যে স্থানে থাকিবে তাহার সম্পূর্ণ কথা ও জজ সাহেব অন্য যে কথা লিখিতে চাহেন তাহা এই ঘরে লিখিতব্য। |

মন্তব্য। হাই কোর্টের সম্মুখে অর্পণ করণার্থ উক্ত সন্ধান জানাইবার এই পাঠ কেবল আদর্শস্বরূপ : স্থানীয় কর্ম্মকারকেরা যে এই পরিমাণে লিখিবেন এমত উদ্দেশ্য নয়।

*STATEMENT No. 2 showing the total number of processes issued from all the Civil Courts in the district of __________, during the years 1867, 1868, 1869, the cost of the serving agency in each of those years, and the average cost of serving each process.*

| Total number of processes served in | | | | Total cost of serving agency in | | | Average cost of serving each process in | | | Average cost of serving each process during those three years. | REMARKS. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1867. | 1868. | 1869. | | 1867. | 1868. | 1869. | 1867. | 1868. | 1869. | | |
| | | | | | | | | | | | The column of remarks should contain full information regarding the location of the superintending establishment, and on any other point on which the Judge thinks it desirable to remark. |

*N. B.*—These forms are intended merely to serve as samples of the *form* in which the information required is to be laid before the Courts, not to restrict the local officers as to the *size* of their returns.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৮ মার্চ।]



২ নং বর্ণনাপত্র। অমুক জিলার সকল দেওয়ানী আদালতহইতে ১৮৬৭, ১৮৬৮, ও ১৮৬৯ সালে কত খানি পরওয়ানা বাহির হয় ও উক্ত প্রত্যেক বৎসরে পেয়াদাদের কত খরচ ও প্রত্যেক পরওয়ানা জারী করিতে গড়ে কত খরচ।

| নিম্নলিখিত সালে সর্ব্বশুদ্ধ কত পরওয়ানা বাহির হয় | | | | নিম্নলিখিত সালে পরওয়ানা জারীর পেয়াদাদের খরচ | | | নিম্নলিখিত সালে প্রত্যেক পরওয়ানা জারী করিবার গড় খরচ | | | উক্ত তিন বৎসরের প্রত্যেক পরওয়ানা জারী করিতে গড়ে কত খরচ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮৬৭ | ১৮৬৮ | ১৮৬৯ | | ১৮৬৭ | ১৮৬৮ | ১৮৬৯ | ১৮৬৭ | ১৮৬৮ | ১৮৬৯ | | |
| | | | | | | | | | | | তত্ত্ববিধায়ক কর্ম্মকারকদের কার্য্যালয় যে স্থানে থাকিবে তাহার সম্পূর্ণ কথা ও জজ সাহেব অন্য যে কথা লিখিতে চাহেন তাহা এই ঘরে লিখিতব্য। |

মন্তব্য। হাই কোর্টের সম্মুখে অর্পণ করণার্থ উক্ত সন্ধান জানাইবার এই পাঠ কেবল আদর্শস্বরূপ। স্থানীয় কর্ম্মকারকেরা যে এই পরিমাণে লিখিবেন এমত উদ্দেশ্য নয়।

(CRIMINAL SIDE.)

## No. 5.

To all Magistrates of Districts and Deputy Commissioners,—(dated Calcutta, the 18th February 1870.)

WITH reference to section 21 of the Amended Court's Fees Bill of 1870, published at page 84 of the *Calcutta Gazette* of January 26th last, the Court direct that, within one month from the receipt of this order, all Magistrates of Districts and Deputy Commissioners forward to the Court through the Zillah Judge or Judicial Commissioner a Statement in the accompanying form, shewing the number of peons necessary to be employed in their Courts and in those subordinate thereto, for the service and execution of processes issuing out of such Courts. All recommendations as to the number of peons to be so employed, should be supported by any figures which may be procurable from the Office of the District Superintendent of Police, or from the books of the Court Inspector, shewing the number of processes served by the Police during the years 1867, 1868, 1869, in the case of offences other than offences for which Police Officers may arrest without warrant, and the number of Officers employed in serving them.

2. As the Court will mainly be guided by this information in fixing the fees chargeable for serv-

[*Government Gazette, 8th March* 1870.]

ফৌজদারী পক্ষ।

## ৫ নম্বর।

জিলার সকল মাজিষ্ট্রেট সাহেব ও ডেপুটী কমিশ্যনর সমীপেষু।

কলিকাতা ১৮৭০ সাল ১৮ ফেব্রুআরি।

আদালতের ফীসম্পর্কীয় ১৮৭০ সালের আইনের যে সংশোধিত পাণ্ডুলিপি গত জানুআরি মাসের ২৬ তারিখের কলিকাতা গেজেটের ৮৪ পৃষ্ঠায় প্রকটিত হয় তাহার ২১ ধারা লক্ষ করিয়া হাই কোর্ট এই আদেশ করিয়াছেন। জিলার সকল মাজিষ্ট্রেট ও ডেপুটী কমিশ্যনরগণ এই অনুজ্ঞাপত্র পাইবার তারিখঅবধি এক মাসের মধ্যে জিলার জজ সাহেবের কিম্বা জুডিশ্যাল কমিশ্যনরের দ্বারা নিম্নলিখিত পাঠে বর্ণনাপত্র প্রেরণ করুন। তাঁহারদের আদালত ও তাঁহাদের অধীন আদালতহইতে যে পরওয়ানা বাহির হয় তাহা জারি ও সম্পাদন করিতে ঐ২ আদালতে কত জন পেয়াদা রাখা আবশ্যক ঐ বর্ণনাপত্রে তাহা ব্যক্ত হইবে। যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা পরওয়ানাভিন্ন ধৃত করিতে পারেন, তদ্ভিন্ন অন্য অপরাধের মোকদ্দমায় ১৮৬৭, ১৮৬৮ ও ১৮৬৯ সালে পোলীসের দ্বারা কত খানি পরওয়ানা জারী হইয়াছে ও তাহা জারী করিতে কত জন কর্ম্মকারককে নিযুক্ত করিতে হইয়াছে, তাঁহারা ইহা নিরূপণ করিবার অঙ্ক পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে কিম্বা কোর্ট ইন্‌স্পেক্টরের বহীহইতে সঙ্কলন করিয়া ঐ কর্ম্মে নিযুক্ত করিবার পেয়াদারদের সংখ্যা বিষয়ে যে পরামর্শ দেন তাহা উক্ত অঙ্কদ্বারা প্রতিপোষণ করিবেন।

২। ফৌজদারী আদালতহইতে যে সকল পরওয়ানা বাহির হয় হাই কোর্ট বিশেষরূপে ঐ বর্ণনাপত্রলিখিত

ing and executing processes issuing out of the Criminal Courts, it is expected that all Magistrates of Districts and Deputy Commissioners will spare no effort on their parts to make it as complete and reliable as possible.

3. In the first and second columns of the enclosed Statement will be inserted the designations and salaries of any superintending establishment that may be considered necessary, and in the column of remarks, the Courts to which it is proposed that such superintending officers should be attached.

By Order, &c.,
(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

সন্ধানানুসারে তাহা জারী ও সম্পাদন করিবার উপযুক্ত ফী নিরূপণ করিবেন। অতএব জিলার সকল মাজিষ্ট্রেট ও ডেপুটী কমিশ্যনরগণ সেই বর্ণনাপত্র সাধ্যমতে সম্পূর্ণ ও বিশ্বাসযোগ্য করিতে শৈথিল্য করিবেন না হাই কোর্টের এই আশা।

৩। তত্ত্বাবধারণ করিবার কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা আবশ্যক বোধ হইলে ঐ কর্ম্মকারকদের কি নাম রাখিতে হইবে ও তাঁহারা কত করিয়া বেতন পাইবেন নিম্নলিখিত বর্ণনাপত্রের প্রথম ও দ্বিতীয় ঘরে সেই কথা লিখিতে হইবে। এবং ঐ তত্ত্বাবধারি কর্ম্মকারকদিগকে যে আদালত সংক্রান্তে রাখিবার প্রস্তাব হয় তাহা মন্তব্য কথার ঘরে লিখিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক।
রেজিষ্ট্রার।

---

*STATEMENT showing the establishment necessary for serving and executing processes issuing out of the Criminal Courts of in the case of offences other than those for which Police Officers may arrest without warrant.*

| Proposed superintending establishment consisting of Nazir, Naib, Mohurrers, &c. | Proposed salary of each Officer specified in Column 1. | Proposed number of Peons. | Proposed aggregate salary of Peons. | Number of processes served by the Police in non-cognizable cases in | | | Number of Police Officers engaged in such service in | | | REMARKS. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | 1867. | 1868. | 1869. | 1867. | 1868. | 1869. | The column of remarks should contain full information regarding the location of the superintending establishment, and on any other point on which the Judge thinks it desirable to remark. |

*N. B.*—These forms are intended merely to serve as samples of the *form* in which the information required is to be laid before the Court not to restrict the local Officers as to the *size* of their returns.





যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা পরওয়ানাভিন্ন ধৃত করিতে পারে তদ্ভিন্ন অন্য অপরাধের মোকদ্দমায় অমুক জিলার সকল ফৌজদারী আদালতহইতে যে পরওয়ানা বাহির হয় তাহা দিবার ও সম্পাদন করিবার নিমিত্তে যত জন কর্ম্মকারক আবশ্যক তাহার বর্ণনাপত্র।

| তত্ত্বাবধারণার্থে নাজির, নায়েব, মুহুরীর প্রভৃতি যে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার প্রস্তাব হয়। | ১ ঘরের লিখিত প্রত্যেক কর্ম্মকারককে কত বেতন দিবার প্রস্তাব হয়। | কত জন পেয়াদাকে রাখিবার প্রস্তাব হয়। | সকল পেয়াদার মোটে কত টাকা বেতন দিবার প্রস্তাব হয়। | নিম্ন লিখিত সালে পোলীসের অবিচার্য্য মোকদ্দমাতে পোলীস দ্বারা কত পরওয়ানা জারী করা যায়। | | | নিম্ন লিখিত সালে পোলীসের কত জন কর্ম্মকারক ঐ কর্ম্মে নিযুক্ত ছিল। | | | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৮৬৭ | ১৮৬৮ | ১৮৬৯ | ১৮৬৭ | ১৮৬৮ | ১৮৬৯ | তত্ত্ববিধায়ক কর্ম্মকারকদের কার্য্যালয় যে স্থানে থাকিবে এই বিষয়ের সম্পূর্ণ কথা এবং জজ সাহেব অন্য যে কথা লিখিতে চাহেন তাহা এই ঘরে লিখিতে হইবে। |

মন্তব্য।—হাই কোর্টের সম্মুখে অর্পণ করণার্থে উক্ত সন্ধান জানাইবার এই পাঠ কেবল আদর্শস্বরূপ। স্থানীয় কর্ম্মকারকেরা যে এই পরিমাণে লিখিবেন এমত উদ্দেশ্য নয়।

---

CIVIL SIDE.
No. 621.

From F. B. PEACOCK, Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Sheriff of Calcutta,—(dated Calcutta, the 21st February 1870.)

SIR,

I am directed by the Court to forward for your information a copy of a notice which has this day been posted up for general information. You will observe that all processes and rules of this Court, for service in the town of Calcutta will henceforth be delivered by the parties or their pleaders to you direct, and will not, as heretofore, be forwarded through the Mofussil Courts.

2. I am to request that you will receive no such processes or rules for service unless the requisite fees are tendered to you at the time of delivery, and that you will return them whenever the fees are not so tendered with an endorsement to that effect.

(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

NOTICE.

The Court having determined to transmit processes and rules intended for service in the town of Calcutta to the Sheriff direct, parties will not from and after this date be required to pay into

দেওয়ানী পক্ষ।
৬২১ নম্বর।

কলিকাতার শরীফ সাহেবের প্রতি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এফ, বি, পীকক সাহেবের পত্র। কলিকাতা ১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।

সকলের জ্ঞানার্থে অদ্য যে নোটিস লটকান গিয়াছে তাহার প্রতিলিপি হাই কোর্টের আজ্ঞাক্রমে তোমার নিকট পাঠান যাইতেছে। তাহাতে দেখিতে পাইবে যে, এই কোর্টের যে সকল পরওয়ানা ও বিধি কলিকাতা নগরের মধ্যে জারী করিবার নিমিত্ত দেওয়া যায়, তাহা মফঃসল আদালতের দ্বারা তোমার নিকটে পাঠান যাইবে না, এই অবধি অর্থী কি প্রত্যর্থী কিম্বা তাহারদের উকীল একেবারে তোমার নিকটে পাঠাইবেন।

২। আরো আমার এই আদেশ করিতে হইয়াছে। জারী করিবার নিমিত্তে পরওয়ানা কি বিধি তোমাকে দেওয়া গেলে যদি সেই সময়ে প্রয়োজনমত ফী না দেওয়া যায় তবে তুমি তাহা গ্রাহ্য করিবা না। ফী না দেওয়া গেলে পরওয়ানা প্রভৃতির পৃষ্ঠে সেই কথা লিখিয়া তাহা ফিরিয়া দিবা।

এফ, বি, পীকক
রেজিষ্ট্রার।

নোটিস।

যে পরওয়ানা ও বিধি কলিকাতা নগরে জারী করিতে হইবে হাই কোর্ট তাহা একেবারে শরীফ সাহেবকে দিতে স্থির করিয়াছেন। অতএব গত অকুটোবর মাসের ৭ তারিখের ১১ নম্বরের সরক্যুলর অর্ডরের

this Court tullubana in respect of such processes and rules by stamps, as provided in the rules annexed to Circular Order No. 11 of the 7th of October last. Such processes and rules will in future be prepared and made over to the parties or their pleaders for delivery to the Sheriff for service, and must be delivered to him accompanied by the requisite fees, *viz.*, 2 Rupees for each person to be served.

By Order, &c.
(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

---

CIRCULAR MEMO. No. 2.

Copy forwarded to the Judge of
for his information, in continuation of Circular Order No. 11 of 7th October last.

(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

HIGH COURT, CIVIL SIDE,
*The 21st February* 1870.

---

No. 5.

To the Civil Authorities in the Regulation and Non-Regulation Provinces (including Small Cause Court Judges,)—(dated Calcutta, the 22nd February 1870.)

In continuation of Circular Order of the late Sudder Court, No. 23, dated 29th July 1859, the High Court directs that all verifications* whether of plaints, written statements, or applications requiring verification presented in any Civil Court subordinate to the High Court, shall contain a true specification of the *date* and *place* at which they are signed.

**Vide* Sections 27, 28, 123, 164, 273, Act VIII of 1859.

By Order, &c.
(Sd.) F. B. PEACOCK,
*Registrar.*

সঙ্গে যে বিধি প্রচারিত হয় অর্থীপ্রত্যর্থিরা এই তারিখ অবধি ঐ বিধিমতে পরওয়ানা ও বিধি জারী করিবার তলবানা ইষ্টাম্পদ্বারা এই কোর্টে দিবেন না। ঐ পরওয়ানা ও বিধি প্রস্তুত হইলে অর্থি কি প্রত্যর্থি-দিগকে কি তাহারদের উকীলকে দেওয়া যাইবে। তাঁহারা জারী করিবার জন্যে শরীফ সাহেবকে দিবেন। যত জনের উপর জারী করিতে হইবে তাহারদের জন-প্রতি আদেশমত ২৲ টাকা ফী, সহিত সেই পরওয়ানা ও বিধি শরিফ সাহেবকে দিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

স্মরণার্থ ২ নম্বর সরক্যুলর।

গত অকুটোবর মাসের ৭ তারিখের ১১ নম্বরের সরক্যুলর অর্ডর অবলম্বনে এই পত্র অমুক জিলার জজ সাহেবের জ্ঞানার্থে তাঁহার নিকট পাঠান গেল।

এফ বি পীকক।
রেজিষ্ট্রার।

---

৫ নম্বর।

আইনের অধীন ও আইনবহির্ভূত প্রদেশের অন্তর্গত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ সহিত দেওয়ানী কর্তৃপক্ষ সমীপেষু। কলিকাতা ১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।

ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৫৯ সালের ২৯ জুলাইর ২৩ নম্বরের সরক্যুলর অবলম্বনে হাই কোর্ট আজ্ঞা করিয়াছেন যে, সত্যাকরণ সূচক সকল কথায়,* অর্থাৎ আবেদন পত্রে কি লিখিত বর্ণনাপত্রে কিম্বা হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালতে প্রর্থনাপত্র উপস্থিত করা গেলে তাহাতে সত্যাকরণসূচক যে কথা লেখা গিয়া থাকে সেই কথার স্বাক্ষর করিবার তারিখ ও স্থানের যথার্থ নির্দ্দেশ থাকিবে।

* ১৮৫৯ সালের ৮ আইনের ২৭, ২৮, ১২৩, ১৬৪, ২৭৩, ধারা দেখ।

এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

## Foreign Department.

*Political.*
NOTIFICATIONS.
*The 24th February* 1870.

*No.* 376*P.*—Whereas by section 4, Act VIII., 1863, it was enacted as follows:—

"IV.—It shall be lawful for the Executive Government of any part of the British territories in India to authorize the reception, detention, or imprisonment in any part of those territories, for the periods specified in their respective sentences, of persons sentenced within the territories of any Native Prince or State in alliance with Her Majesty to imprison-

## ফরিন ডিপার্টমেণ্ট।

রাজসম্বন্ধীয়।
বিজ্ঞাপন।
১৮৭০ সাল ২৪ ফেব্রুআরি।

৩৭৬P নম্বর।—১৮৬৩ সালের ৮ আইনের ৪ ধারার এই বিধান, যথা,

৪ ধারা।—এদেশীয় যে কোন রাজগণ কি যেং দেশ শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে সন্ধিক্রমে বদ্ধ এমত কোন রাজগণের দেশে কি উক্ত অন্য দেশে ঠগী কি ডাকাইতী করণাপরাধে, ঠগিরদের কি ডাকাইতেরদের কোন দলভুক্ত হওনাপরাধে কিম্বা সতীদাহ কি সমাধি করণাপরাধে ভাগি হওনের প্রমাণক্রমে কিম্বা হজুর কৌ-





ment or transportation for the offence of Thuggee or Dacoity, or the offence of belonging to any gang of Thugs or Dacoits, or for participation in the offence of Suttee or Sumadh, or for such other offences as the Governor General in Council shall from time to time, by an order published in the *Government Gazette*, think fit to prescribe." Therefore under the authority of His Excellency the Viceroy and Governor General in Council, the following list of such other offences is now published for general information:—

1. Murder.
2. Attempt to murder.
3. Culpable homicide under aggravating circumstances.
4. Poisoning.
5. Rape.
6. Causing grievous hurt.
7. Child stealing.
8. Selling females.
9. Robbery.
10. Burglary.
11. Cattle theft.
12. Arson.
13. Forgery.
14. Counterfeiting coin or uttering base coin.
15. Criminal breach of trust.
16. Criminal misappropriation of property.
17. Abetting the above offences.

C. U. AITCHISON,
*Offg. Secy. to the Govt. of India.*

ন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করণ পূর্ব্বক অন্য যে কোন অপরাধ সময়েং নির্দ্দিষ্ট করেন এমত কোন অপরাধের প্রমাণক্রমে কোন ব্যক্তি কারাবদ্ধ হওন কি দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হইলে ভারতবর্ষস্থ বৃটনীয় দেশের অন্তর্গত কোন স্থানে কর্তৃত্ব কর্ম্ম নির্ব্বাহক গবর্ণমেণ্ট সেইং ব্যক্তিকে উক্ত দেশের কোন স্থানে গ্রহণপূর্ব্বক দণ্ডাজ্ঞার নিরূপিত কাল পর্য্যন্ত আটক কি কারাবদ্ধ রাখিবার ক্ষমতা দিতে পারিবেন।" অতএব মহিমবর রাজপ্রতিনিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে উক্ত অন্য অপরাধের এই নির্ঘণ্ট সকলের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১। জ্ঞানকৃত বধ।
২। বধ করিবার উদ্যোগ।
৩। অপরাধ যাহাতে গুরুতর হয় এমত ব্যাপার সহিত নরহত্যা।
৪। বিষ প্রয়োগ।
৫। বলাৎকার।
৬। গুরুতর পীড়া জন্মাওন।
৭। শিশু হরণ।
৮। বালিকা বিক্রয়।
৯। দস্যুতা।
১০। সিঁধ কাটন।
১১। পশু হরণ।
১২। গৃহাদি দাহ।
১৩। কৃত্রিম করণ।
১৪। মুদ্রার রূপ পরিবর্ত্তন করণ কিম্বা কৃত্রিম মুদ্রা চালাওন।
১৫। অপরাধ ভাবে বিশ্বাস ঘাতকতা।
১৬। অপরাধভাবে অবিহিতরূপে সম্পত্তির ব্যবহার।
১৭। উপরোক্ত সকল অপরাধের সহায়তা করণ।

সি, ইউ, এচিসন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

## Financial Department.

*Notifications.*

*Accounts.*

*Fort William, the 21st February* 1870.

*No.* 1221.—It has recently come to the knowledge of the Government of India that certain menial servants have been entertained for many years in one of the public Offices without any sanction, their salaries being charged, during all that period, as part of the contingent expenditure of the Office.

It appears necessary to remind all Officers, especially all Officers of Account and Audit, that Establishments of all kinds require the sanction of the Government, and that *no salaries* must on any account be charged or admitted as *contingent* expenditure.

## ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

হিসাব

ফোর্ট উলিয়ম, ১৮৭০ সাল ২১ ফেব্রুআরি।

১২২১ নম্বর।—রাজকীয় কোন আফিসে কোন চাকরদিগকে অনেক বৎসরাবধি অনুমতিভিন্ন রাখা গিয়াছে ও আফিসের নৈমিত্তিক খরচ বলিয়া তাহারদের বেতন দেওয়া গিয়াছে। ভারতবর্ষের গবর্ণমেণ্ট ইহা সম্প্রতি জানিতে পাইয়াছেন।

কর্ম্মকারক যে প্রকারের হউক তাহারদিগকে রাখিবার জন্যে গবর্ণমেণ্টের অনুমতি লওয়া প্রয়োজন। বেতন নৈমিত্তিক খরচ বলিয়া কখনও কোন প্রকারে ধরিতে হইবে না। এই কথা সকল কার্য্যকারককে বিশেষতঃ হিসাব ও আডিটসংক্রান্ত সকল কার্য্যকারককে জ্ঞাত করা আবশ্যক বোধ হয়।

*The 22nd February* 1870.

*No.* 1274.—It has been brought to the notice of the Government of India that money indisputably due from and payable by the State is sometimes left unpaid, and money actually paid is sometimes not brought to account, because no grant of funds to cover the expenditure has been made.

Local Governments and Administrations, and all Officers of Account, are hereby informed that money indisputably payable should never be left unpaid, and that money paid should, under no circumstances, be kept out of the accounts a day longer than is absolutely necessary.

It in no way promotes economy to postpone inevitable payments, and it is an object of very great importance to ascertain, liquidate, and record the payment of all actual obligations at the earliest possible date.

It is the duty of all Officers of the Government, and especially of the Officers of the Financial Department, to Promote the object by every means in their power.

This order is not to be read as inconsistent with the Order No. 3442, dated 17th September 1869, which prohibited the admission by Accountants-General of any expenditure, even though it be sanctioned, which is not provided for by specific assignment of funds. The object of that order was to prevent the admission of new charges, or charges requiring sanction without the simultaneous provision of funds, not to forbid the payment of charges such as refunds, which must be paid whether sanctioned or not and certainly not to authorize any delay in the *adjustment* of expenditure actually incurred. If *adjustment* cannot proceed for want of proper authority, immediate steps should be taken to obtain the needful authority.

---

EXPENDITURE.

[PRINTING.]

*Extract from a Resolution passed by the Government of India, in the Financial Department, No. 1281, dated Fort William, the 22nd February* 1870.

PARA. 2.—His Excellency in Council takes this opportunity of reminding all Officers that tabular printing is very much more costly than letter press. Tabular statements are often very valuable and sometimes indispensable; but they should not be *prepared*, still less *printed*, unless a great many figures have to be shown, and great care should be taken to make them as little elaborate as is necessary for the object in view. The greater part of the Returns printed by the Board of Revenue consists of blank or almost blank columns. Their contents might have been described in a few paras. of the text of the report.

3. Similar remarks are applicable to Returns received from other Provinces. The expenditure for printing is fast



১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।

১২৭৪ নম্বর।—টাকা নিঃসন্দেহে রাজ্যহইতে প্রাপ্য ও রাজ্যের দেনা হইলেও কখনং দেওয়া যায় না। কোনং স্থানে টাকা দেওয়া গেলেও ঐ খরচের নিমিত্তে নিরূপণ হয় নাই বলিয়া তাহা হিসাবে লেখা যায় না। ভারতবর্ষের গবর্ণমেণ্টে এই কথা জ্ঞাত করা গিয়াছে।

যে টাকা নিঃসন্দেহে দেনা হয় তাহা না দিয়া কখনও রাখিতে হইবে না। যে টাকা দেওয়া গিয়াছে তাহা হিসাবে লিখিতে অনাবশ্যকমতে এক দিনও বিলম্ব করিতে হইবে না। স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও কর্তৃত্ব কার্য্য নিরূপণাধিকারিদের ও হিসাবসংক্রান্ত সকল কার্য্যকারকের প্রতি ইহা জ্ঞাত করা যাইতেছে।

যাহা অবশ্য দিতে হইবে তাহা দিতে গতিক্রিয়া করিলে ব্যয়ের লাঘব কোন প্রকারে হয় না। যাহা দেওয়া কর্ত্তব্য নির্ণয় করিয়া শোধ করা, ও শোধ হইয়াছে বলিয়া তাহা লিখিয়া দেওয়া অতি গুরুতর।

এই উদ্দেশ্য সাধ্য মতে সফল করা গবর্ণমেণ্টের সকল কার্য্যকারকের বিশেষতঃ ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টের কর্ম্মকারকদের অতি কর্ত্তব্য।

পরন্তু এই আজ্ঞা ১৮৬৯ সালের ১৭ সেপ্টেম্বরের ৩৪৪২ নম্বরের আজ্ঞার অসঙ্গত বলিয়া পাঠ করিতে হইবে না। সেই আজ্ঞামতে কোন কার্য্য হেতুক খরচ করিবার অনুমতি হইলেও কোন তহবীলহইতে সেই টাকা দিবার স্পষ্ট নিয়ম না থাকিলে আকৌণ্টণ্টে জেনেরল সাহেবের প্রতি তাহা গ্রাহ্য করিবার নিষেধ হইয়াছে। ফলতঃ যাহাহইতে খরচ শোধ হইতে পারে এমত টাকা নিরূপণ না হইলে কোন নূতন বিষয়ের কিম্বা যদ্বিষয়ের অনুমতি লওয়া প্রয়োজন তাহার খরচ গ্রাহ্য করিবার নিষেধ করা ঐ আজ্ঞার উদ্দেশ্য। প্রতিদান স্বরূপ যে খরচ তাহা দিবার নিষেধ নাই, অনুমতি হইলে কি না হইলেও দিতে হইবে। সুতরাং টাকা খরচ করা গেলে পর তাহার নিষ্পত্তি করিবার বিলম্ব করণের অনুমতি নাই। উপযুক্ত কার্য্যকারকের অনুমতি প্রাপ্ত না হইলে যদি হিসাব নিষ্পত্তি হইতে না পারে তবে সেই অনুমতি ত্বরায় প্রাপ্ত হওয়ার বিধান করা কর্ত্তব্য।

---

খরচ।

মুদ্রাঙ্কনের কথা।

ফোর্ট উইলিয়মে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনানশিয়ল ডিপার্টমেণ্টে ১৮৭০ সালের ২২ ফেব্রুআরির ১২৮১ নম্বরের যে নির্দ্ধারণ করিলেন তাহা হইতে এই কথা গৃহীত হইয়াছে।

২। অক্ষরাদি ছাপাইতে যত খরচ লাগে টেবিল ছাপাইতে তাহার অত্যধিক লাগিয়া থাকে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর এই সুযোগে সকল কার্য্যকারকদিগকে এই কথা জ্ঞাত করিতেছেন। কখনং টেবিলের পাঠে বর্ণনাপত্র লেখা অত্যন্ত কর্ম্মণ্য, স্থলবিশেষে অত্যাবশ্যক। কিন্তু যে স্থলে অনেক অঙ্ক লেখা আবশ্যক এমত স্থলভিন্ন তাহা ছাপা দূরে থাকুক প্রস্তুত করিতেও হয় না। অত্যাবশ্যক হইলেও সাধ্যমতে সহজে লিখিতে চেষ্টা করা প্রয়োজন। রেবিনিউ বোর্ড কর্তৃক যে সকল রিটর্ণ ছাপা হইয়া থাকে তাহার মধ্যে অনেক ঘর খালি আছে কএক ঘরে অল্পমাত্র লেখা হয়। ঐ রিটর্ণের মর্ম্ম রিপোর্টের মূলপাঠে অল্প কথায় লেখা যাইতে পারে।

৩। যে রিটর্ণ অন্যান্য প্রদেশহইতে পাওয়া গিয়া থাকে তৎপ্রতিও সেই কথা বর্ত্তে। ছাপার খরচ অতি ত্বরায়



easing, and it is necessary that the most careful economy ld be exercised in respect to it.

All Officers are enjoined to exercise a careful discre- in causing such Statements to be prepared, and espe- ly printed. The Superintendents of Government sses will be held personally responsible for making due resentations to the proper authority whenever it may ear to them that the cost of any tabular printing ordered l be incommensurate with the object, and that *blank lles* are never to be printed.

Ordered, that the above be published in the *Gazette of dia* for the general information and guidance of all blic Officers.

---

LEAVE AND ALLOWANCES.

*The 23rd February* 1870.

*No.* 1297.—The Governor General in Council is pleased dir[illegible] Covenanted and Uncovenanted Civil Servants ceeding on sick leave to Europe *viâ* Bombay from other esidencies, are to take with them three copies of their dical certificates and the medical statements of their es, one for their own use to be taken by them to Europe, e for the Standing Medical Committee before whom they pear, and the third for submission to Government.

---

*The 24th February* 1870.

*No.* 1317.—The Governor General in Council is pleased rule that, whenever a public Officer is permitted for his n comfort or convenience to conduct the duties of his Office temporarily at a hill station at which his services are ot required by the Government to which he is subordinate, he permission must be understood to be given on the condition that it entails no extra expense on the State in the ay of travelling or deputation allowances to Clerks or herwise.

---

SEPARATE REVENUE.

[STAMPS.]

*The 28th February* 1870.

*No.* 1426.—It being desirable that there should be a distinction between the two classes of Bi-color Stamps, the Governor General in Council is pleased to prescribe that all stamps intended for use under the Court Fees Act should bear the inscription "Court Fees," the stamps used for other purposes being left without any special designation.

R. B. CHAPMAN,
*Offg. Secy. to the Govt. of India.*

[*Government Gazette, 8th March* 1870.]

বাড়িয়া উঠিতেছে, তদ্বিষয়ে অধিক যত্নে পরিমিত ব্যয় করা আবশ্যক।

৪। সকল কার্য্যকারকের প্রতি আদেশ হইতেছে যে উক্ত প্রকারের বর্ণনাপত্র প্রস্তুত করিতে, বিশেষতঃ ছাপাইতে প্রবর্ত্ত হইলে অত্যন্ত বিবেচনা পূর্ব্বক কার্য্য করেন। কোন টেবিল ছাপাইবার আজ্ঞা হইলে তাহার যে উদ্দেশ্য হয় তদ্বিবেচনায় যদি ছাপাইবার খরচ অতিরিক্ত বোধ হয় তবে ছাপাখানার সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা উপযুক্ত কর্তৃপক্ষদের নিকট সেই কথা জানাইবেন, না জানাইলে তাঁহারাই দায়ী হইবেন। বেলাঙ্ক টেবিল অর্থাৎ যাহাতে কিছু লেখা নাই তাহা কখনও ছাপাইতে হইবে না।

সকলের জ্ঞানার্থে ও রাজকীয় কার্য্যকারকদের উপদেশার্থে উক্ত কথা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করিবার আজ্ঞা হইয়াছে।

---

ছুটীর ও বৃত্তির কথা।

১৮৭০ সাল ২৩ ফেব্রুআরি।

১২৯৭ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিয়াছেন যে, রাজকীয় দেওয়ানী কর্ম্মের চিহ্নিত ও অচিহ্নিত কার্য্যকারকেরা পীড়াপ্রযুক্ত ছুটী পাইয়া অন্য কোন প্রেসীডেন্সীহইতে বোম্বাইয়ের পথে ইউরোপে যাইতে উদ্যত হইলে, চিকিৎসকের সার্টিফিকটের ও আপনারদের পীড়া বিষয়ে চিকিৎসকদের বর্ণনাপত্রের তিন প্রস্থ সঙ্গে লইবেন। এক প্রস্থ নিজ কার্য্যের নিমিত্তে ইউরোপে লইয়া যাইবেন। চিকিৎসকদের যে স্থায়ি কমিটীর সম্মুখে উপস্থিত হন তাহাদের কার্য্যের নিমিত্তে দ্বিতীয় প্রস্থ। ও গবর্ণমেণ্টে অর্পণ করিবার জন্যে তৃতীয় প্রস্থ।

---

১৮৭০ সাল ২৪ ফেব্রুআরি।

১৩১৭ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব এই বিধি করিয়াছেন। গবর্ণমেণ্টের কর্ম্মের নিমিত্তে রাজকীয় কোন কার্য্যকারকের পর্ব্বতদেশে থাকার আবশ্যক না হইলেও যদি কিয়ৎকালের নিমিত্তে তাঁহার নিজ স্বচ্ছন্দতার ও স্বাস্থ্যের নিমিত্তে তথায় থাকিয়া আপন কার্য্যালয়ের কর্ম্ম নির্ব্বাহ করিবার অনুমতি পান, তবে কেরানী প্রভৃতি কর্ম্মকারকদের পথ খরচ কিম্বা অন্যত্র থাকার খরচ বলিয়া রাজ্যের ব্যয় না লাগে এই নিয়মানুসারে তাঁহার প্রতি সেই অনুমতি থাকিবে ইহা জানা কর্ত্তব্য।

---

স্বতন্ত্র রাজস্ব।

ইষ্টাম্প।

১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।

১৪২৬ নম্বর।—দুই রঙ্গের যে দুই প্রকারের ইষ্টাম্প আছে তাহার বিশেষ জানা উচিত এই নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিয়াছেন যে, আদালতে ফীসের আইনমতে যে সকল ইষ্টাম্প ব্যবহার করা যাইবে তাহাতে "Court Fees" এই শব্দ মুদ্রিত থাকিবে, অন্য কার্য্যে যে ইষ্টাম্পের ব্যবহার হয় তাহার উপর কোন বিশেষ নাম থাকিবে না।

আর, বি, চ্যাপম্যান
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. R.

APPOINTMENTS.

*The 23rd February* 1870.—Baboo Sreenath Bhuddra to be an Assessor, under Act IX. of 1869, in the District of Backergunge, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

Mr. H. F. J. Kean to officiate as Magistrate and Collector of Gya, in the First Grade, during the absence, on leave, of Mr. A. V. Palmer, or until further orders.

Mr. C. A. Kelly to officiate as Magistrate and Collector of Furreedpore, in the Second Grade, during the absence, on deputation, of Mr. A. T. Maclean, or until further orders.

*The 25th February* 1870.—Baboo Kedarnath Mullick, Officiating Deputy Magistrate and Deputy Collector, Sylhet, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

*The 28th February* 1870.—Mr. D. R. Lyall to officiate, until further orders, as Magistrate and Collector of Dacca, in the Second Grade.

The following Officers are transferred, *viz.* :—

Mr. J. F. Campbell, Extra Assistant Commissioner, North Luckimpore, is transferred to Nowgong.

Lieutenant W. E. Rutherfurd, Assistant Commissioner, to have charge of the Subdivision of North Luckimpore.

Mr. G. E. Porter to be Sub-Registrar of Assurances of the Sub-district of Rungpore.

Mr. W. S. Atkinson, Director of Public Instruction, is placed in charge of the Office of Superintendent of the Botanical Gardens, Calcutta, during the absence, on special deputation, of Mr. C. B. Clarke, or until further orders.

*The 1st March* 1870.—Mr. R. L. Mangles to officiate as Secretary to the Board of Revenue, Lower Provinces, until further orders.

LEAVE OF ABSENCE.

*The 23rd February* 1870.—Baboo Greesh Chunder Mitter, Personal Assistant to the Commissioner of Chota Nagpore, for seventeen days, from the afternoon of the 25th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 25th February* 1870.—Mr. J. Boxwell, Officiating Joint-Magistrate and Deputy Collector of Pooree, is allowed subsidiary leave of absence



## বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৩ ফেব্রুআরি। শ্রীযুত বাবু শ্রীনাথ ভদ্র বাকরগঞ্জ জিলায় ১৮৬৯ সালের ৯ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ বি পামর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ, এফ, জে, কিন্ সাহেব প্রথম শ্রেণীমতে গয়ায় মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এ, টি মাকলীন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত সি, এ, কেলী সাহেব দ্বিতীয় শ্রেণীমতে ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৫ ফেব্রুআরি।—শ্রীহট্টের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু কেদারনাথ মল্লিক অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।—শ্রীযুত ডি, আর, লায়ল সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীমতে ঢাকার মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা স্থানান্তরে প্রেরিত হইয়াছেন, যথা—

উত্তর লক্ষ্মীপুরের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত জে, এফ কাম্বেল সাহেব নৌগাঁয়ে প্রেরিত হইয়াছেন।

আসিষ্টাণ্ট কমিশ্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই, রদরফর্ড সাহেব উত্তর লক্ষ্মীপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

শ্রীযুত জি, ই, পোর্টর সাহেব রঙ্গপুর সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত সি, বি, ক্লার্ক সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সাধারণ বিদ্যাধ্যাপনীয় কার্য্যের প্রদর্শক শ্রীযুত ডবলিউ এস আটকিন্সন সাহেব কলিকাতার বোটানিকাল উদ্যানের তত্ত্বাবধারণের কার্য্যের ভার পাইবেন।

১৮৭০ সাল ১ মার্চ।—শ্রীযুত আর এল মাঙ্গেলস সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ২৩ ফেব্রুআরি।—ছোট নাগপুরের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু গিরীশচন্দ্র মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২৫ তারিখের অপরাহ্ণ অবধি সতের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৫ ফেব্রুআরি।—পুরীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জে বক্সওয়েল সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত



a period not exceeding thirty days, preparatory to proceeding to Europe on furlough, with effect from the date on which he may make over charge of his office to the Magistrate and Collector of the district.

Mr. H. G. Sharp, Assistant Magistrate and Deputy Collector, Hooghly, for one month, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules.

*The 28th February* 1870.—Mr. J. Westland, Officiating Magistrate and Collector of Jessore, for three months, from the 17th proximo, under Section XIX. of the Covenanted Service Absentee Rules.

Mr. W. H. Verner, Officiating Extra Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, for three months, under Section XIX. of the Covenanted Service Absentee Rules, from the 25th proximo, or any subsequent day within one month of that date on which he may avail himself of the leave.

Moulvie Ahsan Ahmed, Deputy Magistrate and Deputy Collector, Bancoorah, for three months, under paragraph 12, clause 1, of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATION.

*The 26th February* 1870.—Mr. A. Smith, of the Educational Department, reported his departure from India on board the *Mooltan*, which was left by the Pilot at sea on the 16th instant.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 228J.

APPOINTMENTS.

*The 22nd February* 1870.—The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Noakhally :—

Mr. E. Paxwell.
Baboo Juggodish Nath Roy.
,, Ramchurn Bose.
,, Mohesh Chunder Bose.

*The 24th February* 1870.—Mr. William Charles Muller, Darjeeling, is appointed, under section 3, Act II. of 1869, to be a Justice of the Peace within the territories under the control of the Lieutenant-Governor of Bengal.

*The 25th February* 1870.—Moulvie Moazim Hossein to officiate as Judge of the Court of Small Causes at Pubna, during the absence, on leave, of Baboo Baney Madhub Shome, or until further orders.



হইবার জন্যে ত্রিশ দিনের অনধিককাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন। তিনি ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেকুটরের প্রতি যে তারিখে আপন কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখঅবধি উক্ত ছুটী প্রবল হইবে।

হুগলীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত এচ জি শার্প সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।—যশোহরের একটিং মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে আগামি মাসের ১৭ তারিখঅবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

২৪ পরগনার একটিং অতিরিক্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেব আগামি মাসের ২৫ তারিখঅবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত মৌলবী আসান আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৬ ফেব্রুআরি।—বিদ্যাধ্যাপন কর্ম্ম বিভাগেরর শ্রীযুত এ স্মিথ সাহেব মুলতান নামক জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব এই মাসের ১৬ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিসিয়ল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

২২৮J নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২২ ফেব্রুআরি।—নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালীর দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন। যথা—

শ্রীযুত ই পাক্সওয়েল সাহেব।
,, বাবু জগদীশনাথ রায়।
,, বাবু রামচরণ বসু।
,, বাবু মহেশচন্দ্র বসু।

১৮৭০ সাল ২৪ ফেব্রুআরি।—দার্জ্জিলিঙ্গের শ্রীযুত উলিয়ম চার্লস মলর সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারামতে শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইলেন।

১৮৭০ সাল ২৫ ফেব্রুআরি।—শ্রীযুত বাবু বেণীমাধব সোমের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী মোয়াজ্জিম হুসেন পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন।

Mr. A. B. Falcon to officiate as Civil and Sessions Judge of Rungpore, during the absence, on furlough, of Mr. H. C. Richardson, or until further orders.

Moulvie Fukrooddeen Hossein to officiate, from the 5th proximo, as Moonsiff of Bhaugulpore, during the absence, on leave, of Baboo Bolak Chand, or until further orders.

Surgeon J. H. Thornton, M.B. and B.A., to have temporary medical charge of the Civil Station of Julpigooree.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Dacca:—

Mr. H. Clark.

,, A. Thoms.

*The 28th February* 1870.—Mr. W. J. Herschel to officiate as Civil and Sessions Judge of Hooghly, during the absence, on leave, of Mr. G. Bright, or until further orders.

LEAVE OF ABSENCE.

*The 25th February* 1870.—Baboo Baney Madhub Shome, Judge of the Court of Small Causes at Pubna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Nobin Chunder Gupta, Sub-Assistant Surgeon, Palamow, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 1st December last.

*The 26th February* 1870.—Moulvie Mahomed Sudrul Huq, Sub-Assistant Surgeon, Patna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Koonjalall Banerjee, a Judge of the Calcutta Court of Small Causes, for twenty days, from the 3rd proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 28th February* 1870.—Baboo Gopeenath Bose, Subordinate Judge of Jessore, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 10th ultimo.

Dr. R. A. Barker, Medical Officer of Cachar, is allowed preparatory leave, from the 16th September to the 15th October 1869, to enable him to rejoin his appointment at Cachar on his return from leave to Europe.

NOTIFICATION.

*The 25th February* 1870.—The services of Third Grade Sub-Assistant Surgeon Chunder Mohun Ghose are placed at the disposal of the Government of the North-Western Provinces.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

শ্রীযুত এচ, সি, রিচর্ডসন সাহেবের নিয়মিত
প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হ
পর্য্যন্ত শ্রীযুত এ, বি ফালকন সাহেব রঙ্গপুরের সিবি
ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বালক চাঁদ বাবুর ছুটী প্রযুক্ত অনুপ
কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রী
মৌলবী ফকরুদ্দীন হুসেন আগামি মাসের ৫ তারি
অবধি ভাগলপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

সর্জন শ্রীযুত জে, এচ, থর্ণটন সাহেব এম, বি,
বি, এ, কিয়ৎ কালের নিমিত্তে জলপাই গুড়ির দে
য়ানী মোকামের চিকিৎসা কার্য্যের ভার পাইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা ঢাকানগরের মুনিসিপ
কমিশ্যনর হইবেন।—যথা

শ্রীযুত এচ, ক্লার্ক সাহেব।

,, এ টমস সাহেব।

১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।—শ্রীযুত জি ব্রা
সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অ
আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ, জে, হ
সাহেব হুগলীর সিবিল ও সেশন জজের কর্ম্ম ক
বেন।

ছুটী।

১৮৭০ সাল ২৫ ফেব্রুআরি।—পাবনার ক্ষুদ্র মো
দ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু বেণীমাধব সো
অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারাম
এক মাস ছুটী পাইয়াছেন।

পালামৌয়ের সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বা
নবীনচন্দ্র গুপ্ত গত ডিসেম্বর মাসের ১ তারিখে
আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কা
কারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাস ছু
পাইয়াছেন।

১৮৭০ লাল ২৬ ফেব্রুআরি।—পাটনার সব-আসি
স্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মৌলবী মহম্মদ সদরঅল
অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারাম
এক মাস ছুটী পাইয়াছেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রী
বাবু কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারক
ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ৩ তারি
অবধি বিশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।—যশোহরের সবর্ডিনে
জজ শ্রীযুত বাবু গোপীনাথ বসু গত মাসের ১০ তারি
খের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্
কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক
ছুটী পাইয়াছেন।

কাছাড়ের চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর, এ, বা
সাহেব ইউরোপগমনের ছুটী হইতে প্রত্যাগ
করিয়া কাছাড়ে আপন কর্ম্ম পুনগ্রহণ করিতে পারিব
নিমিত্তে ১৮৬৯ সালের ১৬ সেপ্টেম্বর অবধি ১
অকুটোবর পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৫ ফেব্রুআরি।—তৃতীয় শ্রেণীর স
আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত চন্দ্রমোহন ঘোষ উ
পশ্চিম দেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযু
হইলেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।





NOTIFICATION.

*The 24th February* 1870.—In supersession of [th]e Notification of the 14th January 1870, it [i]s hereby notified that under section 106 of [A]ct VIII. (B. C.) of 1869,—an Act to amend [th]e procedure in suits between landlords and [te]nants,—the said Act shall take effect from [th]e 13th day of April 1870, corresponding with [th]e 1st Bysakh 1277 of the Bengali year, in the [D]istricts of the Lower Provinces of Bengal [n]amed below:—

| *Division.* | *District.* |
|---|---|
| Bhaugulpore | Bhaugulpore. Monghyr. Purneah. |
| Patna | Patna. Gya. Chumparun. Sarun. Shahabad. Tirhoot. |
| Rajshahye | Rajshahye. Bograh. Dinagepore. Maldah. Moorshedabad. Pubna. Rungpore. |
| Burdwan | Burdwan. Bancoorah. Beerbhoom. Hooghly. Howrah. Midnapore. |
| Presidency | Nuddea. Jessore. 24-Pergunnahs. |
| Dacca | Dacca. Backergunge. Furreedpore. Mymensing. Sylhet. |
| Chittagong | Chittagong. Noakhally. Tipperah. |

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 25th February* 1870.—Under section 82 of Act VI. (B. C.) of 1868, the provisions for the regulation of conservancy or of local improvement contained in Schedule K. annexed to the Act are

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৪ ফেব্রুআরি।—১৮৭০ সালের জানু-
আরি মাসের ১৪ তারিখের বিজ্ঞাপন রহিত করিয়া
১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের (অর্থাৎ ভূম্যধিকারি
ও প্রজাবিষয়ক কার্য্যপ্রণালীর আইনের) ১০৬ ধারা
মতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইন
১৮৭০ সালের আপ্রিল মাসের ১৩ তারিখ অবধি
অর্থাৎ বাঙ্গলা ১২৭৭ সালের বৈশাখ মাসের প্রথম
দিবসাবধি বঙ্গপ্রভৃতি দেশের এইং জিলাতে প্রচলিত
হইবে, যথা—

| খণ্ড | জিলা। |
|---|---|
| ভাগলপুর | ভাগলপুর। মুঙ্গের। পূরণিয়া। |
| পাটনা | পাটনা। গয়া। চাম্পারণ। সারণ। শাহাবাদ। ত্রিহুত। |
| রাজশাহী | রাজশাহী। বগুড়া। দিনাজপুর। মালদহ। মুরশিদাবাদ। পাবনা। রঙ্গপুর। |
| বর্দ্ধমান | বর্দ্ধমান। বাঁকুড়া। বীরভূম। হুগলী। হাবড়া। মেদিনীপুর। |
| রাজধানী | নদীয়া। যশোহর। ২৪ পরগনা। |
| ঢাকা | ঢাকা। বাকরগঞ্জ। ফরীদপুর। ময়মনসিংহ। শ্রীহট্ট। |
| চট্টগ্রাম | চট্টগ্রাম। নওয়াখালী। ত্রিপুরা। |

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৫ ফেব্রুআরি।—১৮৬৮ সালের বঙ্গ-
দেশীয় ৬ আইনের অর্থাৎ নগর বা স্থান সৌষ্ঠব
করণের বিধান করণার্থ আইনের K চিহ্নিত তফসীলে
যে বিধান আছে তাহা উক্ত আইনের ৮২ ধারামতে

hereby extended to the Town of Sasseram, in the District of Shahabad, as defined in the Government Notification of the 24th March 1869, published in the *Calcutta Gazette* of the 31st idem.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 26th February* 1870.—Under section 2, Act XXII. of 1869, (The Garo Hills' Act), the Lieutenant-Governor of Bengal is pleased to direct that the said Act shall come into, and be in operation within the territory known as the Garo Hills, and defined in section 4 of the said Act, on the 1st day of March 1870.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 26th February* 1870.—With reference to the Notification in the *Calcutta Gazette* of 15th June 1861, page 1617, defining the villages united to form the Chowkeydaree Union of Kotechandpore, in Zillah Jessore, it is hereby notified that the villages of Roodoorpoor, Pell[illegible], and Bolohor, shall be excluded from the Union from the 1st January 1870, except so far as regards the collection of balances due in these villages on account of previous periods.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 26th February* 1870.—With reference to the Notifications in the *Calcutta Gazette* referring to the Chowkeydaree Union of Kishubpore, in Zillah Jessore,

(1.) Dated 31st May 1861, page 1617.

(2.) Dated 8th September 1863, page 2681.

It is notified that the villages named on the margin (Moolgram, Jogonathpoor, Bhogobuty, Modyikool village, except the Sorepara of Modyikool) will be excluded from the Union of Kishubpore from the 1st January 1870, except so far as regards the collection of balances due for previous periods.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ৮ মার্চ।]

শাহাবাদ জিলার অন্তর্গত সাশিরাম নগরে প্রচলিত করা গেল। উক্ত নগরের সীমা ১৮৬৯ সালের মার্চ মাসের ২৪ তারিখের গবর্নমেন্টে বিজ্ঞাপনে নির্দ্দিষ্ট হইয়া আপ্রিল মাসের ৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয়।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্নমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৬ ফেব্রুআরি।—১৮৬৯ সালের ২২ আইনের অর্থাৎ (গারোপর্ব্বতের আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব আজ্ঞা করিতেছেন যে গারোপর্ব্বত নামে খ্যাত যে দেশের সীমা ঐ আইনের ৪ ধারায় নির্দ্দিষ্ট হয় উক্ত আইন সেই দেশে ১৮৭০ সালের মার্চ মাসের ১ প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ও থাকিবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৬ ফেব্রুআরি।—যশোহর জিলার অন্তর্গত কোটচাঁদপুর চৌকীদারী সমাহার ভুক্তগ্রামের ১৮৬১ সালের [illegible] মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৩৩৪ পৃষ্ঠায় যে সীমা প্রকাশ হয় তদুপলক্ষে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে রুদ্রপুর [illegible]পালহ ও বালহর গ্রাম ১৮৭০ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি উক্ত সমাহার হইতে স্বতন্ত্র হইবে। কিন্তু ঐ২ গ্রামের পূর্ব্বকার বাকী টাকারসম্পর্কে ঐ সমাহার প্রবল থাকিবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৬ ফেব্রুআরি।—যশোহর জিলার অন্তর্গত কেশবপুর চৌকীদারী সমাহার সম্পর্কীয় যে বিজ্ঞাপন।

(১) ১৮৬১ সালের ১৮ জুনের বাঙ্গলা গেজেটের ৩৩৪ পৃষ্ঠায় ও

(২) ১৮৬৩ সালের ২৯ সেপ্টেম্বরের ১০২৩ পৃষ্ঠায় প্রকাশ হয় তদুপলক্ষে হইতে সংবাদ দেওয়া যাইতেছে যে পার্শ্বেরলিখিত গ্রাম (মূলগ্রাম, জগন্নাথপুর, ভগবতী, মদইকুলের শুড়িপাড়া ভিন্ন মদইকুল গ্রাম) ১৮৭০ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি কেশবপুর সমাহার হইতে স্বতন্ত্র হইবে। কিন্তু ঐ২ গ্রামের পূর্ব্বকার বাকী টাকারসম্পর্কে ঐ সমাহার প্রবল থাকিবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।



## Public Works Department.

ESTABLISHMENT.

No. 62.

*Fort William, the 1st March* 1870.

*Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857, in supersession of Declaration No. 33, dated the 8th February 1870, published in the Calcutta Gazette of the 9th idem, page* 251.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz., for the improvement of the road to the Dispensary at Joinsar, Thannah Sreenugger, Zillah Dacca, and to connect it with the inhabited portion of the village. It is hereby declared that for the above purpose a strip of land about one bigah, three cottahs and ten chittacks more or less is required, situated in village Joinsar, Pergunnah Bickrampore, Zillah Dacca, and bounded on the north by the inhabited portion of the village; on the south by the direct line of the newly [illegible] road to the Dispensary, measuring about 15 yards in breadth and 126 in length.

This declaration is made under the provisions of Act VI. of 1857 to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal.

J. E. T. NICOLLS, *Col., R. E.,*
*Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়, গমনাগমন বিষয়ক।

৬২ নম্বর।

ফোর্ট উলিয়ম, ১৮৭০ সাল ১ মার্চ।

১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ৮ তারিখের ৩৩ নং যে বিজ্ঞাপন ঐ মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটের ১৪৮ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত এই বিজ্ঞাপন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকা জিলার শ্রীনগর থানার জৈনসার ঔষধালয়ে যাইবার পথ সৌষ্ঠব করণার্থে এবং গ্রামের লোকালয়ের সহিত তাহার সংযোগ করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকা জিলার বিক্রমপুর পরগনার জৈনশর গ্রামে ন্যূনাধিক ১/৩।০ ছটাক ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা গ্রামের লোকালয়, দক্ষিণ সীমা ঔষধালয়ে গমনের যে নূতন পথ করা গিয়াছে তাহা। দীর্ঘতা ১২৬ গজ ও প্রস্থ ১৫ গজ পরিমিত।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের আজ্ঞাক্রমে,

জে ই টি নিকলস, কর্নেল আর, ই,
পবলি ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্নমেন্টের সেক্রেটারী।

---

## GOVERNMENT ADVERTISEMENTS.

NOTICE.

A NUMBER of Elephants (probably about 14) belonging to the Government of Bengal, in splendid condition, and of a most useful size and kind, will be sold at Dacca early in April next. The precise date of sale will be notified hereafter.

(F)

[*Government Gazette, 8th March* 1870.]

## গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের গবর্নমেন্টের সদবস্থাপন্ন ও সুগঠনের ও উত্তম প্রকারের, ন্যূনাধিক চৌদ্দটী হস্তী আগামি আপ্রিল মাসের প্রথমভাগে ঢাকায় বিক্রয় হইবে। বিক্রয়ের সঠিক তারিখ ইহার পরে প্রকাশ করা যাইবে।

জিলা নদীয়া।

[বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।]

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয় মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ১২ জানুআরি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদা নিমিত্ত ১৮৭০ সালের ১৬ মার্চ তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ নীলামে ধরা যাইবে।" ১৮৭০ সাল ৯ ফেব্রুআরি।

৬২।৩ নং ডিহি বক্সীপুর মালিক সখিমণি দেব্যা পং রাজপুর রকম ।/১০ আনাংশের সদর জমা ... ৭২৬০৸/৩

৪৯১।৭ নং ডিহি শাদীপুর রাধাজীবন মুস্তফি পং রাজপুর স্বতন্ত্র হিসাবের সদর জমা ... ৬৮৪৮৸৶/৭

৩২১৩।০ নং জিয়ারাখি শ্রীকান্ত রায়দিগর স্বতন্ত্র হিসাব পং বেশমাবাদ বাদে সদর জমা ... ৫০৬৵৮

৪০।১ নং কিং তাং বেতাই তালুকদার সখিমণি দেব্যা অংশ ৵ আনা সদর জমা ৩৩০২৮।। পা পোলীস ৪১।।/০।। টাকা একুনে ৩৩৪৩।।/৯ টাকা ঐ মহাল মধুসূদন সরকার ডিক্রীদারের ১৮৬৮।৬৯ সালে ৪৭৪ নং ডিক্রীজারির মোকদ্দমার পাওনা ৬১৪৩৵৯ পাই আদায় কারণ [illegible] নিলাম হইবেক ইতি।

(F)

J. MONRO,
*Offg. Collector.*

জিলা পাবনা।

এস্তাহার দেওয়া যাইতেছে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারা মর্ম্মানুযায়ী জেলা পাবনা সংক্রান্ত নিম্নলিখিত মহাল ১৮৬৯ সালের নাং কিস্তী ডিসেম্বরের বাকি রাজস্ব আদা কারণ ১৮৭০ সালের ১১ মার্চ মোং ১২৭৬ সালের ২৯ ফাল্গুন শুক্রবার জেলা পাবনার কালেক্টরির কাছারিতে নিতান্ত পক্ষেই নীলাম করা যাইবেক ক্ষমা হইবেক না অতএব যে কেহ খরিদের বাসনা রাখে সে ঐ নিরূপিত দিবসে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে ইতি সন ১৮৭০ সাল তারিখ ২১ জানওয়ারি।

| জেলার তৌজির নম্বর | মহালের শ্রেণী | মহালের নাম ও পরগনা | মালিকের নাম | সদর জমা | বাকি রাজস্ব | মন্তব্য। ০ |
|---|---|---|---|---|---|---|
| ১৬৮ | চিরস্থায়ী বন্দবস্তী মহাল | চর শ্যামতুল্যাপুর পরগনে ইসলামপুর | তারিণীচরণ সিংহ ও শ্যামাসুন্দরী দাস্যা হাল খরিদার লালনচন্দ্র সান্যাল | ৭১৮।৶/৯ | ২৪৫।/৪ | মোট মহাল বাকি রাজস্ব না দেওয় নীলাম হইবেক তাহাতে নীলা খরিদারের সম্পূ মালিকী স্বত্ব বর্ত্তি বেক। |
| ২২৫ | ঐ | চর বলরামপুর রামচন্দ্রপুর পরগনে ইসলামপুর | তারিণীচরণ সিংহ শ্যামাসুন্দরী দাস্যা | ৩৮৩৮৸৶/০ | ৮৯১।।৵৬ | ঐ |

H. N. CHATTERJIE,
*Dy. Collr. for Collector.*

(F)
[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০।৮ মার্চ।]



জিলা চব্বিশ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেকটরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাৎ মালগুজারির বাকি বাবৎ ইংরাজি সন ১৮৭০ সালের ১১ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৬ সাল ২৯ ফাল্গুন রোজ শুক্রবার ঐ জেলার কালেকটরি কাছারিতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৭০ সাল তারিখ ৩১ জানআরি মোতাবেক সন ১২৭৬ সাল তারিখ ১৯ মাঘ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

দ্বিতীয় শ্রেণীর গএর বন্দবস্তী হওয়া মহাল।

১৩৭৩ নং ১৩৭ নং লাট আবাদ রামপুর লিখিত মালিক বিবি এটাএট কিন সাহেবা সদর জমা কোম্পানি ৩২৮৵

রসদস্থত্রে ১৩৫৫ সালে বৃদ্ধি হইবেক ১৩১২।।০

১৩৭৪ নং ১০৫ নং লাট আবাদ ঘটিহারা লিখিত মালিক বিবি এটাএট কিন সাহেবা সদর জমা কোম্পানি ১৯৬৸৵

রসদস্থত্রে ১৩৫৫ সালে বৃদ্ধি হইবেক ৭৮৭।।০

(F)

W. M. SOUTTAR,
*Offg. Dy. Collr. for Offg. Collector.*

জিলা বীরভূম।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা বীরভূম এই যে।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞাত করা যায় যে অত্র জেলার পূর্ব্বস্থিত জেহেল দারোগা মেঃ ডিসিলবা সাহেবের তহবিল তছরূপাতি মং ৩০৭০৶/৭ টাকা আদায় জন্য জামিনদার সিহুড়ি নিবাবসী কৃষ্ণমোহন শাহার নীচের চৌহদ্দীবিশিষ্ট জায়দাদ সন ১৮৬৮ সালের ৭ আইনের বিধানমত সন ১৮৭০ সালের ১৬ মার্চ মোতাবেক সন ১২৭৬ সালের ৪ চৈত্র বুধবার দিবা দুই প্রহরের পর অত্র জেলার কালেকটরির কাছারিতে নীলাম বিক্রয় হইবেক যে কেহ উক্ত সম্পত্তি উচ্চমূল্যে ডাক করিবেন তাহাকেই বিক্রয় করা যাইবেক আর প্রকাশ থাকে যে উক্ত নীলাম ১৮৫৯ সালের ৮ আইনের বিধানমত ডিক্রী জারীর নীলামের প্রণালীমত সকল কার্য্য হইবেক ইতি সন ১৮৭০ সাল তারিখ ১ মার্চ।

তফসীল।

পরগনে খটঙ্গাসংক্রান্ত সিহুড়ি গ্রামে হাজরা পুষ্করিণীর পূর্ব্ব ও হাজরাদিগের মালের জমির উত্তর ও গোলাপবাগ অর্থাৎ বড় বাগনের পশ্চিম ও সরকারি সাধারণের রাস্তার দক্ষিণ এই চৌহদ্দী মধ্যে ন্যূনাধিক নিষ্কর ১৭/ সতের বিঘা জমিতে কৃষ্ণসাএর নামক পুষ্করিণী জলস্থল বান্দ ঘাট দুইটা ও তৎস্থিত বা গিচা যায় বৃক্ষাদি যাহার মূল্য আন্দাজী ৪,০০০৲ টাকা।

D. J. MCNEILE,
*Collector.*

(F)

[*Government Gazette, 8th March* 1870.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

pectively, except where a different intention shall appear from the context, (that is to say)—

Magistrate of the district.

The words "magistrate of the district" shall mean the chief officer charged with the executive administration of a district in criminal matters by whatsoever designation such officer is called.

"Magistrate."

The word "magistrate" shall mean the officer exercising all or any of the powers of a magistrate, and charged with the immediate executive administration, in criminal matters, in any sub-division of a district within which any village may be situated, by whatsoever designation such officer is called. In respect to any such village which is not situated within a sub-division of a district, the powers by this Act conferred on the magistrate may be exercised by the magistrate of the district, or by any other officer exercising any or all the powers of a magistrate, to whom the magistrate of the district may assign such duties.

"Village."

The word "village" shall include any town, bazar, station, or suburb.

"Chowkeedar."

The word "chowkeedar" shall mean the officer who keeps watch in the village and reports crime to the police.

"Chakeran chowkeedar."

A "chakeran chowkeedar" is a chowkeedar who is maintained either wholly or in part by a grant of land.

Repeal of section.

II. Section 21, Regulation XX., 1817, is hereby repealed.

Power to appoint punchayets.

III. After this Act shall have come into operation, it shall be lawful for any magistrate of a district or sub-division of a district to appoint, for the purpose, hereinafter mentioned, a punchayet in all or any of the villages within his district or sub-division of a district under his charge: provided that this Act shall not take effect in any village to which Act XXVI. of 1850, Act XX. of 1856, passed by the Governor General of India in Council and Act III. of 1864 or Act VIII. of 1868, passed by the Lieutenant-Governor of Bengal in Council, has been or shall be extended. The punchayet so appointed shall consist of not less than three nor more than seven members; and all persons who reside or carry on trade in such village, or who are the proprietors or holders of land therein, or the local agents of such proprietors or holders, shall be liable to serve on such punchayet.



প্রকাশ না হইলে তাহার সেই২ অর্থ ধরিতে হইবে যথা,

জিলার মাজিষ্ট্রেট।

কোন জিলায় অপরাধ ঘটিত বিষয়ে প্রধান যে কর্তৃপক্ষের কার্য্য সম্পাদনাধিকার থাকে তাঁহার পদের যে খ্যাতি হউক "জিলার মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে বুঝাইবে।

মাজিষ্ট্রেট।

কোন গ্রাম জিলার যে শাখাখণ্ডের অন্তর্গত হয়, সেই শাখাখণ্ডে অপরাধঘটিত বিষয়ে মাজিষ্ট্রেটের সমস্ত কি কোন ক্ষমতাক্রমে কার্য্যকারি যে কর্ম্মকারকের প্রতি অব্যবহিতরূপে কার্য্য সম্পাদনাধিকার থাকে তাঁহার পদের যে খ্যাতি হউক "মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে বুঝাইবে। যে গ্রাম জিলার শাখাখণ্ডের অন্তর্গত না হয়, সেই গ্রামে জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তিনি মাজিষ্ট্রেটের সকল কি. কোন ক্ষমতাক্রমে কার্য্যকারি অন্য যে ব্যক্তির প্রতি ঐ কর্ম্ম অর্পণ করেন তিনি এই আইনদ্বারা মাজিষ্ট্রেটের প্রতি প্রদত্ত শক্তিক্রমে কার্য্য করিবেন।

গ্রাম।

"গ্রাম" শব্দে নগর, বাজার, মোকাম, শাখানগরও গণ্য।

চৌকীদার।

যে ব্যক্তি গ্রামে প্রহরি দিয়া পোলীসের নিকট অপরাধের সন্ধান জানায় "চৌকীদার" শব্দে তাহাকে বুঝাইবে।

চাকরান চৌকীদার।

চৌকীদারকে বেতনের কিম্বা বেতনাংশের পরিবর্ত্তে ভূমি দেওয়া গেলে তাহাকে "চাকরান চৌকীদার" বলা যায় ইতি।

এক ধারা রহিত হইবার কথা।

২ ধারা। ১৮১৭ সালের ২০ আইনের ২১ ধারা রহিত করা গেল ইতি।

পঞ্চায়ৎ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। এই আইন প্রচলিত হইলে পর, জিলার কিম্বা জিলার শাখাখণ্ডের মধ্যে যে২ গ্রাম থাকে ঐ জিলার কি শাখাখণ্ডের কোন মাজিষ্ট্রেট নিম্নলিখিত কার্য্যের নিমিত্তে সেই সকল কি অন্যতর গ্রামে পঞ্চায়ৎ নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫০ সালের ২৬ আইন ও ১৮৫৬ সালের ২০ আইন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৪ সালের ৩ আইন ও ১৮৬৮ সালের ৮ আইন যে২ গ্রামে বর্ত্তান গিয়াছে কি বর্ত্তান যায় এই আইন সেই২ গ্রামে প্রবল হইবে না। যে পঞ্চায়ৎ পূর্ব্বোক্তমতে নিযুক্ত হয় তন্মধ্যে তিন জনের ন্যূন সাতজনের অধিক থাকিবে না। যে ব্যক্তিরা ঐ গ্রামে বাস কি ব্যবসায় করেন কিম্বা তদন্তর্গত ভূমির অধিকারী কি পাট্টাদার হন তাঁহারা এবং তৎ২ স্থানে ভূম্যধিকারিদের কি পাট্টাদারদের গোমাশতা পঞ্চায়তের কর্ম্মের যোগ্য হইবেন ইতি।

IV. Whenever any member of a punchayet shall die or cease to be a member of such punchayet the magistrate shall appoint some other person qualified, as section III is mentioned, to be a member of such punchayet in the place or stead of the person so dying or ceasing to be a member.

Succession of member of punchayet.

V. If any person, appointed to be a member of a punchayet, shall refuse to undertake the office, or wilfully omit to perform the duties thereof, and do not within fifteen days from the date of his appointment, or from such omission, show satisfactory grounds for such refusal or omission, he shall be liable to a fine, which may extend to fifty rupees.

Penalty on refusing to act as punchayet.

VI. Every punchayet shall elect one of their members to be the president of such punchayet, and all communications to the punchayet shall be addressed to the president.

President of punchayet.

VII. All questions which shall come before the punchayet at any meeting shall be decided by a majority of votes of the members present, and in case of equality of votes, the president shall have a casting vote; but no business shall be transacted at any meeting of the punchayet unless three members at least be present.

Mode of transacting business of punchayet.

VIII. It shall be lawful for the magistrate, by an order in writing, signed by him to remove or discharge any member of a punchayet.

Power to remove members of punchayet.

IX. The punchayet shall determine the number of chowkeedars to be employed in a village; but if the magistrate considers the number appointed insufficient, he may, after consultation with the punchayet, fix the number to be employed therein.

Number of chowkeedars to be determined by punchayet.

X. It shall be lawful for the magistrate, by an order in writing, signed by him, to attach to a neighbouring village any village which, in his opinion, may be too small to provide for the payment of a chowkeedar, and such village so attached shall, for the purposes of this Act, be deemed to be a portion of the village to which it shall have been so attached. It shall further be lawful for the magistrate, if necessary, to define the boundaries of such village.

Power to unite villages.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ১৫ মার্চ।]

৪ ধারা। পঞ্চায়তের কোন ব্যক্তি মরিলে কি কর্ম্ম ত্যাগ করিলে, অন্য যে ব্যক্তি ৩ ধারার লিখনমত যোগ্য হন, মাজিষ্ট্রেট তাঁহাকে ঐ মৃত কি কর্ম্মত্যাগি ব্যক্তির স্থানে ঐ পঞ্চায়তে নিযুক্ত করিবেন ইতি।

পঞ্চায়তের কোন ব্যক্তির পর্য্যায়ের কথা।

৫ ধারা। কোন ব্যক্তি পঞ্চায়তে নিযুক্ত হইয়া সেই পদের কর্ম্ম করিতে অনঙ্গীকার করিলে কিম্বা স্বেচ্ছাপূর্ব্বক ত্রুটি করিলে ও নিযুক্ত হইবার কিম্বা কর্ম্ম না করিবার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে তাঁহার অনঙ্গীকার করণের কিম্বা ত্রুটির যথেষ্ট কারণ না জানাইলে, তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে। সেই অর্থদণ্ড পঞ্চাশ টাকার অধিক হইবে না ইতি।

পঞ্চায়তের কর্ম্ম করিতে অনঙ্গীকার করিলে দণ্ডের কথা।

৬ ধারা। প্রত্যেক পঞ্চায়ৎ আপনারদের এক জনকে সভাপতিপদে মনোনীত করিবেন। ও পঞ্চায়তের নিকট যে পত্রাদি লেখা যায় তাহা সভাপতির নামে লিখিতে হইবে ইতি।

পঞ্চায়তের সভাপতির কথা।

৭ ধারা। পঞ্চায়তের অধিবেশন কালে যে বিষয় বিচারার্থে উপস্থিত করা যায় তদ্বিষয়ে অধিকাংশের যে মত হয় তাহা প্রবল হইবে। যত জনের এক মত তত জনের ভিন্নমত হইলে সভাপতি যে পক্ষে হন সেই পক্ষের মত প্রবল হইবে। কিন্তু পঞ্চায়তের অধিবেশনকালে ন্যূনকল্পে তিনজন উপস্থিত না থাকিলে কোন কার্য্য করা যাইবে না ইতি।

পঞ্চায়তের কর্ম্ম চালাইবার নিয়মের কথা।

৮ ধারা। মাজিষ্ট্রেট স্বীয় স্বাক্ষরিত অনুজ্ঞাপত্রদ্বারা পঞ্চায়তের কোন লোককে অবসর করিতে কিম্বা তাঁহাকে কর্ম্মহইতে ছাড়াইতে পারিবেন ইতি।

পঞ্চায়তের কোন লোককে অবসর করিবার ক্ষমতার কথা।

৯ ধারা। গ্রামে যত জন চৌকীদার নিযুক্ত হইবে পঞ্চায়ত ইহা নিরূপণ করিবেন। কিন্তু তাঁহারা যত জনকে নিযুক্ত করেন মাজিষ্ট্রেট তাহারদের সংখ্যা অল্প জ্ঞান করিলে পঞ্চায়তের সঙ্গে পরামর্শ করিয়া তৎস্থানে নিযুক্ত করিবার সংখ্যা নিরূপণ করিবেন ইতি।

যতজন চৌকীদারকে নিযুক্ত করিতে হইবে ইহা পঞ্চায়তের নিরূপণ করিবার কথা।

১০ ধারা। মাজিষ্ট্রেটের বিবেচনায় কোন গ্রাম অতি ক্ষুদ্রপ্রযুক্ত চৌকীদারের বেতন দিতে অপারক হইলে, স্বীয় স্বাক্ষরিত অনুজ্ঞাপত্রদ্বারা সন্নিহিত অন্য গ্রামে সেই গ্রাম সংযোগ করিতে পারিবেন। তদ্রূপ সংযুক্ত গ্রাম যে গ্রামে সংযোগ হইয়াছে এই আইনের কার্য্যের নিমিত্তে সেই গ্রামের একাংশ জ্ঞান হইবেন। প্রয়োজন হইলে মাজিষ্ট্রেট ঐ গ্রামের সীমা নির্ণয় করিতে পারিবেন ইতি।

গ্রাম সংযোগ করিবার ক্ষমতার কথা।



XI. The punchayet shall determine the amount to be paid to the chowkeedars appointed under this Act, but no chowkeedar shall be paid a smaller sum than four rupees per month.

Punchayet to determine salaries of chowkeedars.

XII. The punchayet shall raise in each village, by a yearly assessment, the amount so determined to be required for the pay of the chowkeedars, together with fifteen per cent. above such determined amount, in order to provide for payment of the expenses of collection, and losses from the non-realization of the rate from defaulters.

Salaries to be raised by assessment.

XIII. All owners or occupiers of houses in any village, and all persons who carry on any trade or exercise any occupation therein, and any zemindar who has within such village a cutcherry for collecting rents, shall be liable to assessment for the purposes of this Act.

Persons liable to assessment.

XIV. The tax to be levied in any village for the purposes of this Act shall be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same. Provided that the amount to be assessed on any one person shall not be more than one rupee per mensem, and that all persons who, in the opinion of the punchayet, are too poor to pay one anna a month shall be altogether exempt from assessment under this Act.

Rate and amount of assessment.

XV. The punchayet shall, on or before the 1st day of February in each year, make such assessment upon the several persons liable thereto, and shall enter the same in a list, which shall specify the name of each person liable to be assessed, the trade, business or other description of such person, and the amount payable quarterly by such person.

Time and form of assessment.

XVI. Every such list shall, so soon as it has been prepared, be published in the village in such manner as the punchayet may direct.

List of assessment to be published.

XVII. The punchayet may, instead of making a new assessment, revise or adopt the assessment of the current year, and the assessment so revised or adopted shall be in like manner published.

Power to adopt former assessment.

[*Government Gazette*, 15*th March* 1870.]

১১ ধারা। এই আইনমতে নিযুক্ত চৌকীদারেরা কত বেতন পাইবে, পঞ্চায়ত এই কথা নির্দ্ধার্য্য করিবেন। কিন্তু কোন চৌকীদার মাসে চারি টাকার কম পাইবে না ইতি।

চৌকীদারদের বেতন পঞ্চায়তের নির্দ্ধার্য্য করিবার কথা।

১২ ধারা। তদ্রূপে চৌকীদারদের যত টাকা বেতন দিবার নির্দ্ধার্য্য হয়, তত টাকা তুলিবার নিমিত্তে প্রত্যেক গ্রামের পঞ্চায়ত বার্ষিক কর ধার্য্য করিবেন। এবং সেই টাকা আদায় করিবার খরচের নিমিত্তে ও কোন২ লোক কর না দিলে যে ক্ষতি হইতে পারে সেই ক্ষতিশোধের নিমিত্তে ঐ চৌকীদারি টাক্সের উপর শতকরা ১৫৲ টাকা ধরিবেন ইতি।

করধার্য্য করিয়া বেতন তুলিবার কথা।

১৩ ধারা। কোন গ্রামে যাঁহারা গৃহস্বামী কি গৃহবাসী, ও যাঁহারা সেই গ্রামে কোন প্রকারের বাণিজ্য করেন কি কোন কর্ম্ম চালান, ও ঐ গ্রামে যে জমীদারের খাজানা আদায়ের কাছারী থাকে, এই আইনের কার্য্যের নিমিত্তে সেই সকল লোকের কর ধার্য্য হইতে পারিবে ইতি।

যাহারদের কর ধার্য্য হইতে পারিবে তাহারদের কথা।

১৪ ধারা। কোন গ্রামে যে ব্যক্তিরা কর দিবার যোগ্য, এই আইনের কার্য্যের নিমিত্তে, তাঁহারদের সঙ্গতি ও তাঁহারদের যে সম্পত্তি রক্ষা করিতে হইবে তদনুসারে ঐ কর ধার্য্য হইবে। কিন্তু মাসে কোন ব্যক্তির এক টাকার অধিক ধার্য্য হইবে না। ও যে ব্যক্তিরা দুঃস্থপ্রযুক্ত পঞ্চায়তের বিবেচনায় মাসে /০ এক আনা দিতে না পারে তাহারদের এই আইনমতে কর দিতে হইবে না ইতি।

যে প্রকারের ও যত টাকা কর ধার্য্য হইবে তাহার কথা।

১৫ ধারা। যে ব্যক্তিরা ঐ কর দিবার যোগ্য পঞ্চায়ৎ প্রতিবৎসর ফেব্রুয়ারি মাসের ১ তারিখে কি তাহার পূর্ব্বে তাঁহারদের কর নিরূপণ করিয়া নির্ঘণ্টপত্রে লিখিয়া দিবেন। যাঁহারা কর দিবার যোগ্য তাঁহারদের প্রত্যেক জনের নাম ও ব্যবসা কি বাণিজ্য কি অন্য বর্ণনা ও তিন২ মাসে কত করিয়া দিতে হইবে এই সকল কথা ঐ নির্ঘণ্টপত্রে লেখা যাইবে ইতি।

যে সময়ে ও যে রূপে কর ধার্য্য হইবে তাহার কথা।

১৬ ধারা। উক্ত নির্ঘণ্টপত্র প্রস্তুত করা গেলে পঞ্চায়ৎ যেমন আজ্ঞা করেন গ্রামে তেমনি প্রকাশ করা যাইবে ইতি।

নির্ঘণ্টপত্র প্রকাশ করিবার কথা।

১৭ ধারা। কোন বৎসর পঞ্চায়ৎ নূতন কর ধার্য্য না করিয়া পূর্ব্ব বৎসরের অবধারিত কর পুনর্দৃষ্টি করিয়া প্রবল রাখিতে পারিবেন। ও পুনর্দৃষ্ট ও স্বীকৃত সেই কর পূর্ব্বোক্তমতে প্রকাশ করা যাইবে ইতি।

পূর্ব্বনির্দ্ধারিত কর গ্রাহ্য করিবার ক্ষমতার কথা।

XVIII. Every assessment so made, revised, or adopted, shall commence and take effect upon the 1st day of April next ensuing the date of publication thereof, and shall remain in force for one year, or until some other assessment properly made or revised under the provisions of this Act shall commence and take effect.

*Duration of assessment.*

XIX. Any person dissatisfied with the amount at which he has been assessed may, within fifteen days after the publication of the assessment, whether such assessment has been newly made, revised, or continued from the previous year, apply to the punchayet, either orally or by petition on plain paper, for a revision of the assessment, so far as regards himself, and the punchayet after making such enquiries as they deem necessary; by examination of the applicant or otherwise, may confirm the assessment or amend the same.

*Power to review assessment.*

XX. Every punchayet which, under the provisions of the preceding section, may confirm or amend any assessment, shall briefly state in writing their reasons for so confirming or amending the assessment.

*Reasons for confirming or amending assessment to be stated.*

XXI. No appeal as of right shall lie from any order passed by a punchayet as regards the revision of any assessment; but the magistrate may within two months from the date of any such order, call for the general list of assessment in any village, and pass thereon such orders as he may think proper.

*Magistrate may revise assessment.*

XXII. The punchayet shall, within thirty days after the publication of the list of the assessment, forward a copy of the same to the magistrate, and shall thereupon endorse the date and the manner in which such assessment was notified in the village.

*Copy of assessment to be sent to magistrate.*

XXIII. Every rate to be payable under this Act shall be payable by four equal quarterly instalments; the instalment of rate on account of any quarter shall be due on the first day of the first month of such quarter.

*Rate payable quarterly in advance.*

XXIV. Every punchayet shall appoint one of their number to receive and collect the rate; and it shall be lawful for the punchayet to pay over to the person so appointed any sum not exceeding six

*Allowance for collecting rate.*



১৮ ধারা। অবধারিত করের যে পত্র উক্ত প্রকারে প্রস্তুত কি পুনদৃ ষ্ট হইয়া গ্রাহ্য হয়, তাহা যে তা[illegible]খে প্রকাশ করা যায়, তা[illegible] পশ্চাৎ আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রচলিত হই-য়া এক বৎসর প্রবল থাকিবে। কিম্বা এই আইনের বিধানমতে যত কাল করের অন্য পত্র উচিতমতে প্রস্তুত ও সংশোধিত হইয়া না চলে ও প্রবল না করা যায় তত কাল প্রবল থাকিবে ইতি।

*নির্দ্ধারিত কর যত কাল প্রবল থাকিবে তাহার কথা।*

১৯ ধারা। করের নিরূপণপত্র নূতন কর[illegible] অথবা পূর্ব্ববৎসরের, ক[illegible] পুনদৃ ষ্ট হইয়া চলিত হ[illegible] যদি কোন ব্যক্তি তাহাতে অসন্তুষ্ট হন, তবে ঐ করের পত্র প্রকাশ হইবার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে পঞ্চায়তের নিকটে প্রমু-খাৎ কিম্বা শাদা কাগজে দরখাস্ত লিখিয়া আপনার পক্ষে ঐ করের পত্র সংশোধন হইবার প্রার্থনা করিতে পারিবেন। পঞ্চায়ৎ প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিয়া কিম্বা প্রকারান্তরে প্রয়োজনমত অনুসন্ধান লইয়া সেই নির্দ্ধারিত কর দৃঢ় করিতে কিম্বা তাহা সংশোধন করি-তে পারিবেন ইতি।

*নির্দ্ধারিত কর সংশোধন করিবার ক্ষমতার কথা।*

২০ ধারা। পঞ্চায়ৎ ইহার পূর্ব্বধারার বিধানমতে নির্দ্ধারিত কর দৃঢ় কিম্বা সংশোধন করিলে, তাহা দৃঢ় অথবা সংশোধন করি-বার হেতু সংক্ষেপে লিখি-বেন ইতি।

*নির্দ্ধারিত কর দৃঢ় কি সংশোধন করিবার হেতু ব্যক্ত করিবার কথা।*

২১ ধারা। পঞ্চায়ৎ করের কোন পত্র সংশোধনকরণ-সম্পার্কীয় যে আজ্ঞা করেন তাহার উপর স্বত্ব আছে বলিয়া কেহ আপীল করিতে পারিবে না। কিন্তু মাজিষ্ট্রেট তদ্রূপ আজ্ঞার তারিখ অবধি দুই মাসের মধ্যে কোন গ্রামের নির্দ্ধারিত করের সাধারণ নির্ঘণ্টপত্র আনাইয়া তদ্বিষয়ের যে আজ্ঞা করা বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

*সেই করের পত্র মাজিষ্ট্রেট সাহেবের পুনদৃষ্টি কবিবার কথা।*

২২ ধারা। পঞ্চায়ৎ অবধারিত করের নির্ঘণ্টপত্র প্রকাশ করণের পর ত্রিশ দিনের মধ্যে, ঐ গ্রামে যে তারিখে ও যে প্রকারে সেই করের পত্র প্রকাশ করা য[illegible] এই কথা ঐ পত্রের প্রতিলিপির পৃষ্ঠে লিখিয়া [illegible] প্রতিলিপি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবে[illegible] ইতি।

*করের পত্রের প্রতিলিপি মাজিষ্ট্রেটের নিকটে পাঠা-ইবার কথা।*

২৩ ধারা। এই আইনমতে যে কর দিতে হইবে তাহা তিন২ মাসের চারি সমান কিস্তি করিয়া দেওয়া যাইবে। তিন মাসের কি-স্তি ঐ তিন মাসের প্রথম মাসের প্রথম দিনে দেনা হইবে ইতি।

*কর তিন২ মাসে আগাম দিবার কথা।*

২৪ ধারা। পঞ্চায়ত আপনারদের এক ব্যক্তিকে উক্ত কর গ্রহণ ও আদায় করণার্থে নিযুক্ত করিবেন। ঐ টাকা আদায় করিতে যে খরচ লাগে তাহা পোষাইবার জন্যে পঞ্চায়ৎ তাঁহাকে

*কর আদায় করিবার খর-চের কথা।*



per cent. of the amount collected by him to repay the costs of such collection.

XXV. The proceeds of every assessment to be levied under this Act in any village, together with any sum which may become applicable to the purposes of this Act, save as hereinafter is provided, shall constitute a fund, which shall be called the watch fund of such village.

*Contribution of watch fund.*

XXVI. If, at the end of any year, any surplus of the fund may remain unexpended, such surplus may be carried to the credit of the watch fund for the ensuing year, and the amount to be raised by assessment in such ensuing year shall in such case be proportionately reduced, or such surplus may be spent in any way connected with the village which the punchayet, with the approval of the magistrate, may determine.

*Application of surplus.*

XXVII. Every person liable to pay any sum assessed upon him under this Act shall, within twenty days after the day upon which any instalment of tax may be payable by him, pay or tender such instalment to the person appointed by the punchayet to receive the same.

*Payment of instalment to be made within twenty days.*

XXVIII. Immediately after the expiration of thirty days from the commencement of each quarter, the punchayet of every village to which the provisions of this Act extend shall send to the Magistrate a list of the persons who may have failed to pay their respective instalments of the tax for such quarter, showing the amount due from each of such defaulters. The punchayet shall at the same time cause the defaulters to be informed that their names have been included in the list of defaulters sent to the Magistrate.

*List of defaulters to be sent to Magistrate.*

XXIX. The Magistrate shall thereupon issue a warrant for the distraint and sale of so much of the moveable property of the several defaulters as shall be sufficient to cover the arrear with the costs of executing the warrant, and shall in and by such warrant charge some person therein named with the execution thereof. The Magistrate may direct that the warrant be executed by an officer of police, or by any other officer he may think fit to appoint for that purpose.

*Assessment to be levied under Magistrate's warrant.*

XXX. The person charged with the execution of such warrant shall make an inventory of all moveable property seized by virtue thereof, and shall at the same time give notice by beat of drum of the time and place where such moveable pro-

*Manner of executing warrant.*



আদায় করা ঐ টাকাহইতে শত করা ৬৲ টাকাপর্য্যন্ত দিতে পারিবেন ইতি।

২৫ ধারা। এই আইনমতে করের যে নির্ঘণ্টপত্র করা যায় তদনুসারে উৎপন্ন সকল টাকা এবং অন্য যে টাকা এই আইনের কার্য্যে প্রয়োগ হইতে পারে নিম্নলিখিত বিধির বর্জ্জিত স্থলভিন্ন সেই সকল টাকা লইয়া তহবীল করা যাইবে। তাহা ঐ গ্রামের চৌকীদারী তহবীল বলিয়া খ্যাত হইবে ইতি।

*চৌকীদারী টাকা নিরূপণের কথা।*

২৬ ধারা। কোন বৎসরের শেষে ঐ তহবীলের কএক টাকা খরচ না হইয়া বাঁচিলে তাহা তৎপশ্চাৎ বৎসরের চৌকীদারী তহবী-লের মধ্যে জমা হইবে, সেই বৎসরের করদ্বারা যে টাকা তুলিতে হইবে তাহা তত টাকাপর্য্যন্ত ন্যূন করা যাইতে পারিবে কিম্বা পঞ্চায়ত মাজিষ্ট্রেটের অনুমোদন-ক্রমে গ্রাম সম্পার্কীয় অন্য যে কর্ম্মে তাহা প্রয়োগ করিতে স্থির করেন সেই কর্ম্মে ব্যয় হইতে পারিবে ইতি।

*উদ্বর্ত্ত টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।*

২৭ ধারা। এই আইনমত নির্দ্ধারিত কর যে ব্যক্তির দিতে হইবে তাঁহার টাকু-সের কিস্তি যে দিনে দেনা হয়, সেই দিনাবধি বিশ দিনের মধ্যে তিনি পঞ্চায়তের নিযুক্ত ব্যক্তিকে ঐ কিস্তির টাকা দিবেন কিম্বা তাঁহার গ্রহণার্থে উপস্থিত করিবেন ইতি।

*কিস্তির টাকা বিশ দি-নের মধ্যে দিবার কথা।*

২৮ ধারা। এই আইনের বিধান যে গ্রামের প্রতি ব[illegible] সেই গ্রামের কোন [illegible]রা তিন মাসের কিস্তির টাকা না দিলে ঐ তিন মাসের আরম্ভা-বধি ত্রিশ দিন গত হইলেই পঞ্চায়ত সেই ব্যক্তি-দের নাম ও যাঁহার স্থানে যত পাওনা থাকে তাহার নির্ঘণ্ট মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন। এবং মাজিষ্ট্রেটের নিকটে বাকীদারদের নামের যে নির্ঘণ্টপত্র পাঠান গেল তন্মধ্যে তাঁহারদের নাম লেখা গিয়াছে এই কথা সেই সময়ে ঐ ব্যক্তিদিগকে জ্ঞাত করাইবেন ইতি।

*বাকীদারদের [illegible]মের নির্ঘণ্ট মাজিষ্ট্রেটের নিকট পাঠাইবার কথা।*

২৯ ধারা। তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব পর-ওয়ানা দিয়া কোন ব্যক্তির নাম লেখাইয়া তাঁহাকে সেই পরওয়ানামতে কার্য্য করি-বার ভার দিয়া ঐ২ বাকী-দারদের অস্থাবর যত দ্রব্য ক্রোক ও বিক্রয় করিলে বাকী টাকা আদায় করা যায় ও পরওয়ানা জারীর খরচ শোধ হইতে পারে তত দ্রব্য ক্রোক ও বিক্রয় করিতে আজ্ঞা দিবেন। মাজিষ্ট্রেট সাহেব পোলীসের কোন কর্ম্মকারককে, কিম্বা সেই কর্ম্মে অন্য যে কর্ম্মকারককে নিযুক্ত করা উচিত বোধ করেন তাহাকে ঐ পরওয়ানা-মতে কার্য্য করিবার আদেশ করিতে পারিবেন ইতি।

*মাজিষ্ট্রেটের পরওয়া-নাক্রমে টাকস আদায় করিবার কথা।*

৩০ ধারা। যে ব্যক্তির প্রতি ঐ পরওয়ানামতে কার্য্য করিবার ভার অর্পণ করা যায়, তিনি ঐ পরও-য়ানার বলে যে সকল দ্রব্য ক্রোক করেন তাহার নির্ঘণ্টপত্র লিখিয়া সেই সময়ে ঢেঁড়রা দিয়া ঐ দ্রব্য বিক্রয় হইবার সময়ের ও স্থা-

*পরওয়ানামতে কার্য্য করিবার নিয়মের কথা।*

perty shall be sold. Such time of sale shall be not less than two days, nor more than five days, from the time of the proclamation thereof.

Sale in execution of warrant.

XXXI. In case any defaulter shall not, within the time specified in the notice, pay the amount of such tax payable by him, together with an equal amount by way of penalty, and all costs theretofore incurred, the moveable property distrained, or such portion of it as may be necessary, shall be sold by public outcry at the place and time specified, and the proceeds shall be applied in discharge of such amount and penalty and costs, and the surplus, if any, shall be returned to the person in possession of the moveable property at the time of the seizure.

Punchayet may be vested with powers of distress.

XXXII. It shall be lawful for the Magistrate of the district, by an order in writing under his hand, to vest the punchayet of any village with the powers of distraint before mentioned, and whenever any punchayet shall be so vested, the powers which, by Section XXIX may be exercised by the Magistrate, shall be exercised by the president of such punchayet.

Objections to levy how to be made.

XXXIII. Whenever any person whose name may have been included in any list of defaulters may dispute his liability to pay the amount mentioned in such list or any portion thereof, he may apply to the punchayet, either orally or by petition on unstamped paper, stating the grounds of his objections, and the punchayet shall examine his objection and determine whether he is liable or not.

No appeal from order of punchayet, but Magistrate may revise.

XXXIV. If the punchayet shall refuse the prayer of any such petition, such punchayet shall give their reasons in writing and their order upon such petition shall not be subject to appeal, but the Magistrate shall possess a general power of revision.

Custody of property distrained.

XXXV. Any property distrained under the provisions of Section XXIX shall remain in the custody of the chowkeedar, or of some other person whom the punchayet may appoint in that behalf.

Costs of distress.

XXXVI. The costs to be levied in respect of any distraint under this Act shall include the costs, if any, of guarding the property distrained, and of tending and feeding any portion of such property as may consist of live animals.



নের সম্বাদ দিবেন। ঘোষণা করিবার দিন অবধি দুই দিনের অন্যূন ও পাঁচ দিনের অনধিক ঐ দ্রব্য বিক্রয় করিবার দিন নিরূপণ করিবেন ইতি।

পরওয়ানামতে বিক্রয় করিবার কথা।

৩১ ধারা। ঘোষণাক্রমে যে সময় নির্দ্দিষ্ট হয়, বাকীদার সেই সময়ের মধ্যে আপনার দেনা ঐ টাক্স এবং দণ্ডস্বরূপ আর তত টাকা, ও তদর্থে যত খরচ হইয়াছে তাহা না দিলে, ঐ ক্রোক করা দ্রব্য কিম্বা তাহার যে অংশ আবশ্যক তাহা নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে নীলাম করা যাইবে তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় সেই টাকাহইতে ঐ টাক্স ও দণ্ড ও খরচ দেওয়া যাইবে। উদ্বর্ত্ত থাকিলে ঐ দ্রব্য ক্রোক হওন সময়ে যাহার অধিকারে ছিল তাহাকে দেওয়া যাইবে ইতি।

পঞ্চায়তের প্রতি ক্রোক করিবার ক্ষমতা দিবার কথা।

৩২ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার স্বাক্ষরিত অনুজ্ঞাপত্রক্রমে কোন গ্রামের পঞ্চায়তের প্রতি পূর্ব্বোক্ত ক্রোক করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন। পঞ্চায়তের প্রতি সেই ক্ষমতা দেওয়া গেলে ২৯ ধারামতে মাজিষ্ট্রেট যে শক্তিক্রমে কার্য্য করিতে পারেন ঐ পঞ্চায়তের সভাপতি তদনুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

টাক্সের বিষয়ে আপত্তি যেরূপে করিতে হইবে তাহার কথা।

৩৩ ধারা। বাকীদারদের কোন নির্ঘণ্টপত্রে যে ব্যক্তিরদের নাম ধরা গিয়াছে তাঁহারদের মধ্যে কোন ব্যক্তি ঐ নির্ঘণ্টপত্রের লিখিত টাকার কি তাহার এক অংশের দায়ী নই বলিয়া আপত্তি করিলে, তিনি প্রমুখাৎ কিম্বা শাদা কাগজে দরখাস্ত লিখনদ্বারা পঞ্চায়তের নিকট আপনার আপত্তির কারণ জানাইবেন। পঞ্চায়ত তাঁহার সেই আপত্তির অনুসন্ধান লইয়া তিনি দায়ী হন কি না নির্ণয় করিবেন ইতি।

পঞ্চায়তের আজ্ঞার উপর আপীল না থাকার কিন্তু মাজিষ্ট্রেটের দ্বারা তাহার পুনর্দৃষ্টির কথা।

৩৪ ধারা। পঞ্চায়ত উক্ত প্রকারের দরখাস্তের প্রার্থনা অগ্রাহ্য করিলে, হেতু লিখিয়া দিবেন। ঐ দরখাস্তে তাঁহারদের যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই। কিন্তু মাজিষ্ট্রেটের পুনর্দৃষ্টি করিবার সাধারণ ক্ষমতা থাকিবে ইতি

ক্রোক করা দ্রব্য রাখিবার কথা।

৩৫ ধারা। ২৯ ধারার বিধানমতে যে দ্রব্য ক্রোক করা যায় তাহা চৌকীদারের কিম্বা পঞ্চায়ত অন্য যে ব্যক্তিকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার সংরক্ষণে থাকিবে ইতি।

ক্রোক করিবার খরচের কথা।

৩৬ ধারা। এই আইনমতে কোন দ্রব্য ক্রোক করণসম্পর্কে যে খরচ আদায় করিতে হইবে, তন্মধ্যে ঐ ক্রোক করা দ্রব্য রক্ষা করিবার খরচ লাগিলে সেই খরচ এবং ঐ দ্রব্যের মধ্যে জীবিত পশু থাকিলে তাহা রক্ষা করিবার ও তাহার আহারাদির খরচ ধরিতে হইবে ইতি।



What property may be distrained for rates.

XXXVII. All goods and chattels, except tools or implements of trade, found in or upon any house or land occupied by any defaulter, shall be deemed to be his property, and shall be liable to be distrained and sold for the recovery of the arrear. If the goods and chattels distrained belong to any person other than the defaulter, the defaulter shall be liable to indemnify the owner of such goods and chattels from any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same.

Limitation and mode of suing for rates.

XXXVIII. No arrears of any rate payable under this Act shall be recovered by distress after the expiration of one year from the day on which the same shall have become due, but the punchayet may recover by regular suit any such arrears within three years from the day on which they shall have become due, and every such suit may be instituted in the name of the president of the punchayet for the time being, and shall not become abated by reason of any change of such president. The expense of such suit shall be defrayed from the village watch fund; but no such suit shall be brought without the consent of the Magistrate previously obtained.

Application of penalties.

XXXIX. All penalties levied from defaulters shall be carried to the credit of the village watch fund.

Appointment and dismissal of chowkeedars.

XL. The punchayet shall appoint such and so many persons to be chowkeedars under this Act as it shall, from time to time, determine to be necessary under the provisions of this Act, and may, from time to time, dismiss any such chowkeedars and appoint others in their place. But every chowkeedar who may be dismissed by any punchayet may, within fifteen days after he shall have been so dismissed, apply to the Magistrate, and the Magistrate, in case after examination, he shall come to the conclusion that such chowkeedar has been dismissed without sufficient reason, may order him to be re-instated; but no such order shall be passed by the Magistrate without previously calling upon the punchayet for a statement of their reasons for dismissing such chowkeedar.

Power of reference to the Magistrate of district.

XLI. Whenever the Magistrate shall order any chowkeedar, dismissed by the punchayet, to be re-instated, the punchayet may, within fifteen days, refer the matter for the orders of the Magistrate of the district, who shall enquire into



টাক্সের নিমিত্তে যে প্রকারের দ্রব্য ক্রোক করা যায় তাহার কথা।

৩৭ ধারা। বাকীদারের অধিকৃত ঘরে কি ভূমিতে ব্যবসায়ের হাতিয়ার কি যন্ত্রভিন্ন যে সকল মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা তাঁহারই সম্পত্তি বলিয়া জ্ঞান হইবে ও বাকী আদায়ের নিমিত্তে ক্রোক ও নীলাম হইতে পারিবে। বাকীদারভিন্ন অন্য ব্যক্তির মাল ও দ্রব্য ক্রোক করা গেলে ঐ ক্রোক করণদ্বারা মালের কি দ্রব্যের যে হানি হয় কিম্বা দ্রব্য ক্রোক কি নীলাম না হইবার জন্যে ঐ দ্রব্যের স্বামী যে টাকা দেন, বাকীদার সেই হানিপুরণের কিম্বা সেই টাকার দায়ী হইবেন ইতি।

টাক্সের নিমিত্ত নালিশ করিবার মিয়াদের ও নিয়মের কথা।

৩৮ ধারা। এই আইনমত টাক্স দেনা হইবার তারিখঅবধি এক বৎসর গত হইলে পর ক্রোককরণদ্বারা আদায় হইতে পারিবে না। কিন্তু পঞ্চায়ত নিয়মিতরূপে মোকদ্দমা করিয়া ঐ টাক্স দেনা হইবার তারিখঅবধি তিন বৎসরের মধ্যে উক্ত কোন বাকী আদায় করিতে পারিবেন। যিনি যে সময়ে পঞ্চায়তের সভাপতি হন তিনি সেই মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন এবং সভাপতির পরিবর্ত্তন হইলেও সেই মোকদ্দমা স্থগিত হইবে না। ঐ মোকদ্দমার খরচ গ্রামের চৌকীদারী তহবীলহইতে দেওয়া যাইবে। কিন্তু মাজিষ্ট্রেট অগ্রে অনুমতি না দিলে তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে না ইতি।

দণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

৩৯ ধারা। বাকীদারদের [illegible]নে দণ্ডের যে টাকা আদায় করা যায় তাহা গ্রামের চৌকীদারী তহবীলের হিসাবে জমা হইবে।

চৌকীদারদের নিযুক্ত ও অবসর করিবার কথা।

৪০ ধারা। পঞ্চায়ত এই আইনের বিধানমতে সময়েং যে প্রকারের যত জন আবশ্যক নির্ণয় করেন সেই প্রকারের তত জনকে এই আইনমতে চৌকীদার বলিয়া নিযুক্ত করিবেন। এবং সময়েং ঐ চৌকীদারদিগকে অবসর করিয়া তাহারদের স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন। পঞ্চায়ত কোন চৌকীদারকে অবসর করিলে, সেই চৌকীদার অবসর হইবার পর পঞ্চদশ দিনের মধ্যে মাজিষ্ট্রেটের নিকট আপীল করিতে পারিবে। মাজিষ্ট্রেট যদি জিজ্ঞাসাবাদ করিয়া বোধ করেন যে ঐ চৌকীদারকে অবসর করিবার যথেষ্ট কারণ নাই, তবে তাহাকে পুনরায় ঐ কর্ম্মে নিযুক্ত করিবার আজ্ঞা দিবেন। কিন্তু ঐ চৌকীদারকে পঞ্চায়তের অবসর করিবার হেতুর বর্ণনা লিখিয়া জানাইবার আজ্ঞা না দিলে, উক্ত প্রকারের আজ্ঞা দিবেন না ইতি।

জিলার মাজিষ্ট্রেটের প্রতি ঐ বিষয় অর্পণ করিবার কথা।

৪১ ধারা। পঞ্চায়ত যে চৌকীদারকে অবসর করেন মাজিষ্ট্রেট তাহাকে পুনরায় নিযুক্ত করিবার আজ্ঞা দিলে, পঞ্চায়ত পঞ্চদশ দিনের মধ্যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞার জন্যে সেই বিষয়

the same and decide thereupon, and the orders of the Magistrate of the district shall be final.

Control of chowkeedars.

XLII. All chowkeedars shall be subject to the general control of the District Superintendent of Police, who shall have, save as herein is otherwise provided, such and the same powers of superintendence and control over them as he can or may exercise over the members of the regular Police Force. Appeals from the order of the District Superintendent of Police shall lie to the Magistrate of the district, and not to the Deputy Inspector-General of Police.

Power to District Superintendent to dismiss chowkeedars.

XLIII. It shall be lawful for the District Superintendent of Police, with the sanction of the Magistrate of the district, to dismiss any chowkeedar, but no chowkeedar shall be dismissed by such District Superintendent without such sanction.

Persons to be appointed chowkeedars.

XLIV. Every chowkeedar to be appointed under the provisions of this Act shall be appointed from among the residents of the village for which he is so appointed, if a person, fit to perform the duties of such office and willing to be so appointed, can be found among such residents.

Duties of chowkeedars.

XLV. Every chowkeedar appointed under the provisions of this Act shall perform the following duties:—

1st.—He shall give immediate information to the Police Station, within which the village is situated, of the occurrence of any murder, dacoity, robbery, theft, grievous hurt, or any other heinous crime committed within the village of which he is chowkeedar, and he shall further keep the Police informed of all disputes which are likely to lead to any riot or serious affray.

2nd.—He shall arrest all proclaimed offenders, and all persons whom he may find in the act of committing any crime or breach of the peace.

3rd.—He shall observe the movements of all bad characters in such village.

4th.—He shall report to the nearest station of Police the arrival of suspicious characters in the neighbourhood.

5th.—He shall keep a general watch on the crops and property of the villagers.

6th.—He shall supply any local information which the Magistrate or District Superintendent of Police may require.

অর্পণ করিতে পারিবেন। তিনি সেই বিষয়ের অনুসন্ধান লইয়া নিষ্পত্তি করিবেন। তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ইতি।

চৌকীদারদের উপর কর্তৃত্বের কথা।

৪২ ধারা। সকল চৌকীদারের উপর পোলীসের ডিসট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাধারণ কর্তৃত্ব থাকিবে। এই আইনের ভাবান্তরের বিধান বর্ত্তিবার স্থলভিন্ন, পোলীসের নিয়মিত দলভুক্ত ব্যক্তিদের উপর ঐ সাহেবের তত্ত্বাবধারণ ও কর্তৃত্ব করিবার যে ও যদ্রূপ শক্তি থাকে, ঐ চৌকীদারদের উপর তাঁহার সেই ও তদ্রূপ শক্তি থাকিবে। পোলীসের ডিসট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে আজ্ঞা দেন তাহার উপর পোলীসের ডেপুটী ইনস্পেকটর জেনরল সাহেবের নিকট আপীল না হইয়া জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট আপীল হইবে ইতি।

চৌকীদারদিগকে অবসর করিতে ডিট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ক্ষমতার কথা।

৪৩ ধারা। পোলীসের ডিসট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া চৌকীদারকে অবসর করিতে পারিবেন, কিন্তু সেই অনুমতি না পাইলে করিতে পারিবেন না ইতি।

চৌকীদারী কর্ম্মে যে প্রকারের লোক নিযুক্ত হইবে তাহারদের কথা।

৪৪ ধারা। কোন গ্রামবাসিদের মধ্যে যে লোক চৌকীদারের কর্ম্মের উপযুক্ত ও সেই কর্ম্ম করিতে ইচ্ছুক হয় তাহাকে এই আইনের বিধানমতে সেই গ্রামের চৌকীদারের পদে নিযুক্ত করিতে হইবে ইতি।

চৌকীদারদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৪৫ ধারা। এই আইনের বিধানমতে যে চৌকীদার নিযুক্ত হয় তাহার কর্ত্তব্য কর্ম্ম এই২।

১ যে গ্রামের চৌকীদার হয় সেই গ্রামে বধ, ডাকাইতী, দস্যুতা, চৌর্য্য, ভারি আঘাত কিম্বা গুরুতর অন্য কোন অপরাধ করা গেলে, গ্রাম পোলীসের যে থানার অন্তর্গত থাকে সেই থানায় তৎক্ষণাৎ সম্বাদ দিবে, এবং যে বিবাদদ্বারা হঙ্গামা কি ভারি দাঙ্গা হইবার সম্ভাবনা পোলীসকে সেই কথাও জানাইয়া রাখিবে।

২। প্রসিদ্ধ সকল অপরাধিকে, এবং যে সকল ব্যক্তিকে কোন অপরাধ করিতে কি শান্তি ভঙ্গনের কোন কার্য্য করিতে দেখে তাহাকে ধৃত করিবে।

৩। গ্রামের কুচরিত্র সকল লোকের আচার ব্যবহার লক্ষ করিয়া দেখিবে।

৪। যাহাদের চরিত্রের প্রতি সন্দেহ থাকে এমত কোন লোক গ্রামের নিকট আইলে সন্নিকট থানায় সম্বাদ দিবে।

৫। গ্রামের লোকদের ফসলের ও সম্পত্তির উপর সাধারণমতে চৌকী রাখিবে।

৬। মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব গ্রামসম্পর্কীয় কোন সন্ধান জানিতে চাহিলে তাহা জানাইবে।





7th.—He shall obey the orders of the punchayet.

Arrests by chowkeedars.

XLVI. Whenever the chowkeedar may arrest any person, such chowkeedar shall at once take the person so arrested to the police station within the jurisdiction of which such village is situate, provided that if the arrest is made at night, such person shall be so taken, as soon as convenient, on the following morning.

Control of chowkeedars by punchayet.

XLVII. The punchayet shall exercise a general control over the chowkeedars, and every member of such punchayet shall be responsible for such chowkeedars duly reporting all heinous crimes to the police as hereinbefore provided.

Penalty for concealment of crime.

XLVIII. Whenever the commission of a heinous offence, within any village, has been concealed by the villagers and the chowkeedar of such village, every member of the punchayet of such village shall be liable to a fine, which may extend to fifty rupees, in addition to any other punishment to which they may be liable under the laws in force.

Constitution and application of district chowkeedars' fund.

XLIX. All fines and penalties imposed for any neglect of duty upon any member of a punchayet, or upon any chowkeedar. upon realization shall be paid to the magistrate of the district, and be carried by him to a fund to be called the district chowkeedaree fund: and it shall be lawful for the magistrate of the district to apply the proceeds of such fund for the reward of those chowkeedars who have distinguished themselves by their good conduct.

Punchayet to fix pay of chowkeedars.

L. Subject to the approval of the magistrate, the punchayet shall fix the pay of the chowkeedars employed under this Act, provided that no chowkeedar shall receive less than four rupees per month.

Mode of paying chowkeedars.

LI. Every chowkeedar shall receive, month by month, his wages from the member of the punchayet appointed to collect the tax.

Application by chowkeedar for payment of his salary.

LII. Whenever the salary of any month shall not be paid to any chowkeedar on or before the 15th of the month following, such chowkeedar may apply to the magistrate, who shall call upon the punchayet within ten days to

৭। পঞ্চায়তের আজ্ঞা মানিবে ইতি।

চৌকীদারেরা ধৃত করিলে তদ্বিষয়ের কথা।

৪৬ ধারা। চৌকীদার কোন ব্যক্তিকে ধৃত করিলে, গ্রাম যে থানার অধিকারে থাকে পোলীসের সেই থানায় তাহাকে একেবারে লইয়া যাইবে। কিন্তু যদি রাত্রিকালে ধৃত করিয়া থাকে তবে প্রাতঃকালে সুবিধামতে ত্বরায় তাহাকে লইয়া যাইবে ইতি।

চৌকীদারের উপর পঞ্চায়তের কর্তৃত্বের কথা।

৪৭ ধারা। চৌকীদারদের উপর পঞ্চায়তের সাধারণ কর্তৃত্ব থাকিবে। ও পূর্ব্বোক্ত বিধানমতে চৌকীদারেরা উপযুক্ত সময়ে পোলীসের নিকট গুরুতর অপরাধের রিপোর্ট করে এই বিষয়ে ঐ পঞ্চায়তের প্রত্যেক জন দায়ী হইবেন ইতি।

অপরাধ ছাপাইয়া রাখিবার দণ্ডের কথা।

৪৮ ধারা। কোন গ্রামের মধ্যে গুরুতর অপরাধ হইলেও যদি লোকেরা ও ঐ গ্রামের চৌকীদার তাহা ছাপাইয়া রাখে তবে প্রচলিত আইনমতে ঐ গ্রামের পঞ্চায়তের অন্য যে দণ্ড হইতে পারে তদতিরিক্ত প্রত্যেক জনের পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

জিলার চৌকীদারী টাকার সংস্থিতির ও ব্যয়ের কথা।

৪৯ ধারা। পঞ্চায়তের কোন ব্যক্তির কিম্বা কোন চৌকীদারের কর্ত্তব্য কর্ম্ম করিবার-ত্রুটিপ্রযুক্ত তাহার যে অর্থদণ্ড ও দণ্ড ধার্য্য হয়, তাহার টাকা আদায় হইয়া জিলার মাজিষ্ট্রেট সাহেবকে দেওয়া যাইবে। তিনি জিলার চৌকীদারী তহবীলে দিবেন। কোন চৌকীদার সদাচারের দ্বারা প্রশংসিত হইলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ তহবীলহইতে তাহারদের পুরস্কার দিতে পারিবেন ইতি।

চৌকীদারদের বেতন পঞ্চায়তের নিরূপণ করিবার কথা।

৫০ ধারা। এই আইনমতে যে চৌকীদারেরা কর্ম্ম পায় পঞ্চায়ত মাজিষ্ট্রেটের অনুমোদনক্রমে তাহারদের বেতন নিরূপণ করিবেন। কিন্তু কোন চৌকীদার মাসে চারি টাকার কম পাইবে না ইতি।

চৌকীদারের বেতন দিবার নিয়মের কথা।

৫১ ধারা। পঞ্চায়তের যে ব্যক্তি টাক্স আদায় করিতে নিযুক্ত হন, চৌকীদার তাঁহার স্থানে মাসে২ বেতন পাইবে ইতি।

চৌকীদারের বেতন পাইবার প্রার্থনার কথা।

৫২ ধারা। কোন চৌকীদারের এক মাসের বেতন তৎপশ্চাৎ মাসের ১৫ তারিখপর্য্যন্ত না দেওয়া গেলে, সে মাজিষ্ট্রেটের নিকট আপীল করিতে পারিবে। তাহাহইলে কি কারণে ঐ চৌকীদারের বেতন দেওয়া যায় নাই মাজিষ্ট্রেট পঞ্চা-

shew cause why they should not pay the amount due to such chowkeedar.

*Mode of realizing chowkeedar's salary.*

**LIII.** If it shall appear that there is no money to the credit of the village watch fund, and the punchayet shall not have taken sufficient steps to realize from defaulters the arrears due from them, the magistrate shall issue his warrant for the realization of the chowkeedar's pay from the members of the punchayet by distress and sale of their moveable property, and shall therein charge some person, therein named, with the execution thereof, and upon such warrant such proceedings shall be had as hereinbefore directed to be had on any warrant issued for the recovery of any arrears of the tax by this Act directed to be levied; and the amount due to such chowkeedar shall be paid to him out of the amount so levied, and the residue thereof, after payment thereout of all costs and expenses incurred in or about the execution of such warrant, shall be paid to the person from whom such distress shall have been so levied.

*Reimbursement of member of punchayet by whom salary is paid.*

**LIV.** Any member of a punchayet, from whom any sum shall have been recovered under the provisions of the section last preceding, shall be reimbursed the amount so paid by him from the first available assets of the village watch fund: and it shall be lawful for the magistrate to compel the punchayet to pay the same.

*Members of punchayet to be deemed public accountants.*

**LV.** Any member of the punchayet, who is entrusted with the receipt or disbursement of the village watch fund, shall be deemed to be a public accountant, and shall be liable, accordingly, for any defalcations in his account, provided that no prosecution shall be instituted against a member of a punchayet without the previous consent, in writing, of the magistrate of the district.

*Power to pay in money to chowkeedars now holding chakran land.*

**LVI.** In every village wherein the chowkeedar is, at the time of the passing of this Act, maintained, wholly or in part, by an assignment of land, it shall be lawful for the magistrate to direct that such chowkeedar shall, in future, be paid in money in the manner hereinbefore provided, whether such chowkeedar may or may not be found to render any services to the zemindar of whom such land is held.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৫ মার্চ।]

রতকে দশ দিনের মধ্যে ইহা জানাইবার আজ্ঞা দিবেন ইতি।

*চৌকীদারের বেতনের টাকা তুলিবার কথা।*

৫৩ ধারা। গ্রামের চৌকীদারী তহবীলে টাকা নাই ও পঞ্চায়ৎ বাকীদারদের স্থানে টাকা আদায় করিবার উপযুক্ত উপায় করেন নাই, মাজিষ্ট্রেট ইহা দেখিতে পাইলে পঞ্চায়তের লোকদের অস্থাবর দ্রব্য ক্রোক ও নিলাম করণ দ্বারা তাঁহারদের স্থানে চৌকীদারদের বেতন আদায় করিবার পরওয়ানা দিবেন। ও সেই পরওয়ানায় কোন ব্যক্তির নাম লিখিয়া তাঁহারপ্রতি সেই পরওয়ানামতে কার্য্য করিবার ভার অর্পণ করিবেন। এই আইনমতে যে টাকুস আদায় করিবার আজ্ঞা হইয়াছে তাহার বাকী আদায়ের পরওয়ানা বাহির হইলে পূর্ব্বলিখিত বিধানমতে যেং কার্য্য হইতে পারিবে উক্ত পরওয়ানা সম্পর্কে সেইং কার্য্য হইতে পারিবে। তদ্রূপে যে টাকা আদায় করা যায় তাহাহইতে চৌকীদারের পাওনা তাহাকে দেওয়া যাইবে। অবশিষ্ট টাকাহইতে ঐ পরওয়ানামত কার্য্য করণ সম্পর্কীয় সকল খরচ খরচা দেওয়া গেলে পর যে ব্যক্তির দ্রব্য ক্রোক হইয়া ঐ টাকা আদায় হয় উদ্বর্ত্ত তাহাকে দেওয়া যাইবে ইতি।

*পঞ্চায়তের এক ব্যক্তি টাকা দিলে তাঁহার ফিরিয়া পাইবার কথা।*

৫৪ ধারা। ইহার পূর্ব্ববিধানমতে পঞ্চায়তের কোন ব্যক্তির স্থানে টাকা আদায় করা গেলে, গ্রামের চৌকীদারী তহবীলে টাকা জমা হইলেই তাঁহার সেই টাকা ফিরিয়া দেওয়া যাইবে। মাজিষ্ট্রেট পঞ্চায়তের স্থানে বলপূর্ব্বক সেই টাকা লইয়া তাঁহাকে দেওয়াইতে পারিবেন ইতি।

*পঞ্চায়তের সকল লোক রাজকীয় হিসাবী জ্ঞান হইবার কথা।*

৫৫ ধারা। পঞ্চায়তের যে ব্যক্তির প্রতি গ্রামের চৌকীদারী টাকার জমাখরচের হিসাব রাখিবার ভার অর্পণ করা যায়, তিনি রাজকীয় হিসাবী বলিয়া জ্ঞান হইবেন, এবং হিসাবে টাকার কমী দেখা গেলে, তিনিই দায়ী হইবেন। কিন্তু অগ্রে জিলার মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি প্রাপ্ত না হইলে পঞ্চায়তের কোন ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে না ইতি।

*এইক্ষণে যে চৌকীদারদের চাকরাণ ভূমি থাকে তাহারদিগকে বেতন দিবার কথা।*

৫৬ ধারা। কোন গ্রামের চৌকীদার এই আইন প্রচলিত হওন সময়ে চাকরাণ ভূমিদ্বারা বৃত্তি কি বেতনের একাংশ পাইয়া, যে জমীদারের ঐ ভূমি ভোগ করে তাহার পরিচর্য্যা করিবে এমত নিয়ম প্রকাশ হইলে কি না হইলেও, মাজিষ্ট্রেট আজ্ঞা করিতে পারিবেন যে সেই চৌকীদার এই অবধি পূর্ব্বলিখিত বিধানমতে নগদ বেতন পায় ইতি।



*Chakran land to be transferred to zemindar subject to assessment.*

**LVII.** In every such case such land shall be transferred to the zemindar, subject, however, to such assessment for the village watch fund as the punchayet may determine.

*Zemindar to have two-thirds of value of chakran land.*

**LVIII.** In making such assessment the punchayet shall allow the zemindar two-thirds of the annual value of the land, and the remaining one-third shall be the amount of the chowkeedaree assessment. The amount so assessed shall be a permanent yearly charge on the zemindaree, and shall be yearly payable by the zemindar to the village watch fund, and may be recovered from the person in receipt of the rents of the zemindaree, or any part of the zemindaree, whether such person shall be zemindar or entitled to receive such rents in any other right, as if such amount were an instalment of tax assessed upon such person under the provisions of this Act. The assessment of the punchayet under this section shall not be open to appeal, but the magistrate shall have the power, if necessary, of revising it.

*Power to recover amounts paid from person liable.*

**LIX.** The person who pays the amount so assessed, if not liable to pay the same, may recover the amount so paid from the person liable to pay it, if an under-tenant, by deducting the amount from the rent payable by him to his superior landlord, and if a landlord, by any process for the time being available for the recovery of arrears of rent.

*Reference to Commission of disputes respecting chakran land.*

**LX.** All disputes which may arise between punchayets and landholders regarding the liability of any land to assessment as chowkeedaree chakran shall be referred by the punchayet for the orders of the magistrate, and the magistrate shall refer all such disputes for the adjudication of a commission, to be appointed as hereinafter provided.

*Lieutenant-Governor of Bengal may appoint Commissioner.*

**LXI.** In any district, or part of a district in which chowkeedaree chakran lands are situated, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order to be published in the *Calcutta Gazette*, to appoint a commission, consisting of one or more persons, for the determination of such disputes as are referred to in the last preceding Section.

[*Government Gazette, 15th March* 1870.]

*চাকরাণ ভূমি জমীদারকে ফিরিয়া দিবার ও তাহার উপর টাক্স লাগিবার কথা।*

৫৭ ধারা। উক্ত প্রত্যেক স্থলে, ঐ ভূমি জমীদারকে ফিরিয়া দেওয়া যাইবে, কিন্তু পঞ্চায়ৎ গ্রামের চৌকীদারী তহবীলের নিমিত্তে ঐ ভূমির যত টাকুস নিরূপণ করেন তাহা দিতে হইবে ইতি।

*চাকরাণ ভূমির মূল্যের তিন অংশের দুই অংশ জমীদারের পাইবার কথা।*

৫৮ ধারা। তদ্রূপ টাকুস নিরূপণ করণে, পঞ্চায়ত জমীদারের পক্ষে ঐ ভূমির উপযুক্ত খাজানার তিন অংশের দুই অংশ বাদ দিয়া, অন্য একাংশ চৌকীদারী টাকুস বলিয়া লইবেন। তদ্রূপে যে টাকুস ধার্য্য হয় তাহা চিরকাল জমীদারীর উপর বার্ষিক দাবী থাকিবে। জমীদার গ্রামের চৌকীদারী তহবীলে বৎসরং ঐ টাকা দিবেন। যে ব্যক্তি ঐ জমীদারীর কি তাহার কোন অংশের খাজানা আদায় করিয়া থাকেন তিনিই জমীদার হউন কিম্বা অন্য স্বত্বক্রমে তাঁহার সেই খাজানা আদায় করিবার অধিকার থাকিলেও ঐ টাক্স এই আইনের বিধানমতে ঐ ব্যক্তির নির্দ্ধারিত টাক্সের কিস্তির ন্যায় তাহার স্থানে লওয়া যাইবে। এই ধারামতে পঞ্চায়ত যে টাক্স ধার্য্য করেন তাহার উপর আপীল হইতে পারিবে না, কিন্তু আবশ্যক হইলে মাজিষ্ট্রেট তাহার পুনর্দৃষ্টি করিতে পারিবেন ইতি।

*দায়ি ব্যক্তির স্থানে দত্ত টাকা ফিরিয়া পাইবার ক্ষমতার কথা।*

৫৯ ধারা। যে ব্যক্তি তদ্রূপ নির্দ্ধারিত টাকুসের টাকা দেন তিনি স্বয়ং দায়ী না হইলে দায়ি ব্যক্তির স্থানে ঐ দত্ত টাকা ফিরিয়া পাইতে পারিবেন। সেই দায়ী ব্যক্তি কোর্পা প্রজা হইলে, উপরিস্থ ভূম্যধিকারির প্রাপ্য খাজানাহইতে তাহা কাটিয়া লইয়া ফিরিয়া পাইতে পারিবেন। ভূম্যধিকারী হইলে বাকী খাজানা আদায় করিবার যে কার্য্যপ্রণালী যে সময়ে চলে তদনুসারে কার্য্য করিয়া তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

*চাকরাণ ভূমির বিষয়ে বিবাদ হইলে কমিশ্যনের প্রতি অর্পণ করিবার কথা।*

৬০ ধারা। চৌকীদারী চাকরাণ বলিয়া কোন ভূমির উপর টাকুস ধার্য্য হইতে পারে কি না এই বিষয়ে পঞ্চায়তের ও ভূম্যধিকারিদের মধ্যে বিবাদ হইলে পঞ্চায়ত মাজিষ্ট্রেটের আজ্ঞার নিমিত্তে অর্পণ করিবেন। মাজিষ্ট্রেট কমিশ্যনের নিষ্পত্তির জন্যে ঐ সকল বিবাদ অর্পণ করিবেন। সেই কমিশ্যন পশ্চাৎ লিখিত বিধান মতে নিযুক্ত হইবে ইতি।

*কমিশ্যনরকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিযুক্ত করিবার কথা।*

৬১ ধারা। কোন জিলায় কিম্বা জিলার কোন অংশে চৌকীদারী চাকরাণ ভূমি থাকিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণদ্বারা এক কি অধিক ব্যক্তিকে ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত বিবাদ নিষ্পত্তি করণার্থ কমিশ্যনস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

**LXII.** The magistrate of such district or part of a district shall either on his own motion or on the representation of any punchayet, refer for the decision of the commission all disputes regarding the liability of any land to assessment as being chowkeedaree chakran land, and the determination of such commission upon the point shall be final.

*Reference to commission by magistrate respecting liability of land.*

**LXIII.** It shall also be lawful for the magistrate to refer, for the determination of such commission, all cases in which the holder or occupier of any chowkeedaree chakran land is unwilling to surrender the land held by him, on the ground that he has a hereditary right therein, and the commission shall thereupon proceed to enquire into the matter, and their decision shall be final.

*Reference respecting hereditary right to land.*

**LXIV.** Should the commissioners decide that the occupier of the land has no hereditary interest in it, they shall record a finding to that effect, and the land shall be thereupon made over to the zemindar, and be assessed by the punchayet as provided in Section LVII of this Act. The holder of the land shall, if not otherwise disqualified, be appointed a village chowkeedar under the village punchayet.

*Effect of decision that there is no hereditary right.*

**LXV.** In all cases in which the commissioners shall decide that the present holder of the chowkeedaree chakran land has a hereditary interest in it, the land shall not be surrendered to the zemindar, but an assessment of one-third of its annual value shall be imposed by the punchayet upon such land, and this amount shall be realizable from the holder of such land as an ordinary assessment under this Act, and the holder of the tenure shall thenceforward be freed from the performance of all police duties which he was bound, under the conditions of his tenure, to render. Nothing in this section is, however, intended to prevent any holder of such service tenure from relinquishing his tenure and accepting service as a paid chowkeedar under the punchayet.

*Effect of decision that chowkeedar has hereditary right.*

**LXVI.** The provisions of Section LVI and the following sections are not intended to apply to any chakran land, except land held by persons who perform the duties of the village watch in the village in which the said land is situated.

*Act only to apply to chakran land in village in which watch is performed.*



৬২ ধারা। চৌকীদারী চাকরাণ ভূমি বলিয়া কোন ভূমির উপর টাকুস ধার্য্য হইতে পারে কি না, উক্ত জিলার কি জিলার অংশের মাজিষ্ট্রেট আপন ইচ্ছামতে কিম্বা কোন পঞ্চায়তের আবেদনমতে এই বিষয়ের সমস্ত বিবাদ কমিশ্যনের নিষ্পত্তির নিমিত্তে অর্পণ করিতে পারিবেন। তদ্বিষয়ে কমিশ্যনের যে নির্ণয় হয় তাহা চূড়ান্ত হইবে ইতি।

*কমিশ্যনের প্রতি মাজিষ্ট্রেটের ভূমির দায়ের বিবাদ অর্পণ করিবার কথা।*

৬৩ ধারা। যে ব্যক্তি চৌকীদারী চাকরাণ ভূমি ভোগ কি অধিকার করে সেই ভূমিতে তাহার পৈতৃক স্বত্ব আছে বলিয়া তাহা ত্যাগ করিতে অনিচ্ছুক হইলে মাজিষ্ট্রেট ঐ কমিশ্যনের নির্ণয়ার্থে তাহা সমর্পণ করিতে পারিবেন। তাহা হইলে ঐ কমিশ্যন সেই বিষয়ের অনুসন্ধান করিতে প্রবর্ত্ত হইবেন ও তাঁহারদের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

*ভূমির পৈতৃক স্বত্ব বিষয়ের প্রশ্ন অর্পণ করিবার কথা।*

৬৪ ধারা। ভূমিতে ঐ ভূমিভোগির পৈতৃক সম্পর্ক নাই, কমিশ্যনরদের এই নিষ্পত্তি হইলে তাঁহারা সেই মর্ম্মের বিচার লিপিবদ্ধ করিবেন। তাহাহইলে ঐ ভূমি জমীদারের প্রতি অর্পণ করা যাইবে ও পঞ্চায়ত এই আইনের ৫৭ ধারামতে তাহার উপর টাকুস ধার্য্য করিবেন। ঐ ভূমিভোগী প্রকারান্তরে অযোগ্য না হইলে, গ্রামের পঞ্চায়তের অধীন গ্রামের চৌকীদারী কর্ম্মে নিযুক্ত হইবে ইতি।

*পৈতৃক স্বত্ব নাই এই মর্ম্মের নিষ্পত্তির ফলের কথা।*

৬৫ ধারা। বর্ত্তমান যে ব্যক্তি চৌকীদারী চাকরাণ ভূমি ভোগ করিতেছে তাহার সেই ভূমিতে পৈতৃক সম্পর্ক আছে, কমিশ্যনরদের এই মর্ম্মের নিষ্পত্তি হইলে, সেই ভূমি জমিদারের হস্তে অর্পণ করা যাইবে না। কিন্তু পঞ্চায়ৎ ঐ ভূমির বার্ষিক উপযুক্ত খাজানার তিন অংশের একাংশ টাকুস ধার্য্য করিবেন। সেই টাকা এই আইনমত সাধারণ টাকুসের ন্যায় ভূমিভোগির স্থানে আদায় হইতে পারিবে। এবং ঐ ভূমিভোগী আপনার পাট্টার নিয়মানুসারে পোলীস সংক্রান্ত যে কর্ম্ম করিতে আবদ্ধ ছিল তদবধি তাহাহইতে মুক্ত হইবে। কিন্তু উক্ত প্রকারের চাকরাণ পাট্টাদার আপনার পাট্টা ত্যাগ করিয়া পঞ্চায়তের অধীন বেতন ভোগী চৌকীদারের কর্ম্ম লইতে চাহিলে এই ধারার কোন কথায় তাহার বাধা নাই ইতি।

*চৌকীদারের পৈতৃক স্বত্ব আছে এই মর্ম্মের নিষ্পত্তির ফলের কথা।*

৬৬ ধারা। চাকরাণ ভূমি যে গ্রামে আছে ঐ ভূমিভোগিরা সেই গ্রামের চৌকীদারী কর্ম্ম করিলে, ৫৬ ধারার বিধান কেবল সেই ভূমির প্রতি খাটে। অন্য চাকরাণ ভূমির প্রতি বর্ত্তিবার উদ্দেশ্য নাই ইতি।

*যে গ্রামে চৌকীদারী করিতে হয় এই আইন কেবল সেই গ্রামের চাকরাণ ভূমির প্রতি বর্ত্তিবার কথা।*



**LXVII.** In conducting their enquiries under this Act the commission shall exercise all the powers which are vested in the ordinary civil tribunals by the Civil Procedure Code; but it shall not be necessary for the commission to record the evidence of the witnesses examined by them in the vernacular of such witness; but the commissioners may record the evidence either in their own vernacular or in English.

*Powers of commissions.*

**LXVIII.** It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, from time to time, to make such rules and orders as to him may seem fit for regulating the practice and procedure to be followed by the commission in making enquiries and investigations under this Act; and such rules and orders, when published in the *Calcutta Gazette*, shall have the same force and effect as if the same were a portion of this Act.

*Power to make rules and orders.*

**LXIX.** All powers vested in the punchayet for the appointment and dismissal of chowkeedars, and for fixing the number of chowkeedars to be appointed, and the rate of their pay, and for making the assessments hereinbefore directed to be made, may be exercised by the magistrate in case the punchayet shall, for fifteen days after a notice from the magistrate to exercise such powers or any of them, refuse or neglect to exercise the same.

*Powers of punchayet may be exercised by the magistrate.*

**LXX.** Every complaint against any punchayet or any member of a punchayet shall be heard and determined by the magistrate, and any person aggrieved by any order made under this section may within fifteen days appeal from the same to the magistrate of the district.

*Procedure on complaints against members of punchayet.*

**LXXI.** All fines imposed by a magistrate upon punchayets or chowkeedars under this Act, shall be realizable under the provisions of the Criminal Procedure Code.

*Mode of realizing fines.*

**LXXII.** The commissioner of circuit shall have a general controlling power over all proceedings of punchayets and magistrates, and magistrates of districts under this Act.

*Control vested in commissioners of circuit.*



৬৭ ধারা। কমিশ্যন যখন এই আইনঅনুসারে অনুসন্ধানকার্য্য নির্ব্বাহ করেন, তখন দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে সাধারণ দেওয়ানী আদালতের প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে তাঁহারা সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন। কিন্তু ঐ কমিশ্যন যে সাক্ষিদের পরীক্ষা লন তাহারদের মাতৃভাষায় সাক্ষ্য লিপিবদ্ধ করিবার আবশ্যক নাই। কমিশ্যনরেরা স্বেচ্ছামতে স্বদেশীয় কি ইঙ্গলণ্ডীয় ভাষায় সাক্ষ্য লিপিবদ্ধ করিবেন ইতি।

*কমিশ্যনরদের ক্ষমতার কথা।*

৬৮ ধারা। ঐ কমিশ্যন এই আইনঅনুসারে বিচার ও অনুসন্ধান করিলে, যে নিয়ম ও যে প্রণালীমতে কার্য্য করিবেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ তদ্বিষয়ের যেং বিধি ও আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন। সেই বিধি ও আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে এই আইনের অংশের ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে ইতি।

*বিধি ও আজ্ঞা করিবার ক্ষমতার কথা।*

৬৯ ধারা। পঞ্চায়তের প্রতি চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার, ও যত জন চৌকীদার নিযুক্ত হইবে তাহারদের সংখ্যা ও বেতন নিরূপণ করিবার, এবং এই আইনের আদেশমত টাকুস ধার্য্য করিবার যেং ক্ষমতা [illegible] হইয়াছে, মাজিষ্ট্রেট পঞ্চায়তকে সেই সকল কি তন্মধ্য কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবার নোটিস দিলে, তাঁহারা যদি পঞ্চদশ দিনপর্য্যন্ত তাহা করিতে অনঙ্গীকার কি শৈথিল্য করেন তবে মাজিষ্ট্রেট সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

*পঞ্চায়তের ক্ষমতামতে মাজিষ্ট্রেটের কার্য্য করিবার কথা।*

৭০ ধারা। পঞ্চায়তের কিম্বা তদন্তর্গত কোন ব্যক্তির নামে নালিশ হইলে মাজিষ্ট্রেট তাহা শুনিয়া নিষ্পত্তি করিবেন। এই ধারাক্রমে যে আজ্ঞা করা যায় কোন ব্যক্তি তাহাতে অন্যায়গ্রস্ত হইলে, পঞ্চদশ দিনের মধ্যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেন ইতি।

*পঞ্চায়তের কোন ব্যক্তির নামে নালিশ হইলে ইতিকর্ত্তব্যতার কথা।*

৭১ ধারা। মাজিষ্ট্রেট এই আইনমতে পঞ্চায়তের কি চৌকীদারদের অর্থদণ্ড করিলে তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে আদায় হইতে পারিবে ইতি।

*অর্থদণ্ড আদায় করিবার কথা।*

৭২ ধারা। এই আইনেমতে পঞ্চায়তের ও মাজিষ্ট্রেটের সমস্ত কার্য্যের উপর দায়েরসায়েরী কমিশ্যনর সাহেবের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে ইতি।

*দায়েরসায়েরী কমিশ্যনরদের প্রতি কর্ত্তৃত্ব অর্পণ হইবার কথা।*

**LXXIII.** The Lieutenant-Governor of Bengal may, from time to time, frame rules for the guidance of the punchayets, and for any other purposes connected with this Act, and may, from time to time, alter, vary, or revoke the same, and may publish the same in the *Calcutta Gazette*, and the rules for the time being in force shall, from their publication, have such and the same force and effect as if they were herein enacted.

Rules for guidance of punchayet.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

A VILLAGE WATCH is found at the present day to be in existence in every district of the Lower Provinces of Bengal. It is believed that in ancient times the village watchman was an officer maintained by the village community to which he belonged, and in his position purely as a servant of the village, his duty was to protect the lives and property of those among whom he lived. It is ascertained by enquiries which have within the last ten years been instituted into the circumstances of the rural police, that at the present day the remuneration for which the village chowkeedar performs the duties which devolve upon him is different in different places, and that while in the northern and western parts of the Lower Provinces the system in force is that the remuneration of the chowkeedar is secured by the assignment of lands, in the Eastern Districts of Bengal espicially, the existing village watch has been instituted as a stipendiary force receiving monthly wages ranging from Rs. 2-8 to 4 per month from contributions leviable from the villagers themselves.

Under both systems defects and anomalies exist which operate very prejudicially to the well-being and usefulness of the village chowkeedars themselves and to the detriment of good government.

In those places where the village police is remunerated by allotments of land, it is found that by long usage, if not by positive enactment, the chowkeedar is bound to render service to the landed proprietor in whose estate his lands are situated, apart and distinct from the duties which appertain to him as a police officer. This double service is incompatible with efficiency, and it is deemed advisable to obtain by legislation a disconnection of the village police from subservience to the zemindar, and by restoring the chowkeedar to his position as a servant of the village community, to secure his undivided attention to the duties proper

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ১৫ মার্চ।]

৭৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং পঞ্চায়তের কার্য্যপদ্ধতির এবং এই আইন সম্পর্কীয় অন্যং কার্য্যের বিধি করিয়া ও সময়েং তাহা পরিবর্ত্তন কি মতান্তর কি রহিত করিয়া কলিকাতা গেজেটে প্রকাশ করিতে পারিবেন। যে সময়ে যে বিধি চলন থাকে তাহা প্রকাশ হইবার তারিখঅবধি এই আইনের বিধানের ন্যায় প্রবল ও সফল হইবে ইতি।

পঞ্চায়তের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

শ্রীযুত ই, জে, বার্টন সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত সি, সি, কুইন সাহেব দ্বিতীয় শ্রেণীমতে যশোহরের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১৫ মার্চ।—কামরূপের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আর লিয়া সাহেব অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৭০ সাল ১৫ ফেব্রুআরি।—ত্রিহুতের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত সৈয়দ আলী কুলী খাঁ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ৮ মার্চ।—কুচবেহারের একটিং ডেপুটী কমিশ্যনর মেজর শ্রীযুত ডবলিউ, এচ, জে লান্স সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ৬ তারিখঅবধি ১৮৭০ সালের জানুআরি মাসের ১৮ তারিখপর্য্যন্ত ছুটীর অনুমতি পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে কুচবেহারের কমিশ্যনর সাহেব, ডেপুটী কমিশ্যনরের কার্য্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত ছিলেন।

১৮৭০ সাল ৯ মার্চ।—বাণারসের ও মৃজাপুরখণ্ডের ভূতপূর্ব্ব আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত টি উইলসন সাহেব কর্ম্মত্যাগ করণার্থে প্রস্তুত হইবার নিমিত্তে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে গত মাসের ১৬ তারিখঅবধি চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন।

ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু যাদবচন্দ্র গোস্বামী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে একুশ দিন ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু মথুরানাথ বন্দ্যোপাধ্যায় আগামি মাসের ১৫ তারিখঅবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দুই মাস ছুটী পাইয়াছেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত এচ, ডবলিউ, ডবলিউ, এলিস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১১ মার্চ।—ময়মুনসিংহের একটিংজাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত আর, পোর্চ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ২৩ ধারামতে ছয় মাস বিশেষ ছুটীর অনুমতি পাইয়াছেন, তদ্ভিন্ন বোম্বাইয়ে জাহাজে উঠিতে পারিবার নিমিত্তে ত্রিশ দিনের অনধিক কাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত সৈয়দ জৈনুদ্দীন হুসেন গত মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে এক সপ্তাহ ছুটী পাইয়াছেন।

*The 15th March* 1870.—In modification of the orders of the 4th January last, Mr. T. Smith, Officiating Deputy Commissioner of Gowalparah, is allowed furlough for a period of two years, under Sections IV. and VI. of the Covenanted Service Absentee Rules, together with subsidiary leave for a period not exceeding thirty days, from the 7th instant.

NOTIFICATIONS.

*The 10th March* 1870.—Mr. H. Osborne, Sub-Deputy Opium Agent, Bustee, having arrived at Bombay on the 27th ultimo, the unexpired portion of his leave is cancelled.

*The 11th March* 1870.—In modification of the Orders of the 4th January last, Mr. C. F. Carnac, Opium Agent of Benares, is permitted to embark at Calcutta.

*The 14th March* 1870.—His Grace the Secretary of State for India has granted an extension of leave on medical certificate for six months to Mr. C. W. J. Bradford, of the Bengal Educational Service.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

DECLARATION.

*The 4th March* 1870.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at a public expense, for a public purpose, *viz.*, for the site of a Post Office at Buggoolah on the western side of Buggoolah Ferry Fund Road within the Police Station of Kanskhally, in the District of Nuddea, it is hereby declared that, for the above purpose, a piece of land (the premises of the existing Post Office at Buggoolah) measuring about 3 cottahs, is required:—

The land is situated West of Ferry Fund Road, South of Bazar Buggoolah; East and North of rent-free land of Moonshee Golam Akbur, of Buggoolah.

This Declaration is made, under the terms of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

*The 4th March* 1870.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Post Office at Sodepore within the jurisdiction of the Nowabgunge Police Station, in Sub-Division Baraset, in the District of 24-Pergunnahs, it is

১৮৭০ সাল ১৫ মার্চ। গত জানুআরি মাসের ৪ তারিখের আজ্ঞামতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে গোয়ালপাড়ার একটিং ডেপুটী কমিশ্যনর শ্রীযুত টি, স্মিথ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ ও ৬ ধারামতে দুই বৎসর নিয়মিত ছুটীর অনুমতি পাইয়াছেন। তদ্ভিন্ন এই মাসের ৭ তারিখ অবধি ত্রিশ দিনের অনধিক কাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১০ মার্চ। বস্তির আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এচ অসবর্ণ সাহেব গত মাসের ২৭ তারিখে বোম্বাইয়ে পঁহুছনতে তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭০ সাল ১১ মার্চ। গত জানুআরি মাসের ৪ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা হইল যে বাণারসের আফীনের এজেন্ট শ্রীযুত সি, এফ, কার্ণাক সাহেব কলিকাতায় জাহাজে উঠিবার অনুমতি পাইয়াছেন।

১৮৭০ সাল ১৪ মার্চ। ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব বঙ্গদেশের শিক্ষা-সংক্রান্ত কার্য্যের শ্রীযুত সি, ডবলিউ, জে, ব্রাডফর্ড সাহেবকে চিকিৎসকের সর্টিফিকট ক্রমে আর ছয় মাস ছুটী দিয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সালে ৪ মার্চ। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত হাঁসখালী থানার শামিল বগুলার ফেরিফণ্ড পথের পশ্চিমদিগে বগুলার ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে (বগুলার বর্ত্তমান ডাকঘর যে স্থানে আছে সেই স্থানে) /৩ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমি ফেরিফণ্ড রাস্তার পশ্চিম, ও বগুলা বাজারের দক্ষিণ এবং বগুলার মুনশী গোলাম আখবরের নিষ্কর ভূমির পূর্ব্ব ও উত্তরদিগে স্থিত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৪ মার্চ। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগনা জিলার বারাসৎ শাখাখণ্ডের অন্তর্গত নবাবগঞ্জ থানার শামিল সোদপুরে ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ।০ কাঠা পরিমিত একখণ্ড





hereby declared that, for the above purpose, a plot of land, with an area of about 5 cottahs, butted and bounded as below, is required:—

Boundary on the North and East by the land of Ishur Chunder Chuttopadhya; on the South by the Ferry Fund Road; and on the West by Government public road and Railway road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

*The 4th March* 1870.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for a Post Office Bungalow at Sonarpore, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring 4 cottahs 4 chittacks, more or less, situated at the public road in Mouzah Rajpore, Pergunnah Barroyepore, District of 24-Pergunnahs, is required.

It is bounded on the North, East and West by the tenanted land in the occupation of Ramtarun Potter; and on the South by the Joynuggur Trunk Road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

RIVERS THOMPSON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 298J.

APPOINTMENTS.

*The 8th March* 1870.—The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Coomercolly:—

Baboo Mothooranath Koondoo.
,, Krishnadhun Mozoomdar.
,, Hurrinath Mozoomdar.
,, Nobin Chunder Koondoo.
,, Mothooranath Kur.

The Deputy Magistrate of Coomercolly and the Inspector of Police of that Station to be ex-officio Members of the Committee.

*The 10th March* 1870.—Mr. G. M. Ridsdale to officiate as District Superintendent of Police, Tirhoot, during the absence, on furlough, of Major J. Reeves, or until further orders, with effect from the 8th January last.



ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা নিম্নে দেওয়া গেল।

উত্তর ও পূর্ব্ব সীমা ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়ের ভূমি দক্ষিণ ফেরিফণ্ডের পথ, পশ্চিম রাজপথ ও রেলওয়ের পথ।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৪ মার্চ।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সোণাপুরে ডাকের বাঙ্গলা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুর পরগনার রাজপুর মৌজার পথের ধারে ন্যূনাধিক /৪। ছটাক ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব ও পশ্চিম সীমা রামতারণ পাত্রের অধিকৃত জমাইজমি, দক্ষিণ সীমা জয়নগরের বড় পথ।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পার্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

জুডিসিয়ল ও পলিটিকল ডিপার্টমেন্ট।

২৯৮ J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ৮ মার্চ। নিম্নলিখিত মহাশয়েরা কুমারখালীর দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন। যথা—

শ্রীযুত বাবু মথুরানাথ কুণ্ড।
,, বাবু কৃষ্ণধন মজুমদার।
,, বাবু হরিনাথ মজুমদার।
,, বাবু নবীনচন্দ্র কুণ্ড।
,, বাবু মথুরানাথ কর।

কুমারখালীর ডেপুটী মাজিষ্ট্রেট এবং উক্ত মোকামের পোলীস থানার ইনিস্পেক্টর আপন২ পদোপলক্ষে উক্ত কমিটীর মেম্বর হইবেন।

১৮৭০ সাল ১০ মার্চ। মেজর শ্রীযুত জে, জি, রীবস সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি, এম, রীডসডেল সাহেব ত্রিহুতের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত জানুআরি মাসের ৮ তারিখ অবধি প্রবল হইবে।

*The 11th March* 1870.—Mr. G. M. Currie, Assistant Magistrate and Deputy Collector, Cuttack, is vested, under Section 20, Act XXII. of 1864, with powers to try breaches of the Rules and Regulations made under Section 17 of that Act within the cantonment of Cuttack.

Baboo Anund Mohun Mozoomdar to officiate as Moonsiff of Borobaree, in Rungpore, during the absence, on leave, of Baboo Ramyad Lall, or until further orders.

*The 12th March* 1870.—The following Moonsiffs are transferred, *viz.* :—

Moulvie Abdool Khalick, from Pollas, in Dacca, to Jamalpore, in Mymensing.

Baboo Dinonath Mullick, from Jamalpore, in Mymensing, to Pollas, in Dacca.

*The 14th March* 1870.—Baboo Brojomohun Dutt to be Moonsiff of Sheebgunge, in Dinagepore, but to continue to officiate as Subordinate Judge of Rungpore, until further orders.

Baboo Gopal Chunder Banerjee to officiate as Moonsiff of Sheebgunge, in Dinagepore, during the absence, on deputation, of Baboo Brojomohun Dutt, or until further orders.

Baboo Nittogopal Mullick, B.L., to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Beergunge, in Dinagepore.

Baboo Ramgopal Chaki to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Madaripore, in Backergunge.

Moulvie Syed Fukrooddeen Hossein to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Purneah. He will continue to officiate as Moonsiff of Bhaugulpore, until the return from leave of Baboo Bolak Chand, or until further orders.

Moulvie Syed Eman Ali Kadir to officiate as Moonsiff of Purneah, during the absence, on deputation, of Syed Fukrooddeen Hossein, or until further orders.

The following Moonsiffs are transferred, *viz.* :—

Baboo Bhoobun Chunder Mookerjee, from Cutwa, in East Burdwan, to Kytee, in the same District.

Moulvie Tafail Ahmed, from Bamunnarah, in East Burdwan, to Cutwa, in the same District.

Baboo Rajrajessur Bhuttacharjee, from Diamond Harbour, in the 24-Pergunnahs, to Bamunnarah, in East Burdwan.

Moulvie Abdool Jubber, from Howlah, in Chittagong, to Diamond Harbour, in the 24-Pergunnahs.

১৮৭০ সাল ১১ মার্চ।—কটকের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপূটী কালেকুটর শ্রীযুত জি, এম, করি সাহেব কটকের সৈন্যাবাসে ১৮৬৪ সালের ২২ আইনের ১৭ ধারামতে প্রণীত বিধি ও ব্যবস্থা লঙ্ঘনের বিচার করিতে উক্ত আইনের ২০ ধারামতে ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু রামযাদ লালের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার রঙ্গপুরের অন্তর্গত বড়বাড়ীর মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ১২ মার্চ।—নিম্নলিখিত মুনসেফেরা স্থানান্তরে প্রেরিত হইলেন, যথা—

ঢাকার অন্তর্গত পলাশহইতে ময়মুনসিংহের অন্তর্গত জামালপুরে শ্রীযুত মৌলবী আবদুল খালেক।

ময়মুনসিংহের অন্তর্গত জামালপুর হইতে ঢাকার অন্তর্গত পলাশে শ্রীযুত বাবু দীননাথ মল্লিক।

১৮৭০ সাল ১৪ মার্চ।—শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত দিনাজপুরের অন্তর্গত শিবগঞ্জের মুনসেফ হইবেন কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রঙ্গপুরের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু ব্রজমোহন দত্তের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় দিনাজপুরের অন্তর্গত শিবগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নৃত্যগোপাল মল্লিক বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া দিনাজপুরের অন্তর্গত বীরগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু রামগোপাল চাকি তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া বাকরগঞ্জের অন্তর্গত মাদারীপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ ফকরুদ্দীন তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া পূরণিয়ার মুনসেফ হইবেন। শ্রীযুত বলাকচাঁদ বাবু ছুটী হইতে প্রত্যাগমন না করণ কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি ভাগলপুরের মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত সৈয়দ ফকরুদ্দীন হুসেনের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী সৈয়দ ইমান আলী কাদের পূরণিয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মুনসেফেরা স্থানান্তরে প্রেরিত হইলেন, যথা—

পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত কাটওয়া হইতে ঐ জিলার কায়েথীতে শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায়।

পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত বামনআড়াহইতে ঐ জিলার কাটওয়ায় শ্রীযুত মৌলবী তোফেল আহম্মদ।

২৪ পরগনার অন্তর্গত কলাগাছিহইতে পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত বামনআড়ায় শ্রীযুত বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য।

চট্টগ্রামের অন্তর্গত হাওলাহইতে ২৪ পরগনার অন্তর্গত কলাগাছিতে শ্রীযুত মৌলবী আবদুল জব্বার।





Baboo Ramdyal Ghose to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Howlah, in Chittagong.

Baboo Sheo Surun Lall to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Gondwarrah, in Purneah.

The following Moonsiffs in Assam are transferred, *viz.* :—

Baboo Hurkant Burooah, from Nowgong to Mungledye.

Baboo Chumpuck Narain, from North Luckimpore to Nowgong.

Baboo Dinonath Burooah, from Tezpore to North Luckimpore.

Baboo Luckhinath Burooah, from Seebsaugor to Tezpore.

Baboo Sarodapersad Chatterjee to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Seebsaugor. He will continue to officiate, until further orders, as Moonsiff of Rungpore.

Baboo Gungagovind Phookun to officiate as Moonsiff of Seebsaugor, during the absence, on deputation, of Baboo Sarodapersad Chatterjee, or until further orders.

Baboo Promothonath Banerjee to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Bancoorah.

### Leave of Absence.

*The 3rd January* 1870.—Moulvie Syed Imdad Ali, Judge of the Small Cause Court at Mozufferpore, for one month, from the 6th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 12th March* 1870.—Mr. D. Lacey, District Superintendent of Police, Cuttack, for 6 months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

### Notification.

*The 11th March* 1870.—The services of Captain F. H. Hood, of the Bengal Staff Corps, are replaced at the disposal of the Government of India, in the Military Department, from the 16th instead of from the 4th ultimo, as notified in the *Calcutta Gazette* of the 23rd idem.

A. Eden,
*Secy. to the Govt. of Bengal.*

---

### Notifiaction.

*The 10th March* 1870.—In supersession of so much of the Government Notification of the 26th January last, as defines the boundaries of the Town of Pubna, in the District of Pubna, for the purposes of Act VI. (B. C.) of 1868, it is hereby notified that the boundaries of the said

শ্রীযুত বাবু রামদয়াল ঘোষ তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া চট্টগ্রামের অন্তর্গত হাওলার মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু শিবশরণ লাল তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া পূরণিয়ার অন্তর্গত গণ্ডওয়ারার মুনসেফ হইবেন।

আসামের অন্তর্গত নিম্নলিখিত মুনসেফেরা স্থানান্তরে নিযুক্ত হইলেন। যথা—

নৌগাঁহইতে মঙ্গলদয়িতে শ্রীযুত বাবু হরকান্ত বড়ুয়া।

উত্তরলক্ষ্মীপুরহইতে নৌগাঁয়ে শ্রীযুত চম্পকনারায়ণ বাবু।

তেজপুরহইতে উত্তর লক্ষ্মীপুরে শ্রীযুত বাবু দীননাথ বড়ুয়া।

শিবসাগরহইতে তেজপুরে শ্রীযুত বাবু লক্ষ্মীনাথ বড়ুয়া।

শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া শিবসাগরের মুনসেফ হইবেন। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি রঙ্গপুরের মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায়ের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ ফুকন শিবসাগরের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় বাঁকুড়ার দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

### ছুটী।

১৮৭০ সাল ৩ জানুআরি।—মজফরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত মৌলবী সৈয়দ ইমদাদ আলী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৬ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১২ মার্চ।—কটকের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি লেসী সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

### বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১১ মার্চ।—বেঙ্গল ষ্টাফ দলের কাপ্তান শ্রীযুত এফ এচ হুড সাহেবের মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনরায় নিযুক্ত হইবার আজ্ঞা, এই মাসের ১ তারিখের বাঙ্গলা গেজেটের প্রকাশিত মতে গত মাসের ৪ তারিখঅবধি প্রবল না হইয়া ১৬ তারিখঅবধি প্রবল হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

### বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১০ মার্চ।—গত জানুআরি মাসের ২৬ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের যে অংশে ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অভিপ্রায় সফলকরণার্থে পাবনা জিলার অন্তর্গত পাবনানগরের সীমা নির্দ্দিষ্ট হয় সেই অংশ রহিত করিয়া ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল

Town for the purposes of the said Act are as specified below :—

*The Town of Pubna* comprises the villages of Parbuttygunge, Shalgarea, Shibrampore, Delalpore, Razhabpore, Gopalpore, Ram Chunderpore, Attooa, Pooranakootee, Shadhoopara, Krishnapore, Gobinda, Poelanpore, Radhanuggur, and Narainpore.

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 12th March* 1870.—Under Section 16 of Act VI. (B. C.) of 1867, (*an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming houses*) the Lieutenant-Governor is pleased to authorize the extension of the provisions of the Act to the Town of Kooshtea, in the District of Nuddea. The limits of the Town for the purposes of the Act will be the same as those published at page 5 of the *Calcutta Gazette* of the 6th January 1869 for Municipal purposes under Act VI. (B. C.) 1868 (the District Towns' Act.)

A. EDEN,
*Secy. to the Govt. of Bengal.*

## Public Works Department.

COMMUNICATION.

No. 80.

*The 15th March* 1870.

*Declaration under Sections 2 and 33 of Act VI. of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, *viz.*, for the maintenance of the road between Ooloobeeriah and Moheshrakha, it is hereby declared that a strip of additional land of the uniform width of 20 feet on the north side of the road, and for a length of 21,270 feet, being 30 beegahs, more or less, situated in the villages nearly commencing from Gungarampore to Manickpore, Zillah Hooghly, is required.

2. This declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

LOCAL COMMUNICATION.

No. 81.

*The 15th March* 1870.

*Declaration under Sections 2 and 33 of Act VI. of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal, that land is required to be



করণার্থে উক্ত নগরের নিম্নলিখিত সীমা হইবে। যথা--

পাবনা নগরের মধ্যে পার্ব্বতীগঞ্জ, শালগাড়িয়া, শিবরামপুর, দেলালপুর, রাজহাবপুর, গোপালপুর, রামচন্দ্রপুর, আটুয়া, পুরাণাকুটী, সাধুপাড়া, কৃষ্ণপুর, গোবিন্দা, পোইলানপুর, রাধানগর ও নারায়ণপুর গ্রাম ধর্ত্তব্য।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১২ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৭ সালের বঙ্গীয় ৬ আইনের (অর্থাৎ সামান্য দ্যূতক্রীড়ার ও সংধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ড বিধায়ক আইনের) ১৬ ধারামতে উক্ত আইনের বিধান নদীয়া জিলার অন্তর্গত কুষ্ট্যানগরে প্রচলিত করিলেন। নগর সৌষ্ঠব করণার্থ ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের (অর্থাৎ প্রদেশীয় নগরাদির আইনের) অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা ১৮৬৯ সালের জানুআরি মাসের ১২ তারিখের বাঙ্গলা গেজেটের ২১ পৃষ্ঠায় প্রকাশ হয় পূর্ব্বোক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থেও উক্ত নগরের সেই সীমা হইবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

গমনাগমন বিষয়ক।

৮০ নম্বর।

১৮৭০ সাল ১৫ মার্চ।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ উলুবেড়িয়া ও মহেশরাখার মধ্যগত পথের রক্ষা করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পথের উত্তর ধারে ২০ ফুট সমান পরিশর ও ২১,২৭০ ফুট লম্বা অর্থাৎ ন্যূনাধিক ৩০ বিঘা ভূমির প্রয়োজন। উক্ত ভূমি হুগলী জিলার প্রায় গঙ্গারামপুরহইতে আরম্ভ হইয়া মাণিকপুরপর্য্যন্ত যেং গ্রাম আছে তদন্তর্গত।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনে বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

স্থানীয় গমনাগমন বিষয়ক।

৮১ নম্বর।

১৮৭০ সাল ১৫ মার্চ।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয়কার্য্যার্থে অর্থাৎ জামাল-



taken up at the public expense for a public purpose, *viz.*, for the construction of a road leading to the Jumalpore cemetery, it is hereby declared that a strip of land measuring about 2,270 feet long by 30 feet broad, situated in the villages of Mungrowra, Myogong, and Secnaderpore, Pergunnah Sakhurabady, Zillah Monghyr, is required.

2. This declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

J. E. T. NICOLLS, *Col., R. E.,*
*Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

## Public Works (Railway) Department.—Bengal.

*Fort William, 11th March* 1870.

*Notifications.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for Railway excavations and spoil banks, it is hereby declared that land is required for the above purpose running on both sides of the Burrakur Extension Line, from Doomrah to Burrakur, in Pergunnah Sherghor, in the District of Maunbhoom, commencing at mile-stone 127 and terminating at mile-stone 143, and being 50 feet in width, more or less, measuring in all 963 beegahs 14 cottahs, more or less, and situated in villages Doomrah, Goosik Moslah, Assensole, Booda, Coomarpore, Gopaulpore, Burtory, Burrochuk Laulpore, Burdhamah, Sitarampore, Beldi, Varrah, Nyamutpore, Dadee, Poonoory, Kulte, Patanay, Kendo, Beltoray, and Bagoonay.

This Declaration is made, under the provisions of Sections 2 and 33 of Act VI. of 1857, to all whom it may concern.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, it is hereby notified that the undermentioned lands are required for the purposes specified, *viz.* :—

1*st.*—For a Railway Station in the Mouzah of Assensole, Pergunnah Sergar, District Maunbhoom, all that piece of land on both sides of the Burrakur Extension Railway measuring 14 beegahs 6 cottahs 13 chittacks, and bounded on the North by lands occupied by Ram Kumar Rai, Ram Churn Rai, Jeebun Rai, Gahan Rai, Magaram Rai, the Bengal Coal Company, Messrs. Apcar and Company, Pacham Rai, and Ramdhun Rai; on the



পুরের সমাধিস্থানে যাইবার পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মুঙ্গের জিলার অন্তর্গত শাখরাবাদী পরগনার মংরৌরা ও ময়গাঁ ও সীনাদরপুর গ্রামে ২২৭০ ফুট লম্বা ও ৩০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে ই টি নিকলস, কর্ণেল আর, ই,
পবলি ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

## বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস কর্ম্মবিভাগের জ্ঞাপনি।

ফোর্ট উলিয়ম ১৮৭০ সাল ১১ মার্চ।

বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ রেলপথের নিমিত্তে মাটি কাটিয়া বাঁধ করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মানভূম জিলার শেরগড় পরগনার ডুমরা অবধি বরাকর পর্য্যন্ত বরাকর বর্দ্ধিত পথের উভয় পার্শ্বে ১২৭ মাইল নিরূপক স্তম্ভহইতে আরম্ভ হইয়া ১৪৩ মাইল নিরূপক স্তম্ভপর্য্যন্ত উক্ত ভূমি ন্যূনাধিক ৫০ ফুট পরিশর ও ন্যূনাধিক ৯৬৩।।৪ কাঠা পরিমিত এবং ডুমরা ও গুসিকমসলা। ও আসনশোল ও বুদা ও কুমারপুর ও গোপালপুর ও বড়তরী, ও বড়চক লালপুর ও বড় ধামা ও সীতারামপুর ও বেলদী ও ভাড়া ও নয়ামৎপুর ও দাদী ও পুনরি ও কোলটী ও পাটানে ও কেন্দ ও বেলতরে ও বাগুনে গ্রামে স্থিত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত ভূমির প্রয়োজন। যথা।—

প্রথম।—মানভূম জিলার শেরগড় পরগনার আসনশোল মৌজায় রেলওয়ে ষ্টেশন করিবার নিমিত্তে বরাকর বর্দ্ধিত রেলওয়েয়ের উভয় পার্শ্বে ১৪।১৬/০ ছটাক পরিমিত সমুদয় ভূমি, ইহার উত্তর সীমা রামকুমার রায় ও রামচরণ রায় ও জীবন রায় ও গহন রায় মাগারাম রায়ের ও বেঙ্গল কোল কোম্পানির ও মেসরস্ আপকার কোম্পানির ও পাচাম রায় ও রামধন রায়ের অধিকৃত ভূমি, পূর্ব্ব সীমা টৈগরাম রায় ও পেয়ারি রায় ও কপিল রায়ের অধিকৃত ভূমি, দক্ষিণ সীমা রামধন রায়

East by lands occupied by Gairam Rai, Perri Rai, and Kapil Rai; on the South by lands occupied by Ramdun Rai, Ram Rai, Mudhu Rai, Ramjeebun Rai, Dwarkanath Banerjea, Ram Kumar Rai, and Jeebun Rai; and on the West by lands occupied by Shaham Rai, Choto Ramdhun Rai, Jeebun Rai, Ram Kumar Rai, and by the Railway Company's Coal premises.

*2nd.*—For a Railway Station in the Mouzah of Sitarampore, in the Pergunnah and District aforesaid, all that piece of land measuring 1 beegah 16 cottahs 6 chittacks, and bounded on the North and East by premises occupied by Messrs. Apear and Company; on the South by the Burrakur Extension Railway; and on the West by premises occupied by the Bengal Coal Company.

*3rd.*—For a Railway Station in the Mouzah of Bagunia, and in the Pergunnah and District aforesaid, all that piece of land on both sides of the Burrakur Extension Railway measuring 8 beegahs 13 cottahs 10 chittacks, and bounded on the North by a cart road skirting lands occupied by Puran Ghose, Huri Mal, and Kolyan Ghose, in the village of Manberia; on the East by a cart road skirting lands occupied by Puran Ghose and Huri Mal aforesaid, by a hut occupied by Mr. Cantwell, and by barren land skirting Bagunia village; on the South by barren land skirting Bagunia village and by a cart track skirting lands occupied by Krishna Kumar and Gopi Dass; on the West by barren land, the property of Rani Surnomoye, extending to the banks of the Burrakur River.

*4th.*—For a bungalow site in the Mouzah of Punaria, in the Pergunnah and District aforesaid all that piece of land measuring 4 beegahs 17 cottahs and 4 chittacks, bounded on the North by a cart road skirting land occupied by Chotak and Bangsi Mundul, and by land occupied by them; on the East by barren land; on the South by the spoil bank of the Burrakur Extension Railway; and on the West by a road skirting barren land.

*5th.*—For a bungalow site in the Mouzah of Kendwa, in the Pergunnah and District aforesaid, all that piece of land measuring 2 beegahs 18 cottahs and 5 chittacks, bounded on the North by land occupied by Kesob Dom and by barren land, and on the East by barren land; on the South by the spoil bank of the Burrakur Extension Railway; and on the West by land occupied by Kesob Dom.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. TAYLOR, *Major, R. E.,*
*Joint-Secy. to the Govt. of Bengal,*
*P. W. D., Railway Branch.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২২ মার্চ।]

ও রাম রায় ও মধু রায় ও রামজীবন রায় ও দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায় ও রামকুমার রায় ও জীবন রায়ের অধিকৃত ভূমি, পশ্চিম সীমা শ্যাম রায় ও ছোট রামধন রায় ও জীবন রায় ও রামকুমার রায়ের ভূমি এবং রেলওয়ে কোম্পানি কয়লার বাটী।

দ্বিতীয়।—উপরোক্ত জিলার ও পরগনার সীতারামপুর মৌজায় রেলওয়ে ষ্টেশন করিবার নিমিত্তে ১৬১৷৶ পরিমিত সমুদয় ভূমি, ইহার উত্তর ও পূর্ব্ব সীমা মেসরস্ আপকার কোম্পানির বাটী, দক্ষিণ সীমা বরাকর বর্দ্ধিত রেলওয়ে এবং পশ্চিম সীমা বেঙ্গল কোল কোম্পানির বাটী।

তৃতীয়।—উপরোক্ত জিলার ও পরগনার বাগুনিয়া মৌজায় রেলওয়ে ষ্টেশন করিবার নিমিত্তে বরাকর বর্দ্ধিত রেলওয়ের উভয় পার্শ্বে ৮৷৷৩৷৷৶ ছটাক পরিমিত ভূমি, ইহার উত্তর সীমা মানবেড়িয়া গ্রামের পরাণ ঘোষ ও হরিমাল, ও কল্যাণ ঘোষের ভূমির ধারে২ গরুর গাড়ির পথ, পূর্ব্ব সীমা উক্ত পরাণ ঘোষ ও হরিমালের অধিকৃত ভূমির ধারে২ গোরুরগাড়ি পথ ও কান্টোয়েল সাহেবের খড়ুয়া ঘর ও বাগুনিয়া গ্রামের পার্শ্বের পতিত ভূমি, দক্ষিণ সীমা বাগুনিয়া গ্রামের পার্শ্বস্থ পতিত ভূমি, ও কৃষ্ণকুমার ও গোপী দাসের অধিকৃত ভূমির ধারে২ গোরুরগাড়ি পথ, পশ্চিম সীমা বরাকর নদীর ধার পর্য্যন্ত রাণী স্বর্ণময়ীর পতিত ভূমি।

চতুর্থ।—উপরোক্ত জিলার ও পরগনার পনারিয়া গ্রামে বাঙ্গলা প্রস্তুত করণার্থে ৪৬২৷০ ছটাক পরিমিত সমুদয় ভূমি ইহার উত্তর সীমা চোটাক ও বংশী মণ্ডলের অধিকৃত ভূমির ধারে২ গোরুরগাড়ির পথ ও তাহাদের অধিকৃত ভূমি, পূর্ব্ব সীমা পতিত ভূমি, দক্ষিণ সীমা বরাকর বর্দ্ধিত রেলওয়ের বাঁধ ও পশ্চিম সীমা পতিত ভূমির পার্শ্বস্থ পথ।

পঞ্চম। উপরোক্ত জিলার ও পরগনার কেন্দুয়া মৌজায় বাঙ্গলা ঘর প্রস্তুত করণার্থে ২৬৩৷৴ ছটাক পরিমিত সমুদয় ভূমি, ইহার উত্তর সীমা কেশব ডোমের ভূমি ও পতিত ভূমি, পূর্ব্ব সীমা পতিত ভূমি, দক্ষিণ সীমা বরাকর বর্দ্ধিত রেলওয়ের বাঁধ ও পশ্চিম সীমা কেশব ডোমের অধিকৃত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ এস টেলর, মেজর আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইন্ট সেক্রেটারী।





## ADVERTISEMENT.

A number of Elephants belonging to the Government of Bengal, in splendid condition and of a most useful size and kind, will be sold at Dacca, on Thursday, the 7th April next. A descriptive roll of the Elephants is given below :—

| No. | Name of Animal. | Sex. | Height. Ft. | In. | REMARKS. |
|---|---|---|---|---|---|
| 1 | Gole Bahar ... | Male ... | 8 | 10 | Large, handsome tusker, would sell well Up-country. |
| 2 | Deen Doyal ... | Ditto, without teeth. | 8 | 10 | Muckna, handsome and young. |
| 3 | Surda Monee ... | Female ... | 8 | 4 | Good howdah elephant, smooth and fast, also trained to keddah work. |
| 4 | Fool Kully ... | Ditto ... | 8 | 0 | Trained to keddah work, and likely to make a howdah elephant, untried. |
| 5 | Kuddum Kully ... | Ditto ... | 8 | 3 | Good howdah elephant, staunch and trained to keddah work. |
| 6 | Nobin Coomar ... | Male ... | 8 | 2 | A very handsome male, fit for howdah. |
| 7 | Nannara ... | Ditto ... | 8 | 8 | A handsome male, but timid and bad tempered. |
| 8 | Dowlut Bhoree ... | Female .. | 8 | 1 | A good elephant, compact and handsome, fit for howdah work, but untried, very staunch. |
| 9 | Moysooree ... | Ditto ... | 8 | 0 | Ditto ditto ditto. |
| 10 | Alexander ... | Male ... | 8 | 2 | A tusker with tusks, going different ways, likely to sell well Up-country. |
| 11 | Dood Coomar ... | Ditto ... | 8 | 1 | A tusker. |
| 12 | Beejoree ... | Female ... | 7 | 10 | Growing elephants, will improve and become more valuable. |
| 13 | Kurruck Beejlee ... | Ditto ... | 7 | 7 | |
| 14 | Choonee Lall ... | Male, without teeth. | 7 | 2 | |

## ইস্তাহার।

ঢাকায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনেক হস্তী আগামি আপ্রিল মাসের ৭ তারিখ বৃহস্পতিবারে বিক্রয় হইবে। ঐ সকল হস্তী হৃষ্টপুষ্ট ও কর্ম্মে লাগিবার উপযুক্ত প্রকারের ও উপযুক্ত পরিমাণের। তাহার বিবরণ এই।

| ১ নম্বর | ২ হস্তির নাম | ৩ নর কি মাদী | ৪ উচ্চতা | ৫ মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | গোলবাহার .. | নর | ৮৷১০ ইঞ্চি ... | বৃহৎ ও সুন্দর দন্তবিশিষ্ট, উত্তরপশ্চিমাঞ্চলে অধিক মূল্যে বিক্রয় হইতে পারে। |
| ২ | দীনদয়াল ... | ঐ দন্তহীন | ঐ ... | মাখনা, সুন্দর ও অল্প বয়স্ক। |
| ৩ | শারদামণি ... | মাদী | ৮৷৪ ইঞ্চি ... | হাওদা বহিবার উপযুক্ত এবং দেখিতে পরিপাটি ও শীঘ্র চলে। খেদার কর্ম্মেও সুশিক্ষিতা। |
| ৪ | ফুলকলি ... | ঐ | ৮ ফুট ... | খেদার কর্ম্মে শিক্ষিতা, হাওদা বহিবার উপযুক্ত হইতে পারে কিন্তু কর্ম্মে লাগান যায় নাই। |
| ৫ | কদমকলি .. | ঐ | ৮৷৩ ইঞ্চি ... | হাওদা বহিবার উপযুক্ত হস্তী, শক্ত ও খেদার কর্ম্মে সুশিক্ষিত। |
| ৬ | নবীনকুমার ... | নর | ৮৷২ ইঞ্চি ... | বড় সুন্দর হস্তী ও হাওদা বহিবার উপযুক্ত। |
| ৭ | নান্নারা ... | ঐ | ৮৷৮ ইঞ্চি ... | দেখিতে সুন্দর কিন্তু ভীরু ও রাগাল। |
| ৮ | দৌলতভোরী ... | মাদী | ৮৷১ ইঞ্চি ... | ভাল হস্তী, অটল, দেখিতে সুন্দর ও হাওদা বহিবার উপযুক্ত কিন্তু কর্ম্মে লাগান যায় নাই। অতি দৃঢ়। |
| ৯ | মহিসূরী ... | ঐ | ৮ ফুট ... | ঐ ঐ |
| ১০ | সীকন্দর ... | নর | ৮৷২ ইঞ্চি ... | দান্তাল, দাঁত বক্রভাবে বাহির হইয়াছে, উত্তর পশ্চিমাঞ্চলে অধিক মূল্যে বিক্রয় হইতে পারে। |
| ১১ | দুদকুমার ... | ঐ | ৮৷১ ইঞ্চি ... | দাঁতাল। |
| ১২ | বিজোরি ... | মাদী | ৭৷১০ ইঞ্চি ... | বাড়ন্ত হস্তী ক্রমে আরো উত্তম হইয়া অধিক মূল্যে বিক্রয় হইতে পারিবে। |
| ১৩ | কণকবিজলি ... | ঐ | ৭৷৭ ইঞ্চি ... | ঐ |
| ১৪ | চুনিলাল ... | নর, দন্তহীন | ৭৷২ ইঞ্চি ... | ঐ |

(F.)

## ঢাকা মিউনিসিপলটির উপবিধির সংশোধিত ৩৭ ধারার বাঙ্গলা অনুবাদ ।

কেহ কোন কারখানা বাটী অথবা কোন ব্যবসার স্থান অশ্বালয়, পাকশালা কিম্বা পাইখানাহইতে নির্গত ময়লা কোন নদীতে, নালাতে, খালেতে, পুষ্করিণীতে বা নর্দ্দমাতে পড়িতে দিতে পারিবে না ।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা । সংবাদ প্রাপ্তির পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা ।

R. D. LYALL,
*Chairman.*

(F.)

---

### NOTICE.

At the close of the business to be brought forward at the adjourned Special General Meeting of the Justices of the Peace to be held at the Town Hall, on Wednesday, the 30th March 1870, at 11 o'clock A. M. A Special Meeting of the Justices of the Peace will be held to take into consideration an application from Mr. Clark, Engineer to the Justices, for six months' leave of absence, on medical certificate, and for one month's privilege leavein, addition to the six months for which the certificate is given.

R. TURNBULL,
*Secy. to the Justices of the Peace.*

*The 21st March* 1870.

(43-1.)

### বিজ্ঞাপন ।

১৮৭০ সালের মার্চ মাসের ৩০ তারিখ বুধবার পূর্ব্বাহ্ণ ১১ ঘন্টার সময়ে শান্তিরক্ষার্থে জষ্টিসদের বিশেষ সাধারণ সভার কার্য্য সমাপ্ত হইলে জষ্টিসদের ইঞ্জিনিয়র শ্রীযুত ক্লার্ক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছয় মাস ছুটীর প্রার্থনা করেন ও যে ছয় মাস ছুটীর নিমিত্ত চিকিৎসকের সর্টিফিকট হইয়াছে তদ্ভিন্ন আর এক মাস অনুগ্রহের যে ছুটীর প্রার্থনা করেন সেই প্রার্থনা বিবেচনা করণার্থে জষ্টিসদের এক বিশেষ সভা হইবে ।

রবর্ট টর্ণবুল,
সেক্রেটারী ।

কলিকাতা
১৮৭০ সাল ২১ মার্চ ।

---

### Bye-Laws.

FOR SUPPLY OF WATER FROM THE MUNICIPAL WATER-SUPPLY WORKS TO HOUSES AND PREMISES.

*Justices will not undertake plumber's work for supply to houses, &c.*

1. THE Justices will not undertake any plumber's work for the supply of water to houses or premises for domestic consumption, or for ornamental or business purposes.

*Owner or occupier requiring supply to make application on printed form.*

2. The owner or occupier of any house or premises requiring water to be laid on for domestic, ornamental or business purposes, must make application for the same on a printed form, to be supplied to him, free of cost, at the Justice's office, and must engage to lay down and maintain, at his own expense, the necessary communication-pipes and fittings to the satisfaction of the Justices, or an officer authorised on their behalf.

*The opening and closing of trenches for communication-pipes in streets, lanes, &c., to be done by the Justices, at the expense of the person who requires water to be laid on.*

3. The trench for such portion of a communication-pipe which has to be laid under any street, lane, foot-way or public thoroughfare within the municipal boundary, must be opened closed by the Justices' establishment exclusively, and at the cost of the person requiring the water, who will have to pay for the said trench work in advance, according to a rate per lineal foot, which will be determined before-hand by the Justices.

*An authorised plumber to be employed by the person requiring water.*

4. Every person entitled to and requiring a supply must have the water laid on by a plumber duly authorised by the Justices to undertake such work.

*Justices will authorise qualified plumbers to lay on water-supply pipes.*

5. The Justices will authorise every duly qualified plumber, on a form to be supplied at their office, to lay on water-supply pipes upon said plumber entering into a written engagement to conform to the bye-laws and to all other regulations of the Justices in relation to the supply of water.

*Plumber breaking or evading bye-laws will be deprived of his authority and not be allowed to execute any work in connection with water-supply.*

6. Any authorised plumber found guilty of breaking or evading the bye-laws or other regulations of the Justices, either personally or by his workmen, will be struck off the Justices' list of authorised plumbers, and he will not afterwards be allowed to execute any work in connection with the water-supply.

*Description of communication-pipes.*

7. The communication-pipes between the street service-pipes and the several houses or premises supplied with water must be of such material and strength as the Justices, or an officer authorised to act in their behalf, may approve.

*Communication-pipe to withstand pressure of column of water 200 feet in height, and to be laid at least 2 feet under ground.*

8. Every communication-pipe must be capable of withstanding a pressure of a column of water 200 feet in height; must be laid at least 2 feet under ground surface; and above ground it must be screened, wherever practicable, from exposure to the sun.

### নগরীয় জল যোগাইবার কারখানাহইতে জল যোগাইবার উপবিধি ।

*গৃহাদিতে জল আনাইবার নিমিত্ত সীসকারের কর্ম্ম জষ্টিসদের স্বীকার না করিবার কথা ।*

১ । ঘরের প্রয়োজনীয় কর্ম্মের কিম্বা ব্যবসায়ের নিমিত্তে জল আনাইতে সীসকারের যে কর্ম্ম লাগে জষ্টিসেরা সেই কর্ম্ম করিতে স্বীকার করিবেন না ।

*স্বামির কি গৃহবাসির জল প্রয়োজন হইলে মুদ্রিত পাঠে প্রার্থনা করিবার কথা ।*

২ । কোন ঘরের কি বাটীর স্বামী কি বাসী ঘরের প্রয়োজনীয় কর্ম্মের কিম্বা শোভার কি ব্যবসায়াদির জন্যে সেই ঘরে জল আনাইতে চাহিলে, প্রার্থনা লিখিবার নির্দ্ধারিত পাঠে প্রার্থনা করিবেন । সেই পাঠ জষ্টিসদের আফিসে বিনা মূল্যে পাইতে পারিবেন । আরও তিনি জষ্টিসদের কিম্বা তাঁহাদেরহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের সন্তোষমতে জলের নল ও তৎসংক্রান্ত অন্য উপকরণ আপন খরচে বসাইবেন, তাঁহার এই অঙ্গীকার করিতে হইবে ।

*পথ গলিপ্রভৃতির মধ্যে জলের যে নল দেওয়া যায় প্রার্থকের স্থানে খরচ লইয়া জষ্টিসদের নালি খুলিবার ও বন্ধ করিবার কথা ।*

৩ । মুনিসিপল কর্ম্মকারকদের স্থানের সীমার অন্তর্গত কোন রাস্তায় কি গলিতে কি হাঁটিবার পথে কি রাজপথে জল আনাইবার যে নল বসান যায় তাহার যে নালী করিতে হইবে তাহা জষ্টিসদের কর্ম্মকারকদের দ্বারা বন্ধ করা যাইবে ও খোলা যাইবে । যে ব্যক্তি জল চাহেন ফুটপ্রতি জষ্টিসেরা যে হারে খরচ নিরূপণ করেন তাহা তাঁহার অগ্রিম দিতে হইবে ।

*যে ব্যক্তি জল চাহেন অনুমতি প্রাপ্ত কোন সীসকারের দ্বারা তাহার কর্ম্ম করাইবার কথা ।*

৪ । যে ব্যক্তি গৃহাদিতে জল আনাইবার যোগ্য হন ও আনাইতে প্রার্থনা করেন নলাদি বসাইবার যে সীসকার জষ্টিসদেরহইতে উচিতমত ক্ষমতা পান কেবল তাঁহারই দ্বারা তাঁহার সেই কর্ম্ম করাইয়া লইতে হইবে ।

*উপযুক্ত সীসকারদিগকে জলের নল বসাইতে জষ্টিসদের ক্ষমতা দানের কথা ।*

৫ । উপযুক্ত ক্ষমতাপন্ন কোন সীসকার জল যোগাওন বিষয়ে জষ্টিসদের উপবিধি ও অন্য সকল বিধানমতে কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করিলে জষ্টিসেরা তাঁহারদিগকে জলের নল বসাইবার অনুমতি দিবেন । সেই অনুমতি পত্রের পাঠ তাঁহারদের কার্য্যালয়ে পাওয়া যাইতে পারিবে ।

*সীসকার উপবিধি না মানিলে কি উপেক্ষা করিলে তাঁহার সেই ক্ষমতাপত্র রহিত হইবার কথা, এবং জল যোগাইবার কোন কার্য্য করিতে না পারিবার কথা ।*

৬ । অনুমতিপ্রাপ্ত কোন সীসকার আপনি কিম্বা কর্ম্মকারকদের দ্বারা জষ্টিসদের উপবিধি কি কোন বিধান লঙ্ঘন কি উপেক্ষা করিলে অনুমতিপ্রাপ্ত সীসকারদের যে নির্ঘন্টপত্র জষ্টিসদের নিকট থাকে তাহাহইতে তাঁহার নাম কাটিয়া দেওয়া যাইবে, তৎপরে তিনি জল যোগাওন সম্পর্কীয় কোন কার্য্য করিতে পাইবেন না ।

*নল যে প্রকারের হইবে তাহার কথা ।*

৭ । রাস্তার নীচে সার্বিস পাইপ বলিয়া জলের যে নালা আছে তাহাহইতে জল যে ঘরের কি বাটীতে পঁহুছাইতে হইবে সেই ঘর পর্য্যন্ত জলের যে নল দেওয়া যায়, জষ্টিসেরা কিম্বা তাঁহারদের পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কার্য্যকারক ঐ নল যে দ্রব্যে যত শক্ত নির্ম্মাণ করিতে আজ্ঞা করেন তাহা সেই দ্রব্যে তত শক্ত করা যাইবে ।

*নল ২০০ ফুট উচ্চ জলস্তম্ভের চাপ সহিবার উপযুক্ত হইবার ও মাটির নীচে ন্যূনকল্পে ২ ফুট থাকার কথা ।*

৮ । ঘরে জল যোগাইবার নল এমন শক্ত করিতে হইবে যে ২০০ ফুট উচ্চ জলস্তম্ভের চাপ হইলেও না ভাঙ্গে । তাহা ন্যূনকল্পে দুই ফুট মাটীর নীচে বসন যাইবে । মাটির উপরি ভাগের যেং স্থানে আবরণ করা যাইতে পারে রৌদ্র না লাগিবার জন্যে এমত আবরণ করিয়া রাখিতে হইবে ।

9. In every instance, the communication-pipe must be connected to a street service-pipe—and not to a main—by a brass ferrule and screw-coupling to be supplied by the Justices, whose property they will remain.

*Communication-pipe to be connected to a street service-pipe by a ferrule and screw-coupling supplied by the Justices.*

10. The size of ferrule shall be determined by the Justices, or an officer authorised to act on their behalf who will have it attached to the service-pipe upon due notice being received that the communication-pipe is ready to be connected with the street service-pipe.

*The size of ferrule to be determined by and to be attached by the Justices.*

11. In no instance will any connection be permitted to be made between a communication-pipe and the pipes of the Justices otherwise, than by an authorised servant of the Justices.

*Connection between communication-pipes and the Justices' pipes not allowed to be made except by an authorised servant of the Justices.*

12. Whenever a communication-pipe has to be laid across a sewer or open drain, or in any place where, in the opinion of the Justices, it is liable to injury, such pipe must be passed through an exterior glazed earthen-ware or cast iron-pipe, of sufficient length and strength, to afford due protection to the communication-pipe.

*Communication-pipes to be protected by an external pipe in certain cases.*

13. Every communication-pipe, and all the fittings thereon, must be inspected and approved by an authorized officer of the Justices before it is connected with the street service-pipe. If subsequently found to be defective, it must be altered to the satisfaction of the Justices.

*Communication-pipes and fittings to be inspected and approved by an authorized officer of the Justices.*

14. On every communication-pipe a brass stop-cock must be placed as near as practicable to the point where the said pipe enters the house or premises to be supplied.

*A stop-cock to be placed on every communication-pipe.*

15. Every tap or cock on any communication, pipe must have a water-way at least equal to that of the pipe on which it is fixed, and to ensure water-tightness, it must be of brass, and should be of the kind called "screw-down."

*Taps and cocks to have same water-way as the pipe they are fixed on.*

৯। ঐ নল সর্ব্বদা পিতলের সামী ও ইসক্রু কপ্‌লিংদ্বারা সার্বিস পাইপে সংযুক্ত করিতে হইবে। মেন নামক জলের বড় নালার সঙ্গে সংযোগ করিতে হইবে না। জষ্টিসেরা সেই সামী ও কপলিং দিবেন। তাহা তাঁহারদেরই থাকিবে।

*সার্বিস্ পাইপের সঙ্গে সামী ও ইসক্রুদ্বারা যোড় দিবার ও তাহা জষ্টিসদেরহইতে পাইবার কথা।*

১০। সামী কত বড় হইবে ইহা জষ্টিসেরা কিম্বা তাঁহারদের পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কার্য্যকারক নিরূপণ করিবেন। রাস্তার সার্বিস পাইপের সঙ্গে ঐ নল সংযোগ করিবার নিমিত্তে প্রস্তুত হইয়াছে, তাঁহাকে এই সম্বাদ উপযুক্তমতে দেওয়া গেলে তিনি ঐ সামী বসাইবেন।

*সামী কত বড় হইবে জষ্টিসদের ইহা নির্ণয় করিবার ও বসাইবার কথা।*

১১। জষ্টিসদের পাইপের সঙ্গে তাঁহারদের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকভিন্ন অন্যের দ্বারা কোন নলের সংযোগ করিবার অনুমতি নাই।

*জষ্টিসদের পাইপের সঙ্গে জষ্টিসদের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকভিন্ন অন্য কাহার দ্বারা নলের সংযোগ হইতে না পারিবার কথা।*

১২। জলের নল যদি কোন বড় নর্দ্দমার কি খোলা নর্দ্দমার উপর দিয়া যায়, কিম্বা অন্য যে স্থানে থাকিলে জষ্টিসদের বিবেচনায় তাহার হানি হইতে পারে এমত স্থানে যদি বসাইবার প্রয়োজন হয়, তবে সেই নল চিক্কন মাটির কিম্বা লৌহের অন্য বড় নলের মধ্যে দিতে হইবে। ঐ বড় নল এমন লম্বা ও শক্ত করিতে হইবে যে তাহাতে ছোট নলের উপযুক্ত আশ্রয় হয়।

*স্থলবিশেষে জলের নল অন্য বড় নলের মধ্যে বসাইবার কথা।*

১৩। প্রাত্যেক নল রাস্তার সার্ব্বিসপাইপের সঙ্গে সংযোগ করিবার পূর্ব্বে জষ্টিসদেরহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকদ্বারা সেই নল ও তৎসংযুক্ত সকল উপকরণ দৃষ্ট হইয়া অনুমোদন করা আবশ্যক। পশ্চাৎ কোন ত্রুটী প্রকাশ হইলে তাহা জষ্টিসদের হৃদ্বোধমতে পরিবর্ত্তন করিতে হইবে।

*নল ও উপকরণ জষ্টিসদের ক্ষমতাপন্ন কর্ম্মকারকের দৃষ্টি করিয়া মঞ্জুর করিবার কথা।*

১৪। জলের নল কোন ঘরে কি বাটীতে যে স্থানে প্রবেশ করে তাহার সাধ্যমতে নিকট কোন স্থানে ঐ নলের গায়ে পিতলের একটি ষ্টাপকাক দিতে হইবে।

*নলের গায়ে ষ্টাপকাক দিবার কথা।*

১৫। কোন নলে যে কাক বসান যায়, নলের যে পরিধি ঐ কাকেরও ন্যূন কল্পে সেই পরিধি থাকিবে। ও তাহার জল চুইয়া পড়িতে না পারে এই নিমিত্তে পিতলের কাক থাকা প্রয়োজন। বিশেষতঃ ইসক্রু-ডোন নামে যে একপ্রকারের কাক আছে তাহাই ব্যবহার করা উচিত।

*নলের যে পরিমাণ কাকের সেই পরিমাণ থাকার কথা।*





16. Every water-closet supply must be drawn from a cistern by a self-closing tap, and must not be taken direct from the communication-pipe.

*Water-closet supply to be drawn from a cistern.*

17. Every cistern for a water-closet must be provided with a ball-cock, but must not have an over-flow or waste pipe.

*Water-closet cistern to be supplied with a ball-cock, but to have no over-flow pipe.*

18. Water, for ornamental or business purposes, must be supplied, wherever practicable, through a metre furnished by the Justices, at the cost of the person taking the supply or through a reservoir, tank, vessel, or apparatus capable of easy admeasurement, and to which the supply is regulated by a cock, under the exclusive control of the Justices.

*Water, for ornamental or business purposes, to be supplied through a metre or through reservoir, &c., capable of measurement, and the supply to which is controlled by the Justices.*

19. Should any leakage occur in the communication-pipe, cistern, taps, or other fittings immediate notice thereof, in writing, must be sent by the occupier to the Justices' Office.

*Notice of leakage to be sent to the Justices' Office.*

20. Should the owner or occupier of any house or premises supplied with water desire to have the supply discontinued, he must signify such in writing to the Justices, who thereupon will have the communication-pipe to such house or premises disconnected by one of their own servants, at the expense of the applicant.

*Notice of wish to discontinue supply, to be sent in writing to the Justices, who will have communication-pipe disconnected at expense of applicant.*

21. The rate which will be charged for water for ornamental or business purposes, will be eight annas per 1,000 gallons.

*Rate for water-supply for ornamental or business purposes.*

22. Any infringement of any of the foregoing Bye-laws will render the offender liable to a fine not exceeding Twenty Rupees, and in case of continuing the infringement, to a penalty not exceeding Ten Rupees for each day after Notice from the Justices of such infringement.

STUART HOGG,
*Chairman of the Justices of the Peace.*
(37-7.)

১৬। সেতাখনায় যে জলের ব্যবহার হয় তাহা উক্ত জলের নলহইতে লইতে হইবে না। তাহার স্বতন্ত্র জলাধার থাকিবে ও আপনি বন্ধ হইবার মত চুঙ্গি থাকিবে।

*সেতখানার জল জলাশয় হইতে লইবার কথা।*

১৭। সেতখানার জলাধারে বালকাক নামে এক কাক দিতে হইবে। কিন্তু অতিরিক্ত কি অকর্ম্মণ্য জলের নল থাকিবে না।

*সেতখানার জলাধারে বালকাক নামে কাক থাকিবার ও অকর্ম্মণ্য জলের নল না থাকার কথা।*

১৮। শোভার কিম্বা ব্যবসায়ের কার্য্যের নিমিত্ত যে জলের প্রয়োজন হয়, তাহা যে স্থলে হইতে পারে সেই স্থলে জষ্টিসদের দত্ত জল পরিমাপক যন্ত্রদ্বারা যোগান যাইবে। যে ব্যক্তি জল চাহেন ঐ যন্ত্র তাঁহার খরচে প্রস্তুত করা যাইবে অথবা যে জলাধার কি কূপের কি পাত্রের কি যন্ত্রের জল অনায়াসে মাপ করা যাইতে পারে, এমত জলাশয়াদিহইতে জল যোগান যাইবে। তাহার জল যে কাকহইতে পড়ে তাহার উপর কেবল জষ্টিসদের কর্ত্তৃত্ব থাকিবে।

*শোভার কি ব্যবসায়ের নিমিত্তে যে জলের প্রয়োজন হয় তাহা জলপরিমাপক যন্ত্র কি জলাধারদ্বারা যোগাইবার ও মাপ হইতে পারিবার ও জষ্টিসদের কর্ত্তৃত্বে থাকার কথা।*

১৯। কোন নলের কি জলাধারের কি চুঙ্গির কি অন্য উপকরণের জল চুইলে, যিনি ঘরে বাস করেন তিনি ত্বরায় তাহার সম্বাদ লিখিয়া জষ্টিসদের কার্য্যালয়ে পাঠাইবেন।

*জল চুইলে জষ্টীসদের কার্য্যালয়ে সম্বাদ দিবার কথা।*

২০। যে বাটীতে কি ঘরে জল যোগান যায়, তাহার স্বামী কি বাসী যদি জল গ্রহণ রহিত করিতে চাহেন, তবে জষ্টিসদের নিকটে সেই কথা লিখিয়া জানাইবেন। তাহা হইলে জষ্টিসেরা আপনারদের চাকরদের দ্বারা সেই ঘরের কি বাটীর সঙ্গে ঐ নলের সংযোগ রহিত করিইবেন। তাহার খরচ প্রার্থকের দিতে হইবেক।

*জলগ্রহণ করা রহিত করিবার ইচ্ছা থাকিলে জষ্টীসদিগকে লিখিয়া জানাইবার কথা ও প্রার্থকের খরচে সেই নল স্বতন্ত্র করিবার কথা।*

২১। শোভার কিম্বা ব্যবসায়ের নিমিত্তে জল যোগান গেলে তাহার নিমিত্তে ১০০০ গালন প্রতি ।।০ আট আনা হারে দিতে হইবে।

*শোভার কি ব্যবসায়ের নিমিত্তে জল যে হারে দেওয়া যাইবে তাহার কথা।*

২২। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব কোন উপবিধি লঙ্ঘন করিলে তাহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ও লঙ্ঘন করিতে থাকিলে জষ্টিসদের স্থানে নোটিস পাইলে পর যত দিন সেই দোষ করে তাহার দিন প্রতি ১০ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে।

ষ্টুআর্ট হগ,
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সভাপতি।

## INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

কলিকাতা যোত্রহীন ঋণিদের আদালত।

In the matter of GEORGE FREDERICK BEHRENDS and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 2nd day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of November 1867 until the 31st day of January 1870, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE; }
*Calcutta*, 14*th March* 1870. } (39—1.)

যোত্রহীন জর্জ ফ্রেডরিক বিহ্রেণ্ডস সাহেব এবং অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬৭ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি বর্ত্তমান ১৮৭০ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা, }
কলিকাতা ১৮৭০ সাল ১৪ মার্চ। }

In the matter of JOSEPH HUGHESDON and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 2nd day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee, from the 1st day of December 1862 until the 31st day of January 1870, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE; }
*Calcutta*, 14*th March* 1870. } (40—1.)

যোত্রহীন জোসেফ হিউজ্‌ডন সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬২ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি বর্ত্তমান ১৮৭০ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা, }
কলিকাতা ১৮৭০ সাল ১৪ মার্চ। }

In the matter of ALEXANDER WALLACE and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 2nd day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of July 1863 until the 31st day of January 1870, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE; }
*Calcutta*, 14*th March* 1870. } (41—1.)

যোত্রহীন আলেক্‌জাণ্ডার ওয়ালেশ সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬৩ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি বর্ত্তমান ১৮৭০ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা, }
কলিকাতা ১৮৭০ সাল ১৪ মার্চ। }

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২২ মার্চ।]



In the matter of JOHN HUTCHISON FERGUSSON and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 2nd day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of February 1863 until the 31st day of January 1870, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE; }
*Calcutta*, 14*th March* 1870. } (42—1.)

যোত্রহীন জান হাচিসন ফারগসন সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬৩ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি বর্ত্তমান ১৮৭০ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বতিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। }
কলিকাতা, ১৮৭০ সাল ১৪ মার্চ। }

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

নজীর ও টীকাসহ ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত আইন

দশ আইনের পরিবর্ত্তে যে ১৮৬৯ সালের ৮ আইন হইয়াছে তাহা ও ১৮১৯ সালের ৮ আইন ও ১৮৬৫ সালের ৮ আইন নজীর ও টীকা সহিত হাই কোর্টের উকীল শ্রী তারকনাথ দত্তকর্ত্তৃক প্রকাশিত। মূল্য ২৲ টাকা। হাই কোর্টের ১৪ নং উকীলের ঘরে পাওয়া যাইবেক।

(44—1)

[*Government Gazette*, 22*nd March* 1870.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 29, 1870.

মঙ্গলবার ১৮৭০ সাল ২৯ মার্চ।


## Government of India.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 18th March 1870, and is hereby promulgated for general information:—

ACT No. VIII OF 1870.

*An Act for the prevention of the murder of Female Infants.*

Preamble.

WHEREAS the murder of female infants is believed to be commonly committed in certain parts of British India; and whereas it is necessary to make better provision for the prevention of the said offence; It is hereby enacted as follows:—

Power to take measures under Act in particular districts.

1. If it shall appear to the Local Government that the said offence is commonly committed in any district, or by any class, or family, or persons residing therein, the Local Government may, with the previous sanction of the Governor General of India in Council, declare by notification published in the official *Gazette,* and in such other manner as the Local Government shall direct, that measures for the prevention of such offence shall be taken under this Act, in such district, or in respect of such class, or family, or persons.

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৭০ সালের মার্চ মাসের ১৮ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন অনুমোদন করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭০ সালের ৮ আইন।

বালিকাবধ নিবারণার্থ আইন।

হেতুবাদ।

ব্রিটনীয় ভারতবর্ষের কোন২ স্থানে ক্ষুদ্র২ বালিকাবধাপরাধ সামান্যতঃ প্রচলিত আছে এমত বিশ্বাস হওয়াতে সেই অপরাধ নিবারণ করিবার সুবিধান করা আবশ্যক। এ হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

বিশেষ২ প্রদেশে আইনমত কার্য্য করিবার ক্ষমতার কথা।

১ ধারা। কোন প্রদেশে কিম্বা তন্নিবাসি কোন জাতি কি পরিবার কি ব্যক্তিকর্ত্তৃক উক্ত অপরাধ সামান্যতঃ হইয়া থাকে স্থানীয় গবর্ণমেণ্ট ইহা অবগত হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক রাজকীয় গেজেটে এবং স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে জ্ঞাপনি প্রকাশ করিয়া জানাইবেন যে উক্ত প্রদেশে কিম্বা ঐ জাতি কি পরিবার কি ব্যক্তি সম্পর্কে এই আইনমতে ঐ অপরাধ নিবারণ করিবার উপায় করা যাইবে।

The notification shall define the limits of such district or shall specify the class, or family, or persons to whom such notification is to be deemed to apply.

Power to make rules.

2. When such notification shall have been published as aforesaid, it shall be lawful for the Local Government, subject to the provisions of section three, from time to time to make rules consistent with this Act, for all or any of the following purposes:—

(1.) For making and maintaining registers of births, marriages, and deaths occurring in such district, or in or among the class, family, or persons to whom such notification has been made applicable; and for making, from time to time, a census of such persons, or of any other persons residing within such district:

(2.) For the entertainment of any police force in excess of the ordinary fixed establishment of police, or for the entertainment of any officers or servants, for the purpose of preventing or detecting the murder of female infants in such district, or in or among such class, family, or persons, or for carrying out any of the provisions of this Act:

(3.) For prescribing how and by whom information shall be given to the proper officers of all births, marriages, and deaths occurring or about to occur in such district, or in or among such class, family, or persons:

(4.) For the regulation and limitation of expenses incurred by any person to whom such notification applies on account of the celebration of marriage or of any ceremony or custom connected therewith:

(5.) For regulating the manner in which all or any of the expenses incurred in carrying into effect rules made under this section shall be recovered from all or any of the inhabitants of such district or from the persons to whom such notification is applicable:

(6.) For defining the duties of any officer or servant appointed to carry out any rule made under this section.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]

সেই জ্ঞাপনিতে ঐ প্রদেশের সীমা নির্ণীত হইবে কিম্বা জ্ঞাপনি যে জাতির কি পরিবারের কি ব্যক্তিদের প্রতি বর্ত্তিবে তাহা তন্মধ্যে নির্দ্দিষ্ট করা যাইবে ইতি।

বিধি করিবার ক্ষমতার কথা।

২ ধারা। ঐ জ্ঞাপনি পূর্ব্বোক্তমতে প্রকাশ করা গেলে পর স্থানীয় গবর্ণমেণ্ট তৃতীয় ধারার বিধান অবলম্বন করিয়া সময়ে২ নিম্নলিখিত কার্য্যোপলক্ষে এই আইনের সঙ্গত বিধি করিতে পারিবেন বিশেষতঃ—

(১) সেই প্রদেশের মধ্যে কিম্বা জ্ঞাপনি যে জাতির কি পরিবারের কি ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাহারদের মধ্যে জন্ম ও বিবাহ ও মরণের রেজিষ্টর করিবার ও রাখিবার এবং সময়ে২ ঐ প্রদেশবাসি উক্ত কিম্বা অন্য ব্যক্তিদের সংখ্যাপত্র করিবার বিধি।

(২) উক্ত প্রদেশে কিম্বা ঐ জাতির কি পরিবারের কি লোকদের মধ্যে বালিকাবধাপরাধ নিবারণ করিবার ও তাহার সন্ধান লইবার কিম্বা এই আইনের কোন বিধান সাধন করিবার নিমিত্ত পোলীসের আমলাদের অবধারিত সংখ্যার অতিরিক্ত পোলীসদল কিম্বা কোন কার্য্যকারকদিগকে কি চাকরদিগকে নিযুক্ত করিয়া রাখিবার বিধি।

(৩) উক্ত প্রদেশে কিম্বা সেই জাতির কি পরিবারের কি ব্যক্তিদের মধ্যে জন্ম কি বিবাহ কি মরণ হইলে কি তৎসম্ভাবনা থাকিলে যে প্রকারে ও যাহাদের দ্বারা উপযুক্ত কর্ম্মকারকদিগকে তদ্বিষয়ক সংবাদ দেওয়া যাইবে ইহার নিয়মের বিধি।

(৪) উক্ত জ্ঞাপনি যে কোন ব্যক্তির প্রতি বর্ত্তে সে বিবাহার্থে কিম্বা তৎসংক্রান্ত কোন ক্রিয়া কি আচার সম্পর্কে যত টাকা ব্যয় করিতে পারিবে তাহার বিধান ও সীমার বিধি।

(৫) এই ধারানুযায়ি বিধি সাধন করিবার জন্যে যে অর্থব্যয় হয়, তাহা ঐ প্রদেশনিবাসি সকল কি কোন২ ব্যক্তির স্থানে কিম্বা উক্ত জ্ঞাপনি যে ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাহারদের স্থানে যে নিয়মমতে আদায় করা যাইবে তাহার বিধি।

(৬) যে কার্য্যকারক কি চাকর এই ধারানুযায়ি বিধিমতে কার্য্য করিতে নিযুক্ত হয় তাহার কর্ত্তব্য কর্ম্ম নিরূপণের বিধি ইতি।



Confirmation and publication of rules.

3. No rule or alteration made under section two shall take effect until it shall have been confirmed by the Governor General of India in Council and published in the *Gazette of India* and also in the local *Gazette*.

Copies of every such rule shall be affixed in such places, and shall be distributed in such manner, as the Local Government may direct.

Punishment for breach of rules.

4. Whoever disobeys any such rule shall, on conviction before any officer exercising the powers of a Magistrate, be punished with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand rupees, or with both.

Saving of prosecutions under other laws.

5. Nothing in this Act, or in any rule made and published as aforesaid, shall prevent any person from being prosecuted and punished under any other law for any offence punishable under this Act: Provided that no person shall be punished twice for the same offence.

Power to place neglected children under supervision.

6. If it appears to the Magistrate of the district that any person to whom the notification mentioned in section one applies, neglects to make proper provision for the maintenance of any female child for whose maintenance he is legally responsible, and that the life or health of such child is thereby endangered, such Magistrate may, in his discretion, place the child under such supervision as he may think proper, and shall, if necessary, remove the child from the custody of such person.

The Magistrate of the district may order him to make a monthly allowance for the maintenance of the child at such monthly rate not exceeding fifty rupees as to such Magistrate shall seem reasonable, and if such person wilfully neglects to comply with such order, such Magistrate may, for every breach of the order, by warrant direct the amount due to be levied in manner provided by section sixty-one of the Code of Criminal Procedure.

Nothing in this section shall affect the powers of Magistrates under section three hundred and sixteen of the same Code.

[*Government Gazette, 29th March* 1870.]

বিধি স্থির ও প্রকাশ করিবার কথা।

৩ ধারা। ২ ধারামতে যে বিধি করা কি পরিবর্ত্তন করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যত কাল তাহা দৃঢ় না করেন ও তাহা যত কাল ইণ্ডিয়া গেজেটে ও স্থানীয় গেজেটে প্রকাশ না করা যায় তত কাল প্রবল হইবে না।

স্থানীয় গবর্ণমেণ্ট যে২ স্থান ও যে নিয়মের আজ্ঞা করেন উক্ত প্রত্যেক বিধির প্রতিলিপি সেই২ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে ও সেই নিয়মমতে বিলি করা যাইবে ইতি।

বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি উক্ত কোন বিধি না মানিলে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি কর্ম্মকারকের সম্মুখে প্রমাণ হইয়া তাহার কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইতে পারিবে। কারাদণ্ড ছয়মাসের ও অর্থদণ্ড একসহস্র টাকার অধিক হইবে না ইতি।

অন্যান্য আইনমতে অভিযোগ হইতে পারিবার কথা।

৫ ধারা। এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ হেতুক কোন ব্যক্তির নামে অন্য আইনমতে অভিযোগ ও দণ্ড যে হইতে না পারে, এই আইনের কিম্বা পূর্ব্বোক্তমতে প্রণীত ও প্রকাশিত কোন বিধির কোন কথায় এমত নিষেধ নাই। কিন্তু একি অপরাধের জন্যে কোন ব্যক্তির দুইবার দণ্ড না হয় ইতি।

উপেক্ষিতাবালিকাদিগের তত্ত্বাবধারণার্থে লোক নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। ১ ধারার উল্লিখিত জ্ঞাপনি যাহার প্রতি বর্ত্তিতে পারে এমত কোন ব্যক্তি আইনমতে যে বালিকার ভরণপোষণ করিতে দায়ী আছে, সে ঐ বালিকার ভরণপোষণের যথোচিত বিধান করে নাই, ও তদ্দ্বারা ঐ বালিকার প্রাণের ও স্বাস্থ্যের হানি সম্ভাবনা জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহ অবগত হইলে, তিনি ঐ বালিকার তত্ত্বাবধারণের যে নিয়ম উচিত বোধ করেন করিতে পারিবেন ও আবশ্যক হইলে ঐ বালিকাকে সেই ব্যক্তির রক্ষণহইতে উদ্ধার করিতে পারিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ বালিকার ভরণপোষণের নিমিত্তে মাসে পঞ্চাশ টাকার অনধিক যত টাকা যুক্তিসিদ্ধ জ্ঞান করেন ঐ ব্যক্তির মাসে২ তত টাকা দিবার আজ্ঞা দিবেন। যদি সেই ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক ঐ আজ্ঞামতে কার্য্য করিতে অবহেলা করেন, তবে উক্ত প্রত্যেক আজ্ঞা লঙ্ঘনের নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারামতে ঐ পাওনা টাকা পরওয়ানাক্রমে আদায় করিবার আদেশ করিতে পারিবেন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩১৬ ধারামতে মাজিষ্ট্রেটদের যে ক্ষমতা আছে এই ধারার কোন কথাক্রমে তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

7. This Act shall, in the first instance, extend only to the North-Western Provinces, to the Panjáb, and to Oudh; but the Governor General of India in Council may by order extend it to any part of the territories (other than Oudh) under the immediate administration of the Government of India; and the Governor of Madras in Council, the Governor of Bombay in Council, and the Lieutenant-Governor of Bengal, may severally by order extend it to any part of the territories under their respective Governments.

Extent of Act.

Every order under this section made by the Governor General of India in Council shall be published in the *Gazette of India*. Every other order made under this section shall be published in the local official *Gazette*.

WHITLEY STOKES,
*Secy. to the Council of the Govr. Genl. for making Laws and Regulations.*

৭ ধারা। এই আইন প্রথমতঃ কেবল উত্তর পশ্চিম দেশে ও পঞ্জাবে ও অযোধ্যাতে ব্যাপ্ত হইবে। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে তাহা অযোধ্যাভিন্ন ভারতবর্ষের গবর্ণমেন্টের অব্যবহিত শাসনাধীন কোন দেশে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেবের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে তাঁহারদের শাসনাধীন দেশের কোন অংশে ব্যাপ্ত হইতে পারিবে ইতি।

আইনের ব্যাপকতার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই ধারামতে যে আজ্ঞা করেন সেই প্রত্যেক আজ্ঞা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে। এই ধারামত অন্য প্রত্যেক আজ্ঞা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

উইটলি ষ্টোকস,
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 11th March 1870, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a fortnight:—

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৭০ সালের মার্চ মাসের ১১ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল ও তাঁহাদের প্রতি দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

No. 7 OF 1870.

১৮৭০ সালের ৭ নম্বর।

## THE INDIAN WEIGHTS AND MEASURES BILL, 1870.

ভারতবর্ষীয় বাটখারার ও মানযন্ত্রের ১৮৭০ সালের আইনের পাণ্ডুলিপি।

*A Bill to regulate the Weights and Measures of British India.*

ব্রিটনীয় ভারতবর্ষের বাটখারার ও মানযন্ত্রের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

WHEREAS it is expedient to provide for the ultimate adoption of an uniform system of Weights and Measures in all parts of British India; It is hereby enacted as follows:—

Preamble.

পরিণামে ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত স্থানে বাটখারার ও মানযন্ত্রের একবিধ নিয়ম প্রচলিত হইবার বিধান করা বিহিত, এই নিমিত্তে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

হেতুবাদ।

### I.—*Preliminary.*

প্রথম অধ্যায়।—পরিভাষা।

1. This Act may be called "The Indian Weights and Measures Act 1870," and shall extend to all parts of British India.

Short title and extent.

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় বাটখারার ও মানযন্ত্রের ১৮৭০ সালের আইন নামে খ্যাত হইয়া ব্রিটনীয় ভারতবর্ষের সর্ব্বত্র ব্যাপ্ত হইবে ইতি।

সংক্ষেপ নাম ও ব্যাপকতা।

### II.—*Standards.*

দ্বিতীয় অধ্যায়।—কষ্টি পরিমাণের কথা।

2. The primary standard of Weight shall be a Ser equal to a Weight of 2·20462125 British Pounds Avoirdupois which is equal to the kilogram known in France as the Kilogramme des Archives.

Standard of Weight.

২ ধারা। তৌল করিবার মূল পরিমাণ এক সের। তাহা ব্রিটনীয় আবয়রডুপয় (অর্থাৎ ভারি দ্রব্য পরিমাপণের ধারানুসারে) ২.২০৪৬২১২৫ পৌণ্ডের সমান এবং ফ্রান্সদেশে কিলোগ্রাম ডেসার্কীব নামে যে কিলোগ্রাম খ্যাত হয় তাহার সমান।

তৌলের কষ্টি পরিমাণের কথা।





3. The primary standard of length shall be a meter equal to a length of 39·37079 British Inches which is equal to the metre known in France as the Mètre des Archives.

Standard of length.

৩ ধারা। দীর্ঘতা মাপের মূলপরিমাণ মীটর। তাহা ব্রিটনীয় ৩৯.৩৭০৭৯ ইঞ্চির সমান। ও ফ্রান্স দেশে মেটর ডেসার্কীব নামক মীটরের সমান ইতি।

অঙ্গুলিমানের কষ্টি পরিমাণের কথা।

4. The Units of Weight and Measurement shall be;
for Weights, the said Ser:
for Measures of Capacity, a measure containing one such Ser of water at its maximum density, and being equal to 0·2202443 of a British Gallon,
for Measures of Length, the said metre,
for Measures of Area, the square metre,
for Measures of Solidity, the cubic metre.

Units of Weight and Measurement.

৪ ধারা। তৌল ও মাপ করিবার মূল কষ্টি এই২।
তৌলের মূল কষ্টি এক সের।
তদ্রূপ এক সের অতি ভারি জল যে পাত্রে ধরে তাহা প্রস্থমানের মূল কষ্টি। তাহা ব্রিটনীয় ০.২২০২৪৪৩ গালনের তুল্য।
অঙ্গুলিমানের মূলকষ্টি উক্ত মীটর।
বর্গপরিমাণ পক্ষে, বর্গমীটর।
ঘন পরিমাণ পক্ষে, ঘন মীটর ইতি।

যদনুসারে তৌল ও মাপ করিবার উপকরণ নির্ণয় হইবে তাহার কথা।

5. The Governor General in Council may, from time to time, by notification in the *Gazette of India*, declare the magnitude and denominations of the Weights and Measures, other than the said units, to be authorized under this Act, provided that every such Weight or Measure shall be an integral multiple or integral sub-multiple of one of the units aforesaid, and may, in like manner, revoke such notification.

Special Weights and Measures to be authorized.

Unless it shall otherwise be ordered in any such notification, the sub-divisions of all such Weights and Measures shall be expressed in decimal parts.

৫ ধারা। এই আইনমতে উক্ত মূল কষ্টির পরিমাণভিন্ন সেং বাটখারা ও মানযন্ত্র ব্যবহার করিবার অনুমতি হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে অনুজ্ঞাপত্রদ্বারা তাহার পরিমাণ ও নাম নির্দ্দেশ করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ প্রত্যেক পরিমাণ পূর্ব্বোক্ত মূল কষ্টির পূর্ণ গুণিতক কিম্বা পূর্ণভাজক হইবে। এবং তিনি সেই প্রকারে উক্ত কোন অনুজ্ঞাপত্র রহিতও করিতে পারিবেন।

বিশেষ বাটখারার ও মানযন্ত্রের অনুমতি হইবার কথা।

তদ্রূপ অনুজ্ঞাপত্রে প্রকারান্তরের আজ্ঞা না থাকিলে, ঐ সকল পরিমাণের ভাগবিভাগ দশাংশিকরূপে ব্যক্ত হইবে ইতি।

6. There shall be provided, in such manner and for such districts as the Governor General in Council shall direct, suitable primary standards and sets of the said authorized Weights and Measures which shall, for the purposes of this Act, be deemed the standards for such districts.

Sets of standards to be provided.

৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেং প্রদেশের নিমিত্ত যদ্রূপ বিধান করেন, তদ্রূপে সেইং প্রদেশে এই আইনের কার্য্যের নিমিত্ত যাহা কষ্টি বলিয়া জ্ঞান হইবে উক্ত স্বীকৃত বাটখারার ও মানযন্ত্রের এমত মূল কষ্টি ও সেট নিরূপণ করিবেন ইতি।

কষ্টিপরিমাণ নিরূপণ করিবার কথা।

7. There shall be provided, in such manner and for such sub-districts as the Local Government shall direct, copies of such of the said authorized Weights and Measures as shall be necessary to serve as local standards in such sub-districts. Such local standards shall be deemed to be correct until declared to be otherwise by the proper authority.

Local standards to be provided.

৭ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট যে শাখা প্রদেশের নিমিত্তে যদ্রূপ বিধান করেন, তদ্রূপে ঐ শাখা প্রদেশে যাহা স্থানীয় কষ্টি স্বরূপ হইবে উক্ত স্বীকৃত বাটখারার ও মানযন্ত্রের এমত অনুরূপ করিয়া দেওয়া যাইবে। উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কার্য্যকারক যত কাল সেই কষ্টি অপ্রকৃত প্রকাশ না করেন তত কাল ঐ স্থানীয় কষ্টি ঠিক জ্ঞান হইবে ইতি।

স্থানীয় কষ্টি পরিমাণের বিধানের কথা।

8. The Governor General in Council may, from time to time, by notification in the *Gazette of India*, define the limits of the aforesaid districts.

Districts how defined.

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনি প্রকাশ করিয়া পূর্ব্বোক্ত প্রদেশের সীমা নিরূপণ করিতে পারিবেন।

প্রদেশের সীমা নিরূপণের নিয়মের কথা।

The Local Government may, from time to time, by notification in the official Gazette, define the limits of the aforesaid sub-districts.

Sub-districts how defined.

*III.—Use of new Weights and Measures.*

**9.** Whenever the Governor General in Council considers that suitable standard Weights and Measures have been made available for use by any Government or Municipal office or department or any Railway Company, the Governor General in Council may, by notification in the official Gazette, direct that, after a date to be named therein, all or any of the Weights and Measures authorized as aforesaid shall be used in all dealings and contracts by such office, department or company.

Use of new Weights and Measures in Government offices.

**10.** The Governor General in Council, or the Local Government, with the previous assent of the Governor General in Council, may, by notification in the official Gazette, direct that, after a date to be named therein, all or any of the Weights authorized as aforesaid shall be used in the dealings and contracts of the persons exercising any specified occupation or trade in any district or sub-district.

General use of new Weights.

The said Governor General in Council or Local Government, as the case may be, may, in like manner, from time to time, alter or revoke the orders contained in any such notification.

Provided that no such notification shall issue, until suitable standard Weights have been provided for such district, or sub-district, nor until the Governor General in Council or the Local Government, as the case may be, shall have been satisfied after a public local enquiry held in such district, or sub-district, that the obligatory introduction of the said Weights is expedient.

**11.** The Governor General in Council or the Local Government, with the previous assent of the Governor General in Council, may, by notification in the official Gazette, declare the date after which all or any of the provisions of sections twelve, thirteen, fourteen and fifteen shall come into operation in respect to any district or sub-district; and otherwise than as aforesaid the said sections shall be of no effect.

Operation of penalties.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]

স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনি প্রকাশ করিয়া পূর্ব্বোক্ত শাখাপ্রদেশের সীমা নিরূপণ করিতে পারিবেন ইতি।

শাখাপ্রদেশের সীমা নিরূপণ হইবার কথা।

তৃতীয় অধ্যায়।

নূতন বাটখারার ও মানযন্ত্রের ব্যবহার হইবার কথা।

৯ ধারা। উপযুক্ত কষ্টিপরিমাণের বাটখারা ও মানযন্ত্র গবর্ণমেণ্টের কিম্বা মুনিসিপল কার্য্যালয়ে কিম্বা কর্ম্মবিভাগে কিম্বা কোন রেলওয়ে কোম্পানির দ্বারা ব্যবহার হইবার উপযুক্ত সংখ্যামতে পাওয়া গিয়াছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত বিবেচনা হইলে, তিনি রাজকীয় গেজেটে জ্ঞাপনি প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ জ্ঞাপনির নির্দ্দিষ্ট তারিখের পর, উক্ত কার্য্যালয়ের কি কর্ম্মবিভাগের কি কোম্পানির সমস্ত ব্যাপারে কি চুক্তি কার্য্যে পূর্ব্বোক্ত যে বাটখারা কি মানযন্ত্র ব্যবহার করিবার অনুমতি হইয়াছে সেই সকল কিম্বা তন্মধ্যে কোন বাটখারা কি মানযন্ত্রের যেন ব্যবহার হয় ইতি।

গবর্ণমেণ্টের কার্য্যালয়ে নূতন বাটখারার ও মানযন্ত্রের ব্যবহার হইবার কথা।

১০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা তদীয় সম্মতিক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনি প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে ঐ জ্ঞাপনির নির্দ্দিষ্ট কোন তারিখের পরে, কোন প্রদেশের কি শাখাপ্রদেশের মধ্যে কোন বিশেষ কর্ম্মের কি ব্যবসায়ের লোকেরা সমস্ত ব্যাপারে ও চুক্তি কার্য্যে পূর্ব্বোক্তমতে স্বীকৃত সকল কি কোন বাটখারার ব্যবহার করেন।

সাধারণমতে নূতন বাটখারা ব্যবহার হইবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা বিষয় বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ উক্ত কোন জ্ঞাপনির নির্দ্দিষ্ট কোন আজ্ঞা সেই প্রকারে পরিবর্ত্তন কি রহিত করিতে পারিবেন।

কিন্তু পূর্ব্বোক্ত প্রদেশের কি শাখাপ্রদেশের নিমিত্ত কষ্টিপরিমাণের উপযুক্ত বাটখারা যত কাল প্রস্তুত করা না যায়, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা বিষয় বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত প্রদেশে কি শাখাপ্রদেশে উক্ত বাটখারা বলপূর্ব্বক প্রচলিত করা বিহিত, স্থানবিশেষে প্রকাশরূপে অনুসন্ধান লওনদ্বারা ইহা যত কাল হৃদ্বোধমতে জানিতে না পান ততকাল পূর্ব্বোক্ত জ্ঞাপনি প্রকাশ করা যাইবে না ইতি।

১১ ধারা। কোন প্রদেশে কি শাখাপ্রদেশে ১২, ১৩, ১৪, ১৫ ধারার সমস্ত কি কোন২ বিধান যে তারিখ অবধি প্রচলিত হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা তদীয় অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনি প্রকাশ করিয়া উক্ত তারিখ নির্দ্ধার্য্য করিবেন। তাহা না হইলে উক্ত সকল ধারা প্রবল হইবে না ইতি।

দণ্ড প্রবল হওনের কথা।



**12.** Whoever sells any Weight, Weighing Machine or Measure, purporting to indicate any Weight or Measure authorized under this Act, or any Balance, which shall not respectively have been duly verified, shall, to the extent declared under section eleven, be liable to a fine not exceeding five rupees for every such Weight, Weighing Machine, Measure or Balance so sold.

Penalty for sale of articles not verified.

**13.** Whoever uses or has in his possession for purposes of trade or business, any Weight or Weighing Machine purporting to indicate any Weight authorized under this Act, or any Balance, which, being correct and in conformity with the requirements of this Act, shall not respectively have been duly verified, shall, to the extent declared under section eleven, be liable to a fine not exceeding five rupees for every such thing so used, or so had in possession.

Penalty for use of authorized Weights not verified, but correct.

**14.** Whoever uses or has in his possession for purposes of trade or business,

Penalty for use of Weights not authorised and not correct.

any Weight other than a Weight directed to be used under section ten, or any Machine for the purpose of indicating any Weight other than as aforesaid, or

any Weight, or Weighing Machine, purporting to indicate any Weight authorized under this Act, or any Balance, which, not being respectively duly verified, is not correct, or not in conformity with the requirements of this Act,

shall, to the extent declared under section eleven, be liable to a fine not exceeding ten rupees for every such offence.

**15.** All Government or municipal officers, and all persons engaged in occupations or trades shall, so far as they shall be required by the rules under section twenty-three, submit for verification by a Warden the Weights, Weighing Machines and Measures, used by them under the provision of section nine or ten, or the Balances used by them, at such times not oftener than once in two years, and pay for such verification the proper fee, as the said rules shall prescribe, failing which every such person shall, to the extent declared under section eleven, be liable to a fine not exceeding fifty rupees for every such offence.

Periodical verification of Weights and Measures.

[*Government Gazette, 29th March 1870.*]

১২ ধারা। কোন ব্যক্তি কোন বাটখারা কি তৌল করিবার যন্ত্র কি মানযন্ত্র এই আইনমতে উপযুক্তরূপে ঠিক নির্ণয় না করিয়া এই আইনমতে স্বীকৃত বাটখারা কি মানযন্ত্র বলিয়া সেই বাটখারা কি মানযন্ত্র কি নিক্তি বিক্রয় করিলে তাহার তদ্রূপ বিক্রীত প্রত্যেক বাটখারা কি তৌল করিবার যন্ত্র কি মানযন্ত্র কি নিক্তির নিমিত্তে ১১ ধারার নির্দ্দিষ্ট সীমাপর্য্যন্ত ৫ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

দ্রব্য নিশ্চিত না করিয়া বিক্রয় করিবার কথা।

১৩ ধারা। কোন ব্যক্তি ব্যবসায়ের কি কর্ম্মের নিমিত্তে এই আইনমতে স্বীকৃত বাটখারা বলিয়া কোন বাটখারা কি তৌল করিবার যন্ত্র কিম্বা নিক্তি ব্যবহার করিলে কি নিকট রাখিলে তাহা ঠিক ও এই আইনের আদেশানুযায়ি হইলেও যদি উপযুক্তমতে নিশ্চিত না করা যায়, তবে তদ্রূপ যে প্রত্যেক বিষয় ব্যবহার করে কি নিকট রাখে তন্নিমিত্তে ১১ ধারার নির্দ্দিষ্ট সীমাপর্য্যন্ত তাহার ৫৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

স্বীকৃত বাটখারা ঠিক হইলেও নিশ্চয় না করিয়া ব্যবহার করিবার দণ্ডের কথা।

১৪ ধারা। ১০ ধারায় যে বাটখারার আজ্ঞা হইয়াছে কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন বাটখারা কিম্বা কোন ওজন লক্ষ্য করণার্থ পূর্ব্বোক্ত প্রকারের যন্ত্র ভিন্ন কোন যন্ত্র,

অস্বীকৃত ও অপ্রকৃত বাটখারা ব্যবহার করিবার দণ্ডের কথা।

কিম্বা এই আইনমত স্বীকৃত কোন ওজন লক্ষ্য করণার্থ বাটখারা কি তৌল করিবার যন্ত্র বলিয়া যে বাটখারা কি নিক্তি উপযুক্তমতে নিশ্চয়ীকৃত না হইয়া প্রকৃত কি এই আইনের আদেশানুযায়ি না হয় তাহা,

নিকটে রাখিলে কিম্বা বাণিজ্য কি ব্যবসায়ে ব্যবহার করিলে,

তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে ১১ ধারার নির্দ্দিষ্ট সীমাপর্য্যন্ত ১০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

১৫ ধারা। গবর্ণমেণ্টের ও মুনিসিপল কার্য্যকারকেরা ও যে সকল ব্যক্তি বাণিজ্য কি ব্যবসায় করিয়া থাকে তাহারা ৯ কি ১০ ধারার বিধানমতে যে২ বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও যে নিক্তি ব্যবহার করে ২৩ ধারার নির্দ্দিষ্ট বিধির আদেশানুসারে তাহারা সেই বাটখারা প্রভৃতি নিশ্চিত করণার্থে দুই বৎসরান্তর একবারমাত্র ওয়ার্ডনের নিকটে আনিবে, ও নিশ্চিত করিবার জন্যে ঐ বিধিতে যে ফী নির্দ্দিষ্ট হইয়াছে তাহা দিবে। তদ্রূপ না করিলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ১১ ধারার নির্দ্দিষ্ট সীমাপর্য্যন্ত ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

নিরূপিত সময়ান্তরে বাটখারা ও মানযন্ত্র নিশ্চয় করিবার কথা।

*IV.—Wardens.*

**16.** The Governor General in Council or the Local Government, as the case may require, shall appoint Wardens for the custody of the said standards and sets of authorized Weights and Measures, and local standards, and for the inspection and verification of Weights, Weighing Machines, Measures and Balances.

Appointment of Wardens.

The Governor General in Council or the Local Government, as the case may be, may at any time suspend or remove any such Warden and appoint another person in his stead.

**17.** The Warden shall verify, and shall, if so required, correct all Weights, Weighing Machines, and Measures, purporting to indicate Weights or Measures authorized under this Act, and Balances brought to him for verification or correction, which shall appear to him fit for verification and correction. When they are correct and in conformity with the requirements of this Act, he shall certify the same with the proper mark.

Warden to verify and correct Weights, Measures and Balances.

**18.** The Warden may deface or render incapable of use, or refuse to verify, correct, or mark anything brought to him for verification or correction under section seventeen which shall appear to him unfit for verification or correction.

May refuse to verify or correct things unfit.

**19.** Weights, Weighing Machines and Measures, purporting to indicate any Weight or Measure authorized under this Act, and Balances imported into British India but not verified in conformity with the rules prescribed under section twenty-three, may be detained by the officers of Customs and taken to the Warden for verification at the cost of the importer thereof.

Importation of Weights and Measures into British India.

**20.** No prosecutions under this Act shall be instituted excepting by a Warden.

Prosecutions.

৪ অধ্যায় ।—ওয়ার্ডনের কথা।

১৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা প্রয়োজনমতে স্থানীয় গবর্ণমেণ্ট স্বীকৃত বাটখারার ও মানযন্ত্রের কষ্টি পরিমাণ ও সেট ও স্থানীয় কষ্টিপরিমাণ রক্ষা করণার্থে এবং বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও নিক্তি দেখিবার ও নিশ্চিত করিবার নিমিত্তে ওয়ার্ডনদিগকে নিযুক্ত করিবেন।

ওয়ার্ডনদিগকে নিযুক্ত করিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা বিষয়বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট কোন সময়ে তদ্রূপ কোন ওয়ার্ডনকে কিয়ৎকাল কিম্বা চিরকালের নিমিত্ত অবসর করিয়া তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

১৭ ধারা। এই আইনমতে স্বীকৃত ওজন ও মাপ লক্ষ্য করণার্থ যে সকল বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র এবং যে সকল নিক্তি নিশ্চিত করিবার কি সংশোধন করিবার জন্যে ওয়ার্ডনের নিকটে আনা যায়, তিনি তাহা নিশ্চিত করণের ও সংশোধনের উপযুক্ত জ্ঞান করিলে নিশ্চিত করিবেন এবং প্রার্থনা হইলে সংশোধন করিবেন। তাহা ঠিক ও এই আইনের আদেশানুযায়ি হইলে তিনি উপযুক্ত চিহ্ন দিয়া সংশিত করিবেন ইতি।

বাটখারা ও মানযন্ত্র ও নিক্তি ওয়ার্ডনকর্তৃক নিশ্চিত ও সংশোধন হইবার কথা।

১৮ ধারা। ১৭ ধারামতে যে দ্রব্য ওয়ার্ডনের নিকট নিশ্চিত কি সংশোধন করিবার নিমিত্ত আনা যায়, তিনি তাহা নিশ্চিত কি সংশোধন করিবার অনুপযুক্ত জ্ঞান করিলে নষ্ট কিম্বা ব্যবহারের অনুপযুক্ত করিতে পারিবেন, কিম্বা নিশ্চিত কি সংশোধন করিতে কি তাহাতে চিহ্ন দিতে অনঙ্গীকার করিতে পারিবেন ইতি।

অনুপযুক্ত দ্রব্য নিশ্চিত কি সংশোধন করিতে অনঙ্গীকার করিতে পারিবার কথা।

১৯ ধারা। এই আইনের স্বীকৃত কোন ওজন কি মাপ লক্ষ করণার্থ বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও নিক্তি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আনীত হইলে, কিন্তু ২৩ ধারার নির্দ্দিষ্ট বিধিমতে তাহার নিশ্চিত করণ না হইলে, কষ্টমের কার্য্যকারকেরা তাহা আটক করিয়া রাখিতে পারিবেন ও নিশ্চিত করণের জন্যে ওয়ার্ডনের নিকট আনাইতে পারিবেন। যে ব্যক্তি ভিন্ন দেশ হইতে ঐ দ্রব্য আনাইলেন তিনি নিশ্চিত করণসংক্রান্ত খরচ দিবেন ইতি।

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে বাটখারা ও মানযন্ত্র আনাইবার কথা।

২০ ধারা। এই আইনমত অভিযোগ ওয়ার্ডনভিন্ন কাহারও দ্বারা উপস্থিত করা যাইবে না ইতি।

অভিযোগের কথা।





**21.** A Magistrate convicting any person under section twelve, thirteen, fourteen or fifteen of this Act, or under Chapter XIII of the Indian Penal Code *(of offences relating to weighing and measuring)* may order the thing, in respect to which the conviction took place, to be brought before a Warden, to be dealt with under the provisions of section seventeen. Provided that, if the Magistrate shall consider such thing to be unfit for verification or correction, he may cause it to be defaced or rendered incapable of use.

Disposal of things in respect to which convictions take place.

**22.** Any officer in charge of a police-station may, on the application of a Warden, exercise the powers described in section 129 of the Code of Criminal Procedure for the purpose of inspecting, searching for, and seizing Weights, Weighing Machines, Measures and Balances kept for use under the provisions of section nine or ten, in the dealings or contracts of any Government or municipal office or department, or any person exercising an occupation or trade, specified as being subject to inspection by the rules aforesaid, which shall not be duly verified, correct or in conformity with the requirements of this Act as though such things had been false Weights.

Search for Weights not verified or not correct.

*V.—Miscellaneous.*

**23.** The Governor General in Council may from time to time make rules consistent with this Act for regulating the following matters :—

Power to make rules.

(*a*). The appointment of Wardens ;

(*b*). The guidance of Wardens in all matters connected with the performance of their duties ;

(*c*). The provision, custody and use of the standards ;

(*d*). The method of verifying Local Standards, and Weights, Weighing Machines, and Measures authorized under this Act, and Balances, and of certifying such verification ;

(*e*.) The errors which may be tolerated in Weights, Weighing Machines, and Measures authorized under this Act and Balances ;

২১ ধারা। কোন মাজিষ্ট্রেট এই আইনের ১২, ১৩, ১৪ কি ১৫ ধারামতে কিম্বা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৩ অধ্যায় (অর্থাৎ ওজন ও পরিমাণ সম্পর্কীয় অপরাধের অধ্যায়) মতে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় করিলে, যে দ্রব্য সম্পর্কে অপরাধ নির্ণয় হয় তাহা লইয়া ১৭ ধারামতে কার্য্য হইবার নিমিত্তে সেই দ্রব্য ওয়ার্ডনের নিকট লইয়া যাইবার আজ্ঞা করিবেন। কিন্তু মাজিষ্ট্রেট সেই দ্রব্য নিশ্চিত করণের কি সংশোধনের অযোগ্য জ্ঞান করিলে তাহা নষ্ট কি ব্যবহারের অনুপযুক্ত করাইতে পারিবেন ইতি।

যে দ্রব্য সম্পর্কে অপরাধ নির্ণয় হয় তাহা লইয়া যাহা কর্ত্তব্য তাহার কথা।

২২ ধারা। কোন গবর্ণমেণ্টের কি মুনিসিপল কার্য্যালয়ের কি কর্ম্মবিভাগের কিম্বা ব্যবসায়ি কি বাণিজ্যকারি কোন ব্যক্তির ব্যাপারে কি চুক্তি কার্য্যে যে বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও নিক্তি ৯ কি ১০ ধারার বিধানমত ব্যবহারের জন্যে রাখা যায় এবং পূর্ব্বোক্ত বিধিমতে দৃষ্টি হইবার যোগ্য বলিয়া নির্দ্দিষ্ট হয়, যদি উপযুক্তমতে তাহার নিশ্চিত করণ কি সংশোধন না হইয়া থাকে কিম্বা তাহা এই আইনের আদেশানুযায়ি না হয়, তবে ওয়ার্ডনের প্রার্থনামতে পোলীস থানার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কোন ব্যক্তি কৃত্রিম বাটখারার ন্যায় সেই বাটখারা প্রভৃতির দৃষ্টি ও অন্বেষণ ও ধৃতি করিবার জন্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১২৯ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

অনিশ্চিত কি অসংশোধিত বাটখারার অন্বেষণের কথা।

পঞ্চম অধ্যায়।—বিবিধ বিধি।

২৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং এই আইনসঙ্গত নিম্নলিখিত কার্য্যের বিধি করিতে পারিবেন, যথা,

বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) ওয়ার্ডনদের নিয়োগের বিধি।

(খ) ওয়ার্ডনদের কর্ত্তব্য কর্ম্ম সংক্রান্ত সকল বিষয়ে কার্য্যপদ্ধতির বিধি।

(গ) কষ্টি পরিমাণের নির্ম্মাণ ও সংরক্ষণ ও ব্যবহারের বিধি।

(ঘ) স্থানীয় কষ্টিপরিমাণ ও এই আইনের স্বীকৃত বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও নিক্তি নিশ্চিত করণ বিষয়ক ও নিশ্চিত হওয়ার সংশিত করণ বিষয়ক বিধি।

(চ) এই আইনের স্বীকৃত বাটখারার ও তৌল করিবার যন্ত্রের ও মানযন্ত্রের ও নিক্তির যে দোষ উপেক্ষা করা যাইতে পারে তাহার বিধি।

(*f*). The shapes, proportions and dimensions to be given to Weights, Weighing Machines, and Measures authorized under this Act, and Balances, and the materials of which they may be made;

(*g*). The marking on Weights and Measures authorized under this Act, of their several denominations;

(*h*). The conditions under which Government and municipal offices or departments, and persons exercising occupations or trades, shall be subject to inspection and verification of the Weights, Weighing Machines, and Measures authorized under this Act, and Balances used or sold by them;

(*i*). The amount of the fees to be paid for verifying, correcting and certifying the verification of Weights, Weighing Machines, and Measures authorized under this Act, and Balances.

Publication of rules.

Such rules shall be published in the *Gazette of India*, and the Governor General in Council, or the Local Government with the previous assent of the Governor General in Council, may, by notification in the official Gazette, declare that, after a day to be named therein, all or any of the said rules shall come into operation in respect of any government or municipal office or department, or of any railway company, or of the persons exercising any specified occupation or trade, in any district or sub-district, and thereupon to the extent specified in such notification, the said rules or any of them shall have the force of law.

Recovery of fees.

**24.** Fees payable under this Act shall be recoverable as though they were fines.

Tables of equivalents.

**25.** The Local Government may, from time to time, prepare tables of the equivalents of Weights and Measures other than those authorized under this Act in terms of the Weights and Measures so authorized, and the equivalents so stated, after notification in the official Gazette, shall be deemed the true equivalents.

Convictions how limited.

**26.** No person shall be convicted under section thirteen or fourteen unless the Warden shall have proved that Weights authorized under this Act were publicly offered for

(ছ) এই আইনের স্বীকৃত বাটখারার ও তৌল করিবার যন্ত্রের ও মানযন্ত্রের ও নিক্তির যে ডৌল ও যে মান থাকিবে ও তাহা যত ছোট কি বড় হইবে ও যে ধাতুপ্রভৃতিতে নির্ম্মিত হইবে তাহার বিধি।

(জ) এই আইনের স্বীকৃত বাটখারা ও মানযন্ত্র যেং নামে খ্যাত হইবে তাহার চিহ্ন তদুপরি দিবার বিধি।

(ঝ) গবর্ণমেণ্টেরদ্বারা ও মুনিসিপাল কার্য্যালয়ে কি কর্ম্মবিভাগে ও বাণিজ্যকারি কি ব্যবসায়িদের দ্বারা এই আইনের স্বীকৃত যে বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও নিক্তি ব্যবহার কি বিক্রয় করা যায়, তাহা যে নিয়মমতে দৃষ্টি ও নিশ্চিত করা যাইবে সেই নিয়মের বিধি।

(ঞ) এই আইনের স্বীকৃত বাটখারা ও তৌল করিবার যন্ত্র ও মানযন্ত্র ও নিক্তি নিশ্চিত করণ ও সংশোধন করিবার ও নিশ্চিত হওয়ার সংশিত করণের নিমিত্তে যত টাকা ফী দিতে হইবে তাহার বিধি।

বিধি প্রকাশ করিবার কথা।

উক্ত বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব কিম্বা তদীয় সম্মতি গ্রহণ পূর্ব্বক স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনি প্রকাশ করত কোন দিন নিরূপণ করিয়া, সেই দিনাবধি কোন প্রদেশে কি শাখাপ্রদেশে গবর্ণমেণ্টের কিম্বা মুনিসিপল কোন কার্য্যালয়ে কি কর্ম্মবিভাগে কিম্বা কোন রেলওয়ে কোম্পানির কিম্বা নির্দ্দিষ্ট কোন কর্ম্মকারি কি ব্যবসায়ি ব্যক্তিদের বিষয়ে উক্ত সমস্ত কিম্বা কএক বিধি প্রবল করা যাইবে ইহা নির্দ্দেশ করিতে পারিবেন। তাহা হইলে উক্ত সমস্ত কি অন্যতর বিধি ঐ জ্ঞাপনির নির্দ্দিষ্ট সীমাপর্য্যন্ত আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

ফী আদায়ের কথা।

২৪ ধারা। এই আনমতে যে ফী দিতে হয় তাহা অর্থদণ্ডের ন্যায় আদায় করা যাইতে পারিবে ইতি।

সমমূল্যক মানের নির্ঘণ্টপত্রের কথা।

২৫ ধারা। এই আইনমতে যে বাটখারার ও মানযন্ত্রের অনুমতি হইল স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তদ্ভিন্ন কিন্তু সেই স্বীকৃত বাটখারার ও মানযন্ত্রের নামানুযায়ি সমমূল্যক ওজনের ও পরিমাণের নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইতে পারিবেন ও রাজকীয় গেজেটে জ্ঞাপনিদ্বারা প্রকাশ করা গেলে পর তাহা যথার্থ সমমূল্যক জ্ঞান হইবে ইতি।

অপরাধ নির্ণয়ের সীমার কথা।

২৬ ধারা। যে প্রদেশে কি শাখাপ্রদেশে ১৩ কি ১৪ ধারার লিখিত অপরাধ করা যায়, তন্মধ্যে এই আইনের স্বীকৃত বাটখারা প্রকাশ রূপে বিক্রয় হইবার জন্য উপস্থিত করা





sale and procurable at a reasonable price in the district or sub-district in which the offence was committed, and at or immediately before the time when the offence was committed.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of the present Bill is to give effect to the conclusions that have recently been adopted by the Governor General in Council, and concurred in by the Secretary of State, as to the steps to be taken for reforming the Weights and Measures of British India.

Home Department, No. 163, dated 6th November 1868, paragraph 11.

These conclusions are contained in the following extract of a despatch from the Government of India to the Secretary of State:—

"We therefore consider that the new unit of weight should be a ser equal to the kilogramme, or 2·205 lbs. avoirdupois, and

that a system of decimal multiples and sub-divisions of the unit of weight should be accepted as a fundamental part of the new scale to be recognized by law. We are, however, of opinion, for the reasons stated by Mr. Strachey in his Minute, that other multiples and sub-divisions should not be prohibited wherever their continued use appears to be demanded on considerations of present convenience and expediency, and

that while it is desirable that the new system of weights should be brought into general use as speedily as possible, it should not be forced on any class of the community until such class is to some extent prepared to accept it. The best preparation for the general adoption of the new weights will undoubtedly be their introduction and authoritative use in the public departments of the Government, which are so widely scattered over the whole of the country.

"We therefore propose

that the new unit of weight, with a system of decimal multiples and sub-divisions, should be authoritatively adopted in all departments of the Government, by all municipal bodies, and on the railways, as soon as practical convenience will admit."

[*Government Gazette*, 29*th March* 1870.]

গিয়াছিল ও অপরাধ করিবার সময়ে কি তাহার অব্যবহিত পূর্ব্বে উপযুক্ত মূল্যে ক্রয় করা যাইতে পারিত ওয়ার্ডন ইহার প্রমাণ করিতে না পারিলে কোন ব্যক্তি উক্ত দুই ধারামতে অপরাধী বলিয়া নির্ণীত হইবে না ইতি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ব্রিটনীয় ভারতবর্ষের বাটখারার ও মানযন্ত্রের সুবিধান করণবিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যে অভিমতে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব সম্মত হন তাহা সফল করাই এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

হোমডিপার্টমেণ্টে ১৮৬৮ সালের ৬ নবেম্বরের ১৬৩ নং পত্রের ১১ দফা।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে যে পত্র লিখিলেন তাহাহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথায় সেই অভিমত প্রকাশ হইয়াছে।

"এই কারণে আমারদের বিবেচনায় কিলোগ্রামের অথবা দ্রব্যমাপার্থ ধারাপাতানুসারে ২.২০৫ পৌণ্ডের সমান সের কষ্টিপরিমাণের নূতন মূলস্বরূপ ধরা উচিত।

"এবং আইনেতে যে নূতন ধারা স্বীকৃত হইবে ওজন করিবার মূলকষ্টির দশাংশিক গুণিতক ও তাহার সমভাগ ঐ ধারার মূলাংশস্বরূপ গ্রহণ করা উচিত। কিন্তু আধুনিক সুবিধা ও ঔচিত্যহেতুক অন্য গুণিতক ও তদ্বিভাগ ব্যবহার করা কর্ত্তব্য হইলে তাহার নিষেধ করা কর্ত্তব্য নয়, শ্রীযুত ষ্ট্রেকি সাহেবের মন্তব্য কথায় তিনি এই বিষয়ের যেং হেতু লিখিয়াছেন আমরাও তাহাতে সম্মত।

"আরো সাধারণ্যে নূতন নিয়মমত বাটখারার ব্যবহার অতিত্বরায় হইলে ভাল, ইহা জ্ঞাত হইয়াও কোন বিশেষ লোকশ্রেণী যত কাল তাহার ব্যবহার চালাইতে প্রস্তুত না হয় তত কাল বলপূর্ব্বক তাহারদের ব্যবহৃত করা অবিহিত। এই দেশের প্রায় সর্ব্বত্রই গবর্ণমেণ্টসংক্রান্ত নানা কর্ম্মের বিভাগ আছে। সেইং বিভাগে নূতন বাটখারাপ্রভৃতি ব্যবহার করিবার আজ্ঞা হইলে তাহা ক্রমেং সর্ব্বত্র চলন হইবার সম্ভাবনা"।

অতএব আমাদের প্রস্তাব এই।

সুবিধামতে যত ত্বরায় হইতে পারে, গবর্ণমেণ্টের সকল কর্ম্মবিভাগের ও মুনিসিপল অর্থাৎ নগরের সৌষ্ঠব করণার্থ সকল সমাজের ও রেলওয়ের প্রতি দশাংশিক গুণিতক ও তদ্বিভাগের নিয়ম সহিত তৌল করিবার নূতন একি মূলকষ্টির ব্যবহার হইবার দৃঢ় আজ্ঞা করা যায়।

In an earlier part of the same despatch, the following remarks were made as to the reasons that led the Government of India to the conclusion that immediate measures of reform were needed :—

"The perusal of the voluminous papers which are now before us, has satisfied us that an immediate reform of Indian weights and measures is urgently required. On this point there is no difference of opinion among all the authorities that have been consulted.

"The existing diversity of weights and measures in this country is a most serious evil, and reform is needed, as observed by our hon'ble colleague, His Excellency the Commander-in-Chief, not only to facilitate and simplify commercial operations, but also as an essential preliminary towards the suppression of the fraudulent practices which are now so common among retail dealers."

The whole of the documents, on the consideration of which the Government of India adopted these views, were published in the *Gazette of India* on the 18th February 1869, and in that collection of papers will be found at length the arguments which led the Governor General in Council to the conclusion that it was not expedient to introduce the weights of Great Britain in India, and that the unit of the metrical system was more suitable, and should be preferred.

It is apparent that the introduction of uniform weights and measures into a country so large as British India, and having a population so little educated, must be a task of much difficulty, and must in practice be spread over a considerable period of time. Every step in the change must be carefully watched, and great freedom of action must be permitted to the Government to prevent serious inconveniences.

The Bill proposes to declare what shall be the new standards and units of weight and length that are eventually to be adopted. The executive Government is to be empowered to frame scales of weights and measures based on these new standards and units, which are to be regarded as the authorized weights and measures of India.

But although the new authorized weights and measures will thus be defined, their use will only be made obligatory by specific orders of the executive Government, and then only under certain limitations.

The use of the new weights and measures may be made obligatory on Government departments, and municipal offices, and railway companies, when the Government is satisfied that proper standards

উক্ত নিয়ম অগৌণে পরিবর্ত্তন করা প্রয়োজন ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে কারণে এই অভিমত হইয়াছে তদ্বিষয়ের নিম্নলিখিত কথা ঐ পত্রের পূর্ব্ব-ভাগে ব্যক্ত করা গিয়াছে। যথা—

"সম্মুখবর্ত্তি বহুল পত্র পাঠ করিলে ভারতবর্ষীয় বাটখারা ও মানযন্ত্র অগৌণে পরিবর্ত্তন করা অত্যাবশ্যক স্থির জ্ঞান হইয়াছে। এই বিষয়ে কর্ত্তৃপক্ষ যত জনের মত গ্রহণ করা গেল সকলের একিমত।

এতদ্দেশে ভিন্ন২ প্রকারের বাটখারা ও মানযন্ত্র থাকাতে অত্যন্ত ক্লেশ হয়, এবং অতি মান্যবর সহকারি মহিমবর প্রধান সেনাপতি সাহেবের কথামতে, বাণিজ্য কার্য্যের আয়াস ন্যূন ও তাহা সুগম করণার্থে মাত্র নয় কিন্তু খুজরাবিক্রেতারদের সাধারণতঃ যে প্রতারণা কার্য্য চলে তাহাও নিবারণের প্রাককালীনকার্য্যস্বরূপ উক্ত নূতন নিয়ম প্রচলিত করা অত্যাবশ্যক।

যে সকল লেখ্য বিবেচনায় ভারতবর্ষের গবর্ণমেণ্ট উক্ত অভিমত স্থির করিলেন তৎসমুদয় ১৮৬৯ সালের ১৮ ফেব্রুআরির ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হইয়াছিল। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব যে কারণে ভারতবর্ষের মধ্যে গ্রেট ব্রিটনের বাটখারা প্রভৃতির ব্যবহার চালান অবিহিত এবং পরিমাণার্থ একি মূলকষ্টি স্বীকার করা অপেক্ষাকৃত উপযুক্ত ও শ্রেয় জ্ঞান করিলেন তাহাও সেই গেজেটে বিস্তারিতরূপে প্রকাশ হইয়াছে।

ব্রিটনীয় ভারতবর্ষ অতি বৃহৎ দেশ ও তন্নিবাসি অধিকাংশ ব্যক্তি সুশিক্ষিত নয়। এমন দেশে একবিধ বাটখারা ও মানযন্ত্র চালান সুকঠিন ও বহুকাল সাধ্য কর্ম্ম, ইহা সকলেই বুঝিতে পারেন। পরিবর্ত্তন কার্য্যের প্রতি পদে২ সতর্ক থাকা প্রয়োজন এবং গুরুতর ক্লেশ না ঘটে এই জন্যে গবর্ণমেণ্টের অত্যন্ত ক্ষমাশীল হইয়া কর্ম্ম করা প্রয়োজন।

তুলামানের ও অঙ্গুলিমানের যে পরিমাণ ও মূলকষ্টি পরিণামে প্রচলিত হইবে এই পাণ্ডুলিপিতে তাহার নির্দ্দেশ হইয়াছে। কর্ম্মসম্পাদনাধিকারি গবর্ণমেণ্ট ঐ নূতন পরিমাণ ও মূলকষ্টি ধরিয়া বাটখারার ও মাপের ধারা নিরূপণ করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন তাহাই ভারতবর্ষের স্বীকৃত বাটখারা ও মানযন্ত্র জ্ঞান হইবে।

কিন্তু স্বীকৃত বাটখারা ও মানযন্ত্র উক্ত প্রকারে নির্ণীত হইলেও যে অবশ্য চলিবে এমত নয় কর্ম্ম-সম্পাদনাধিকারি গবর্ণমেণ্টের স্পষ্ট আজ্ঞা না হইলে চলিবে না। আজ্ঞা হইলেও বিশেষ নিয়মানুসারে প্রচলিত হইবে।

গবর্ণমেণ্টের নানা কর্ম্মবিভাগের ও মুনিসিপাল কার্য্যালয়ের ও রেলওয়ে কোম্পানির ব্যবহারের নিমিত্তে উপযুক্ত বাটখারাপ্রভৃতি পাওয়া গেল গবর্ণমেণ্ট ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে সেই২ কর্ম্মবিভাগে ও





are made available for the use of these departments, offices and companies. Of course it will also be an essential preliminary that the new weights and measures shall be provided for use before any of them are introduced.

For the community generally, no power is taken to make obligatory the use of the new measures, but only of the new weights. Further the general obligatory use of the new weights in any locality can only be required when the Government has been satisfied, after a public local enquiry, that introduction of the new weights is expedient. It will necessarily be an essential point in such an enquiry to ascertain that the locality is furnished with the means of providing the new weights to all persons who will be compelled to use them, and it will therefore be obligatory on the Government to see that a sufficient supply of the new weights is available for sale before the compulsory powers given are carried into effect.

Experience shows that, to ensure proper regularity and accuracy in the weights and measures of any country, a system of verification and inspection is necessary. To carry out these duties, officers are to be appointed, to be termed wardens, and to these only is to be entrusted the power of putting in force the penalties imposed under the new law.

These penalties will only take effect after they have been specially made applicable in any locality. They provide small fines for selling or using the new authorized weights when correct, unless they have been verified, and somewhat higher fines for using incorrect unverified weights of the authorized description, or unauthorized weights after the compulsory use of the new weights has come into operation, as well as for neglecting to submit weights for periodical verification.

Powers are proposed to be given to the Governor General in Council to make rules to regulate various details of administration relating to the system under which weights and measures are verified. Such rules have been universally found to be necessary. In England, they are supplied by a large number of legal enactments, but in other countries it has been thought better to leave such matters to the executive Government, and this course it is proposed to follow for India.

R. STRACHEY.

*The 7th March 1870.*

WHITLEY STOKES,
*Secy. to the Council of the Govr. Genl. for making Laws and Regulations.*

কার্য্যালয়ে ও কোম্পানিতে তাহার অবশ্য ব্যবহার হইবার দৃঢ় আজ্ঞা করিবেন। সুতরাং ঐ নূতন বাটখারার ও মানযন্ত্রের ব্যবহার হইতে পারিবার পূর্ব্বে তাহা প্রস্তুত করা আবশ্যক।

কেবল নূতন বাটখারাভিন্ন নূতন মানযন্ত্র সাধারণ লোকদের মধ্যে প্রচলিত করিবার বিধান করা গেল না। সেই বাটখারাও স্থান বিশেষে প্রচলিত করিবার পূর্ব্বে গবর্ণমেণ্ট যে স্থানে তাহা চালাইতে চাহেন তৎস্থানে অনুসন্ধান লইয়া তাহার চালান বিহিত ইহা নিশ্চিতমতে জ্ঞাত না হইলে তাহার ব্যবহার হইবার আজ্ঞা করিবেন না। যে ব্যক্তিদের প্রতি ঐ বাটখারা ব্যবহার করিবার আজ্ঞা হয় তাঁহারা তাহা পাইতে পারেন কি না, উক্ত অনুসন্ধেয় বিষয়ের মধ্যে ইহা একতর। এবং উক্ত দৃঢ় আজ্ঞা প্রবল করণের পূর্ব্বে লোকেরা প্রয়োজনমতে তাহা ক্রয় করিতে পারেন এই বিষয় গবর্ণমেণ্টের হৃদ্বোধ করা অত্যাবশ্যক।

কোন দেশে নিয়মিত ও প্রকৃতরূপে বাটখারা ও মানযন্ত্র ব্যবহার হয় এই নিমিত্তে নিরূপিত সময়ান্তরে তাহার সমালোচন ও নিশ্চিত করণ আবশ্যক, বহুকালীন কর্ম্মদৃষ্টে ইহা প্রকাশ হইয়াছে। এতদর্থে ওয়ার্ডেন নামে খ্যাত কার্য্যকারকেরা নিযুক্ত হইবেন। এই নূতন ব্যবস্থা দ্বারা যে দণ্ড ধার্য্য হইল কেবল তাঁহারাই তাহা প্রবল করিতে পারিবেন।

স্থানবিশেষ সেই দণ্ড বর্ত্তাইবার স্পষ্ট বিধান হইলে পর বর্ত্তিতে পারিবে নতুবা নয়। স্বীকৃত বাটখারা যথার্থ হইলেও নিশ্চিত করণভিন্ন ব্যবহার কি বিক্রয় করা গেলে তাহার পাঁচ টাকামাত্র লঘু দণ্ড নির্ণয় হইয়াছে। অপ্রকৃত ও অনিশ্চিত বাটখারা স্বীকৃত বাটখারার ন্যায় ব্যবহার হইলে, কিম্বা নূতন বাটখারা ব্যবহার করিবার আজ্ঞা হইলে পর অস্বীকৃত বাটখারা ব্যবহার হইলে, কিম্বা নিরূপিত সময়ান্তরে তাহা নিশ্চিত করণার্থে আনা না গেলে কিঞ্চিদধিক দণ্ড।

উক্ত বাটখারা ও মানযন্ত্র যে নিয়মানুসারে নিশ্চিত করা যাইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ইহার নিরূপণ করিবার বিস্তারিত বিধান করণের ক্ষমতা প্রদত্ত হইয়াছে। সর্ব্ব দেশেই তদ্রূপ বিধান অত্যাবশ্যক জানা গেল। ইঙ্গলণ্ডে ঐ বিধানের পরিবর্ত্তে ভূরি২ আইন হইয়াছে। অন্য২ দেশে কর্ম্ম-সম্পাদনাধিকারি গবর্ণমেণ্টের প্রতি তদ্রূপ কার্য্যার্পণ হইয়া থাকে, ভারতবর্ষেও তাহা করিবার প্রস্তাব হইয়াছে।

আর ষ্ট্রেকি।

১৮৭০ সাল ৭ মার্চ।

উইটলি ষ্টোকস,
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Report of the Select Committee on the Bill to provide for the maintenance and improvement of the Port of Calcutta, together with the Bill as amended by them, is hereby published for general information :—

WE, the select committee appointed to consider the Bill "to provide for the maintenance and improvement of the port of Calcutta," have the honor to report as follows :—

We have altered the title and preamble of the Bill so as to correspond with its real purport.

We have slightly modified some of the definitions.

We have altered the name of the corporation proposed to be created.

We have increased the number of members of the proposed corporation from seven to nine, and have made it imperative to fill up vacancies in the corporation.

We have limited to two years the term of service of members of the corporation, allowing the outgoing members to be re-appointed.

We have transferred from the commissioners to the Lieutenant-Governor the power of nominating the vice-chairman.

We have conferred on the commissioners the power of anticipating the payment of instalments of debt due to the Secretary of State in Council.

We have substituted the vice-chairman for the chairman as the executive officer of the commissioners, and have omitted all provision for payment of salary to the chairman.

We have rejected the power by the Bill conferred on the general public of inspecting the minutes of proceedings of the commissioners.

We have also omitted the clause enabling the Lieutenant-Governor of Bengal to compel the commissioners to record a resolution and giving to such resolution the effect of a resolution of the commissioners.

We have also rejected the clause providing for the daily attendance of the chairman or vice-chairman.

We have omitted all definite provision for the mode in which contracts and agreements by or on behalf of the commissioners are to be authenticated.

We have substituted for the provision requiring the approbation of a complete scheme of works



## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

কলিকাতা বন্দরের ব্যয়পোষণের ও সৌষ্ঠবের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি যে মনোনীত কমিটীর প্রতি অর্পণ করা যায় তাঁহারদের নিম্নলিখিত রিপোর্ট ও সংশোধিত পাণ্ডুলিপি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা বন্দরের ব্যয়পোষণের ও সৌষ্ঠবের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্যে আমরা মনোনীত কমিটীস্বরূপ নিযুক্ত হইয়া নিম্নলিখিত রিপোর্ট করিতেছি।

আইনের নাম ও হেতুবাদ ঐ আইনের প্রকৃত উদ্দেশ্যানুরূপ করণার্থে পরিবর্ত্তন করিয়াছি।

শব্দের অর্থের কোন২ অংশ যৎকিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়াছি।

যে সমবায়িত সমাজ করিবার প্রস্তাব হইয়াছে তাহার নাম পরিবর্ত্তন করিলাম।

সেই সমাজগত ব্যক্তিসংখ্যা সাতহইতে নয়পর্য্যন্ত বৃদ্ধি করিয়াছি এবং সমাজগত কোন ব্যক্তির পদ শূন্য হইলে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবার দৃঢ় বিধান করিয়াছি।

সমাজগত ব্যক্তিদের কর্ম্ম করিবার দুই বৎসরকাল নিরূপণ করিয়া পদত্যাগি ব্যক্তিদের পুনশ্চ নিযুক্ত হইবার বিধান করিয়াছি।

প্রতিনিধি সভাপতিকে মনোনীত করিবার ক্ষমতা কমিশ্যনরদেরহইতে লইয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি অর্পণ করিলাম।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে টাকা পাওনা থাকে কমিশ্যনরদিগকে সেই টাকার কিস্তি অগ্রিম দিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

সভাপতির পরিবর্ত্তে প্রতিনিধি সভাপতিকে কমিশ্যনরদের কার্য্যসম্পাদনার্থ কর্ত্তৃপক্ষস্বরূপ নিযুক্ত করিয়া সভাপতির বেতন পাইবার বিধান ত্যাগ করিয়াছি।

পূর্ব্ব পাণ্ডুলিপিতে সাধারণের প্রতি কমিশ্যনরদের কার্য্যবিবরণের বহী দৃষ্টি করিবার যে ক্ষমতা দেওয়া যায় তাহা ত্যাগ করিয়াছি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিশ্যনরদের দ্বারা বলপূর্ব্বক আপনার নির্দ্ধারণ লিপিবদ্ধ করাইয়া কমিশ্যনরদের নির্দ্ধারণের ন্যায় প্রবল করাইতে সক্ষম হন এই মর্ম্মের ধারা ত্যাগ করিলাম।

সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির প্রতিদিন উপস্থিত হইবার ধারাও ত্যাগ করিয়াছি।

কমিশ্যনরদেরদ্বারা কি তাঁহারদের পক্ষে চুক্তি ও নিয়মপত্রে যেরূপে স্বাক্ষর করিতে হইবে ইহা নির্দ্দিষ্ট করণার্থ বিধান ত্যাগ করিয়াছি।

কার্য্যের সম্পূর্ণ পাণ্ডুলেখ্য অনুমোদন করা প্রয়োজন এই মর্ম্মের বিধানের পরিবর্ত্তে কোন নূতন কার্য্যের



a clause requiring new works to be approved by the Lieutenant-Governor before their commencement.

We have empowered the commissioners to possess steam tugs and to charge for their services.

We have enabled the Lieutenant-Governor of Bengal to exercise control over the yearly estimates.

We have not exempted any class of goods from liability to tolls.

We have enabled the commissioners to remove works of a similar character to their own if made near the port and subsequently included within its limits.

We have provided that tolls for wharves, &c., handed over to the officers of customs shall continue to be paid to the commissioners.

We have introduced clauses making the use of the commissioners' works compulsory upon vessels shipping or discharging cargo.

We have declined to fix a maximum rate of tolls, and have left the amount discretionary with the commissioners, subject to the approbation of the Lieutenant-Governor of Bengal.

We have provided for the imposition of tonnage rates on vessels when it may be necessary to provide for the payment of the sums due to the Secretary of State in Council.

We have exempted the commissioners from liability for losses occasioned by their releasing goods on the authority of a forged instrument if they have used reasonable care.

We have imposed penalties on persons defiling the river bank or the works of the commissioners.

We have made substantive provisions for levying rates, tolls and charges by distress and sale of a defaulting ship and by refusing her port-clearance.

We have omitted the provision giving extraordinary powers to the Government of taking for public purposes property vested in the commissioners.

We have determined the powers of the Calcutta municipality which might conflict with those of the commissioners under this Act.

We have provided for the repeal of former Acts whose provisions are superseded by those of the present Bill.

We have left to the Lieutenant-Governor of Bengal the power of determining the time when the provisions of this Bill shall take effect.

We have not had laid before us information sufficient to enable us to define the liability of



আরম্ভ হইবার পূর্ব্বে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের দ্বারা তাহার অনুমোদন হইবার বিধান করিলাম।

কমিশ্যনরদিগকে ষ্টীম টগ রাখিবার ও তাহার ভাড়া লইবার ক্ষমতা দান করিলাম।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বার্ষিক অনুমান পত্রের উপর কর্ত্তৃত্বক্ষমতা প্রদান করিলাম।

মাস্থলের দায়হইতে কোন প্রকারের মাল মুক্ত করি নাই।

কমিশ্যনরদের নির্ম্মিত কোন বিষয়ের সদৃশ অন্য বিষয় বন্দরের নিকট কোন স্থানে করা গেলে ও পশ্চাৎ সেই স্থানটি বন্দরের সীমার মধ্যে আনা গেলে তাঁহারদিগকে ঐ বিষয় স্থানান্তর করিবার অনুমতি দিলাম।

কষ্টমের কার্য্যকারকদিগকে ওয়ার্ফ প্রভৃতির যে মাস্থল দেওয়া যায় তাহা কমিশ্যনরদের প্রতি দেওয়া যাইতে থাকিবে এই বিধান করিলাম।

মাল গ্রহণ করণ কিম্বা উত্তরাইয়া দেওন সময়ে সকল জাহাজ কমিশ্যনরদের নির্ম্মিত বিষয়ের অবশ্য ব্যবহার করিবেন এই মর্ম্মের নূতন ধারা করিয়াছি।

মাস্থলের উচ্চতম হার নিরূপণ করিতে অনিচ্ছুক হইয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে কমিশ্যনরদের নিজ বিবেচনামতে নিরূপণ করিবার নিয়ম করিয়াছি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য শোধ করিবার বিধান করা আবশ্যক হইলে প্রত্যেক জাহাজে যত টন ধরে তাহার টনপ্রতি মাস্থল ধার্য্য হওয়ার বিধান করিয়াছি।

কমিশ্যনরেরা যুক্তিমতে সতর্ক হইলেও যদি কৃত্রিম নিদর্শনপত্রক্রমে মাল ছাড়িয়া দেন তাহা হইলে তাঁহারদিগকে হানিপূরণের দায় হইতে মুক্ত হইবার বিধান করিলাম।

কোন ব্যক্তি নদীর ধার কিম্বা কমিশ্যনরদের নির্ম্মিত কোন বিষয় ময়লা করিলে তাহার দণ্ড বিধান করিলাম।

জাহাজের মাস্থলাদি বাকী থাকিলে তাহা ক্রোক ও নীলাম করিয়া ও বন্দরহইতে প্রস্থান করিবার অনুমতিপত্র না দিয়া বাকী আদায় করিববার স্থির বিধান করিয়াছি।

কমিশ্যনরদের প্রতি যে সম্পত্তি অর্পিত হইয়াছে রাজকীয় কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্টের তাহা লইবার অতিরিক্ত ক্ষমতা প্রদানের বিধান ত্যাগ করিলাম।

কমিশ্যনরদের ক্ষমতার সঙ্গে কলিকাতার মুনিসিপল কর্ম্মকারকদের যে ক্ষমতার প্রাতিকূল্য হইতে পারে এই আইনে তাহার সীমা নির্ণয় করিলাম।

পাণ্ডুলিপির দ্বারা যেং আইনের বিধান অকর্ম্মণ্য হইয়াছে তাহা রহিত করিবার বিধান করিলাম।

এই আইনের বিধান যে সময়াবধি প্রবল হইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি তাহা নির্ণয় করিবার ক্ষমতা অর্পণ করিলাম।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট কমিশ্যনরদের যত দূর দায় বর্ত্তিতে পারে তাহা নিরূপণ করিবার যথেষ্ট

the commissioners to the Government of India and have therefore not filled up schedules A, and B.

We have made certain formal and verbal amendments, and we recommend that the Bill may be passed as amended after the schedules A and B shall be filled up.

ASHLEY EDEN.
H. H. SUTHERLAND.
F. F. WYMAN.

*The 28th February* 1870.

Mr. Robinson, the other member of the committee, did not sign the report. He was absent from town at the time when it became necessary to sign the report, and had intended to reserve a right to object to some of the provisions.

J. PITT KENNEDY,
*Asstt. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

---

## AMENDED BILL.

*A Bill to provide facilities for the landing and shipment of goods in the Port of Calcutta.*

Preamble.

WHEREAS it is expedient to make further provision for the erection of wharves, jetties, and other appliances for the landing and shipment of goods in the port of Calcutta and for the improvement of the river bank; it is enacted as follows:—

Interpretation.

I. The following words and expressions shall have the meanings hereby assigned to them, unless where a contrary intention shall appear from the context.

"Commissioners."

The words "the commissioners" shall mean "the commissioners of wharves and jetties in the port of Calcutta" hereinafter incorporated.

"Commissioner."

The word "commissioner" shall mean a member of the said corporation.

"Vessel."

The word "vessel" shall include any ship, barge, boat raft, or craft, or any other thing whatever designed or used for the transport upon water of passengers or goods.

"Land."

The word "land" shall include the bed of the river below high-water mark.

"Pier."

The word "pier" shall include a floating pier.

"Wharf."

The word "wharf" shall include any bank of the river which may be improved to facilitate the loading or unloading of goods and any wall adjoining the river.

সন্ধান না পাওয়াতে আমরা A ও B তফসীল পূর্ণ করিতে পারিলাম না।

লিখিবার ধারার ও শব্দের কিঞ্চিৎ পরিবর্ত্তন করিয়াছি। A ও B তফসীল পূর্ণ হইলে পর এই সংশোধিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইবার পরামর্শ দিয়াছি।

আশলি ইডন।
এচ এচ সদরলণ্ড।
এফ এফ ওয়াইমান।

১৮৭০ সাল ২৮ ফেব্রুআরি।

কমিটীর অন্যতর ব্যক্তি শ্রীযুত রাবিনসন সাহেব এই রিপোর্টে স্বাক্ষর করেন নাই। স্বাক্ষর করণ সময়ে তিনি অন্যত্র ছিলেন কিন্তু কএকটি বিধানের বিষয়ে আপত্তি করিবার স্বত্বানুসারে কার্য্য করিতে কল্পনা করিয়াছেন।

"জে পিট কেনিডি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কর্ম্মবিভাগের
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

---

## সংশোধিত পাণ্ডুলিপি।

কলিকাতা বন্দরে জাহাজের মাল তুলিবার ও নামাইবার সুবিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা বন্দরে জাহাজের মাল তুলিবার ও নামাইবার জন্যে ওয়ার্ফ, জেটী প্রভৃতি নিৰ্ম্মাণ করিবার ও নদীর তীর সৌষ্ঠব করিবার আর কএক বিধান করা বিহিত এই হেতুক নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

অর্থের ধারা।

১ ধারা। এই ধারাতে নিম্নলিখিত শব্দের ও কথার যে অর্থ করা গিয়াছে পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব প্রকাশ না হইলে সেই অর্থ ধরিতে হইবে।

'কমিশ্যনরগণ।'

কলিকাতা বন্দরের ওয়ার্ফ ও জেটীর যে কমিশ্যনরেরা এই আইনমতে সমবায়িত হন 'কমিশ্যনরগণ' শব্দে তাঁহারদিগকে বুঝাইবে।

'কমিশ্যনর।'

'কমিশ্যনর' শব্দে উক্ত সমাবায়ের অন্তর্গত কোন ব্যক্তিকে বুঝাইবে।

'জলযান।'

চড়নদারদিগকে কি মাল জলপথে লইবার জন্যে জাহাজ, ভড়, নৌকা, ভেলা, ক্ষুদ্র নৌকাপ্রভৃতি যেং বিষয় নির্ম্মিত হয় কিম্বা যদ্দ্বারা তাহা লইয়া যাওয়া যায় 'জলযান' শব্দে তাহাই বুঝাইবে।

'স্থল।'

জোয়ারের জল যে পর্য্যন্ত আক্রমণ করে নদীর সেই গর্ত্তও 'স্থল' শব্দের মধ্যে গণ্য।

'সেতু।'

'সেতু' শব্দের মধ্যে ভাসমান সেতুও গণ্য।

'ওয়ার্ফ।'

অপেক্ষাকৃত অল্প আয়াসে মালতুলিবার ও নামাইবার নিমিত্তে নদীর তীরের যে অংশের সৌষ্ঠব করা যায় 'ওয়ার্ফ' শব্দের মধ্যে সেই তীর ও নদী সন্নিহিত ভিত্তিও গণ্য।





"Goods."

The word "goods" shall include wares and merchandize of every description.

"Port."

The word "port" shall mean the port of Calcutta.

Power to nominate commissioners.

II. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal at any time after the commencement of this Act, by order published in the *Calcutta Gazette*, to nominate and appoint nine persons to be commissioners of wharves and jetties in the port of Calcutta, and by the same or any other order published in like manner to nominate one of such persons to be chairman and another of such persons to be vice-chairman.

Term of office under Act.

III. Every person who shall be appointed to be a chairman, vice-chairman or commissioner, shall, subject to the provisions hereinafter contained, continue to hold the office to which he shall be appointed for the term of two years, but may at the expiration of such term be re-appointed.

Power to appoint successors.

IV. The Lieutenant-Governor of Bengal, within one month after any person appointed to be a chairman, vice-chairman or commissioner under this Act shall have died or ceased to be such chairman, vice-chairman or commissioner, shall, by an order published in the *Calcutta Gazette*, appoint some other person to be a chairman, vice-chairman or commissioner, as the case may be, in the place or stead of the person so dying or ceasing to be a chairman, vice-chairman or commissioner.

Commissioners to be a corporation.

V. The commissioners of wharves and jetties in the port of Calcutta to be appointed, as hereinbefore provided, and their successors, shall be and they are hereby created a corporation under the name and style of "the commissioners of wharves and jetties in the port of Calcutta," and they shall have a common seal.

Property of commissioners to be applied for purposes of this Act.

VI. All property vested in or acquired by the commissioners under or by virtue of this Act, and all monies raised by or payable to them under or by virtue of this Act, shall be held in trust and be applied, in the first place, for the payment of all sums which from time to time shall be due and payable to the Secretary of State for India in Council, under the provisions of Section VII of this Act or

'মাল।'

'মাল, শব্দের মধ্যে প্রত্যেক প্রকারের দ্রব্য ও বাণিজ্য দ্রব্যও গণ্য।

'বন্দর।'

'বন্দর' শব্দে কলিকাতার বন্দর বুঝাইবে ইতি।

কমিশ্যনরগণকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণদ্বারা কলিকাতা বন্দরের ওয়ার্ফের ও জেটীর কমিশ্যনরস্বরূপ নয় জনকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন, এবং সেই অনুজ্ঞাপত্রে কিম্বা তদ্রূপে প্রকাশিত অন্য অনুজ্ঞাপত্রে উক্ত ব্যক্তিদের মধ্যে এক ব্যক্তিকে সভাপতিপদে ও অন্য ব্যক্তিকে প্রতিনিধি সভাপতিপদে মনোনীত করিতে পারিবেন ইতি।

এই আইনমতে পদস্থ থাকিবার কালের কথা।

৩ ধারা। কোন ব্যক্তি সভাপতি কি প্রতিনিধিসভাপতি কি কমিশ্যনর পদে নিযুক্ত হইলে, যে পদে নিযুক্ত হন এই আইনের পশ্চাৎ লিখিত বিধান অবলম্বন করিয়া দুই বৎসর সেই পদে থাকিবেন। কিন্তু সেই কাল গত হইলে সেই পদে নিযুক্ত হইতে পারিবেন ইতি।

উত্তরপদধারিদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৪ধারা। কোন ব্যক্তি এই আইনমতে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত হওনান্তর মরিলে কিম্বা ঐ সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে না থাকিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এক মাসের মধ্যে কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ঐ মৃত ব্যক্তির কিম্বা সভাপতির কি প্রতিনিধিসভাপতির কি কমিশ্যনরের পদত্যাগি ব্যক্তির স্থানে কি পরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে ঐ সভাপতির কিম্বা বিষয়বিশেষে প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত করিবেন ইতি।

কমিশ্যনরগণের সমবায়িত সমাজ হইবার কথা।

৫ ধারা। কলিকাতা বন্দরের ওয়ার্ফের ও জেটীর যে কমিশ্যনরগণ ইহার পূর্ব্ব বিধানমতে নিযুক্ত হইবেন তাঁহারা ও তাঁহারদের উত্তরপদধারিগণ "কলিকাতা বন্দরের ওয়ার্ফের ও জেটীর কমিশ্যনরগণ" এই নাম ও খ্যাতিক্রমে সমবায়িত সমাজ হইবেন, ও এতৎক্রমে তাঁহারদিগকে সমবায়িত সমাজ করা গেল। ও তাঁহারদের সাধারণ মোহর থাকিবে ইতি।

কমিশ্যনরগণের সম্পত্তি এই আইনের উদ্দেশে প্রয়োগ করিবার কথা।

৬ ধারা। এই আইনক্রমে কি তাহার বলে যত সম্পত্তি কমিশ্যনরগণের প্রতি অর্পিত হয় কি তাঁহারদের দ্বারা প্রাপ্ত হওয়া যায়, এবং এই আইনক্রমে কি তাহার বলে যত টাকা তাঁহারদের দ্বারা তোলা যায় কি তাঁহারদিগকে দাতব্য হয়, তাঁহারা তৎসমুদায় ন্যাসস্বরূপ রাখিয়া এইং কর্ম্মে প্রয়োগ করিবেন। কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থে (ক,) মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট

for monies advanced or applied or to be advanced or applied by or on behalf of the said Secretary of State for India in Council for the improvement of the port of Calcutta, or otherwise under the provisions of Act X of 1866, passed by the Lieutenant-Governor of Bengal in Council, or of this Act, and subject thereto upon trust for the purposes of this Act and not otherwise.

গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ১০ আইনের কিম্বা এই আইনের বিধানানুযায়ি অমা কার্য্যের নিমিত্ত ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকর্ত্তৃক কিম্বা তৎপক্ষে যে টাকা অগ্রিম দেওয়া যায় কি প্রয়োগ হয় কিম্বা দেওয়া যাইবে কি প্রয়োগ হইবে, তদ্ধেতুক ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সময়ে২ যত প্রাপ্য থাকে কিম্বা এই আইনের ৭ ধারার বিধানমতে তাঁহার প্রতি যত দাতব্য হয়, তাহা প্রথমে ঐ টাকাহইতে পরিশোধ করা যাইবে। পরে ঐ সম্পত্তি ও টাকা ন্যস্ত ধনস্বরূপ কেবল এই আইনের কার্য্যে প্রয়োগ হইবে, প্রকারান্তরে নয় ইতি।

VII. There shall be deemed and taken to be due from the commissioners to the Secretary of State for India in Council, immediately upon the passing of this Act, the several sums set forth in Schedule A. to this Act annexed for the lands, works, and matters therein respectively set forth making in the whole the sum of rupees

Amount of debt.

৭ ধারা। এই আইনের A তফসীলে নির্দ্দিষ্ট ভূমির ও কার্য্যের ও বিষয়ের নিমিত্ত ক্রমান্বয়ে যত টাকা নির্ণয় হইয়া মোটে এত টাকা হয় তাহা এই আইন প্রচলিত হওনের সময়াবধি কমিশ্যনরগণের স্থানে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য জ্ঞান হইবে ও প্রাপ্য বলিয়া ধরা যাইবে ইতি।

যত টাকা ঋণ আছে তাহার কথা।

VIII. The said amount shall be repaid by the said commissioners to the said Secretary of State in Council with interest at the rate of 4½ per cent. per annum upon so much as for the time being shall remain due at the time and in the manner in Schedule B. to this Act annexed.

Re-payment of debt.

৮ ধারা। B চিহ্নিত তফসীলে যেং সময় ও যেং নিয়ম অবধারণ হইয়াছে কমিশ্যনরগণ সেইং সময়ে ও সেইং নিয়মে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সেই টাকা শোধ করিবেন, ও যে সময়ে যত টাকা ঋণ থাকে তাহার উপর বৎসর শত করা ৪॥০ টাকার হিসাবে সুদ দিবেন ইতি।

ঋণশোধের কথা।

IX. Notwithstanding the provisions of Section VIII, it shall be lawful for the commissioners, if they think fit, out of any monies which may come to their hands under the provisions of this Act, to repay to the said Secretary of State in Council any sum which for the time being may remain due to him under the provisions of this Act for principal, although the time fixed by the said Schedule B for the re-payment of the same shall not have arrived. Provided always that no such re-payment shall be made of any sum less than rupees ten thousand, nor of any sum not being a multiple of rupees ten thousand, and from and after any such re-payment no further sum as interest shall be payable to the said Secretary of State in Council in respect of the sum which shall have been so re-paid.

Power to re-pay before due date.

৯ ধারা। ৮ ধারার বিধান প্রবল থাকিতেও এই আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যৎকালে যে মূল টাকা পাওনা থাকে উক্ত B তফসীলমতে সেই টাকা দিবার সময় উপস্থিত না হইলেও এই আইনের বিধানমতে যে টাকা কমিশ্যনরদের হস্তগত হয় তাঁহারা বিহিত বোধ করিলে তাহা হইতে ঐ টাকা দিতে পারিবেন। কিন্তু উক্ত প্রকারে এককালে দশ সহস্রের ন্যূন টাকা কিম্বা দশ সহস্রের গুণিতক ভিন্ন দেওয়া যাইবে না ও তদ্রূপে যে টাকা দেওয়া যায় তাহা দিলে পর উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে সেই টাকার সুদ আর দিতে হইবে না ইতি।

দেনার তারিখের পূর্ব্বে টাকা দিবার কথা।

X. The administration of the powers and trusts created and declared by this Act shall, subject to the powers and authorities hereinafter conferred on the Lieutenant-Governor of Bengal, be vested in the commissioners.

The duties of the commissioners.

১০ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ইহার পশ্চাৎ নানা ধারাক্রমে যে শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদধীনে এই আইনমতে সৃষ্ট ও নির্দ্দিষ্ট ক্ষমতা ও ন্যাসসংক্রান্ত কার্য্য নিরূপণের অধিকার কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ইতি।

কমিশ্যনরগণের কর্ত্তব্য কর্ম্মের কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]



XI. No Act or proceeding of the commissioners shall be invalidated or illegal in consequence only of there being a vacancy in the number of the commissioners at the time of doing or executing such act or proceeding. And all proceedings of the commissioners, or of any person acting as a commissioner thereof in the *bonâ fide* belief that he was duly appointed, shall, notwithstanding it be afterwards discovered that there was some defect in the appointment of the commissioner or person acting as aforesaid, be as valid as if every such person had been duly appointed to be a commissioner.

Proceedings not to be invalidated by a vacancy or informality of appointment.

১১ ধারা। কোন কার্য্য কি ব্যাপার করণ কি সম্পাদন সময়ে কমিশ্যনরদের মধ্যে কোন ব্যক্তির পদ শূন্য ছিল ইহা বলিয়া কমিশ্যনরদের সেই কার্য্য কি ব্যাপার অসিদ্ধ কি অব্যবস্থ হইবে না। এবং কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের মধ্যে কমিশ্যনরস্বরূপ কর্ম্মকারি কোন ব্যক্তি উপযুক্তমতে নিযুক্ত হইয়াছেন ইহা প্রকৃত প্রস্তাবে বিশ্বাস করিয়া যে সকল কার্য্য করেন, ঐ কমিশ্যনরদের কিম্বা কমিশ্যনর স্বরূপ কর্ম্মকারি পূর্ব্বোক্ত ব্যক্তির নিয়োগ কার্য্যে পশ্চাৎ কোন দোষ প্রকাশ হইলেও উক্ত প্রত্যেক ব্যক্তির উপযুক্তমতে কমিশ্যনরী পদে নিযুক্ত হওয়ার ন্যায় সেই কার্য্য সিদ্ধ হইবে ইতি।

পদশূন্যতা কিম্বা নিয়োগ কার্য্যের বৈলক্ষণ্যহেতুক কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

XII. Every person who, at any time after his appointment as a commissioner, shall be absent from six consecutive meetings without having the permission in that behalf of the commissioners, or who having such permission shall be absent from the meetings for a period exceeding a year, and every person who at any time after his appointment as a commissioner shall accept or agree to accept any office or place of profit under this Act, except the office of vice-chairman of the commissioners, or who shall participate or agree to participate in the profits of any work done by order of the commissioners, or be concerned or participate in the profits of any contract entered into with the commissioners, shall thenceforth cease to be a commissioner, and his office shall thereupon become vacant; provided always that no commissioner shall vacate his office by reason only of his being a shareholder in any company registered under the provisions of any Act for the registration of joint-stock companies, passed by any Indian legislature or by the Parliament of the United Kingdom, or incorporated by Act of Parliament, Royal charter, or otherwise, with which the commissioners may enter into any contract, or by reason of his being interested in any loan of money to the commissioners.

Disqualification of commissioners.

১২ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরস্বরূপ মনোনীত কি নিযুক্ত হইলে পর কমিশ্যনরদের স্থানে কোন সময়ে অনুপস্থিত হইবার অনুমতি না পাইয়া ক্রমশঃ ছয় মাস সভার অধিবেশনে উপস্থিত না হইলে, কিম্বা অনুমতি পাইয়াও এক বৎসরের অধিককাল উপস্থিত না হইলে, ও কোন ব্যক্তি কমিশ্যনরস্বরূপ নিযুক্ত হইবার পর কোন সময়ে, কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতিপদভিন্ন এই আইন অনুযায়ি কোন পদ কিম্বা লভ্যজনক কর্ম্ম গ্রহণ করিলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে, কিম্বা কমিশ্যনরদের আজ্ঞাপিত কোন কর্ম্ম জন্য লাভের অংশী হইলে কি অংশী হইতে সম্মত হইলে, কিম্বা কমিশ্যনরদের গৃহীত কোন চুক্তি জন্য লাভের সম্পর্কপ্রাপ্ত কি অংশী হইলে, তৎকালাবধি তাঁহার কমিশ্যনর হওয়া রহিত হইবে ও তৎপ্রযুক্ত তাঁহার পদ শূন্য হইবে। কিন্তু জাইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্টরী করণার্থে কমিশ্যনরেরা ভারতবর্ষীয় ব্যবস্থাপক মহোদয়গণের কিম্বা ব্রিটনীয় পারলিমেণ্টের প্রণীত আইনমতে রেজিষ্টরী করা কোম্পানির কিম্বা পারলিমেণ্টের আইন কি রাজকীয় চার্টরদ্বারা কি প্রকারান্তরে সমবায়িত কোম্পানির চুক্তি গ্রহণ করিলে সেই কোম্পানির অংশীমাত্র হওয়া প্রযুক্ত কিম্বা কমিশ্যনরদের প্রতি দত্ত কোন ঋণে সম্পর্ক থাকাপ্রযুক্ত কোন কমিশ্যনরের পদশূন্য হইবে না ইতি।

কমিশ্যনরেরা যাহাতে অযোগ্য হন তাহার কথা।

XIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order under his hand to direct that any chairman or vice-chairman or commissioner named in such order shall cease to be chairman or vice-chairman or commissioner, and thereupon the person so named shall cease to be chairman, vice-chairman or commissioner as in such order may be directed.

Power to remove chairman or commissioner.

১৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্বীয় স্বাক্ষরিত কোন আদেশপত্রক্রমে, ঐ পত্রলিখিত কোন সভাপতি কি প্রতিনিধি সভাপতি কি কমিশ্যনর সেই পদে আর থাকিতে না পান এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে ঐ পত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তিনি সেই আজ্ঞানুসারে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে আর থাকিবেন না ইতি।

সভাপতিকে কিম্বা কমিশ্যনরকে অবসর করিবার ক্ষমতার কথা।

[*Government Gazette, 29th March* 1870.]

*Acting commissioner may be appointed during absence of commissioner.*

XIV. When any commissioner shall depart from Calcutta with an intention of being absent for a longer period than three months, or where any such member shall have been so absent for a period exceeding three months, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint some other person to act in the place and room of such absent commissioner until he shall return to Calcutta, or until he shall cease to be a member.

*Salaries and fees of chairman, vice-chairman, and commissioners.*

XV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by order published in the *Calcutta Gazette*, from time to time, to determine whether any and what salary and allowances shall be paid to the vice-chairman of the commissioners, and whether any, and what fees shall be paid to the chairman and commissioners for attendance at meetings for transaction of the business of the Trust: Provided that in the order directing the fees to be paid as aforesaid, the Lieutenant-Governor of Bengal shall declare the conditions under which such salary, allowances and fees shall be payable.

*Commissioners may appoint committees.*

XVI. The commissioners may from time to time, by resolution passed at a meeting, appoint committees of their number for carrying into effect any part of the provisions of this Act, with such powers and under such instructions, directions or limitations as by such regulation shall be defined, and on any such committee three members shall be a quorum, and the commissioners shall have power to alter or discontinue any such committee.

*Power to make rules regarding the appointment and remuneration of secretary, engineer, &c.*

XVII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal from time to time, by an order published in the *Calcutta Gazette*, to make rules for appointing, suspending, and dismissing such secretaries, engineers, surveyors, collectors, clerks, subordinate officers and servants as he shall think necessary and proper to assist in the execution of this Act, and for their necessary remuneration, and for the suspension or removal of any of such persons and the appointment of others in their place, and for the payment of such allowances to the said persons respectively, or in case of absence on leave, such portion thereof as to him shall seem fit; and from time to time, by an order to be in like manner published, to alter, vary, or revoke any such

*কমিশ্যনরের অনুপস্থানে একটিং কমিশ্যনর নিযুক্ত হইবার কথা।*

১৪ ধারা। কোন কমিশ্যনর তিন মাসের অধিক কাল অন্যত্র থাকিবার মানসে কলিকতাহইতে গমন করিলে, কিম্বা তিন মাসের অধিককাল অনুপস্থিত থাকিলে, তিনি যত কাল কলিকাতায় ফিরিয়া না আইসেন, কিম্বা তাঁহার সেই কমিশ্যনরী কর্ম্ম যত কাল রহিত না হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তত কাল তাঁহার স্থানে ও পরিবর্ত্তে কর্ম্ম করিবার জন্যে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

*সভাপতির ও প্রতিনিধি সভাপতির ও কমিশ্যনরদের বেতনের ও ফীর কথা।*

১৫ ধারা। কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি বেতন ও বৃত্তি পাইবেন কি না ও কত পাইবেন, এবং ন্যস্ত ধনসংক্রান্ত কার্য্য সম্পাদনের সভায় উপস্থিত হইবার জন্যে সভাপতি ও কমিশ্যনরেরা ফী পাইবেন কি না ও কত করিয়া পাইবেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ইহা নিরূপণ করিবেন। পরন্তু পূর্ব্বোক্ত ফী পাইবার আজ্ঞা করিলে সেই বেতন ও বৃত্তি ও ফী যে নিয়মানুসারে দেওয়া যাইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই অনুজ্ঞাপত্রে ইহাও নির্দ্দেশ করিবেন ইতি।

*কমিশ্যনরদের কমিটী নিযুক্ত করিবার কথা।*

১৬ ধারা। কমিশ্যনরেরা অধিবেশন করিয়া নির্দ্ধারণক্রমে আপনারদের মধ্যে কোন ব্যক্তিদিগকে সময়ে২ এই আইনের বিধানের কোন অংশ সফল করিবার জন্যে কমিটীস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। ও সেই নির্দ্ধারণে যেং ক্ষমতা নিরূপণ ও যেং উপদেশ ও বিধি ও সীমা নির্দ্দিষ্ট থাকে ঐ কমিটী সেই২ ক্ষমতা পাইবেন ও সেই২ উপদেশাদিমতে কার্য্য করিবেন। তদ্রূপ কমিটীর অধিবেশনকালে তিন জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারিবে এবং কমিশ্যনরেরা তদ্রূপ কোন কমিটী পরিবর্ত্তন কি রহিত করিতে সক্ষম হইবেন ইতি।

*সেক্রেটারী ইঞ্জিনিয়র প্রভৃতিকে নিযুক্ত করিবার ও তাঁহারদের বেতনাদির বিধি করিবার ক্ষমতার কথা।*

১৭ ধারা। এই আইনের কার্য্য সম্পাদনে সহায়তা করণার্থে সেক্রেটারী ও ইঞ্জিনিয়র ও সরবেয়র ও কালেক্টর ও ক্লার্ক ও অধীন কর্ম্মকারক ও চাকর যত জন আবশ্যক ও বিহিত বোধ হয়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া তাঁহারদের নিযুক্ত ও কিয়ৎকাল কি চিরকাল অবসর করিবার, ও তাঁহারদের প্রয়োজনীয় পারিশ্রমিকের ও তন্মধ্যে কোন ব্যক্তির কর্ম্ম স্থগিত হওয়ার কি তাঁহাকে অবসর করিবার ও তাঁহার পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবার ও সেই ব্যক্তিকে উক্ত পারিশ্রমিক দিবার ও ছুটী গ্রহণ পূর্ব্বক অনুপস্থিত হওনকালে বেতনের যে অংশ পাইবেন এই২ বিষয়ের বিধি করিতে পারিবেন এবং সেইরূপে সময়ে২ অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া উক্ত কোন বিধি





rules, and to substitute others in the place or stead thereof.

*Mode of carrying out such rules.*

XVIII. It shall be lawful for the commissioners at a meeting to pass such orders for carrying out the rules, so to be published by the Lieutenant-Governor of Bengal as they shall think fit.

*Appointment, suspension, and dismissal of superior and subordinate officers and servants.*

XIX. Subject to such rules and orders the commissioners may appoint, suspend or dismiss such superior and subordinate officers and servants as they shall think fit.

*Penalty on officers being interested in contracts.*

XX. No officer or servant of the commissioners shall be in any wise concerned or interested in any contract or work made with, or executed for the commissioners, and if any such officer or servant be so concerned or interested, he shall be incapable of afterwards holding or continuing in any office or employment under the commissioners, and shall forfeit and pay the sum of five hundred rupees, which may be recovered by suit by any person with full costs of suit. Provided that nothing in this section shall apply to any person by reason only of his being a shareholder in any company incorporated by Act of Parliament or by Royal charter or otherwise, or registered under any Act for the registration of joint-stock companies, passed by the Parliament of the United Kingdom or by any Indian legislature which may enter into any contract with the commissioners or execute any work for the commissioners.

*Penalty for accepting illegal gratification.*

XXI. If any person employed under this Act, not being a public servant within the meaning of Section XXI of the Indian Penal Code, shall accept or obtain, or agree to accept or attempt to obtain from any person, for himself or for any other person, any gratification whatever other than legal remuneration as a reward for doing or forbearing to do any official act, or for showing or forbearing to show in the exercise of his official functions, favor or disfavor to any person, or for rendering or attempting to render any service or disservice to any person with the commissioners, or with any public servant or with the government as such, he shall be liable to the same punishment as is in that behalf provided for by the Indian Penal Code in the case of public servants.

পরিবর্ত্তন কি মতান্তর কি ব্যর্থ করিতে ও তৎস্থানে ও পরিবর্ত্তে অন্য বিধি করিতে পারিবেন ইতি।

*উক্ত বিধি সাধন করিবার নিয়মের কথা।*

১৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত যে বিধি প্রকাশ করেন কমিশ্যনরেরা অধিবেশন কালে সেই বিধিমতে কার্য্য হইবার যে বিধান বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

*উপরিস্থ ও অধঃস্থ কর্ম্মকারক ও চাকরদের নিযুক্ত ও অপসৃত হইবার কথা।*

১৯ ধারা। কমিশ্যনরেরা উক্ত আজ্ঞা ও বিধি প্রবল মানিয়া উপরিস্থ ও অধঃস্থ যে কার্য্যকারকদিগকে ও চাকরদিগকে বিহিত বোধ করেন, নিযুক্ত করিতে কিম্বা কিয়ৎ কাল কি চিরকাল কর্ম্মহইতে অবসর করিতে পারিবেন ইতি।

*চুক্তিতে কর্ম্মকারকের সম্পর্ক থাকিলে দণ্ডের কথা।*

২০ ধারা। কমিশ্যনরদের নিমিত্তে কর্ম্ম করিবার যে চুক্তি করা যায় কিম্বা যে কর্ম্ম নির্ব্বাহ হয় সেই চুক্তিতে কি কার্য্যে কমিশ্যনরদের কর্ম্মকারকের কি চাকরের কোন প্রকারের সম্পর্ক কি স্বার্থ থাকিবে না। উক্ত কোন কর্ম্মকারকের কি চাকরের তদ্রূপ সম্পর্ক কি স্বার্থ থাকিলে তিনি তৎপরে কমিশ্যনরদের অধীন কোন পদ কি কর্ম্ম করিতে ও কোন পদে কি কর্ম্মে থাকিতে পারিবেন না ও তাঁহার পাঁচ শত টাকা দণ্ড দিতে হইবে। যে কোন ব্যক্তি মোকদ্দমা করিয়া সম্পূর্ণ খরচা সমেত ঐ টাকা আদায় করিতে পারিবেন। কিন্তু পারলিমেন্টের আইন দ্বারা কি রাজকীয় চার্টর দ্বারা কি প্রকারান্তরে যে কোম্পানি সমবায়িত হয় কিম্বা জাইন্ট ষ্টাক কোম্পানির রেজিষ্টরী করণ বিষয়ক পারলিমেন্টের আইন কিম্বা ভারতবর্ষীয় ব্যবস্থাপকগণের আইনক্রমে যে কোম্পানি রেজিষ্টরী হয় সেই কোম্পানি কমিশ্যনরদের সঙ্গে কোন চুক্তি করিলে কিম্বা কমিশ্যনরদের নিমিত্তে কোন কার্য্য সম্পাদন করিলে, উক্ত কোন ব্যক্তি সেই কোম্পানির অংশী আছেন এইমাত্র কারণে এই ধারার কোন কথ তাঁহার প্রতি বর্ত্তিবে না ইতি।

*অবৈধ পারিতোষিক গ্রহণের দণ্ডের কথা।*

২১ ধারা। এই আইনমতে কর্ম্ম প্রাপ্ত কোন ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার অর্থমতে রাজকীয় কার্য্যকারক না হইয়া, আপন পদ সংক্রান্ত কোন কর্ম্ম করিবার কিম্বা করিতে ত্রুটি করিবার অথবা আপন পদসংক্রান্ত কার্য্য সম্পাদনক্রমে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ করিবার কিম্বা করিতে ত্রুটি করিবার অথবা কমিশ্যনরদের নিকটে কিম্বা রাজকীয় কোন কার্য্যকারকের কিম্বা গবর্ণমেন্টের পদ সম্পর্কে ঐ কার্য্যকারকের কি গবর্ণমেন্টের নিকটে কোন ব্যক্তির সপক্ষে কিম্বা বিপক্ষে কোন কর্ম্ম করিবার কি করিতে উদ্যোগ করিবার নিমিত্তে কোন কাহার স্থানে বৈধ পারিশ্রমিকভিন্ন আপনার কি অন্য কাহার জন্যে কোন পারিতোষিক গ্রহণ করিলে কি পাইলে, কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কি পাইবার উদ্যোগ করিলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে রাজকীয় কার্য্যকারকদের তদ্রূপ কর্ম্মের যে দণ্ড অবধারিত হয়, তাহারও সেই দণ্ড হইতে পারিবে ইতি।

XXII. It shall be lawful for the commissioners at a meeting to grant, with the sanction of the Lieutenant-Governor of Bengal, such leave of absence to the vice-chairman of the commissioners, and to make such arrangements for carrying on the duties of his office during his absence on leave, as shall to them seem proper. Any person appointed under this section to act for any vice-chairman shall, while so acting, have all the powers and be liable to all the restrictions and limitations which the vice-chairman would under this Act have and be liable to. In any case in which leave of absence to any vice-chairman shall be granted as aforesaid, the commissioners, at a meeting, may, with the sanction of the Lieutenant-Governor of Bengal, order to be paid to such vice-chairman such allowance during absence on leave as shall to them seem proper, and such allowance shall be paid accordingly unless and until the commissioners at a meeting shall otherwise direct.

Leave of absence may be granted to vice-chairman.

XXIII. No greater expenditure shall be in any case incurred in the whole by reason of any allowance paid upon the absence on leave of the vice-chairman or any other officer or servant of the commissioners, than would have been incurred had no leave been granted.

Expenditure not to be increased by leave allowances.

XXIV. The commissioners shall meet for the transaction of business once at least in every fortnight. Such meeting shall be held upon such day and at such hour as the commissioners shall from time to time determine. At every meeting of the commissioners four members shall constitute a quorum.

Meetings of commissioners.

XXV. The chairman or, in his absence, the vice-chairman of the commissioners, may, whenever he thinks fit, and shall, upon request made in writing by three members of the commissioners or two members of any committee, call an emergent meeting of the said commissioners or committee as the case may be.

Emergent meetings may be called.

XXVI. The vice-chairman of the commissioners shall attend all meetings of the commissioners held under this Act, unless prevented by sickness or other reasonable cause, and the chairman or, in his absence, the vice-chairman, shall preside at every such meeting, and shall have a second or casting vote in all cases of equality of votes. In the absence of both the chairman and the vice-chairman, the

Who shall preside at meetings.

২২ ধারা। কমিশ্যনরেরা অধিবেশন করিয়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতিকে যত কালের ছুটী দেওয়া বিহিত বোধ করেন দিতে পারিবেন, ও ছুটী প্রযুক্ত তাঁহার অনুপস্থানকালে তাঁহার পদের কর্ম্ম চালাইবার যে নিয়ম বিহিত বোধ করেন করিতে পারিবেন। এই ধারামতে কোন ব্যক্তি প্রতিনিধি সভাপতির স্থলে কর্ম্ম করিতে নিযুক্ত হইলে, এই আইনমতে ঐ প্রতিনিধি সভাপতির যে সকল ক্ষমতা থাকে ও তাঁহার প্রতি যে সকল নিষেধ ও সীমা বর্ত্তে, তাঁহার স্থলে কর্ম্ম করণ কালে তাঁহারও প্রতি বর্ত্তিবে। পূর্ব্বোক্তমতে প্রতিনিধি সভাপতিকে ছুটী দেওয়া গেলে, কমিশ্যনরেরা অধিবেশন কালে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে সেই প্রতিনিধি সভাপতির অনুপস্থানকালে যে বৃত্তি পাওয়া বিহিত বোধ করেন তাহার আজ্ঞা দিতে পারিবেন। ও কমিশ্যনরেরা অধিবেশন কালে প্রকারান্তরের আজ্ঞা না করিলে তদনুসারে বৃত্তি দেওয়া যাইবে ইতি।

প্রতিনিধি সভাপতির ছুটীর কথা।

২৩ ধারা। কিন্তু ছুটী না দেওয়া গেলে মোটে যত খরচ হইয়া থাকে, উক্ত বৃত্তিদানদ্বারা কিম্বা কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির কিম্বা কোন কর্ম্মকারকের কি চাকরের ছুটীকালে তাঁহার প্রতি কোন বৃত্তিদানদ্বারা তদধিক খরচ না হয় ইতি।

ছুটীকালীন বৃত্তি দ্বারা খরচ বৃদ্ধি না হইবার কথা।

২৪ ধারা। কমিশ্যনরেরা কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে দুই সপ্তাহান্তর ন্যূনকল্পে একবার অধিবেশন করিবেন। কমিশ্যনরের যে দিন ও যে ঘণ্টা নিরূপণ করেন সেই দিনে সেই ঘণ্টায় অধিবেশন হইবে। অধিবেশন কালে চারি জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে ইতি।

কমিশ্যনরদের সভার কথা।

২৫ ধারা। কমিশ্যনরদের সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যখন বিহিত বোধ করেন তখন, এবং কমিশ্যনরদের মধ্যে তিন জনের ও কোন কমিটির দুই জনের আদেশ পাইলেই তিনি উক্ত কমিশ্যনরদের কিম্বা বিষয়বিশেষে ঐ কমিটীর অত্যন্ত প্রয়োজনীয় অধিবেশনে তাঁহারদিগকে আহ্বান করিবেন ইতি।

অত্যাবশ্যক স্থলে সভা হইবার কথা।

২৬ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের যে সকল অধিবেশন হয়, কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি পীড়াপ্রযুক্ত কি উপযুক্ত অন্য কারণে অসমর্থ না হইলে উপস্থিত হইবেন। তদ্রূপ প্রত্যেক অধিবেশন কালে সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন, এবং উপস্থিত কোন বিষয়ে তুল্য সংখ্যক ব্যক্তিদের পরস্পর বিপক্ষ মত হইলে তাঁহার মত প্রবল হইবে। সভাপতি ও প্রতিনিধি সভাপতি

সভায় সভাপতি কে হইবেন তাহার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]



commissioners present at any meeting may choose one of their number to preside. The president of any meeting at which a quorum of the commissioners shall be present, may, with the consent of the meeting, adjourn the meeting from time to time and from place to place.

XXVII. Minutes of the proceedings of all meetings of the commissioners under this Act shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose, and shall be signed by the president after each meeting; and the said minutes shall at all reasonable times be open at the office of the commissioners to the inspection of any commissioner without charge.

Minutes of proceedings of commissioners to be kept and to be open for inspection.

XXVIII. If a poll be taken at any meeting of the commissioners, the votes of the commissioners present shall be taken by the president, and the resolution supported by the greater number of votes given at such poll shall be deemed to be the resolution of the commissioners at such meeting.

Poll how to be taken.

XXIX. A copy of every resolution of the commissioners shall, as soon as conveniently may be, be transmitted to the Lieutenant-Governor of Bengal, and the said Lieutenant-Governor may, if he think fit, disallow any such resolution, and by an order in writing notify such disallowance to the commissioners, and from the date of such notification such resolution shall cease to have force or effect.

Lieutenant-Governor may disallow resolution passed by commissioners.

XXX. All the powers, authorities and duties in and by this Act conferred or imposed upon the commissioners may be exercised and performed by the vice-chairman, save the powers, authorities and duties by this Act or by any rule, bye-law or order made under the provisions of this Act conferred or imposed on or restricted to the commissioners at a meeting.

Chairman may exercise certain powers of commissioners.

XXXI. The commissioners shall, for the purposes of this Act, have power to acquire and hold immoveable or moveable property, whether within or without the limits of the port, by conveyance, gift, lease, assignment or sale from the Governor General in Council, or the Lieutenant-

Powers of the commissioners as to property.

[*Government Gazette, 29th March 1870.*]

উভয়ে না থাকিলে যে কমিশ্যনরেরা অধিবেশনে উপস্থিত হন তাঁহারা আধিপত্য করিবার জন্যে আপনারদের মধ্যহইতে এক ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। যত জন কমিশ্যনরের উপস্থানে সভার কার্য্য চলিতে পারিবে তাঁহারদের অধিবেশন কালে যিনি সভাপতি হন, তিনি সেই সময়ে সেই স্থানে কার্য্য স্থগিত করিয়া অন্য স্থান ও সময় নিরূপণ করিতে পারিবেন ইতি।

২৭ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের সভার সকল অধিবেশন কালে যে কার্য্য করা যায় তাহার মিনিট অর্থাৎ বিবরণের সার লিখিয়া রাখিতে হইবে। তাহা লিখিবার বহী থাকিবে, তন্মধ্যে পরিষ্কাররূপে লেখা যাইবে ও অধিবেশনের পরে সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। এবং কোন কমিশ্যনর বিনাব্যয়ে উপযুক্ত সকল সময়ে কমিশ্যনরদের কার্য্যালয়ে সেই বহীর লিখিত বিবরণ দৃষ্টি করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের কার্য্যবিবরণ পুস্তক রাখিবার ও সকলের তাহা দেখিতে পারিবার কথা।

২৮ ধারা। কমিশ্যনরদের সভার অধিবেশন কালে বিশেষ মতবাদী লোকদের পরিসংখ্যা গ্রহণ করিতে হইলে, সভাপতি উপস্থিত প্রত্যেক কমিশ্যনরের মত গ্রহণ করিবেন। এবং উক্ত পরিসংখ্যা গ্রহণ কালে অধিকাংশ ব্যক্তির মতদ্বারা যে নির্দ্ধারণ প্রতিপোষিত হয়, তাহা সেই অধিবেশনাগত কমিশ্যনরদের নির্দ্ধারণ বলিয়া জ্ঞান হইবে ইতি।

পরিসংখ্যা গ্রহণের কথা।

২৯ ধারা। কমিশ্যনরদের প্রত্যেক নির্দ্ধারণের প্রতিলিপি সুবিধামতে ত্বরায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে পাঠান যাইবে। তিনি উপযুক্ত বোধ করিলে তদ্রূপ কোন নির্দ্ধারণ অগ্রাহ্য করিতে পারিবেন এবং লিখিত অনুজ্ঞাপত্রদ্বারা কমিশ্যনরদিগকে সেই অগ্রাহ্য হওয়ার কথা জানাইবেন। ও ঐ নির্দ্ধারণ সেই অনুজ্ঞাপত্রের তারিখঅবধি বলহীন ও ফলহীন হইবে ইতি।

কমিশ্যনরদের প্রণীত নির্দ্ধারণ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অগ্রাহ্য হইতে পারিবার কথা।

৩০ ধারা। এই আইনের মধ্যে ও এই আইনদ্বারা কমিশ্যনরদের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা ও যেং কর্ম্ম অর্পিত হইয়াছে, প্রতিনিধি সভাপতি সেই সকল শক্তি ও ক্ষমতাক্রমে সেইং কর্ম্ম করিতে পারিবেন। কিন্তু এই আইনক্রমে কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধি কি উপবিধি কি আজ্ঞাক্রমে কেবল অধিবিষ্ট কমিশ্যনরদের যে শক্তি ও ক্ষমতা ও যেং কর্ম্ম অর্পিত হয় সভাপতি সেইং ক্ষমতামতে কর্ম্ম করিবেন না ইতি।

কমিশ্যনরদের কোনং ক্ষমতামতে সভাপতির কার্য্য করিবার কথা।

৩১ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে কমিশ্যনরেরা ভারতবর্ষের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পক্ষে কিম্বা কোন সমবায়িত সমাজের, কি রেজিষ্টরী করা কোন জাইণ্ট ষ্টাক কোম্পানির কি সাধারণ ব্যক্তির পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের

সম্পত্তিবিষয়ে কমিশ্যনরদের ক্ষমতার কথা।

Governor of Bengal, on behalf of the Secretary of State for India in Council, or any corporate body, or any registered joint-stock company or private person, and they shall also have power at a meeting to lease or sell any moveable or immoveable property which may have become vested in or been acquired by them but which is no longer required for the purposes of this Act. Provided always that no such sale or other alienation or lease of any immoveable property for any estate or interest exceeding the term of ten years shall be valid unless the sanction of the Lieutenant-Governor of Bengal to such sale, alienation or lease shall be first had.

Property vested by Act IV. of 1869 in Secretary of State to vest in commissioners.

XXXII. All property which under and by virtue of Act IV of 1869 passed by the Lieutenant-Governor of Bengal in Council became vested in the Secretary of State for India in Council shall, from and after the time when this Act shall come into operation, be, and the same is hereby vested in the commissioners subject as in the said Act IV. of 1869 is mentioned.

Commissioners not authorized to demise, &c., tolls and rates without sanction of Lieutenant-Governor.

XXXIII. It shall not be lawful for the commissioners to demise, farm, sell or alienate any power which by or under this Act may become vested in them of levying tolls, fees, wharfage or rent, rates or charges unless the assent in writing of the said Lieutenant-Governor of Bengal to such demise, farm, sale or alienation shall have been first had and obtained.

Power to contract.

XXXIV. The commissioners at a meeting may enter into contracts with any body, corporate, registered joint-stock company, or private person, for the execution or supply by them or him of any works, labor, materials, machines, stores, or for other matters necessary for carrying into effect the trusts and purposes of this Act. Provided always that no contract under or by virtue of which a sum greater than twenty thousand rupees, may in any event be payable by the commissioners shall be valid without the assent in writing of the Lieutenant-Governor of Bengal.

Works to be sanctioned by Lieutenant-Governor of Bengal.

XXXV. No new work shall be commenced by the commissioners, nor shall any contract be entered into by the commissioners in respect of any new work until a plan and estimate of such work shall have been determined on and approved by the commissioners at a meeting and shall have been thereafter submitted to the Lieutenant-Governor of Bengal and sanctioned by him

কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে হস্তান্তরকরণপত্র কি দানপত্র কি পাট্টা কি অর্পণপত্র কি বিক্রয়পত্রদ্বারা বন্দরের সীমার অন্তর্গত কি বহির্ভূত স্থাবর কি অস্থাবর সম্পত্তি প্রাপ্ত হইতে ও রাখিতে পারিবেন, এবং তাঁহারদের প্রতি অর্পিত কি তাঁহারদের প্রাপ্ত যে স্থাবর সম্পত্তিতে এই আইনের কার্য্যের নিমিত্তে আর প্রয়োজন না থাকে তাঁহারা অধিবেশন কালে তাহারও পাট্টা দিতে কি বিক্রয় করিতে পারিবেন। কিন্তু দশ বৎসরের অধিক কালের নিমিত্ত স্থাবর সম্পত্তির যে বিক্রয় কি অন্য হস্তান্তরকরণ কার্য্য হয় কি যে পাট্টা দেওয়া যায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন তাহা সিদ্ধ হইবে না ইতি।

১৮৬৯ সালের ৪ আইন দ্বারা যে সম্পত্তি ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তে তাহাই কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।

৩২ ধারা। বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৯ সালের ৪ আইনদ্বারা যে সকল সম্পত্তি ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি অর্পণ করা যায়, এই আইন প্রচলিত হইবার সময়াবধি ১৮৬৯ সালের উক্ত ৪ আইনের বিধান বলবৎ মানিয়া সেই সম্পত্তি কমিশ্যনরদের প্রতি অর্পিত হইবে ও এতৎক্রমে অর্পণ করা গেল ইতি।

লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন কমিশ্যনরদের মাস্থল কি রেট ইজারা প্রভৃতি দিবার ক্ষমতা না থাকার কথা।

৩৩ ধারা। এই আইনদ্বারা কি তৎক্রমে কমিশ্যনরদের প্রতি শুল্ক ও ফী ও ঘাট মাস্থল ও খাজানা ও রেট ও দাবী আদায় করিবার যে ক্ষমতা অর্পিত হয়, বঙ্গদেশের উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন তাঁহারা সেই ক্ষমতা অন্যের প্রতি সমর্পণ করিতে কি ইজারা দিতে কি বিক্রয় কি হস্তান্তর করিতে সক্ষম হইবেন না ইতি।

চুক্তি করিবার ক্ষমতার কথা।

৩৪ ধারা। এই আইনসংক্রান্ত ন্যাসভার ও অভিপ্রায় সম্পর্কীয় কার্য্য সম্পন্ন করিবার জন্যে যে কোন বিষয় নির্ম্মাণ করা ও যে খাটনী ও সরঞ্জাম ও কল ও দ্রব্য প্রভৃতি আবশ্যক হয়, কমিশ্যনরেরা অধিবেশন কালে কোন সমবায়িত সমাজের কিম্বা রেজিস্টরী জাইণ্ট ষ্টাক কোম্পানির কিম্বা সাধারণ ব্যক্তির স্থানে সেই কর্ম্ম সম্পাদন করিবার কিম্বা সেই২ দ্রব্যাদি যোগাইবার চুক্তি লইতে পারিবেন। কিন্তু যে কোন চুক্তিক্রমে কমিশ্যনরদের ২০ সহস্র টাকার অধিক দিতে হয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতিভিন্ন সেই চুক্তি সিদ্ধ হইবে না ইতি।

কার্য্যের নিমিত্তে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতির প্রয়োজনের কথা।

৩৫ ধারা। কোন নূতন কার্য্য করিবার কল্পনা থাকিলে, তাহার নকশা ও খরচের অনুমানপত্র নির্ণীত হইয়া কমিশ্যনরদের অধিবেশনকালে অনুমোদিত হইলে, পরে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে উপস্থিত করিতে হইবে, ও তিনি কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া তাহা অনুমোদন না করিলে, কমিশ্যনরেরা





in an order published in the *Calcutta Gazette*, and in case the estimated cost of any such new work shall exceed two lakhs of rupees, the said Lieutenant-Governor shall not sanction the same until such plan and estimate shall have been submitted to the Governor General of India in Council and approved by him.

Commissioners may compound for breach of contract, &c.

XXXVI. It shall be lawful for the commissioners, at a meeting, to compound or compromise for or in respect of any claim or demand arising out of any contract entered into by them under the authority of this Act, or in respect of any action or suit instituted by or against them for such sum of money or other compensation as they shall deem sufficient.

Acquisition of land.

XXXVII. When the commissioners are unable to acquire by agreement any land or building required for the purposes of this Act, the Lieutenant-Governor of Bengal in his discretion may declare that the land or building is needed for a public purpose, and may order proceedings for obtaining possession of the same for Government, and for determining the compensation to be paid to the parties interested, according to any law in force for the acquisition of land for public purposes. Such land or building when acquired shall be conveyed to the commissioners on their paying the compensation awarded and all costs connected therewith.

General nature of the works under this Act.

XXXVIII. The works to be constructed and carried out by the commissioners under the provisions of this Act may include:—

(1.)—Wharves, quays, stages, jetties, and piers within the port, with all necessary and convenient arches, drains, landing places, stairs, fences and approaches.

(2.)—Tramways, warehouses, sheds, engines and other appliances for the conveying, receiving and storing of goods and merchandize landed or to be shipped.

(3.)—Laying down moorings for carrying out the purposes of this Act and the erection of cranes, scales, and all other necessary means and appliances for loading and unloading vessels.

(4.)—Reclaiming, enclosing and raising any part of the river bank or of the river bed within the port which may be necessary for the execu-

সেই কার্য্য আরম্ভ করিবেন না, ও তদ্বিষয়ের কোন চুক্তি করিবেন না। সেই নূতন কার্য্যে অনুমান দুই লক্ষ টাকার অধিক ব্যয়ের সম্ভাবনা থাকিলে সেই নকশা ও অনুমানপত্র মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সমীপে অর্পিত হইয়া তৎকর্ত্তৃক অনুমোদিত না হইলে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহার অনুমতি দিবেন না ইতি।

চুক্তিভঙ্গপ্রভৃতি হইলে কমিশ্যনরদের ফুরণ করিবার ক্ষমতার কথা।

৩৬ ধারা। কমিশ্যনরেরা এই আইনঅনুসারে কোন চুক্তি গ্রহণ করিলে পর যদি তৎসম্পর্কে তাঁহারদের কোন দাওয়া কি দাবী উত্থাপন হয়, কিম্বা তাঁহারা যত টাকা কিম্বা যে হানিপুরণ যথোচিত বোধ করেন তদ্ধেতুক যদি তাঁহারদের দ্বারা কি তাঁহারদের নামে কোন নালিশ কি মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে তাঁহারা সভার অধিবেশনকালে ঐ দাওয়ার নিমিত্তে কি তৎসম্পর্কে ফুরণ করিয়া টাকা লইতে কি দিতে পারিবেন ইতি।

ভূমি গ্রহণের কথা।

৩৭ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে কোন ভূমি কি গৃহাদির আবশ্যক হইলেও কমিশ্যনরেরা আপোসে তাহা পাইতে না পারিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উচিত বোধ করিলে রাজকীয় কার্য্যের নিমিত্তে ঐ ভূম্যাদি আবশ্যক বলিয়া রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণ করিবার যে আইন যে সময়ে চলন থাকে তদনুসারে গবর্ণমেণ্টের নিমিত্তে ঐ ভূম্যাদি গ্রহণ করিবার, ও তাহাতে যাঁহারদের স্বার্থ থাকে তাঁহারদের হানিপূরণ করিবার যথাবিহিত কার্য্যের আজ্ঞা করিবেন। কমিশ্যনরেরা অবধারিত হানিপূরণের টাকা ও তৎসংক্রান্ত সমস্ত খরচ দিলে সেই ভূমি কি গৃহাদি গৃহীত হইয়া তাঁহারদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে ইতি।

এই আইনমত কার্য্যের সাধারণ ভাবের কথা।

৩৮ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানানুযায়ি যে২ বিষয়ের গঠনাদি করিতে ও যে২ নিয়ম সাধন করিতে পারিবেন, তন্মধ্যে নিম্নলিখিত বিষয় গণ্য।

(১) বন্দরের মধ্যে ওয়ার্ফ, মাল তোলা পোস্তা, ষ্টেজ অর্থাৎ মঞ্চ, জেটী ও পিয়র অর্থাৎ সেতু এবং প্রয়োজনীয় ও সুবিধাজনক খিলান ও নর্দ্দমা ও উত্তরিবার স্থান ও সিঁড়ি ও বেড়া ও যাইবার পথ।

২। যে মাল ও বণিকদ্রব্য জাহাজহইতে নামান যায় কি জাহাজে তুলিতে হইবে তাহা চালান কি গ্রহণ কি রক্ষা করণার্থ ট্রামওয়ে, ও গুদামঘর, ও শেড্ ও অন্য উপকরণ ও কল।

৩। এই আইনের কার্য্য সফল করিবার নিমিত্তে জাহাজ বাঁধিবার বয়া স্থাপন, এবং ক্রেন অর্থাৎ মাল তুলিবার যন্ত্র ও কাঁটা এবং জাহাজে দ্রব্য তুলিবার কি জাহাজহইতে নামাইবার জন্যে আবশ্যক সকল উপায় ও উপকরণ।

৪। এই আইনেতে যে২ বিষয় সম্পাদন করিবার অনুমতি হয় তাহার আবশ্যকপ্রযুক্ত কিম্বা এই আইনের উদ্দেশ্য প্রকারান্তরে সফল করিবার জন্যে বন্দ-

tion of the works authorized by this Act, or otherwise for the purposes of this Act.

(5.)—The construction and application of dredges, and other machines for cleaning, deepening and improving the river bed within the port.

(6.)—The construction of such works without the limits of the port as shall be necessary for the protection of works executed under this Act, and all such other works and appliances as may in the opinion of the commissioners at a meeting be necessary for carrying out the purposes of this Act.

Power to procure and charge for steam tugs.

XXXIX. It shall be lawful for the commissioners at a meeting to provide or procure such steam vessels as they may think fit, and to employ the same or any of them in towing vessels into, out of, in or upon the river Hooghly or in the port, and to make such charges for towage by the said steam vessels as they may deem expedient.

Money to be raised for works.

XL. In case the Lieutenant-Governor of Bengal shall by an order published in the *Calcutta Gazette*, so direct, it shall be lawful for the commissioners from time to time to raise money for the estimated cost of any works or arrangements sanctioned by him to such extent and as he may from time to time direct.

Mode of raising such money.

XLI. Such money shall be raised in such way as the Lieutenant-Governor of Bengal shall by any rules or orders to be by him from time to time published in the *Calcutta Gazette*, with the sanction of the Governor General of India in Council, direct and appoint.

Money raised on debentures to be a first charge on property and rates.

XLII. In case such money shall be advanced on debentures bearing interest, such interest shall, subject to the provisions of Section VI, be a first charge on all property acquired by the commissioners under or by virtue of this Act, and on all tolls, duties, rates and charges leviable under this Act.

Application of funds raised.

XLIII. All the moneys so to be raised shall be applied by the commissioners in the acquisition of immoveable and moveable property, the payment of salaries, fees, and expenses, and of interest, and of the cost of works and erections necessary or expedient for carrying out the purposes of this Act.



রের মধ্যে নদীর তীরের কি গাভার কোন স্থানের পুনঃপ্রাপণ ও বেষ্টন ও উচ্চ করণ।

(৫) ড্রেজ অর্থাৎ নদীর বালিচর কাটিবার যন্ত্র এবং উক্ত সীমার মধ্যে নদীর গাভা পরিষ্কার ও উত্তম করিবার অন্য যন্ত্র নির্ম্মাণ করণ ও তদ্দ্বারা কর্ম্ম চালাওন।

(৬) এই আইনমতে যে কার্য্য করা যায় তাহার সুরক্ষার জন্যে ঐ বন্দরের সীমার বহির্ভূত স্থানে যে২ বিষয় গঠনাদি করা আবশ্যক সেই২ বিষয় এবং কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া এই আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে অন্য যে কার্য্য ও উপকরণাদি আবশ্যক বোধ করেন তাহার করণ ইতি।

ষ্টীমটগ নিরূপণ করিয়া তাহা ভাড়া দিবার ক্ষমতার কথা।

৩৯ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া যত খানি ষ্টীমপোত আপনারদের কর্ম্মের উপযুক্ত বোধ করেন তাহার বিধান করিয়া কিম্বা তাহা ক্রয় করিয়া হুগলী-নদীতে কিম্বা বন্দরে জাহাজ আকর্ষণ করিয়া সমুদ্রে লইবার কি তথাহইতে আনিবার কার্য্যে উক্ত সকল কিম্বা তন্মধ্যে কোন ষ্টীমপোত ব্যবহার করিতে ও তদ্দ্বারা জাহাজ আকৃষ্ট হওয়ার যে ফী বিহিত বোধ করেন তাহার দাবী করিতে পারিবেন ইতি।

উক্ত কার্য্যের নিমিত্তে টাকা তুলিবার কথা।

৪০ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করণপূর্ব্বক আজ্ঞা করিলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যত দূর অনুমোদন করিয়া আজ্ঞা করেন কমিশ্যনরেরা সময়ে২ ঐপ্রস্তাবিত কার্য্যের ও নিয়মের আনুমানিক ব্যয়ের নিমিত্তে তত টাকা তুলিতে পারিবেন ইতি।

ঐ টাকা তুলিবার নিয়মের কথা।

৪১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে সময়ে২ কলিকাতা গেজেটে বিধি কি আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক যে নিয়ম আদেশ ও নিরূপণ করেন সেই নিয়মমতে ঐ টাকা তোলা যাইবে ইতি।

ঋণগ্রহণপত্রক্রমে যে টাকা তোলা যায় সম্পত্তির ও রেটের উপর প্রথমে তাহা শোধ করিবার দায় বর্ত্তিবার কথা।

৪২ ধারা। সুদ দিবার নিয়মের ঋণগ্রহণপত্রক্রমে ঐ টাকা অগ্রিম পাওয়া গেলে, ৬ ধারার বিধান প্রবল মানিয়া এই আইনক্রমে কি তাহার বলে কমিশ্যনরদের প্রাপ্ত সকল সম্পত্তিহইতে এবং এই আইনদ্বারা যে সকল মাসুল ও শুল্ক ও টাকুস ও দাবী আদায় করা যাইতে পারে, তাহার উপর প্রথমে ঐ সুদের দায় বর্ত্তিবে ইতি।

যে টাকা তোলা যায় তাহার প্রয়োগের কথা।

৪৩ ধারা। উক্ত প্রকারে যত টাকা তোলা যায়, কমিশ্যনরেরা তাহা লইয়া স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয় করিবেন, এবং বেতন ও ফী ও খরচ ও সুদ দিবেন এবং এই আইনের উদ্দেশ্য সাধন করণার্থে প্রয়োজনীয় ও যথাবিহিত কার্য্যের ও গাঁথনির খরচ দিবেন ইতি।



Application of surplus income.

XLIV. Whenever the half-yearly accounts hereinafter directed to be laid before the Lieutenant-Governor of Bengal shall show a surplus for the half year of income over expenditure, such surplus, or so much thereof as the said Lieutenant-Governor shall think fit, shall be applied by the commissioners in paying off any of the debentures issued under this Act, the principal sum due in respect whereof may be then payable, or any part of the debt due by them to the said Secretary of State, or such surplus may, if the Lieutenant-Governor shall so direct, in whole or part be invested by the commissioners in the purchase in their corporate name of Government securities, or of their own debentures, and the interest thereof may be accumulated and invested in like manner, with power to the commissioners at any time to dispose of any such securities or debentures and to apply the proceeds and interests thereon, with the sanction of the said Lieutenant-Governor, in or towards any of the purposes of this Act.

Payment of debentures by fresh mortgage of rates.

XLV. The commissioners may at any time, according to the provisions aforesaid, and with the approval of the Lieutenant-Governor of Bengal, raise in any of the ways aforesaid any money that may be required to pay any amount for the time being due by the commissioners under the provisions of this Act.

Form of debenture.

XLVI. All debentures which may be issued under the authority of this Act, shall be in the form contained in the Schedule (C) to this Act, and shall be transferable by endorsement, and the right to sue in respect of the moneys secured by any of such debentures shall be vested in the holders thereof, for the time being, without any preference by reason of some of such debentures being prior in date to others.

An estimate of income and expenditure to be submitted annually to the Commissioners.

XLVII. At a special general meeting to be held in the month of February in each year, the chairman or vice-chairman shall lay before the commissioners a separate estimate of the expenditure and income of the commissioners under this Act for the year commencing on the 1st day of April then next succeeding, in such form as the Lieutenant-Governor of Bengal shall, by an order published in the *Calcutta Gazette*, direct. Provided always that such estimate shall be completed and printed, and a copy thereof sent by post or otherwise to



অবশিষ্ট আয়ের প্রয়োগের কথা।

৪৪ ধারা। ইতঃপরে ছয়২ মাসিক যে হিসাব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করিবার আদেশ হইয়াছে তদ্দ্বারা ষাণ্মাসিক ব্যয় হইয়া আয়ের উদ্বর্ত্ত দেখা গেলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত লইয়া কিম্বা উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশ লইয়া এই আইনমতে দত্ত ঋণগ্রহণপত্রের যে মূল টাকা তৎকালে দেনা থাকে তাহা কিম্বা ষ্টেট সেক্রেটারী সাহেবের যে ঋণ পাওনা থাকে তাহার কোন অংশ পরিশোধ করিবেন। অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত টাকার সমুদয় কি একাংশ লইয়া আপনারদের সমবায়িত নামে গবর্ণমেন্ট সিক্যুরিটী কিম্বা আপনারদের ঋণগ্রহণপত্র ক্রয় করিতে পারিবেন ও তাহার সুদ জমা হইলে তাহাও সেই প্রকারে ব্যয় করিতে পারিবেন। এবং কমিশ্যনরদের এই ক্ষমতা থাকিবে যে, উক্ত কোন সিক্যুরিটী কি ঋণগ্রহণপত্র কোন সময়ে বিক্রয় করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে এই আইনমত কোন কর্ম্মে সেই টাকা ও তাহার সুদ ব্যয় করিতে পারিবেন ইতি।

টাক্স পুনশ্চ বন্ধক রাখিয়া ঋণ শোধ করিবার কথা।

৪৫ ধারা। এই আইনের বিধানমতে কমিশ্যনরদের যে সময়ে যে টাকা দেনা হয় তাঁহারা সেই টাকা শোধ করিবার জন্যে কোন সময়ে পূর্ব্বোক্ত বিধানমতে ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে পূর্ব্বোক্ত কোন প্রকারে প্রয়োজনমত টাকা তুলিতে পারিবেন ইতি।

ঋণগ্রহণপত্রের পাঠের কথা।

৪৬ ধারা। এই আইনের বলে যে সকল ঋণগ্রহণপত্র দেওয়া যায়, তাহা এই আইনের তফসীলের C পাঠে লেখা যাইবে। তাহা পৃষ্ঠলিপি দ্বারা হস্তান্তর করা যাইতে পারিবে। এবং উক্ত কোন ঋণ গ্রহণপত্রে যে টাকা সুনিশ্চিত হয় তৎসম্পর্কে নালিশ করিবার অধিকার যৎকালে যিনি ঐ পত্রধারী হন তৎকালে তাঁহার প্রতি বর্ত্তিবে। এই বিষয়ে কোন২ পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পূর্ব্বীয় হইলেও তাহার অগ্রগণ্যতা হইবে না ইতি।

আয়ব্যয়ের অনুমানপত্র বৎসর২ কমিশ্যনরদের গোচরে অর্পিত হইবার কথা।

৪৭ ধারা। আপ্রিল মাসের প্রথম তারিখঅবধি এক বৎসর কমিশ্যনরদের যত টাকা আয় ব্যয় হইবে সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি প্রতিবৎসর তৎপূর্ব্ব ফেব্রুআরি মাসে বিশেষ সাধারণ সভায় কমিশ্যনরদের সম্মুখে তাহার স্বতন্ত্র অনুমানপত্র অর্পণ করিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া যে পাঠ নির্ণয় করেন ঐ অনুমানপত্র সেই পাঠে প্রস্তুত করা যাইবে। পরন্তু ঐ পত্র সমাপ্ত ও মুদ্রিত হইয়া যে সভার সম্মুখে অর্পণ করা যাইবে, তাহার অধিবেশনের পূর্ব্ব ন্যূনকল্পে সম্পূর্ণ দশ

each commissioner, at least ten clear days prior to the meeting before which the estimate is to be laid.

Revision and passing of estimates.

XLVIII. It shall be in the discretion of the commissioners at such meeting by resolution to pass or to reject, or to modify or alter such estimate and pass such estimate so modified or altered.

Estimate to be approved by Lieutenant-Governor.

XLIX. Every estimate when passed by the commissioners in pursuance of the provisions of this Act shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and it shall be lawful for such Lieutenant-Governor either to approve of such estimate or to return the same with his remarks thereupon, and the commissioners shall forthwith at a meeting proceed to re-consider such estimate in reference to such remarks and to modify or alter the same, and to re-submit such estimates to the said Lieutenant-Governor, and the orders of the Lieutenant-Governor upon such estimate shall be final, and shall be binding on the commissioners.

Accounts to be audited and examined.

L. The accounts of the receipts and expenditure under this Act shall twice in every year be laid before the Lieutenant-Governor of Bengal, and shall be audited and examined. The audit shall be made by such public department or by such auditors as shall from time to time be appointed by the Lieutenant-Governor of Bengal. For the purposes of any audit and examination of accounts under this Act, the auditors may, by summons in writing, require the production before them of all books, deeds, contracts, vouchers, and all other documents and papers which they may deem necessary, and may require any person holding or accountable for any such books, deeds, contracts, accounts, vouchers, documents or papers to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same: and if any such person neglect or refuse so to do, or to produce any such books, deeds, contracts, accounts, vouchers, documents or papers, or to make or sign such declaration, he shall be liable for every neglect or refusal to a penalty not exceeding one hundred rupees. All auditors not being a public department acting under this Act shall in respect of each audit be paid by the commissioners such remuneration as the Lieutenant-Governor of Bengal shall from time to time determine. Pro-

দিন থাকিতে তাহার একং প্রস্থ প্রত্যেক কমিশ্যনরের নিকটে পাঠান যাইবে ইতি।

অনুমানপত্রের পুনর্দৃষ্টির ও অনুমোদনের কথা।

৪৮ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া আপনারদের বিবেচনামতে নির্দ্ধারণ করিয়া ঐ অনুমানপত্র কি তন্মধ্যে কোন অংশ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন ও তদ্রূপে মতান্তরিত কি পরিবর্ত্তিত ভাবে ঐ অনুমানপত্র গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ঐ অনুমানপত্র অনুমোদন করিবার কথা।

৪৯ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানমতে অনুমানপত্র গ্রাহ্য করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পণ করা যাইবে। তিনি সেই অনুমানপত্র অনুমোদন করিবেন, কিম্বা তদ্বিষয়ে আপনার মন্তব্য লিখিয়া ফিরিয়া পাঠাইতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা ত্বরায় অধিবিষ্ট হইয়া ঐ মন্তব্য কথা দৃষ্টে সেই অনুমানপত্র পুনর্ব্বিবেচনাপূর্ব্বক তাহা পরিবর্ত্তন কি মতান্তর করিয়া উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সমীপে পুনশ্চ অর্পণ করিবেন। সেই নিরূপণপত্র বিষয়ে তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও কমিশ্যনরেরা তদ্দ্বারা আবদ্ধ হইবেন ইতি।

হিসাবের সমালোচন ও পরীক্ষা হইবার কথা।

৫০ ধারা। এই আইনমতে যত টাকা আয়ব্যয় হয় তাহার হিসাব প্রতি বৎসর দুইবার বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করা যাইবে ও তাহা আডিট ও পরীক্ষা করা যাইবে। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং রাজকীয় যে কর্ম্মবিভাগ কিম্বা যেং আডিটরদিগকে নিযুক্ত করেন তাঁহারা সেই হিসাব আডিট করিবেন। আডিটরেরা এই আইনমত হিসাবের আডিট ও সমালোচন করিবার জন্যে বহী ও দলীল ও চুক্তিপত্র ও বৌচরপ্রভৃতি যে সকল নিদর্শনপত্র ও কাগজ আবশ্যক জ্ঞান করেন, কোন ব্যক্তির নামে আহ্বানপত্র লিখিয়া তাহা আনিয়া দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন, এবং তদ্রূপ বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজ যে ব্যক্তির কাছে থাকে কিম্বা তজ্জন্যে যে ব্যক্তি দায়ী হন, তাঁহার প্রতি উক্ত আডিট ও সমালোচন করিবার সময়ে কিম্বা ঐ কার্য্যের নিমিত্ত নিরূপিত সময়ান্তরে উপস্থিত হইয়া তদ্বিষয়ে নির্দ্দেশ বাক্য কহিতে ও ঐ বাক্যে স্বাক্ষর করিবার আদেশ করিতে পারিবেন। উক্ত কোন ব্যক্তি তাহা করিতে ত্রুটি কি অনঙ্গীকার করিলে, কিম্বা উক্ত কোন বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজ আনিয়া দেখাইতে কিম্বা ঐ নির্দ্দেশ বাক্য কহিতে কি স্বাক্ষর করিতে ত্রুটি কি অনঙ্গীকার করিলে তাঁহার প্রত্যেকবার সেই ত্রুটি কি অনঙ্গীকার হেতুক ১০০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। রাজকীয় কর্ম্মবিভাগভিন্ন যে সকল আডিটর এই আইনমতে কর্ম্ম করেন, প্রত্যেকবার আডিট করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট





vided always that before each audit and examination of accounts under this Act, the vice-chairman shall give ten days' notice of the time and place at which the same will be made by advertisement in the *Calcutta Gazette* and in at least two of the daily English newspapers published in Calcutta; and a copy of the accounts to be audited and examined shall be deposited in the office of the commissioners, and be open during office hours thereat to the inspection of any person on payment of a fee of one rupee on each occasion of inspection, for seven days before the audit and examination, and all such persons shall be at liberty to take copies of, or extracts from the same without further payment and within fourteen days after the audit and examination shall have been completed, the auditors shall report upon the accounts audited and examined, and shall deliver such report to the commissioners at a meeting, who shall cause the same to be deposited in the office of the commissioners and to be published in the *Calcutta Gazette* and in some one or more of the said newspapers.

Public landing places to be provided.

LI. The commissioners shall make a sufficient number of public landing places from and upon which the public shall be permitted to embark and to land free of charge.

Ghâts and bathing places to be provided.

LII. It shall be lawful for the commissioners, if they shall consider it necessary for the purposes of this Act, to occupy or remove or modify in any bathing ghât or landing place within the port, and to prohibit the public from afterwards resorting to or using the same. Provided nevertheless, that the commissioners shall reserve, set out, make, and provide for the use of the public such sufficient bathing ghâts within the port, not exceeding in number those that may be so modified or removed, as the Lieutenant-Governor of Bengal may direct.

No wharf, quay, &c., to be made without consent of Lieutenant-Governor.

LIII. It shall not be lawful for any person or persons, save the comissioners, to make, erect, or fix below high-water mark within the port any wharf, quay, stage, jetty, pier, erection or mooring without the consent in writing of the Lieutenant-Governor of Bengal first had and obtained. Any matter or thing which may be so erected or fixed may be removed by the commissioners, and the person who shall have so made, erected or fixed any such matter or thing, shall be liable on conviction to a fine which may extend to one thousand rupees and to a further fine which may

গবর্ণর সাহেব সময়েং যত টাকা পারিশ্রমিক নিরূপণ করেন তাঁহারা কমিশ্যনরদের স্থানে তত টাকা পাইবেন। কিন্তু এই আইনমতে হিসাব প্রত্যেকবার আডিট ও সমালোচন করিবার পূর্ব্ব দশ দিন থাকিতে প্রতিনিধি সভাপতি কলিকাতা গেজেটে এবং কলিকাতার প্রকাশিত ন্যূনকল্পে দুই ইংরেজী দৈনিক সম্বাদপত্রে ঐ আডিট হইবার সময়ের ও স্থানের সম্বাদ প্রকাশ করিবেন। ও যে হিসাবের আডিট ও সমালোচন করা যাইবে, তাহার আডিট ও সমালোচন হইবার পূর্ব্ব সাত দিন ঐ হিসাবের প্রতিলিপি কমিশ্যনরদের কার্য্যালয়ে রাখা যাইবে। কোন ব্যক্তি তাহাতে দৃষ্টি করিতে ইচ্ছুক হইলে, প্রত্যেকবার দৃষ্টি করণের জন্যে এক টাকা ফী দিলে কার্য্যালয়ের কর্ম্ম চলিবার নিরূপিত কোন সময়ে তাহা দৃষ্টি করিতে ও আর কিছু না দিয়া তাহার কোন কথা নকল করিয়া লইতে পারিবেন। আডিট ও সমালোচন কার্য্য সমাপ্ত হইলে পর আডিটরেরা চতুর্দ্দশ দিনের মধ্যে ঐ আডিট করা ও সমালোচিত হিসাবের রিপোর্ট লিখিয়া কমিশ্যনরদের অধিবেশন কালে তাঁহারদিগকে দিবেন। তাঁহারা সেই রিপোর্ট কমিশ্যনরদের কার্য্যালয়ে রাখিয়া কলিকাতা গেজেটে এবং উক্ত এক কি অধিক সম্বাদপত্রে প্রকাশ করাইবেন ইতি।

নৌকায় উঠিবার ঘাট করিবার কথা।

৫১ ধারা। কমিশ্যনরেরা সাধারণ লোকের বিনাখরচে নৌকায় উঠিবার ও নৌকাহইতে নামিবার উপযুক্ত সংখ্যার ঘাট করিবেন ইতি।

ঘাট ও স্নান করিবার স্থান নিরূপণের কথা।

৫২ ধারা। কমিশ্যনরেরা এই আইনের কার্য্যের নিমিত্তে আবশ্যক বোধ করিলে, বন্দরের মধ্যে স্নান করিবার কি নৌকাহইতে নামিবার কোনং ঘাট অধিকার কি পরিবর্ত্তন করিতে পারিবেন কিম্বা স্থানান্তরে করিয়া তৎপরে সর্ব্বসাধারণের পূর্ব্বঘাটে গমনাগমন ও তাহার ব্যবহার করা নিষেধ করিতে পারিবেন। কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ বন্দরে সাধারণের স্নান করিবার উপযুক্ত যত ঘাট করিবার আজ্ঞা দেন কমিশ্যনরেরা তত ঘাট রাখিবেন ও নিরূপণ ও প্রস্তুত ও প্রয়োগ করিবেন তাঁহারা যত ঘাট পরিবর্ত্তন কি স্থানান্তরে করিলেন তাহার অধিক করিবেন না ইতি।

লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিভিন্ন ওয়ার্ফ, পোস্তাপ্রভৃতি না করিবার কথা।

৫৩ ধারা। কমিশ্যনরগণভিন্ন কোন ব্যক্তি কি ব্যক্তিরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি প্রাপ্ত না হইয়া বন্দরে জোয়ারের জলের দাগের নিম্নভাগে কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি স্টেজ কি জেটী কি সেতু কি গাঁথনি কি লঙ্গর করিবার বয়া করিতে কি গাঁথিতে কি স্থাপন করিতে পারিবে না। তদ্রূপ যে কোন বিষয় কি দ্রব্য গাঁথা কি স্থাপন করা যায়, কমিশ্যনরেরা তাহা উঠাইয়া ফেলিতে পারিবেন। ও যে ব্যক্তি তদ্রূপ কোন বিষয় কি দ্রব্য করে কি গাঁথে কি স্থাপন করে, তাহা সপ্রমাণ হইলে তাঁহার এক সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

extend to one hundred rupees for every day during which such matter or thing shall have been permitted to remain so made, erected or fixed after notice to remove the same shall have been given to him, and to pay all expenses which may have been incurred by the commissioners in removing such matter or thing.

Power to remove erections.

LIV. In case any wharf, dock, quay, jetty, pier, erection or mooring shall without the consent in writing of the Lieutenant-Governor of Bengal be fixed, excavated, erected, or built below high water-mark within one mile of the limits for the time being of the port, and thereafter the limits of the port shall be extended so as to include the place in which such wharf, dock, quay, jetty, pier, erection or mooring shall have been fixed, excavated, erected or built, it shall be lawful for the commissioners to remove, fill up, or destroy such wharf, dock, quay, jetty, pier, erection or mooring without making any compensation therefor.

Wharves, &c., to be appointed under Customs' Act.

LV. When the Lieutenant-Governor of Bengal shall, under the provisions of any Act for the regulation of duties of customs, appoint any wharf, quay, stage, jetty or pier, erected or acquired under this Act for the use of sea-going vessels, to be a wharf for the landing of goods within the meaning of that enactment, the commissioners shall set apart, maintain, and secure on such wharf, quay, stage, jetty, or pier, such portion thereof, or place therein, or adjoining thereto, for the use of the officers of customs, as the Lieutenant-Governor of Bengal shall in that behalf approve or appoint.

Dues for wharves in possession of Customs' officers.

LVI. Whenever any wharf, quay, stage, jetty, or pier or portion thereof shall under the provisions of the last section have been set apart for the use of the officers of customs, all dues, rates, tolls, and rents payable in respect thereof, or for the use thereof, or for the storage of goods thereupon, shall be paid and payable to the commissioners or to such person or persons as they may appoint to receive the same.

Commissioners to provide servants, &c., for shipping and landing goods.

LVII. The commissioners shall, when thereunto required by the Lieutenant-Governor of Bengal provide and keep and maintain sufficient servants and apparatus for the expeditious and convenient landing and shipment of goods from and upon all sea-going vessels coming to the wharves, quays, stages, jetties, or piers erected by them, and shall

তদ্ভিন্ন তাহা উঠাইয়া লইবার নোটিস তাহাকে দেওয়া গেলে পর যত দিন তদ্রূপ কৃত কি গাঁথা কি স্থাপিত দ্রব্য কি বিষয় থাকিতে দেয় দিনপ্রতি তাহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। এবং সেই বিষয় কি দ্রব্য স্থানান্তর করিতে কমিশ্যনরদের যত খরচ লাগে তাহাও তাহার দিতে হইবে ইতি।

গাথনি উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

৫৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত অনুমতি-ভিন্ন কোন ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া বন্দরের তৎকালীন সীমার এক মাইলের মধ্যে জোয়ারের অত্যুচ্চ দাগের নিম্ন স্থানে স্থাপিত কি খোদিত কি প্রস্তুত কি নির্ম্মিত হইলে, ও পশ্চাৎ ঐ সীমা বর্দ্ধিত হইয়া ঐ ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া যে স্থানে স্থাপিত কি খোদিত কি প্রস্তুত কি নির্মিত হয় সেই স্থান ঐ সীমার অন্তর্গত করা গেলে কমিশ্যনরেরা ক্ষতিপূরণ না করিয়া ঐ ওয়ার্ফ কি গুদি কি মালতোলা পোস্তা কি জেটী কি সেতু কি গাঁথনি কি বয়া উঠাইয়া কি ভরাট করাইয়া দিতে কি নষ্ট করিতে পারিবেন ইতি।

ওয়ার্ফ প্রভৃতি কষ্টমের আইনমতে নিরূপণ হইবার কথা।

৫৫ ধারা। এই আইনমতে সমুদ্রগামী জলযানের কর্ম্মের নিমিত্তে যে ওয়ার্ফ কি মাল তোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কষ্টমের মাস্তুলের বিধান করণার্থ কোন আইনের বিধানমতে তন্মধ্য কোন ওয়ার্ফ প্রভৃতি ঐ আইনের অর্থমতে মাল নামাইবার ওয়ার্ফ স্বরূপ নিরূপণ করিলে, তিনি তৎপক্ষে কষ্টমের কার্য্যকারকদের নিমিত্তে যে স্থানের অনুমোদন ও নিরূপণ করেন, কমিশ্যনরেরা তাঁহারদের ব্যবহারের জন্যে সেই ওয়ার্ফের কিম্বা মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর এক ভাগ কিম্বা তদন্তর্গত কি তৎসন্নিহিত স্থান পৃথক করিয়া রাখিবেন ইতি।

কষ্টমের কর্ম্মকারকদের অধিকারে যে ওয়ার্ফ থাকে তাহার মাস্তুলের কথা।

৫৬ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ওয়ার্ফ কি মাল তোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু কি তাহার কোন অংশ কষ্টমের কার্য্যকারকদের ব্যবহারার্থে নিরূপিত হইলে, তজ্জন্যে কি তাহার ব্যবহারের নিমিত্তে কিম্বা তাহাতে মাল থাকাতে যে মাস্তুল ও কর ও শুল্ক ও ভাড়া লওয়া যাইতে পারে তাহা উক্ত কমিশ্যনরদিগকে কিম্বা তাঁহারা তদগ্রহণার্থে যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করেন তাহারদিগকে দেওয়া যাইবে ও তাঁহারদের আদেয় হইবে ইতি।

মাল তুলিবার ও নামাইবার লোকদিগকে কমিশ্যনরদের নিযুক্ত করিবার কথা।

৫৭ ধারা। সমুদ্রগামি যে সকল জলযান কমিশ্যনরদের স্থাপিত ওয়ার্ফের কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আইসে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া আদেশ করিলে কমিশ্যনরেরা সেইং জলযানের মাল ত্বরায় ও সুবিধামতে তুলিবার ও নামাইবার জন্যে





by their servants land and ship all goods from and upon any such vessel so coming to such wharf, quay, stage, jetty, or pier, unless where there is a legal excuse for refusing to land or ship such goods, or such vessel is by reason of the breach or non-observance of any law or regulation not entitled to have her cargo shipped or discharged. Provided that the commissioners shall not be bound to land, ship or move any single article or package exceeding thirty tons of twenty hundred weight in weight, except at such special charge as may be agreed on in respect of such article or package.

Power to compel ships to load and unload at wharves, &c., of commissioners.

LVIII. When any wharf, quay, stage, jetty, or pier erected under the provisions of this Act shall have been made and completed, together with sufficient warehouses, sheds, cranes and moorings for landing and shipping goods from and upon sea-going vessels, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette*, to declare that such wharf, quay, stage, jetty or pier is ready for receiving, landing and shipping goods from and upon sea-going vessels. And from and after such notification and publication it shall be lawful for the commissioners to require the conservator of the port, from time to time, when there shall be room at such wharf, quay, stage, jetty, or pier, to order to come alongside of such wharf, quay, stage, jetty or pier, for the purpose of being laden or unladen by the commissioners, any sea-going vessel which shall not have commenced to discharge a cargo, or which being about to take in cargo shall not have commenced to take in cargo. And if after such order of the conservator of the port the owner or master of any such vessel shall either take in or discharge cargo, save and except at such wharf, quay, stage, jetty or pier to which such vessel shall have been so ordered, the owner thereof or, in case he shall not be in Calcutta, the master thereof, shall be liable to a penalty of one hundred rupees for each day that he or they shall land or ship or attempt to land or ship any goods in contravention of such order.

When sufficient accommodation, all vessels to load and unload at commissioners' wharves.

LIX. When a sufficient number of wharves, quays, stages, jetties, and piers shall have been erected under this Act for landing and shipping the cargoes of all sea-going vessels resorting to the port, it shall

যথাসংখ্যক লোকদিগকে ও যন্ত্রাদি নিরূপণ করিয়া রাখিবেন। এবং যে জলযান তদ্রূপে ঐ ওয়ার্ফের কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আইসে, আইনঅনুসারে তাহাহইতে মাল নামাইবার কিম্বা তাহাতে মাল তুলিবার আপত্তি না থাকিলে, কিম্বা কোন আইন কি বিধান লঙ্ঘন কি অমাননপ্রযুক্ত সেই জলযানে মাল তুলিবার কিম্বা তাহাহইতে মাল নামাইবার অধিকার রহিত না হইলে, কমিশ্যনরেরা আপনারদের লোকদ্বারা মাল তুলিয়া দিবেন কি নামাইয়া আনিবেন। কিন্তু টনপ্রতি বিশ হন্দ্রেডওয়েটের হিসাবে কোন একি দ্রব্যের কি বস্তার ত্রিশ টনের অধিক ওজন হইলে, সেই দ্রব্যের কি বস্তার নিমিত্তে বিশেষ খরচ পাইবার নিয়ম না করা গেলে তাঁহারা সেই দ্রব্য নামাইতে কি তুলিতে কি লড়াইতে আবদ্ধ নহেন ইতি।

জাহাজের মাল অবশ্যই কমিশ্যনরদের ওয়ার্ফপ্রভৃতিতে তুলিবার ও নামাইবার কথা।

৫৮ ধারা। এই আইনের বিধানমতে নির্মিত কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু প্রস্তুত হইলে, এবং সমুদ্রগামি জাহাজে মাল তুলিবার কি তথাহইতে নামাইবার উপযুক্ত সকল গুদাম ও শেড ও মাল তুলিবার যন্ত্র ও বয়াপ্রভৃতি প্রস্তুত হইলে পর, সমুদ্রগামি জাহাজের মাল গ্রহণের ও জাহাজহইতে নামাইবার ও জাহাজে তুলিবার নিমিত্তে ঐ ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু প্রস্তুত হইয়াছে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ক্রমান্বয়ে তিনবার কলিকাতা গেজেটে এই মর্ম্মের কথা প্রকাশ করিবেন। তদ্রূপ কথা জ্ঞাত ও প্রকাশ করা গেলে পর কমিশ্যনরেরা বন্দরের রক্ষক সাহেবের প্রতি এই আদেশ করিতে পারিবেন যে সমুদ্রগামি যে জাহাজের মাল নামান কার্য্য আরম্ভ হয় নাই তাহাহইতে মাল নামাইবার নিমিত্তে ও যে জাহাজে মাল তোলা কার্য্যের আরম্ভ হয় নাই তাহাতে মাল তুলিয়া দিবার জন্যে উক্ত ওয়ার্ফে কি মাল তোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটিতে কি সেতুতে স্থান থাকিলে, তিনি সেই জাহাজ কমিশ্যনরদের ওয়ার্ফের কি মাল তোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট আনাইবার আজ্ঞা করেন। বন্দররক্ষক সাহেবের উক্ত আজ্ঞা হইলে পর যে ওয়ার্ফে কি মাল তোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে যাইবার আজ্ঞা হইল যদি উক্ত কোন জাহাজের স্বামী কি অধ্যক্ষ তদ্ভিন্ন কোন স্থানে মাল তুলিয়া কি নামাইয়া দেন, তবে সেই স্বামী, কিম্বা তিনি কলিকাতায় না থাকিলে জাহাজের অধ্যক্ষ, যত দিন ঐ আজ্ঞা উপেক্ষা করিয়া জাহাজহইতে মাল নামাইয়া দেন কি নামাইবার উদ্যোগ করেন কিম্বা জাহাজে মাল তুলিয়া দেন কি তোলাইবার উদ্যোগ করেন, তাহার দিন প্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

উপযুক্ত স্থান থাকিলে কমিশ্যনরদের ওয়ার্ফে সকল জাহাজের মাল তুলিবার ও নামাইবার কথা।

৫৯ ধারা। সমুদ্রগামি যত জাহাজ এই বন্দরে আসিয়া থাকে এই আইনমতে সেই সকলের মাল তুলিবার ও নামাইবার উপযুক্ত ওয়ার্ফ ও মাল তোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু প্র-

be lawful for the Lieutenant-Governor of Bengal by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette* to direct that no goods shall be landed or shipped from or upon any sea-going vessel within the port save at such wharves, quays, stages, jetties and piers, and by any order in like manner published to alter, vary or revoke any such order. And whoever shall, after such order has been so notified as aforesaid, land or ship, or attempt to land or ship, any goods in contravention of such order, shall be liable to a fine not exceeding two hundred rupees for every day that he shall so land or ship any goods in contravention of the said order. Provided always, and it is hereby declared, that notwithstanding any thing in this or in Section LVIII contained, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by notice in the *Calcutta Gazette*, from time to time, if he shall so think fit, to declare that certain specified vessels or classes of vessels shall be permitted to discharge or ship cargo, or that certain specified goods or cargoes, or classes of goods or cargoes shall be permitted to be landed or shipped elsewhere, and at such part of the port of Calcutta, and for such time and on such conditions as he may think fit.

Inland vessels to load and unload at places provided for them.

LX. When any wharf, quay, stage, jetty or pier for receiving, landing, or shipping goods from vessels (not being sea-going vessels) shall have been made and completed with all proper appliances in that behalf, it shall be lawful for the Lieutenant-Governor, by an order published in three consecutive numbers of the *Calcutta Gazette*, to declare that such wharf, quay, stage, jetty, or pier is ready for receiving, landing, and shipping goods from vessels (not being sea-going vessels), and in the same way to order that within certain prescribed limits to be therein specified in that behalf, it shall not be lawful to land or ship any goods out of, or into, any vessel (not being a sea-going vessel) of any class specified in such order, except at such wharf, quay, stage, jetty or pier. And in the same way to alter, vary or revoke any such order. After such publication as aforesaid, it shall not be lawful for any such vessel to land or ship any goods at any place within the limits so specified, except at such wharf, quay, stage, jetty, or pier, nor for any such vessel while within such limits to anchor, fasten, or lay within fifty yards of the ordinary low water-mark without the consent of the commissioners. And if after such notification and publication, any vessel (not being a sea-going vessel) shall while within such limits so anchor, fasten, or lay, it shall be lawful for the commis-

স্তুত হইলে পর, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব কলিকাতা গেজেটে ক্রমান্বয়ে তিনবার অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া বন্দরের মধ্যে সেই ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতুভিন্ন সমুদ্রগামি কোন জাহাজের মাল অন্য স্থানে না তুলিবার ও না নামাইবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া সেই আজ্ঞা মতান্তর কি পরিবর্ত্তন কি অন্যথাও করিতে পারিবেন। তদ্রূপ অনুজ্ঞাপত্র পূর্ব্বোক্তমতে প্রচারিত হইলে পর যদি কোন ব্যক্তি তাহা লঙ্ঘন করিয়া জাহাজে মাল তোলে কি নামায় কিম্বা তুলিবার কি নামাইবার উদ্যোগ করে, তবে ঐ আজ্ঞা লঙ্ঘনপূর্ব্বক যত দিন সেই মাল তোলাইয়া কি নামাইয়া দেন তাহার দিন প্রতি তাহার দুই শত টাকার অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু এই ধারার ও ৫৮ ধারার লিখিত কথা বলবৎ থাকিলেও এতৎক্রমে নির্দ্দিষ্ট হইল যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যত কাল ও যে নিয়ম উচিত বোধ করেন নির্দ্দিষ্ট কোন২ জাহাজ কি জাহাজশ্রেণী তত কাল ও সেই নিয়মানুসারে উক্ত ওয়ার্ফপ্রভৃতিভিন্ন কলিকাতা বন্দরের অন্য স্থানে মাল তুলিবার কি নামাইবার অনুমতি পাইবে, কিম্বা বিশেষ প্রকারের মাল কি মালশ্রেণী তোলা কি নামান যাইতে পারিবে তিনি বিহিত বোধ করিলে এমত আজ্ঞা করিতে সক্ষম হইবেন ইতি।

দেশীয় জলযানের নিরূপিত স্থানে মাল তুলিবার ও নামাইবার কথা।

৬০ ধারা। সমুদ্রগামি জাহাজভিন্ন জলযানের মাল রাখিবার ও তুলিবার ও নামাইবার কোন ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটি কি সেতু ও তৎসংক্রান্ত সকল উপকরণ প্রস্তুত হইলে পর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ক্রমান্বয়ে তিনবার কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া, সমুদ্রগামি জাহাজভিন্ন অন্য জলযানের মাল রাখিবার ও তুলিবার ও নামাইবার নিমিত্ত উক্ত ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি সেতু প্রস্তুত আছে ইহা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং ঐ অনুজ্ঞাপত্রে বিশেষ যে সীমা নির্দ্দিষ্ট করিতে হইবে, সেই সীমার মধ্যে সেই ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটি কি সেতু ভিন্ন কোন স্থানে সমুদ্রগামি জাহাজভিন্ন ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট জলযানের কোন মাল তুলিতে কি নামাইতে হইবে না, এই আজ্ঞা করিতে পারিবেন। উক্ত অনুজ্ঞাপত্র প্রকাশ করা গেলে পর তদ্রূপ জলযান সেই ওয়ার্ফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটি ও সেতু ভিন্ন পূর্ব্ব নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত কোন স্থানে কোন মাল তুলিতে কি নামাইতে পারিবে না, ও উক্ত সীমার মধ্যে থাকনকালে তদ্রূপ জলযান কমিশ্যনরদের অনুমতি না পাইয়া ভাটার নিম্ন জলের সাধারণ দাগহইতে পঞ্চ গজের মধ্য কোন স্থানে লঙ্গর করিতে কি বদ্ধহইতে কি থাকিতে পাইবে না। উক্ত প্রকারের জ্ঞাপনী ও কথা প্রকাশ হইলে পর যদি সমুদ্রগামি জাহাজভিন্ন কোন জলযান সেই সীমার মধ্যে থাকনকালে তদ্রূপে লঙ্গর করে কি বদ্ধ হয় কি থাকে, কমিশ্যনরেরা তাহা সেই সীমার বহিষ্কৃত করাইয়া দিতে পারিবেন ও সেই কার্য্যে কমিশ্যনরদের





sioners to cause the same to be removed out of the said limits, and it shall be the duty of the conservator of the port to aid and assist the commissioners in so removing such vessel. Any person guilty of any breach of the provisions of this section shall be liable to a fine not exceeding fifty rupees for every such breach.

Tolls to be levied.

LXI. The commissioners shall frame a scale of tolls, dues, rates and charges for the landing and shipment of goods from and into sea-going vessels at the wharves, quays, stages, jetties and piers, erected under this Act, and for the use thereof by such vessels, and for the storing and keeping of any goods stored in any premises belonging to them, and for the removal of goods and for the use of any moorings laid down or acquired under the provisions of this Act or of Act X of 1866, or of Act IV of 1869, respectively passed by the Lieutenant-Governor of Bengal in Council. And also a scale of tolls, dues, and rates for the landing and shipment of goods into and out of any vessel (not being a sea-going vessel), and also a scale of tolls for the use of the said wharves, quays, stages, jetties, and piers by any such vessel, in case the commissioners shall permit the goods to be landed or shipped by others than their own officers and servants, and also a scale of charges for any services to be performed by the commissioners or their servants in respect of any vessel or goods or for the use of any works or appliances to be provided by the commissioners. Such scale of tolls, dues, rates and charges shall be adopted by a resolution of the commissioners at a meeting, and shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and after receiving his approval shall be published in the *Calcutta Gazette*, and may from time to time, subject to the like approval and publication, be in like manner altered.

Power to impose tonnage rate to provide for payment of debt.

LXII. If on the preparation of the estimate of any year, it shall appear that the estimated income of the commissioners for such year, after deducting therefrom the estimated expenditure of such year to be incurred under this Act, will be insufficient for the payment of the sums which under the provisions of this Act will be payable during such year to the Secretary of State for India in Council, or if at any time in the course of a year it may appear that the actual income of such portion of the year as may have then elapsed and the estimated income of the residue of such year after deducting therefrom the actual ex-

সাহায্য ও সহায়তা করা বন্দররক্ষকের কর্ত্তব্য হইবে। কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লঙ্ঘনাপরাধী হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মাসুল আদায় করিবার কথা।

৬১ ধারা। এই আইনমতে সমুদ্রগামি জলযানের ব্যবহারার্থে যে ওয়াফ ও মালতোলা পোস্তা ও ষ্টেজ ও জেটী ও সেতু করা যায়, সেই ওয়াফ প্রভৃতি মাল তুলিবার ও নামাইবার নিমিত্ত, এবং কমিশ্যনরদের কোন ভূম্যাদিতে মাল সংগ্রহ করিবার ও সংগ্রহ করিয়া রাখিবার নিমিত্ত, এবং মাল লইয়া যাইবার নিমিত্ত, এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রণীত এই আইনের কিম্বা ১৮৬৬ সালের ১০ আইনের কিম্বা ১৮৬৯ সালের ৪ আইনের বিধানমতে যে বয়া স্থাপিত হয় কি প্রাপ্ত হওন যায়, তাহার ব্যবহারের নিমিত্ত যে হারে মাসুল ও শুল্ক ও রেট ও দাবী লওয়া যাইবে, কমিশ্যনরেরা ইহার নির্ঘণ্টপত্র করিবেন। আরো সমুদ্রগামি জলযানভিন্ন কোন জলযানে মাল তুলিবার ও তাহাহইতে নামাইবার নিমিত্ত যে হারে মাসুল ও শুল্ক ও রেট লওয়া যাইবে, এবং কমিশ্যনরেরা আপনারদের কর্ম্মকারক ও চাকরভিন্ন অন্য লোকদ্বারা উক্ত প্রকারের জলযানে মাল তুলিবার কি তাহাহইতে নামাইবার অনুমতি দিলে, সেই জলযানদ্বারা উক্ত ওয়াফের ও মালতোলা পোস্তার ও ষ্টেজের ও জেটীর ও সেতুর ব্যবহারের নিমিত্ত যে হারানুসারে মাসুল লওয়া যাইবে তাহার নির্ঘণ্টপত্র এবং কমিশ্যনরেরা কি তাঁহারদের কার্য্যকারকেরা কোন জলযান কি মাল সম্পর্কীয় কোন কর্ম্ম করিলে তজ্জন্যে কিম্বা কমিশ্যনরদের প্রস্তুত কোন বিষয়ের কি উপকরণের ব্যবহারার্থে যত টাকা দাবী করিতে পারিবেন ইহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। কমিশ্যনরগণ অধিবেশনকালে নির্দ্ধারণ করণপূর্ব্বক ঐ মাসুলের ও শুল্কের ও রেটের হার নিরূপণ করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের সম্মুখে অর্পিত হইবে। তিনি অনুমোদন করিলে তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। এবং সময়ে২ সেই প্রকারে অনুমোদিত ও প্রকাশিত হইয়া পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

ঋণ শোধ করিবার জন্যে টন প্রতি মাসুল ধার্য্য করিবার কথা।

৬২ ধারা। কোন বৎসর আয় ব্যয়ের অনুমানপত্রানুসারে কমিশ্যনরদের যত আয় সম্ভাবনা, এই আইনমত অনুমানপত্রানুসারে সেই বৎসরের ব্যয় বাদ দিলে পর, এই আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যত টাকা ঋণ সেই বৎসর শোধ করা কর্ত্তব্য তাহার জন্যে কুলাইবে না, কোন বৎসরের অনুমানপত্র প্রস্তুত করা গেলে যদি ইহা দৃষ্ট হয়, অথবা বৎসরের মধ্যে কোন সময়ে গত কএক মাসের যত টাকা আয় হইয়াছে ও ঐ বৎসরের অবশিষ্ট কাল যত টাকা আয়ের সম্ভাবনা, তাহাহইতে পূর্ব্বোক্ত কএক মাসের খরচ ও অবশিষ্ট কএক মাসের সম্ভাবিত খরচ বাদ দিলে পর উক্ত

penditure of such past portion and the estimated expenditure of such residue will be so insufficient, then and in every such case, the commissioners shall upon the requisition in writing of the Lieutenant-Governor of Bengal, from time to time and to the extent requisite in every case, charge upon all or any vessels coming into, remaining in, or leaving the port, such rates on the tonnage of such vessels as will when added to the said income of the year, suffice, as nearly as may be, for the payment of the said sums in full. Such rates shall be fixed and adopted by a resolution of the commissioners at a meeting and shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and if the same shall be approved by him shall be published in the *Calcutta Gazette* and shall forthwith come into operation and remain in operation until altered or revoked by the commissioners at a meeting with the sanction of the Lieutenant-Governor of Bengal.

On failure of commissioners Lieutenant-Governor may impose tonnage rates.

LXIII. In case the commissioners shall for one week after the receipt by them of any such requisition from the Lieutenant-Governor of Bengal as in Section LXII is mentioned, neglect or refuse to charge such rates, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta Gazette* to charge such rates, and the rates mentioned in such order shall have such and the same effect as if they had been fixed and adopted by the commissioners at a meeting and approved by the Lieutenant-Governor and published in the *Calcutta Gazette* as in Section LXII is mentioned.

Recovery of tolls in arrear.

LXIV. For the amount of all tolls, charges, dues, and rates duly leviable under this Act in respect of any goods, the commissioners shall have a lien on such goods and shall be entitled to detain the same until such tolls, rates, and dues are fully paid. Tolls, rates, and dues in respect of goods to be landed shall become payable immediately on the landing of the goods. Tolls, rates, and dues in respect of goods to be removed from the premises of the commissioners or to be shipped for export, shall be payable before the goods are removed or shipped. The lien for such tolls, rates, and dues shall have priority over all other liens and claims, except for general average, the ship-owner's lien for freight upon the said goods where such lien exists and has been preserved in the manner hereinafter provided, for primage, and for money payable to Her Majesty or the Secretary of State for India in Council under any law for the time being in force.

প্রকারে অকুলান হইবে দৃষ্ট হইলে, যত জাহাজ বন্দরে আইসে কি থাকে কি বন্দরহইতে যায় তাহার টনপ্রতি যত টাকা ঐ বৎসরের আয়ের সঙ্গে যোগ করিলে, ঐ ঋণাংশ শোধ করিতে কুলায়, কমিশ্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত আদেশ প্রাপ্ত হইয়া তদনুসারে ঐ সকল কি কোনং জাহাজের টনপ্রতি তত টাকা হারে ধার্য্য করিবেন। ঐ মাস্তুল যে হারে লওয়া যাইবে কমিশ্যনরেরা অধিবেশন কালে ইহা নির্ণয় করিলে, তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সমীপে অর্পিত হইবে। তিনি অনুমোদন করিলে তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ও তৎক্ষণাৎ প্রচলিত হইবে এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে কমিশ্যনরদের অধিবেশন কালে মতান্তরিত কি রহিত না হওন পর্য্যন্ত প্রচলিত থাকিবে ইতি।

কমিশ্যনরদের ত্রুটি হইলে লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সেই মাস্তুল ধার্য্য করিবার কথা।

৬৩ ধারা। কমিশ্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্থানে ৬২ ধারার উল্লিখিত আদেশ পাইলে পর যদি এক সপ্তাহ পর্য্যন্ত ঐ মাস্তুল ধার্য্য করিতে আলস্য কি অনঙ্গীকার করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া ঐ মাস্তুল ধার্য্য করিতে পারিবেন। ও সেই মাস্তুল কমিশ্যনরদের অধিবেশন কালে নির্দ্ধারিত ও স্বীকৃত ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হইয়া ৬২ ধারার উল্লিখিতমতে কলিকাতা গেজেটে প্রকাশ হইলে যদ্রূপ ফলবৎ হইত তত্তুল্য ফলবৎ হইবে ইতি।

বাকী মাস্তুল আদায় করিবার কথা।

৬৪ ধারা। এই আইনমতে কোন মালের যে সকল মাস্তুল ও দাবী ও শুল্ক ও রেট উপযুক্তমতে আদায় হইতে পারে, তাহার টাকার জন্যে ঐ মালের উপর কমিশ্যনরদের দাওয়া থাকিবে। ও সেই মাস্তুল ও রেট ও শুল্ক যত কাল সম্পূর্ণরূপে না দেওয়া যায় তত কাল তাঁহারা সেই মাল আটক করিয়া রাখিতে পারিবেন। যে মাল জলযান হইতে নামাইতে হইবে, তাহা নামান গেলেই তাহার উপর মাস্তুল ও রেট ও শুল্ক দেনা হইবে। কমিশ্যনরদের ভুম্যাদিহইতে যে মাল স্থানান্তর করিতে কিম্বা ভিন্নদেশে চালান করিবার জন্যে জাহাজে তুলিয়া দিতে হইবে, তাহা স্থানান্তর করিবার কিম্বা জাহাজে তুলিয়া দিবার পূর্ব্বে তাহার মাস্তুল ও রেট ও শুল্ক দেনা হইবে। ঐ মাস্তুলের ও রেটের ও শুল্কের জন্যে যে দাওয়া তাহা অন্য সকল দাওয়ার ও দাবীর অগ্রগণ্য হইবে, কেবল মাল রক্ষা করাপ্রযুক্ত জাহাজের অধ্যক্ষের যে পারিতোষিক পাওনা হয়, এবং ভাড়ার নিমিত্তে ঐ মালের উপর জাহাজের স্বামির দাওয়া থাকিলে ও সেই দাওয়া এই ধারার পশ্চাৎ লিখিত কোন ধারাক্রমে রক্ষিত হইলে সেই দাওয়া, এবং জাহাজের অধ্যক্ষের





Provided that nothing in this Act shall affect any power or authority vested in the chief officer of customs under any law for the time being in force.

Goods may be removed to public warehouses.

LXV. In any case in which goods, without any default on the part of the commissioners, shall have been left for two days on or in any wharf or shed belonging to the commissioners, it shall be lawful for the commissioners to remove such goods, or cause the same to be removed, either to any warehouse belonging to them or to the public warehouses, at the expense of the owners of the said goods, giving notice to the consignee or owner of such goods of such removal, if the address of such consignee or owner is known, by letter left at such address or sent by post; and the consignee or owner of such goods, in addition to the expenses of the removal of the same, shall be liable, in case the goods shall be removed to any warehouse or store of the commissioners, to a charge for warehousing for the time during which the goods shall remain in the said warehouse. In case the said goods shall be removed to the public warehouses, then the said consignee or owner shall be liable to the charges for warehousing goods in such public warehouses.

Lien for freight preserved after landing of goods if notice of lien be given.

LXVI. If the master or owner of any vessel or his agent at or before the time of landing from such vessel any goods at any wharf, quay, stage, jetty, or pier erected under this Act, shall give to the commissioners notice in writing that such goods are to remain subject to a lien for freight or other charges payable to the ship-owner to an amount to be mentioned in such notice, such goods shall continue liable to the same lien, if any, for such charges as they were subject to before the landing thereof. Such goods shall be retained either in the warehouses and sheds of the commissioners, or, with the consent of the chief officer of customs, in the public warehouses, until the lien is discharged as hereinafter mentioned.

Discharge of lien by payment or release.

LXVII. Upon the production to the officer of the commissioners in that behalf of a document purporting to be a receipt for the amount claimed as due, or a release of freight from the person by or on

প্রাইমেজ বলিয়া যে শুল্ক পাওনা হয় তাহার দাওয়া, ও যৎকালীন যে আইন প্রবল থাকে তদনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি কিম্বা ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি যে টাকা দাতব্য হয় তাহার দাওয়া অগ্রগণ্য হইবে। কিন্তু যৎকালীন যে আইন প্রচলিত থাকে তদনুসারে কষ্টমের প্রধান কার্য্যকারকের প্রতি যে কোন শক্তি কি ক্ষমতা অর্পিত হয়, এই আইনের কোন কথাক্রমে তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

রাজকীয় গুদামে মাল রাখিবার কথা।

৬৫ ধারা। কমিশ্যনরদের কোন দোষভিন্ন মাল দুই দিন পর্য্যন্ত কমিশ্যনরদের কোন ওয়ার্ফে কি শেডে পড়িয়া থাকিলে, তাঁহারা ঐ মালের স্বামির খরচে অপনাদের কিম্বা রাজকীয় কোন গুদামঘরে সেই মাল স্থানান্তর করিয়া কি করাইয়া রাখিতে পারিবেন এবং স্বামির কি কানসাইনীর বাসস্থান জানিলে, সেই বাসস্থানে লোকের হাতে কিম্বা ডাকযোগে নোটিস পাঠাইয়া তাঁহাকে ঐ মাল স্থানান্তর হইবার সম্বাদ দিবেন। ঐ মাল কমিশ্যনরদের কোন গুদাম ঘরে কি গোলাতে রাখা গেলে, তাহার স্থানান্তর করিবার খরচভিন্ন সেই মাল যত কাল ঐ গুদামঘরে থাকে তত কাল ঐ কানসাইনীর কি স্বামির ঐ গুদামে মাল রাখিবার ভাড়াও দিতে হইবে। ঐ মাল রাজকীয় গুদামঘরে রাখা গেলে, ঐ কানসাইনী কি স্বামী ঐ রাজকীয় গুদামঘরে মাল রাখিবার ভাড়ার দায়ী হইবেন ইতি।

মাল নামাইবার পর তাহার উপর ভাড়ার নিমিত্ত দাওয়া থাকার সম্বাদ দেওয়া গেলে সেই দাওয়ার কথা।

৬৬ ধারা। এই আইনমতে যে ওয়ার্ফ কি মালতোলা পোস্তা কি ষ্টেজ কি জেটী কি সেতু করা যায় জাহজহইতে সেই ওয়ার্ফপ্রভৃতিতে মাল নামাইবার সময়ে কি তৎপূর্ব্বে, ভাড়ার কিম্বা অন্য দাবির নিমিত্তে জাহাজের স্বামির পাওনা এত টাকার নিমিত্তে ঐ মালের উপর দায় থাকাতে তাহা রাখিতে হইবে, জাহাজের স্বামী কিম্বা অধ্যক্ষ কিম্বা তাহার এজেণ্ট কমিশ্যনরদিগকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে, মাল নামাইবার পূর্ব্বে যে দাবীর জন্যে তাহার উপর দায় থাকে মাল নামান গেলে পর সেই দাবীর জন্যে তাহার উপর সেই দায় থাকিবে। নিম্নলিখিত প্রকারে দায়হইতে মুক্ত না হওনপর্য্যন্ত সেই মাল কমিশ্যনদের গুদামঘরে ও শেডে রাখা যাইবে, কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষের অনুমতিক্রমে রাজকীয় গুদামঘরে রাখা যাইবে।

টাকা দেওন দ্বারা ও মুক্তিপত্র দ্বারা দায়হইতে মুক্ত হওয়ার কথা।

৬৭ ধারা। পাওনা বলিয়া যত টাকার দাওয়া হয় কমিশ্যনরদের সেই কর্ম্মে নিযুক্ত কর্ম্মকারকের নিকট সেই টাকার রসীদ বলিয়া কোন পত্র দেখান গেলে, কিম্বা যাঁহারদ্বারা কি যাঁহার পক্ষে ঐ নোটিস দেওয়া

whose behalf such notice shall have been given, it shall be lawful for the commissioners to permit such goods to be removed without regard to such lien provided they shall have used reasonable care in respect to the authenticity of such document.

If tolls not paid, or the lien for freight is not discharged, goods may be sold after the expiration of two months.

LXVIII. If the tolls, rates, and dues payable to the commissioners in respect of any goods under this Act are not paid, or if the lien of the ship-owner for freight where such notice as aforesaid has been given is not discharged, the commissioners may, and in the latter event if required by or on behalf of the person claiming such lien for freight shall, at the expiration of two months from the time when the goods were placed in their custody, or if the goods are of perishable nature at such earlier period, being not less than twenty-four hours after the landing of the goods, as they shall think fit, sell by public auction the said goods, or so much as may be necessary to satisfy the amounts hereinafter directed to be paid out of the produce of such sale. Before making such sale, ten days' notice of the same shall be given by publication thereof in the *Calcutta Gazette*, unless the goods are of so perishable a nature as in the opinion of the officer of the commissioners in that behalf to render immediate sale necessary or advisable, in which event such notice shall be given by publication as aforesaid as the urgency of the case admits of. If the address of the owner of the goods has been stated on the manifest of the cargo, or in any of the documents which have come into the hands of the commissioners or is otherwise known, notice shall also be given to the owner of the goods by letter delivered at such address or sent by the post: but the title of a *boná fide* purchaser of such goods shall not be invalidated by reason of the omission to send the notice hereinbefore mentioned, nor shall any such purchaser be bound to inquire whether such notice has been sent.

Application of proceeds of sale.

LXIX. In every case of any such sale as aforesaid, the moneys received from the sale shall be applied as follows:—

*1st.*—In payment of the expenses of the sale.

*2ndly.*—In payment according to their respective priorities of the liens and claims excepted in Section LXIV from the priority of the liens of the commissioners for tolls, rates, and dues.

*3rdl*.—In payment of the tolls, charges, and expenses of landing, removing, storing or ware-

গেলে তাহার স্থানে ভাড়াহইতে মুক্তিপত্র বলিয়া পত্র দেখান গেলে কমিশ্যনরেরা ঐ দায়ের প্রতি লক্ষ্য না করিয়া ঐ মাল লইয়া যাইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু ঐ পত্র প্রকৃত কি না এই বিষয়ে তাঁহারদের যুক্তিমতে সতর্ক থাকা আবশ্যক ইতি।

মাস্থল না দেওয়া গেলে কিম্বা দায়হইতে মাল মুক্ত না করা গেলে দুই মাসের পর তাহা বিক্রয় হইবার কথা।

৬৮ ধারা। এই আইনমতে উক্ত মাল সম্পর্কে কমিশ্যনরদের যে মাস্থল ও রেট ও শুল্ক প্রাপ্য হয় তাহা শোধ না হইলে, কিম্বা যে স্থলে পূর্ব্বোক্ত নোটিস দেওয়া যায়, এমন স্থলে ভাড়ার নিমিত্ত জাহাজের স্বামির দাওয়া শোধ না হইলে, তাঁহারদের রক্ষণে মাল অর্পণ হইবার পর দুই মাস গত হইলে, কিম্বা আশুক্ষয়ণীয় দ্রব্য হইলে ঐ দ্রব্য নামাইবার সময়াবধি চব্বিশ ঘণ্টার অন্যূন তাঁহারা যে সময় বিহিত বোধ করেন সেই সময়ে নীলামদ্বারা সেই মাল কিম্বা তাহার যে অংশদ্বারা নিম্নলিখিত দাবির শোধ হইতে পারে তাহা বিক্রয় করিতে পারিবেন। কিন্তু ভাড়ার দাবীদারের দ্বারা কিম্বা তাহার সপক্ষ আদেশ হইলে অবশ্য বিক্রয় করিবেন। নীলাম করিবার পূর্ব্ব দশ দিন থাকিতে কলিকাতা গেজেটে জ্ঞাপনি প্রকাশপূর্ব্বক ঐ নীলাম হইবার সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু দ্রব্য আশুক্ষয়ণীয়প্রযুক্ত কমিশ্যনেরদের তৎকর্ম্মে নিযুক্ত কার্য্যকারকের বিবেচনায় অবিলম্বে বিক্রয় করা বিহিত কি আবশ্যক হইলে ঐ আবশ্যক স্থলে যত কালের সম্বাদ দেওয়া যাইতে পারিবে তাহার উক্ত প্রকারের জ্ঞাপনি প্রকাশ হইবে। মালের মানিফেষ্টে অর্থাৎ তফসীলে কিম্বা কমিশ্যনরদের হস্তগত কোন নিদর্শনপত্রে যদি ঐ মালের স্বামির নিবাসাদি লেখা থাকে কিম্বা অন্য প্রকারে জানা যাইতে পারে তবে ঐ স্বামির নিকট লোকের হাতে কিম্বা ডাকযোগে পত্র লিখিয়া তাঁহাকেও ঐ সম্বাদ দেওয়া যাইবে। কিন্তু যে ব্যক্তি সরলভাবে ঐ মাল ক্রয় করে, স্বামিকে উক্ত সম্বাদ না দেওয়া গেলেও ঐ ক্রেতার অধিকারের ব্যাঘাত হইবে না, এবং ঐ সম্বাদ প্রেরণ হইয়াছে কি না, ক্রেতার এই প্রশ্ন করা আবশ্যক নয় ইতি।

নীলামের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

৬৯ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের নীলাম হইলে যে টাকা পাওয়া যায় তাহা এইরূপে প্রয়োগ হইবে।

প্রথম। নীলামের খরচ দেওয়া যাইবে।

দ্বিতীয়। মাস্থলের ও রেটের ও দাবীর নিমিত্তে কমিশ্যনরদের যে দাওয়া অগ্রগণ্য ৬৪ ধারামতে তদ্ব্যতীত দাওয়ার ও দাবির অগ্রগণ্যতাক্রমে তাহা শোধ হইবে।

তৃতীয়। ঐ মালের উপর মাস্থল ও দাবী ও জাহাজহইতে নামাইবার ও স্থানান্তর ও গুদামজাত করিবার





housing the same, and of all other charges due to the commissioners under this Act, in respect thereof.

The surplus, if any, shall be paid to the importer, owner or consignee of the goods, or to his agent, on his applying for the same; provided such application be made within one year from the sale of the goods, or good reason be shown why such application was not so made to the satisfaction of the commissioners; and in case such application shall not be so made, nor reason shewn, such surplus shall be held by the commissioners upon trust for the purposes of this Act.

Power to distrain vessels for non-payment of tolls.

LXX. If the master of any vessel in respect of which any tolls, dues, rates, penalties or charges shall be payable under this Act, or any rules or orders made in pursuance thereof, shall refuse or neglect to pay the same or any part thereof on demand, it shall be lawful for the commissioners to apply to the collector of customs of the port of Calcutta, and such collector shall distrain or arrest of his own authority such vessel, and the tackle, apparel, and furniture belonging thereto, or any part thereof, and detain the same until the amount so due to the commissioners shall be paid; and in case any part of the said tolls, dues, rates, penalties or charges or of the costs of the distress or arrestment, of the keeping of the same, shall remain unpaid for the space of five days next after any such distress or arrestment shall have been so made, the collector of customs may cause the vessel or other thing so distrained or arrested to be sold, and with the proceeds of such sale may satisfy such tolls, dues, rates, penalties or charges and costs, including the costs of sale, remaining unpaid, rendering the surplus (if any) to the master of such vessel on demand.

Port-clearance not to be granted till tolls paid.

LXXI. If the commissioners shall give to the officer of Government whose duty it shall be to grant a port-clearance of any vessel, a notice stating that an amount therein specified is due in respect of tolls, dues, rates or charges or penalties chargeable under this Act, or any rules or orders made in pursuance thereof against such vessel, or the owner or master of such vessel in respect thereof, such officer shall not grant such port-clearance until the amount so chargeable shall have been paid.

Compensation for damage to the property of commissioners.

LXXII. In case any damage or mischief shall be done to any wharves, quays, jetties, piers, or works constructed or acquired by the commissioners under the

ও গুদামে রাখিবার খরচ এবং এই আইনমতে কমিশ্যনরদের সেই মালের সম্পর্কে অন্য যাহা পাওনা হয় তাহা শোধ হইবে।

তাহার পর উদ্বর্ত্ত থাকিলে, যে ব্যক্তি মাল আনাইয়াছে সে কিম্বা মালের স্বামী কি কানসাইনী কি তাহার এজেণ্ট প্রার্থনা করিলে তাহাকে দেওয়া যাইবে। কিন্তু মালের নীলাম হইবার সময়াবধি এক বৎসরের মধ্যে প্রার্থনা করিতে হইবে কিম্বা তৎকালে প্রার্থনা না করিবার যথোচিত কারণ কমিশ্যনরদের হৃদ্বোধমতে দেখাইতে হইবে। তদ্রূপ প্রার্থনা না হইলে ও কারণ দর্শান না গেলে এই আইনের কার্য্যের নিমিত্তে সেই উদ্বর্ত্ত টাকা কমিশ্যনরদের হাতে ন্যাসস্বরূপ থাকিবে ইতি।

মাস্থল না দেওয়া গেলে জাহাজ ক্রোক করিবার ক্ষমতার কথা।

৭০ ধারা। কোন জাহাজের মাস্থল কি শুল্ক কি রেট কি দণ্ড কি দাবী এই আইনমতে কিম্বা তদনুযায়ি কোন বিধি কি আজ্ঞামতে প্রাপ্য হইলেও যদি ঐ জাহাজের অধ্যক্ষ দাওয়ামতে সেই টাকা কি তাহার কোন অংশ দিতে অনঙ্গীকার কি অবজ্ঞা করেন, তবে কমিশ্যনরেরা কলিকাতা বন্দরের কষ্টমের কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা করিলে ঐ কালেক্টর সাহেব আপনার ক্ষমতাক্রমে সেই জাহাজ ও তাহার রসী কাছী ও সরঞ্জাম কিম্বা তাহার কোন অংশ ক্রোক কি ধৃত করিয়া কমিশ্যনরদের প্রাপ্য না দেওন পর্য্যন্ত আটক করিয়া রাখিতে পারিবেন। তদ্রূপে ক্রোক কি আটক করণের পর পাঁচ দিন পর্য্যন্ত যদি ঐ মাস্থল কি শুল্ক কি রেট কি দণ্ড কি দাবীর কোন অংশ কিম্বা ক্রোক কি আটক করণের খরচের কোন অংশ শোধ না হইয়া থাকে, তবে কষ্টমের কালেক্টর সাহেব সেই জাহাজ কিম্বা ক্রোক কি আটক করা দ্রব্য বিক্রয় করাইবেন ও বিক্রয়দ্বারা প্রাপ্ত টাকাহইতে ঐ মাস্থল ও শুল্ক ও রেট ও দণ্ড ও দাবী ও বিক্রয়ের খরচশুদ্ধ যত খরচ শোধ না হইয়া থাকে তাহা দিয়া অবশিষ্ট টাকা ঐ জাহাজের অধ্যক্ষের দাওয়ামতে তাঁহাকে দিবেন ইতি।

মাস্থল না দেওনপর্য্যন্ত বন্দরহইতে যাইবার অনুমতিপত্র না দেওনের কথা।

৭১ ধারা। বন্দরহইতে কোন জাহাজের যাইবার অনুমতিপত্র প্রদান করিবার ভার গবর্ণমেণ্টের যে কার্য্যকারকের প্রতি থাকে এই আইনমতে কিম্বা তদনুযায়ি কোন বিধি কি আজ্ঞামতে যে মাস্থল ও শুল্ক ও রেট ও দাবী ও দণ্ড প্রাপ্য হয় তজ্জন্যে ঐ জাহাজের পক্ষে কিম্বা জাহাজের স্বামির কি অধ্যক্ষের স্থানে ঐ নোটিসের লিখিত এত টাকা পাওনা আছে কমিশ্যনরেরা তাঁহাকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে সেই দাবীর টাকা যত কাল শোধ না হয় তত কাল তিনি বন্দরহইতে ঐ জাহাজের যাইবার অনুমতিপত্র দিবেন না ইতি।

কমিশ্যনরদের সম্পত্তির হানিপূরণের কথা।

৭২ ধারা। এই আইনের বিধানমতে যে ওয়াফ কি মালতোলা পোস্তা কি জেটি কি সেতু কি অন্য বিষয় কমিশ্যনরদের নির্ম্মিত কি প্রাপ্ত হয় জাহাজের তত্ত্বাবধারণের কি অধ্যক্ষতার

provisions of this Act by any vessel, through the negligence of any person having the guidance of, or command thereof, or of any of the mariners or persons employed therein, it shall be lawful for any magistrate of the town of Calcutta, on the application of the commissioners, to issue a summons to the master of or agent for such vessel requiring him to attend on a day and at an hour named in the summons to answer touching such damage or mischief. If at the time appointed in the summons and whether the person summoned shall appear or not, it shall be made out to the satisfaction of the magistrate that the alleged damage was done through such negligence as aforesaid, and that the pecuniary amount of the same does not exceed two hundred rupees, it shall be lawful for the magistrate to issue his warrant of distress under which a sufficient portion of the boats, masts, spars, ropes, cables, anchors or stores of the vessel may be seized and sold to cover the expenses of and attending the execution of the distress and the pecuniary amount of damage as aforesaid, and such amount shall be paid to the commissioners out of the proceeds of the distress. Provided that if at the time of the damage or mischief the vessel was under the orders of a duly authorized officer belonging to the pilot service or the Harbour Master's or Master Attendant's Department, the case shall not be cognizable by the magistrate under the section.

Penalty for damage done to the works, &c.

LXXIII. Every person who shall wilfully demolish, cut, break, or in any way destroy any of the wharves, quays, jetties, and piers or other works belonging to the commissioners under this Act, or any rope or other thing by which any vessel lying in the port shall be moored or fastened to the same, such person shall for every such offence, in case it do not amount to the commission of the offence of mischief within the Indian Penal Code, be liable, on conviction before a magistrate for the Town of Calcutta, to a penalty not exceeding two hundred rupees. Nothing in this section contained shall bar any civil liability of such person.

Sanitary provisions.

LXXIV. Any person who wilfully deposits or permits his servants to deposit any dust, dirt, dung, ashes, refuse or filth of any kind, or any animal matter or any broken glass, earthen-ware or rubbish in or upon any wharf, quay, stage, jetty, or pier belonging to the commissioners, or in or upon any part of the river bank within the port, shall be liable to a fine not exceeding ten rupees for each offence.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]

ভার প্রাপ্ত কোন ব্যক্তির কিম্বা জাহাজগত নাবিকদের কি ব্যক্তিদের অমনোযোগে ঐ জাহাজদ্বারা সেই ওয়ার্ফ প্রভৃতির ক্ষতি কি হানি হইলে কমিশ্যনরদের প্রার্থনামতে কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেট ঐ জাহাজের অধ্যক্ষের কি এজেন্টের নামে আহ্বান পত্র দিয়া, তাহাকে ঐ আহ্বানপত্রের লিখিত দিনে ও সময়ে ঐ ক্ষতির কি হানির উত্তর দিবার জন্যে উপস্থিত হইবার আজ্ঞা করিবেন। আহ্বানপত্রের নিরূপিত সময়ে আহূত ব্যক্তি উপস্থিত হউক বা না হউক, পূর্ব্বোক্ত অমনোযোগক্রমে কথিত ক্ষতি করা গিয়াছে, এবং মূল্য ধরিলে দুই শত টাকার অধিক ক্ষতি হয় নাই ইহা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তিনি ক্রোকের পরওয়ানা দিতে পারিবেন। তদনুসারে জাহাজের নৌকা, মাস্তুল, কালতুবুম, রসী, কাচী, লঙ্গর, সরঞ্জাম প্রভৃতি যত দ্রব্য ক্রোক ও নীলাম করা প্রয়োজন তত দ্রব্য ক্রোক ও নীলাম করা যাইবে। তাহাহইতে ক্রোক করিবার ও তৎসম্পর্কীয় খরচ ও পূর্ব্বোক্ত হানির টাকা শোধ হইবে ও সেই টাকা কমিশ্যনরদিগকে দেওয়া যাইবে। কিন্তু ঐ ক্ষতি কি হানি হওন সময়ে জাহাজ যদি আড়কাটী কর্ম্মবিভাগের কিম্বা হারবর মাষ্টরের কি মাষ্টর আটেণ্ডেন্টের কর্ম্মবিভাগের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের আজ্ঞাধীন থাকে, তবে ঐ মোকদ্দমা এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য হইবে না ইতি।

কোন বিষয়ের হানি করিবার দণ্ডের কথা।

৭৩ ধারা। এই আইনমতে কমিশ্যনরদের যে ওয়াফ ও মালতোলা পোস্তা ও জেটি ও সেতু ও অন্য বিষয় থাকে, এবং বন্দরস্থ কোন জলযান যে কাচী কি অন্য দ্রব্য দ্বারা বয়াতে কি সেই ওয়াফ প্রভৃতিতে বাঁধা থাকে, কোন ব্যক্তি স্বেচ্ছায় তাহা নষ্ট করিলে কি কাটিলে কি ভাঙ্গিলে কি তাহার কোন প্রকার ক্ষতি করিলে, তাহার সেই অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমত অপকার করণাপরাধের তুল্য না হইয়া, কলিকাতা নগরের কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সপ্রমাণ হইলে, তাহার দুই শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। কিন্তু দেওয়ানী মোকদ্দমাক্রমে হানিপূরণ করিবার যে দায় বর্ত্তে ঐ ব্যক্তি তাহা হইতে মুক্ত হইবেন না ইতি।

স্বাস্থ্যার্থ বিধান।

৭৪ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদের কোন ওয়াফে কি মালতোলা পোস্তায় কি ষ্টেজে কি জেটীতে কি সেতুতে কিম্বা বন্দরের অন্তর্গত নদীর তীরের কোন ভাগে ইচ্ছাপূর্ব্বক কোন জঞ্জাল কি ময়লা দ্রব্য কি বিষ্ঠা কি ছাই কি উচ্ছিষ্ট কিম্বা কোন প্রকারের গলিজ কিম্বা পশুর উদ্ভূত দ্রব্য কি ভাঙ্গা গেলাস কি মাটির পাত্র কি রাবিশ ফেলিলে কিম্বা চাকরদিগকে ফেলিতে দিলে, উক্ত প্রত্যেক অপরাধ হেতুক তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।



Limits of the Port of Calcutta how to be defined.

LXXV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to define the limits of the port for the purposes of this Act, and from time to time, by any notice to be in like manner published to alter, vary or revoke, the same or any part thereof, and by the same or any other order to be in like manner published to define other limits of the port and the limits so defined in any such order shall, while such order is in force, be for the purposes of this Act the limits of the port. Provided, however, that until such order shall be published, the limits of the port as for the time being defined by a declaration made by the Government of Bengal under the provisions of the said Act XXII of 1855, shall for the purposes of this Act be the limits of the port.

Jurisdiction as to offences committed within Calcutta.

LXXVI. Every charge of an offence against any provision of this Act, or of any rule, order or bye-law made under the provisions of this Act, alleged to have been committed within the Town of Calcutta, shall be heard and determined in a summary way by some police magistrate of Calcutta, according to the provisions of the law for the time being regulating the procedure of the court of such police magistrate.

Jurisdiction as to offences committed out of Calcutta.

LXXVII. Every charge of an offence against the provisions of this Act, or of any rule, order or bye-law made under the provisions of this Act, alleged to have been committed out of Calcutta, may be heard and determined by any officer authorized to exercise any of the powers of a magistrate in the place in which such offence may be alleged to have been committed, and the provisions of the Code of Criminal Procedure shall apply to the trial of every such charge.

Power to Lieutenant-Governor to make rules.

LXXVIII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal by order published in the *Calcutta Gazette* to make port rules not inconsistent with this Act, nor with Act XXII of 1855 passed by the Governor General of India in Council, for any of the following purposes, that is to say, to regulate the classes of cargo to be shipped and landed from and at the respective wharves, quays, stages, jetties, or piers belonging to the commissioners, and the time for which, and the order and manner in which, vessels are to lie alongside such wharves, quays, stages, jetties, and piers belonging to the commissioners, and the time

[*Government Gazette*, 29*th March* 1870.]

কলিকাতা বন্দরের সীমা নিরূপণের কথা।

৭৫ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই আইনের কার্য্যহেতুক বন্দরের সীমা নিরূপণ করিতে পারিবেন। এবং সময়ে২ সেই প্রকারে জ্ঞাপনি প্রকাশকরণ পূর্ব্বক সেই সীমা কি তাহার কোন অংশ পরিবর্ত্তন কি মতান্তর কি অন্যথা করিতে পারিবেন এবং সেই কি অন্য আজ্ঞা তদ্রূপেই প্রকাশ করিয়া বন্দরের অন্য সীমা নিরূপণ করিতে পারিবেন। সেই আজ্ঞা যত কাল প্রবল থাকে তত কাল এই আইনের কার্য্যপক্ষে সেই অনুজ্ঞাপত্রের প্রকাশিত সীমা বন্দরের সীমা হইবে। তদ্রূপ আজ্ঞা যত কাল প্রকাশ না করা যায়, তত কাল বঙ্গদেশের গবর্ণমেণ্টকর্ত্তৃক ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের বিধানমত নির্দ্দেশবাক্যে যে সীমা নির্ণয় হয়, তাহাই এই আইনের কার্য্যপক্ষে ঐ বন্দরের সীমা হইবে ইতি।

কলিকাতার মধ্যে যে অপরাধ করা যায় তাহার বিচারাধিপত্যের কথা।

৭৬ ধারা। কলিকাতা নগরের মধ্যে এই আইনের বিধানের বিপরীত কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধির কি আজ্ঞার কি উপবিধির বিপরীত অপরাধ করা গেল কথিত হইলে কলিকাতার পোলীস মাজিষ্ট্রেটের আদালতের কার্য্য প্রণালী বিধায়ক যে আইন যে সময়ে প্রচলিত থাকে তদনুসারে ঐ পোলীসের কোন মাজিষ্ট্রেট স্থূলানুসন্ধানক্রমে সেই অপরাধসংক্রান্ত অভিযোগ শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

কলিকাতার বহির্ভূত স্থানে যে অপরাধ করা যায় তাহার বিচারাধিপত্যের কথা।

৭৭ ধারা। কলিকাতা নগরের বহির্ভূত স্থানে এই আইনের বিধানবিরুদ্ধ, কিম্বা এই আইনের বিধানমতে প্রণীত কোন বিধির কি আজ্ঞার কি উপবিধির বিরুদ্ধ অপরাধ করা গিয়াছে এমত অভিযোগ হইলে, উক্ত কথাক্রমে অভিযোগ যে স্থানে করা গিয়াছে সেই স্থানে মাজিষ্ট্রেটের কোন ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক সেই অভিযোগ শুনিয়া নির্ণয় করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক অভিযোগের বিচারের প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধান বর্ত্তিবে ইতি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

৭৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক নিম্নলিখিত কার্য্যের বিধি করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৫ সালের ২২ আইনের অসঙ্গত না হয়। বিশেষতঃ কমিশ্যনরদের যে ওয়ার্ফ ও মালতোলা যে পোস্তা ও যে ষ্টেজ ও জেটী ও সেতুহইতে যে প্রকারের দ্রব্য জাহাজে তোলা যাইবে ও জাহাজহইতে নামান যাইবে, এবং জাহাজ যত কাল যে শ্রেণী ও নিয়মমতে কমিশ্যনরদের সেই ওয়ার্ফের কি মালতোলা পোস্তার কি ষ্টেজের কি জেটীর কি সেতুর নিকট থাকিতে পারে

for which, and the order and manner in which vessels are to lie alongside such wharves, quays, stages, jetties and piers respectively, for the purpose of unloading or loading cargo; and from time to time in like manner to alter, vary or revoke any such port rule, and all regulations under and provisions of the said Act with regard to buoys and moorings shall extend to the buoys and moorings laid down by or belonging to the commissioners. The conservator of the port and his assistants, in carrying out and enforcing such regulations, shall act under the direction of the commissioners.

Penalty for infringing Regulations of Lieutenant-Governor.

LXXIX. If any person shall disobey any rule or regulation of the Lieutenant-Governor of Bengal made under the provisions of this Act for which no other penalty is by this Act provided, such person shall, for every such offence, be liable to a penalty not exceeding one hundred rupees; and if the offence be continued beyond a day, to a penalty not exceeding fifty rupees for every day after the first.

Commissioners empowered to make Bye-laws.

LXXX. It shall be lawful for the commissioners at a meeting from time to time to make Bye-laws for the guidance of persons employed by them under this Act; for the safe and convenient use of the wharves, quays, jetties, sheds, warehouses, tramways, and other works constructed by them under the authority of this Act; for the use of the public landing places constructed by them; for the receiving and removal of goods brought within the premises of the commissioners; for declaring the procedure to be followed by the commissioners in taking charge of goods which shall have been damaged before landing, or shall be alleged to be so damaged; for keeping clean the river, the river bank, and the works of the said commissioners, and for preventing filth or rubbish being thrown therein or thereon; for the mode of payment of the tolls, dues, rates, and charges leviable under this Act; for regulating the use of public landing places, the time during which goods may remain thereon, and the removal of goods landed thereon; for regulating, declaring and defining the wharves, quays, jetties, stages, and piers on which goods shall be landed from vessels and shipped on board vessels; for regulating, defining, and declaring the places and stations on which vessels shall be fastened or moored, or shall lie or remain: or otherwise for carrying out the purposes

ইহার বিধান করিবেন এবং সময়ে২ ঐ বন্দরের কোন বিধি পরিবর্ত্তন কি মতান্তর কি অন্যথা করিতে পারিবেন। এবং বয়ার ও বয়াতে জাহাজ বাঁধিবার বিষয়ে উক্ত আইনমতে প্রণীত ও উক্ত আইনের যে সকল বিধান বর্ত্তে তাহা উক্ত কমিশ্যনরদের স্থাপিত ও তাঁহারদের সকল বয়ার ও জাহাজ বাঁধিবার স্থানের প্রতিও বর্ত্তিবে। বন্দরের রক্ষক সাহেব ও তাঁহার সহকারিগণ ঐ বিধান সফল ও প্রবল করণে কমিশ্যনরদের আদেশমতে কর্ম্ম করিবেন ইতি।

লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত বিধি লঙ্ঘনের দণ্ড।

৭৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের বিধানমতে যে নিয়ম ও বিধি করেন যদি কোন ব্যক্তি তাহার অমান্য করে, তবে এই আইনেতে প্রকারান্তরের দণ্ড নিরূপণ না হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে এক শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারে ও এক দিনের অধিক ঐ অপরাধ করিতে থাকিলে প্রথম দিনের পর তাহার প্রতিদিন পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

কমিশ্যনরদের উপবিধি করিবার ক্ষমতার কথা।

৮০ ধারা। কমিশ্যনরগণ সভাস্থ হইয়া সময়ে২ এই২ বিষয়ের উপবিধি করিতে পারিবেন, যথা তাঁহারা এই আইনমতে যে ব্যক্তিদিগকে কর্ম্ম দেন, তাহারদের কার্য্য পদ্ধতি দেখাইবার, এবং এই আইনের দত্ত ক্ষমতাক্রমে যে ওয়াফ ও মালতোলা পোস্তা ও জেটী ও শেড ও গুদামঘর ও ট্রামওয়ে ও অন্যং বিষয় নির্ম্মাণ করেন নির্ব্বিঘ্ন ও সুবিধাজনকরূপে তাহার ব্যবহার হইবার, ও তাঁহারা সাধারণের নৌকায় উঠিবার ও নৌকাহইতে নামিবার যে ঘাট করেন তাহার ব্যবহার করিবার, ও কমিশ্যনরদের ভূম্যাদির মধ্যে যে মাল আনীত হয় তাহা গ্রহণ ও স্থানান্তর করিবার, ও জাহাজহইতে নামাইবার পূর্ব্বে যে মাল ডামেজ হইয়াছে কিম্বা ডামেজ হইল কথিত হয়, সেই মাল আপনারদের জিম্মায় গ্রহণে কমিশ্যনরদের যে প্রণালীমতে কার্য্য করিতে হইবে তাহা নির্দ্দেশ করিবার, এবং নদী ও নদীর ধার ও উক্ত কমিশ্যনরদের বিষয় পরিষ্কার রাখিবার এবং তন্মধ্যে ও তাহার উপর জঞ্জাল কি রাবিশ ফেলা নিবারণ করিবার ও এই আইনমতে যে মাসুল ও শুল্ক ও রেট ও দাবী আদায় হইতে পারে তাহা আদায় করিবার নিয়মের, এবং সাধারণের মাল উত্তরিবার স্থানের ব্যবহার ও সেই মাল যত কাল তথায় থাকিতে পারে ও সেই স্থানে নামান মাল যেরূপে স্থানান্তর করা যাইবে ইহার বিধান করিবার এবং মাল যে ওয়াফ ও মালতোলা পোস্তা ও জেটী ও ষ্টেজ ও সেতু হইতে জলযানে তোলা যাইবে ও তাহাহইতে নামান যাইবে, ইহার বিধান ও নির্দ্দেশ ও নিরূপণ করিবার, এবং জলযান যেং জায়গায় ও স্থানে বদ্ধ কি বয়াতে বদ্ধ হইয়া থাকিবে ইহার বিধান ও নিরূপণ ও নির্দ্দেশ করিবার ও এই আইনের কার্য্য সফল করণার্থে অন্য বিষয়ের উপবিধি করিতে পারিবেন এবং সময়ে২





of this Act: and from time to time to vary, alter or revoke any such Bye-law so made by them.

Approval of Bye-laws.

LXXXI. No Bye-law or alteration of a Bye-law shall have effect until the same shall have been approved by the Lieutenant-Governor of Bengal, and no Bye-law shall be approved by the said Lieutenant-Governor until the same shall have been published for three weeks successively in the *Calcutta Gazette*, and when such Bye-law shall have been so approved, all courts of law shall take judicial notice thereof.

Lieutenant-Governor may revoke and annul Bye-laws.

LXXXII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to revoke, annul, and make void any Bye-law made and published under the provisions of Section LXXIX and Section LXXX.

Penalty for infringement of Bye-laws.

LXXXIII. No penalty for any one infringement of a Bye-law shall exceed one hundred Rupees, nor in case of a continuing infringement shall any penalty exceed fifty Rupees per diem, for every day after notice of such infringement shall have been given by the commissioners to the person guilty of such infringement.

Bye-laws and tables of tolls to be exhibited.

LXXXIV. The commissioners shall cause the said Bye-laws and the tables of tolls, dues, rates, and charges leviable to be printed in the English and Bengalee languages and characters, and to be hung up and kept hung up at the several wharves, quays, and jetties and other convenient places on the premises of the commissioners.

Notice of action.

LXXXV. No suit shall be maintained against any person for any thing done, or purporting or professing to be done, in pursuance of this Act, unless notice in writing shall have been given to the vice-chairman at the office of the commissioners one month before such suit shall be commenced, stating that a suit will be brought, and the grounds of suit; nor shall any such suit be brought after the expiration of three months from the day on which the cause of action in such suit shall have arisen.

Government may order a local survey.

LXXXVI. The Lieutenant-Governor of Bengal may at any time order a local survey and examination of any works of the commissioners under this Act, or the intended site thereof, and the cost of such survey and examination shall be borne and paid by the

তাঁহারদের কৃত উক্ত কোন উপবিধি পরিবর্ত্তন কি ভাবান্তর কি অন্যথা করিতে পারিবেন ইতি।

উপবিধি দৃঢ় করিবার কথা।

৮১ ধারা। কোন উপবিধি কি উপবিধির পরিবর্ত্তন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক অনুমোদিত না হইলে প্রবল হইবে না ও কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন সপ্তাহ প্রকাশ না হইলে, উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ উপবিধি অনুমোদন করিবেন না। অনুমোদন হইলে পর সকল আদালত মোকদ্দমার বিচারকালে তাহা স্বীকার করিবেন ইতি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক সেই উপবিধি অন্যথা ও ব্যর্থ হইবার কথা।

৮২ ধারা। ৭৯ ও ৮০ ধারার বিধানমতে যে উপবিধি প্রণীত হইয়া প্রকাশ করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র, প্রকাশপূর্ব্বক তাহা অন্যথা ও ব্যর্থ ও অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

উপবিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

৮৩ ধারা। একবার উপবিধি লঙ্ঘনের দণ্ড এক শত টাকার অধিক হইবে না। ও তদ্রূপ লঙ্ঘনদোষ দিনং হইতে থাকিলে কমিশ্যনরেরা দোষী ব্যক্তিকে সেই উপবিধি লঙ্ঘনের নোটিস দিলে পর সে যত দিন ঐ দোষ করিতে থাকে দিন প্রতি তাহার পঞ্চাশ টাকার অধিক দণ্ড হইবে না ইতি।

উপবিধি ও মাসুলের ফর্দ্দ লট্‌কাইবার কথা।

৮৪ ধারা। কমিশ্যনরেরা ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় ও অক্ষরে উক্ত উপবিধি এবং যত মাসুল ও রেট ও দাবী আদায় হইতে পারে তাহার টেবিল ছাপাইয়া নানা ওয়ার্ফে ও মালতোলা পোস্তায় ও জেটীতে ও কমিশ্যনরগণের ভূম্যাদির অন্য উপযুক্ত স্থানে লটকাইয়া রাখিবেন ইতি।

নালিশ করিবার নোটিসের কথা।

৮৫ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে কোন কার্য্য করিলে কি এই আইনমতে করে এমত ভাব প্রকাশ কি স্বীকার করিলে তৎসম্পর্কীয় মোকদ্দমা করিবার পূর্ব্বে এক মাস থাকিতে তাহার নামে নালিশ যে হইবে এই কথার ও সেই নালিশের হেতুর এক নোটিস লিখিয়া কমিশ্যনরদের কার্য্যালয়ে প্রতিনিধি সভাপতিকে দিতে হইবে, না দেওয়া গেলে মোকদ্দমা গ্রাহ্য হইবে না। এবং তদ্রূপ মোকদ্দমার হেতু উত্থিত হইবার দিনাবধি তিন মাস গত হইলে পর মোকদ্দমা হইতে পারিবে না ইতি।

স্থানবিশেষের জরীপ হওন বিষয়ে গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

৮৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোন সময়ে কমিশ্যনরদের এই আইনমত কোন কার্য্যের কি ঐ কার্য্য করিবার প্রস্তাবিত স্থানের জরীপ ও পরীক্ষা হইবার আজ্ঞা করিতে পারিবেন। সেই জরীপ ও পরীক্ষা কার্য্যের খরচ

commissioners out of the moneys in their hands by virtue of this Act.

Government may restore or complete works.

LXXXVII. If the commissioners shall allow any work constructed by them under this Act to fall into disrepair, or shall not complete any work commenced by them or included in any scheme submitted to and approved of, and shall not after due notice in writing, proceed effectually to repair or complete such work under this Act, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal to cause such work to be restored, completed, or constructed either by the officers of Government or any private contractor, and the cost of any such restoration, completion, or construction shall be a charge on the works, and a debt due from the commissioners to the Secretary of State for India in Council.

Mode of realizing money due to the Secretary of State.

LXXXVIII. If at any time any money which may for the time being be payable to the Secretary of State for India in Council for interest or for any instalment of principal shall be due and unpaid for one month after the same shall have become due, it shall be lawful for the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta Gazette* to appoint some person to receive the rents, issues, and profits, tolls, rates, charges, and other income, which the commissioners may under this Act be entitled to receive, and to apply the same in discharge of the amount so due; and the person so to be appointed shall have for the recovery of such rents, issues, profits, tolls, rates, charges and income, all and singular the powers and authorities herein and hereby conferred on the commissioners for the purposes aforesaid.

Government may take possession and revoke powers of commissioners.

LXXXIX. If at any time it shall appear to the satisfaction of the Lieutenant-Governor of Bengal that the works intended to be accomplished under this Act have not been, and are not likely to be, properly carried out, or (if carried out) have not been, and are not likely to be, properly maintained by the commissioners, it shall be lawful for the said Lieutenant-Governor to give six months' notice by order published in the *Calcutta Gazette*, that unless within that period the commissioners shall take measures to the satisfaction of the said Lieutenant-Governor for the carrying out or proper maintenance of the said works, the powers by

কমিশ্যনরদের শিরে পড়িবে। এই আইনের বলে যে টাকা তাঁহারদের হাতে থাকে তাঁহারা সেই টাকাহইতে দিবেন ইতি।

কার্য্য সারাইয়া কি সাঙ্গ করিয়া দিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৮৭ ধারা। কমিশ্যনরেরা এই আইনমতে নির্ম্মিত কোন বিষয় জীর্ণ হইতে দিলে, কিম্বা আপনারদের আরম্ভ করা কোন কার্য্য কি এই আইনমতে অর্পিত ও অনুমোদিত পাণ্ডুলিপিতে যে কার্য্য ধরা গিয়াছে এমত কার্য্য সমাপ্ত না করিলে, এবং লিখনক্রমে উপযুক্ত নোটিস পাইয়া এই আইনমতে সেই কার্য্য সফলরূপে সারাইতে কি সমাপ্ত করিতে প্রবর্ত্ত না হইলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব গবর্ণমেন্টের কার্য্যকারকদের দ্বারা কিম্বা সাধারণ ব্যক্তির সঙ্গে চুক্তি করিয়া তাঁহার দ্বারা সেই বিষয় সারাইতে কি সমাপ্ত কি নির্ম্মাণ করিতে পারিবেন। তাহা সারাইবার কি সাঙ্গ কি নির্ম্মাণ করিবার খরচ ঐ বিষয়ের উপর দাবীস্বরূপ এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট কমিশ্যনরদের ঋণস্বরূপ বর্ত্তিবে ইতি।

ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য আদায় করিবার নিয়মের কথা।

৮৮ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সুদের কিম্বা মূল টাকার কোন কিস্তি কোন সময়ে পাওনা হইলে, ও দেনা পড়িলে পর এক মাসপর্য্যন্ত শোধ না হইলে, কমিশ্যনরেরা এই আইনমতে যে ভাড়া ও প্রাপ্য ও লাভ ও মাসুল ও রেট ও দাবী ও অন্য আয় গ্রহণ করিতে স্বত্ববান হন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক ঐ আয় গ্রহণ করিয়া সেই প্রাপ্য টাকার পরিশোধে প্রয়োগ করণার্থে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। এই আইনেতে ও এই আইনক্রমে কমিশ্যনরগণের ও প্রত্যেক কমিশ্যনরের প্রতি উক্ত ভাড়াপ্রভৃতি আদায় করিবার যে সকল শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তদ্রূপ নিযুক্ত ব্যক্তি ঐ ভাড়া ও প্রাপ্য ও লাভ ও মাসুল ও রেট ও দাবী ও আয় আদায় করিবার সেইং শক্তি ও ক্ষমতা প্রাপ্ত হইবেন ইতি।

গবর্ণমেণ্টের অধিকার গ্রহণপূর্ব্বক কমিশ্যনরদের ক্ষমতা অসিদ্ধ করিবার কথা।

৮৯ ধারা। এই আইনমতে যেকার্য্য করিবার কল্পনা থাকে তাহা করা যায় নাই, উপযুক্ত মতে করা যাইবার সম্ভাবনাও নাই, কিম্বা করা গেলেও কমিশ্যনরদের দ্বারা তাহার উপযুক্তমতে সংরক্ষণ হয় নাই হইবারও সম্ভাবনা নাই, ইহা কোন সময়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তিনি কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক ছয় মাস থাকিতে এই নোটিস দিবেন যে, কমিশ্যনরেরা সেই কালের মধ্যে উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হৃদ্বোধমতে সেই কার্য্য করিয়া তাহার উপযুক্ত সংরক্ষণের উপায় না করিলে, এই আইন দ্বারা ঐ কমিশ্যনরদের প্রতি যেং ক্ষমতা অর্পিত হইয়াছে, সেই সময়াবসানে সেইং ক্ষমতা





this Act conferred on the commissioners will at the end of such period be withdrawn and revoked, and the Government of Bengal may assume possession and management of the works (if any) already constructed. By such order, and without the necessity of any conveyance, all immoveable and moveable property, all rights of levying and recovering tolls, dues, and rates, all benefit of contracts, and all rights of suit, which at the time may be vested in the commissioners under this Act, shall be transferred to and vested in the Secretary of State for India in Council, and the rights of all creditors of the commissioners under this Act shall continue as against the said Secretary of State in Council to the extent of the property so transferred to and vested in him.

Powers of Justices over river bank withdrawn.

XC. From and after the commencement of this Act the powers in and by Sections XCI, CLXXXIV, and CLXXXVI of Act VI of 1863 or any of them conferred upon the Justices of the Peace for the Town of Calcutta, shall absolutely cease and determine with respect to any part of the river or river bank of the port.

Repeal of clauses.

XCI. From and after the commencement of this Act, Act X of 1866 and Act IV of 1869, respectively passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall stand repealed.

Commencement of Act.

XCII. This Act shall commence and take effect from such day as shall be appointed for the purpose by an order of the Lieutenant-Governor of Bengal published in the *Calcutta Gazette*.

Short title.

XCIII. This Act may be called "The Calcutta Wharf Act, 1870."

SCHEDULE A.—(*referred to in Section VII.*)

SCHEDULE B.—(*referred to in Section VIII.*)

SCHEDULE C.—(*referred to in Section XLVI.*)

FORM OF DEBENTURE.

The commissioners of wharves and jetties in the port of Calcutta.

The 18 .

No.

By virtue of the Act No. of 187 of the Council of the Lieutenant-Governor of Bengal

রহিত ও অন্যথা করা যাইবে। এবং তৎকালে কোন বিষয় নির্ম্মিত থাকিলে বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহা অধিকার করিয়া তাহার কার্য্যসম্পাদনের নিয়ম করিবেন। সেই আজ্ঞা হইলে, এই আইনক্রমে স্থাবরাস্থাবর যে সকল সম্পত্তি, এবং মাসুল ও শুল্ক ও রেট ধার্য্য ও আদায় করিবার যে সকল অধিকার, ও চুক্তি জন্য যে সকল উপকার, ও মোকদ্দমা করিবার যে সকল স্বত্ব তৎকালে কমিশ্যনরদের প্রতি বর্ত্তে, হস্তান্তর করণপত্রের আবশ্যকভিন্ন তাহা হস্তান্তরিত হইয়া ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তিবে। এবং এই আইনক্রমে কমিশ্যনরদের সকল উত্তমর্ণদের যে স্বত্ব থাকে, তাহা তদ্রূপ হস্তান্তরিত ও সমর্পিত সম্পত্তির মূল্যপর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে প্রবল হইবে ইতি।

নদীর ধারের উপর জষ্টিসদের ক্ষমতা রহিত হইবার কথা।

৯০ ধারা। কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি ১৮৬৩ সালের ৬ আইনের ৯১ ও ১৮৪ ও ১৮৬ ধারা কিম্বা তন্মধ্য অন্যতর ধারাক্রমে যে ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইন প্রচলিত হইবার সময়াবধি বন্দরের অন্তর্গত নদীর কিম্বা নদীর ধারের পক্ষে সেই ক্ষমতা সম্পূর্ণরূপে পরিশেষ ও রহিত হইবে ইতি।

কএক আইন রহিত হইবার কথা।

৯১ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ১০ আইন ও ১৮৬৯ সালের ৪ আইন রহিত হইবে ইতি।

আইন যে অবধি চলিবে তাহার কথা।

৯২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই আইন প্রচলিত হইবার যে দিন নিরূপণ করেন সেই দিনাবধি প্রচলিত হইয়া প্রবল থাকিবে ইতি।

সংক্ষেপ নামের কথা।

৯৩ ধারা। এই আইন "কলিকাতার ওয়ার্ফের ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

৭ ধারার উল্লিখিত।
A তফসীল।

৮ ধারার উল্লিখিত।
B তফসীল।

৪৬ ধারার উল্লিখিত।
C তফসীল।

ঋণগ্রহণপত্রের পাঠ।

কলিকাতা বন্দরের ওয়াফ ও জেটীর কমিশ্যনরগণ

সাল তাং।

নং।

আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার প্রণীত "কলিকাতা

for making Laws and Regulations, entitled "An Act to provide facilities for the landing and shipment of goods in the Port of Calcutta," we, the commissioners of wharves and jetties in the port of Calcutta, in consideration of the sum of Rupees paid to us by A. B. of premise to pay to the said or order the said sum of Rupees after the date hereof together with interest at the rate of per centum per annum payable half yearly on the day of and the day of

*(Signatures of the Chairman or Vice-Chairman and two Commissioners.)*

J. Pitt Kennedy,
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*Legislative Department.*

বন্দরে জাহাজের মাল তুলিবার ও নামাইবার সুবিধান করণার্থ আইন" নামে অমুক সালের অমুক আইনের বলে, কলিকাতা বন্দরের ওয়ার্কের ও জেটীর কমিশ্যনর আমরা অমুক স্থান নিবাসি শ্রীযুত অমুকের স্থানে এত টাকা প্রাপ্ত হইয়া, অদ্যকার তারিখঅবধি এত কালের পর তাঁহার উক্ত টাকা ফিরিয়া দিব এবং ঐ টাকর উপর ছয়ং মাসে অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে বৎসর শতকরা টাকার হিসাবে সুদ দিব এই প্রতিজ্ঞা করিয়া এই ঋণগ্রহণপত্র লিখিয়া দিলাম।

সভাপতির কিম্বা প্রতিনিধি সভাপতির ও দুই জন কমিশ্যনরের স্বাক্ষর।

জে পিট কেনেডি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপক সভার আসিষ্টান্ট সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

---

## Orders by the Lieutenant-Governor of Bengal.

### REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 640R.

Appointments.

*The 18th March* 1870.—Mr. Warren Hastings D'Oyly to officiate as Magistrate and Collector of Shahabad, in the First Grade, during the absence, on leave, of Mr. Harry Wallis Alexander, or until further orders.

Mr. George James Spence Hodgkinson to officiate as Joint-Magistrate and Deputy Collector of Tirhoot, during the absence, on deputation, of Mr. Warren Hastings D'Oyly, or until further orders.

Mr. William Bushe Power, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Tajpore, in Tirhoot.

Mr. John Arthur Craven, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Seetamaree, in Tirhoot.

Mr. William Fiddian, Assistant Magistrate and Deputy Collector, Cuttack, is transferred temporarily to Pooree.

Mr. James Cattrall Price to officiate temporarily as Magistrate and Collector of Midnapore, in the Second Grade.

Mr. Charles Thomas Buckland to be Commissioner of Revenue and Circuit of the Burdwan Division.

Mr. Edmund Weldon Molony to be Commissioner of Revenue and Circuit of the Rajshahye Division, but to continue to officiate as Commissioner of Revenue and Circuit of the Orissa Division.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

### রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৬৪০ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১৮ মার্চ।—শ্রীযুত হারি ওয়ালিস আলেকজণ্ডার সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ওয়ারেন্ হেষ্টিংস্ ডয়লী সাহেব প্রথম শ্রেণীমতে শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত ওয়ারেন হেষ্টিংস ডয়লী সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জর্জ জেমস্ স্পেন্স হজ্‌কিন্সন সাহেব ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত উলিয়ম বুসে পোয়র সাহেব ত্রিহুতের অন্তর্গত তাজপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জান আর্থর ক্রাবেন্ সাহেব ত্রিহুতের অন্তর্গত সীতামারি শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

কটকের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপটী কালেকটর শ্রীযুত উলিয়ম ফিডিয়ন সাহেব কিয়ৎকালের নিমিত্তে পুরীতে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত জেমস কাট্রাল প্রাইস সাহেব কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীমতে মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত চার্লস তামস বকলণ্ড সাহেব বর্দ্ধমান খণ্ডের রাজস্বের ও দায়ের সায়েরার কমিশ্যনর হইবেন।

শ্রীযুত এডমণ্ড ওয়েলডন মলনী সাহেব রাজশাহী খণ্ডের রাজস্বের ও দায়ের সায়েরা কমিশ্যনর হইবেন। কিন্তু উড়িষ্যা খণ্ডের রাজস্বের ও দায়ের সায়েরার কমিশ্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।





*The 19th March* 1870.—Mr. William Ostliffe Adams Beckett, Special Commissioner of Settlements, Bhûtân Dooars, to officiate as a Deputy Commissioner of the Third Grade.

Mr. Edwyn Samuel Moseley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Backergunge, from the date on which he may be relieved of the charge of the District by Mr. Henry Beveridge.

*The 21st March* 1870.—Mr. William Mearns Souttar to officiate as Under-Secretary to the Government of Bengal, during the absence, on leave, of Mr. Henry Sneyd Beadon, or until further orders.

Mr. Charles James Cowie to be Sub-Registrar of Assurances of the Sub-District of Seebsaugor.

Baboo Sitakant Mookerjee to be Sub-Registrar of Assurances of the Sub-District of Maldah.

Lieutenant Edward Gordon Lillingston, Officiating Deputy Commissioner of Gowalparah, is vested with the powers described in Section 445A. of the Code of Criminal Procedure (Acts XXV. of 1861 and VIII. of 1869.)

Leave of Absence.

*The 10th March* 1870.—Captain Frederick Collingridge, Commandant of the Behar Mounted Rifles, for nine months, to enable him to proceed to England on urgent private affairs.

*The 18th March* 1870.—Mr. Francis Laycock, River Surveyor, for six months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

*The 21st March* 1870.—Mr. Thomas Henry Howard Shortt, c.s., is permitted to proceed to Europe on furlough for a period of two years, on Medical Certificate, under the Rules of 1868.

Mr. Henry Sneyd Beadon, Officiating Under-Secretary to the Government of Bengal, for three months, under Section XIX. of the Covenanted Service Absentee Rules.

Notification.

*The 21st March* 1870.—Mr. Thomas Smith, who has been allowed furlough for two years to proceed to Europe, is permitted to embark at Bombay.

Rivers Thompson,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

### JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 301J.

Appointments.

*The 11th March* 1870.—Apothecary William Marcus Mitchell to be Resident House Surgeon of the Dacca Mitford Hospital.

১৮৭০ সাল ১৯ মার্চ।—ভুটান দুয়ারের বন্দোবস্তের বিশেষ কমিশ্যনর শ্রীযুত উলিয়ম অষ্টিলিফ আডামস্ বেকেট সাহেব তৃতীয় শ্রেণীর ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এডউইন সামুয়েল মোসলী সাহেব যে তারিখে শ্রীযুত হেনরি বেবরিজ সাহেব কর্ত্তৃক বাকরগঞ্জ জিলার কার্য্যভার হইতে অবকাশ পান সেই তারিখ অবধি উক্ত জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২১ মার্চ।—শ্রীযুত হেনরি স্নীড বীডন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত উলিয়ম মিয়ার্ণস্ স্টর সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত চার্লস জেমস কৌই সাহেব শিবসাগর সবডিষ্ট্রিকুটের নিদর্শন পত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত বাবু সীতাকান্ত মুখোপাধ্যায় মালদহ সবডিষ্ট্রিকুটের নিদর্শন পত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

গোয়ালপাড়ার একটিং ডেপুটী কমিশ্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত এডওয়ার্ড গর্ডন্ লিলিংষ্টন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ ও ১৮৬৯ সালের ৮ আইনের ৪৪৫A ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছন।

ছুটী।

১৮৭০ সাল ১০ মার্চ।—বেহারের আশ্বারোহী সৈন্যদলের কমাণ্ডাণ্ট কাপ্তান শ্রীযুত ফ্রেড্রিক কলিন্‌গ্রিজ্ সাহেব নিজের অত্যাবশ্যক কার্য্যের নিমিত্তে ইংলণ্ডে গমন করিতে পারিবার জন্যে নয় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ১৮ মার্চ।—নদীর সরবেয়র শ্রীযুত ফ্রান্সিস্ লেকক্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ২১ মার্চ।—সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত তামস হেনরি হৌয়ার্ড শর্ট সাহেব ১৮৬৮ সালের বিধিমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিবার অনুমতি পাইয়াছেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী শ্রীযুত হেনরি স্নীড বীডন্ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২১ মার্চ।—শ্রীযুত তামস স্মিথ সাহেব যিনি ইউরোপে গমনার্থে দুই বৎসরের নিয়মিত ছুটী পাইয়াছেন তাঁহার প্রতি বোম্বাইয়ে জাহাজে উঠিবার অনুমতি হইল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এটিং সেক্রেটারী।

### জুডিসিয়ল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

৩০১ J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ১১ মার্চ।—ঔষধ প্রস্তুত কারক শ্রীযুত উলিয়ম মার্কস মিচেল সাহেব ঢাকার মিটফর্ড হাস্পাতালের রেসিডেণ্ট হৌস সর্জ্জন হইবেন।

*The 18th March* 1870.—Mr. John Arthur Craven to be a Justice of the Peace, under Section 3, Act II. of 1869, within the territories under the control of the Lieutenant-Governor of Bengal.

Mr. Augustus Rivers Thompson to be Civil and Sessions Judge of Mymensing, but to continue to officiate as Secretary to the Government of Bengal, in the General and Revenue Departments.

Mr. Ernest George Birch to be additional Judge of Chittagong, but to continue to officiate as Civil and Sessions Judge of Burdwan, until further orders.

*The 19th March* 1870.—Baboo Mudhoosoodun Ghose to be Judge of the Court of Small Causes at Beauleah, and to be Subordinate Judge of Rajshahye.

Baboo Koolodanund Mookerjee to be additional Subordinate Judge of Chittagong.

Mr. Richard Lea, Officiating Extra Assistant Commissioner, Kamroop, is vested with the powers of a Moonsiff.

The Lieutenant-Governor has been pleased to appoint Mr. Joseph Graham to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal, for making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

*The 22nd March* 1870.—Baboo Judoonath Das, B.L., to officiate as Moonsiff of Balasore, during the absence, on deputation, of Baboo Kali Persad Dutt, or until further orders.

Mr. James Duff Ward to officiate as Civil and Sessions Judge of Purneah, during the absence, on leave, of Mr. James Rundall Muspratt, or until further orders.

*The 23rd March* 1870.—The Lieutenant-Governor has been pleased to appoint Baboo Unoocool Chunder Mookerjee to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal, for making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

### Leave of Absence.

*The 22nd March* 1870.—Mr. James Rundall Muspratt, Civil and Sessions Judge of Purneah, is allowed privilege leave of absence from the 6th April to the 2nd May next, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules.

### Notifications.

*The 14th March* 1870.—The orders of the 25th ultimo, transferring the services of Sub-Assistant Surgeon Chunder Mohun Ghose to the North-Western Provinces, are cancelled. He is permitted to rejoin his appointment as Second Demonstrator of Anatomy in the Calcutta Medical College.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]

১৮৭০ সাল ১৮ মার্চ।—শ্রীযুত জান অর্থর ক্রেবেন সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারামতে শান্তির কার্থে জাষ্টিস্ হইবেন।

শ্রীযুক্ত আগষ্টস্ রিবর্স তামসন সাহেব ময়মুনসিংহের সিবিল ও সেশন জজ হইবেন। কিন্তু জেনরল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর্নেষ্ট জর্জ্জ বর্চ সাহেব চট্টগ্রামের আডিস্যনল জজ হইবেন কিন্তু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত বর্দ্ধমানের সিবিল সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৭০ সাল ১৯ মার্চ।—শ্রীযুত বাবু মধুসূদন ঘোষ বোয়ালিয়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ এবং রাজশাহীর সবর্ডিনেট জজ হইবেন।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখোপাধ্যায় চট্টোগ্রামের আডিশ্যনল সবর্ডিনেট জজ হইবেন।

কামরূপের একটিং অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত রিচর্ড লিয়া সাহেব মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব শ্রীযুত য়ুশফ গ্রেহাম সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যপদে বরণ করিলেন।

১৮৭০ সাল ২২ মার্চ।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু কালীপ্রসাদ দত্তের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু যদুনাথ দাস বি, এল, বালেশ্বরের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জেমস রণ্ডল মস্প্রাট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জেমস ডফ ওয়ার্ড সাহেব পূরণিয়ার সিবিল ও সেসন জজের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৩ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব শ্রীযুত বাবু অনুকুলচন্দ্র মুখোপাধ্যায়কে ফোর্ট উলিয়ম রাজধানীর বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্যপদে বরণ করিলেন।

### ছুটী।

১৮৭০ সাল ২২ মার্চ।—পূরণিয়ার সিবিল ও শেসন সেশন জজ শ্রীযুত জেমস রণ্ডল মস্প্রাট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি আপ্রিল মাসের ৬ তারিখঅবধি মে মাসের ২ তারিখ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

### বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১৪ মার্চ।—সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত চন্দ্রমোহন ঘোষ উত্তর পশ্চিমদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হন গত মাসের ২৫ তারিখের এই মর্ম্মের আজ্ঞা রহিত করা গেল। তিনি কলিকাতার মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ বিদ্যাসংক্রান্ত বিষয়ের দ্বিতীয় প্রদর্শক পদ পুনর্গ্রহণ করিবার অনুমতি পাইয়াছেন।



*The 18th March* 1870.—Mr. R. H. G. Irvine, of the Bengal Police, reported his departure per Steamer *Simla*, which was left at sea by the Pilot on the 21st December 1869.

*The 22nd March* 1870.—The services of the following officers, who have been District Superintendents of Police in Bengal, are placed at the disposal of the Government of India, in the Military Department, with effect from the 31st instant, *viz.*:—

Lieutenant-Colonel Charles Reay, now on leave to Europe.

Major Frederic Nicolas Miles.

Captain William Ewbank Chambers, now on leave to Europe.

Captain Arthur Tulloch, now on leave to Europe.

A. Eden,
*Secy. to the Govt. of Bengal.*

---

### Notification.

*The 21st March* 1870.—It is hereby notified, for general information, that the Doloiships Oomeeo and Panchpoonjee, lying near Cherapoonjee, in the Khasi Territory, were erroneously included in the list of the Doloiships of the Jowaie Sub-division, given in the Notification of the 16th November 1869, at page 2067 of the *Calcutta Gazette* of the 24th idem. They are not within the boundaries of that Sub-division, as therein described, and are subject to the Khasi Hills jurisdiction.

A. Eden,
*Secy. to the Govt. of Bengal.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]

১৮৭০ সাল ১৮ মার্চ।—বঙ্গদেশের পোলীস সংক্রান্ত শ্রীযুত আর এচ জি অর্বিন্ সাহেব সিমলানামক ষ্টীমরে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ২১ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৭০ সাল ২২ মার্চ।—নিম্নলিখিত যে কার্য্যকারকেরা বঙ্গদেশের পোলীসের ডিষ্ট্রিকট স্থপরিন্টেণ্ডেণ্ট ছিলেন তাঁহারা মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন। উক্ত নিয়োগ এই মাসের ৩১ তারিখঅবধি প্রবল হইবে।

লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত চার্লস রে সাহেব। ইনি এইক্ষণে ছুটী লইয়া ইউরোপে গমন করিয়াছেন।

মেজর শ্রীযুত ফ্রেড্রিক নিকোলাস মাইলস সাহেব।

কাপ্তান শ্রীযুত উলিয়ম ইউবাঙ্ক চেম্বর্স সাহেব। ইনি এইক্ষণে ছুটী লইয়া ইউরোপে গমন করিয়াছেন।

কাপ্তান শ্রীযুত আর্থর টলক সাহেব। ইনি এইক্ষণে ছুটী লইয়া ইউরোপে গমন করিয়াছেন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

### বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২১ মার্চ।—সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৯ সালের নবেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ৩০ তারিখের বাঙ্গলা গেজেটের ১৫৪৮ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহাতে খাশীরাজ্যের অন্তর্গত চেরাপুঞ্জির নিকটস্থ দলাইর অধীন উমিও এবং পাঁচপুঞ্জিগ্রাম ভ্রমক্রমে জোয়াই শাখাখণ্ডের মধ্যে ধরা গিয়াছিল। ঐ২ স্থান উক্ত শাখাখণ্ডের সীমার অন্তর্গত নহে খাসি পর্ব্বতের আধীপত্যের অধীন।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

### ADVERTISEMENT.

A number of Elephants belonging to the Government of Bengal, in splendid condition and of a most useful size and kind, will be sold at Dacca, on Thursday, the 7th April next. A descriptive roll of the Elephants is given below :—

| No. | Name of Animal. | Sex. | Height. Ft. | Height. In. | REMARKS. |
|---|---|---|---|---|---|
| 1 | Gole Bahar ... | Male ... | 8 | 10 | Large, handsome tusker, would sell well Up-country. |
| 2 | Deen Doyal ... | Ditto, without teeth. | 8 | 10 | Muckna, handsome and young. |
| 3 | Surda Monee ... | Female ... | 8 | 4 | Good howdah elephant, smooth and fast, also trained to keddah work. |
| 4 | Fool Kully ... | Ditto ... | 8 | 0 | Trained to keddah work, and likely to make a howdah elephant, untried. |
| 5 | Kuddum Kully ... | Ditto ... | 8 | 3 | Good howdah elephant, staunch and trained to keddah work. |
| 6 | Nobin Coomar ... | Male ... | 8 | 2 | A very handsome male, fit for howdah. |
| 7 | Nannara ... | Ditto ... | 8 | 8 | A handsome male, but timid and bad tempered. |
| 8 | Dowlut Bhoree ... | Female ... | 8 | 1 | A good elephant, compact and handsome, fit for howdah work, but untried, very staunch. |
| 9 | Moysooree ... | Ditto ... | 8 | 0 | Ditto ditto ditto. |
| 10 | Alexander ... | Male ... | 8 | 2 | A tusker with tusks, going different ways, likely to sell well Up-country. |
| 11 | Dood Coomar ... | Ditto ... | 8 | 1 | A tusker. |
| 12 | Beejoree ... | Female ... | 7 | 10 | Growing elephants, will improve and become more valuable. |
| 13 | Kurruck Beejlee ... | Ditto ... | 7 | 7 | |
| 14 | Choonee Lall ... | Male, without teeth. | 7 | 2 | |

### ইস্তাহার।

ঢাকায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনেক হস্তী আগামি আপ্রিল মাসের ৭ তারিখ বৃহস্পতিবারে বিক্রয় হইবে। ঐ সকল হস্তী হৃষ্টপুষ্ট ও কর্ম্মে লাগিবার উপযুক্ত প্রকারের ও উপযুক্ত পরিমাণের। তাহার বিবরণ এই।

| ১ নম্বর | ২ হস্তির নাম | ৩ নর কি মাদী | ৪ উচ্চতা | ৫ মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | গোলবাহার .. | নর | ৮।১০ ইঞ্চি ... | বৃহৎ ও সুন্দর দন্তবিশিষ্ট, উত্তরপশ্চিমাঞ্চলে অধিক মূল্যে বিক্রয় হইতে পারে। |
| ২ | দীনদয়াল ... | ঐ দন্তহীন | ঐ ... | মাখনা, সুন্দর ও অল্প বয়স্ক। |
| ৩ | শারদামণি ... | মাদী | ৮।৪ ইঞ্চি ... | হাওদা বহিবার উপযুক্ত এবং দেখিতে পরিপাটি ও শীঘ্র চলে। খেদার কর্ম্মেও সুশিক্ষিতা। |
| ৪ | ফুলকলি ... | ঐ | ৮ ফুট ... | খেদার কর্ম্মে শিক্ষিতা, হাওদা বহিবার উপযুক্ত হইতে পারে কিন্তু কর্ম্মে লাগান যায় নাই। |
| ৫ | কদমকলি .. | ঐ | ৮।৩ ইঞ্চি ... | হাওদা বহিবার উপযুক্ত হস্তী, শক্ত ও খেদার কর্ম্মে সুশিক্ষিত। |
| ৬ | নবীনকুমার ... | নর | ৮।২ ইঞ্চি ... | বড় সুন্দর হস্তী ও হাওদা বহিবার উপযুক্ত। |
| ৭ | নান্নারা ... | ঐ | ৮।৮ ইঞ্চি ... | দেখিতে সুন্দর কিন্তু ভীরু ও রাগাল। |
| ৮ | দৌলতভোরী ... | মাদী | ৮।১ ইঞ্চি ... | ভাল হস্তী, আটল, দেখিতে সুন্দর ও হাওদা বহিবার উপযুক্ত কিন্তু কর্ম্মে লাগান যায় নাই। অতি দৃঢ়। |
| ৯ | মহিস্থুরী ... | ঐ | ৮ ফুট ... | ঐ ঐ |
| ১০ | সীকন্দর ... | নর | ৮।২ ইঞ্চি ... | দাস্তাল, দাঁত বক্রভাবে বাহির হইয়াছে, উত্তর পশ্চিমাঞ্চলে অধিক মূল্যে বিক্রয় হইতে পারে। |
| ১১ | দুদকুমার ... | ঐ | [illegible] ইঞ্চি ... | দাঁতাল। |
| ১২ | বিজোরি ... | মাদী | ৭।১০ ইঞ্চি ... | বাড়ন্ত হস্তী ক্রমে আরো উত্তম হইয়া অধিক মূল্যে বিক্রয় হইতে পারিবে। |
| ১৩ | কড়কবিজলি ... | ঐ | ৭।৭ ইঞ্চি ... | ঐ |
| ১৪ | চুনিলাল ... | নর, দন্তহীন | ৭।২ ইঞ্চি ... | ঐ |

(F.)





## ঢাকা মিউনিসিপলটির উপবিধির সংশোধিত ৩৭ ধারার বাঙ্গলা অনুবাদ।

কেহ কোন কারখানা বাটী অথবা কোন ব্যবসার স্থান অশ্বালয়, পাকশালা কিম্বা পাইখানাহইতে নির্গত ময়লা কোন নদীতে, নালাতে, খালেতে, পুষ্করিণীতে বা নর্দ্দমাতে পড়িতে দিতে পারিবে না।

বিধি লঙ্ঘনের দণ্ড ২০৲ টাকা। সংবাদ প্রাপ্তির পর ক্রমাগত লঙ্ঘন করিলে প্রত্যেক দিনের দণ্ড ৫৲ টাকা।

R. D. LYALL,
*Chairman.*

(F.)

## Bye-Laws.

FOR SUPPLY OF WATER FROM THE MUNICIPAL WATER-SUPPLY WORKS TO HOUSES AND PREMISES.

Justices will not undertake plumber's work for supply to houses, &c.

1. THE Justices will not undertake any plumber's work for the supply of water to houses or premises for domestic consumption, or for ornamental or business purposes.

Owner or occupier requiring supply to make application on printed form.

2. The owner or occupier of any house or premises requiring water to be laid on for domestic, ornamental or business purposes, must make application for the same on a printed form, to be supplied to him, free of cost, at the Justice's office, and must engage to lay down and maintain, at his own expense, the necessary communication-pipes and fittings to the satisfaction of the Justices, or an officer authorised on their behalf.

The opening and closing of trenches for communication-pipes in streets, lanes, &c., to be done by the Justices, at the expense of the person who requires water to be laid on.

3. The trench for such portion of a communication-pipe which has to be laid under any street, lane, foot-way or public thoroughfare within the municipal boundary, must be opened closed by the Justices' establishment exclusively, and at the cost of the person requiring the water, who will have to pay for the said trench work in advance, according to a rate per lineal foot, which will be determined before-hand by the Justices.

An authorised plumber to be employed by the person requiring water.

4. Every person entitled to and requiring a supply must have the water laid on by a plumber duly authorised by the Justices to undertake such work.

## নগরীয় জল যোগাইবার কারখানাহইতে জল যোগাইবার উপবিধি।

গৃহাদিতে জল আনাইবার নিমিত্ত সীসকারের কর্ম্ম জষ্টিসদের স্বীকার না করিবার কথা।

১। ঘরের প্রয়োজনীয় কর্ম্মের কিম্বা ব্যবসায়ের নিমিত্তে জল আনাইতে সীসকারের যে কর্ম্ম লাগে জষ্টিসেরা সেই কর্ম্ম করিতে স্বীকার করিবেন না।

স্বামির কি গৃহবাসির জল প্রয়োজন হইলে মুদ্রিত পাঠে প্রার্থনা করিবার কথা।

২। কোন ঘরের কি বাটীর স্বামী কি বাসী ঘরের প্রয়োজনীয় কর্ম্মের কিম্বা শোভার কি ব্যবসায়াদির জন্যে সেই ঘরে জল আনাইতে চাহিলে, প্রার্থনা লিখিবার নির্দ্ধারিত পাঠে প্রার্থনা করিবেন। সেই পাঠ জষ্টিসদের আফিসে বিনা মূল্যে পাইতে পারিবেন। আরও তিনি জষ্টিসদের কিম্বা তাঁহাদেরহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের সন্তোষমতে জলের নল ও তৎসংক্রান্ত অন্য উপকরণ আপন খরচে বসাইবেন, তাঁহার এই অঙ্গীকার করিতে হইবে।

পথ গলিপ্রভৃতির মধ্যে জলের যে নল দেওয়া যায় প্রার্থকের স্থানে খরচ লইয়া জষ্টিসদের নালি খুলিবার ও বন্ধ করিবার কথা।

৩। মুনিসিপল কর্ম্মকারকদের স্থানের সীমার অন্তর্গত কোন রাস্তায় কি গলিতে কি হাঁটিবার পথে কি রাজপথে জল আনাইবার যে নল বসান যায় তাহার যে নালী করিতে হইবে তাহা জষ্টিসদের কর্ম্মকারকদের দ্বারা বন্ধ করা যাইবে ও খোলা যাইবে। যে ব্যক্তি জল চাহেন ফুটপ্রতি জষ্টিসেরা যে হারে খরচ নিরূপণ করেন তাহা তাঁহার অগ্রিম দিতে হইবে।

যে ব্যক্তি জল চাহেন অনুমতি প্রাপ্ত কোন সীসকারের দ্বারা তাহার কর্ম্ম করাইবার কথা।

৪। যে ব্যক্তি গৃহাদিতে জল আনাইবার যোগ্য হন ও আনাইতে প্রার্থনা করেন নলাদি বসাইবার যে সীসকার জষ্টিসদেরহইতে উচিতমত ক্ষমতা পান কেবল তাঁহারই দ্বারা তাঁহার সেই কর্ম্ম করাইয়া লইতে হইবে।

5. The Justices will authorise every duly qualified plumber, on a form to be supplied at their office, to lay on water-supply pipes upon said plumber entering into a written engagement to conform to the Bye-laws and to all other regulations of the Justices in relation to the supply of water.

Justices will authorise qualified plumbers to lay on water-supply pipes.

6. Any authorised plumber found guilty of breaking or evading the Bye-laws or other regulations of the Justices, either personally or by his workmen, will be struck off the Justices' list of authorised plumbers, and he will not afterwards be allowed to execute any work in connection with the water-supply.

Plumber breaking or evading Bye-laws will be deprived of his authority and not be allowed to execute any work in connection with water-supply.

7. The communication-pipes between the street service-pipes and the several houses or premises supplied with water must be of such material and strength as the Justices, or an officer authorised to act in their behalf, may approve.

Description of communication-pipes.

8. Every communication-pipe must be capable of withstanding a pressure of a column of water 200 feet in height; must be laid at least 2 feet under ground surface; and above ground it must be screened, wherever practicable, from exposure to the sun.

Communication-pipe to withstand pressure of column of water 200 feet in height, and to be laid at least 2 feet under ground.

9. In every instance, the communication-pipe must be connected to a street service-pipe—and not to a main—by a brass ferrule and screw-coupling to be supplied by the Justices, whose property they will remain.

Communication-pipe to be connected to a street service-pipe by a ferrule and screw-coupling supplied by the Justices.

10. The size of ferrule shall be determined by the Justices, or an officer authorised to act on their behalf who will have it attached to the service-pipe upon due notice being received that the communication-pipe is ready to be connected with the street service-pipe.

The size of ferrule to be determined by and to be attached by the Justices.

উপযুক্ত সীসকারদিগকে জলের নল বসাইতে জষ্টিসদের ক্ষমতা দানের কথা।

৫। উপযুক্ত ক্ষমতাপন্ন কোন সীসকার জল যোগাওন বিষয়ে জষ্টিসদের উপবিধি ও অন্য সকল বিধানমতে কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করিলে জষ্টিসেরা তাঁহারদিগকে জলের নল বসাইবার অনুমতি দিবেন। সেই অনুমতি পত্রের পাঠ তাঁহারদের কার্য্যালয়ে পাওয়া যাইতে পারিবে।

সীসকার উপবিধি না মানিলে কি উপেক্ষা করিলে তাঁহার সেই ক্ষমতাপত্র রহিত হইবার কথা, এবং জল যোগাইবার কোন কার্য্য করিতে না পারিবার কথা।

৬। অনুমতিপ্রাপ্ত কোন সীসকার আপনি কিম্বা কর্ম্মকারকদের দ্বারা জষ্টিসদের উপবিধি কি কোন বিধান লঙ্ঘন কি উপেক্ষা করিলে অনুমতিপ্রাপ্ত সীসকারদের যে নির্ঘণ্টপত্র জষ্টিসদের নিকট থাকে তাহাহইতে তাঁহার নাম কাটিয়া দেওয়া যাইবে, তৎপরে তিনি জল যোগাওন সম্পর্কীয় কোন কার্য্য করিতে পাইবেন না।

নল যে প্রকারের হইবে তাহার কথা।

৭। রাস্তার নীচে সার্বিস পাইপ বলিয়া জলের যে নালা আছে তাহাহইতে জল যে ঘরের কি বাটীতে পঁহুছাইতে হইবে সেই ঘর পর্য্যন্ত জলের যে নল দেওয়া যায়, জষ্টিসেরা কিম্বা তাঁহারদের পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কার্য্যকারক ঐ নল যে দ্রব্যে যত শক্ত নির্ম্মাণ করিতে আজ্ঞা করেন তাহা সেই দ্রব্যে তত শক্ত করা যাইবে।

নল ২০০ ফুট উচ্চ জলস্তম্ভের চাপ সহিবার উপযুক্ত হইবার ও মাটির নীচে ন্যূনকল্পে ২ ফুট থাকার কথা।

৮। ঘরে জল যোগাইবার নল এমন শক্ত করিতে হইবে যে ২০০ ফুট উচ্চ জলস্তম্ভের চাপ হইলেও না ভাঙ্গে। তাহা ন্যূনকল্পে দুই ফুট মাটীর নীচে বসান যাইবে। মাটির উপরি ভাগের যেং স্থানে আবরণ করা যাইতে পারে রৌদ্র না লাগিবার জন্যে এমত আবরণ করিয়া রাখিতে হইবে।

সার্বিস পাইপের সঙ্গে সামী ও ইসক্রু দ্বারা যোড় দিবার ও তাহা জষ্টিসদেরহইতে পাইবার কথা।

৯। ঐ নল সর্ব্বদা পিতলের সামী ও ইসক্রু কপলিংদ্বারা সার্বিস পাইপে সংযুক্ত করিতে হইবে। মেন নামক জলের বড় নালার সঙ্গে সংযোগ করিতে হইবে না। জষ্টিসেরা সেই সামী ও কপলিং দিবেন। তাহা তাঁহারদেরই থাকিবে।

সামী কত বড় হইবে জষ্টিসদের ইহা নির্ণয় করিবার ও বসাইবার কথা।

১০। সামী কত বড় হইবে ইহা জষ্টিসেরা কিম্বা তাঁহারদের পক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কার্য্যকারক নিরূপণ করিবেন। রাস্তার সার্বিস পাইপের সঙ্গে ঐ নল সংযোগ করিবার নিমিত্তে প্রস্তুত হইয়াছে, তাঁহাকে এই সম্বাদ উপযুক্তমতে দেওয়া গেলে তিনি ঐ সামী বসাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]



11. In no instance will any connection be permitted to be made between a communication-pipe and the pipes of the Justices otherwise, than by an authorised servant of the Justices.

Connection between communication-pipes and the Justices' pipes not allowed to be made except by an authorised servant of the Justices.

12. Whenever a communication-pipe has to be laid across a sewer or open drain, or in any place where, in the opinion of the Justices, it is liable to injury, such pipe must be passed through an exterior glazed earthen-ware or cast iron-pipe, of sufficient length and strength, to afford due protection to the communication-pipe.

Communication-pipes to be protected by an external pipe in certain cases.

13. Every communication-pipe, and all the fittings thereon, must be inspected and approved by an authorized officer of the Justices before it is connected with the street service-pipe. If subsequently found to be defective, it must be altered to the satisfaction of the Justices.

Communication-pipes and fittings to be inspected and approved by an authorized officer of the Justices.

14. On every communication-pipe a brass stop-cock must be placed as near as practicable to the point where the said pipe enters the house or premises to be supplied.

A stop-cock to be placed on every communication-pipe.

15. Every tap or cock on any communication-pipe must have a water-way at least equal to that of the pipe on which it is fixed, and to ensure water-tightness, it must be of brass, and should be of the kind called "screw-down."

Taps and cocks to have same water-way as the pipe they are fixed on.

16. Every water-closet supply must be drawn from a cistern by a self-closing tap, and must not be taken direct from the communication-pipe.

Water-closet supply to be drawn from a cistern.

17. Every cistern for a water-closet must be provided with a ball-cock, but must not have an over-flow or waste pipe.

Water-closet cistern to be supplied with a ball-cock, but to have no over-flow pipe.

[*Government Gazette, 29th March* 1870.]

জষ্টিসদের পাইপের সঙ্গে জষ্টিসদের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকভিন্ন অন্য কাহার দ্বারা নলের সংযোগ হইতে না পারিবার কথা।

১১। জষ্টিসদের পাইপের সঙ্গে তাঁহারদের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকভিন্ন অন্যের দ্বারা কোন নলের সংযোগ করিবার অনুমতি নাই।

স্থলবিশেষে জলের নল অন্য বড় নলের মধ্যে বসাইবার কথা।

১২। জলের নল যদি কোন বড় নর্দ্দমার কি খোলা নর্দ্দমার উপর দিয়া যায়, কিম্বা অন্য যে স্থানে থাকিলে জষ্টিসদের বিবেচনায় তাহার হানি হইতে পারে এমত স্থানে যদি বসাইবার প্রয়োজন হয়, তবে সেই নল চিক্কন মাটির কিম্বা লৌহের অন্য বড় নলের মধ্যে দিতে হইবে। ঐ বড় নল এমন লম্বা ও শক্ত করিতে হইবে যে তাহাতে ছোট নলের উপযুক্ত আশ্রয় হয়।

নল ও উপকরণ জষ্টিসদের ক্ষমতাপন্ন কর্ম্মকারকের দৃষ্টি করিয়া মঞ্জুর করিবার কথা।

১৩। প্রত্যেক নল রাস্তার সার্ব্বিসপাইপের সঙ্গে সংযোগ করিবার পূর্ব্বে জষ্টিসদেরহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকদ্বারা সেই নল ও তৎসংযুক্ত সকল উপকরণ দৃষ্ট হইয়া অনুমোদন করা আবশ্যক। পশ্চাৎ কোন ত্রুটী প্রকাশ হইলে তাহা জষ্টিসদের স্বচ্ছোধমতে পরিবর্ত্তন করিতে হইবে।

নলের গায়ে ষ্টাপকাক দিবার কথা।

১৪। জলের নল কোন ঘরে কি বাটীতে যে স্থানে প্রবেশ করে তাহার সাধ্যমতে নিকট কোন স্থানে ঐ নলের গায়ে পিতলের একটি ষ্টাপকাক দিতে হইবে।

নলের যে পরিমাণ কাকের সেই পরিমাণ থাকার কথা।

১৫। কোন নলে যে কাক বসান যায়, নলের যে পরিধি ঐ কাকেরও ন্যূনকল্পে সেই পরিধি থাকিবে। ও তাহার জল চুইয়া পড়িতে না পারে এই নিমিত্তে পিতলের কাক থাকা প্রয়োজন। বিশেষতঃ ইসক্রু-ডৌন নামে যে একপ্রকারের কাক আছে তাহাই ব্যবহার করা উচিত।

সেতখানার জল জলাশয় হইতে লইবার কথা।

১৬। সেতখানায় যে জলের ব্যবহার হয় তাহা উক্ত জলের নলহইতে লইতে হইবে না। তাহার স্বতন্ত্র জলাধার থাকিবে ও আপনি বন্ধ হইবার মত চুঙ্গি থাকিবে।

সেতখানার জলাধারে বালকাক নামে কাক থাকিবার ও অকর্ম্মণ্য জলের নল না থাকার কথা।

১৭। সেতখানার জলাধারে বালকাক নামে এক কাক দিতে হইবে। কিন্তু অতিরিক্ত কি অকর্ম্মণ্য জলের নল থাকিবে না।

*Water, for ornamental or business purposes, to be supplied through a metre or through reservoir, &c., capable of measurement, and the supply to which is controlled by the Justices.*

18. Water, for ornamental or business purposes, must be supplied, wherever practicable, through a metre furnished by the Justices, at the cost of the person taking the supply or through a reservoir, tank, vessel, or apparatus capable of easy admeasurement, and to which the supply is regulated by a cock, under the exclusive control of the Justices.

*শোভার কি ব্যবসায়ের নিমিত্তে যে জলের প্রয়োজন হয় তাহা জলপরিমাপক যন্ত্র কি জলাধারদ্বারা যোগাইবার ও মাপ হইতে পারিবার ও জষ্টিসদের কর্তৃত্বে থাকার কথা।*

১৮। শোভার কিম্বা ব্যবসায়ের কার্য্যের নিমিত্ত যে জলের প্রয়োজন হয়, তাহা যে স্থলে হইতে পারে সেই স্থলে জষ্টিসদের দত্ত জল পরিমাপক যন্ত্রদ্বারা যোগান যাইবে। যে ব্যক্তি জল চাহেন ঐ যন্ত্র তাঁহার খরচে প্রস্তুত করা যাইবে। অথবা যে জলাধার কি কূপের কি পাত্রের কি যন্ত্রের জল অনায়াসে মাপ করা যাইতে পারে, এমত জলাশয়াদিহইতে জল যোগান যাইবে। তাহার জল যে কাকহইতে পড়ে তাহার উপর কেবল জষ্টিসদের কর্তৃত্ব থাকিবে।

*Notice of leakage to be sent to the Justices' Office.*

19. Should any leakage occur in the communication-pipe, cistern, taps, or other fittings immediate notice thereof, in writing, must be sent by the occupier to the Justices' Office.

*জল চুইলে জষ্টিসদের কার্য্যালয়ে সম্বাদ দিবার কথা।*

১৯। কোন নলের কি জলাধারের কি চুঙ্গির কি অন্য উপকরণের জল চুইলে, যিনি ঘরে বাস করেন তিনি ত্বরায় তাহার সম্বাদ লিখিয়া জষ্টিসদের কার্য্যালয়ে পাঠাইবেন।

*Notice of wish to discontinue supply, to be sent in writing to the Justices, who will have communication-pipe disconnected at expense of applicant.*

20. Should the owner or occupier of any house or premises supplied with water desire to have the supply discontinued, he must signify such in writing to the Justices, who thereupon will have the communication-pipe to such house or premises disconnected by one of their own servants, at the expense of the applicant.

*জলগ্রহণ করা রহিত করিবার ইচ্ছা থাকিলে জষ্টিসদিগকে লিখিয়া জানাইবার কথা ও প্রার্থকের খরচে সেই নল স্বতন্ত্র করিবার কথা।*

২০। যে বাটীতে কি ঘরে জল যোগান যায়, তাহার স্বামী কি বাসী যদি জল গ্রহণ রহিত করিতে চাহেন, তবে জষ্টিসদের নিকটে সেই কথা লিখিয়া জানাইবেন। তাহা হইলে জষ্টিসেরা আপনারদের চাকরদের দ্বারা সেই ঘরের কি বাটীর সঙ্গে ঐ নলের সংযোগ রহিত করিবেন। তাহার খরচ প্রার্থকের দিতে হইবেক।

*Rate for water-supply for ornamental or business purposes.*

21. The rate which will be charged for water for ornamental or business purposes, will be eight annas per 1,000 gallons.

*শোভার কি ব্যবসায়ের নিমিত্তে জল যে হারে দেওয়া যাইবে তাহার কথা।*

২১। শোভার কিম্বা ব্যবসায়ের নিমিত্তে জল যোগান গেলে তাহার নিমিত্তে ১০০০ গালন প্রতি ।।০ আট আনা হারে দিতে হইবে।

22. Any infringement of any of the foregoing Bye-laws will render the offender liable to a fine not exceeding Twenty Rupees, and in case of continuing the infringement, to a penalty not exceeding Ten Rupees for each day after Notice from the Justices of such infringement.

২২। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব কোন উপবিধি লঙ্ঘন করিলে তাহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ও লঙ্ঘন করিতে থাকিলে জষ্টিসদের স্থানে নোটিস পাইলে পর যত দিন সেই দোষ করে তাহার দিন প্রতি ১০ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে।

STUART HOGG,
*Chairman of the Justices of the Peace.*
(37-7.)

ষ্টুয়ার্ট হগ,
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সভাপতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭০। ২৯ মার্চ।]

আলকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।